


শেষ প্রণ

স্বৰ্গত চন্দ্র চক্ৰবৰ্তী

ৱ'ন অ্যাসোসিয়েটেড পাবলিশিং কোং
৯৩, মহাত্মা গান্ধী রোড, কলিকতা



প্রথম সংস্করণ,
আবিন, ১৮৮১ শকাব্দ
দ্বিতীয় সংস্করণ,
জ্যৈষ্ঠ, ১৮৮৫ শকাব্দ

প্রকাশক : শ্রীজিতেন্দ্রনাথ মুখোপাধ্যায়
৯৩ মহাস্থা গান্ধী রোড, কলিকাতা-৭
মুদ্রাক্ষর : শ্রীগঙ্গারাম পাল
মহাবিজ্ঞা প্রেস
১৫৬, তারক প্রামাণিক রোড, কলিকাতা-৬

কিছুকাল পূর্বে এই গল্পটা ভারতবর্ষ
মাসিক পত্রে ধারাবাহিক লিখিতে
আরম্ভ করি, কিন্তু নানা কারণে মাঝ-
খানে বন্ধ হইয়া থাকে। অনেকদিন
পরে আবার লিখিতে গিয়া দেখিলাম,
গোড়ার দিকের অনেক অংশই
পরিবর্তন করা আবশ্যিক। সুতরাং
ভারতবর্ষে প্রকাশিত রচনার সহিত
পুস্তকে মুদ্রিত উপস্থাসের যে সর্বত্র
মিল নাই, এ কথা বলা পয়োজন।
১লা বৈশাখ, ১৩৩৮।

—গ্রন্থকার

এক

বিভিন্ন সময়ে ও বিভিন্ন কর্ষোপলক্ষে আসিয়া অনেকগুলি বাঙালী-পরিবার পশ্চিমের বহুখ্যাত আগ্রা সহরে বসবাস করিয়াছিলেন। কেহ বা কয়েক পুরুষের বাসিন্দা, কেহ বা এখনও বাসাড়ে। বসন্তের মহামারী ও প্লেগের তাড়াহুড়া ছাড়া ইহাদের অতিশয় নির্বিঘ্ন জীবন। বাদশাহী আমলের কেলা ও ইমারত দেখা ইহাদের সমাপ্ত হইয়াছে, আমীর-ওমরাহগণের ছোট, বড়, মাঝারি, ভাঙা ও আভাঙা যেখানে যত কবর আছে, তাহার নিৰ্ম্মিত তালিকা কণ্ঠস্থ হইয়া গিয়াছে; এমন যে বিশ্ববিশ্রুত তাজমহল তাহাতেও নূতনস্থ আর নাই। সন্ধ্যার উদাস সজল চক্ষু মেলিয়া, জ্যোৎস্নায় অর্ধনিমীলিত নেত্রে নিরীক্ষণ করিয়া, অন্ধকারে ফ্যালফ্যাল করিয়া চাহিয়া, যমুনার এপার হইতে, ওপার হইতে, সৌন্দর্য্য উপলব্ধি করিবার যত প্রকারের প্রচলিত প্রবাদ ও কন্দি আছে তাঁহারা নিঙড়াইয়া শেষ করিয়া ছাড়িয়াছেন। কোন্ বড়লোক কবে কি বলিয়াছে, কে কে কবিতা লিখিয়াছে, উচ্ছ্বাসের প্রাবল্যে কে হুমুখে দাঁড়াইয়া গলায় দড়ি দিতে চাহিয়াছে—ইহারা সব জানেন। ইতিবৃত্তের দিক দিয়াও লেশমাত্র ক্রটি নাই। ইহাদের ছোট ছোট ছেলেমেয়েরা পর্য্যন্ত শিখিয়াছে কোন্ বেগমের কোথায় আঁতুড়ঘর ছিল, কোন্ জাঠসর্দার কোথায় ভাত রাঁধিয়া খাইয়াছে, সে কালির দাগ কত প্রাচীন—কোন্ দস্যু কত হীরা মানিক্য লুণ্ঠন করিয়াছে, এবং তাহার আত্মমানিক মূল্য কত, কিছুই আর কাহারও অবিদিত নাই। এই জ্ঞান ও পরম নিশ্চিন্ততার মাঝখানে হঠাৎ একদিন বাঙালী-সমাজে চাঞ্চল্য দেখা দিল। প্রত্যহ মুসাক্কিরের দল যায় আসে, আমেরিকান টুরিষ্ট হইতে শ্রীকৃন্দাবন-ফেরত বৈষ্ণবদের পর্য্যন্ত মাঝে মাঝে ভিড় হয়—কাহারও কোন ঔৎসুক্য নাই, দিনের কাজে দিন শেষ হয়, সন্ধ্যার সময়ে একজন শ্রৌত-বয়সী ভদ্র বাঙালী-সাহেব তাঁহার শিক্ষিতা, সুরূপা পূর্ণকোবনা কন্যাকে লইয়া স্বাস্থ্য-উদ্ধারের অজুহাতে সহরের একপ্রান্তে যত একটা বাড়ী ভাড়া করিয়া বসিলেন। সঙ্গে তাঁহার বেহারী, বাবুর্জি, দরওয়ান আসিল; ঝি, চাকর, পাচক-ব্রাহ্মণ আসিল; গাড়ী, ঘোড়া, মোটর, শোকার,

সহিস, কোচম্যানে এতকালের এত বড় ফাঁকা বাড়ীর সমস্ত অঙ্গরঙ্গ যেন বাছ-বিছায় রাতারাতি ভরিয়া উঠিল। ভক্তলোকের নাম আশুতোষ গুপ্ত, কস্তুর নাম মনোরমা। অত্যন্ত সহজেই বুঝা গেল ইহার বাড়লোক; কিন্তু উপরে যে চাঞ্চল্যের উল্লেখ করিয়াছি সে ইহাদের বিত্ত ও সম্পদের পরিমাণ কল্পনা করিয়া নয়, মনোরমার শিক্ষা ও রূপের খ্যাতি-বিস্তারেও তত নয়, যত হইল আশুবাবুর নিরভিমান সহজ ভদ্র আচরণে। তিনি মেয়েকে সঙ্গে করিয়া নিজে খোঁজ করিয়া সকলের সহিত সাক্ষাৎ করিলেন; বলিলেন, তিনি পীড়িত লোক, তাঁহাদের অতিথি, স্বতরাং নিষ্ক গুণে দয়া করিয়া যদি না তাঁহারা এই প্রবাসীদের দলে টানিয়া লয়েন ত এই নির্বাসনে বাস করা একপ্রকার অসম্ভব। মনোরমা বাড়ীর ভিতরে গিয়া মেয়েদের সহিত পরিচয় করিয়া আসিল, সেও অল্পস্থ পিতার হইয়া সবিনয়ে নিবেদন জানাইল যে, তাঁহারা যেন তাহাকে পর করিয়া না রাখেন। এমনি আরও সব রূচিকর মিষ্ট কথা।

শুনিয়া সকলেই খুসী হইলেন। তখন হইতে আশুবাবুর গাড়ী এবং মোটর যখন-তখন, বাহার-তাহার গৃহে আনাগোনা করিয়া মেয়ে এবং পুরুষদের আনিতে লাগিল, পৌছাইয়া দিতে লাগিল, আলাপ-আপ্যায়ন, গান-বাজনা এবং দ্রষ্টব্য বস্তুর পুনঃ পুনঃ পরিদর্শনের ফলতঃ এমনি জমাট বাঁধিয়া উঠিল যে, ইহার যে বিদেশী কিংবা অত্যন্ত বড়লোক এ কথা ভুলিতে কাহারও সন্দেহ-খানেকের অধিক সময় লাগিল না; কিন্তু একটা কথা বোধ হয় কতকটা সন্দেহ এবং কতকটা বাহুল্য বলিয়াই কেহ স্পষ্ট করিয়া জিজ্ঞাসা করে নাই। ইহার হিন্দু বা ব্রাহ্মসমাজভুক্ত। বিদেশে প্রয়োজনও বড় হয় না। তাঁহাদের আচার-ব্যবহারের মধ্য দিয়া যতটা বুঝা যায়, সকলেই একপ্রকার বুঝিয়া রাখিয়াছেন যে, ইহার যে সমাজভুক্তই হউন, অধিকাংশ উচ্চশিক্ষিত ভদ্র বাঙ্গালী পরিবারের মত খাওয়া-দাওয়ার সম্বন্ধে অস্বস্তি: বাছবিচার করিয়া চলেন না। বাড়ীতে মুসলমান বাবুর্জি থাকার ব্যাপারটা সকলে না-জানিলেও এ কথাটা সবাই জানিত যে, এতখানি বয়স পর্যন্ত মেয়েকে অবিবাহিতা রাখিয়া যিনি কলেজে লেখাপড়া শিখাইয়াছেন, তিনি মূলতঃ যে সমাজেরই অন্তর্গত হোন, বহুবিধ সঙ্গীণতার বন্ধন হইতে মুক্তিলাভ করিয়াছেন।

অবিনাশ মুখ্যে কলেজের প্রফেসর। বহুদিন হইল স্ত্রী-বিরাগ হইয়াছে, কিন্তু আর বিবাহ করেন নাই। ঘরে বছর-দশেকের একটি ছেলে; অবিনাশ

কলেজে পড়ার এবং বন্ধু-বান্ধব লইয়া আনন্দ করিয়া বেড়ায়। অবস্থা সচ্ছল— নিশ্চিন্ত, নিরুপদ্রব জীবন। বছর-দুই পূর্বে বিধবা শ্রালিকা ম্যালেরিয়া জ্বর-ক্রান্ত হইয়া বায়ু পরিবর্তনের উদ্দেশ্যে ভগিনীপতির কাছে আসেন। জ্বর ছাড়িল কিন্তু ভগিনীপতি ছাড়িলেন না। সম্প্রতি গৃহে তিনি কর্তা। ছেলে মাহুব করেন, ঘর-সংসার দেখেন, বন্ধুরা সম্পর্ক আলোচনা করিয়া পরিহাস করে। অবিনাশ হাসে—বলে, ভাই, বুধা লজ্জা দিয়ে আর দম্ব ক'রো না—কপাল! নইলে চেষ্টার ক্রটি নেই। এখন ভাবি, ধন অপবাদের ডাকাতে মারে সেও আমার ভাল।

অবিনাশ স্ত্রীকে অত্যন্ত ভালবাসিত। বাটার সর্বত্র তাঁহার ফটোগ্রাফ নানা আকারের নানা ভঙ্গীয়ে। শোবার ঘরের দেওয়ালে টাঙানো একখানা বড় ছবি। অয়েল পেন্টিঙ, মূল্যবান ফ্রেমে বাঁধানো। অবিনাশ প্রতি বুধবারের সকালে তাহাতে মালা ঝুলাইয়া দেয়। এই দিনে তাঁহার মৃত্যু হইয়াছিল।

অবিনাশ সদানন্দ গোছের মাহুব। তাস-পাশায় তাহার অত্যধিক আসক্তি। তাই ছুটির দিনে প্রায়ই তাহার গৃহে লোক সমাগম ঘটে। আজ কি একটা পরীক্ষার কলেজ কাছারি বন্ধ ছিল। আহাঙ্গাদির পরে প্রফেসর-মহল আসিয়া উপস্থিত হইয়াছেন, জন-দুই নীচের ঢালা বিছানার উপরে দাবার চুক পাতিয়া বসিয়া এবং জন-দুই উপুড় হইয়া তাহা নিরীক্ষণ করিতেছেন, বাকী সকলে ডেপুটি ও মুন্সেফের বিজ্ঞানবুদ্ধির স্বল্পতার অল্পপাতে মোটা মাহিনার বছর মাপিয়া উচ্চ কোলাহলে গুর্ভগমেন্টের প্রতি রাইচ্যু ইন্ডিগনেশন ও অশ্রদ্ধা প্রকাশ করিতে নিযুক্ত। এমন সময় মস্ত একটা ভারী মোটর আসিয়া সদর দরজায় থামিল। পরক্ষণে আশুবাবু তাঁহার, কত্নাকে লইয়া প্রবেশ করিতেই সকলে সসম্মানে তাঁহাদের অভ্যর্থনা করিলেন। রাইচ্যু ইন্ডিগনেশন জল হইয়া গেল, ওদিকের খেলাটা উপস্থিত মত স্থগিত রহিল, অবিনাশ সর্বিনয়ে বন্ধাঞ্জলি হইয়া কহিলেন, আমার পরম সৌভাগ্য আপনাদের পদধূলি আমার গৃহে পড়িলো, কিন্তু হঠাৎ এমন অসময়ে যে? বলিয়া তিনি মনোমতাকে একখানি চেয়ার আগাইয়া দিলেন।

আশুবাবু সন্নিকটবর্তী আরাম-কৈদারার উপর দেহের স্নবিপুল ভার চুষ্ট করিয়া অকারণ উচ্চহাস্তে ঘর ভরিয়া দিয়া কহিলেন, আশু বস্তির অসময়? এত বড় ছুর্নাম যে আমার ছোটখুড়োও দিতে পারেন না, অবিনাশবাবু?

মনোরমা হাসিমুখে নতকণ্ঠে কহিল, কি বলচ বাবা ?

আশুবাবু বলিলেন, তবে যাক ছোটখুড়োর কথা। কল্পার আপত্তি, কিন্তু এর চেয়ে একটা ভাল উদাহরণ মা-ঠাকরণের বাপের সাখ্যি নেই যে দেয়। এই বলিয়া নিজেয় রসিকতার আনন্দোচ্চাসে পুনরায় ঘর ভাঙিবার উপক্রম করিলেন। হাসি থামিলে কহিলেন, কিন্তু কি বলব মশাই, বাতে পড়ু। নইলে যে পায়ের ধুলোর এত গোরব বাড়ালেন, আশু গুপ্তর সেই পায়ের ধূলা ঝাঁট দেবার জন্তেই আপনাকে একটা চাকর রাখতে হ'তো অবিনাশবাবু। কিন্তু আজ আর বসবার ঘো নেই, এখনি উঠতে হবে।

এই অনবসরের হেতুর জন্ত সকলেই তাঁহার মুখের প্রতি চাহিয়া রহিলেন। আশুবাবু বলিলেন, একটা আবেদন আছে। মঞ্জুরির জন্ত মাকে পর্য্যন্ত টেনে এনেছি। কালও ছুটির দিন, সন্ধ্যের পর বাসায় একটুখানি গান-বাজনার আয়োজন করেছি—সপরিবাশে যেতে হবে। তারপর একটু মিষ্টিমুখ।

মেয়েকে কহিলেন, মনি, বাড়ীর মধ্যে গিয়ে একবার হুকুমটা নিয়ে এসো মা। দেবী করলে হবে না। আর একটা কথা, মাই ইয়ং ফ্রেণ্ডস্, মেয়েদের জন্ত না হোক, আমাদের পুরুষদের জন্ত দু'রকম খাবার ব্যবস্থাই—অর্থাৎ কিনা—প্রেজুডিস যদি না থাকে ত—বুঝলেন না ?

বুঝিলেন সকলেই এবং একবাক্যে প্রকাশ করিলেন সকলেই যে, তাঁহাদের প্রেজুডিস্ নাই।

আশুবাবু খুসী হইয়া কহিলেন, না থাকারই কথা। মেয়েকে বলিলেন, মনি, খাবার সবন্ধে মা-লক্ষ্মীদেরও একটা মতামত নেওয়া চাই, সে যেন ভুলো না। প্রত্যেক ব'ড়ীতে গিয়ে তাঁদের অভিরুচি এবং আদেশ নিয়ে বাসায় ফিরিতে আজ বোধ করি আমাদের সন্ধ্যা হয়ে যাবে। একটু শীঘ্র করে কাজটা সেরে এসো মা।

মনোরমা ভিতরে যাইবার জন্ত উঠিতেছিল, অবিনাশ কহিলেন, আমার ত বহুদিন যাবৎ গৃহশূন্ত। শালিকা আছেন, কিন্তু বিধবা। গান শোনবার সব প্রহর, অতএব যাবেন নিশ্চিত ; কিন্তু খাওয়া—

আশুবাবু তাড়াতাড়ি বলিয়া উঠিলেন, তারও অভাব হবে না অবিনাশবাবু, আমার মনি রয়েছে যে ! মাছ-মাংস পিঁরাজ-রসুন, ও ত স্পর্শ করে না।

অবিনাশ আশ্চর্য হইয়া জিজ্ঞাসা করিলেন, উনি মাংস খান না ?

আশুবাবু বলিলেন, খেতেন সবই কিন্তু বাবাজীর ভারী অনিচ্ছে, সে হ'লো আবার সন্ন্যাসী গোছের মানুষ—

চক্ষের পলকে মনোরমার সমস্ত মুখ রাঙা হইয়া উঠিল; পিতার অসমাপ্ত বাক্যের মাঝখানেই বাধা দিয়া কহিল, তুমি কি সমস্ত বলে যাচ্ছ বাবা!

পিতা খতমত খাইয়া গেলেন এবং কন্ঠার কণ্ঠস্বরে স্বাভাবিক মৃদুতা তাহার ভিতরের তিক্ততা আবৃত করিতে পারিল না।

ইহার পরে বাক্যালাপ আর জমিল না এবং আরও দু-চার মিনিট খাই ইহারা বসিয়া রহিলেন, আশুবাবু কথা কহিলেও মনোরমা কেমন একপ্রকার বিমনা হইয়া রহিল এবং উভয়ে চলিয়া গেলে কিছুক্ষণের স্তম্ভ সকলেরই মনের উপর যেন একটা অনাকাঙ্ক্ষিত বিষণ্ণতার ভার চাপিয়া রহিল।

বন্ধুগণের মধ্যে কেহ কাহাকেও স্পষ্ট করিয়া কিছু কহিল না, কিন্তু সবাই ভাবিতে লাগিল, হঠাৎ এই বাবাজীটি আসিল আবার কোথা হইতে? আশুবাবুর পুত্র নাই, মনোরমাই একমাত্র সম্ভান তাহা সকলেই জানিত; নিজে আজও সে অনুঢ়া—আয়তির কোন চিহ্ন তাহাতে বিজ্ঞমান নাই। কথাটা সোজাসুজি প্রশ্ন করিয়া কেহ জানিয়া লয় নাই বটে, কিন্তু এ সম্বন্ধে সংশয়ের বাষ্প ত কাহারো মনে উদয় হয় নাই। তবে ?

অথচ এই সন্ন্যাসী গোছের বাবাজী যেই হোন, অথবা যেখানেই থাকুন তিনি সহজ ব্যক্তি নহেন। কারণ তাঁহার নিবেদন নহে, কেবলমাত্র অনিচ্ছার চাপেই এত বড় একটা বিলাসী ও ঐশ্বর্য্যশালী ব্যক্তির একমাত্র শিক্ষিতা কন্ঠার মাছ-মাংস রসুন-পিঁয়াজের বরাদ্দ একেবারে বন্ধ হইয়া গিয়াছে।

এবং লজ্জা পাইবার, গোপন করিবারই বা আছে কি? পিতা সন্ধ্যাে জড়সড় হইয়া গেলেন, কন্ঠা আরক্তমুখে স্তব্ধ হইয়া রহিল—সমস্ত ব্যাপারটাই যেন সকলের মনে একটা অবাস্তিত অপ্রীতিকর রহস্তের মত বিঁধিল এবং এই আগন্তুক পরিবারের সহিত মেলামেশায় যে সহজ ও স্বচ্ছন্দ ধারা প্রথম হইতেই প্রবাহিত হইতে আরম্ভ করিয়াছিল, অকস্মাৎ যেন তাহাতে একটা বাধা আসিয়া পড়িল।

হুই

মনে হইয়াছিল আশুবাবু সহরের কাহাকেও লোধ হয় বাদ দিযেন না ; কিন্তু দেখা গেল বাঙ্গালীদের মধ্যে বিশিষ্ট ঝাহারা, শুধু তাঁহারাই নিমন্ত্রিত হইয়াছেন। প্রফেসর-মহল দল বাধিয়া উপস্থিত হইলেন, বাড়ীর মেয়েদের মোটর পাঠাইয়া পূর্বে আনা হইয়াছিল।

একটা বড় ঘরের মেঝের উপর মূল্যবান প্রকাণ্ড কার্পেট পাতিয়া স্থান করাইয়াছে। তাহাতে জন-দুই দেশীয় ওস্তাদ যন্ত্র বাধিতে নিযুক্ত। অনেকগুলি ছেলেমেয়ে তাঁহাদের ঘিরিয়া ধরিয়া অবস্থান করিতেছে। গৃহস্বামী অল্প কোথাও ছিলেন, খবর পাইয়া হাঁসফাঁস করিতে করিতে হাজির হইলেন, দুই হাত থিয়েটারী ভঙ্গিতে উঁচু করিয়া কহিলেন, স্বাগত ভদ্রমণ্ডলি! মোষ্ট ওয়েলকাম্।

ওস্তাদজীদের ইঙ্গিতে দেখাইয়া গলা খাটো করিয়া চোখ টিপিয়া বলিলেন, ভয় পাবেন না যেন! কেবল এঁদের ম্যাও ম্যাও শোনার জলুই আস্থান করে আনি নি। শোনাবো, শোনাবো, এমন গান আজ শোনাবো যে আমাকে আশীর্বাদ করে তবে ঘরে ফিরবেন!

শুনিয়া সকলেই খুসী হইলেন। সদা-প্রসন্ন অবিনাশবাবু আনন্দে মুখ উজ্জ্বল করিয়া কহিলেন, বলেন কি আশুবাবু? এ ছুঁড়াগা দেশের যে সবাইকে চিনি, হঠাৎ এ রত্ন পেলেন কোথায়?

আবিষ্কার করেছি মশাই, আবিষ্কার করেছি। আপনারাও যে একেবারে না চেনেন তা-নয়, সম্প্রতি হয়ত ভুলে গেছেন। চলুন দেখাই। বলিয়া তিনি সকলকে একপ্রকার ঠেলিতে ঠেলিতে আনিয়া তাঁহার বসিবার ঘরে পদ্মা সরাইয়া প্রবেশ করিলেন।

লোকটি ঈষৎ শ্রামবর্ণ, কিন্তু রূপের আর অস্ত নাই। যেমন দীর্ঘ ঋজু দেহ, তেমনি সমস্ত অবয়বের নিখুঁত স্নন্দর গঠন। নাক, চোখ, জ্র, ললাট, অধরের বাঁকা রেখাটি পর্য্যন্ত—একটিমাত্র নরদেহে এমন করিয়া সুবিলম্ব হইলে যে কি বিশ্বাসের বস্তু হয় তাহা এই মানুষটিকে না দেখিলে বদ্বনা করা যায় না।

চাহিলে হঠাৎ চমক লাগে। বয়স বোধ করি বজ্রিশের কাছে গিয়াছে, কিন্তু প্রথমে আরও কম মনে হয়। সুমুখের সোফায় বসিয়া মনোরমার সহিত গল্প করিতেছিলেন, সোজা হইয়া বসিয়া একটু হানিয়া কহিলেন, আসুন।

মনোরমা উঠিয়া দাঁড়াইয়া আগন্তুক অতিথিদের নমস্কার করিল; কিন্তু প্রতিনমস্কারের কথা কাহারও মনে হইল না, সকলে অকস্মাৎ এমনি বিচলিত হইয়া পড়িলেন।

অবিনাশবাবু বয়সেও বড়, কলেজের দিক দিয়া পদগৌরবেও সকলের শ্রেষ্ঠ। তিনি প্রথমে কথা কহিলেন, বলিলেন, আগ্রায় কবে ফিরে এলেন শিবনাথবাবু? বেশ যা হোক। কই, আমরা ত কেউ খবর পাই নি?

শিবনাথ কহিল, পান নি বুঝি? আশ্চর্য! তাহার পরে হাসিমুখে বলিলেন, বুঝতে পারি নি অবিনাশবাবু, আমার আসার পথ চেয়ে আপনারা এতখানি উদ্বিগ্ন হয়েছিলেন।

উত্তর শুনিয়া অবিনাশবাবু যদিচ হাসিবার চেষ্টা করিলেন, কিন্তু তাহার সহযোগীগণের মুখ ক্রোধে ভীষণ হইয়া উঠিল। যে কারণেই হোক ইহারা যে পূর্ক হইতেই এই প্রিয়দর্শন গুণী ব্যক্তিটির প্রতি প্রসন্ন ছিলেন না, তাহা আভাসে জানা থাকিলেও একের এই বক্রোক্তির অন্তরালে ও অন্ত সকলের কঠিন মুখ-চ্ছবির ব্যঞ্জনা এই বিরুদ্ধতা এমনি কটু, রুঢ় এবং স্পষ্ট হইয়া উঠিল যে, কেবল মাত্র মনোরমা ও তাহার পিতাই নয়, সদানন্দ-প্রকৃতি অবিনাশ পর্য্যন্ত অপ্রতিভ হইয়া পড়িলেন।

কিন্তু ব্যাপারটা আর গড়াইতে পাইল না, আপাততঃ এইখানেই বন্ধ হইল।

পাশের ঘর হইতে ওস্তাদজীর কণ্ঠস্বর শুনা গেল এবং পরক্ষণেই বাড়ীর সরকার আসিয়া সবিনয়ে নিবেদন করিল যে সমস্ত প্রস্তুত, শুধু আপনাদের অপেক্ষাতেই গান-বাজনা শুরু হইতে পারিতেছে না।

পেশাদার ওস্তাদী সঙ্গীত সচরাচর যেমন হইয়া থাকে, এ ক্ষেত্রেও তেমনিই হইল—বিশেষতঃ বর্জিত মামুলি ব্যাপার, কিন্তু কিয়ৎকাল পরে ক্ষুদ্র পরিমিত এই সঙ্গীতের আদরে, স্বল্প কয়টি শ্রোতার মাঝখানে শিবনাথের গান সত্য সত্যই একেবারে অপূর্ক শুনাইল। শুধু তাহার অতুলিত, অনবচ্ছ কণ্ঠস্বরে নহে; এই বিজ্ঞায় সে অসাধারণ সুশিক্ষিত ও তাহাতে পারদর্শী। তাহার গাহিবার অনাড়ম্বর সংযত ভঙ্গি, স্বরের স্বচ্ছন্দ সরল গতি, মুখের অদৃষ্টপূর্ক

ভাবের ছায়া, চোখের অভিকৃত উদাস দৃষ্টি, সমস্ত একই সময়ে কেন্দ্রীভূত হইয়া, সেই সর্বাকীর্ণ তান-লয়-পরিপূর্ণ সঙ্গীত যখন শেষ হইল, তখন মনে হইল খেতভূজা যেন তাঁহার দুই হাতের আশীর্বাদ উজাড় করিয়া এই সাধকের মাথায় ঢালিয়া দিয়াছেন।

কিছুক্ষণ পর্যন্ত সকলেই বাক্যহীন শুক্ক হইয়া রহিলেন, শুধু বৃদ্ধ আমির খা ধীরে ধীরে কহিলেন, অ্যাসা কভি নেই শুনা।

মনোরমা শিশুকাল হইতে গান-বাজনার চর্চা করিয়াছে, সঙ্গীতে সে অপটু নহে, তাহার সামান্য জীবনে সে অনেক কিছুই শুনিয়াছে, কিন্তু সংসারে ইহাও যে আছে, এমন করিয়াও যে সমস্ত বৃকের মধ্যটা সঙ্গীতের ছন্দে ছন্দে টনটন করিতে থাকে তাহা সে জানিত না। তাহার দুই চক্ষু জলে ভরিয়া উঠিল এবং ইহাই গোপন করিতে সে মুখ ফিরাইয়া নিঃশব্দে উঠিয়া গেল।

অবিনাশ বলিলেন, শিবনাথ সহজে গাইতে চায় না, কিন্তু গুর গান আমরায় আগেও শুনেচি। তুলনাই হয় না। এই বছর-খানেকের মধ্যে যেন ৬ ইনফিনিটলি ইমপ্রভ করেছে।

হরেন কহিলেন, হাঁ।

অক্ষয় ইতিহাসের অধ্যাপক। কঠিন গাঢ়া লোক বলিয়া বন্ধুমহলে খ্যাতি আছে। গান-বাজনা ভাল লাগাটা তাহার মতে চিত্তের দুর্বলতা। নিষ্কলঙ্ক, সাধু ব্যক্তি। তাই শুধু নিজের নয়, পরের চারিত্রিক পবিত্রতার প্রতিও তাঁহার অত্যন্ত সজাগ তীক্ষ্ণ দৃষ্টি। শিবনাথের অপ্রত্যাশিত প্রত্যাবর্তনে সহরের আবহাওয়া পুনশ্চ কলুষিত হইবার আশঙ্কায় তাঁহার গভীর শাস্তি বিকৃত হইয়াছে। বিশেষতঃ বাটার মেয়েরা আসিয়াছে, পর্দার আড়াল হইতে গান শুনিয়া ও চেহারা দেখিয়া ইহাদের ভাল লাগার সম্ভাবনায় মন তাঁহার অতিশয় খারাপ হইয়া উঠিল; বলিলেন, গান শুনেছিলুম বটে মধুবাবুর। এ গান আপনাদের যত মিষ্টি লেগে থাক্, এতে প্রাণ নেই।

সকলেই চূপ করিয়া রহিলেন। কারণ প্রথমতঃ অপরিজ্ঞাত মধুবাবুর গান কাহারও শোনা ছিল না এবং দ্বিতীয়তঃ গানের প্রাণ থাকা না-থাকার সূনির্দিষ্ট ধারণা অক্ষয়ের জ্ঞায় আর কাহারও স্পষ্ট নয়। গুণমুগ্ধ আশুবাবু উত্তেজনাবশে তর্ক করিতে প্রস্তুত ছিলেন, কিন্তু অবিনাশ চোখের ইঙ্গিতে তাঁহাকে নিরস্ত করিলেন।

সঙ্গীত সম্বন্ধেই আলোচনা চলিতে লাগিল। কবে কে কোথায় কিরূপ শুনিয়াছেন তাহার ব্যাখ্যা ও বিবরণ দিতে লাগিলেন। কথায় কথায় স্নাত্তি বাড়িতে লাগিল। ভিতর হইতে খবর আসিল মেয়েদের খাওয়া শেষ হইয়াছে এবং তাহাদের বাড়ী পাঠাইয়া দেওয়া হইতেছে। বৃদ্ধ সন্দর-আলা স্নাত্তির অভুহাতে বিদায় লইলেন এবং অজীর্ণ-রোগগ্রস্ত মুস্কেলবাবু জল ও পান মাত্র মুখে দিয়াই তাঁহার সঙ্গী হইলেন। রহিলেন শুধু প্রফেসর-মহল। ক্রমশঃ তাঁহাদেরও আহারের ডাক পড়িল। উপরের একটা খোলা বারান্দায় আসন পাতিয়া ঠাঁই করা হইয়াছে, আস্তবাবু নিজেও সঙ্গে বসিয়া গেলেন। মনোরমা মেয়েদের দিক হইতে ছুটি পাইয়া তদ্ব্যবধানের জন্তে আসিয়া হাজির হইল।

শিবনাথের ক্ষুধা যতই থাক্ আহারে রুচি ছিল না, সে না খাইয়াই বাসাঘ কিরিতে উত্তত হইয়াছিল; কিন্তু মনোরমা কোনমতেই তাহাকে ছাড়িয়া দিল না, পৌড়াপৌড়ি করিয়া সকলের সঙ্গে বসাইয়া দিল। আয়োজন বড়লোকের মতই হইয়াছিল। টুনুড়া হইতে আসিবার পর ট্রেনে কি করিয়া শিবনাথের সহিত আস্তবাবুর পরিচয় ঘটয়াছিল এবং মাত্র দুই-তিনদিনের আলাপেই কি করিয়া সে পরিচয় ঘনিষ্ঠ আত্মীয়তায় পরিণত হইয়াছে, ইহাই সবিস্তারে বর্ণনা করিয়া তিনি নিজের কৃতিত্ব সপ্রমাণ করিতে কহিলেন, আর সবচেয়ে বাহাদুরি হচ্ছে আমার কানের। ঔঁর গলার অক্ষুট, সামান্য একটু গুঞ্জন-ধ্বনি থেকেই আমি নিশ্চয় বুঝতে পেরেছিলাম উনি গুণী, উনি অসাধারণ ব্যক্তি। এই বলিয়া কন্তাকে সাক্ষরূপে আহ্বান করিয়া কহিলেন, কেমন মা, বলি নি তোমাকে শিবনাথবাবু মস্ত লোক? বলি নি যে মণি এঁদের সঙ্গে আলাপ-পরিচয় থাকা জীবনে একটা ভাগ্যের কথা?

কন্তা আনন্দে মুখ প্রদীপ্ত করিয়া কহিল, হাঁ বাবা, তুমি বলেছিলে। তুমি গাড়ী থেকে নেমেই আমাকে জানিয়েছিলে যে—

কিন্তু দেখুন আস্তবাবু—

বক্তা অক্ষয়। সকলেই চকিত হইয়া উঠিলেন। অবিনাশ ব্যস্ত হইয়া বাধা দিবার চেষ্টা করিলেন, আহা, থাক্ না অক্ষয়। থাক্ না আজ ও-সব আলোচনা—

অক্ষয় চোখ বুজিয়া চক্ষুদ্বার দ্বায় এড়াইয়া বার-কয়েক মাথা নাড়িলেন; কহিলেন, না অবিনাশবাবু, চাপলে চলবে না। শিবনাথবাবুর সমস্ত ব্যাপার প্রকাশ করা আমি কর্তব্যজ্ঞান করি। উনি—

আহা-হা, কর কি অক্ষয়! কর্তব্যজ্ঞান ত আমাদেরও আছে হে, হবে এখন আর একদিন।—বলিয়া অবিনাশ তাকে একটা ঠেলা দিয়া খামাইবার চেষ্টা করিলেন, কিন্তু সফল হইলেন না। ধাক্কা অক্ষয়ের দেহ টলিল, কিন্তু কর্তব্যনিষ্ঠা টলিল না। বলিলেন, আপনারা জানেন বুধা সঙ্কোচ আমার নেই। হুর্নাতির প্রশ্রয় আমি দিতেই পারি নে।

অসহিষ্ণু হরেন্দ্র বলিয়া উঠিল, সে কি আমরাই দিতে চাই নাকি? কিন্তু তার কি স্থান-কাল নেই?

অক্ষয় কহিলেন, না। উনি এ সহরে যদি আর না আসতেন, যদি ভদ্র-পরিবারে ঘনিষ্ঠ না হবার চেষ্টা করতেন, বিশেষতঃ কুমারী মনোরমা যদি না সংশ্লিষ্ট থাকতেন—

উদ্বেগে আশুবাবু ব্যাকুল হইয়া উঠিলেন এবং অজানা শঙ্কায় মনোরমার মুখ ফ্যাকাশে হইয়া গেল।

হরেন্দ্র কহিল, it is too much.

অক্ষয় সঙ্গেই প্রতিবাদ করিলেন, no, it is not.

অবিনাশ বলিয়া উঠিলেন, আহা-হা—করচ কি তোমরা?

অক্ষয় কোন কথাই কানে তুলিলেন না, বলিলেন, আগ্রায় উনিও একদিন প্রফেসর ছিলেন। গুঁর বলা উচিত ছিল আশুবাবুকে কি করে সে চাকরি গেল।

হরেন্দ্র কহিল, স্বেচ্ছায় ছেড়ে দিলেন। পাথরের ব্যবসা করবার জন্ম।

অক্ষয় প্রতিবাদ করিলেন, মিছে কথা।

শিবনাথ নিঃশব্দে আহার করিতেছিল, যেন এই সকল বাদবিতণ্ডার সহিত আহার সম্বন্ধ নাই। এখন মুখ তুলিয়া চাহিল এবং অত্যন্ত সহজভাবে বলিল, মিছে কথাই ত? কারণ প্রফেসারি নিজেই ইচ্ছেয় না ছাড়লেও পরের অর্থাৎ আপনাদের ইচ্ছেয় ছাড়তে হ'তো। আর তাই ত হ'লো।

আশুবাবু সবিস্ময়ে কহিলেন, কেন?

শিবনাথ কহিল, মদ খাবার জন্ম।

অক্ষয় ইহার প্রতিবাদে কহিলেন, না, মদ খাবার অপরাধে নয়, মাতাল হবার অপরাধে।

শিবনাথ কহিল, যে মদ খায় সে-ই কখনো না কখনো মাতাল হয়। যে

হয় না, হয় সে মিছে কথা বলে, না হয় সে মদের বদলে জল খায়। এই বলিয়া সে হাসিতে লাগিল।

ক্রুদ্ধ অক্ষয় কঠিন হইয়া বলিলেন, নির্লঙ্ঘ্যের মত আপনি হয়ত হাসতে পারেন, কিন্তু এ অপরাধে আমরা ক্ষমা করতে পারি নে।

শিবনাথ কহিল, পায়ের, এ অপবাদ ত আমি দিই নি। আমাকে যেচ্ছায় কর্তৃত্যোগ করবার জন্য আপনারা যেচ্ছায় যথেষ্ট পরিশ্রম করেছিলেন, এ সত্য আমি স্বীকার করি।

অক্ষয় কহিলেন, তা হ'লে আশা করি আরও একটা সত্য এখনি স্বীকার করবেন। আপনি হয়ত জানেন না যে, আপনার অনেক খবরই আমি জানি।

শিবনাথ ঘাড় নাড়িয়া কহিল, না জানি নে। তবে এ জানি, অপয়ের দরম্ভে আপনার কোঁতুহল যেমন অপরিসীম, খবর সংগ্রহ করবার অধ্যবসায়ও তেমনি বিপুল। কি স্বীকার করতে হবে আদেশ করুন।

অক্ষয় কহিলেন, আপনার স্ত্রী বিগ্ৰহমান। তাঁকে ত্যাগ করে আপনি আবার বিবাহ করেছেন। সত্য কিনা?

আশুবাবু সহসা চটিয়া উঠিলেন—আপনি কি সব বলেছেন অক্ষয়বাবু? এ কি কখনো হয়, না হ'তে পারে?

শিবনাথ নিজেই জবাব দিল, বলিল, কিন্তু তাই হয়েছে আশুবাবু। তাঁকে ত্যাগ করে আমি আবার বিবাহ করেছি।

বলেন কি? কি ঘটেছিল?

শিবনাথ কহিল, বিশেষ কিছুই না। স্ত্রী চিরকল্প। বয়সও ত্রিশ হ'তে চললো—মেয়েমানুষের পক্ষে এই ত যথেষ্ট! তাতে ক্রমাগত রোগ ভোগ করে দাঁত পড়ে, চুল পেকে একেবারে বৃদ্ধী হয়ে গেছে। এই জন্তেই ত্যাগ করে আবার একটা বিয়ে করতে হ'ল।

আশুবাবু বিহ্বলচক্ষে তাহার মুখের দিকে চাহিয়া রহিলেন—ঐ্যা! শুধু এর জন্য? তাঁর আর কোন অপরাধ নেই?

শিবনাথ কহিল, না। মিথ্যে একটা অপবাদ দিয়ে লাভ কি আশুবাবু?

তাহার এই নির্মল সাধুতায় অবিনাশ যেন ক্ষিপ্ত হইয়া উঠিল—লাভ কি আশুবাবু! পাষাণ! তোমার লাভ লোকসান চুলোয় যাক, একবার মিথ্যে

করেই বল যে, সে গভীর অপরাধ করেছিল। তাই তাকে ত্যাগ করেছ। একটা মিথ্যেতে আর তোমার পাপ বাড়বে না।

শিবনাথ রাগ করিল না, শুধু কহিল, কিন্তু এরকম অযথা কথা আমি বলতে পারি নে।

হরেন্দ্র সহসা জলিয়া উঠিয়া বলিল, বিবেক বলে কি আপনার কোথাও কিছু নেই শিবনাথবাবু?

শিবনাথ ইহাতেও রাগ করিল না, শাস্তভাবে কহিল, এ বিবেক অর্থহীন। একটা মিথ্যে বিবেকের শিকল পায় জড়িয়ে নিজেকে পঙ্ক করে তোলার আমি পক্ষপাতী নই। চিরদিন দুঃখভোগ করে যাওয়াটাই জীবনধারণের উদ্দেশ্য নয়।

আশুবাবু গভীর ব্যথায় আহত হইয়া কহিলেন, কিন্তু আপনার স্ত্রীর দুঃখটা একবার ভেবে দেখুন। তাঁর রুগ্ন হয়ে পড়াটা পরিতাপের বিষয় হ'তে পারে, কিন্তু তাই বলে, অসুখ ত অপরাধ নয় শিবনাথবাবু? বিনা দোষে—

বিনা দোষে আমিই বা আজীবন দুঃখ সহিব কেন? একজনের দুঃখ আর একজনের ঘাড়ে চাপিয়ে দিলেই যে স্রুবিচার হয় সে বিশ্বাস আমার নেই।

আশুবাবু আর তর্ক করিলেন না। শুধু একটা গভীর দীর্ঘশ্বাস ফেলিয়া নিস্তর হইয়া রহিলেন।

হবেঙ্গ দ্বিজ্ঞাসা করিল, এ বিবাহ হ'লো কোথায়?

গ্রামেই।

সতীনের উপর মেয়ে দিলে—এর বোধ হয় বাপ-মা নেই?

শিবনাথ কহিল, না। আমাদেরই ঝির বিধবা মেয়ে।

বাড়ীর ঝির মেয়ে! চমৎকার! কি জাত?

টিক জানি নে। তাঁতি-টাঁতি হবে বোধ হয়।

অক্ষয় বহুক্ষণ কথা কহে নাই, এখন দ্বিজ্ঞাসা করিল, এটির অক্ষয় পরিচয়-টুকুও নেই বোধ হয়?

শিবনাথ কহিল, অক্ষয় পরিচয়ের লোভে ত বিবাহ করি নি, করেচি রূপের জন্ত। এ বস্তুটির বোধ হয় তাতে অভাব নেই।

এই উক্তির পরে মনোরমা আর একবার উঠিবার চেষ্টা করিল, কিন্তু এবারও তাহার দুই পা পাথরের স্তার ভারী হইয়া রহিল। কোঁড়হলেও উত্তেজনার বশে কেহই তাহার প্রতি চাহে নাই। চাহিলে হয়ত ভয় পাইত।

হরেন্দ্র কহিল, তা হ'লে এটা বোধ হয় সিভিল বিবাহই হ'লো ?

শিবনাথ ঘাড়া নাড়িয়া জবাব দিল, না—বিবাহ হ'লো শৈবমতে ।

অবিনাশ কহিলেন, অর্থাৎ ফাঁকির রাস্তাটুকু যেন দশ দিক দিয়েই খোলা থাকে, না শিবনাথ ?

শিবনাথ সহাস্ত্রে কহিল, এটা ক্রোধের কথা, অবিনাশবাবু! নইলে বাবা দাঁড়িয়ে থেকে যে বিবাহ দিয়ে গিয়েছিলেন, তার মধ্যে ত ফাঁক ছিল না, অথচ ফাঁকি যথেষ্টই ছিল । সেটা বার করার চোখ থাকা চাই ।

অবিনাশ উত্তর দিতে পারিলেন না, শুধু সমস্ত মুখ তাঁহার ক্রোধে আরক্ত হইয়া উঠিল ।

আশুবাবু নিঃশব্দে নতমুখে বসিয়া কেবলি ভাবিতে লাগিলেন, এ কি হইল ! এ কি হইল !

মিনিট দুই-তিন কাহারও মুখে কথা নাই, নিরানন্দ ও কলহের অবরুদ্ধ বাতাসে ঘর ভরিয়া গেছে—বাহিরের একটা দমকা হাওয়া না পাইলেই নয়, ঠিক এমনি মনোভাব লইয়া অবিনাশবাবু অকস্মাৎ বলিয়া উঠিলেন, যাক, যাক, যাক—যাক, এসব কথা ; শিবনাথ, তা হ'লে সেই পাথরের কারবারটা করচ না ?

শিবনাথ বলিল, হাঁ !

তোমার বন্ধুর নাবালক ছেলেমেয়েদের ব্যবস্থা ত তোমাকেই করতে । তাদের মা আছেন না ? অবস্থা কেমন ? তেমন ভাল নয় বোধ হয় ? না, খুব খারাপ ।

অবিনাশ কহিলেন, আহা ! হঠাৎ মারা গেলেন, আমরা ভেবেছিলাম টাকাকড়ি কিছু রেখে গেছেন ; কিন্তু তোমার বন্ধু ছিলেন বটে ! অকৃত্রিম স্নেহ !

শিবনাথ ঘাড়া নাড়িয়া কহিল, হাঁ, আমরা পাঠশালা থেকে একসঙ্গে পড়েছিলাম ।

অবিনাশ বলিলেন, তাই তোমার এতখানি সে সময়ে তিনি করতে পেরেছিলেন । একটুখানি ধামিয়া কহিলেন, কিন্তু সে যাই হোক শিবনাথ, এখন একাকী তোমাকেই যখন সমস্ত কারবারটা দেখতে হবে, একটা অংশের দাবী করলে না কেন ? মাইনের মত—

শিবনাথ কথাটা শেষ করিতে দিল না, কহিল, অংশ কিসের ? কারবার ত একলা আমার ।

প্রফেসারের দল যেন আকাশ হইতে পড়িল । অক্ষয় কহিলেন, পাথরের কারবারটা হঠাৎ আপনার হয়ে গেল কি রকম, শিবনাথবাবু ?

শিবনাথ গম্ভীর হইয়া শুধু জবাব দিল, আমার বইকি ।

অক্ষয় বলিলেন, কথখনো না । আমরা সবাই জানি যোগীনবাবুয় ।

শিবনাথ জবাব দিল, জানেন ত আদালতে গিয়ে সাক্ষী দিয়ে এলেন না কেন ? কোন ডফমেন্ট ছিল শুনেছিলেন ?

অবিনাশ চকিত হইয়া প্রশ্ন করিলেন, না শুনি নি কিছুই ; কিন্তু এ কি আদালতে পর্য্যন্ত গড়িয়েছিল নাকি ?

শিবনাথ কহিল, হা । যোগীনের সম্বন্ধী নালিশ করেছিলেন । ডিক্রী আমিই পেয়েছি ।

অবিনাশ নিঃশ্বাস ফেলিয়া বলিলেন, বেশ হয়েছে । তা হ'লে শেষ পর্য্যন্ত বিপ্বাদের কিছুই দিতে হ'লো না ।

শিবনাথ বলিল, না । খালিম, চপটা খাসা রেঁধেচ হে । আর দু-একটা আন ত ?

আশুবাবু অভিভূতের ছায় বসিয়া ছিলেন, চমকিয়া মুখ তুলিয়া বলিলেন, কই আপনারা ত কিছুই খাচ্ছেন না ?

আহারের রুচি ও ক্ষুধা সকলেরই অন্তর্হিত হইয়া গিয়াছিল । মনোরমা নিঃশব্দে উঠিয়া যাইতেছিল ; শিবনাথ ডাকিয়া কহিল, কি রকম ! আমাদের খাওয়া শেষ না হ'তেই যে বড় চলে যাচ্ছেন ?

মনোরমা একথার উত্তর দিল না, ফিরিয়াও চাহিল না ; ঘূণায় তাহার সর্বদেহে কাঁটা দিয়া উঠিল ।

তিন

উপরোক্ত ঘটনার পরে সপ্তাহ কাল গত হইয়াছে। দিন-দুই হইতে সন্ধ্যায় মেঘ করিয়া বৃষ্টি হইতে আরম্ভ করিয়াছিল, আজও সকাল হইতে মাঝে মাঝে জল পড়িয়া মধ্যাহ্নে খানিকক্ষণ বন্ধ ছিল, কিন্তু মেঘ কাটে নাই। যে-কোন সময়েই পুনরায় স্বপ্ন হইয়া যাইতে পারে, এমনি যখন আকাশের অবস্থা, মনোরমা ভ্রমণের জন্ত প্রস্তুত হইয়া আসিয়া তাহার পিতার ঘরে দেখা দিল। আশুবাবু মোটা বকমের একটা বালাপোষ গায়ে দিয়া আরাম-কেনারায় বসিয়াছিলেন, তাহার হাতে একখানা বই। মেয়ে আশ্চর্য হইয়া জিজ্ঞাসা করিল, কই বাবা, তুমি এখনও তৈরি হরে নাও নি, আজ যে আমাদের এতবারী খাঁর কবর দেখতে যাবার কথা।

কথা ত ছিল মা, কিন্তু আমার সেই কোমরের বাতটা—

তা হ'লে মোটরটা ফিরিয়ে নিয়ে যেতে বলে দি'। কাল না হয় যাওয়া যাবে, কি বল বাবা ?

পিতা বাধা দিয়া বলিলেন, না না, না বেড়ালে তোর আবার মাথা ধরে ! তুই না হয় একটু ঘুরে আয় গে মা, আমি ততক্ষণ এই মাসিক পত্রিকাটায় চোখ বুলিয়ে নিই। গল্পটা লিখেচে ভাল।

আচ্ছা! চলনুম; কিন্তু ফিরতে আমার দেবী হবে না। এসে তোমার কাছে গল্পটা শুনব তা বলে যাচ্ছি, বলিয়াই সে একাকৌই বাহির হইয়া গেল।

ঘণ্টাখানেকের মধ্যেই মনোরমা বাড়ী ফিরিয়া পিতার ঘরে ঢুকিতে ঢুকিতে প্রশ্ন করিল, কেমন গল্প বাবা ? শেষ হ'লো ? কি লিখেচে ?

কিন্তু কথা উচ্চারণ করিয়াই সে চমকিয়া দেখিল, তাহার পিতা একা নহেন, সম্মুখে শিবনাথ বসিয়া।

শিবনাথ উঠিয়া দাঁড়াইয়া নমস্কার করিল, কহিল, কতদূর বেড়িয়ে এলেন ? মনোরমা উত্তর দিল না, শুধু নমস্কারের পরিবর্তে মাথাটা একটুখানি হেলাইয়া তাহার প্রতি সম্পূর্ণ পিছন ফিরিয়া দাঁড়াইয়া পিতাকে কহিল, পড়া শেষ হয়ে গেল বাবা ? কেমন লাগল ?

আশুবাবু শুধু বলিলেন, না।

কথা কহিল, তা হ'লে আমি নিয়ে যাই, পড়ে এখুনি তোমাকে কিরিয়ে দিয়ে যাব।—বলিয়া সে কাগজখানা হাতে করিয়া চলিয়া গেল; কিন্তু নিজের শয়নকক্ষে আসিয়া সে চূপ করিয়া বসিয়া রহিল। তাহার কাপড় ছাড়া, হাত মুখ ধোয়া পড়িয়া রহিল, কাগজখানা একবার খুলিয়াও দেখিল না, কোন্ গল্প, কে লিখিয়াছে কিংবা কেমন লিখিয়াছে।

এই ভাবে বসিয়া সে যে কি ভাবিতে লাগিল তাহার স্থিরতা নাই, এই সময়ে চাকরটাকে সম্মুখ দিয়া যাইতে দেখিয়া জিজ্ঞাসা করিল, ওরে, বাবার ঘর থেকে লোকটি চলে গেছে?

বেহারী বলিল, হাঁ।

কখন গেল?

বৃষ্টি পড়বার আগেই।

মনোরমা জানালার পর্দা সরাইয়া দেখিল, কথা ঠিক, পুনরায় বৃষ্টি শুরু হইয়াছে, কিন্তু বেশী নয়। উপরের দিকে চাহিয়া দেখিল পশ্চিম দিগন্তে মেঘ গাঢ়তর হইয়া আসিতেছে, রাত্রে মূলধারায় বারিপতনের সূচনা হইয়াছে। কাগজখানা হাতে করিয়া পিতার বসিবার ঘরে আসিয়া দেখিল, তিনি চূপ করিয়া বসিয়া আছেন। বইটা তাহার কেদারার হাতলের উপর ধীরে ধীরে রাখিয়া দিয়া কহিল, বাবা, তুমি জান এক্ষণ আমি ভালবাসি নে। এই বলিয়া সে পার্শ্বের চৌকিটায় বসিয়া পড়িল।

আশুবাবু মুখ তুলিয়া কহিলেন, কি সব মা?

মনোরমা বলিল, তুমি ঠিক বুঝতে পেরেছে কি আমি বলছি। গুলীর আদর করতে আমিও কম জান নে বাবা, কিন্তু তাই বলে শিবনাথবাবুর মত একজন দুবৃত্ত দুশ্চরিত্র মাতালকে কি বলে আবার প্রশয় দিচ্ছ?

আশুবাবু লজ্জায় ও সঙ্কোচে একেবারে ঘেন পাণ্ডুর হইয়া গেলেন। ঘরের এক কোণে একটা টেবিলের উপর বহুসংখ্যক পুস্তক স্তূপীকৃত করিয়া রাখা ছিল, মনোরমা সময়োপযুক্ততঃ এখনো তাহাদের যথাস্থানে ঝাঁকুনিয়া রাখিতে পারে নাই। সেই দিকে চক্ষু নির্দেশ করিয়া শুধু কেবল বলিতে পারিলেন, ওই যে উনি—

মনোরমা সম্বয়ে ঘাড় ফিরাইয়া দেখিল শিবনাথ টেবিলের ধারে ঝাঁকুনিয়া

একথানা বই খুঁজিতেছে। বেহারা তাহাকে ভুল সংবাদ দিয়াছিল। মনোরমা লজ্জার মাটির সহিত যেন মিশিয়া গেল। শিবনাথ কাছে আসিয়া দাঁড়াইতেই সে মুখ তুলিয়া চাহিতে পারিল না। শিবনাথ কহিল, বইটা খুঁজে পেলাম না, আশুবাবু। এখন তা হ'লে চললাম!

আশুবাবু আর কিছু বলিতে পারিলেন না, শুধু বলিলেন, বাইরে রুটি পড়চে যে!

শিবনাথ কহিলেন, তা হোক। ও বেশি নয়। এই বলিয়া তিনি যাইবার জগ্ন উত্তত হইয়া সহসা থমকিয়া দাঁড়াইলেন। মনোরমাকে লক্ষ্য করিয়া কহিলেন, আমি দৈবাৎ বা শুনে ফেলেচি সে আমার দুর্ভাগ্যও বটে, সৌভাগ্যও বটে। সেজন্য আপনি লজ্জিত হবেন না। ও আমাকে প্রায়ই শুনতে হয়। তবু এও আমি নিশ্চয় জানি, কথাগুলো আমার সম্বন্ধে বলা হ'লেও আমাকে শুনিয়ে বলেন নি। অত নির্দয় আপনি কিছুতে নন।

একটুখানি থামিয়া বলিলেন, কিন্তু আমার অল্ল নালিশ আছে। সেদিন অক্ষয়বাবু প্রভৃতি অধ্যাপকের দল আমার বিরুদ্ধে ইঙ্গিত করেছিলেন, আমি যেন একটা মতলব নিয়ে এ বাড়িতে ঘনিষ্ঠ হয়ে ওঠবার চেষ্টা করেচি। সকল মানুষের শ্রায়-অশ্রায়ের ধারণা এক নয়—এও একটা কথা, এবং বাইরে থেকে কোন একটা ঘটনা যা চোখে পড়ে, সেও তার সবটুকু নয়—এও আর একটা কথা; কিন্তু যাই হোক আপনাদের মধ্যে প্রবেশ করার কোন গুঢ় অভিসন্ধি সেদিনও আমার ছিল না, আজও নেই। সহসা আশুবাবুকে উদ্দেশ করিয়া কহিলেন, আমার গান শুনতে আপনি ভালবাসেন, বাসা ত আমার বেশী দূরে নয়, যদি কোনদিন সে খেয়াল হয় পায়ের ধুলো দেবেন, আমি খুশীই হব। এই বলিয়া পুনরায় নমস্কার করিয়া শিবনাথ বাহির হইয়া গেলেন। পিতা বা কণ্ঠা উভয়ের কেহই একটা কথারও জবাব দিতে পারিলেন না। আশুবাবুর বৃকের মধ্যে অনেক কথাই একসঙ্গে ঠেলিয়া আসিল, কিন্তু প্রকাশ পাইল না। বাইরে রুটি তখন চাপিয়া পড়িতেছিল, এমন কথাও তিনি উচ্চারণ করিতে পারিলেন না, শিবনাথবাবু, ক্ষণকাল অপেক্ষা করিয়া যান।

ভৃত্য চায়ের সরঞ্জাম আনিয়া উপস্থিত করিল। মনোরমা জিজ্ঞাসা করিল, তোমার চা কি এখানেই তৈরী করে দেব বাবা?

আশুবাবু বলিলেন, না, আমার জন্ম নয়, শিবনাথ একটুখানি চা খাবেন বলেছিলেন।

মনোরমা ভৃত্যকে চা ফিরাইয়া লইয়া ঘাইবার ইঙ্গিত করিল। মনের চাঞ্চল্যবশতঃ আশুবাবু কোমরের ব্যথা সত্ত্বেও চোঁকি হইতে উঠিয়া ঘরের মধ্যে পায়চারি করিতে আরম্ভ করিয়াছিলেন, হঠাৎ জানালার কাছে থামিয়া দাঁড়াইয়া ক্ষণকাল ঠাহর করিয়া দেখিয়া কহিলেন, ঐ গাছতলাটায় দাঁড়িয়ে শিবনাথ না? যেতে পারে নি, ভিজচে।

পরক্ষণেই বলিয়া উঠিলেন, সঙ্গে কে একটি স্ত্রীলোক দাঁড়িয়ে। বাঙালী-মেয়েদের মত কাপড় পরা—ও বেচারী বোধ হয় যেন আরও ভিজচে।

এই বলিয়া তিনি বেহারাকে ডাক দিয়া বললেন, যদু, দেখে আয় ত মে, গেটের কাছে গাছতলায় দাঁড়িয়ে ভিজচে কে? যে বাবুটি এইমাত্র গেলেন তিনিই কিনা; কিন্তু দাঁড়া—দাঁড়া—

কথা তাঁহার মারখানেনেই থামিয়া গেল, অকস্মাৎ মনের মধ্যে ভয়ানক সন্দেহ জন্মিল মেয়েটি শিবনাথের স্ত্রী নহে ত?

মনোরমা কহিল, দাঁড়াবে কেন বাবা, গিয়ে শিবনাথবাবুকে ডেকেই আনুক না। এই বলিয়া সে উঠিয়া খোসা জানালার ধারে পিতার পার্শ্বে দাঁড়াইয়া বলিল, উনি চা খেতে চেয়েছিলেন জানলে আমি কিছুতেই যেতে দিতুম না।

মেয়ের কথার উত্তরে আশুবাবু ধীরে ধীরে বলিলেন, তা বটে মগি; কিন্তু আমার ভয় হচ্ছে ঐ স্ত্রীলোকটি বোধ হয় গুঁর সেই স্ত্রী। সাহস করে এ বাড়ীতে আনতে পারেন নি। এতক্ষণ বাইরে দাঁড়িয়ে কোথাও অপেক্ষা করছিলেন।

কথা শুনিয়া মনোরমার নিশ্চয় মনে হইল এ সেই। একবার তাহার দ্বিধা জাগিল এ বাটিতে উহাকে কোন অজুহাতেই আহ্বান করিয়া আনা চলে কিনা, কিন্তু পিতার মুখের প্রতি চাহিয়া এ সঙ্কোচ স্বে ত্যাগ করিল। বেহারাকে ডাকিয়া কহিল, যদু, গুঁদের দুজনকেই তুমি ডেকে নিয়ে এস। শিবনাথবাবু যদি জিজ্ঞাসা করেন কে ডাকচে, আমার নাম করো।

বেহারী চলিয়া গেল। আশুবাবু উৎকর্ষায় পরিপূর্ণ হইয়া উঠিলেন, কহিলেন, মগি, কাজটা হয়ত ঠিক হ'লো না।

কেন বাবা?

আশুবাবু বলিলেন, শিবনাথ যাই হোক, উচ্চশিক্ষিত, ভদ্রলোক—তার

কথা আলাদা; কিন্তু সেই সূত্র ধরে কি এই মেয়েটির সঙ্গে পরিচয় করা চলে? জাতের উঁচু-নীচু আমরা হয়ত তেমন মানি নে, কিন্তু বিভেদ ত একটা কিছু আছেই। কি-চাকরের সঙ্গে ত বন্ধুত্ব করা যায় না মা!

মনোরমা কহিল, বন্ধুত্ব করার ত প্রয়োজন নেই বাবা। বিপদের মুখে পথের পথিককেও ঘণ্টা-কয়েকের জন্ত আশ্রয় দেওয়া যায়। আমরা তাই শুধু করব।

আশুবাবুর মন হইতে দ্বিধা ঘুচিল না। বাবু-কয়েক মাথা নাড়িয়া আশে আশে বলিলেন, ঠিক তাই নয়। মেয়েটি এসে পড়লে গুর সঙ্গে যে ভূমি কি ব্যবহার করবে, আমি তাই শুধু ভেবে পাচ্ছি নে।

মনোরমা কহিল, আমার উপর কি তোমার বিশ্বাস নেই বাবা?

আশুবাবু একটুখানি গুফহাস্ত করিলেন, বলিলেন, তা আছে। তবুও জিনিষটা ঠিক ঠাউরে পাচ্ছি নে। তোমরা ধারা সমশ্রেণীর লোক, তাঁদের প্রতি কিরূপ ব্যবহার করতে হয় সে তুমি জান। কম মেয়েই এতখানি জানে। দাসী-চাকরের প্রতি আচরণও তোমার নির্দোষ, কিন্তু এ হ'লো—কি জান মা, শিবনাথ মাল্লখটিকে আমি স্নেহ করি, আমি তার গুণের অল্পরাগী—দৈব-বিড়ম্বনায় আজ আকরণে সে অনেক লাঞ্ছনা সহ করে গেছে, আবার ঘরে ডেকে এনে তাঁকে ব্যথা দিতে আমি চাই নে।

মনোরমা বুঝিল এ তাহারই প্রতি অল্পযোগ, কহিল, আচ্ছা বাবা, তাই হবে।

আশুবাবু হাসিয়া বলিলেন, হওয়াটাই কি সহজ, মা? কারণ, কি যে হওয়া উচিত সে ধারণা আমারও বেশ স্পষ্ট জানা নেই, কেবল এই কথাটাই মনে হচ্ছে শিবনাথ যেন না আমাদের গৃহে দুঃখ পায়।

মনোরমা কি একটা বলিতে যাইতেছিল, হঠাৎ চকিত হইয়া কহিল, এই যে এঁরা আসচেন।

আশুবাবু ব্যস্ত হইয়া বাহিরে আসিলেন—বেশ যা হোক শিবনাথবাবু, ভিজ্ঞে যে একেবারে—

শিবনাথ কহিলেন, হাঁ, হঠাৎ জলটা একেবারে চেপে এল, তা আমার চেয়ে ইনিই ভিজ্ঞেচেন ঢের বেশী! এই বলিয়া সঙ্গেই মেয়েটিকে ধেঁখাইয়া দিলেন; কিন্তু মেয়েটি যে কে এ পরিচয় তিনিও স্পষ্ট করিয়া দিলেন না, ইহারায় সে কথা স্পষ্ট করিয়া জিজ্ঞাসা করিলেন না।

বসন্ত: মেয়েটির সমস্ত দেহে গুফ বলিয়া আর কোন কিছুই ছিল না। জামা

কাপড় ভিজিয়া ভারী হইয়া উঠিয়াছে, মাথার নিবিড় কৃষ্ণ কেশের রাশি হইতে জলধারা গণ্ড বহিয়া বরিয়া পড়িতেছে—পিতা ও কন্যা এই নবাগতা রমণীর মুখের প্রতি চাহিয়া অপরিণাম বিশ্বাসে নিৰ্ব্বাক হইয়া রহিলেন। আশুবাবু নিজে কবি নহেন, কিন্তু তাঁহার প্রথমেই মনে হইল এই নারী-রূপকেই বোধ হয় পূৰ্বকালের কবিরা শিশির-ধোয়া পদ্মের সহিত তুলনা করিয়া গিয়াছেন এবং জগতে এত বড় সত্য তুলনাও হয়ত আর নাই। সেদিন অক্ষয়ের নানাবিধ প্রশ্নের উত্তরে শিবনাথ উত্তরিত হইয়া যে জবাব দিয়াছিলেন, তিনি লেখাপড়া জানার জ্ঞান বিবাহ করেন নাই, করিয়াছেন রূপের জ্ঞান, কথাটা যে কি পরিমাণে সত্য, তখন তাহাতে কেহ কোন কান দেয় নাই, এখন শুরু হইয়া আশুবাবু শিবনাথের সেই কথাটাই বারবার স্মরণ করিতে লাগিলেন। তাহার মনে হইল, বাস্তবিক, জীবনযাত্রার প্রণালী ইহাদের ভ্রম ও নীতিসম্মত নাই হোক, পতি-পত্নী সম্বন্ধে পবিত্রতা ইহাদের মধ্যে নাই থাকুক, কিন্তু এই নখর জগতের তেমনি নখর এই দুটি নরনারীর দেহ আশ্রয় করিয়া সৃষ্টির কি অবিনশ্বর সত্যই না ফুটিয়াছে! আর পরমার্শ্ব এই, যে দেশে রূপ বাচ্ছিয়া লইবার কোন বিশিষ্ট পন্থা নাই, যে দেশে নিজের চক্ষুকে রুদ্ধ রাখিয়া অপূরণের চক্ষুকেই নির্ভর করিতে হয়, সে অন্ধকারে ইহারা পরস্পরের সংবাদ পাইল কি করিয়া? কিন্তু এই মোহাচ্ছন্ন ভাবটা কাটিয়া যাইতে তাঁহার মুহূর্ত্তকালের অধিক সময় লাগিল না। ব্যস্ত হইয়া বলিলেন, শিবনাথবাবু, ভিজে কাপড়জামাটা ছেড়ে ফেলুন। যত্ন, আমার বাথরুমে বাবুকে নিয়ে যা।

বেহারার পক্ষে শিবনাথ চলিয়া গেল, বিপদে পড়িল এইবার মনোরমা। মেয়েটি তাহার প্রায় সমবয়সী এবং দিক-বন্দু পরিবর্তনের ইহারও অত্যন্ত প্রয়োজন; কিন্তু আভিজাত্যের যে পরিচয় সেদিন শিবনাথের নিজের মুখে শুনিয়াছে, তাহাতে কি বলিয়া যে ইহাকে সন্মোদন করিবে ভাবিয়া পাইল না। রূপ ইহার বত বড়ই হোক, শিক্ষাসংস্কারহীন নীচ-জাতীয়া এই দাসী-কন্যাটিকে 'এস' বলিয়া ডাকিতেও পিতার সমক্ষে তাহার বাধ-বাধ ঠেকিল, আত্মন বলিয়া সসম্মানে আহ্বান করিয়া নিজের ঘরে লইয়া যাইতেও তাহার তেমনি ঘৃণা বোধ হইল; কিন্তু সহসা এই সমস্তার মীমাংসা করিয়া দিল মেয়েটি নিজে। মনোরমার প্রতি চাহিয়া কহিল, আমারও সমস্ত ভিজে গেছে, আমাকেও একখানা কাপড় আনিবে দিতে হবে।

দিচ্ছি। বলিয়া মনোরমা তাহাকে ভিতরে লইয়া গেল এবং ঝিকে ডাকিয়া বলিয়া দিল যে ইহাকে স্নানের ঘরে লইয়া গিয়া যা কিছু আবশ্যক সমস্ত দিতে।

মেয়েটি মনোরমার আপাদমস্তক বার বার নিরীক্ষণ করিয়া কহিল, আমাকে একখানা ফর্সা—ধোপার বাড়ীর কাপড় দিতে বলে দিন।

মনোরমা কহিল, তাই দেবে।

মেয়েটি ঝিকে জিজ্ঞাসা করিল, সে ঘরে সাবান আছে ত ?

ঝি কহিল, আছে।

আমি কিন্তু কারও মাথা-সাবান গায়ে মাখি নে, ঝি।

এই অপরিচিত মেয়েটির মস্তব্য শুনিয়া ঝি প্রথমে বিস্মিত হইল, পরে কহিল, সেখানে একবাগ্ন নতুন সাবান আছে; কিন্তু শুনচেন, দিদিমণির স্নানের ঘর! তাঁর সাবান ব্যবহার করলে দোষ কি ?

মেয়েটি ওষ্ঠ কৃষ্ণিত করিয়া কহিল, না, সে আমি পারি নে, আমার ভারি ঘেমা করে। তা ছাড়া যার-তার গায়ের সাবান গায়ে দিলে ব্যামো হয়।

মনোরমার মুখে ক্রোধে আরক্ত লইয়া উঠিল; কিন্তু মুহূর্তমাত্র। পরক্ষণেই নির্দোষ হাসির ছটার তাহার দুই চক্ষু বক্ বক্ করিতে লাগিল। তাহার মনের উপর হইতে যেন একটা মেঘ কাটিয়া গেল। হাসিয়া জিজ্ঞাসা করিল, এ কথা তুমি শিখলে কার কাছে ?

মেয়েটি বলিল, কার কাছে শিখব ? আমি নিজেই সব জানি।

মনোরমা কহিল, সত্যি ? তা হলে দিয়ে ত আমাদের এই ঝিকে কতকগুলো ভাল কথা শিখিয়ে। ওটা একেবারে নেহাৎ মুখ্য। বলিতে বলিতেই সে হাসিয়া ফেলিল।

ঝিও হাসিল, কহিল, চল ঠাকরুণ, সাবান-টাবান মেখে আগে তৈরী হয়ে নাও, তারপরে তোমার কাছে বসে অনেক ভাল ভাল কথা শিখে নেব ! দিদিমণি, কে ইনি ?

মনোরমা হাসি গোপিতে অস্ত্রদিকে মুখ না কিরাইলো, হয়ত সে এই অপরিচিত, অশিক্ষিত মেয়েটির মুখের ওপরে কৌতুক ও প্রচ্ছন্ন উপহাসের আভাস লক্ষ্য করিত।

চার

মনোরমা আশুবাবুর শুধু কণ্ঠাই নয়; তাঁহার সঙ্গী, সাথী, মন্ত্রী, বন্ধু— একাধারে সমস্তই ছিল এই মেয়েটি। তাই পিতার মর্যাদা রক্ষার্থে যে সসঙ্কোচ দূরত্ব সম্ভানের অবশ্য পালনীয় বলিয়া বাঙালী সমাজে চলিয়া আসিতেছে, অধিকাংশই স্থলেই তাহা রক্ষিত হইয়া উঠিত না। মাঝে মাঝে এমন সব আলোচনাও উভয়ের মধ্যে উঠিয়া পড়িত যাহা অনেক পিতার কানেই অত্যন্ত অসঙ্গত ঠেকিবে, কিন্তু ইহাদের ঠেকিত না। মেঝেকে আশুবাবু যে কত ভালবাসিতেন তাহার সীমা ছিল না; স্ত্রী-বিয়োগের পর আর যে বিবাহের প্রস্তাব মনে ঠাঁই দিতেও পারেন নাই, হয়ত তাহারও একটি কারণ এই মেয়েটি। অথচ বন্ধুমহলে কথা উঠিলে নিজের সাড়ে-তিন মণ ওজনের দেহ ও সেই দেহ বাতে পক্ষুত্ব প্রাপ্তির অজুহাত দিয়া সখেদে কহিতেন, আর কেন আবার একটা মেয়ের সর্বনাশ করা ভাই, যে দুঃখ মাথায় নিয়ে মণির মা স্বর্গে গেছেন সে ত জানি, সেই অংশু বস্তির যথেষ্ট।

মনোরমা এ কথা শুনিলে ঘোরতর আপত্তি করিয়া বলিত, বাবা, তোমার একথা আমার সয় না। এখানে তাজমহল দেখে কত লোকের কত কি মনে হয়, আমার মনে হয় শুধু তোমাকে আর মাকে। আমার মা গেছেন স্বর্গে, দুঃখু সয়ে ?

আশুবাবু বলিতেন, তুই ত তখন সবে দশ-বারো বছরের মেয়ে, জানিস্ ত সব। কার গলায় কিসের মালা পরার গল্প আছে সে কেবল আমিই জানি রে মণি, আমিই জানি। বলিতে বলিতে তাঁহার হৃৎকু ছলছল করিয়া আসিত।

আগ্রায় আসিরা তিনি অনকোচে সকলের সহিত মিশিয়াছেন, কিন্তু তাঁহার সর্বাপেক্ষা জগত্ৰা জগিয়াছিল অবিনাশবাবুর সহিত। অবিনাশ সহিষ্ণু ও সংযত প্রকৃতির মানুষ। তাহার চিত্তের মধ্যে এমন একটি স্বাভাবিক শান্তি ও প্রশন্নতা ছিল যে সে সহজেই সকলের শ্রদ্ধা আকর্ষণ করিত; কিন্তু আশুবাবু মুগ্ধ হইয়াছিলেন আরও একটা কারণে। তাঁহারই মত সে দ্বিতীয় দার-পরিগ্রহ

করে নাই এবং পত্নীপ্রেমের নিদর্শন স্বরূপ গৃহের সর্বত্র যুত স্ত্রীর ছবি রাখিয়াছিল। আশুবাবু তাহাকে বলিতেন, অবিনাশবাবু, লোকে আমাদের প্রশংসা করে, ভাবে আমাদের কি আত্মসংযম, যেন কত বড় কঠিন কাজই না আমরা করেছি। অথচ আমি ভাবি এ প্রশ্ন ওঠে কি করে? যারা দ্বিতীয়বার বিবাহ করে, তারা পারে বলেই করে। তাদের দোষও দিই নে, ছোটও মনে করি নে। শুধু ভাবি আমি পারি নে। শুধু জানি, মণির মায়ের জায়গায় আর একজনকে স্ত্রী বলে গ্রহণ করা আমার পক্ষে কেবল কঠিন নয়, অসম্ভব; কিন্তু এ খবর কি তারা জানে? জানে না। এই না অবিনাশবাবু? নিজের মনটিকে জিজ্ঞাসা করে দেখুন দিকি ঠিক কথাটি বলছি কিনা।

অবিনাশ হাসিত, বলিত, আমি কিন্তু জোটাতে পারি নি আশুবাবু। মাষ্টারি করে খাই, সময়ও পাই নে, বয়সও হয়েছে, মেয়ে দেবে কে?

আশুবাবু খুশী হইয়া কহিতেন, ঠিক তাই, অবিনাশবাবু, ঠিক তাই। আমিও সকলকে বলে বেড়িয়েছি, দেহের ওজন সাড়ে-তিন মণ, বাতে পল্লু, কখন চলতে চলতে হার্টফেল করে তার ঠিকানা নেই, মেয়ে দেবে কে? কিন্তু জানি, মেয়ে দেবার লোকের অভাব নেই, কেবল নেবার মালুমটাই মরেছে। হাঃ হাঃ হাঃ হাঃ—মরেচে অবিনাশ, মরেচে আশু বন্ধি—হাঃ হাঃ হাঃ হাঃ! এই বলিয়া স্নুউচ্চ হাসির শব্দে ঘরের দ্বার জানালা খড়খড়ি শাঙ্গি পর্যন্ত কাঁপাইয়া তুলিলেন।

প্রত্যহ বৈকালে ভ্রমণে বাহির হইয়া আশুবাবু অবিনাশের বাটির সম্মুখে নামিয়া পড়িতেন, বলিতেন, মণি, সন্ধ্যার সময় ঠাণ্ডা হাওয়াটা আর লাগাবো না মা, তুমি বরঞ্চ ক্ষেত্রবার মুখে আমাকে তুলে নিয়ো।

মনোরমা সহাস্যে কহিত, ঠাণ্ডা কোথায় বাবা, হাওয়াটা যে আজ বেশ গরম ঠেকচে।

বাবা বলিতেন, সেও ত ভাল নয় মা, বুড়োদের স্বাস্থ্যের পক্ষে গরম বাতাসটা হানিকর। তুমি একটু ঘুরে এস, আমরা দুই বুড়োতে মিলে ততক্ষণ দুটো কথা কই।

মনোরমা হাসিয়া বলিত, কথা তোমরা দুটোর জায়গায় দু'শোটা বল আমার আপত্তি নেই, কিন্তু তোমাদের কেউ এখনো বুড়া হওনি তা মনে করিয়ে দিয়ে যাচ্ছি। বলিয়া সে চলিয়া যাইত।

বাতের জন্ম যেদিন এটুকুও আশুবাবু পারিয়া উঠিতেন না, সেদিন অবিনাশকে যাইতে হইত। গাড়ী পাঠাইয়া, লোক পাঠাইয়া, চায়ের নিমন্ত্রণ করিয়া, যেমন করিয়াই হোক, আশু বস্ত্রি নিকৰ্ণাতিশয় তাঁহার এড়াইবার যো ছিল না। উভয়ে একত্র হইলে অত্যাশ্র আলোচনার মধ্যে শিবনাথের কথাটাও প্রায় উঠিত। সেই যে তাহাকে বাটিতে নিমন্ত্রণ করিয়া আনিয়া সবাই মিলিয়া অপমান করিয়া বিদায় করা হইয়াছিল, ইহার বেদনা আশুবাবুর মন হইতে ঘুচে নাই। শিবনাথ পণ্ডিত, শিবনাথ গুলী, তাহার সৰ্বদেহে যৌবনে, স্বাস্থ্য ও রূপে পরিপূর্ণ—এ সকল কি কিছুই নয়? তবে কিসের জন্ম এত সম্পদ ভগবান তাহাকে দুই হাত ভরিয়া দান করিয়াছেন? সে কি মানুষের সমাজ হইতে তাহাকে দূরে রাখিবার জন্ম? মাতাল হইয়াছে? তা কি হইয়াছে? মদ খাইয়া মাতাল ত এমন কত লোকেই হয়। যৌবনে এ অপরাধ তিনি নিজেও ত করিয়াছেন, তাই বলিয়া কে তাহাকে ত্যাগ করিয়াছে? মানুষের ক্রটি, মানুষের অপরাধ গ্রহণ করার অপেক্ষা মার্জ্জনা করিবার দিকেই হৃদয়ের অত্যধিক প্রবণতা ছিল বলিয়া তিনি নিজের সঙ্গে এবং অবিনাশের সঙ্গে এই বলিয়া প্রায়ই তর্ক করিতেন। প্রকাশে তাহাকে আর বাটিতে নিমন্ত্রণ করিতে সাহস করিতেন না বটে, কিন্তু মন তাঁহার শিবনাথের সঙ্গ নিরন্তর কামনা করিয়া ফিরিত। কেবল একটা কথার তিনি কিছুতেই জবাব দিতে পারিতেন না, অবিনাশ যখন কহিত, এই যে পৌড়িত স্ত্রীকে পরিত্যাগ করে অশ্রু স্ত্রীলোক গ্রহণ করা, এটা কি?

আশুবাবু লজ্জিত হইয়া কহিতেন, তাই ত ভাবি শিবনাথের মত লোকে এ কাজ করলে কি করে? কিন্তু কি জানেন অবিনাশবাবু, হয়ত ভিতরে কি একটা রহস্য আছে—হয়ত—কিন্তু সবাই কি সব কথা সকলের কাছে বলতে পারে, না বলা উচিত?

অবিনাশ কহিত, কিন্তু তার স্ত্রী যে নির্দোষ এ কথা ত নিজের মুখেই স্বীকার করেছে?

আশুবাবু পরাস্ত হইয়া ঘাড় নাড়িয়া বলিতেন, তা করেছে বটে।

অবিনাশ বলিত, আর এই যে মৃত বন্ধুর বিধবাকে সমস্ত ফাঁকি দেওয়া, সমস্ত ব্যবস্যাটাকে নিজের বলে দখল করা, এটাই বা কি?

আশুবাবু লজ্জায় মরিয়া যাইতেন। যেন তিনি নিজে এ দুষ্কার্য করিয়া

ফেলিয়াছেন। তাহার পরে অপরাধীর মত ধীরে ধীরে বলিতেন, কিন্তু কি জানেন অবিনাশবাবু, হয়ত কি একটা রহস্য—আচ্ছা আদালতই বা তাঁকে ডিক্রী দিলে কি করে? তারা কি কিছুই বিচার করে দেখেনি?

অবিনাশ কহিল, ইংরাজের আদালতের কথা ছেড়ে দিন, আশুবাবু। আপনি নিজেই ত জমিদার—এখানে সবলের বিরুদ্ধে দুর্বল কবে জয়ী হয়েচে আমাকে বলতে পারেন?

আশুবাবু কহিতেন, না না, সে কথা ঠিক নয়, সে কথা ঠিক নয়, তবে আপনার কথাও যে অসত্য তাও বলতে পারি নে; কিন্তু কি জানেন—

মনোরমা হঠাৎ আসিয়া পড়িলে হাসিয়া বলিত, জানেন সবাই। বাবা, তুমি নিজেই মনে মনে জান অবিনাশবাবু মিথ্যে তর্ক করছেন না।

ইহার পরে আশুবাবুর মুখে আর কথা যোগাইত না।

শিবনাথের সঙ্গক্ষে মনোঃমার বিমুখতাই ছিল যেন সবচেয়ে বেশি! যুখে সে বিশেষ কিছুই বলিত না, কিন্তু পিতা কণ্ঠ্যাকেই ভয় করিতেন সর্বাপেক্ষা অধিক।

সেদিন সন্ধ্যোন্নেলায় শিবনাথ ও তাহার স্ত্রী জলে ভিজিয়া এ বাড়িতে আশ্রয় লইতে বাধ্য হইয়াছিল, তাহার দিন-দুই পূর্ক পর্যন্ত আশুবাবু বাতের প্রকোপে একেবারে শয্যাগত হইয়া পড়িয়াছিলেন। নিজে নড়িতে পারেন নাই, অবিনাশও কাজের তাড়ায় আসিয়া জুটিতে পারেন নাই; কিন্তু আসিবামাত্রই আশুবাবু বাতের ভীষণ যাতনা তুলিয়া আরাম-কেন্দারায় সোজা হইয়া বসিয়া বসিলেন, ওহে অবিনাশবাবু, শিবনাথের স্ত্রীর সঙ্গে যে আমাদের পরিচয় হয়ে গেল। মেয়েটি যেন একেবারে লক্ষ্মীর প্রতিমা! এমন রূপ কখনও দেখি নি। মনে হ'লো এদের দুজনকে ভগবান কোন উদ্দেশ্য নিয়ে মিলিয়েছেন।

বলেন কি?

হাঁ তাই। দুজনকে পাশাপাশি রাখলে চেয়ে থাকতে হবে। চোখ ফেরাতে পারবেন না, তা বলে রাখলাম অবিনাশবাবু।

অবিনাশ সহাস্তে কহিলেন, হতে পারে; কিন্তু আপনি যখন প্রশংসা তুচ্ছ করেন তখন তার আর মাত্রা থাকে না।

আশুবাবু কণকাল তাহার মুখের প্রতি চাহিয়া থাকিয়া বলিলেন, ও দোষ আমার আছে! মাত্রা ছাড়িয়ে যেতে পারলে এ ক্ষেত্রেও বেতাম, কিন্তু শক্তি

নেই। বাই কেননা এ'র সম্বন্ধে বলি মাত্রার বা-দিকেই থাকবে, ডানদিকে পৌঁছবে না।

অবিনাশ সম্পূর্ণ যে বিশ্বাস করিলেন তাহা নয়, কিন্তু পূর্বের পরিহাসের ভঙ্গিও আর রহিল না। বলিলেন, সেদিন শিবনাথ তাহ'লে অকারণ দস্ত করে নি বলুন? পরিচয় হ'লো কি করে?

আশুবা'বু বলিলেন, নিতান্তই দৈবের ঘটনা। শিবনাথের প্রয়োজন ছিল আমার কাছে। স্ত্রী সঙ্গে ছিলেন, কিন্তু বাড়ীতে আনতে সাহস করেন নি, বাইরে একটা গাছতলায় দাঁড় করিয়ে রেখেছিলেন; কিন্তু বিধি বক্র হ'লে মানুষের কোঁশল খাটে না, অসম্ভব বস্তুও সম্ভব হয়ে পড়ে। হ'লোও তাই। এই বলিয়া তিনি সেদিনের ঝড়-বাদলের ব্যাপার সবিত্তারে বর্ণনা করিয়া গ'হিনেন, আমাদের মণি কিন্তু খুশী হ'তে পারে নি। ওর সময়সই, হয়ত কিছু বড় হ'তেও পারে, কিন্তু মণি বলে, শিবনাথবা'বু সেদিন সত্য কথাই বলেছিলেন, মেয়েটি যথার্থ-ই অশিক্ষিত কোন এক দাসী-কত্তা। অস্তুতঃ সে যে আমাদের ভদ্রসমাজের নয়, তাতে তার সন্দেহ নাই।

অবিনাশ কোঁতুহলী হইয়া উঠিলেন, কি করে নোঝা গেল?

আশুবা'বু বলিলেন, মেয়েটি নাকি ভিজ্জে কাপড়ের পরিবর্তে একখানি ফর্দা কাপড় চেয়েছিলেন, এবং বলেছিলেন, তিনি কারও ব্যবহার-করা সাবান ব্যবহার করতে পারেন না, ঘৃণা বোধ হয়।

অবিনাশ বৃদ্ধিতে পারিলেন না ইহার মধ্যে ভদ্রসমাজের বহির্ভূত প্রার্থনা কি আছে।

আশুবা'বুও ঠিক তাহাই কহিলেন, বলিলেন, এর মধ্যে অসঙ্গত যে কি আছে আমি আজও ভেবে পাই নি; কিন্তু মণি বলে, কথার মধ্যে নয় বাবা, সেই বলার ভঙ্গির মধ্যে যে কি ছিল সে কানে না শুনলে বোঝা যায় না। তা হাড়া মেয়েদের চোখ-কানকে ফাঁকি দেওয়া যায় না। আমাদের বি-টির পর্যন্ত বৃদ্ধিতে নাকি বাকি ছিল না যে মেয়েটি তাদেরই একজন, তার মনিবদের কেউ নয়। খুব নীচু থেকে হঠাৎ উচুতে তুলে দিলে যা হয়, এরও হয়েছে ঠিক তাই।

অবিনাশ ক্ষা'ক্ষাস ঘোন থাকিয়া বলিলেন, দুঃখের কথা; কিন্তু আপনার সঙ্গে পরিচয় হ'লো কিভাবে? আপনার সঙ্গে কি কথা কইলে নাকি?

আশুবাবু বলিলেন, নিশ্চয়। ভিজ্ঞে কাপড় ছেড়ে সোজা আমার ঘরে এসে বসলেন। কুঠার বালাই নেই, আমার স্বাস্থ্য কেমন, কি খাই, কি চিকিৎসা চলচে, জায়গাটা ভাল লাগচে কিনা—প্রশ্ন করবার কি সহজ স্বচ্ছন্দ ভাব। বরঞ্চ শিবনাথ আড্ডা হয়ে রইলেন, কিন্তু তাঁর ত জড়তার চিহ্নমাত্র দেখলাম না। না কথায়, না আচরণে।

অবিনাশ জিজ্ঞাসা করিলেন, মনোরমা তখন বুঝি ছিলেন না?

না। তার যে কি অশ্রদ্ধা হয়ে গেছে তা বলবার নয়। তাঁরা চলে গেলে বসলাম, মণি, ওদের বিনায় দিতেও একবার এলে না? মণি বললে, আর যা বল বাণী পারি, কিন্তু বাড়ীর দাসী-চাকরকে ‘বহ্নন’ বলে অভ্যর্থনা করতেও পারব না, ‘আহ্নন’ বলে বিদায় দিতেও পারব না। নিজের বাড়ীতে হ’লেও না। এর পরে আর বলবার আছে কি!

বলিবার কি আছে অবিনাশ নিজেও ভাবিয়া পাইলেন না, শুধু মুহূর্তকণ্ঠে কহিলেন, বলা কঠিন আশুবাবু; কিন্তু মনে হয় যেন মনোরমা ঠিক কথাই বলেচেন! এই সব স্ত্রীশোকের সঙ্গে আমাদের ঘরের মেয়েদের আলাপ পরিচয় না থাকাই ভাল।

আশুবাবু চুপ করিয়া রহিলেন।

অবিনাশ বলিতে লাগিলেন, শিবনাথের সঙ্কোচের কারণও বোধ করি এই। সে ত জানে সবই, তার ভয় ছিল পাছে কোন বিশ্লী কদর্ঘ্য বাক্য তার স্ত্রীর মুখ দিয়ে বার হয়ে যায়।

আশুবাবু হাসিলেন, হ’তেও পারে।

অবিনাশ কহিলেন, নিশ্চয় এই।

আশুবাবু প্রতিবাদ করিলেন না, শুধু কহিলেন, মেয়েটি কিন্তু লক্ষ্মীর প্রতিমা। এই বলিয়া ছোট একটু নিঃশ্বাস ফেলিয়া আরাম-কেন্দ্রারায় হেলান দিয়া শুইলেন। কয়েক মুহূর্ত নীরব থাকিয়া অবিনাশ কহিলেন, আমার কথায় কি আপনি ক্ষুব্ধ হলেন?

আশুবাবু উঠিয়া বসিলেন না, তেমনি অর্দ্ধশায়িতভাবে থাকিয়াই ধীরে ধীরে বলিলেন, ক্ষুব্ধ নয় অবিনাশবাবু, কিন্তু কেমন একটা ব্যথার মত লেগেচে। তাই ত আপনার সঙ্গে দেখা করবার জন্ত এমন ছটফট করছিলাম। কি মিষ্টি কথা মেয়েটির—শুধু রূপই নয়!

অবিনাশ সহাস্তে উত্তর দিলেন, কিন্তু আমি ত তার রূপও দেখি নি, কথাও শুনি নি আশুবাবু।

আশুবাবু বলিলেন, কিন্তু সে স্বেযোগ যদি কখনো হয় ত তাদের ত্যাগ করার অবিচারটা বুঝবেন। আর কেউ না বুঝুক আপনি বুঝতে পারবেন এ আমি নিশ্চয় জানি। যাবার সময় মেয়েটি আমাকে বললে, আপনি আমার স্বামী গান শুনতে ভালবাসেন, কেন তাকে মাঝে মাঝে ডেকে পাঠান না? আমি যে কেউ আছি এ কথা নাই বা মনে করলেন। আমি ত আপনাদের মধ্যে আসবার দাবি করি নে।

অবিনাশ কিন্তু আশ্চর্য হইলেন, বলিলেন, এ ত খুব অশিক্ষিতের মত কথা নয়, আশুবাবু? শুনলে মনে হয় তার নিজের সম্বন্ধে বে ব্যবছাই আমরা করি, স্বামীটিকে সে ভদ্রসমাজে চালিয়ে নিতে চায়।

আশুবাবু বলিলেন, বস্তুতঃ তার কথা শুনে মনে হ'লো সে সব জানে। আমরা যে সেদিন তার স্বামীকে অপমান করে বিদায় করেছিলাম, এ ঘটনা শিবনাথ তার কাছে গোপন করে নি। খুব গোপন করে চলবার লোকও শিবনাথ নয়।

অবিনাশ স্বীকার করিয়া কহিলেন, স্বভাবতঃ সে তাই বটে; কিন্তু একটা জিনিষ নিশ্চয় সে গোপন করেছে! এই মেয়েটি যে-ই হোক, একে ত সত্যই বিবাহ করে নি!

আশুবাবু কহিলেন, শিবনাথ বলেন মেয়েটি তার স্ত্রী, মেয়েটি পরিচয় দিলেন তাঁকে স্বামী বলে।

অবিনাশ কহিলেন, দিন পরিচয়, কিন্তু এ সত্য নয়। এর মধ্যে যে গভীর রহস্য আছে, অক্ষয়বাবু সন্ধান নিয়ে একদিন তা উদ্ঘাটিত করবেনই করবেন।

আশুবাবু বলিলেন, তাতে আমারও সন্দেহ নেই, কারণ অক্ষয়বাবু শক্তিমান পুরুষ। কিন্তু এদের পরস্পরের স্বীকারোক্তির মধ্যে সত্য নেই, সত্য আছে যে রহস্য গোপনে আছে তাকেই বিশ্বের স্মৃতি অনাবৃত করায়? অবিনাশবাবু, আপনি ত অক্ষয় নন, এ ত আপনার কাছে আমি প্রত্যাশা করি নে।

অবিনাশ লজ্জা পাইয়াও কহিলেন, কিন্তু সমাজ ত আছে। তার কল্যাণের জন্ত ত—

কিন্তু বক্তব্য তার শেষ হইতে পাইল না, পার্থের দরজা খেলিয়া মনোরমা প্রবেশ করিল। অবিনাশকে নমস্কার করিয়া কহিল, বাবা, আমি বেড়াতে যাচ্ছি, তুমি বোধ হয় বার হাতে পারবে না ?

না মা, তুমি যাও।

অবিনাশ উঠিয়া দাঁড়াইলেন, কহিলেন, আমারও কাজ আছে। বাজারের কাছে একবার নাবিয়ে দিতে পারবে না মনোরমা ?

নিশ্চয় পারব, চলুন।

বাইবার সময় অবিনাশ বলিয়া গেলেন যে, অত্যন্ত বিশেষ প্রয়োজনে তাঁহাকে কালই দিল্লী যাইতে হইবে এবং বোধ হয় এক সপ্তাহের পূর্বে আর দি়রিতে পারিবেন না।

পাঁচ

দিন-দুই পূরে অবিনাশ দিল্লী হইতে ফিরিয়া আসিলেন। তাঁহার বহুর-দেশকের ছেলে জগৎ আসিয়া হাতে একখানি ছোট পত্র দিল। মাত্র একটি ছত্র লেখা—বৈকালে নিশ্চয় আসবেন!—আশু বড়ি।

জগতের বিধবা মাসী ছাবের পর্দা সরাইয়া ফুটন্ত গোলাপের ত্রায় মুখখানি বাহির করিয়া কহিল, আশু বড়িরা কি রাস্তায় চোখ পেতে বসেছিল নাকি—আসতে না আসতেই জরুরি তলব পাঠিয়েছে, যেতে হবে ?

অবিনাশ কহিলেন, বোধ হয় কোন বিশেষ প্রয়োজন আছে।

প্রয়োজন না ছাই। তারা কি মুখ্যোমশাইকে গিলে খেতে চায় নাকি ?

অবিনাশ তাঁহার ছোট শালীকে আদর করিয়া কখনো ছোটগিন্নী, কখনো বা তাহার নাম নীলিমা বলিয়া ডাকিতেন। হাসিয়া বলিলেন, ছোটগিন্নী, অমৃত ফল অনাদরে গাছতলায় পড়ে থাকতে দেখলে বাইরের লোকের একটু লোভ হয় বই কি ?

নীলিমা হাসিল, কহিল, তা হ'লে সেটা যে মাকাল ফল, অমৃত ফল নয়, তাদের আনিবে দেওয়া দরকার।

অবিনাশ বলিলেন, দিয়ো; কিন্তু তারা বিশ্বাস করবে না—লোভ আরও বেড়ে যাবে। হাত বাড়াতে ছাড়বে না।

নীলিমা বলিল, তাতে লাভ হবে না মুখুয্যেমশাই। নাগালের বাইরে এবার শক্ত করে বেড়া বাঁধিয়ে রাখবো। এই বলিয়া সে হাসি চাপিয়া পর্দার আড়ালে অস্তুহিত হইয়া গেল।

অবিনাশ আশুবাবুর গৃহে আসিয়া যখন পৌঁছিলেন তখনও বেলা আছে। গৃহস্থায়ী অত্যন্ত সমাদরে তাহাকে গ্রহণ করিয়া কৃত্রিম ক্রোধভরে কহিলেন, আপনি অধার্মিক। বিদেশে বন্ধুকে ফেলে রেখে দশদিন অস্থাপস্থিত—ইতিমধ্যে অধীনের দশ দশা সমুপস্থিত।

অবিনাশ চমকিয়া কহিলেন, একেবারে দশ-দশটা দশা? প্রথমটা বলুন?

বলি। প্রথম দশায় ঠ্যাং দুটো শুধু তাজা হয়েছে তাই নয়, অতি ক্রতবেগে নীচে হাতে উপর এবং উপর হাতে নীচে গমনাগমন শুরু করেছে।

অত্যন্ত ভয়ের কথা। দ্বিতীয়টা বর্ণনা করুন।

দ্বিতীয় এই যে, আজ কি একটা পর্কোপলক্ষ হিন্দুস্থানী নারীকুল যমুনা-কূলে সমবেত হয়েছেন এবং হরেক্ষ-অক্ষয় প্রভৃতি পণ্ডিত সমাজ নির্লিপ্ত নির্বিকার চিত্রে তদায় এইমূত্র অভিযান করেছেন।

ভাল কথা। তৃতীয় দশা বিবৃত করুন।

দর্শনেছু আশু বক্তি অতি উৎকণ্ঠিত হৃদয়ে অবিনাশের অপেক্ষা করেছেন, প্রার্থনা, তিনি যেন অস্বীকার না করেন।

অবিনাশ সহাস্তে কহিলেন, তিনি প্রার্থনা মঞ্জুর করলেন। এবার চতুর্থ দশার বিবরণ দিন।

আশুবাবু বলিলেন, এইটে একটু গুরুতর। বাবাজী বিলাত থেকে ভারতে পদার্পণ করে প্রথমে কাশী এবং পরে এই আগ্রায় এসে পরশু উপস্থিত হয়েছেন। সম্প্রতি মোটরের কল বিগড়েছে, বাবাজী স্বয়ং মেরামত কার্যে নিযুক্ত। মেরামত সমাপ্তপ্রায় এবং তিনি এলেন বলে। অভিনায়, প্রথম জ্যোৎস্নায় সবাই একনঙ্গে মিলে আজ তাজমহল নিরীক্ষণ করা।

অবিনাশের হাসিমুখ গম্ভীর হইল, জিজ্ঞাসা করিলেন, এই বাবাজীটি কে আশুবাবু? এর কথাই কি একদিন বলতে গিয়ে হঠাৎ চেপে গিয়েছিলেন?

আশুবাবু বলিলেন, হাঁ; কিন্তু আজ আর বলতে অন্ততঃ আপনাকে বাধা

নেই। অজিতকুমার আমার ভাবী জামাই, মণির বর। এই দুজনের ভালবাসা পৃথিবীর একটা অপূর্ব বস্তু। ছেলেটি রত্ন।

অবিনাশ স্থির হইয়া শুনিতে লাগিলেন। আশুবাবু পুনশ্চ কহিলেন, আমরা ব্রাহ্মসমাজের নই, হিন্দু। সমস্ত ক্রিয়াকর্ম হিন্দুমতেই হয়। যথা-সময়ে, অর্থাৎ বছর-চারেক পূর্বেই এদের বিবাহ হয়ে যাবার কথা ছিল, হ'তোও তাই, কিন্তু হ'লো না। কেমন করে এদের পরিচয় ঘটে সেও এক বিচিত্র ব্যাপার—বিবিলিপি বললেও অত্যাক্তি হয় না; কিন্তু সে কথা এখন থাক।

অবিনাশ তেমনি স্বল্প হইয়া রহিলেন, আশুবাবু বলিলেন, মণির গায়ে-হলুদ হয়ে গেল, রাত্রির গাড়ীতে কাশী থেকে ছোটখুড়ো এসে উপস্থিত হলেন। বাবার মৃত্যুর পরে তিনি বাড়ীর কর্তা, ছেলেপুলে নেই, খুড়ীমাকে নিয়ে বহুদিন যাবৎ কাশীবাসী। জ্যোতিষে অথও বিশ্বাস, এসে বললেন, এ বিবাহ এখন হ'তে পারে না। তিনি নিজে এবং অন্তান্ত পণ্ডিতকে দিয়ে নির্ভুল গণনা করিয়ে দেখেছেন যে, এখন বিবাহ হ'লে তিন বৎসর তিন মাসের মধ্যেই মণি বিধবা হবে।

একটা হলখুল পড়ে গেল, সমস্ত উত্তোগ আয়োজন লণ্ডভণ্ড হবার উপক্রম হ'লো, কিন্তু খুড়ীকে আমি চিনতাম, বুঝলাম এর আর নড়চড় নেই। অজিত নিজেও মস্ত বড়লোকের ছেলে, তারও এক বিধবা খুড়ী ছাড়া সংসারে কেউ ছিল না, তিনি ভয়ানক রাগ করলেন, অজিত দুঃখে, অভিমানে ইঞ্জিনিয়ারিং পড়ার নাম করে বিলেত চলে গেল, সবাই জানলে এ বিবাহ চিরকালের মতই ভেঙে গেল।

অবিনাশ নিরুদ্ধ নিঃশ্বাস মোচন করিয়া জিজ্ঞাসা করিলেন, তারপরে ?

আশুবাবু বলিলেন, সবাই হতাশ হ'লাম, হ'লো না শুধু মণি নিজে। আমাকে এসে বললে, বাবা, এমন কি ভয়ানক কাণ্ড ঘটেছে যার জন্ত তুমি আহার-নিদ্রা ত্যাগ করলে ? তিন বছর এমনিই কি বেশি সময় ?

তার যে কি ব্যথা লেগেছিল সে ত জানি। বললাম, মা, তোমার কথাই যেন সার্থক হয়, কিন্তু এসব ব্যাপারে তিন বছর কেন, তিনটে দিনের বাধাও যে মারাত্মক।

মণি হেসে বললে, তোমাব ভয় নেই বাবা, আমি তাঁকে চিনি।

অজিত চিরদিনই একটু সাধ্বিক প্রকৃতির মানুষ, ভগবানে তার অচল

বিশ্বাস, যাবার সময়ে মণিকে ছোট একখানি চিঠি লিখে চলে গেল। এই চার বৎসরের মধ্যে আর কোনদিন সে দ্বিতীয় পত্র লেখে নি। না লিখুক, কিন্তু মনে মনে মণি সমস্তই জানতো এবং তখন থেক সেই যে ব্রহ্মচারিণী জীবনযাপন করলে, একটা দিনের জ্ঞাও তা থেকে ভ্রষ্ট হয় নি। অথচ বাইরে থেকে কিছুই বোঝবার যো নেই অবিনাশবাবু।

অবিনাশ শ্রদ্ধায় বিগলিত চিত্তে কহিলেন, বাস্তবিকই বোঝবার যো নেই; কিন্তু আমি আশীর্বাদ করি, ওরা জীবনে যেন সুখী হয়।

আশুবাবু কত্তার হইয়াই যেন মাথা অবনত করিলেন, কহিলেন, ব্রাহ্মণের আশীর্বাদ নিষ্ফল হবে না। অজিত সর্বাগ্রেই খুডোমশায়ের কাছে গিয়েছিল। তিনি অহুমতি দিয়েছেন। না হ'লে এখানে বোধ করি সে আসতো না।

অতঃপর উভয়েই ক্ষণকাল নিঃশব্দে থাকিয়া আশুবাবু বলিতে লাগিলেন, অজিত বিলেত চলে গেল, বছর-দুই পর্যান্ত তার কোন সংবাদ না পেয়ে আমি ভিতরে ভিতরে পাত্রেয় সন্ধান যে করি নি তা নয়; কিন্তু মণি জানতে পেরে আমাকে নিবেদন করে দিবে বললে, বাবা, এ চেষ্টা তুমি ক'রো না। আমাকে তুমি প্রকাশ্যেই সম্প্রদান কর নি, কিন্তু মনে মনে ত করেছিলে। আমি বললাম, এমন কত ক্ষেত্রেই ত হয় মা, কিন্তু মেয়ের দুচক্ষে যেন জল ভরে এলো। বললে, হয় না বাবা। শুধু কথাবার্তাই হয়, কিন্তু তার বেশি— না বাবা, আমার অদৃষ্টে ভগবান বা লিখেছেন, তাই যেন সহিতে পারি, আমাকে আর কোন আদেশ তুমি ক'রো না। দুজনের চোখ দিয়ে জল পড়তে লাগল, মুছে ফেলে বললাম, অপরাধ করেছি মা, তোর অবুধ বুড়ো ছেলেকে তুই ক্ষমা কর।

অসম্মাং পূর্বস্মৃতির আবেগে তাঁহার কর্ণরুদ্ধ হইয়া আসিল। অবিনাশ নিজেও অনেকক্ষণ কথা কহিতে পারিলেন না, তাহার পর ধীরে ধীরে বলিলেন, আশুবাবু, কত ভুলই না আমরা সংসারে করি এবং কত অজ্ঞায় ধারণাই না জীবনে আমরা পোষণ করি।

আশুবাবু ঠিক বুদ্ধিতে পারিলেন না, কহিলেন, কিসের ?

এই যেমন আমরা যখনকই মনে করি মেয়েরা উচ্চশিক্ষিত হয়ে যেমসাহেব বনে যায়, হিন্দুর প্রাচীন মধুর সংস্কার আর তার হৃদয়ে স্থান পায় না। কত বড় ভ্রম বলুন ত ?

আশুবাবু ঘাড় নাড়িয়া বলিলেন, ভ্রম অনেক স্থলেই হয় বটে; কিন্তু কি জানেন অবিনাশবাবু, শিক্ষাই বা কি, আর অশিক্ষাই বা কি, আসল বস্তু পাওয়া। এই পাওয়া, না-পাওয়ার উপরেই সমস্ত নির্ভর করে। নইলে একের অপরাধ অপরের স্বন্ধে আরোপ করলেই গোল বাধে।—এই যে অজিত! মনি কই?

বছর ত্রিশ বয়সের একটি সুশ্রী বলিষ্ঠ যুবা ঘরে প্রবেশ করিল। তাহার কাপড় জামায় কালির দাগ। কহিল, মনি আমাকেই এতক্ষণ সাহায্য করছিলেন, তাঁর কাপড়েও কালি লেগেছে, তাই বদলে ফেলতে গেছেন। মোটরটা ঠিক হয়ে গেছে, সোফারকে সামনে আনতে বলে দিলাম।

আশুবাবু কহিলেন, অজিত, ইনি আমার পরম বন্ধু শ্রীযুক্ত অবিনাশ মুখোপাধ্যায়। এখানকার কলেজের অধ্যাপক, ব্রাহ্মণ, এঁকে প্রণাম কর।

আগস্তুক যুবক অবিনাশকে ভূমিষ্ঠ প্রণাম করিল। উঠিয়া পাঁড়াইয়া আশুবাবুকে উদ্দেশ্য করিয়া কহিল, মনির আসতে মিনিট পাঁচেকের বেশী লাগবে না; কিন্তু আপনি একটু তাড়াতাড়ি প্রস্তুত হয়ে নিন। দেৱী হ'লে সব দেগবার সময় পাওয়া যাবে না। লোকে বলে তাজমহল দেখে আর সাধ মেটে না।

আশুবাবু কহিলেন, সাধ না-মেটবারই যে জিনিষ বাবা; কিন্তু আমরা ত প্রস্তুত হয়েই আছি। বরঞ্চ তোমারই দেৱী, তোমারই এখনো কাপড় ছাড়তে বাকী।

ছেলেটি নিজের পোষাকের প্রতি একবার দৃষ্টিপাত করিয়া কহিল, আমার আর বদলাতে হবে না, এতেই চলে যাবে।

এই কালিস্বন্ধ?

ছেলেটি হাসিয়া কহিল, তা হোক। এই আমাদের পেশা। কাপড়ে কালি লাগায় আমাদের অগৌরব হয় না।

কথা শুনিয়া আশুবাবু মনে মনে অত্যন্ত খ্রীত হইলেন এবং অবিনাশও যুবকের বিনম্র সরলতায় মুগ্ধ হইলেন।

মনি আসিয়া উপস্থিত হইল। সহসা তাহার প্রতি চাহিয়া অবিনাশ যেন চমকিয়া গেলেন। কিছুদিন তাহাকে দেখেন নাই, ইতিমধ্যে এই অপ্ৰত্যাশিত আনন্দের কারণ ঘটয়াছে। বিশেষতঃ তাহার পিতার নিকট হইতে এইমাত্র যে সকল কথা শুনিতেছিলেন, তাহাতে মনে করিয়াছিলেন মনোরমার মুখের

উপর আজ হয়ত এমন কিছু একটা দেখিতে পাইবেন বাহা অনির্কচনীয়, যাহা জীবনে কখনও দেখেন নাই; কিন্তু কিছুই ত নয়। নিতান্তই সাধাসিধা পোষাক। গোপন আনন্দের প্রচ্ছন্ন আডম্বর কোথাও আত্মপ্রকাশ করে নাই, সুগভীর প্রশস্ততার শাস্ত দীপ্তি মুখের কোনখানে বিকশিত হইয়া উঠে নাই, বরঞ্চ কেমন সেন একটা ক্লাস্তির ছায়া চোখের দৃষ্টিকে ম্লান করিয়াছে। অবিনাশের মনে হইল পিঃস্নেহবশে হয় তিনি নিজের কথাকে ভুল বুঝিয়াছেন, না হয় একদিন যাহা সত্য ছিল আজ তাহা মিথ্যা হইয়া গিয়াছে।

অনতিকাল পরে প্রকাণ্ড মোটর-বানে সকলেই বাহির হইয়া পড়িলেন। নদীর ঘাটে ঘাটে তখন পুণ্যসুক নারী ও রূপলুক পুকবের ভীড় বিরল হইয়া আসিয়াছে, সুন্দর ও সুদীর্ঘ পথের সর্বত্রই তাহাদের সাজসজ্জা ও বিচিত্র পরিবেশ অন্তমান রবিকরে অপরূপ হইয়া উঠিয়াছে, তাহাই দেখিতে দেখিতে তাঁহারা বিথ্যাত, অনন্ত সৌন্দর্যময় তাজের সিংহদ্বারের সম্মুখে আসিয়া যখন উপস্থিত হইলেন, তখন হেমস্তের নাতিদীর্ঘ দিব্যভাগ অবসানের দিকে আসিতেছে।

সমুদায়-কুলে বাহা কিছু দেখিবার দেখা সমাপ্ত করিয়া অক্ষয়ব দলবল ইতি-পূর্বেই আসিয়া হাজির হইয়াছেন। তাজ তাঁহারা অনেকবার দেখিয়াছেন, দেখিয়া যোগ্য অকণ্ঠ পরিচয় গিয়াছে, তাই উপরে না উঠিয়া নীচে বাগানের একাংশে আসন গ্রহণ করিয়া উপবিষ্ট ছিলেন, ঈহাদিগকে আসিতে দেখিয়া উচ্চ কোমারের সম্বন্ধনা করিলেন। বাতবগধি-নীতিত আশ্রাবু অতি গুরুভার দেহখানি ঘাসের উপর বিচলিত করিয়া দীর্ঘশ্বাস মোচন করিয়া কহিলেন, অঃ- নীচা গেল! এখন আর যত ইচ্ছে মমতাজ বেগমের কবর দেখে আনন্দগাত কর গে বাল। আশু ছি এইখান থেকেই বেগমসাহেবাকে হুণিণ জানাচ্ছেন। এর অধিক আর কাকে দিবে হবে না।

মনোরমা স্তম্ভকণ্ঠে কহিল, সে হবে না বাবা। তোমাকে একলা ফেলে রেখে আমার কেউ যেতে পারবে না।

আশ্রাবু হাঙ্গর্য বলিলেন, ভয় নেই মা। তোমার বুড়ো বাপকে কেউ চুরি করবে না।

অবিনাশ কহিলেন, না, সে আশঙ্কা নেই। রীতিমত কাশিকল, নোহার চেন ইত্যাদি সংগ্রহ করে না আনলে তুলতে পারবে কেন ?

মনোরমা কহিল, আমার বাবাকে আপনারা খুঁড়বেন না। আপনারাদের নজরে নজরে বাবা এখানে এসে অনেকটা রোগা হয়ে গেছেন।

অবিনাশ কহিল, তা' যদি হবে থাকেন ত আমাদের অত্যাচার হয়েছে এ কথা মানতেই হবে। কারণ, দ্রষ্টব্য হিসাবে সে বস্তুর মর্যাদা তাজমহলের চেয়ে কম হ'তো না।

সকলেই হাসিয়া উঠিলেন, মনোরমা বলিল, সে হবে না বাবা, তোমাকে সঙ্গে যেতে হবে। তোমার চোখ দিয়ে না দেখতে পেল, এর অর্ধেক সৌন্দর্য ঢাকা পড়েই থাকবে। যিনি যত খবর দিন, তোমার চেয়ে আসল খবরটি কিন্তু কেউ বেশী জানে না।

ইহার অর্থ যে কি তাহা অবিনাশ ভিন্ন আর কেহ জানিত না, তিনিও এই অল্পরোধ করিতে যাইতেছিলেন, সহসা সকলেরই চোখ পড়িয়া গেল এক অপ্রত্যাশিত বস্তুর প্রতি। তাজের পূর্বদিক ঘুরিয়া অকস্মাৎ শিবনাথ ও তাহার স্ত্রী সম্মুখে আসিয়া পড়িল। শিবনাথ না দেখার ভাণ করিয়া আর একদিকে সরিয়া যাইবার উপক্রম করিতেই তাহার স্ত্রী তাহার দৃষ্টি আকর্ষণ করিয়া খুঁশী হইয়া বলিয়া উঠিল, আশুবাবু ও তাঁর মেয়ে এসেছেন যে!

আশুবাবু উচ্চকণ্ঠে আহ্বান করিয়া কহিলেন, আপনারা কখন এলেন শিবনাথবাবু? এদিকে আসুন।

স্পীক শিবনাথ কাছে আসিয়া দাঁড়াইল। আশুবাবু তাহার পরিচয় দিয়া কহিলেন, শিবনাথের স্ত্রী! আপনার নামটি কি? এখনো জানি নে।

মেয়েটি কহিল, আমার নাম কমল; কিন্তু আমাকে আপনি বলবেন না আশুবাবু।

আশুবাবু কহিলেন, বলা উচিতও নয়! কমল, এঁরা আমার বন্ধু, তোমার সখীর পরিচিত। এসো।

কমল অস্বস্তিকে ইঙ্গিতে দেখাইয়া বলিল, কিন্তু এঁর পরিচয় ত দিলেন না।

আশুবাবু বলিলেন, ক্রমশঃ দেব বইকি। উনি আমার—উনি আমার পরমাত্মীয়। নাম অজিতকুমার রায়। দিনকয়েক হ'লো বিলেত থেকে ফিরে এসে আমাদের দেখতে এসেছেন। কমল, তুমি কি আজ এই প্রথম তাজমহল দেখলে?

মেয়েটি মাথা নাড়িয়া বলিল, হাঁ।

আশুবাবু বলিলেন, তা হ'লে তুমি ভাগ্যবতী; কিন্তু অজিত তোমার চেয়েও ভাগ্যবান, কেননা এই পরম বিশ্বয়ের জিনিষটি সে কখনো দেখে নি, এইবার দেখবে; কিন্তু আলো কমে আসচে, আর ত দেরী করলে চলবে না অজিত।

মনোরমা বলিল, দেরী ত শুধু তোমার জন্তই বাবা? ওঠো।

ওঠা ত সহজ ব্যাপার নয় মা, তার জন্ত যে আয়োজন করতে হয়।

তা হ'লে সেই আয়োজন কর বাবা।

করি। আচ্ছা কমল, দেখে কি রকম মনে হ'লো?

কমল কহিল, বিশ্বয়ের বস্তু বলেই মনে হ'লো।

মনোরমা ইহার সহিত কথা কহে নাই, এমন কি পরিচয় আছে এ পরিচয়টুকুও তাহার আচরণে প্রকাশ পাইল না। পিতাকে তাগিদ দিয়া কহিল, সন্ধ্যা হয়ে আসচে, ওঠো এইবার।

উঠি মা। বলিয়া আশুবাবু উঠিবার কিছুমাত্র উত্তম না করিয়াই বসিয়া রহিলেন। কমল একটুগানি হাসিল। মনোরমার প্রতি চাহিয়া কহিল, ওর শরীরও ভাল নয়, ওঠা-নামা করাও সহজ নয়। তার চেয়ে বরঞ্চ আগর এইখানে বসে গল্প করি, আপনারা দেখে আসুন।

মনোরমা এ প্রস্তাবের জবাবও দিল না, শুধু পিতাকেই জিদ করিয়া পুনরায় কহিল, না বাবা, সে হবে না। ওঠো তুমি এইবার।

কিন্তু দেখ। গেল উঠিবার চেষ্টা প্রায় কাহারও নাই। যে জীবন্ত বিশ্বয় এই অপরিচিত বমনীর সর্বাপ্ন ব্যাপিয়া অকস্মাৎ মূর্ত্ত হইয়া উঠিয়াছে, ইহারই সম্মুখে ওই অদূরস্থিত মর্ৎয়ের অব্যক্ত বিশ্বয় যেন একমুহূর্ত্তেই ঝাপা হইয়া গিয়াছে।

অবিনাশের চমক ভাঙিল। বলিলেন, উনি না গেলে হবে না। মনোরমার বিশ্বাস ওর বাবার চোখ দিয়ে না দেখতে পেলে তাজের অর্দ্ধেক সৌন্দর্য্যই উপলব্ধি করা যাবে না।

কমল সরল চোখ দুটি তুলিয়া জিজ্ঞাসা করিল, কেন? আশুবাবুকে কহিল, আপনি বুঝি এ বিষয়ে একজন বিশেষজ্ঞ লোক এবং সমস্ত তত্ত্ব জানেন বুঝি?

মনোরমা মনে মনে বিস্মিত হইল। কথাগুলো ত ঠিক অশিক্ষিত দাসী-কন্টার মত নয়।

আশুবাবু পুলকিত হইয়া কহিলেন, কিছুই জানি নে। বিশেষজ্ঞ ত নয়ই—সৌন্দর্য্য-তত্ত্বের গোড়ার কথাটুকুও জানি নে। সৌন্দর্য্য দিয়ে আমি একে দেখিও নে কমল। আমি দেখি সম্রাট সাজাহানকে। আমি দেখি তাঁর অপরিসীম ব্যথা যেন পাথরের অঙ্গে অঙ্গে মাখান। আমি দেখি তাঁর একনিষ্ঠ পত্নীপ্রেম, যা এই মর্ষর কাব্যের সৃষ্টি ক'রে চিরদিনের জন্ত তাঁকে এই বিশ্বের কাছে অগর করেছে।

কমল অত্যন্ত সহজকণ্ঠে তাঁহার মুখের প্রতি চাহিয়া কহিল, কিন্তু তাঁর ত স্নেহি আরও অনেক বেগম ছিল। সম্রাট্ মমতাজকে যেমন ভালবাসতেন, তেমন আরও দশজনকে বাসতেন। হয়ত কিছু বেশী হতে পারে কিন্তু একনিষ্ঠ প্রেম তাকে বলা যায় না আশুবাবু। সে তাঁর ছিল না।

(এই অপ্রচলিত ভয়ানক মন্তব্যে সকলে চমকিয়া গেলেন। আশুবাবু কিংবা কেহই ইহার হঠাৎ উত্তর খুঁজিয়া পাইলেন না।)

কমল কহিল, সম্রাট্ ভাবুক ছিলেন, কবি ছিলেন; তাঁর শক্তি, সম্পদ এবং ধৈর্য্য দিয়ে এত বড় একটা বিরাট সৌন্দর্য্যের বস্তু প্রতিষ্ঠিত করে গেছেন। মমতাজ একটা আকস্মিক উপলক্ষ। নহিলে এমনি স্নন্দর সৌধ তিনি যেকোন ঘটনা নিয়েই রচনা করতে পারতেন। ধর্ম উপলক্ষ হ'লেও ক্ষতি ছিল না, সহস্র লক্ষ মানুষ-বধ-করা দিখিজয়ের স্মৃতি উপলক্ষ হ'লেও এমনি চলে যেতো! এ একনিষ্ঠ প্রেমের দান নয়, বাদশাহ স্বকীয় আনন্দ-লোকের অক্ষয় দান। এই ত আমাদের কাছে যথেষ্ট।

আশুবাবু মনের মধ্যে যেন আঘাত পাইলেন। বার বার মাথা নাড়িয়া বলিয়া উঠিলেন, যথেষ্ট নয় কমল, কিছুতেই যথেষ্ট নয়। তোমার কথাই যদি সত্য হয়, সম্রাটের একনিষ্ঠ ভালবাসা যদি নাই থেকে থাকে ত এই বিপুল স্মৃতিসৌধের কোন অর্থই থাকে না। তিনি যত বড় সৌন্দর্য্যই সৃষ্টি করুন না, মানুষের অন্তরে সে শ্রদ্ধার আসন আর থাকে না।

কমল বলিল, যদি না থাকে ত সে মানুষের মূঢ়তা। নির্ধার মূল্য বে 'নেই তা আমি বলি নে, কিন্তু যে মূল্য যুগ যুগ ধরে লোক তাকে দিয়ে আসচে সেও তার প্রাণ্য নয়। একদিন যাকে ভালবেসেছি, কোনদিন

কোন কারণেই আর পরিবর্তন হবার যো নেই, মনের এই অচল অনড় জড়ধর্ম স্থব্রও নয়, স্থন্দরও নয় !

শুনিয়া মনোরমার বিশ্বয়ের সীমা রহিল না। ইহাকে মুখ দাসী-কন্ঠা বলিয়া অবহেলা করা কঠিন, কিন্তু এতগুলি পুরুষের সম্মুখে তাহারই মত একজন নারীর মুখ দিয়া এই লজ্জাহীন উক্তি তাহাকে অত্যন্ত আঘাত করিল। এতক্ষণ পর্যন্ত সে কথা কহে নাই, কিন্তু আর সে নিজেকে সম্বরণ করিতে পারিল না, অগ্ৰুচ কঠিন কণ্ঠে কহিল, এ মনোবৃত্তি আর কারণ না হোক, আপনার কাছে যে স্বাভাবিক সে আমি মানি, কিন্তু অপরের পক্ষে এ স্থন্দরও নয়, শোভনও নয়।

আশুপাবু মনে মনে অত্যন্ত ক্ষুণ্ণ হইয়া বলিলেন, ছিঃ মা !

কমল রাগ করিল না, পরঞ্চ একটু হাদিল। কহিল, অনেক দিনের দৃঢ়মূল সংস্কারে আঘাত লাগলে মাগুবে হঠাৎ সহিতে পারে না। আপনি সত্যিই বলেছেন আমার কাছে এ বস্তু খুবই স্বাভাবিক। আমার দেহমনে ধৌবন পরিপূর্ণ, আমার মনের প্রাণ আছে। সেদিন জানক প্রয়োজনেও এর আর পরিবর্তনের শক্তি নেই, সেদিন বুঝব এর শেষ হয়েছে—এ মরেছে। এই বলিয়া সে মুখ তুলিতেই দেখিতে পাইল অজিতের দুই চক্ষু দিয়া যেন আগুন ঝরিয়া পড়িতেছে। কি জানি সে দৃষ্টি মনোরমার চোখে পড়িল কিনা, কিন্তু সে কণার মাঝখানেই অকস্মৎ বলিয়া উঠিল, দাবা, বেলা আর নেই, আমি যা পারি অজিতবাবুকে ততক্ষণ একটুখানি দেখিয়ে নিয়ে আসি ?

অজিতের চমক ভাঙিয়া গেল, বলিল, চল, আমরা দেখে আসি গে।

আশুপাবু খুশী হইয়া বলিলেন, তাই যাও মা, আমরা এইখানেই বসে আছি, কিন্তু একটুখানি শীঘ্র করে ফিরে এসো, না হয় কাল আবার একটু বেলা থাকতে আসা যাবে।

ছয়

অজিত ও মনোরমা তাজ দেখিয়া যখন ফিরিয়া আসিল তখন সূর্য অস্ত গিয়াছে, কিন্তু আলো শেষ হয় নাই। সকলে বেশ ভাল পাকাইয়া বসিয়াছেন, তর্ক ঘোরতর হইয়া উঠিয়াছে। তাজের কথা, বাসায় ফিরিবার কথা, এমন কি অজিত-মনোরমার কথা পর্য্যন্ত তাঁহাদের মনে নাই। অক্ষয় নীরবে ফুলিতেছেন, দেখিয়া সন্দেহ হয়, যব তিনি ইতিপূর্বে যথেষ্টই করিয়াছেন, এখন দম লইতেছেন। আশুবাবু দেহের অধোভাগ চক্রের বাহিরের দিকে প্রসারিত করিয়া উর্দ্ধভাগ দুই হাতের উপর গুপ্ত করিয়া গুরুভার বহন করিবার একটু উপায় করিয়া লইয়া অত্যন্ত মন দিয়া শুনিতেছেন। অবিনাশ সম্মুখের দিকে অনেকখানি ঝুঁকিয়া খরদৃষ্টিতে কমলের প্রতি চাহিয়া আছেন। বুঝা গেল সম্প্রতি সপ্তাহ জবাব এই দুজনের মধ্যেই অংক হইয়া আছে। সকলেই আগন্তুকদের প্রতি মুখ তুলিয়া চাহিলেন। কেহ ঘাড়টা একটু নাড়িয়া লইলেন, কেহ সেটুকু করিবারও ফুরাসৎ পাইলেন না। কমল ও শিবনাথ, ইহারও মুখ তুলিয়া দেখিল, কিন্তু আশ্চর্য্য এই যে একজনের চোখের দৃষ্টি যেমন শিখার মত জলিতেছে, অপরের চোখের দৃষ্টি তেমনিই ক্লান্ত ও মলিন; সে যেন কিছুই দেখিতেছে না, কিছুই শুনিতেছে না। এই দলের মধ্যে থাকিয়াও শিবনাথ কোথায় কত দূরেই যেন চলিয়া গিয়াছে।

আশুবাবু শুধু বলিলেন, বসো; কিন্তু তাহারা কোথায় বসিল, কিংবা বসিল কিনা সে দেখিবার সময় পাইলেন না।

অবিনাশ বোধ করি অক্ষয়ের যুক্তিমালার ছিন্ন সূত্রটাই হাতে জড়াইয়া লইয়াছিলেন, বসিলেন, সন্ধ্যাট সাজাহানের প্রসঙ্গ এখন থাক, তাঁর সম্বন্ধে চিন্তা করে দেখবার হেতু আছে স্বীকার করি, প্রশ্নটা একটু জটিল; কিন্তু প্রশ্ন যেখানে ঐ সম্মুখের মার্কেলের মত সাদা, জলের ত্রায় তরল, সূর্যের আলোর মত স্বচ্ছ এবং সোজা—এই যেমন আমাদের আশুবাবুর জীবন—কোনদিকে অভাব কিছু ছিল না, আত্মীয়স্বজন বন্ধুবান্ধবের চেষ্টার জট

ছিল না—জানি ত সব, কিন্তু একথা উনি ভাবতে পারলেন না—তঁার মৃত স্ত্রীর জায়গায় আর কাউকে এনে বসান যায় কিরূপে! এ বস্তু তাঁর কল্পনারও অতীত। বল ত, নরনারীর প্রেমের ব্যাপারে এ কত বড় আদর্শ! কত উঁচুতে এর স্থান!

কমল কি একটা কথা বলিতে যাইতেছিল, কিন্তু পিছনের দিকে একটা মৃদু স্পর্শ অনুভব করিয়া ফিরিয়া চাহিল। শিবনাথ কহিল, এখন এ আলোচনা থাক।

কমল জিজ্ঞাসা করিল, কেন?

শিবনাথ উত্তরে শুধু বলিলেন, এমনিই বলছিলাম। এই বলিয়া চূপ করিলেন। তাঁহার কথায় বিশেষ কেহ মনোযোগ করিল না—সেই উদাস অন্তমনস্ক চোখের অন্তরালে কি কথা যে চাপা রহিল কেহ তাহা জানিল না, জানিবার চেষ্টাও করিল না।

কমল কহিল, ও—এমনিই। তোমার বাড়ী যাবার তাড়া পড়েছে বুঝি? কিন্তু বাড়ীটি ত সজ্জেই আছেন। এই বলিয়া সে হাসিল।

আশুবাবু লক্ষ্য পাইলেন, হরেক্ষ-অক্ষয় মুখ টিপিয়া হাসিল, মনোরমা অন্তদিকে চক্ষু ফিরাইল, কিন্তু যাহাকে লক্ষ্য করিয়া বলা হইল সেই শিবনাথের আশ্চর্য্য সুন্দর মুখের উপরে একটি রেখারও পরিবর্তন হইল না—সে যেন একেবারে পাথরে গড়া, যেন দেখিতেও পায় না, শুনিতেও পায় না।

অবিনাশের দেবী সহিতে ছিল না, বলিলেন, আমার প্রশ্নের জবাব দাও।

কমল কহিল, কিন্তু স্বামীর নিষেধ যে! তাঁর অবাধ্য হওয়া কি উচিত? এই বলিয়া সে হাসিতে লাগিল। অবিনাশ নিজেও না হাসিয়া পারিলেন না, কহিলেন, এ ক্ষেত্রে অপরাধ হবে না। আমরা এতগুলি লোকে মিলে তোমাকে অহুরোধ করছি, তুমি বল।

কমল বলিল, আশুবাবুকে আজ নিয়ে শুধু দুটি দিন দেখতে পেয়েছি, কিন্তু এর মধ্যেই মনে মনে গুঁকে আমি ভালবেসেছি। এই বলিয়া শিবনাথকে দেখাইয়া কহিল, এখন বুঝতে পারচি উনি কেন আমাকে বলতে নিষেধ করেছিলেন।

আশুবাবু নিজেই তাহাতে বাধা দিলেন, কহিলেন, কিন্তু আমার দি থেকে তোমার কুঠাবোধ করবার কোন কারণ নেই। বুড়ো আশু বড়ি বা

নিরীহ মানুষ কমল, তাকে মাত্র দুটি দিন দেখেই অনেকটা ঠাণ্ড করছে, আরও দিন-দুই দেখলেই বুঝবে তাকে ভয় করার মত ভুল আর সংসারে নেই। তুমি স্বচ্ছন্দে বল, এসব কথা শুনে আমার সত্যিই আনন্দ হয়।

কমল কহিল, কিন্তু ঠিক এইজন্তই ত উনি বারণ করেছিলেন, আর এই জন্তই অবিনাশবাবুর কথার উত্তরে এখন আমার বলতে বাধচে যে নরনারীর প্রেমের ব্যাপারে একে আমি বড় বলেও মনে করি নে, আদর্শ বলেও মানি নে।

অক্ষয় কথা কহিল। তাহার প্রশ্নের ভঙ্গিতে শ্লেষ ছিল, বলিল, খুব সম্ভব আপনারা মানেন না, কিন্তু কি মানেন একটু শুনে পাই কি ?

কমল তাহার প্রতি চাহিল, কিন্তু তাহাকেই যে উত্তর দিল তাহা নয়। বলিল, একদিন স্ত্রীকে আশুবাবু ভালবেসেছিলেন, কিন্তু তিনি আর বেঁচে নেই। তাঁকে দেবারও কিছু নেই, তাঁর কাছে পাবারও কিছু নেই। তাঁকে স্মৃতি করা যায় না, দুঃখ দেওয়াও যায় না। তিনি নেই। ভালবাসার পাত্র গেছে নিশ্চিহ্ন হয়ে মুছে, আছে কেবল একদিন যে তাঁকে ভালবেসেছিলেন সেই ঘটনাটা মনে। মানুষ নেই, আছে স্মৃতি। তাকেই মনের মধ্যে অহরহ পালন করে, বর্তমানের চেয়ে অতীতটাকে ধ্রুবজ্ঞানে জীবনধারণ করার মধ্যে যে কি বড় আদর্শ আছে আমি ত ভেবে পাই নে।

কমলের মুখের এই কথাটায় আশুবাবু পুনরায় আঘাত পাইলেন। বলিলেন, কমল, কিন্তু আমাদের দেশের বিধবাদের হাতে ত শুধু এই জিনিষটিই থাকে চরম সম্বল। স্বামী যায়, কিন্তু তাঁর স্মৃতি নিয়েই ত বৈধব্য-জীবনের পবিত্রতা অব্যাহত থাকে। একি তুমি মানো না ?

কমল বলিল, না। একটি বড় নাম দিলেই ত কোন জিনিষ সংসারে সত্যিই বড় হয়ে যায় না। বরঞ্চ বলুন এইভাবে এ দেশের বৈধব্য-জীবন কাটানোই বিধি, বলুন, একটা মিথ্যাকে সত্যের গৌরব দিয়ে লোকে তাদের ঠকিয়ে আসচে—আমি অস্বীকার করব না।

অবিনাশ বলিলেন, তাও যদি হয়, মানুষে যদি তাদের ঠকিয়েও এসে থাকে, বিধবার ব্রহ্মচর্যের মধ্যে—না থাক, ব্রহ্মচর্যের কথা আর তুলব না, কিন্তু তার আমরণ সংঘত জীবনখাত্রাকে কি বিরাট পবিত্রতার মর্দাদাটাও দেব না ?

কমল হাসিল, কহিল, অবিনাশবাবু, এও আর একটা ঐ শব্দের মোহ। 'সংযম' বাক্যটা বহুদিন ধরে মর্ধ্যানা পেয়ে শেষে এমনি স্ফীত-হয়ে উঠেছে যে, তার আর স্থান-কাল কাগণ-অকারণ নেই। বলার সঙ্গে সঙ্গেই সম্মুখে মাগ্নুষের মাথা নত হয়ে আসে; কিন্তু অবস্থা বিশেষে এও যে একটা ফাঁকা আওরাজের পেশী নয়, এমন কথাটা উচ্চারণ করতেও সাধারণ লোকের যদিবা ভয় হয়, আমার হয় না। আমি সে দলের নই। অনেকে অনেকদিন ধরে কিছু একটা বলে আসচে বলেই আমি মেনে নিই নে। স্বামীর স্মৃতি বুকে নিয়ে বিধবার দিন কাটানোর মত এমন স্বতঃসিদ্ধ পবিত্রতার ধারণাও আমাকে পবিত্র বলে প্রমাণ না করে দিলে স্বীকার করতে বাধে।

অবিনাশ উত্তর খুঁজিয়া না পাইয়া অগকাল নিমুঢ়ের মত চাহিয়া থাকিয়া কহিলেন, তুমি বল কি ?

অক্ষয় কহিল, দুবে দুবে চার হয় এও বোধ করি আপনাকে প্রমাণ করে না দিলে স্বীকার করেন না ?

কমল জবাবও দিল না, রাগও করিল না, শুধু হাসিল।

আর একট লোক রাগ করিলেন না, তিনি আশুবাবু। অথচ কমলের কথায় আহত হইবাছিলেন তিনিই সবচেয়ে বেশি।

অক্ষয় পুনশ্চ কহিল, আপনার এসব কথার ধারণা আমাদের ভদ্রসমাজের নয়। সেখানে এ অচল।

কমল তেমনি হাসিমুখেই উত্তর দিল, ভদ্রসমাজে অচল হয়েই ত আছে। এ আমি জানি।

ইহার পর কিছুক্ষণ পর্যাঙ্ক সকলেই মৌন হইয়া রহিলেন। আশুবাবু ধীরে ধীরে বলিলেন, আর একটি কথা তোমাকে জিজ্ঞাসা করি কমল, পবিত্রতা অপবিত্রতার জ্ঞান বলছি নে, কিন্তু স্বভাবতঃ যে অজ্ঞ কিছু ভাবে না—এই যেমন আমি। মন্দির স্বর্গীয়া জননীর স্থানে আর কাউকে বসাবার কথা আমি যে কখনও কল্পনা করতেও পারি নে!

কমল কহিল, আপনি যে বুড়ো হয়ে গেছেন, আশুবাবু।

আশুবাবু বলিলেন, আজ বুড়ো হয়েছি মানি, কিন্তু সেদিন ত বুড়ো ছিলাম না; কিন্তু তখনো ত এ কথা ভাবতে পারি নি ?

কমল কহিল, সৌন্দর্য্য এমনি বুড়োই ছিলেন। দেহে নয়, মনে। এক

একজন থাকেন যারা বুড়ো মন নিয়েই জয়গ্রহণ করেন। সে বুড়ো শাসনের নীচে তাদের শীর্ণ, বিকৃত যৌবন চিরদিন লজ্জায় মাথা হেঁট করে থাকে। বুড়ো মন খুশী হয়ে বলে, আহা! এই ত বেশ! হাঙ্গামা নেই, মাতামাতি নেই— এই ত শান্তি, এই ত মানুষের চরম তত্ত্ব কথা! তার কত রকমের কত ভাল ভাল বিশেষণ, কত বাহবার ঘট! দুই কান পূর্ণ করে তার খ্যাতির বাণ বাজে, কিন্তু এ যে তার জীবনের জয়বাচ্য নয়, আনন্দলোকের বিসর্জনের রাজ্যনা, এ কথা সে জানতেও পারে না।

সকলেই মনে মনে চাহিলেন ইশার একটি! কড়া রকমের জবাব দেওয়া প্রয়োজন—মেরেমানুষের মুখ দিয়া এই উগ্ৰাদ-যৌবনের, এই নির্লঙ্ক স্তবগানের সকলের কানের মধ্যেই জ্বালা করিতে লাগিল, কিন্তু জ্বালা দিয়ার মত কথাও কেহ খুঁজিয়া পাইলেন না।

তখন আশুবাবু মৃদুকণ্ঠে জিজ্ঞাসা করিলেন, কমলা, বুড়ো মন তুমি কাকে বল? বেগি নিজের সঙ্গে একবার মিলিয়ে এ সত্যই কিনা।

কমলা কহিল, মনের বার্কিক্য আমি ত তাকেই বলি, আশুবাবু, সে মন যুগ্মের দিকে চাইতে পারে না, যার অবসর জরাগ্রস্ত মন ভবিষ্যতের সমস্ত আশার জলাঞ্জলি দিয়ে কেবল অতীতের মধ্যেই বেঁচে থাকতে চায়। আর যেন তার কিছু করবার, কিছু পাবারই দাবী নেই—সংগম তার কাছে লুপ্ত, অনাগত, অনাগত অর্থহীন। অতীতই তার সর্বস্ব। তার আনন্দ, তার বেদনা—সেই তার মূলধন। তাকেই ভাঙিয়ে গেয়ে সে জীবনের বাকি দিন কাটা টিকে থাকতে চায়। দেখুন ত আশুবাবু, নিজের সঙ্গে একবার মিলিয়ে।

আশুবাবু হাসিলেন, বলিলেন, সময়মত একবার দেখব বইকি!

অজিতকুমার এতক্ষণের এত কথার মধ্যে একটি কথাও বলে নাই, শুধু নিম্পলক চক্ষে কমলের মুখের প্রতি চাহিয়া ছিল, সহসা কি যে তাহার হইল, সে আপনাকে আর সামলাইতে পারিল না, বলিয়া উঠিল, আমার একটা প্রশ্ন—দেখুন মিসেস্—

কমলা সোজা তাহার দিকে চাহিয়া বলিল, মিসেস্ কিসের জ্ঞান? আমাকে আপনি কমলা বলেই ডাকুন না?

অজিত লজ্জায় বাঙা হইয়া উঠিল—না না, সে কি, সে কেমনধারা যেন—
কমলা কহিল, কিছুই কেমনধারা নয়। বাপ-মা আমার নাম রেখেছেন

আমাকে ডাকবার জন্তেই ত। গুতে আমি রাগ করি নে। অক্ষয় মনোরমার মুখের দিকে চাহিয়া কহিল, আপনার নাম মনোরমা, তাই বলে যদি আমি ডাকি, আপনি রাগ করেন নাকি ?

মনোরমা মাথা নাড়িয়া বলিল, হাঁ করি।

এ উত্তর তাহার কাছে কেহই প্রত্যাশা করে নাই, আশুবাবু কৃষ্ণায় ম্লান হইয়া পড়িলেন।

শুধু কৃষ্ণিত হইল না কমল নিজে। কহিল, নাম ত আর কিছুই নয়, কেবল একটা শব্দ। যা দিয়ে বোঝা যায় বছর মধ্যে একজন আর একজনকে আস্থার করচে। তবে অনেক লোকের অভ্যাসে বাধে এ কথাও সত্যি। তারা এই শব্দটাকে নানারূপে অলঙ্কৃত করে শুনতে চায়। দেখেন না রাজগরা তাঁদের নামের আগে-পিছে কতকগুলো নিরর্থক বাক্য দিয়ে, কতকগুলো শ্রী জুড়ে তবে অপরকে উচ্চারণ করতে দেয়। নইলে তাঁদের মর্যাদা নষ্ট হয়। এই বলিয়া সে হঠাৎ হাসিয়া উঠিয়া শিবনাথকে দেখাইয়া কহিলেন, যেমন ইনি। কখনো কমল বলতে পারেন না, বলেন, শিবানী। অজিতবাবু, আপনি বরঞ্চ আমাকে মিসেস্ শিবনাথ না বলে শিবানী বলেই ডাকুন। কথাটাও ছোট, বুঝলেও সবাই। অন্ততঃ আমি ত বুঝবই।

কিন্তু কি যে হইল এমন গুপ্ত আদেশ লাভ কবিয়াও অজিত কথা কহিতে পারিল না, প্রশ্ন তাহার মুখে বাধিয়াই রহিল।

তখন বেলা শেষ হইয়া অস্ত্রাণের বাষ্পাচ্ছন্ন আকাশে অস্বচ্ছ জ্যোৎস্না দেখা দিয়াছে, সেই দিকে পিতার দৃষ্টি আকর্ষণ করিয়া মনোরমা বলিল, বাবা, হিম পড়তে শুরু হয়েছে, আর না। এইবার গুঠো।

আশুবাবু বলিলেন, এই যে উঠি মা।

অসিনাশ বলিলেন, শিবানী নামটি বেশ। শিবনাথ গুণী লোক, তাই নামটিও দিয়েছেন মিষ্টি, নিজের নামের সঙ্গে মিলিয়েছেনও চমৎকার।

আশুবাবু উৎফুল্ল হইয়া বলিয়া উঠিলেন, শিবনাথ নয় হে অসিনাশ, উপরের—উনি। এই বলিয়া তিনি একবার আকাশের দিকে দৃষ্টিপাত করিয়া কহিলেন, আত্মিকালের ঐ বৃড়ো ঘটকটি এদের সবদিক দিয়ে মিল করবার জন্ত বেন আহা-নিদ্রা ত্যাগ করে লেগেছিলেন। বেঁচে থাকো।

অক্ষয় অক্ষয় সোজা হইয়া বার দুই-তিন মাথা নাড়িয়া ক্ষুদ্র চক্ষুঃ

ষথাশক্তি বিফারিত করিয়া কহিল, আচ্ছা, আমি আপনাকে একটা প্রশ্ন করতে পারি কি ?

কমল কহিল, কি প্রশ্ন ?

অক্ষয় বলিল, আপনার সঙ্কোচের বালাই ত নেই, তাই জিজ্ঞাসা করি, শিবানী নামটী ত বেণ, কিন্তু শিবনাথবাবুর সঙ্গে কি আপনার সত্যই বিবাহ হয়েছিল ?

আশুবাবু মুগ্ধ কালিবার্ণ করিয়া কহিলেন, বলেন কি অক্ষয়বাবু ?

অবিনাশ বলিলেন, তুমি কি ক্ষেপে গেলে ?

হরেন্দ্র কহিল, ক্রেট !

অক্ষয় কহিল, জানেন ত আমার মধ্যে চক্ষুলাজ্ঞা নেই ।

হরেন্দ্র বলিল, মধ্যে সত্যি কোনটাই নেই ; কিন্তু আমাদের ত আছে ।

কমল কিন্তু হাসিতে লাগিল। যেন কত তামাসার কথাই না ইহার মধ্যে আছে। কহিল, এতে রাগ করবার কি আছে হরেন্দ্রবাবু ? আমি বলছি অক্ষয়বাবু। একবারে কিছুই হয় নি তা নয়। দিনের মত কি একটা হয়েছিল। ষাঁবা দেখতে এসেছিলেন তাঁরা কিন্তু হাসতে লাগলেন, বললেন, এ বিবাহই নয়—কাঁকি। ওঁকে জিজ্ঞাসা করতে বললেন, বিবাহ হলো শৈব মতে। আমি বললাম, সেই ভাল। শিবের সঙ্গে শৈবমতেই বিয়ে হয়ে থাকে ত ভারবার কি আছে !

অবিনাশ শুনিয়া দুঃখিত হইলেন, বলিলেন, কিন্তু শৈব বিবাহ ত এখন আর আমাদের সমাজে চলে না কিনা, তাই কোনদিন যদি উনি হয় নি বলে উড়িবে দিতে চান ত সত্যি বলে প্রমাণ করবার তোমার কিছুই নেই, কমল ।

কমল শিবনাথের প্রতি চাহিয়া কহিল, ঠা গা, করবে নাকি তুমি এই রকম কোনদিন ?

শিবনাথ কোন উত্তরই দিল না, তেমননি উদার গম্ভীর মুখে বসিয়া রহিল। তখন কমল হাসির ছলে কপালে করাঘাত করিয়া বলিল, হা অদৃষ্ট ! উনি যাবেন হয় নি বলে অস্বীকার করতে, আর আমি যাব তাই হয়েছে বলে পরের কাছে বিচার চাইতে ? তার আগে গলায় দেবার মত একটুখানি দড়িও জুটবে না কি ?

অবিনাশ বলিলেন, জুটতে পারে, কিন্তু আত্মহত্যা ত পাপ ।

কমল বলিল, পাপ না ছাই ; কিন্তু সে হবে না। আমি আত্মহত্যা করতে যাব এ কথা আমার বিধাতাপুরুষও ভাবতে পারেন না ।

আশুবাবু বলিয়া উঠিলেন, এই ত মাহুষের মত কথা, কমল ।

কমল তাহার দিকে চাহিয়া নালিশ করার ভঙ্গিতে বলিল, দেখুন ত অধিনাশবাবুর অচার । শিনাথকে দেখাইয়া কহিল, উনি করবেন আমাকে অস্বীকার, আর আমি যাব তাই ঘাড়ে ধরে ওকে দিয়ে স্বীকার করিয়ে নিতে ? সত্য বাবে ডুবে, আর যে অচুঠানকে মানি নে তারই দড়ি দিয়ে ওকে রাখব বেধে ? আমি ? আমি করব এই কাজ ? বলিতে বলিতে তাহার ডুই চক্ষু যেন আসিতে লাগিল ।

আশুবাবু আস্তে আস্তে বলিলেন, শিবানী, সংসারে সত্য যে বড় এ আমার সবাই মানি, কিন্তু অচুঠানও মিথ্যে নয় ।

কমল বলিল, মিথ্যে ত বলে নে । এই যেমন প্রাণও সত্য দেহও সত্য, বিহীন প্রাণ যখন যায় ?

মনোরমা পিতার হাত ধারণা টানিয়া বলিল, বাবা, ভারি হিম পড়বে, প্রসন্ন না উঠলেই যে নয় ।

এই যে মা উঠি !

শিবনাথ হঠাৎ দাঁড়াইয়া উঠিয়া বাগদেন, শিবানী, আর দেবী ক'রো না, চল ।

কমল ভৎসনাং উঠিয়া দাঁড়াইল । সকলকে নমস্কার করিয়া, বলিল, আপনাদের সঙ্গে পরিচয় হ'লো যেন কেবল তর্ক করার জন্তই । কিছু মনে করবেন না ।

শিবনাথ এককণ পুরে একদার হাসিলেন, বলিলেন, তর্কই শুধু করলে শিবানী, মিথ্যে না কিছুই ।

কমল বিশ্বাসের কণ্ঠে বলিল, না ; কিন্তু শেখবার কোথায় কি ছিল আমার মনে পড়ে না ত !

শিবনাথ দাঁড়িলেন, পড়বার কথাও নয়, সে এমনি আড়ালেই রইল । পাব যদি আশুবাবুর জরাগ্রস্ত বড়ো মনটাকে একটু শ্রদ্ধা করতে শিখো । তার বড় আর শেখবার কিছু নেই !

কমল সবিস্ময়ে কহিল, এ তুমি বলচ কি আজ ?

শিবনাথ জবাব দিল না, পুনরায় সকলকে নমস্কার করিয়া বলিল, চল ।

আশুবাবু দীর্ঘশ্বাস ফেলিয়া শুধু বলিলেন, আশ্চর্য্য !

সাত

আশ্চর্য্যই বটে। এ ছাড়া মনের কথা ব্যক্ত করিবার আর শব্দ ছিল কি ?
বক্তৃত্ত: উহারা চলিয়া গেল যেন এক অত্যাশ্চর্য্য নাটকের মধ্য-অঙ্কেই যখনিকা
টানিয়া দিয়া—পদ্যের ও-পিঠে না-জানি কত বিশ্বয়ের ব্যাপারই অগোচর
রহিল। সকলেরই মনের মধ্যে এই একটা কথাই তোলাপাড় করিতে লাগিল
এবং সকলেরই মনে হইল, যেন এইজন্মই এখানে শুধু তাহারা আসিয়াছিল।
আকাশে চাঁদ উঠিয়াছে, হেমন্তের শিশিরসিক্ত মন্দ জ্যোৎস্নার অদূরে তাজের
শ্বেতমন্দির মারাপুরীর স্থার উদ্ভাসিত হইয়া উঠিয়াছে, কিন্তু তাহার প্রতি আর
কাহারও চোখ নাই।

মনোরমা বলিল, এবার না উঠলে তোমার সত্যিই অজুখ করবে বাবা!

অবিনাশ কহিলেন, হিম পড়চে, উঠুন।

সকলেই উঠিয়া দাঁড়াইলেন। ফটকের বাহিরে আশুবাবুর প্রকাণ্ড মোটর
গাড়ী দাঁড়াইয়া, কিন্তু অক্ষয়-হরেরের টাঙ্গাওয়ালার খোঁজ পাওয়া গেল না।
সে যোগ হইয়া উক্তিমধ্যে বেশী ভাড়ার সওয়ারি পাইয়া অদৃশ্য হইয়াছিল।
অতএব কোনমতে চেনায়েসি করিয়া সকলকে মোটরেই উঠিতে হইল।
কিছুক্ষণ পর্য্যন্ত সকলেই চূপ করিয়াছিলেন, কথা কহিলেন প্রথমে অবিনাশ।
কহিলেন, শিবনাথ মিছে কথা বলিয়াছেন। কমল কিছুতেই একজন দাদী
হতে পারে না। অসম্ভব! এই বলিয়া তিনি মনোরমার মুখের দিকে
চাহিলেন।

মনোরমার মনের মধ্যে ঠিক এই প্রশ্নই জাগিতেছিল, কিন্তু সে নির্ঝক্
হইয়া রহিল। অক্ষয় কহিল, মিছে কথা বলবার হেতু? নিজের স্বীয় সম্বন্ধে
এ ত গৌরবের পরিচয় নয়, অবিনাশবাবু।

অবিনাশ বলিলেন, সেই কথাই ত ভাবি!

অক্ষয় বলিলেন, আপনারা আশ্চর্য্য হয়ে গেছেন, কিন্তু আমি হই নি।

এই সমস্তই শিবনাথের প্রতিশ্রুতি। তাই কথার মধ্যে bravado আছে
প্রচুর, কিন্তু বস্ত্র নেই। আসল নকল বুঝতে পারি, অত সহজে আমাকে
ঠকানো যায় না।

হরেন্দ্র বলিয়া উঠিল, বাপরে! আপনাকে ঠকানো! একেবারে monopolyতে হস্তক্ষেপ?

অক্ষয় তাহার প্রতি একটা জুর কটাক্ষ নিক্ষেপ করিয়া কহিলেন, আমি জোর করে বলতে পারি, এর ভদ্রঘরের culture সিকি পঞ্চদশ নেই। মেয়েদের মুখ থেকে এ সমস্ত শুধু immoral নয়, অশ্লীল।

অবিনাশ প্রতিবাদ করিয়া বসিলেন, তাঁর সব কথা মেয়েদের মুখ থেকে ঠিক শোভন না হতে পারে, কিন্তু তাকে অশ্লীল বলা যায় না, অক্ষয়।

অক্ষয় কঠিন হইয়া বসিলেন, ও দু-ই এক, অবিনাশবাবু। দেখলেম না, বিবাহ জিনিষটা এর কাছে তামাসার ব্যাপার। যখন সবাই এসে বললে, এ বিবাহই নয়, ফাঁকি, উনি শুধু হেসে বললেন, তাই নাকি? Absolute indifference, আপনারা কি নোটিশ করেন নি? এ কি কখনো ভদ্রকণ্ঠার সাজে, না সম্ভবপর?

কথাটা অক্ষয়ের সভ্য, তাই সবাই মৌন হইয়া রহিলেন। আশুবাবু এতক্ষণ পর্যন্ত কিছুই বলেন নাই। সবই তাহার কানে বাইতেছিল, কিন্তু নিজের পিয়ারালেই ছিলেন। হঠাৎ এই অবস্থায় তাহার প্যান ভাঙিল। ধীরে ধীরে বসিলেন, বিবাহটা নয়, এর form-টার প্রতিই বোধ হয় কমলের তেমন আস্থা নেই। অল্পস্টান যা হোক কিছু একটা হ'লেই ওর হ'লো। স্বামীকে বললে, ওরা যে বলে দিয়েটা হ'লো ফাঁকি। স্বামী বললেন, বিবাহ হলো আমাদের শৈবমতে! কমল তাই শুনে খুশী হয়ে বললে, শিবের সঙ্গে দিলে যদি হয়ে থাকে আমার শৈবমতে ত সেই ভাল। কথাটি আমার কি যে মিষ্টি লাগলো অবিনাশবাবু!

ভিতরে ভিতরে অবিনাশের মনটিও ছিল ঠিক এই স্বরে বাধা, কহিলেন, আর সেই শিবনাথের মুখের পানে চেয়ে হাসিমুখে জিজ্ঞেসা করা—হাঁ গা, করবে নাকি তুমি এই রকম? দেবে নাকি আমাকে ফাঁকি? কত কথাই ত তারপরে হয়ে গেল আশুবাবু, কিন্তু এর বেশটুকু যেন আমার কানের মধ্যে এগনও বাজছে।

প্রত্যুত্তরে আশুবাবু হাসিয়া একটু মাথা নাড়িলেন।

অবিনাশ বলিলেন, আর ওই শিবানী নামটুকু? এই কি কম মিষ্টি, আশুবাবু?

অক্ষয় আর যেন সহিতে পারিলেন না, বলিলেন, আপনারা অবাক করলেন অবিনাশবাবু। তাদের যা কিছু সমস্তই মিষ্টি-মধুর, এমন কি শিবনাথের নিজের নামের সঙ্গে একটা 'নী' যোগ করাতেও মধু ঝরে পড়লো ?

হরেন্দ্র কহিল, 'নী' যোগ করাতেই হয় না অক্ষয়বাবু। আপনার স্ত্রীকে অক্ষয়নী বলে ডাকলেই কি মধু ঝরবে !

তাহার কথা শুনিয়া সকলেই হাসিয়া উঠিল। এমন কি মনোরমাও পথের একধারে মুখ ফিরাইয়া হাসি গোপন করিল।

অক্ষয় ক্রোধে ক্ষিপ্ত হইয়া উঠিলেন। গর্জন করিয়া কহিলেন, হরেনবাবু, don't you go too far. কোন ভদ্রমহিলার সঙ্গে এ সকল স্ত্রীলোকের ইঙ্গিতে তুলনা করাকেও আমি অত্যন্ত অপমানকর মনে করি ; আপনাকে স্পষ্ট জানিয়ে দিলাম।

হরেন্দ্র চুপ করিয়া রহিল। তর্ক করাও তাহার স্বভাব নয়, নিজের কথা যুক্তি দিয়া সপ্রমাণ করাও তাহার অভ্যাস নয়। মাঝে হইতে হঠাৎ কিছু একটা বলিয়াই এমনি নীরব হইয়া থাকে যে, সহস্র খোঁচাখুঁচিতেও মুখ দিয়া তাহার কথা বাহির করা যায় না। হইলও তাই। অক্ষয়, দাকী পঞ্চটা শিবানীকে ছাড়িয়া হরেন্দ্রকে লইয়া পড়িল। সে যে ভদ্রমহিলাকে ভদ্রতাহীন কদম্ব পরিহাস করিয়াছে এবং শিবনাথের শৈশবমতে বিবাহ-করা স্ত্রীর বাক্যে ও ব্যবহারে যে অভিজাতের বাস্পও নাই, বরঞ্চ তাহার শিক্ষা ও সংস্কার জঘন্ডা গোনতারই পরিচায়ক, ইহাই অত্যন্ত রুচতার সহিত বারবার প্রতিপন্ন করিতে করিতে গাড়ী আশ্রুবাবুর দরজায় আসিয়া থামিল। অবিনার্ণ ও অস্বস্তি সকলে নামিয়া গেল, হরেন্দ্র ও অক্ষয়কে পৌছাইয়া দিতে গাড়ী চলিয়া গেল।

আশ্রুবাবু উদ্বিগ্ন হইয়া কহিলেন, গাড়ীর মধ্যে এঁরা মারামারি না করেন। অবিনাশ বলিলেন, সে ভয় নেই। এ প্রতিদিনের ব্যাপার, কিছু তাতে গুদের বন্ধুত্ব ক্ষুণ্ণ হয় না।

ঘরের মধ্যে চা খাইতে বসিয়া আশ্রুবাবু আশ্বে আশ্বে বলিলেন, অক্ষয়-বাবুর প্রকৃতিটা বড় কঠিন। ইহার চেয়ে কঠিন কথা তাহার মুখে আসিত না। সহসা মেয়ের প্রতি চাহিয়া জিজ্ঞাসা করিলেন, আচ্ছা যদি, কমলের বদলে তোমার পূর্বের ধারণা কি আজ বদলায় নি ?

কিনের ধারণা বাবা ?

এই যেমন—এই যেমন—

কিন্তু আমার ধারণা নিয়ে তোমাদের কি হবে বাবা ?

পিতা দ্বিধাক্রান্তি করিলেন না। তিনি জানিতেন এই মেয়েটির বিবন্ধে মনোরমার চিত্ত অতিশয় বিমূখ। ইহা তাঁহাকে পীড়া দিত, কিন্তু এ লইয়া নূতন করিয়া আলোচনা করিতে যাওয়া যেমন অপ্রীতিকর তেমনি নিষ্ফল।

অকস্মাৎ অবিনাশ বলিখা উঠিলেন, কিন্তু একটা বিষয়ে আপনারা বোধ হয় তেমন কান দেন নি। সে শিবনাথের শেষ কথাটা। কমলের সবটুকুই যদি অপরের প্রতিধ্বনি মাত্রই হ'তো ত এ কথা শিবনাথের বলার প্রয়োজন হ'তো না যে, সে যেন আপনাকে শ্রদ্ধা করতে শেখে। এই বলিয়া সে নিজেও গভীর শ্রদ্ধাভরে আশুবাবুর মুখের প্রতি দৃষ্টিপাত করিয়া কহিল, বাস্তবিক বলতে কি, আপনার মত ভক্তির পাত্রই বা সংসারের ক'জন আছে ? এতটুকু সামান্য পরিচয়েই যে শিবনাথ এত বড় সত্যটা হৃদয়ঙ্গম করতে পেরেছে, কেনন এরাই জগৎ আমি তার বহু অপরাধ ক্ষমা করতে পারি, আশুবাবু।

শুনিয়া আশুবাবু ব্যস্ত হইয়া উঠিলেন। তাঁহার গিপুল কলেবর লজ্জার যেন সঙ্কুচিত হইয়া উঠিল। মনোরমা রুতজ্ঞতায় দুই চক্ষু পূর্ণ করিয়া বক্তার মুখের প্রতি মুখ তুলিয়া বলিল, অবিনাশবাবু, এইখানেই তাঁর সঙ্গে তাঁর স্ত্রীর সত্যকার প্রভেদ। আজ জানি, সেদিন কাপড় এবং সাবান চাওয়ার ছলে এই মেয়েটি আমাকে শুধু উপহাস করেই গিয়েছিল—তার সেদিনকার অভিনয় আমি বুঝতে পারি নি, কিন্তু সমস্ত ছলাকলা সমস্ত বিজ্ঞপই বার্থ বাত। তোমাকে যদি না সে আজ সকলের বড় বলে চিনতে পেরে থাকে।

আশুবাবু ব্যাকুল হইয়া উঠিলেন—কি যে তোরা সব বলিস মা ?

অবিনাশ কহিলেন, অতিশয়োক্তি এর মধ্যে কোথাও নেই, আশুবাবু ! যাবার সময়ে শিবনাথ এই কথাই তার পুণ্ডিকে বলবার চেষ্টা করেছিল। আজ কথা সে কয় নি, কিন্তু তার ঐ একটি কথাতেই আমার মনে হয়েছে ওদের পরস্পরের মধ্যে এখানেই মস্ত মতভেদ আছে।

আশুবাবু বলিলেন। সে যদি থাকে ত শিবনাথেরই দোষ, কমলের নয়।

মনোরমা হঠাৎ বলিয়া উঠিল, তুমি কি চোখে যে তাকে দেখেচো সে তুমিই জান বাবা ; কিন্তু তোমার মত মানুষকে যে শ্রদ্ধা করতে পারে না, তাকে কি তপনো ক্ষমা করা যায় ?

আশুবাবু কন্ডার মুখের দিকে চাহিয়া বলিলেন, কেন মা? আমাকে অশ্রদ্ধা করার ডাব ত তার একটা আচরণেও প্রকাশ পায় নি।

কিন্তু শ্রদ্ধাও ত প্রকাশ পায় নি।

আশুবাবু কহিলেন, পাবার কথাও নয় মণি। বরঞ্চ পেলেই তার মিথ্যাচার হ'তো। আমার মধ্যে যে বস্তুটাকে তোমরা শক্তির প্রাচুর্য মনে করে বিশ্বয়ে মুগ্ধ হও, ওর কাছে সেটা নিছক শক্তির অভাব। দুর্বল মানুষকে স্নেহের প্রস্রয়ে ভালবাসা যায় এই কথাই আমাকে সে বলেছে, কিন্তু আমার যে মূল্য তার কাছে নেই, জ্বরদস্তি তাই দিতে গিয়ে সে আমাকেও খেলো করে নি, নিজেকেও অপমান করে নি! এই ত ঠিক, এতে ব্যথা পাবার ত কিছুই নেই, মণি!

এতক্ষণ পর্যন্ত অজিত অল্পমনস্কের ছায় ছিল, সেই কথায় সে চাহিয়া দেখিল। সে কিছুই জানিত না, জানিয়া লইবার অবকাশও হয় নাই। সমস্ত ব্যাপারটাই তাহার কাছে ঝাপসা—এখন আশুবাবু যাহা বলিলেন তাহাতেও পরিষ্কার কিছুই হইল না, তবুও মন যেন তাহার জাগিয়া উঠিল।

মনোরমা নীরব হইয়া রহিল, কিন্তু অবিনাশবাবু উত্তেজনার সহিত জিজ্ঞাসা করিলেন, তা হ'লে স্বার্থত্যাগের মূল্য নেই বলুন?

আশুবাবু হাসিলেন, বলিলেন, প্রশ্নটা ঠিক অধ্যাপকের মত হ'লো না। যাই হোক, তার কাছে নেই।

তা হ'লে আত্মসংযমের ও দাম নেই?

তার কাছে নেই। সংযম যেখানে অর্থহীন, সে শুধু নিষ্ফল আত্মপীড়ন। আর তাই নিয়ে নিজেকে বড় মনে করা কেবল আপনাকে ঠকান নয়, পৃথিবীকে ঠকান। তার মুখ থেকে শুনে মনে হ'লো কমল এই কথাটাই কেবল বলতে চায়। এই বলিয়া তিনি ক্ষণকাল মৌন থাকিয়া কহিলেন, কি জানি সে কোথা থেকে এ ধারণা পেলে, কিন্তু হঠাৎ শুনে ভাবি বিশ্বয় লাগে।

মনোরমা বলিয়া উঠিলেন, বিশ্বয় লাগে! সর্বশরীরে জ্বালা ধরে না? বাবা, কখনো কোন কথাই কি তুমি জোর করে বলতে পারবে না? যে যা বলবে তাতেই হাঁ দেবে?

আশুবাবু বলিলেন, হাঁ ত দিই না মা; কিন্তু বিরাগ-বিদ্বেষ নিয়ে বিচার করতে গেলে কেবল এক পক্ষই ঠকে না, অল্প পক্ষও ঠকে। যে-সব

কথা তাঁর মুখে আমরা গুঁজে দিতে চাই, ঠিক সেই কথাই কমল বলে নি। সে যা বললে তার মোট কথাটা বোধ হয় এই যে, স্ত্রীর্ষ দিন সংসারে যে তত্ত্বকে আমরা বক্তের মধ্যে সত্য বলে পেয়েছি, সে শুধু প্রশ্নের একটা দিক। অপর দিকও আছে। কেবল চোখ বুজে মাথা নাড়ালেই হবে কেন, মণি :

মনোরমা বলিল, বাবা, ভারতবর্ষে এতকাল ধরে কি সে দিকটা দেখবার লোক ছিল না ?

তাহার পিতা একটুখানি হাসিয়া কহিলেন, এ অত্যন্ত রাগের কথা মা। নইলে এ ভূমি নিজেই ভাল করে জান যে শুধু কেবল আমাদের দেশেই নয়, কোনো দেশেই মানুষের পূর্বগামীরা শেষ প্রশ্নের জবাব দিয়ে গেছেন এমন হুতই পারে না। তা হ'লে সৃষ্টি খেমে যেতো। এর চাপার আর কোন দর্শ থাকতো না।

হঠাৎ তাহার চোখে পড়িল অজিত একদৃষ্টে চাহিয়া আছে। বলিলেন-
ভূমি বোধ করি কিছই বুঝতে পারচো না, না ?

অজিত ঘাড় নাড়িল, আশুবাবু ঘটনাটা আত্মপূর্বিক বিবৃত করিয়া কহিলেন, অক্ষয় কি যে পবিত্র হোমবৃণ্ডের আগুন জ্বলো দিলেন, হোক সে চেয়ে দেখবে কি ধূঁয়ার জ্বালায় চোখ তুলতেই পারলে না। অথচ হুতা এই যে আমাদের মামলা হ'লো শিবনাথের বিরুদ্ধে, আর দণ্ড দিলাম কমলকে। তিনি ছিলেন এখানকার একজন অধ্যাপক, মদ খাবার অপরাধে গেল তাঁর চাকরি, রমা স্ত্রীকে ত্যাগ করে ঘরে আনলেন কমলকে। বললেন, বিবাহ হয়েছে শৈশবে—অক্ষয়বাবু ভিতরে ভিতরে সংবাদ আনিয়ে জানলেন, মদ খাঙ্কি। জিজ্ঞেস করা হ'লো, মেয়েটি কি ভদ্রঘরের ? শিবনাথ বললেন, সে তাঁদের শাস্ত্রীর দাসীর কন্যা। প্রশ্ন করা হ'লো, মেয়েটি কি শিক্ষিতা ? শিবনাথ জবাব দিলেন, শিক্ষার জন্ত বিবাহ করেন নি, করেছেন রূপের জন্ত। শোন কথা। কমলের অপরাধ আমি কোথাও খুঁজে পাই নি, অতএব তাকেই দ্র করে দিলাম আমরা সকল সংসর্গ থেকে। আমাদের সপাটা পড়লো হিরে তার 'পরেই সবচেয়ে বেশি। আর এই হ'লো সমাজের হুনিচার।

মনোরমা কহিল, তাকে কি সমাজের নখো ডেকে আনতে চাও বাবা ?

আশুবাবু বলিলেন, আমি চাইলেই হবে কেন মা ? সমাজের অক্ষয়-বাবুও ত আছে, তাঁহাই ত প্রবল পক্ষ !

মেয়ে জিজ্ঞাসা করিল, তুমি একলা হ'লে ডেকে আনতে বোধ হয় ?

পিতা তাহার স্পষ্ট জবাব দিলেন না, কহিলেন, ডাকতে গেলোই কি সবাই আসে মা ?

অজিত বলিল, আশ্চর্য্য এই যে, আপনার মতের সঙ্গেই তাঁর সবচেয়ে বিরোধ, অথচ আপনারই স্নেহ পেয়েছেন তিনি সবচেয়ে বেশি।

অবিনাশ বলিলেন, তার কারণ আছে, অজিতবাবু। কমলের আমরা কিছুই জানি নে, জানি শুধু তার বিপ্লবের মতটাকে। আর জানি তার অথও মন্দ দিকটাকে। তাই তার কথা শুনলে আমাদের ভয়ও হয়, রাগও হয়। ভাবি, এইবার গেল বুঝি সব।

আশুবাবুকে উদ্দেশ্য করিয়া কহিলেন, ওঁর নিষ্পাপ দেহ, নিষ্কলুষ মন, সন্দেহের ছায়াও পড়ে না, ভয়েরও দাগ লাগে না। মহাদেবের ভাগ্যে বিশ্বই বা কি, আর অমৃতই বা কি, গলাতেই আটকাবে, উদরস্থ হবে না। দেবতার দলই আত্মক, আর দৈত্য-দানাতেই ঘিরে ধরুক, নির্লিপ্ত নিষিকার চিত্ত, শুধু বাতে কাবু না করলেই উনি খুশী ; কিন্তু আমাদের ত—

কথা শেষ হইল না, আশুবাবু অকস্মাৎ দুই হাত তুলিয়া তাঁহাকে খামাইয়া দিয়া কহিলেন, আর দ্বিতীয় কথাটি উচ্চারণ করবেন না অবিনাশবাবু, আপনার পায়ে পড়ি। নিরবচ্ছিন্ন একটি যুগ বিলেতে কাটিয়ে এসেছি, সেখানে কি করেছি না করেছি নিজেরই মনে নেই, অক্ষয়ের কানে গেলে আর রক্ষে থাকবে না। একেবারে নাড়ীনক্ষত্র টেনে বা'র করে আনবে। তখন ?

অবিনাশ সবিস্ময়ে কহিলেন, আপনি কি বিলেত গিয়েছিলেন নাকি ?

আশুবাবু বলিলেন, হাঁ, সে দুর্ভাগ্য হয়ে গেছে।

মনোরমা কহিল, ছেলেবেলা থেকে বাবার সমস্ত এডুকেশনটাই হয়েছে ইয়োরোপে। বাবা ব্যারিষ্টার। বাবা ডক্টর।

অবিনাশ কহিলেন, বলেন কি ?

আশুবাবু তেমনি ভাবেই বলিয়া উঠিলেন, ভয় নেই, ভয় নেই প্রফেসর, সমস্ত ভুলে গেছি। দীর্ঘকাল ষায়াবরবৃত্তি অবলম্বন করে মেয়ে নিয়ে এখানে সেখানে টোল ফেলে বেড়াই, ঐ বা বললেন সমস্ত চিত্ততলটা একেবারে খুয়ে য়ছে নিষ্পাপ নিষ্কলুষ হয়ে গেছে। ছাপছোপ কোথাও কিছু বাকি নেই।

সে যাই হোক, দয়া করে ব্যাপারটা যেন আর অক্ষরবাবুর গোচর করবেন না।

অবিনাশ হাসিয়া বলিলেন, অক্ষয়কে আপনার ভারি ভয় ?

আশুবাবু তৎক্ষণাৎ স্বীকার করিয়া কহিলেন, হাঁ। একে বাতের জ্বালায় ঝাঁচি নে, তাতে ঠুর কৌতূহল জাগ্রত হ'লে একেবারে মারা যাব।

মনোরমা রাগিয়াও হাসিয়া ফেলিল, বলিল, বাবা এ তোমার বড় অজ্ঞায়।

আশুবাবু বলিলেন, অজ্ঞায় হোক মা, আশুরক্ষায় সকলেরই অধিকার আছে।

শুনিয়া সকলেই হাসিতে লাগিল, মনোরমা জিজ্ঞাসা করিল, আচ্ছা বাবা, মাস্তূবের সমাজে অক্ষয়বাবুর মত লোকের কি প্রয়োজন নেই তুমি মনে কর ?

আশুবাবু বলিলেন, তোমার ঐ প্রয়োজন শব্দটাই যে সংসারে সবচেয়ে গোলমালে বস্ব মা। আগে ওর নিষ্পত্তি হোক, তবে তোমার প্রশ্নের যথার্থ উত্তর দেওয়া যাবে : কিন্তু সে ত হবার নয়, তাই চিরকালই এই নিয়ে তর্ক চলেছে, মীমাংসা আর হ'লো না।

মনোরমা ক্ষুণ্ণ হইয়া কহিল, তুমি সব কথার জবাবই এমনি এঁড়িয়ে চলে যাও বাবা, কখনও স্পষ্ট করে বল না। এ তোমার বড় অজ্ঞায়।

আশুবাবু হাসিমুখে কহিলেন, স্পষ্ট করে বলবার মত বিত্তবুদ্ধি তোর বাপের নেই মনি, সে তোর কপাল। এখন খামোকা আমার ওপর রাগ করলে চলবে কেন বল ত ?

অজিত হঠাৎ উঠিয়া দাঁড়াইয়া কহিল, মাথাটা একটু ধরেছে, বাইরে বাইরে খানিক ঘুরে আসি গে।

আশুবাবু প্যস্ত হইয়া বলিলেন, মাথার অপরাধ নেই বাবা, কিন্তু এই হিমে ? এই অন্ধকারে ?

দক্ষিণের একটা খোলা জানালা দিয়া অনেকখানি স্নিগ্ধ জ্যোৎস্না নীচের কার্পেটের উপর ছড়াইয়া পড়িয়াছিল, অজিত সেই দিকে তাঁহায় দৃষ্টি আকৃষ্ট করিয়া কহিল, হিম হ্রত একটু পড়চে কিন্তু অন্ধকার নেই। যাই একটু ঘুরে আসি।

কিন্তু হেঁটে বেরিয়ে না।

না, গাড়ীতেই যাবো।

গাড়ীর ঢাকনাটা তুলে দিয়ে অজিত, যেন হিম না লাগে।

অজিত সম্মত হইল। আশুবাবু বলিলেন, তা হ'লে অবিনাশবাবুকে এমনি পৌঁছে দিয়ে যেয়ো ; কিন্তু ফিরতে যেন দেরী না হয়।

আচ্ছা, বলিয়া অজিত অবিনাশবাবুকে সঙ্গে করিয়া বাহির হইয়া গেলে আশুবাবু মুহূহাস্ত করিয়া কহিলেন, এ ছেলের মোটরে ঘোরা বাতিক দেখছি এখনো যার নি। এ ঠাণ্ডায় চললো বেড়াতে।

আট

দিন-পনের পরের কথা। সন্ধ্যা হইতে বিলম্ব নাই ; অজিত আশুবাবু মনোরমাকে অবিনাশবাবুর বাটীতে নাথাইয়া দিয়া একাকী ভ্রমণে বাহির হইয়াছিল। এমন সে প্রাইই করিত। যে পথটা সহরের উত্তর হইতে আসিয়া কলেজের সম্মুখ দিয়া কিছুদূর পর্য্যন্ত গিয়া সোজা পশ্চিমে চলিয়া গিয়াছে, তাহারই একটা নিরাশা জাগ্গায় সহসা উচ্চ নারীকণ্ঠে নিজের নাম শুনিয়া অজিত চমকিয়া গাঢ়ী থামাইয়া দেখিল শিবনাথের স্ত্রী কমল। পথের ধারে ভাঙাচোর। পুরাতনকালের একটা দ্বিতল বাড়ী, স্মৃখে একটুখানি তেমনি শ্রীহীন ফুলের বাগান, তাহারই একধারে দাঁড়াইয়া কমল হাত তুলিয়া জকিতেছে। মোটর থামিলে সে কাছে আসিল, কহিল, আর একদিন, আপনি এমনি একলা যাচ্ছিলেন, আমি কত ডাবলুম, কিন্তু শুনতে পেলেন না। পাবেন কি করে ? বাপরে বাপ ! যে জোরে যান, দেখলে মনে হয় যেন দম বন্ধ হয়ে যাবে ! আপনার ভয় করে না ?

অজিত গাড়ী হইতে নীচে নামিয়া দাঁড়াইল, কহিল, আপনি একলা যে ? শিবনাথবাবু কই ?

কমল কহিল, তিনি বাড়ী নেই ; কিন্তু আপনিই বা একাকী বেরিয়েছেন কেন ? সেদিনও দেখেছিলাম সঙ্গে কেউ ছিল না।

অজিত কহিল, না। এ কয়দিন আশুবাবুর শরীর ভাল ছিল না। তাই তাঁরা কেউ খার হন নি। আজ তাঁদের অবিনাশবাবুর গুথানে নামিয়ে দিয়ে আমি বেড়াতে বেরিয়েছি। সন্ধ্যাবেলা কিছুতেই আমি ঘরে থাকতে পারি নে।

কমল কহিল, আমিও না; কিন্তু পারি নে বললেই ত হয় না—গরীবদের অনেক কিছুই সংসারে পারতে হয়। এই বলিয়া সে অজিতের মুখের পানে চাহিয়া হঠাৎ বলিয়া উঠিল, নেবেন আমাকে সঙ্গে ক'রে? একটুখানি ঘুরে আসবো।

অজিত মুষ্কিলে পড়িল। সঙ্গে আজ সোফার পর্য্যন্ত ছিল না, শিবনাথ-ধাবুও গৃহে নাই তাহা পূর্বে শুনিয়াছে, কিন্তু প্রত্যাখ্যান করিতেও বাধিল। একটুখানি দ্বিধা করিয়া কহিল, এখানে আপনাদের সঙ্গী-সাথী বৃষ্টি কেউ নেই?

কমল কহিল, শোন কথা। সঙ্গী-সাথী পাব কোথায়? দেখুন না চেয়ে একবার পল্লীর দশা। সহরের বাইরে বললেই হয়—সাহগঙ্গ না কি নাম। কোথাও কাছাকাছি বোধ করি একটা চামড়ার কারখানা আছে—আমার প্রতিবেশী শুধু মুচিয়া। কারখানায় যায় আসে, মদ খায়, সারা রাত হক্কো করে—এই ত আমার পাড়া।

অজিত জিজ্ঞাসা করিল, এদিকে ভদ্রলোক বৃষ্টি নেই?

কমল বলিল, বোধ হয় না। আর থাকলেই বা কি—আমাকে তার গাড়ীতে যেতে দেবে কেন? তা হ'লে ত মাঝে মাঝে যখন বড় একলা মনে হয়, তখন আপনাদের গুথানে যেতে পারতুম। বলিতে বলিতে সে গাড়ীতে খোলা দরজা দিয়া নিজেই ভিতরে গিয়া বসিল; কহিল, আসুন, আমি অনেকদিন মোটরে চড়ি নি; কিন্তু আজ আমাকে অনেক দূরে পর্য্যন্ত বেড়িয়ে আনতে হবে।

কি করা উচিত অজিত ভাবিয়া পাইল না, সন্কোচের সহিত কহিল, বেশী দূরে গেলে রাত্রি হয়ে যেতে পারে। শিবনাথবাবু বাড়ী ফিরে আপনাকে দেখতে না পেলে হয়ত কিছু মনে করবেন।

কমল বলিল, না—মনে করবার কিছু নেই।

অজিত কহিল, তা হ'লে ড্রাইভারের পাশে না বসে ভেতরে বসুন না?

কমল বলিল, ড্রাইভার ত আপনি নিজে। কাছে না বসলে গল্প করব কি ক'রে? অত দূরে পিছনে বসে মুখ বুজে যাওয়া যায়? আপনি উঠুন, আর দেখী করবেন না।

অজিত উঠিয়া বসিয়া গাড়ী ছাড়িয়া দিল। পথ স্থল্লর এবং নির্জন, কদাচিত্ এক-আধ জনের দেখা পাওয়া যায়—এইমাত্র। গাড়ীর দ্রুতবেগ

ক্রমশঃ দ্রুততর হইয়া উঠিল। কমল কহিল, আপনি জ্বরে চালাতেই ভালরাসেন, না ?

অজিত বলিল, হাঁ।

ভয় করে না ?

না। আমার অভ্যাস আছে।

অভ্যাসই সব। এই বলিয়া কমল একমুহূর্ত্ত মৌন থাকিয়া কহিল, কিন্তু আমার ত অভ্যাস নেই, তবু এই আমার ভাল লাগছে। বোধ হয় স্বভাব, না ?

অজিত কহিল, তা হতে পারে।

কমল কহিল, নিশ্চয়। অথচ এর বিপদ আছে। যারা চড়ে তাদেরও, আর খারা চাপা পড়ে তাদেরও, না ?

অজিত কহিল, না, চাপা পড়বে কেন ?

কমল কহিল, পড়লেই বা অজিতবাবু! দ্রুতবেগের ভারি একটা আনন্দ আছে। গাড়ীরই বা কি, আর এই জীবনেরই বা কি; কিন্তু যারা ভীতু লোক তারা পারে না। সাবধানে ধীরে ধীরে চলে। তাবে পথ ঠাটার দুঃখটা খে বাঁচলো এই তাদের চেয়ে। পথটাকে ফাঁকি দিয়েই তারা খুশী, নিজেদের ফাঁকিটা টেরও পায় না। ঠিক না অজিতবাবু ?

কথাটা অজিত বুদ্ধিতে পারিল না, বলিল, এর মানে ?

কমল তাহার মুখের পানে চাহিয়া একটুখানি হাসিল। ক্ষণেক পরে মাথা নাড়িয়া বলিল, মানে নেই, এমনি।

কথাটা সে যে বুঝাইয়া বলিতে চাহে না, এইটুকু বুঝা গেল, আর কিছু না।

অন্ধকার গাঢ়তর হইয়া আসিতেছে। অজিত ফিরিতে চাহিল, কমল কহিল, এরই মধ্যে ? চলুন আর একটু যাই।

অজিত কহিল, অনেক দূরে এসে পড়েছি, ফিরিতে রাত হবে।

কমল বলিল, হ'লোই বা।

কিন্তু শিবনাথবাবু হয়ত বিরক্ত হবেন।

কমল জবাব দিল, হলেনই বা।

অজিত মনে মনে বিস্মিত হইয়া বলিল, কিন্তু আশুবাবুদের বাণী ফিরিয়ে নিয়ে যেতে হবে। বিলম্ব হ'লে ভাল হবে না।

কমল প্রত্যুত্তরে কহিল, আশ্রা সহরে ত গাড়ীর অভাব নেই, তারা

অনায়াসে যেতে পারবেন। চলুন আরো একটু।—এমনি করিয়া কমল যেন তাহাকে জোর করিয়াই নিরন্তর সম্মুখের দিকে ঠেলিয়া লইয়া যাইতে লাগিল।

ক্রমশঃ লোক-বিরল পথ একান্ত জনহীন ও রাত্রির অন্ধকার প্রগাঢ় হইয়া উঠিল, চারদিকে দিগন্ত-বিস্তৃত প্রান্তর নিরতিশয় স্তব্ধ। অজিত হঠাৎ এক সময়ে উদ্ভিগ্ধচিত্তে গাড়ীর গতিরোধ করিয়া বলিল, আর না, ফিরে চলুন।

কমল কহিল, চলুন।

ফিরিবার পথে সে ধীরে ধীরে বলিল, ভাবছিলাম মিথ্যার সঙ্গে রফা করতে গিয়ে জীবনের কত অমূল্য সম্পদই না মালুষ নষ্ট করে। আমাকে একলা নিয়ে গেতে আপনার কত সন্দেহই না হয়েছিল, আমিও যদি সেই ভয়েই পেছিয়ে যেতাম, এমন আনন্দটি ত অদৃষ্টে ঘটত না।

অজিত কহিল, কিন্তু শেষ পর্যাস্ত না দেখে নিশ্চয় করে ত কিছুই বলা যায় না। ফিরে গিয়ে আনন্দের পরিবর্তে নিরানন্দও ত অদৃষ্টে লেখা থাকতে পারে।

কমল কহিল, এই অন্ধকার নির্জন পথে একলা আপনার পাশে বসে উর্দ্ধশ্বাসে কত দূরেই না বেড়িয়ে এলাম! আজ আমার কি ভালই যে লাগছে তা আর বলতে পারি নে।

অজিত বুঝিল কমল তাহার কথায় কান দেয় নাই।—সে যেন নিজের কথা নিজেকেই বলিয়া চলিয়াছে। শুনিয়া পঙ্কজ পাইবার মত হয়ত সত্যই ইহাতে কিছুই নাই, তবুও প্রথমটা সে যেন সঙ্কচিত হইয়া উঠিল। ওই মেয়েটির সম্বন্ধে বিকল্প কল্পনা ও অন্তত জনশ্রুতির অতিরিক্ত বোধ হয় কেহই কিছু জানে না—যাহা জানে তাহারও হয়ত অনেকখানি মিথ্যা, এবং সত্য যাহা আছে তাহাতেও হয়ত অসত্যের ছায়া এমনি ঘোরালো হইয়া পড়িয়াছে যে চিনিয়া লইবার পথ নাই। ইচ্ছা করিলে যাচাই করিয়া যাহারা দিতে পারে, তাহারা দেয় না, যেন সমস্তটাই তাহাদের কাছে একেশ্বরে নিছক অর্থহীন।

অজিত চূপ করিয়া আছে, ইহাতে কমলের যেন চেতনা হইল। কহিল, ভাল কথা, কি বলছিলেন ফিরে গিয়ে আনন্দের বদলে নিরানন্দ অদৃষ্টে লেখা থাকতে পারে? পারে বইকি।

‡ অজিত কহিল, তা হলে?

কমল বলিল, তা হলেও এ প্রশ্নই হয় না, যে আনন্দ আজ পেলাম তা পাই নি!

এবার অজিত হাসিল। বলিল, সে প্রমাণ হয় না, কিন্তু এও প্রমাণ হয় যে আপনি তार्কিক কম নয়। আপনার সঙ্গে কথায় পেরে ওঠা ভার।

অর্থাৎ যাকে বলে কূটতार्কিক, তাই আমি ?

অজিত কহিল, না তা নয়, কিন্তু শেষ ফল যার দুঃখেই শেষ হয় তার গোড়ার দিকে যত আনন্দই থাক, তাকে সত্যাকার আনন্দভোগ বলা চলে না। এ ত আপনি নিশ্চয়ই মানেন ?

কমল বলিল, না, আমি মানি নে। আমি মানি, যখন যেটুকু পাই তাকেই যেন সত্যি বলে মেনে নিতে পারি। দুঃখের দাহ যেন আমার বিগত-দুঃখের শিশিরবিন্দুগুলিকে শুষ্ক ফেলতে না পারে। সে যত অল্পই হোক, পরিমাণ তার যত তুচ্ছই সংসারে গণ্য হোক, তবু যেন না তাকে অস্বীকার করি। একদিনের আনন্দ যেন না আর একদিনের নিরানন্দের কাছে লজ্জা-বোধ করে। এই বলিয়া সে ক্ষণকাল স্তব্ধ থাকিয়া কহিল, এ জীবনে দুঃখ-দুঃখের কোনটাই সত্যি নয় অজিতবাবু, সত্যি চঞ্চল মহর্ষুগুলি, সত্যি শুধু তার চলে যাওয়ার ছন্দটুকু। বুদ্ধি এবং হৃদয় দিয়ে একে পাওয়াই ত সত্যিকারের পাওয়া! এই কি ঠিক নয় ?

এ প্রশ্নের উত্তর অজিত দিতে পারিল না, কিন্তু তাহার মনে হইল হৃদয়কারেও অপরের দুই চক্ষু একান্ত আগ্রহে তাহার প্রতি চাহিয়া আছে। সে যেন নিশ্চিন্ত কিছু একটা শুনিতে চায়।

কৈ জবাব দিলেন না ?

আপনার কথাগুলো বেশ স্পষ্ট বুঝতে পারলাম না।

পারলেন না ?

না।

একটা চাপা নিঃশ্বাস পড়িল। তাহার পর কমল ধীরে ধীরে বলিল, তার মানে স্পষ্ট বোঝাবার এখনো আপনার সময় আসে নি। যদি কখনো আসে আমাদের কিছু মনে করবেন। করবেন ত ?

অজিত কহিল, করব।

গাড়ী আসিয়া সেই ভাড়া ফুলবাগানের সম্মুখে থামিল। অজিত দ্বার খুলিয়া নিজে রাস্তায় আসিয়া দাঁড়াইল। বাটার দিকে চাহিয়া কহিল, কোথাও একটু আলো নেই, সবাই বোধ হয় ঘুমিয়ে পড়েচে।

কমল নামিতে নামিতে কহিল, বোধ হয়।

অজিত কহিল, দেখুন ত আপনার অতায়। কাউকে জানিয়ে গেছেন না, শিবনাথবাবু না জানি কত দুর্ভাবনাই ভোগ করেছেন।

কমল কহিল, হাঁ। দুর্ভাবনারই ভারে ঘুমিয়ে পড়েছেন।

অজিত জিজ্ঞাসা করিল, এই অন্ধকারে যাবেন কি কবে? গাড়ীতে একটা হাতলগ্ন আছে সেটা জেলে নিয়ে সঙ্গে যাবো?

কমল অত্যন্ত খুশী হইয়া কহিল, তা হ'লে ত বাঁচি অজিতবাবু। আহ্নন, আহ্নন, আপনাকে একটুখানি চা খাইয়ে দিই।

অজিত অহ্ননয়ের কণ্ঠে কহিল, আর যা হুকুম করুন পালন করব, কিন্তু এত রাতে চা খাবার আদেশ করবেন না। চলুন, আপনাকে পৌঁছে দিয়ে আসছি।

সদর দরজার হাত দিতেই খুলিয়া গেল। ভিতরের বারান্দায় একজন হিন্দুস্থানী দাসী ঘুমাইতেছিল, মানুষের সারা পাইয়া উঠিয়া বসিল। বাদীটি দ্বিতল। উপরে ছোট ছোট গুটি-দুই ঘর। অতিশয় সর্কার সিঁড়ির নীচে মিট মিট করিয়া একটি হ্যারিকেন লগ্নন জ্বলিতেছে, সেইটি হাতে করিয়া কমল তাহাকে উপরে আহ্বান করিতে অজিত সঙ্কোচ-ব্যাকুল হইয়া বলিল, না, এখন বাই। অনেক রাত হ'লো।

কমল জিদ করিয়া কহিল, সে হবে না, আহ্নন।

অজিত তথাপি দ্বিধা করিতেছে দেখিয়া সে বলিল, আপনি ভাবছেন এলে শিবনাথবাবুর কাছে ভারি লজ্জার কথা হবে; কিন্তু না এলে যে আমার লজ্জা আরও বের বেশী, এ ভাবছেন না কেন? আহ্নন। নীচে থেকে এমন অন্যদ্বরে আপনাকে খেতে দিলে রাতে আমি ঘুমোতে পারবো না।

অজিত উঠিয়া আসিয়া দেখিল ঘরে আসবাব নাই বলিলেই হয়। একখানি অল্প মূল্যের আরাম-কেদারা, একটি ছোট টেবিল, একটি টুল, গোটা-তিনেক তোরঙ্গ, একধারে একখানি পুরানো লোহার খাটের উপর বিছানা-বালিশ গাদা করিয়া রাখা—যেন সাধারণতঃ তাহাদের প্রয়োজন নাই এমন একটা লক্ষ্মীছাড়া ভাব। ঘর শূণ্য—শিবনাথবাবু নাই।

অজিত বিস্মিত হইল কিন্তু মনে মনে ভারি একটা স্বস্তিবোধ করিয়া কহিল, কষ্ট তিনি ত এখনে আসেন নি?

কমল কহিল, না।

অজিত বলিল, আজ বোধ হয় আমাদের ওখানে তাঁর গান-বাজনা খুব জোরেই চলচে!

কি করে জানলেন?

কাল-পরশু দুদিন যান নি। আজ হাতে পেয়ে আশুবাবু হয়ত সমস্ত কৃতি পূরণ করে নিচ্ছেন।

কমল প্রশ্ন করিল, যোজ্ঞ যান, এ দুদিন যান নি কেন?

অজিত কহিল, সে খবর আমাদের চেয়ে আপনি বেশী জানেন। সম্ভবতঃ আপনি ছেড়ে দেন নি বলেই তিনি যেতে পারেন নি। নইলে স্বেচ্ছায় পরশু যাত্রা হতো এত তাঁকে দেখে কিছুতেই মনে হয় না।

কমল কথেক মুহূর্ত্ত তাহার মুখের প্রতি চাহিয়া থাকিয়া অকস্মাৎ হাসিয়া উঠিল। কহিল, কে জানে তিনি ওখানে যান গান-বাজনা করতে কিনা। বাস্তবিক, মানুষকে জ্বরদস্তি ধরে রাখা বড় অন্ডায়, না!

অজিত বলিল, নিশ্চয়।

কমল কহিল, উনি ভাল লোক তাই। আচ্ছা, আপনাকে কেউ যদি ধরে রাখতো, থাকতেন?

অজিত বলিল, না। তা ছাড়া আমাকে ধরে রাখবার ত কেউ নেই!

কমল হাসিমুখে বার দুই-তিন মাথা নাড়িয়া বলিল, ঐ ত মুন্সিল। ধরে রাখবার কে যে কোথায় লুকিয়ে থাকে জানবার যো নেই। এই যে আমি সন্ধ্যা থেকে আপনাকে ধরে রেখেছি তা টেরও পান নি। থাক, ওসব কথায় তর্ক করেই বা হবে কি? কিন্তু কথায় কথায় দেবী হয়ে যাচ্ছে, যাই, আমি ৬-ঘর থেকে চা তৈরী করে আনি।

আর একলাটি আমি চূপ করে বসে থাকবো? সে হবে না।

হবার দরকার কি।—এই বলিয়া কমল সঙ্গে করিয়া তাহাকে পাশের ঘরে আনিয়া একখানি নূতন আসন পাতিয়া দিয়া কহিল, বসুন; কিন্তু বিচিত্র এই দুনিবার ব্যাপার, অজিতবাবু। সেদিন এই আসনখানি পছন্দ করে কেনবার সময়ে ভেবেছিলাম একজনকে বসতে দিয়ে বলবো—কিন্তু সে ত আর একজনকে বলা যায় না অজিতবাবু, তবুও আপনাকে বসতে দিলুম। অথচ কতটুকু সময়েরই বা ব্যবধান!

ইহার অর্থ যে কি ভাবিয়া পাওয়া যায়। হয়ত অতিশয় সহজ, হয়ত ততোধিক দুর্লভ। তথাপি অজিত লজ্জায় দাঙ্গা হইয়া উঠিল। বলিতে গিয়া তাহার মুখে বাধিল, তবুও কহিল, তাকেই বা বসতে দেন নি কেন ?

কমল কহিল, এই ত মাগুধের মস্ত ভুল। ভাবে সবই বুঝি তাঁদের নিজের হাতে কিন্তু কোথাও বাসে বে কে সমস্ত হিসেব গুলটপালট করে দেয়, কেউ তার সন্ধান পায় না। আপনার চায়ে কি বেশি চিনি দেব ?

অজিত কহিল, দিন। চিনি আর চুধের লোভেই আমি চা খাই, নইলে ওতে আমার কোন স্পৃহা নেই।

কমল কহিল, আমিও ঠিক তাই। কেন যে মাগুধ এগুলো খায় আমি ত ভেবেই পাই নে। অথচ এর দেশেই আমার জন্ম।

আপনার জন্মভূমি বুঝি তা হ'লে আদামে ?

শুধু আদাম নয়, একবারে চা-বাগানের মধ্যে।

তবুও আপনার চায়ে কটি নেই ?

একবারে না। নোকে দিলে খাই শুধু ভদ্রতার জত।

অজিত চাধের বাট হাতে করিয়া চারিদিকে চাহিয়া দেখিয়া কহিল, এইটি বুঝি আপনার রান্নাঘর ?

কমল বলিল, হ্যাঁ।

অজিত জিজ্ঞাসা করিল, আপনি নিজেই রান্নাঘর বুঝি, কিন্তু কই আজকে রান্নাঘর ত সময় পান নি ?

কমল কহিল, না।

অজিত ইতস্ততঃ করিতে লাগিল। কমল তাহার মুখের প্রতি চাহিয়া হাঙ্গামা দেখিয়া বলিল, এয়ার জিজ্ঞেসা করুন—তা হ'লে আপনি খাবেন কি ? তার জবাবে আমি বলব, রাত্রে আমি পাই নে। সমস্ত দিনে কেবল একটবার মাত্র খাই।

কেবল একটবার মাত্র ?

কমল কহিল, হ্যাঁ ; কিন্তু এর পরেই আপনার মনে হওয়া উচিত, তাই যদি হ'লে, তবে শিবনাথবাবু বাড়ী এসে খাবেন কি ? তাঁর খাওয়া ত দেখেছি— সে ত আর এক-আব পানের ব্যাপার নয় ? তবে ? এর উত্তরে আমি বলব, তিনি ত আপনাদের বাড়ীতেই খেয়ে আসেন, তাঁর ভাবনা কি ? আপনি

বলবেন, তা বটে, কিন্তু সে ত প্রত্যহ নয়। শুনে আমি ভাববো এ কথার জ্বাছ, পরকে দিয়ে লাভ কি? কিন্তু তাতেও আপনাকে নিরস্ত করা যাবে না। তখন বাধ্য হয়ে বলতেই হবে অজিতবাবু, আপনাদের ভয় নেই, তিনি এখানে আর আসেন না। শৈব-বিবাহের শিবানীর মোহ বোধ হয় তাঁর কেটেছে।

অজিত সত্য সত্যই এ কথার অর্থ বুঝিতে পারিল। গভীর বিষয়ে তাহার মুখের পানে চাহিয়া জিজ্ঞাসা করিল, এর মানে? আপনি কি রাগ ক'রে বলছেন?

কমল কহিল, না, রাগ করে নয়। রাগ করবার বোধ হয় আজ আমার জোর নেই। আমি জানতুম প্লাথর কিনতে তিনি জয়পুরে গেছেন, আপনার কাছেই প্রথম খবর পেলাম আগ্রা ছেড়ে আজও তিনি যান নি। চলুন, ও-ঘরে বসিগে।

এ-ঘরে আসিয়া কমল বলিল, এই আমাদের শোবার ঘর। তখনও এর বেশি একটা জিনিষও এখানেও ছিল না—আজও তাই আছে; কিন্তু সেদিন এদের চেহার। দেখে থাকলে আজ আমাকে বলতেও হ'তো না যে আমি রাগ করি নি; কিন্তু আপনার যে ভয়ানক রাত হয়ে যাচ্ছে অজিতবাবু? আর ত দেরী করা চলে না।

অজিত উঠিয়া দাঁড়াইয়া কহিল, হাঁ, আজ তা হ'লে আমি যাই।

কমল সঙ্গে সঙ্গে উঠিয়া দাঁড়াইল।

অজিত কহিল, যদি অল্পমতি করেন ত কাল আসি।

হাঁ, আসবেন। বলিয়া সে পিছনে পিছনে নীচে নামিয়া আসিল।

অজিত বার-কয়েক ইতস্ততঃ করিয়া কহিল, যদি অপরাধ না নেন ত একটা কথা জিজ্ঞাসা করে যাই! শিবনাথবাবু কতদিন হ'লো আসেন নি?

হ'লো অনেক দিন। বলিয়া সে হাসিল। অজিত তাহার লষ্ঠনের আলোকে স্পষ্ট দেখিতে পাইল এ হাসির জাতই আলাদা। তাহার পূর্বেকার হাসির সহিত কোথাও ইহার কোন আংশেই সাদৃশ্য নাই।

নয়

অজিত যখন বাড়ী ফিরল তখন গভীর রাত্রি। পথ নীরব, দোকানপাট বন্ধ, কোথাও মানুষের চিরুমাত্র নাই। ঘড়ি খুলিয়া দেখিল, তাহা দশের অভাবে আটটা বাজিয়া বন্ধ হইয়াছে। এখন হয়ত একটা, না হয়ত দুইটা— ঠিক যে কত কোন আন্দাজ করিতে পারিল না। আশুবাবুর গৃহে এতক্ষণ যে একটা অত্যন্ত উৎকর্ষার ব্যাপার চলিতেছে তাহা নিশ্চিত; শোয়ার কথা দূরে থাক, হয়ত খাওয়া-দাওয়া পর্য্যন্ত বন্ধ হইয়া আছে। ফিরিয়া সে যে কি বলিবে ভাবিয়া পাইল না। সত্য ঘটনা বলা যায় না। কেন যায় না সে তর্ক নিফল, কিন্তু যায় না। বরঞ্চ মিথ্যা বলা যায়; কিন্তু মিথ্যা বলবার অভ্যাস জাহার ছিল না, না হইলে মোটের একাকী বাহির হইয়া, বিলম্বের কারণ উদ্ভাবন করিতে ভাবনা হয় না।

গেট খোলা ছিল। দরওয়ান সেলাম করিয়া জানাইল যে সোফার নাই, নে তাঁহাকে খুঁজিতে বাহির হইয়াছে। গাভী আস্তাবলে রাখিয়া অজিত আশুবাবুর বসিবার ঘরে গিয়া প্রবেশ করিতেই দেখিল তিনি তখনও শুইতে গান নাই, অল্পহু দেহ লইয়াও একাকী অপেক্ষা করিয়া আছেন। উদ্বেগে সোজা উঠিয়া বসিয়া বলিলেন, এই যে! আমি বার বার বলচি, কি একটা এ্যাক্সিডেন্ট হয়েছে। কতবার তোমাকে বলেচি, পথেঘাটে কখনো একলা বাঁর হতে নেই। বুড়োর কথা খাটলো ত? শিক্কে হ'লো ত?

অজিত সলজ্জে একটুখানি হাসিয়া কহিল, আপনাদের এতখানি ভাবিন্দের তোলাবার জ্ঞান আমি অতিশয় দুঃখিত।

দুঃখ কাল করো। ঘড়ির পানে তাকিয়ে ছাখে; দুটো বাজে। দুটি বেয়ে এখন শোও গে। কাল শুনবো সব কথা। যত্ন! যত্ন! সে ব্যাটাও কি গেল নাকি তোমাকে খুঁজতে?

অজিত বলিল, দেখুন ত আপনাদের অন্তায়। এত বড় সহরে কোথাও সে আমাকে পথে পথে খুঁজবে?

আশুবাবু বললেন, তুমি ত বললে অন্তায়; কিন্তু আমাদের মা হাঁচুলা ত

আমরাই জানি। এগারোটার সময় শিবনাথের গান-বাজনা বন্ধ হয়েছে, তখন থেকে—মণিই বা গ্যালো কোথায়? তাকে ত তখন থেকে দেখছি নে।

অজিত কহিল, বোধ হয় শুয়েছেন।

শোবে কি হে? এখনো যে তার খাওয়া হয় নি।—বলিয়াই তাঁহার হঠাৎ একটি কথা মনে হইতেই জিজ্ঞাসা করিয়া উঠিলেন, আশ্চাবলে কোচম্যানকে দেখলে?

অজিত কহিল, কই না?

তবেই হয়েছে। বলিয়া আশ্চাব্য দুশ্চিন্তায় আর একবার সোজা হইয়া বসিয়া কহিলেন, যা ভেবেছি তাই। গাড়ীটা নিয়ে সেও দেখছি খুঁজতে পেরিয়েছে। ছাপো দিকি অন্ত্যাব। পাছে বারণ করি, এই ভয়ে একটা কথাও বলে নি। চুপি চুপি চলে গেছে। কখন কিরবে কে জানে! আজ রাতটা তা হ'লে জেগেই কাটলো।

আমি দেখছি গাড়ীটা আছে কিনা।—বলিয়া অজিত ঘর হইতে বাহির হইয়া গেল। আশ্চাবলে গিয়া দেখিল গাড়ী মজুত এবং ঘোড়া মাঝে মাঝে পা কৃকিবা হুটুটিতে ঘাস খাইতেছে। তাহার একটা দুশ্চিন্তা কাটিল। নীচের বারান্দার উত্তর প্রান্তে কয়েকটা বিলাতী ঝাউ ও পাম গাছ বহু অযত্ন মাথায় পবিয়াও .মানমতে টিকিয়াছিল, তাহারই উপরে মনোরমার শয়নকক্ষ। তখনও আলো জলিতেছে কিনা জানিবার জন্ত অজিত সেই দিক দিয়া ঘুরিয়া আশ্চাব্য কাছ ঘাইতেছিল, ঝোপের মধ্য হইতে মানুষের গলা কানে গেল। অত্যন্ত পরিচিত কণ্ঠ। কথা কহিতেছিল কি একটা গানের সুর লইয়া। দোবেব কিছুই নয়—তাহার জন্ত ছায়াচ্ছন্ন রক্ষতলের প্রয়োজন ছিল না। ক্ষণকালের জন্ত অজিতের দুই পা অসাড হইয়া রহিল; কিন্তু ক্ষণকালের জন্তই; আলোচনা চলিতেই লাগিল; সে যেমন নিঃশব্দে আসিয়াছিল, তেমনি নিঃশব্দে প্রস্থান করিল। উভয়ের কেহ জানিতেও পারিল না—তাহাদের এই নিশীথ বিশ্রান্তালাপের কেহ সাক্ষী রহিল কিনা।

আশ্চাব্য ব্যগ্র হইয়া জিজ্ঞাসা করিলেন, খবর পেলে?

অজিত কহিল, গাড়ী-ঘোড়া আশ্চাবলেই আছে। মণি বাইরে যান নি।

বাঁচালে বাবা! এই বলিয়া আশ্চাব্য নিশ্চিন্ত পরিভ্রমির দীর্ঘনিঃশ্বাস মোচন করিয়া বলিলেন, রাত অনেক হ'লো, সে বোধ হয় ক্লান্ত হয়ে ঘরে ঘুমিয়ে

পড়েচে। আজ আর দেখচি মেয়েটার খাওয়া হ'লো না। যাও বাবা, তুমি দুটি খেয়ে নিয়ে শুয়ে পড় গে।

অজিত বলিল, এত রাত্রে আমি আর খাবো না, আপনি শুতে যান।

যাই; কিন্তু কিছুই খানে না? একটু কিছু মুখে দিয়ে—

না, কিছুই না! আপনি আর বিলম্ব করবেন না! শুতে যান। এই বলিয়া সেই রুগ্ন মানুষটিকে ঘরে পাঠাইয়া দিয়া অজিত নিজের ঘরে আসিয়া খোলা জানালার সম্মুখে দাঁড়াইয়া রহিল। সে নিশ্চয় জানিত স্নরের আলোচনা শেষ হইলে পিতার খবর লইতে এদিকে একবার মনোরমা আসিবেই আসিবে।

মনি আসিল, কিন্তু প্রায় আধ-ঘণ্টা পরে। প্রথমে সে পিতার বসিবার ঘরের সম্মুখে গিয়া দেখিল ঘর অন্ধকার। যত্বে বোধ হয় নিকটেই কোথাও সজাগ ছিল, মনিবের ডাকে সাড়া দেয় নাই বটে, কিন্তু তিনি উঠিয়া গেলে আলো নিবাইয়া দিয়াছিল। মনোরমা ক্রমকাল ইতস্ততঃ করিয়া মুখ ফিরাইতেই দেখিতে পাইল অজিত তাহার খোলা জানালার সম্মুখে চুপ করিয়া দাঁড়াইয়া আছে। তাহারো ঘরে আলো ছিল না, কিন্তু উপরের গাউবারান্দার ক্রাণ রশ্মিরেখা তাহার জানালায় গিয়া পড়িয়াছিল।

কে?

আমি অজিত।

বাঃ! কখন এলে? বাবা বোধ হয় শুতে গেছেন। এই বলিয়া সে যেন একটু চুপ করিবার চেষ্টা করিল, কিন্তু অসমাপ্ত কথার বেগ তাহাকে খামিতে দিল না। বলিতে লাগিল, ছাখে ত তোমার অস্ত্রায়। বাড়ীসুদ্ধ লোক ভেবে সারা—নিশ্চয় কিছু একটা হয়েছিল! তাইত বাবা বার বার বারণ করেন একলা যেতে।

এই সকল প্রশ্ন ও মন্তব্যের অজিত একটারও জবাব দিল না।

মনোরমা কহিল, কিন্তু তিনি কখনই ঘুমুতে পারেন নি। নিশ্চয় জেগে আছেন। তাঁকে একটা খবর দিইগে।

অজিত কহিল, দরকার নেই। তিনি আমাকে দেখেই তবে শুতে গেছেন।

দেখেই শুতে গেছেন? তবে আমাকে একটা খবর দিলে না কেন?

তিনি মনে করেছিলেন তুমি ঘুমিয়ে পড়েছ।

ঘুমিয়ে পড়ব কি রকম? এখনো ত আমার খাওয়া হয়নি পর্য্যন্ত।

তা হ'লে খেয়ে শোও গে। রাত আর নেই।

তুমি খাবে না?

না, বলিয়া অজিত জানালা হইতে সরিয়া গেল।

বাঃ! বেশ ত কথা! ইহার অধিক কথা তাহার মুখে ফুটল না; কিন্তু ভিতর হইতেও আর জবাব আসিল না। বাহিরে পাকী মনোরমা স্তব্ধ হইয়া দাঁড়াইয়া রহিল। পীড়াপীড়ি করিয়া, রাগ করিয়া, নিজের জিদ দ্বারা রাখিতে তাহার জোড়া নাই—এখন কিসে যেন তাহার মুখ আঁটিয়া বন্ধ করিয়া রাখিল। অজিত রাত্রি শেষ করিয়া গৃহে ফিরিয়াছে, বাড়ীস্বত্ব সকলের হুশিস্তার অন্ত নাই—এত বড় অপরাধ করিয়াও সে-ই তাহাকে অপমানের একশেষ করিল, কিন্তু এতটুকু প্রতিবাদের ভাষাও তাহার মুখে আসিল না এবং শুধু কেবল জিহ্বাই নির্দীক্‌ নয়, সমস্ত দেহটাই যেন কিছুক্ষণের মত বিবশ হইয়া রহিল। জানালায় কেহ ফিরিয়া আসিল না, সে রহিল, কি গেল একটু জানারও কেহ প্রয়োজন বোধ করিল না। গভীর নিশীথে এমনি নিঃশব্দে দাঁড়াইয়া মনোরমা বহুকক্ষণ পরে ধীরে ধীরে চলিয়া গেল।

সকালেই বেহারার মুখে আশুবাবু খবর পাইলেন কাল অজিত কিম্বা মনোরমা কেহই আহাৰ করে নাই। চা খাইতে বসিয়া তিনি উৎকর্ষার সহিত জিজ্ঞাসা করিলেন, কাল তোমার নিশ্চয়ই ভয়ানক কিছু একটা এ্যাক্সিডেন্ট ঘটেছিল, না?

অজিত বলিল, না।

তবে নিশ্চয় হঠাৎ তেল ফুড়িয়ে গিয়েছিল?

না, তেল যথেষ্ট ছিল।

তবে এত দেৱী হ'লো যে?

অজিত শুধু কহিল, এমনি।

মনোরমা নিজে চা খায় না। সে পিতাকে চা তৈরী করিয়া দিয়া একবার চা ও খাবারের খালাটা অজিতের দিকে বাড়াইয়া দিল, কিন্তু প্রসন্নও করিল না, মুখ তুলিয়াও চাহিল না। উভয়ের এই ভাবান্তর পিতা লক্ষ্য করিলেন। আহাৰ শেষ করিয়া অজিত স্নান করিতে গেলে তিনি কস্তাকে নিরালায় পাইয়া উদ্বিগ্ন কণ্ঠে কহিলেন, না মা, এটা ভাল নয়। অজিতের সঙ্গে

আমাদের সম্বন্ধে যত ঘনিষ্ঠই হোক, তবুও এ বাড়ীতে তিনি অতিথি। অতিথির যোগ্য মর্যাদা তাঁকে দেওয়া চাই।

মনোরমা কহিল, দেওয়া চাই নে এ কথা ত আমি বলি নি বাবা।

না না, বল নি সতি, কিন্তু আমাদের আচরণে কোনরূপ বিরক্তি প্রকাশ পাওয়াও অপরাধ।

মনোরমা বলিল, তা মানি; কিন্তু আমার আচরণে অপরাধ হয়েছে এ তুমি কার কাছে শুনলে?

অশ্বাবু এ প্রশ্নের জবাব দিতে পারিলেন না। তিনি শোনে নি কিছুই, জানেন নি কিছুই, সমস্ত তাঁহার অমুমান মাত্র। তথাপি মন তাঁহার প্রসন্ন হইল না। কারণ এমনি করিয়া তর্ক করা যায়, কিন্তু উৎকণ্ঠিত পিতৃচিত্তকে নিঃশব্দ করা যায় না। খানিক পরে তিনি ধীরে ধীরে বলিলেন, অত রাত্রে অজিত আর খেতে চাইলেন না, আমিও শুতে গেলাম; তুমি ত আগেই শুয়ে পড়েছিলে—কি জানি, কোথাও হয়ত আমাদের একটা অবহেলা প্রকাশ পেয়েছে। ওর মনটা আজ তেমন ভাল নেই।

মনোরমা বলিল, কেউ যদি সারারাত পথে কাটাতে চায়, আমাদেরও কি তার জন্তে ঘরের মধ্যে জেগে কাটাতে হবে? এই কি অতিথির প্রতি গৃহস্থের কর্তব্য বাবা?

অশ্বাবু হাসিলেন। নিজেকে ইঙ্গিতে দেখাইয়া বলিলেন, গৃহস্থ মানে যদি এই বেতো রুগীটি হয় মা, তা হ'লে তাঁর কর্তব্য আটটার মধ্যেই শুয়ে পড়া। নইলে চের বড় সম্মানিত অতিথি বাতব্যাধির প্রতি অসম্মান দেখানো হয়; কিন্তু সে অর্থ যদি অগু কাউকে বোঝায় ত তাঁর কর্তব্য নির্দেশ করবার আমি কেউ নয়। আজ অনেকদিনের একটা ঘটনা মনে পড়ল মণি! তোমার মাতা তখন বেঁচে। গুপ্তিপাড়ায় ম'ছ ধরতে গিয়ে আর ফিরতে পারলাম না। শুধু একটা রাত মাত্রই, তবু একজন তাই নিয়ে গোটা রাত্রিটা জানালায় বসে কাটিয়ে দিলেন। তার কর্তব্য কে নির্দেশ করেছিলেন তখন জিজ্ঞেস করা হয় নি, কিন্তু আর একদিন দেখা হ'লে এ কথা জেনে নিতে ভুলবো না। এই বলিয়া তিনি ক্ষণকালের জগ্ন মুখ ফিরাইয়া কন্ঠার দৃষ্টিপথ হইতে নিজের চোখ দুইটিকে আড়াল করিয়া লইলেন।

এ কাহিনী নূতন নয়। গল্পছলে এ ঘটনা বহুবার মেয়ের কাছে উল্লেখ

করিয়াছেন; কিন্তু তবু আর পুরাতন হয় না। যখনই মনে পড়ে তখনই নূতন হইয়া দেখা দেয়।

ঝি আসিয়া ঘরের কাছে দাঁড়াইল। মনোরমা উঠিয়া পড়িয়া কহিল, বাবা, তুমি একটু ব'সো, আমি রান্নার যোগাড়টা করে দিয়ে আসি। এই বলিয়া সে তাড়াতাড়ি চলিয়া গেল। আলোচনাটা যে আর বেশি দূর গড়াইবার সময় পাইল না, ইহাতে সে স্বস্তিবোধ করিল।

দিনের মধ্যে আশুবাবু কয়েকবার অভিতের খোঁজ করিয়া একবার জানিলেন সে বই পড়িতেছে, একবার খবর পাইলেন সে নিজেই ঘরে বসিয়া চিঠিপত্র লিখিতেছে। মধ্যাহ্ন-ভোজনের সময় সে প্রায় কথাই কহিল না এবং খাওয়া শেষ হইতেই উঠিয়া চলিয়া গেল। অন্ত্যান্ত দিনের তুলনায় তাহা যেমন রুঢ় তেমনি বিস্ময়কর।

আশুবাবুর কোভের পরিসীমা নাই, কহিলেন, ব্যাপার কি মণি ?

মনোরমা আজ বরাবরই পিতার দৃষ্টি এড়াইয়া চলিতেছিল, এখনও বিশেষ কোনদিকে না চাহিয়াই কহিল, জানি নে ত বাবা।

তিনি ক্ষণকাল নিজেই মনে চিন্তা করিয়া যেন নিজেই বলিতে লাগিলেন, তার ফিরে আসা পর্যন্ত আমি ত জেগেই ছিলাম। খেতেও বললাম, কিন্তু অনেক রাত্রি হয়েছে বলে সে নিজেই খেলে না। তোমার স্ত্রী পড়াটা হরত ঠিক হয়নি, কিন্তু এতে এমন কি অন্তায় হয়েছে আমি ত ভেবেই পাই না। এই তুচ্ছ কারণটাকে সে এত ক'রে মনে নেবে এর চেয়ে আর আশ্চর্য কি আছে ?

মনোরমা চুপ করিয়া রহিল। আশুবাবু নিজেও কিছুক্ষণ মৌন থাকিয়া ভিতরের লজ্জাটা দমন করিয়া বলিলেন, কথাটা তাকে তুমি জিজ্ঞাসা করলে না কেন ?

মনোরমা জবাব দিল, জিজ্ঞাসা করবার কি আছে বাবা ?

জিজ্ঞাসা করিবার অনেক আছে, কিন্তু করাও কঠিন—বিশেষতঃ মণির পক্ষে। ইহা তিনি জানিতেন। তথাপি কহিলেন, সে যে রাগ করে আছে এ ত খুব স্পষ্ট। বোধ হ'ল সে ভেবেচে তুমি তাকে উপেক্ষা কর। এ রকম অন্তায় ধারণাও তার মনে রাখা যেতে পারে না।

মনোরমা বলিল, আমার সম্বন্ধে যদি তিনি অন্তায় ধারণা করে থাকেন সে

তঁার দোষ। একজনের দোষ সংশোধনের গরজটা কি আর একজনকে গায়ে পড়ে নিতে হবে, বাবা ?

তিনি সে প্রশ্নের উত্তর দিতে পারিলেন না। মেয়েকে তিনি যেভাবে মান্নুষ করিয়া আসিয়াছেন, তাহাতে তাহার আত্মসম্মানে আঘাত পড়ে এমন কোন আদেশই করিতে পারেন না। সে উঠিয়া গেলে এই কথাটাই নিজের মধ্যে অবিশ্রাম তোলপাড় করিয়া তিনি অত্যন্ত বিমর্ষ হইয়া রহিলেন। এরূপ কলহ ঘটাই থাকে এবং ভ্রম ক্ষণিক মাত্র, এমন একটা কথা তিনি বহুবার মনে মনে আবৃত্তি করিয়াও জোর পাইলেন না। অজিতকেও তিনি জানিতেন। শুধু কেবল সে সকল দিক দিয়াই স্বশিক্ষিত নয়, তাহার মধ্যে একটা চরিত্রের সত্যপরতায় তিনি নিঃসংশয়ে উপলব্ধি করিয়াছিলেন যে, আজিকার এই অহেতুক বিরাগের কোনমতেই সামঞ্জস্য হয় না। সকলের অপরিসীম উদ্বেগেব হেতু হইয়াও সে লজ্জাবোধের পরিবর্তে রাগ করিয়া রহিল, এমন অসম্ভব যে কি করিয়া তাহাতে সম্ভবপর হইল মীমাংসা করা কঠিন।

বিকালের দিকে একখানা টাঙ্গা গাড়ী গেটের মধ্যে ঢুকিতে দেখিয়া আশুবাবু খবর লইয়া জানিলেন, গাড়ী আসিয়াছে অজিতের জন্ত। অজিতকে ডাকিয়া পাঠাইলেন। সে আসিতে তিনি কষ্টে একটুখানি হাসিয়া জিজ্ঞাসা করিলেন. টাঙ্গা কি হবে অজিত ?

একবার বেড়াতে বা'র হবো।

কেন, মোটর কি হ'লো ? আবার লিগডেছে নাকি ?

না, কিন্তু আপনাদের প্রয়োজন হতে পারে ত।

যদি হয়ও তার জন্তে একটা ঘোড়ার গাড়ী আছে।—এই বলিয়া তিনি একমুহূর্ত্ত মৌন থাকিয়া কহিলেন, বাবা অজিত, আমাকে সত্যি বল। মোটর নিয়ে কোন কথা উঠেছে ?

অজিত কহিল, কই আমি ত জানি নে ! তবে আজ আপনাদের গান-বাজনার আয়োজন আছে। তঁাদের আনতে, বাড়ী পৌঁছে দিতে মোটরের আবশ্যকই বেশী। ঘোড়ার গাড়ীতে ঠিক হয়ে উঠবে না।

সকাল হইতে নানারূপ দুশ্চিন্তায় কথাটা আশুবাবু ভুলিয়াই ছিলেন। এখন মনে পড়িল কাল সভাভঙ্গের পর আজিকার জন্তও তঁাহাদের আহ্বান করা হইয়াছিল এবং সন্ধ্যার পরই মজলিস বসিবে। একটা খাওয়ানোর কল্পনাও

যে মনোরমার ছিল এই সঙ্গে এ কথাও তাঁহার স্মরণ হইল ; কিন্তু মনে মনে একটু হাসিলেন। কারণ প্রচ্ছন্ন কলহের মানসিক অস্বচ্ছন্দতার কথাটা তাঁহার নিজেরই মনে নাই এবং মনে পড়িয়াও ভাল লাগিল না, তখন মেয়ের কাছে যে আজ এ সকল কতদূর বিরক্তিকর তাহা স্বতঃসিদ্ধের মত অস্বাভাবিক করিয়া কহিলেন, আজ ও-সব হবে না অজিত।

অজিত কহিল, কেন ?

কেন ? মনিকেই একবার জিজ্ঞাসা ক'রে দেখ না।—এই বলিয়া তিনি বেহারাকে উচ্চৈঃস্বরে ডাকাডাকি করিয়া কণ্ঠকে ডাকিতে পাঠাইয়া ঈষৎ হাসিয়া কহিলেন, তুমি রাগ ক'রে আছ বাবা, গান-বাজনা শুনবে কে ? মণি ? আচ্ছা, সে-সব আর একদিন হবে, এখন যাও তুমি মোটর নিয়ে একটু ঘুরে এসো গে ; কিন্তু বেশী দেরী করতে পাবে না। আর তোমার একলা যাওয়া চলবে না তা বলে দিচ্ছি। ডাইভার ব্যাটা যে কুড়ে হয়ে গেল।—এই বলিয়া তিনি একটা মুকুটিন সমস্তার অভাবনীয় স্মৃতিমাংসা করিয়া উজ্জল আনন্দে আরাম-কেন্দ্রারায় চিৎ হইয়া পড়িয়া ফৌদ করিয়া পরিভ্রমের দীর্ঘশ্বাস মোচন করিলেন। সঙ্গে সঙ্গে বলিলেন, তুমি যাবে টাঙ্গা ভাড়া ক'রে বেড়াতে ? ছিঃ !

মনোরমা ঘরে পা দিয়া অজিতকে দেখিয়া ঘাড় বাঁকাইয়া দাঁড়াইল। সাড়া পাইয়া আশ্রবাবু আবার সোজা হইয়া বসিলেন, সর্কোতুকে স্নিগ্ধহাস্তে মুখ উজ্জল করিয়া কহিলেন, বলি আজকের কথাটা মনে আছে ত মা ? না, একদম ভুলে বসে আছ ?

কি বাবা ?

আজ যে সকলের নেমস্ত্র ? তোমাদের গানের পালা শেষ হ'লে তাদের যে আজ খাওয়াবে—বলি, মনে আছে ত ?

মনোরমা মাথা নাড়িয়া বলিল, আছে বইকি ? মোটর পাঠিয়ে দিয়েছি তাঁদের আনতে।

মোটর পাঠিয়েছ আনতে ? কিন্তু খাওয়া-দাওয়া ?

মণি কহিল, সমস্ত ঠিক আছে বাবা, ক্রটি হবে না।

আচ্ছা, বলিয়া তিনি পুনরায় চেয়ারে হেলান দিয়া পড়িলেন। মুখের 'পর কে যেন কালি লেপিয়া দিল।

মনোরমা চলিয়া গেল। অজিতও বাহির হইয়া যাইতেছিল, আশুবাবু তাহাকে ইঙ্গিতে নিবেদন করিয়া বল্লক্ষণ নীরব হইয়া রহিলেন। পরে উঠিয়া বসিয়া কহিলেন, অজিত, মেয়ের হয়ে ক্ষমা চাইতে আমার লজ্জা করে; কিন্তু ওর মা বেঁচে নেই, তিনি থাকলে আমাকে এ কথা বলতে হ'তো না।

অজিত চুপ করিয়া রহিল। আশুবাবু বলিলেন, ওর 'পরে তুমি কেন রাগ করে আছ এ তিনিই তোমার কাছ থেকে বার ক'রে নিতেন, কিন্তু তিনি ত নেই, আমাকে কি তা বলা যায় না?

তাঁহার কণ্ঠস্বর এমনি সন্দ্বন্দে যে ক্রেশ বোধ হয়। তথাপি অজিত নির্বাক হইয়া রহিল।

আশুবাবু জিজ্ঞাসা করিলেন, ওর সঙ্গে কি তোমার কোন কথাবার্তা হয় নি?

অজিত কহিল, হয়েছিল।

আশুবাবু ব্যগ্র হইয়া উঠিলেন, হয়েছিল? কখন হ'লো? মণি হঠাৎ যে কাল ঘুমিয়ে পড়েছিল এ কি তোমাকে সে বলেছিল?

অজিত কিছুক্ষণ স্থির থাকিয়া বোধ হয় কি জবাব দিবে ইহাই ভাবিয়া লইল, তারপর ধীরে ধীরে কহিল, অত রাত্রি পবাস্ত নিরর্থক জেগে থাকা সহজও নয়, উচিতও নয়। ঘুমুলে অজ্ঞান হ'তো না, কিন্তু তিনি ঘুমোন নি। আপনি শুতে যাবার খানিক পরেই তাঁর সঙ্গে দেখা হয়েছিল।

তারপরে?

তারপরের আর কোন কথা আপনাকে বলব না।—বলিয়া সে চলিয়া গেল। দ্বারের বাহির হইতে বলিয়া গেল, হৃদয় কাল-পরশু আমি এখান থেকে চলে যেতে পারি।

আশুবাবু কিছুই বুঝিলেন না, শুধু বুঝিলেন কি একটা ভয়ানক দুর্ঘটনা ঘটিয়া গিয়াছে।

অজিতকে লইয়া টাক্সা বাহির হইয়া গেল, সে তিনি গুনিতে পাইলেন। মিনিট-কয়েক পরে প্রচুর কোলাহল করিয়া নিমন্ত্রিতদের লইয়া মোটর ফিরিয়া আসিল, সেও তাঁহার কানে গেল; তিনি নড়িলেন না, সেখানেই মূর্ত্তির মত নিশ্চল হইয়া বসিয়া রহিলেন। বৈঠক বসিলে বেহারার গিয়া সংবাদ দিল, বাবুর শরীর ভাল নয়, তিনি শুইয়া পড়িয়াছেন।

সেদিন গান জমিল না, খাওয়ার উৎসাহ ম্লান হইয়া গেল, সকলেরই বার বার মনে হইতে লাগিল, বাড়ীর একজন ভ্রমণের ছলে বাহির হইয়া গেছেন এবং আর একজন তাঁহার বিপুল দেহ ও প্রসন্ন স্নিগ্ধহাস্য লইয়া সভার যে স্থানটি উজ্জ্বল করিয়া রাখিতেন আজ সেখানটা শূন্য পড়িয়া আছে।

দশ

এদিকে অজিতের গাড়ী আসিয়া কমলের বাটার সম্মুখে থামিল। কমল পথের ধারে সঙ্গীর্ণ বারান্দায় দাঁড়াইয়া ছিল, চোখেচোখি হইতেই হাত তুলিয়া নমস্কার করিল। গাড়ীটাকে ইঙ্গিত দেখাইয়া চোচাইয়া বলিল, ওটা বিদেয় করে দিন। সম্মুখে দাঁড়িয়ে কেবল ফেরবার তাড়া দেবে।

সিঁড়ির মুখেই আবার দেখা হইল। অজিত কহিল, বিদেয় করে ত দিলেন, কিন্তু ফেরবার সময় আর একটা পাওয়া যাবে ত ?

কমল বলিল, না। কতটুকুই বা পথ, হেঁটে যাবেন।

হেঁটে যাব ?

কেন ভয় করবে নাকি ! না হয় আমি নিজে গিয়ে আপনাকে বাড়ী পর্যন্ত পৌঁছে দিখে আসব। আহুন। বলিয়া সে তাহাকে সঙ্গে করিয়া রান্নাঘরে আনিয়া বসিবার জল কল্যাণকার সেই আসনখানি পাতিয়া দিয়া কহিল, চেয়ে দেখুন সারাদিন ধরে আমি কত রান্না রোধেছি। আপনি না এলে রাগ করে আমি সমস্ত মুচিদের ডেকে দিয়ে দিতাম।

অজিত বলিল, আপনার রাগ ত কম নয় ; কিন্তু তাতে এর চেয়ে খাবার-গুলোর ঢের বেশী সদগতি হ'তো।

এ কথার মানে ? বলিয়া কমল ক্ষণকাল অজিতের মুখের প্রতি চাহিয়া থাকিয়া শেষে নিজেই কহিল, অর্থাৎ আপনার অভাব নেই, হয়ত অধিকাংশই ফেলা যাবে, কিন্তু তাদের অত্যন্ত অভাব। তারা খেয়ে বাঁচবে। স্বতরাং তাদের খাওয়ানোই খাবারের যথার্থ সন্থ্যবহার, এই না ?

অজিত ঘাড় নাড়িয়া বলিল, এ ছাড়া আর কি !

কমল বলিল, এ হ'লো সাধু লোকদের ভালমন্দর বিচার, পুণ্যস্বাদের

ধর্মবুদ্ধির যুক্তি! পরলোকের খাতায় তারা একেই সার্থক ব্যয় বলে লিখিয়ে রাখতে চায়, বোধে না যে আসলে ঐটেই হ'লো ভুলো। আনন্দের সুধাপাত্র যে অপব্যয়ের অন্ডায়েই পরিপূর্ণ হয়ে ওঠে, এ কথা তারা জানবে কোথা থেকে?

অজিত আশ্চর্য হইয়া কহিল, মানুষের কর্তব্যবুদ্ধির ভেতর আনন্দ নেই নাকি?

কমল কহিল, না নেই। কর্তব্যের মধ্যে যে আনন্দের ছলনা সে দুঃখেরই নামাস্তর। তাকে বুদ্ধির শাসন দিয়ে জোর করে মানতে হয়। সেই ত বন্ধন। তা না হ'লে এই যে শিবনাথের আসনে এনে আপনাকে বসিয়েছি, ভালবাসার এই অপব্যয়ের মধ্যে আমি আনন্দ পেতাম কোথায়? এই যে সারাদিন অভুক্ত থেকে কত কি বাঁসে রেখেছি—আপনি এসে খাবেন বাঁলে, এত বড় অকর্তব্যের ভেতরে আমি তৃপ্তি পেতাম কোন্‌পানে? অজিতবাবু, আজ আমার সকল কথা আপনি বুঝবেন না, বোঝবার চেষ্টা করেও লাভ নেই, কিন্তু এতখানি উর্কো কথার অর্থ যদি কখনো আপনা থেকেই উপলব্ধি করেন, সেদিন কিন্তু আমাকে স্মরণ করবেন। কিন্তু এখন থাক, আপনি গেতে বসুন। বলিয়া সে পাত্র ভরিয়া বহুবিধ ভোজ্যবস্তু তাহার সম্মুখে রাখিল।

অজিত বহুক্ষণ মৌন থাকিয়া কহিল, এ ঠিক যে আপনার শেষ কথাগুলোর অর্থ আমি ভেবে পেলাম না, কিন্তু তনুও মনে হচ্ছে যেন একেবারে অবোধ্য নয়। বুঝিয়ে দিলে হয়ত বুঝতেও পারি।

কমল কহিল, কে বুঝিয়ে দেবে অজিতবাবু, আমি? আমার দরকার? —বলিয়া সে হাসিয়া বাকি পাত্রগুলো অগ্রসর করিয়া দিল।

অজিত আহায়ে মনোনিবেশ করিয়া বলিল, আপনি বোধ হয় জানেন না যে কাল আমার খাওয়া হয় নি।

কমল কহিল, জানি নে বটে, কিন্তু আমার ভয় ছিল অত রাতে কিরে গিয়ে হয়ত আপনি খাবেন না। তাই হয়েছে। আমার নোষেই কাল কই পেলেন।

কিন্তু আজ স্নদস্নদ আদার হচ্ছে। কথাটা বলিয়াই তাহার স্মরণ হইল কমল এখনও অভুক্ত। মনে মনে লজ্জা পাইয়া কহিল, কিন্তু আমি একেবারে

জন্মের মত স্বার্থপর! সারাদিন আপনি খান নি, অথচ সেদিকে আমার হাঁস নেই, দিব্যি খেতে বসে গেছি।

কমল হাসিমুখে জবাব দিল, এ যে আমার নিজের খাওয়ার চেয়েও বড়, তাইত তাডাতাডি আপনাকে বসিয়ে দিয়েছি অজিতবাবু। এই বলিয়া সে একটু খামিয়া কহিল, আর এসব মাছ-মাংসের কাণ্ড, আমি ত খাই নে।

কিন্তু কি খাবেন, আপনি?

ঐ যে। বলিয়া সে দূরে এনামেলের বাটিতে ঢাকা একটা বস্তু হাত দিয়া দেখাইয়া কহিল, ওর মধ্যে আমার চাল-ডাল আলু-সেদ্ধ হয়ে আছে। ঐ আমায় রাজভোগ।

এ বিষয়ে অজিতের কৌতূহল নিবৃত্তি হইল না, কিন্তু তাহার সন্দোহে বাড়িল। পাছে সে দারিদ্র্যের উল্লেখ করে, এই আশঙ্কায় সে অল্প কথা পাড়িল, কহিল, আপনাকে দেখে প্রথম থেকেই আমার কি যে বিশ্বয় লেগেছিল তা বলতে পারি নে।

কমল হাসিয়া ফেলিয়া কহিল, সে ত আমার রূপ; কিন্তু সেও হার মেনেছে অক্ষয়বাবুর কাছে। তাঁকে পরাস্ত করতে পারে নি।

অজিত লজ্জা পাইয়াও হাসিল, কহিল, বোপ হয় না। তিনি গোলকুণ্ডার মার্কিন। তাঁর গায়ে আঁচড় পড়ে না; কিন্তু সবচেয়ে বিশ্বয় লেগেছিল আপনার কথা শুনে। হঠাৎ যেন ধৈর্য্য থাকে না—রাগ হয়। মনে হয় কোন সত্যকেই আপনি আমল দিতে চান না। হাত বাড়িয়ে পথ আগলানোই যেন আপনার স্বভাব।

কমল হয়ত ক্ষুব্ধ হইল। বলিল, তা হবে; কিন্তু আমার চেয়েও বড় বিশ্বয় সেখানে ছিল—সে আর একটা দিক। যেমন বিপুল দেহ, তেমনি বিরাট শাস্তি! ধৈর্য্যের যেন হিমগিরি। উত্তাপের বাষ্পও সেখানে পৌঁছায় না। ইচ্ছে হয়, আমি যদি তাঁব মেয়ে হতাম।

কথাটি অজিতের অত্যন্ত ভাল লাগিল। আশুবাবুকে সে অন্তরের মধ্যে দেবতার ছায় ভক্তিশ্রদ্ধা করে। তথাপি কহিল, আপনাদের উভয়ের এমন বিপরীত প্রকৃতি মিলতো কি করে?

কমল বলিল, তা জানি নে। আমার ইচ্ছের কথাই শুধু বললাম। মনির মত আমিও যদি তার মেয়ে হয়ে জন্মাতাম! এই বলিয়া সে ক্ষণকাল

নিশ্চয় থাকিগা কহিল, আমার নিজের বাবাও বড় কম লোক ছিলেন না। তিনি এমনি ধীর, এমনি শাস্ত মানুষটি ছিলেন।

কমল দাসীর কণ্ঠা, ছোটজাতের মেয়ে, সকলের কাছে অজিত এই কথাই শুনিয়েছিল। এখন কমলের নিজের মুখে তাহার পিতার গুণের উল্লেখ তাহার জন্মরহস্য জানিবার আকাঙ্ক্ষা প্রবল হইয়া উঠিল; কিন্তু জিজ্ঞাসাবাদের দ্বারা পাছে তাহার ব্যথার স্থানে অতর্কিত আঘাত করে এই ভয়ে প্রশ্ন করিতে পারিল না; কিন্তু মনটি তাহার ভিতরে ভিতরে স্নেহে ও কৰুণায় পূর্ণ হইয়া উঠিল।

থাওয়া শেষ হইল; কিন্তু তাহাকে উঠিতে বলায় অজিত অস্বীকার করিয়া বলিল, আগে আপনার থাওয়া শেষ হোক, তারপরে।

কেন কষ্ট পাবেন অজিতবাবু, উঠুন। বরঞ্চ মুখ ধুয়ে এসে বসুন, আমি খাচ্ছি।

না, সে হবে না। আপনি না খেলে আমি আসন ছেড়ে এক পা-ও উঠবো না।

বেশ মানুষ ত! বলিয়া কমল হাসিয়া আহাধ্য-দ্রব্যের ঢাকা খুলিয়া আহারে প্রবৃত্ত হইল। কমল লেশমাত্র অত্যাক্তি করে নাই। চাল-ডাল ও আলু-সিদ্ধই বটে। শুকাইয়া প্রায় বিবর্ণ হইয়া উঠিয়াছে। অগ্ণাত দিন সে কি খায়, না খায়, সে জানে না; কিন্তু আজ এত প্রকার পর্যাণ্ড আয়োজনের মাঝেও, এই স্বেচ্ছাকৃত আত্মপীড়নে তাহার চোখে জল আসিতে চাহিল। কাল শুনিয়েছিল দিনান্তে সে একটিবার মাত্র খায় এবং আজ দেখিতে পাইল তাহা এই। স্মরণ্য যুক্তি ও তর্কের ছলনায় কমল মুখে যাহাই বলুক, বাস্তব ভোগের ক্ষেত্রে তাহার এই কঠোর আত্মসংযম অজিতের অভিজ্ঞত মুগ্ধচক্ষু মাধুর্য ও শ্রদ্ধায় অপরূপ হইয়া উঠিল, এবং এই বঞ্চনায়, অসম্মানে ও অনাদরে যে কেহ ইহাকে লাঞ্চিত করিয়াছে, তাহাদের প্রতি তাহার ঘৃণায় অবধি রহিল না। কমলের খাওয়ার প্রতি চাহিয়া এই ভাবটাকে সে আর চাপিতে পারিল না, উদ্ধৃষিত আবেগে বলিয়া উঠিল, নিজেকে বড় মনে ক'রে যারা অপমানে আপনাকে দূরে রাখতে চায়, যারা অকারণে গ্লানি ক'রে বেড়ায়, তারা কিন্তু আপনার পদস্পর্শেরও যোগ্য নয়। সংসারে দেবীর আসন যদি কারও থাকে সে আপনার।

কমল অকৃত্রিম বিস্ময়ে মুখ তুলিয়া জিজ্ঞাসা করিল, কেন ?

কেন তা জানি নে, কিন্তু আমি শপথ করে বলতে পারি।
কমলের বিশ্বাসের ভাব কাটিল না, কিন্তু সে চূপ করিয়া রহিল।
অজিত বলিল, যদি ক্ষমা করেন ত একটা প্রশ্ন করি।

কি প্রশ্ন?

পাপিষ্ঠ শিবনাথের কাছে এই অপমান ও বঞ্চনা পাবার পরেই কি এই
কুচ্ছ অবলম্বন করেছেন?

কমল কহিল, না। আমার প্রথম স্বামী মরবার পর থেকেই আমি এমনি
গাই। এতে আমার কষ্ট হয় না।

অজিতের মুখের উপরে যেম কে কালি ঢালিয়া দিল। সে কয়েক মুহূর্ত
স্তব্ধ থাকিয়া নিজেকে সামলাইয়া লইয়া আশ্তে আশ্তে জিজ্ঞাসা করিল,
আপনার আর একবার বিবাহ হয়েছিল নাকি?

কমল কহিল, হাঁ। তিনি একজন অসমীয়া ক্রীষ্টান। তাঁর মৃত্যুর পরেই
আমার বাবা মারা গেলেন হঠাৎ ঘোড়া থেকে পড়ে। তখন শিবনাথের এক
খুড়ো ছিলেন বাগানের হেডক্লার্ক। তাঁর স্ত্রী ছিল না, মাকে তিনি আশ্রয়
দিলেন। আমিও তাঁর সংসারে এলাম। এই রকম নানা ভ্রুপে কষ্টে পড়ে
একবেলা পাওয়াই অভ্যাস হয়ে গেল। কুচ্ছ সাধন আর কি, বরঞ্চ শরীর
মন দুই-ই ভাল থাকে।

অজিত নিঃশ্বাস ফেলিয়া কহিল, আপনারা শুনেছি জাতে উঁতি।

কমল কহিল, লোকে তাই বলে; কিন্তু মা বলতেন তাঁর বাবা ছিলেন
আপনাদের জাতেরই একজন কবিরাজ। অর্থাৎ আমার সত্যিকার মতামহ
উঁতি নয়, বৈথ। এই বলিয়া সে একটু হাসিয়া কহিল, তা তিনি যেই হোন,
এখন রাগ করাও বৃথা, আফশোষ করাও বৃথা।

অজিত কহিল, সে ঠিক।

কমল বলিল, মার রূপ ছিল, কিন্তু রুচি ছিল না। বিয়ের পরে কি
একটা দুর্নাম রটায় তাঁর স্বামী তাঁকে নিয়ে আসামের চা-বাগানে পালিয়ে
যান; কিন্তু বাঁচলেন না, কয়েক মাসের জরেই মারা গেলেন। বছর তিনেক
পরে আমার জন্ম হ'ল বাগানের বড় সাহেবের ঘরে।

তাহার বংশ ও জন্মগ্রহণের বিবরণ শুনিয়া অজিতের মুহূর্তকাল পূর্বের
স্নেহ ও শ্রদ্ধা-বিস্ফারিত হৃদয় বিতুষ্টা ও সঙ্কোচে বিন্দুবৎ হইয়া গেল।

তাহার সবচেয়ে বাজিল এই কথাটা যে, নিজের ও জননীর এত বড় একটা লজ্জাকর বৃত্তান্ত বিবৃত করিতে ইহার লজ্জার লেশমাত্র নাই। অন্যায়সে বলিল, মায়ের রূপ ছিল, রুচি ছিল না। যে অপরাধে একজন মাটির সহিত মিশিয়া খাইত, সে ইহার কাছে রুচির বিকার মাত্র। তার বেশি নয়।

কমল বলিতে লাগিল, কিন্তু আপনার বাপ ছিলেন সাধু লোক। চরিত্রে পাণ্ডিত্যে, সততার—এমন মানুষ খুব কম দেখেছি অজিতবাবু। জীবনের উনিশটা বছর আমি তাঁর কাছেই মানুষ হয়েছিলাম।

অজিতের একবার সন্দেহ হইয়াছিল এ হয়ত পরিহাস করিতেছে; কিন্তু এ কি রকম তামাসা? কহিল, এসব কি আপনি সত্যি বলচেন?

কমল একটু আশ্চর্য হইয়াই জবাব দিল, আমি ত কখনই মিথ্যে বাল নে, অজিতবাবু। পিতার স্মৃতি পলকের জন্ম তাহার মুখের 'পরে একটা স্নিগ্ধ দীপ্ত ফেলিয়া গেল। কহিল, জীবনে কখনো কোন কারণেই যেন মিথ্যা চিন্তা, মিথ্যা অভিমান, মিথ্যা বাক্যের আশ্রয় না নিই, বাবা এই শিক্ষাই আমাকে বার বার দিয়ে গেছেন।

অজিত তথাপি যেন বিশ্বাস করিতে পারিল না। বলিল, আপনি ইংরেজের কাছে যদি মানুষ, আপনার ইংরিজী জানাটাও ত উচিত।

প্রত্যুত্তরে কমল শুধু একটু মুচকিয়া হাসিল। বলিল, আমার খাওয়া হয়ে গেছে, চলুন গ-ঘরে যাই।

না, এখন আমি উঠব।

বসবেন না? আজ এত শীঘ্র চলে যাবেন!

হাঁ, আজ স্নান সময় হবে না।

এতক্ষণ পরে কমল মুখ তুলিয়া তাহার মুখের অত্যন্ত কঠোরতা লক্ষ্য করিল। হয়ত কারণটাও অনুমান করিল। কিছুক্ষণ নির্নিমেষচক্ষে চাহিয়া থাকিয়া ধীরে ধীরে বলিল, আচ্ছা যান।

ইহার পরে যে কি বলিবে অজিত খুঁজিয়া পাইল না, শেষে কহিল, আপনি কি এখন আগ্রাতেই থাকবেন?

কেন?

ধরুন শিবনাথবাবু যদি আর নাই আসেন। তাঁর 'পরে ত আপনার জোর নেই!

কমল কহিল, না। একটু স্থির থাকিয়া বলিল, আপনাদের ওখানে ত তিনি রোজ যান, গোপনে একটু জেনে নিয়ে কি আমাকে জানাতে পারবেন না ?

তাতে কি হবে ?

কমল কহিল, কি আর হবে। বাড়ীভাড়াটা এ মাসের দেওয়াই আছে, আমি তা হ'লে কাল-পরশু চলে যেতে পারি।

কোথায় যাবেন ?

কমল এ প্রশ্নের উত্তর দিল না, চুপ করিয়া রহিল।

অজিত জিজ্ঞাসা করিল, আপনার হাতে বোধ করি টাকা নেই ?

কমল এ প্রশ্নেরও উত্তর দিল নন।

অজিত নিজেও কিছুক্ষণ মৌন থাকিয়া বলিল, আসবার সময় আপনার জগে কিছু টাকা এনেছিলাম। নেবেন ?

না।

না কেন ? আমি নিশ্চয়ই জানি আপনার হাতে কিছুই নেই। যাও বা ছিল, আজ আমারই জগু তা নিঃশেষ হয়েছে। কিছু উত্তর না পাইয়া সে পুনশ্চ কহিল, প্রয়োজনে বন্ধুর কাছে কি কেউ নেয় না ?

কমল কহিল, কিন্তু বন্ধু ত আপনি নন।

না-ই হলাম ; কিন্তু অবন্ধুর কাছেও ত লোকে ঋণ নেয় ; আবার শোধ দেয়। আপনি তাই কেন নিন না।

কমল ঘাড় নাড়িয়া কহিল, আপনাকে ত বলেছি আমি কখনোই মিথ্যে বলি নে।

কথা মূঢ়, কিন্তু তীরের ফলার ঞায় তীক্ষ্ণ ! অজিত বুঝিল ইহার অর্থথা হইবে না। চাহিয়া দেখিল প্রথম দিনে তাহার গায়ে সামান্ত অলঙ্কার বাহা কিছু ছিল আজ তাহাও নাই। সম্ভবতঃ বাড়ীভাড়া ও এই কয়দিনের খরচ চালাইতে শেষ হইয়াছে। সহসা ব্যথার ভাবে মনের ভিতরটা কাঁদিয়া উঠিল। জিজ্ঞাসা করিল, কিন্তু বাওঝাই কি স্থির !

কমল কহিল, তা ছাড়া উপায় কি আছে ?

উপায় কি আছে সে জানে না এবং জানে না বলিয়াই তাহার কষ্ট হইতে লাগিল। শেষ চেষ্টা করিয়া কহিল, জগতে কি কেউ নেই যার কাছে এ সময়েও কিছু সাহায্য নিতে পারেন ?

কমল একটুখানি ভাবিয়া বলিল, আছেন। মেয়ের মত তাঁর কাছে গিয়েই শুধু হাত পেতে নিতে পারি; কিন্তু আপনার যে রাত হয়ে যাচ্ছে। সঙ্গে গিয়ে এগিয়ে দেব কি?

অজিত ব্যস্ত হইয়া বলিল, না, আমি একাই যেতে পারবো।

তা হ'লে আসুন। নমস্কার। বলিয়া কমল তাহার শোবার ঘরে গিয়া প্রবেশ করিল।

অজিত মিনিট-দুই সেখানে স্তব্ধভাবে দাঁড়াইয়া রহিল। তারপরে নিঃশব্দে ধীরে ধীরে নামিয়া গেল।

এগার

বেলা তৃতীয় প্রহর। শীতের অবধি নাই। আশুবাবুর বসিবার ঘরে শার্মিষ্ঠলা দারাদিন বস্ক আছে, তিনি আরাম-কদারায় দুই হাতলের উপর দুই পা মেলিয়া দিয়া গভীর মনোযোগের সহিত কি একটা পড়িতেছিলেন, সেই কাগজের পাতার পিছনের দরজার দিকে একটা ছায়া পড়ায় বুঝিলেন এতক্ষণে তাহার বেহারার দিবানিদ্ৰা সম্পূর্ণ হইয়াছে। কহিলেন, কাঁচা ঘুমে ওঠো নি ত বাবা, তা হ'লে আগার মাথা ধরবে। বিশেষ কষ্টবোধ না করো ত গায়ে কাপড়টা দিয়ে গরীবের পা দুটো একটু ঢেকে দাও।

নাচের কার্পেটে একটা মোটা বালাপোন লুটাইতেছিল, আগন্তুক সেইখান। তুলিয়া লইয়া তাহার দুই পা ঢাকিয়া দিয়া পায়ের তলা পর্য্যন্ত বেশ করিয়া মুড়িয়া দিল।

আশুবাবু কহিলেন, হয়েছে বাবা, আর অতি যত্নে কাজ নেই। এইবার একটা চুরুট দিয়ে আর একটুখানি গড়িয়ে নাও গে, এখনো একটু বেলা আছে কিন্তু বুঝবে বাবা কাল--

অর্থাৎ কাল তোমার চাকবি যাবেই। কোন সাড়া আসিল না, কারণ প্রহুর এবন্ধি মস্তব্যে ভৃত্য অভ্যস্ত। প্রতিবাদ করাও যেমন নিশ্চয়োজন, বিচলিত হওয়াও তেমনি বাহুল্য।

আশুবাবু হাত বাড়াইয়া চুরুট গ্রহণ করিলেন এবং দেশলাই জ্বালায় শব্দে

এতক্ষণে লেখা হইতে মুখ তুলিয়া চাহিলেন। কয়েক মুহূর্ত অভিজ্ঞতের মত স্বল্প থাকিয়া কহিলেন, তাইত বলি, এ কি ষেদোর হাত? এমন ক'রে পাটেকে দিতে ত তার চৌদ্দপুরুষে জানে না।

কমল বলিল, কিন্তু এদিকে যে হাত পুরে যাচ্ছে।

আশুবাবু ব্যস্ত হইয়া জলস্ত কাঠিটা তাহার হাত হইতে ফেলিয়া দিলেন এবং সেই হাত নিজের হাতের মধ্যে টানিয়া লইয়া তাহাকে জোর করিয়া সম্মুখে টানিয়া আনিয়া কহিলেন, এতদিন তোমাকে দেখতে পাই নি কেন না?

এই প্রথম তাহাকে তিনি মার্চসম্বোধন করিলেন; কিন্তু তাহার প্রশ্নের যে কোন অর্থই নাই তাহা উচ্চারণ করিবামাত্র তিনি নিজেই টের পাইলেন।

কমল একগানা চৌকি টানিয়া লইয়া দূরে বসিতে যাইতেছিল, তিনি তাহা হইতে দিলেন না, বলিলেন, ওখানে নয় মা, আমার খুব কাছে এসে ব'সো। এই বলিয়া তাহাকে একান্ত সন্নিকটে আকর্ষণ করিয়া বলিলেন, এমন হঠাৎ যে কমল?

কমল কহিল, আজ ভারি ইচ্ছে হ'লো আপনাকে একবার দেখে আনি। তাই চলে এসাম।

আশুবাবু প্রত্যুত্তরে শুধু কহিলেন, বেশ করেছে; কিন্তু ইহার অধিক আর কিছু বলিতে পারিলেন না। অত্যাগত সকলের মতো তিনিও জানেন এদেশে কমলের সঙ্গী-সাথী নাই, কেহ তাহাকে চাহে না, কাহারও বাটীতে তাহার বাইবার অধিকার নাই—নিতান্ত নিঃস্ব জীবনই এই মেয়েটির প্রতিবাহিত করিতে হয়, তথাপি এমন কথাও তাহার মূখ দিয়া বাহির হইল না—কমল, তোমার যখন খুশি স্বচ্ছন্দে আসিয়ো। আর যাহার কাছেই হোক, আমার কাছে তোমার কোন সন্ধান নাই। ইহার পরে বোধ করি কথার অভাবেই তিনি মিনিট দুই-তিন কেমন একপ্রকার অত্যমনস্কের মত মৌন হইয়া রহিলেন। তাহার হাতের কাগজগুলো নীচে খসিয়া পড়িতে কমল হেঁট হইয়া তুলিয়া দিয়া কহিল, আপনি পড়ছিলেন, আমি অসময়ে এসে বোধ হয় বিপ্লব করলাম।

আশুবাবু বলিলেন, না! পড়া আমার হয়ে গেছে। যেটুকু বাকি আছে তা না পড়লেও চলে—পড়বার ইচ্ছেও নেই। একটুখানি থামিয়া বলিলেন,

তা ছাড়া তুমি চলে গেলে আমাকে একলা থাকতেই ত হবে। তার চেয়ে বসে দুটো গল্প করো, আমি শুনি।

কমল কহিল, আমি ত আপনার সঙ্গে সারাদিন গল্প করতে পেলো যেহেতু যাই; কিন্তু আর সকলে রাগ করবেন যে? তাহার মুখের হাসি সঙ্গেও আশুবাবু ব্যথা পাইলেন; কহিলেন, কথা তোমার মিথ্যা নয় কমল; কিন্তু ধারা রাগ করবেন তাঁরা কেউ উপস্থিত নেই। এখানকার নতুন ম্যাজিস্ট্রেট বাঙ্গালী। তার স্ত্রী হচ্ছেন মণির বন্ধু, একসঙ্গে কলেজে পড়েছিলেন। দিন-দুই হ'লো তিনি স্বামীর কাছে এসেছেন, মণি তাঁর ওখানেই বেড়াতে গেছেন, ফিরতে বোধ হয় রাত্রি হবে।

কমল সহাস্তে প্রশ্ন করিল, আপনি বললেন ধারা রাগ করবেন। একজন ত মনোরমা, কিন্তু বাকি কারা?

আশুবাবু বলিলেন, সবাই। এখানে তার অভাব নেই। আগে মনে হ'তো অজিতের হস্ত তোমার প্রতি রাগ নেই, কিন্তু এখন দেখি তার বিদ্বৈষ্যই যেন সবচেয়ে বেশি। অক্ষয়বাবুকেও হার মানিয়েছে।

কমল চুপ করিয়া শুনিতেছে দেখিয়া বলিতে লাগিলেন, এসেও তাকে এমন দেখি নি, কিন্তু হঠাৎ দু-তিনের মধ্যে সে যেন বদলে গেল। এখন অবিনাশকেও দেখি তাই। এরা সবাই মিলে যেন তোমার বিরুদ্ধে চক্রান্ত করেছে।

ক। এবার কমল হাসিল, কহিল, অর্থাৎ কুশাকুরের উপর বজ্রাঘাত; কিন্তু তোমার মত সমাজ ও লোকালয়ের বাইরে তুচ্ছ একজন মেয়েমানুষের বিরুদ্ধে চক্রান্ত কিবের জন্ত? আমি ত কারও বাড়ীতে যাই নে।

আশুবাবু বলিলেন, তা যাও না সত্যি। সহরের কোথায় তোমার বাসা, তাও কেউ জানে না, কিন্তু তাই বলে তুমি তুচ্ছ নয়, কমল। তাই তোমাকে এরা ভুলতেও পারে না, মাপ করতেও পারে না। তোমার আলোচনা না করে তোমার খোঁটা না দিয়ে এদের স্বস্তিও নেই, শাস্তিও নেই। অকস্মাৎ হাতের কাগজগুলো তুলিয়া ধরিয়া কহিলেন, এটা কি জানো? অক্ষয়বাবুর রচনা। ইংরাজী না হ'লে তোমাকে পড়ে শোনাতাম। নামধাম নেই, কিন্তু আগাগোড়া শুধু তোমারই কথা, তোমাকে আক্রমণ। কাল ম্যাজিস্ট্রেট সাহেবের বাড়ীতে নাকি নারীকল্যাণ সমিতির উদ্বোধন হবে—এ তারই মঙ্গল

খুল্লান। এই বলিয়া তিনি মেণ্ডলা দূরে নিক্ষেপ করিলেন, কহিলেননি এ শুধু প্রাণ নয়, মাঝে মাঝে গল্পছলে পাত্র-পাত্রীদের মুখ দিবে নানা কথা বা'র করা হয়েছে। এর মূল নীতির সঙ্গে কারও বিরোধ নেই—বিরোধ থাকতেও পারে না, কিন্তু এ ত সে নয়। ব্যক্তিবিশেষকে পদে পদে আঘাত করতে পারাই যেন এর আসল আনন্দ; কিন্তু অক্ষরের আনন্দ আর আমার আনন্দ ত এক নয় কমল, একে ত আমি ভাল বলতে পারি নে।

কমল কহিল, কিন্তু আমি ত আর এ লেখা গুনতে যাবো না—আমাকে আঘাত করার সার্থকতা কি ?

আশুবাবু বলিলেন, কোন সার্থকতা নেই। তাই বোধ হয় ওরা আমাকে পড়তে দিয়েছে। ভেবেছ ভরাডুবির মুষ্টি লাভ। বুড়োকে দুঃখ দিয়ে যতটুকু ক্ষোভ মেটে। এই বলিয়া তিনি হাত বাড়াইয়া কমলের হাতখানি আর একবার টানিয়া লইলেন। এই স্পর্শটুকুর মধ্যে যে কি কথা ছিল কমল তাহার সবটুকু বুঝিল না, তবু তাহার ভিতরটা কি একরকম করিয়া উঠিল। একটু খামিয়া কাইল, আপনার দুর্কলতাটুকু তাঁরা ধরেছেন, কিন্তু আসল মানুষটিকে তাঁর চিনতে পারেন নি।

তুমি কি পেরেচো মা ?

বোধ হয় ওঁদের চেয়ে বেশি পেরেচি।

আশুবাবু ইহার উত্তর দিলেন না, বহুক্ষণ নীরবে বসিয়া থাকিয়া আশ্বে আশ্বে বলিতে লাগিলেন, সবাই ভাবে এই সদানন্দ বুড়ে। লোকটির মত স্বামী কেউ নেই। অনেক টাকা, অনেক বিষয়-আশয়—

কিন্তু সে ত মিথ্যে নয়।

আশুবাবু বলিলেন, না, মিথ্যে নয়। অর্থ এবং সম্পত্তি আমার যথেষ্ট আছে, কিন্তু ও মানুষের কতটুকু কমল ?

কমল সহাস্তে কহিল, অনেকখানি আশুবাবু।

আশুবাবু ঘাড় ফিরাইয়া তাহার মুখের প্রতি চাহিলেন, পরে কহিলেন, যদি কিছু না মনে কর ত তোমাকে একটা কথা বলি।

বলুন।

আমি বুড়োমানুষ, আর তুমি আমার মণির সমবয়সী। তোমার মুখ থেকে

দেয়ার নিজের নামটা আমার নিজের কানেই যেন ঠাণ্ডে কমল। তোমার বাধা না থাকে ত আমাকে বরঞ্চ কাকাবাবু বলে ডেকো।

কমলের বিন্ময়ের সীমা রছিল না। আশুবাবু কহিতে লাগিলেন, কথায় বলে, নেই মামার চেয়ে বানা মামাও ভালো। আমি কানা নই বটে, কিন্তু খোঁড়া—বাতে পছু। বাজারে আশু বস্তির কেউ কানাকড়ি দাম দেবে না। এই বলিয়া তিনি সহাস্ত কৌতুকে হাতের বুদ্ধাসুষ্ঠটি আন্দোলিত করিয়া কহিলেন, নাই দিলে মা, কিন্তু যার বাবা বেঁচে নাই তার অত খুঁতখুঁতে হলে চলে না। তার খোঁড়া কাকাই ভালো।

অন্ত পক্ষ হইতে জবাব না পাইয়া তিনি পুনশ্চ কহিলেন, কেউ যদি খোঁচাই দেয় কমল, তাকে দিনয় করে বলো, এই আমার ডের। বলে গরীবের রাঙই সোনা।

ঠাহার চেয়ারের পিছন দিকে বসিয়া কমল ছাদের দিকে চোখ তুলিয়া অশ্রু নিরোধের চেষ্টা করিতে লাগিল, উত্তর দিতে পারিল না। এই দুজনের কোথাও মিল নাই। শুধু অনাস্থীয়-পরিচয়ের সূত্র ব্যবধানই নয়—শিক্ষা, সংস্কার, রীতিনীতি, সংসার ও সামাজিক ব্যবস্থায় উভয়ের কত বড়ই না প্রভেদ? কোন সম্বন্ধই যেখানে নাই, সেখানে শুধু কেবল একটা সম্বোধনের ভঙ্গ করিয়া এই ঠাহিরা রাগিনার কৌশলে কমলের গোপে বহুকাল পরে জল আসিয়া পড়িল।

আশুবাবু জিজ্ঞাসা করিলেন, কেমন মা, পারবে ত বলতে?

কমল উচ্ছ্বসিত অশ্রু সামলাইয়া লইয়া শুধু কহিল, না।

না? না কেন?

কমল এ প্রশ্নের উত্তর দিল না, অন্য কথা পড়িল। কহিল, অজিতবাবু কোথায়?

আশুবাবু কক্ষকাল চূপ করিয়া থাকিয়া বলিলেন, কি জানি হয়ত বাড়ীতেই আছে। পুনরায় কিছুক্ষণ মোঁদ থাকিয়া ধীরে ধীরে বলিতে লাগিলেন, কদিন থেকে আমার কাছে বড় একটা সে আসে না। হয়ত সে এখান থেকে শীঘ্রই চলে যাবে।

কোথায় যাবেন?

আশুবাবু হাসিবার প্রয়াস করিয়া কহিলেন, বুড়োমানুষকে সবাই কি সব

কথা বলে মা? বলে না। হয়ত প্রয়োজনও বোধ করে না। একটুখানি খামিয়া কহিলেন, শুনেচো বোধ হয় মণির সঙ্গে তার বিবাহের সংকল্প অনেক দিন থেকেই স্থির ছিল, হঠাৎ মনে হচ্ছে যেন ওরা কি নিয়ে একটা ঝগড়া করেছে। কেউ কারও সঙ্গে ভাল করে কথাই কয় না।

কমল নীরব হইয়া রহিল, আশুবাবু একটা নিঃশ্বাস ফেলিয়া বলিলেন, জগদীশ্বর মালিক, তাঁর ইচ্ছে। একজন গান-বাজনা নিয়ে মেতে উঠেচে, আর একজন তার পুরানো অভ্যাস হৃদে-আসলে ঝালিয়ে তোলবার যোগাড় করেছে। এই ত চলচে।

কমল আর চূপ করিয়া থাকিতে পারিল না, কৌতূহলী হইয়া প্রশ্ন করিল, কি তাঁর পুরানো অভ্যাস?

আশুবাবু বলিলেন, সে অনেক। ও গেকুয়া প'রে সন্ন্যাসী হয়েছে, মণিকে ভালবেসেছে, দেশের কাজে হাজতে গেছে, বিলেত গিয়ে ইঞ্জিনিয়ার হয়েছে, কিরে এসে সংসারী হবার ইচ্ছে, কিন্তু সম্প্রতি বোধ হয় সেটা একটু বদলেছে। আগে মাছ-মাংস খেতো না, তারপরে খাচ্ছিলো, আবার দেখছি পরশু থেকে বন্ধ করেছে। যত বলে, বাবু ঘণ্টাখানেক ধ'রে ঘরে ব'সে নাক টিপে যোগাভ্যাস করেন।

যোগাভ্যাস করেন?

হাঁ। চাকরটাই বলছিল ফেরবার পথে কাশীতে নাকি সমুদ্রযাত্রার জন্যে প্রায়শ্চিত্ত করে যাবে।

কমল অত্যন্ত আশ্চর্য হইয়া কহিল, সমুদ্রযাত্রার জন্যে প্রায়শ্চিত্ত করবেন অজিতবাবু?

আশুবাবু ঘাড় নাড়িয়া বলিলেন, পারে ও। ওর হ'ল সর্বভোগ্যমুখী প্রতিজ্ঞা।

কমল হাসিয়া ফেলিল। কি একটা বলিতে যাইতেছিল, এমন সময় ধারপ্রান্তে মাহুবেয় ছায়া পড়িল এবং যে ভৃত্য এত বিভিন্ন প্রকারের সংবাদ মনিবকে সরবরাহ করিয়া আসিয়াছে সে-ই আসিয়া সশরীরে দণ্ডায়মান হইল এবং সর্বাপেক্ষা কঠিন সংবাদ এই দিল যে, অবিনাশ, অক্ষয়, হরেন্দ্র, অজিত প্রভৃতি বাবুদের দল আসিয়া পড়িলেন বলিয়া। শুনিয়া শুধু কমল নয়, বন্ধুবর্গের অভ্যাগমে উচ্ছ্বসিত উল্লাসে অভ্যর্থনা করাই যাহার খভাব, সেই

আশুবাবুর পর্বাস্ত মুখ শুক হইয়া উঠিল। ক্ষণেক পরে আগন্তুক ভদ্রব্যক্তির। ঘরে ঢুকিয়া সকলেই আশ্চর্য হইলেন। কারণ এই মেয়েটির এখানে এভাবে দর্শন মিসিতে পারে তাহা তাঁহাদের কল্পনার অতীত। হরেন্দ্র হাত তুলিয়া কমলকে নমস্কার করিয়া কহিল, ভাল আছেন? অনেকদিন আপনাকে দেখি নি।

অবিনাশ হাসিবার মত মুখভঙ্গী করিয়া একবার দক্ষিণে ও একবার বামে ঘাড় নাড়িলেন—তাহার কোন অর্থ-ই নাই। আর সোজা মানুষ অক্ষয়। সে সোজা পথে সোজা মতলবে কাঠের মত ক্ষণকাল সোজা দাঁড়াইয়া দুই চক্ষে অবজ্ঞা ও বিরক্তি বর্ণনা করিয়া একখানা চেয়ার টানিয়া বসিয়া পড়িল। আশুবাবুকে জিজ্ঞাসা করিল, আর্টিকেলটা পড়লেন? বলিয়াই তাহার নজরে পড়িল সেই লেখাটা মাটিতে লুটাইতেছে। নিজেই তুলিতে যাইতেছিল, হরেন্দ্র বাধা দিয়া কহিল, থাক না অক্ষয়বাবু, ঝাঁট দেবার সময় চাকরটা ফেলে দেবে এখন।

তাহার হাতটা ঠেলিয়া অক্ষয় কাগজগুলো কুড়াইয়া আনিলেন।

হাঁ, পড়লাম, বলিয়া আশুবাবু উঠিয়া বসিলেন। চাহিয়া দেখিলেন, অজিত ও-দারের সোফায় বসিয়া সেই দিনের খবরের কাগজটায় চোখ বুলাইতে শুরু করিয়াছে। অবিনাশ কিছু একটা বলিতে পাইয়া নিঃশ্বাস ফেলিয়া ঝাটিল, কহিল, আমিও অক্ষয়ের লেখাটা আগাগোড়া মন দিয়ে পড়েছি, আশুবাবু। ওর অধিকাংশ সত্য এবং মূল্যবান। দেশের সামাজিক ব্যবস্থার যদি সংস্কার করতেই হয় ত সুপরিচিত এবং সুপ্রতিষ্ঠিত পথেই তাপের চালনা করা কর্তব্য। যুরোপের সংস্পর্শে আমরা অনেক ভাল জিনিষ পেয়েছি, নিজেদের বহু ক্রটি আমাদের চোখে পড়েচে, মানি, কিন্তু আমাদের সংস্কার আমাদের নিজের পথেই হওয়া চাই। পরের অনুকরণের মধ্যে কণ্যাণ নেই। ভারতীয় নারীর যা বিশিষ্টতা, যা তাঁদের নিজস্ব, সে থেকে যদি লোভ বা মোহের যশে তাদের নষ্ট করি, আমরা সকল দিক দিয়েই ব্যর্থ হব। এই না অক্ষয়বাবু?

কথাগুলি ভালো এবং সমস্তই অক্ষয়বাবুর প্রবন্ধের। বিনয়বশে তিনি মুখে কিছুই বলিলেন না, শুধু আত্মপ্রসাদের অনির্বচনীয় তৃপ্তিতে অর্ধনিঃশব্দিত নেত্রে বারকয়েক শিরশ্চালন করিলেন।

আশুবাবু অকপটে স্বীকার করিয়া কহিলেন, এ নিয়ে তর্ক নেই অবিনাশ-বাবু। বহু মনীষী বহুদিন থেকে এ কথা বলে আসছেন এবং বোধ হয় ভারতবর্ষের কোন লোকই এর প্রতিবাদ করেন না।

অক্ষয়বাবু বলিলেন, কববার যো নেই এবং এ ছাড়া আরও অনেক বিষয় আছে যা প্রবন্ধে লিখিনি, কিন্তু কাল নারীকল্যাণ সমিতিতে আমি বক্তৃতায় বলব।

আশুবাবু ঘাড় ফিরাইয়া কমলের প্রতি চাহিলেন, কহিলেন, তোমার ত আর সমিতিতে নিমন্ত্রণ নেই, তুমি সেখানে যাবে না। আমিও বাতে কাবু। আমি না বাই কিন্তু এ তোমাদেরই ভালমন্দের কথা। হাঁ কমল, তোমার ত এ প্রস্তাবে আপত্তি নেই?

অন্য সময় হইলে আজকের দিনটায় কমল নীরব হইয়াই থাকিত, কিন্তু একে তার মন খারাপ, তাহাতে এই লোকগুলার এই পৌরুষহীন সজ্জবন্ধ, সদস্ত প্রতিকূলতায় মনের মধ্যে যেন আশুন জলিয়া উঠিল; কিন্তু শিল্পকে যথাসাধ্য সম্বরণ করিয়া সে মুখ তুলিয়া হাসিয়া কহিল, কোনটা আশুবাবু? অল্পকরণটা, না ভারতীয় বিশিষ্টতা।

আশুবাবু বলিলেন, ধরো যদি বলি দুটোই?

কমল কহিল, অল্পকরণ জিনিষটা শুধু বখন বাইরের নকল তখন সে ফাঁকি। তখন আকৃতিতে মিললেও প্রকৃতিতে মেলে না; কিন্তু ভেতরে-বাইরে সে যদি এক হয়েই যায় তখন অল্পকরণ বলে লজ্জা পাবার ত কিছু নেই।

আশুবাবু মাথা নাড়িতে নাড়িতে বলিলেন, আছে বইকি কমল, আছে। ওরকম সর্বস্বীকৃত অল্পকরণে আমরা নিজের বিশেষত্ব হারাই। তার মানে আপনাকে নিঃশেষে হারানো। এর মধ্যে যদি দুঃখ এবং লজ্জা না থাকে ত কিসের মধ্যে আছে বলো ত?

কমল বলিল, গেলোই বা বিশেষত্ব, আশুবাবু! ভারতের বৈশিষ্ট্য এবং যুরোপের বৈশিষ্ট্য প্রভেদ আছে, কিন্তু কোন দেশের কোন বৈশিষ্ট্যের জন্যই মাহুষ নয়, মাহুষের জন্যই তার আদর। আসল কথা বর্তমান কালে সে বৈশিষ্ট্য তার কল্যাণকর কিনা। এ ছাড়া সমস্তই শুধু অন্ধ মোহ।

আশুবাবু ব্যথিত হইয়া কহিলেন, শুধুই অন্ধ মোহ কমল, তাঁর বেশী নয়?

কমল বলিল, না তার বেশী নয়। - কোন একটা জাতের কোন একটা

বিশেষত্ব বহুদিন চলে আসচে বলেই সেই ছাঁচে ঢেলে চিরদিন দেশের মানুষকে গড়ে তুলতে হবে তার অর্থ কই? মানুষের চেয়ে মানুষের বিশেষত্বটাই বড় নয়। আর তাই যখন ভুলি, বিশেষত্বও যায়, মানুষকেও হারাই। সেখানেই সত্যিকারের লজ্জা আস্তাবাবু।

আস্তাবাবু যেন হতবুদ্ধি হইয়া গেলেন, কহিলেন, তা হ'লে ত সমস্ত একাকার হয়ে যাবে? ভারতবর্ষীয় বলে ত আমাদের আর চেনাও যাবে না? ইতিহাসে যে এমনতর ঘটনার সাক্ষী আছে।

তঁাহার কুণ্ঠিত, বিক্ষুব্ধ মুখের প্রতি চাহিয়া কমল হাসিয়া বলিল, তখন মুনি-ঋষিদের বংশধর ব'লে হয়ত চেনা যাবে না, কিন্তু মানুষ বলে চেনা যাবে। আর আপনারা যাকে ভগবান বললেন, তিনিও চিনতে পারবেন, তাঁর ভুল হবে না।

অক্ষয় উপহাসে মুখ কঠিন করিয়া বলিল, ভগবান শুধু আমাদের? আপনার নয়?

কমল উত্তর দিল, না।

অক্ষয় বলিল, এ শুধু শিবনাথের প্রতিচ্ছবি, শেখানের বুলি।

হরেন্দ্র কহিল, ত্রুট!

দেখুন হরেন্দ্রবাবু—

দেখেচি। বিট্টে।

আস্তাবাবু সহসা যেন স্বপ্নোচ্ছিতের স্তায় জাগিয়া উঠিলেন। কহিলেন, স্তাখে: কমল, অপরের কথা বলতে চাই নে, কিন্তু আমাদের ভারতীয় বৈশিষ্ট্য শুধু কথার কথা নয়। এ যাওয়া যে কত বড় ক্ষতি, তার পরিমাণ করা দুঃসাধ্য। কত ধর্ম, কত আদর্শ, কত পুরাণ, ইতিহাস, কাব্য, উপাখ্যান, শিল্প—কত অমূল্য সম্পদ এই বৈশিষ্ট্যকে আশ্রয় করেই ত আজও জীবিত আছে। এর কিছুই ত তা হ'লে থাকবে না?

কমল কহিল, থাকবার জগুই বা এত ব্যাকুলতা কেন? যা যাবার নয়, তা যাবে না। মানুষের প্রয়োজনে আবার নতুন তার রূপ, নতুন সৌন্দর্য, নতুন মূল্য নিয়ে দেখা দেবে। সে-ই হবে তাদের সত্যিকার পরিচয়। নইলে বহুদিন ধরে কিছু একটা আছে বলেই তাকে আরও বহুদিন আগলে রাখতে হবে এ কেমন কথা?

অক্ষয় বলিলেন, সে বোঝবার শক্তি নেই আপনার।

হরেন্দ্র কহিল, আপনার অভদ্র ব্যবহারে আমি আপত্তি করি, অক্ষয়বাবু।

আশুবাবু বলিলেন, কমল, তোমার যুক্তিতে সঙ্গ্রহ যে নেই তা আমি বলি নে, কিন্তু যা তুমি অবজ্ঞায় উপেক্ষা করচ, তার ভেতরেও বহু সত্য আছে। নানা কারণে আমাদের সামাজিক বিধি-ব্যবস্থার 'পরে তোমার অশ্রদ্ধা জন্মেছে; কিন্তু একটা কথা ভুলো না কমল, বাইরে অনেক উৎপাত আমাদের সহিতে হয়েছে, তবু যে আজও সমস্ত বিশিষ্টতা নিয়ে বেঁচে আছি সে কেবল আমাদের সত্য আশ্রয় ছিল বলেই। জগতের অনেক জাতিই একেবারে বিলুপ্ত হয়ে গেছে।

কমল বলিল, তাতেই বা দুঃখ কিসের? চিরকাল ধরেই যে তাদের জায়গা জুড়ে বসে থাকতে হবে তারই বা আবশ্যক কি?

আশুবাবু বলিলেন, এ অল্প কথা, কমল।

কমল কহিল, তা হোক। বাবার কাছে শুনোছিলাম আর্ধ্যদের একটি শাখা ইউরোপে গিয়ে বাস করেছিলেন, আজ তাঁরা নেই; কিন্তু তাঁদের বদলে ধারা আহ্নে ন তাঁরা আরও বড়। তেমনি যদি এদেশেও ঘটতো, ওদের মতই আমরা আর পূর্ব-পিতামহদের জগৎ শোক করতে বসতাম না, নিজেদের সনাতন বিশেষত্ব নিয়ে দৃষ্ট করেও দিনপাত করতাম না। আপনি বলছিলেন যে তাতেই উপদ্রবের কথা, কিন্তু তার চেয়েও বড় উপদ্রব যে ভবিষ্যতে অদৃষ্টে নেই, কিন্তু সমস্ত ফাঁড়াই আমাদের কেটে নিঃশেষ হয়ে গেছে, তাও ত সত্য না হ'তে পারে। তখন আমরা বেঁচে যাবো কিসের জোরে বলুন ত?

আশুবাবু এ প্রশ্নের উত্তর দিলেন না, কিন্তু অক্ষয়বাবু উদীর্ণ হইয়া উঠিলেন, বলিলেন, তখনও বেঁচে যাবো, আমাদের আদর্শের নিত্যতার জোরে, যে আদর্শ বহু সহস্র যুগ আমাদের মনের মধ্যে অবিচলিত হয়ে আছে। যে আদর্শ আমাদের দানের মধ্যে, আমাদের পুণ্যের মধ্যে আমাদের তপস্তার মধ্যে আছে। যে আদর্শ আমাদের নারীজাতির অক্ষয়-সতীত্বের মধ্যে নিহিত আছে। আমরা তারই জোরে বেঁচে যাব। হিন্দু কখনও মরে না।

অজিত হাতের কাগজ ফেলিয়া তাহার দিকে বিক্ষিপ্ত চক্ষে চাহিয়া রহিল এবং মুহূর্তকালের জন্ত কমলও নির্বাক হইয়া গেল। তাহার মনে পড়িল প্রবন্ধ লিপিরা এই লোকটাই তাহাকে অকারণে আক্রমণ করিয়াছে

এখন ইহাই সে কাল নারীর কল্যাণ উদ্দেশ্যে বহু নারীর সমক্ষে দণ্ডের সহিত পাঠ করিবে এবং এই শেষোক্ত ইঙ্গিত শুধু তাহাকেই লক্ষ্য করিয়া। দুর্ভাগ্যক্রমে মুখ তাকান রাঙা হইয়া উঠিল, কিন্তু এবারও সে আপনাকে সতর্ক করিয়া সহজকণ্ঠে কহিল, আপনার সঙ্গে কথা কইতেও আমার ইচ্ছে হয় না অক্ষয়বাবু, আমার আত্মসম্মানে বাধে। বলিয়াই সে আশুবাবুর প্রতি ফিরিয়া চাহিয়া কহিল, কোন আদর্শ-ই বহুকাল স্থায়ী হয়েছে বলেই তা নিত্যকাল স্থায়ী হয় না এবং তার পরিবর্তনেও লজ্জা নেই—এই কথাটাই আপনাকে আমি বলতে চেয়েছিলাম। তাতে জাতের বৈশিষ্ট্য যদি যায়, তবুও। একটা উদাহরণ দিই। আতিথেয়তা আমাদের বড় আদর্শ। কত কাব্য, কত উপাখ্যান, কত ধর্ম-কাহিনী এই নিয়ে রচিত হয়েছে। অতিথিকে খুশী করতে দাতাকর্ণ নিজেই পুত্রহত্যা করেছিলেন। এই নিয়ে কত লোক কত চোখের জলই যে ফেলেছে তার সংখ্যা নেই। অথচ এ কাহিনী আজ কুৎসিত নয়, বীভৎস। সতী-স্ত্রী কৃষ্ণগ্রন্থ স্বামীকে কাঁধে নিয়ে গণিকালয়ে পৌঁছে দিয়েছিল—সতীত্বের এ আদর্শেরও একদিন তুলনা ছিল না, কিন্তু আজ সে কথা মানুষের মনে শুধু ঘৃণার উদ্রেক করে। আপনার নিজের জীবনের যে আদর্শ, যে ত্যাগ লোকের মনে আজ শ্রদ্ধা ও বিশ্বাসের কারণ হয়ে আছে, একদিন সে হয়ত শুধু অল্পকম্পার ব্যাপার হবে। এই নিষ্ফল আত্মনিগ্রহের বাড়াবাড়িতে লোকে উপহাস করে চলে যাবে।

এই আঘাতের নির্ভরমতায় পলকের জন্ম আশুবাবুর মুখ বেদনায় পাণ্ডুর হইয়া গেল। বলিলেন, কমল, একে নিগ্রহ বলি নিচো কেন, এ যে আমার আনন্দ। এ যে আমার উত্তরাধিকারসূত্রে পাওয়া বহু যুগের ধন।

কমল বলিল, হোক বহু যুগ। কেবল বৎসর গণনা করেই আদর্শের মূল্য ধার্য হয় না। অচল, অনড়, ভুলে-ভরা সমাজের সহস্র বর্ষও হয়ত অনাগতের দশটা বছরের গতিবেগে ভেসে যায়। সেই দশটা বছরই তের বড়, আশুবাবু।

অজিত অকস্মাৎ জ্যা-মুক্ত ধনুর ঞায় সোজা দাঁড়াইয়া উঠিল, কহিল, আপনার বাক্যের উগ্রতায় এঁদের হয়ত বিশ্বাসের অবধি নেই কিন্তু আমি বিশ্বাসিত হই নি। আমি জানি এই বিজাতীয় মনোভাবের উৎস কোথায়। কিসের জন্মে আমাদের সমস্ত মঙ্গল-আদর্শের প্রতি আপনার এমন নিবিড়

স্বা; কিন্তু চন্দন, আর আমাদের মধ্যে দেরী করবার সময় নেই, পাচটা বেঞ্চে গেছে।

অজিতের পিছনে পিছনে সকলেই নিঃশব্দে বাহির হইয়া গেল। কেহ তাহাকে একটা অভিবাদন করিল না, কেহ তাহার প্রতি একবার ফিরিয়াও চাহিল না। যুক্তি যখন হার মানিল, তখন এই ভাবে পুরুষের দল নিজের জয় ঘোষণা করিয়া পৌরুষ বজায় রাখিল। তাহারা চলিয়া গেলে আশুবাবু ধীরে ধীরে বলিলেন, কমল, আমাকেই আজ তুমি সকলের চেয়ে বেশী আঘাত করেচ, কিন্তু আমিই তোমাকে আজ যেন সমস্ত প্রাণ দিয়ে ভালবেসেচি। আমার মণির চেয়ে যেন তুমি কোন অংশেই খাটো নয়, মা।

কমল বলিল, তার কারণ আপনি যে সত্যিকার বড়মানুষ, কাকাবাবু। আপনি ত এদের মত মিথ্যে নয়; কিন্তু আমারও সময় বয়ে যায়, আমি চললাম। বলিয়া সে তাঁহার পায়ের কাছে আনিয়া হেঁট হইয়া প্রণাম করিল।

প্রাণ সে সচরাচর কাহাকেও করে না, এই অভাবনীয় আচরণে আশুবাবু ব্যতিব্যস্ত হইয়া উঠিলেন। আশীর্বাদ করিয়া কহিলেন, আবার কবে আসবে মা ?

আর হয়ত আমি আসব না, কাকাবাবু। বলিয়া সে ঘরের বাহির হইয়া গেল। আশুবাবু সেইদিকে চাহিয়া নিঃশব্দে বসিয়া রহিলেন।

বারো

আগ্রায় নূতন ম্যাজিষ্ট্রেট সাহেবের স্ত্রীর নাম মালিনী। তাহারই যন্তে এবং তাঁহারই গৃহে নারীকল্যাণ সমিতি প্রতিষ্ঠিত হইল। প্রথম অধিবেশনের উদ্যোগটা একটু ঘটী করিয়াই হইয়াছিল, কিন্তু জিনিষটা সুসম্পন্ন ত হইলই না, বরঞ্চ কেমন যেন বিশৃঙ্খল হইয়া গেল। ব্যাপারটা মুখ্যতঃ মেয়েদের জন্মই বটে, কিন্তু পুরুষদের যোগ দেওয়া নিষেধ ছিল না। বস্তুতঃ এ প্রয়োজনে তাঁহারা একটু বিশেষ করিয়াই নিমন্ত্রিত হইয়াছিলেন। ভার ছিল অবিনাশের উপর। চিন্তাশীল লেখক বলিয়া অক্ষয়ের নাম ছিল; লেখার দারিদ্র্য তিনিই গ্রহণ করিয়াছিলেন। অতএব তাঁহারই পরামর্শ মত একা শিবনাথ ব্যতীত আর কাহাকেও বাদ দেওয়া হয় নাই। অবিনাশের ছোট শালী নীলিমা ঘরে

ঘরে গিয়া ধনী-দরিদ্রনির্বিশেষে সহরের সমস্ত বাঙ্গালী উদ্ভ্রমহিলাদের আস্থান করিয়া আসিয়াছিলেন। শুধু খাওয়ার ইচ্ছা ছিল না আশুবাবুর, কিন্তু বাতের কনকনানি আজ তাঁহাকে রক্ষা করিল না, মালিনী নিজে গিয়া ধরিয়া আনিল। অক্ষয় লেখা-হাতে প্রস্তুত ছিলেন, প্রচলিত দুই-চারিটা মামুলী বিনয়-ভাষণের পরে সোজা ও শক্ত হইয়া দাঁড়াইয়া প্রবন্ধ পাঠে নিযুক্ত হইলেন। অল্পকণ্ঠেই বুঝা গেল তাঁহার বক্তব্য-বিষয় যেমন অকৃতিকর, তেমনি দীর্ঘ। সচরাচর যেমন হয়, পুরাকালে সীতা-সাবিত্রীর উল্লেখ করিয়া তিনি আধুনিক নারীজাতির আদর্শবিহীনতার প্রতি কটাক্ষ করিয়াছেন! একজন আধুনিক ও শিক্ষিতা মহিষার বাটাতে বসিয়া ইহাদের তথাকথিত শিক্ষার বিরুদ্ধে কটুক্তি করিতে তাঁহার বাধে নাই। কারণ অক্ষয়ের গর্ব ছিল এই যে তিনি অপ্রিয় সত্য বলিতে ভয় পান না। স্তত্রাং লেখার মধ্যে সত্য যাই থাক, অপ্রিয় বচনের অভাব ছিল না এবং এই 'তথাকথিত' "স্কটার ব্যাখ্যার উদ্দেশ্যে বিশিষ্ট উদাহরণের নজির যাহা ছিল—সে কমল। অনির্ঘণ্ট এই মেয়েটিকে অক্ষয় লেখার মধ্যে অপমানের একশেষ করিয়াছে। শেষের দিকে সে গভীর পরিভাপের সহিত এই কথাটা ব্যক্ত করিতে বাধ্য হইয়াছে যে, এই সহরেই ঠিক এমনি একজন স্ত্রীলোক রহিয়াছে, যে উৎসমাজে নিরন্তর প্রশ্নর পাণ্ডা আসিয়াছে। যে স্ত্রীলোক নিজের দাম্পত্য-জীবনকে অবৈধ জ্ঞানিয়াও লঙ্ঘিত হওয়া দূরে থাক শুধু উপেক্ষার হাসি হাসিয়াছে, ববাহ অল্পমান যাহার কাছে মাত্র অর্থহীন সংস্কার এবং পতি-পত্নীর একান্ত একনিষ্ঠ প্রেম নিছক মানসিক দুর্ভেদ্যতা। উপসংহারে অক্ষয় এ কথাও উল্লেখ করিয়াছেন যে, নারী হইয়াও নারীর গভীরতম আদর্শকে যে অস্বীকার করে, তথাকথিত সেই শিক্ষিতা নারীর উপযুক্ত বিশেষণ ও বাসস্থান নির্ণয়ে প্রবন্ধ লেখকের নিজের কোন সংশয় না থাকিলেও শুধু সুস্বোচবশতঃই বলিতে পারেন নাই। এই ক্রটির জন্ত তিনি সকলের কাছে মার্জনা-ভিক্ষা চাহেন।

মহিলা-সমাজে মনোরমা ব্যতীত কমলকে চোখে কেহ দেখে নাই; কিন্তু তাহার রূপের খ্যাতি ও চরিত্রের অখ্যাতি পুরুষদের মুখে মুখে পরিব্যাপ্ত হইতে অবশিষ্ট ছিল না। এমন কি এই নব-প্রতিষ্ঠিত নারীকল্যাণ সমিতির সভানেত্রী মালিনীর কানেও তাহা পৌঁছিয়াছে এবং এ লইয়া নারীমণ্ডলে, পল্লীর ভিতরে ও বাহিরে কৌতূহলের অবধি নাই। স্তত্রাং ক্রটি ও নীতির

সম্যক বিচারের উৎসাহে উদ্বীণ প্রহ্মমানার প্রথরতায় ব্যক্তিগত আলোচনা সতেজ হইয়া উঠিতে বোধ করি বিলম্ব ঘটত না, কিন্তু লেখকের পরম বন্ধু হরেন্দ্রই ইহার কঠোর প্রতিবন্ধক হইয়া উঠিল। সে সোজা দাঁড়াইয়া উঠিয়া কহিল, অক্ষয়বাবু এই লেখার আমি সম্পূর্ণ প্রতিবাদ করি। কেবল অপ্রাপ্তিক বলি নয়, কোন মহিলাকেই তাঁর অস্বাস্থ্যে আক্রমণ করার কুচি বিষ্টলি এবং তাঁর চরিত্রের অকারণ উল্লেখ অভদ্রোচিত ও হয়। নারী-কল্যাণ। সমিতির পক্ষ থেকে এই প্রবন্ধ-লেখককে বিষ্কার দেওয়া উচিত।

ইহার পরেই একটা মহামারী কাণ্ড বাধিল। অক্ষয় হিতাহিত জ্ঞানশূন্য হইয়া, যা খুশী তাই বলিতে লাগিলেন এবং প্রত্যাভরে স্বল্পভাষী হরেন্দ্র মাঝে মাঝে কেবল বিষ্ণু এবং ক্রটি বলিয়া তাহার জবাব দিতে লাগিল।

মালিনী নূতন লোক, সহসা এই প্রকার বাকবিতণ্ডার উগ্রতায় বিপন্ন হইয়া পড়িলেন এবং সেই উত্তেজনার মুখে স্ব স্ব মতামত প্রকাশ করিতে প্রায় কেহই কার্য্য করিলেন না। চূপ করিয়া রহিলেন শুধু আশুবাবু। প্রবন্ধ পাঠের গোড়া হইতে সেই যে মাথা হেঁট করিয়াছিলেন, সভা শেষ না হইলে আর তিনি মুখ তুলিলেন না। আরও একটি মাগুধ তর্কযুদ্ধে ভেমন যোগ দিলেন না, ইনি হরেন্দ্র অক্ষয়ের আলাপ-আলোচনার নিত্য-অভ্যস্ত অবিনাশ।

ব্যক্তিবিশেষের চরিত্রের ভালমন্দ নিরূপণ করা এই সমিতির লক্ষ্য নয় এবং এপ্রকার আলোচনায় নরনারীর কাহারও কল্যাণ হয় না, মালিনী তাহা জানিত। বিশেষতঃ লেখার মধ্যে আশুবাবুকেও কটাক্ষ করা হইয়াছে, এই কথা কেমন করিয়া বৃষ্টিতে পারিয়া তাহার অতিশয় ক্লেশবোধ হইল। সভা শেষ হইলে সে নিঃশব্দে নিজের আসন ছাড়িয়া এই প্রৌঢ় ব্যক্তিটির পাশে আসিয়া সজ্জিত মুদুকণ্ঠে কহিল, নিরর্থক আজ আপনার শাস্তি নষ্ট করার জন্ত আমি হুঃখিত, আশুবাবু।

আশুবাবু হাসিবার চেষ্টা করিয়া বলিলেন, বাড়ীতেও ত আমি একাই বসে থাকতাম, তবু সময়টা কাটল।

মালিনী কহিল, সে এর চেয়ে ভাল ছিল। একটু খামিয়া কহিল, আজ উনি নেই, মণি এখান থেকে খেয়ে যাবে।

বেশ, আমি গিয়ে গাড়ী পাঠিয়ে দেব; কিন্তু আর সব মেয়েরা?

তঁরাও আজ এখানেই থাকেন।

অবিনাশ অজিতকে সঙ্গে লইয়া আশুবাবুর গাড়ীতে উঠিতে বাইতেছেন, হেরেজ ও অক্ষয় আসিয়া উপস্থিত হইল। তাহাদের পৌঁছাইয়া দিতে হইবে। রাজী হইতে হইল, সমস্ত পথটা আশুবাবু নীরবে বসিয়া রহিলেন। কমলকে উপলক্ষ করিয়া মেয়েদের মাঝখানে অক্ষয় তাঁকে অশিষ্ট কটাক্ষ করিয়াছে এই কথা তাঁহার নিজের মনে পড়িতে লাগিল।

গাড়ী আসিয়া বাসায় পৌঁছিল। নীচে বারান্দায় একজন অপরিচিত ভদ্রলোক বসিয়াছিল, বোম্বাইওয়ালার মত তাহার পোষাক, কাছে আসিয়া আশুবাবুকে অভিবাদন করিল।

কি ?

অবাবে সে একটুকরা কাগজ তাহার হাতে দিয়া কহিল, চিঠি।

চিঠিখানি তিনি অজিতের হাতে দিলেন, অজিত মোটরের ল্যাম্পের আলোকে পড়িয়া কহিল, চিঠি কমলের।

কমলের ? কি লিখেচে কমল ?

লিখেচেন পত্রবাহকের মুখেই সমস্ত জানতে পারবেন।

আশুবাবু জিজ্ঞাসুমুখে তাহার প্রতি চাহিতেই সে কহিল, এ পত্র অক্ষয় কাথো হাতে পড়ে তাঁর ইচ্ছা ছিল না। আপনি তাঁর আত্মীয়—আমি কিছু টাকা পাই—

কথাটা শেষ হইতে পাইল না, আশুবাবু সহসা অত্যন্ত ক্রুদ্ধ হইয়া উঠিলেন, বলিলেন, আমি তার আত্মীয় নই, বস্তুতঃ সে আমার কেউ নয়। তার হয়ে আমি টাকা দিতে যাব কিসের জন্ত ?

গাড়ীর উপর হইতে অক্ষয় কহিল, Just like her !

কথাটা সকলের কানে গেল। পত্রবাহক ভদ্রলোক অপ্ৰতিভ হইয়া কহিল, টাকা আপনাকে দিতে হবে না, তিনিই দেবেন। আপনি শুধু কিছুদিনের জন্ত জামিন হ'লে—

আশুবাবুর রাগ চড়িয়া গেল—বলিলেন, জামিন হওয়ার গুরজ আমার নয় : তাঁর স্বামী আছেন, ধারের কথা তাঁকে জানাবেন।

ভদ্রলোক অতিশয় বিস্মিত হইল, বলিল, তাঁর স্বামীর কথা ত শুনি নি।

খোঁজ করলেই শুনতে পাবেন। Good night, এতটা অজিত, আর দেরী করো না। বলিয়া তিনি তাহাকে সঙ্গে করিয়া উপরে চলিয়া গেলেন।

উপরের গাড়িবারান্দা হইতে মুখ বাড়াইয়া আর একবার ড্রাইভারকে স্বপ্ন করিয়া দিলেন যে, ম্যাজিস্ট্রেট সাহেবের কুঠিতে গাড়ী পৌঁছিতে যেন বিলম্ব না হয়। অজিত সোজা তাহার ঘণ্টে চলিয়া যাইতেছেন, আশুবাবু তাহাকে বসিবার ঘরে ঢাকিয়া আনিয়া বলিলেন, বস। মজা দেখলে একবার ?

এ কথার অর্থ কি অজিত তাহা বুঝিল। বস্তুত তাঁহার স্বাভাবিক সঙ্কল্পতা, শান্তিপ্রিয়তা চিরায়ত্ত সহিষ্ণুতার সহিত তাহার এই মুহূর্তকাল পূর্বের অকারণ ও অভাবিত রুচতা একা অক্ষয় ব্যতীত আঘাত করিতে বোধ করি উপস্থিত কাহাকেও অবশিষ্ট রাখে নাই। কিছুই না জানিয়া একদিন এই রক্ত-ময়ী-স্বপ্নগীর প্রতি অজিতের অন্তর সশ্রদ্ধ বিস্ময়ে পূর্ণ হইয়া উঠিয়াছিল; কিন্তু সেদিন কমল তাহার নির্জন নিশীথ গৃহকক্ষে এই অপরিচিত পুরুষের সম্মুখে আপনাবি বিগত নারী জীবনের অসংবৃত ইতিহাস, একান্ত অবলীলায় উন্মোচিত করিয়া দিল, সেদিন হইতেই অজিতের পুঞ্জিত বিরাগ ও বিতৃষ্ণার আর বেধ অবধি ছিল না। এমনি করিয়া তাহার এই কয়টা দিন কাটিয়াছে। তাই আজ নারীকল্যাণ সমিতির উদ্বোধন উপলক্ষে আদর্শপন্থী অক্ষয় নারীদের আদর্শ নির্দেশের ছলনায় যত কটুক্তিই এই মেয়েটিকে করিয়া থাক, অজিত দুঃখবোধ করে নাই। এমনিই যেন সে আশা করিয়াছিল। তথাপি অক্ষয়ের ক্রোধাক্ত বর্করতায় যত তীক্ষ্ণ শূলই থাক, আশুবাবু এইমাত্র যাহা করিয়া বসিলেন তাহাতে কমলের যেন কান মলিয়া দেওয়া হইল। কেবল অভাবিত বলিয়া নয়, পুরুষের অযোগ্য বলিয়া। কমলকে ভাল সে বলে না। তাহার মতামত ও সামাজিক আচরণের স্ত্রীত্ব নিন্দায় অজিত অবিচার দেখে নাই। তাহার নিজের মধ্যে এই রমণীর বিরুদ্ধে কঠিন ঘৃণার ডাব পরিপুষ্ট হইয়া চলিয়াছে। সে বলে, ভদ্রসমাজে যে অচল তাহাকে পরিত্যাগ করার অপরাধ স্পর্শে না; কিন্তু তাই বলিয়া এ কি হইল! দুর্দশাপন্ন ঋণগ্রস্ত রমণীর দুঃসময়ে সামান্ত কয়েকটি টাকা ভিক্ষার প্রত্যাখ্যানে সে যেন সমস্ত পুরুষের চরম অসম্মান অঙ্কভব করিয়া অন্তরে মরিয়া গেল। সেই রাজের সমস্ত আলোচনা তাহার মনে পড়িল। তাহাকে যত করিয়া খাওয়ানোর মাঝখানে সেই সকল চা-বাগানের অতীত দিনের ঘটনার বিবৃতি—তাহার মাঝের কাহিনী, তাহার নিজের ইতিহাস, ইংরাজ ম্যানেজার সাহেবের গৃহে জন্মের বিবরণ। সে সেমন অদ্ভুত তেমনি অকটিকর, কিন্তু কি প্রয়োজন ছিল ?

গোপন করিলেই বা ক্ষতি কি হইত? কিন্তু হুনিয়ার এই সহজ সুবুদ্ধির জমা খরচের হিসাব বোধ করি কমলের মনে পড়ে নাই। যদিবা পড়িয়াছে গ্রাহ্য করে নাই।

আর সবচেয়ে আশ্চর্য্য তাহার স্বকঠিন ধৈর্য্য! দৈবক্রমে তারই মুখে সে প্রথম সংবাদ পাইল যে শিবনাথ কোথায়ও যায় নাই, এই সহরেই ল্যাঙ্গুগোপন করিয়া আছে। শুনিয়া চূপ করিয়া রহিল। মুখের পরে না ফুটিল বেদনার আভাস, না আসিল অভিযোগের ভাষা। এত বড় মিথ্যাচারের সে কিছুমাত্র নালিশ পরের কাছে করিল না। সেদিন সন্ধ্যাত্মতীর্থী মমতাজের স্মৃতিসৌধের তীরে বসিয়া যে কথা সে হাসিমুখে হাসিচ্ছলে উচ্চারণ করিয়াছিল, তাহাই একেবারে অক্ষরে অক্ষরে প্রতিপালন করিল।

আশুবাবু নিজেও বোধ হয় ক্ষণকালের জ্ঞান বিমনা হইয়া পড়িয়াছিলেন, হঠাৎ সচেতন হইয়া পূর্ক প্রশ্ন পুনরাবৃত্তি করিয়া কহিলেন, মজা দেখলে ত অজিত? আমি নিশ্চয় বলচি এ ঐ শিবনাথ লোকটার কৌশল!

অজিত কহিল, নাও হ'তে পারে। না জেনে বলা যায় না।

আশুবাবু বলিলেন, তা বটে; কিন্তু আমার বিশ্বাস এ চাঙ্গ শিবনাথের। আমাকে সে বড়লোক বলে জানে।

অজিত কহিল, এ খবর ত সবাই জানে। কমল নিজেও না জানে তা নয়।

আশুবাবু বলিলেন, তা হ'লে ত ঢের বেশী অজ্ঞায়। স্বামীকে লুকানো ত ভাল কাজ নয়।

অজিত চূপ করিয়া রহিল। আশুবাবু কহিতে লাগিলেন, স্বামীর অগোচরে, হয়ত তাঁর মতের বিরুদ্ধে, পরের কাছে টাকা ধার করতে যাওয়া স্ত্রীলোকের কত বড় অন্তায় বল ত? এ কিছুতেই প্রশয় দেওয়া চলে না।

অজিত কহিল, তিনি টাকা ত চান নি, শুধু জামিন হ'তে অমুরোধ করেছিলেন।

আশুবাবু বলিলেন, সে ঐ একই কথা। ক্ষণকাল মোন থাকিয়া পুনশ্চ কহিলেন, আর ঐ আমাকে আত্মীয় পরিচয়ে লোকটাকে ছলনা করাই বা কিগের জ্ঞান। সত্যিই ত আমি তার আত্মীয় নই।

অজিত বলিল, তিনি হয়ত আপনাকে সত্যিই আত্মীয় মনে করেন। বোধ হয় কাউকেই ছলনা করা তাঁর স্বভাব নয়।

না, কথাটা ঠিক ও-ভাবে আমি বলি নি অজিত। এই বলিয়া তিনি নিজের কাছেই যেন জবাবদিহি করিলেন। সেই লোকটাকে হঠাৎ বোঁকের উপর বিদায় করা পর্য্যন্ত মনের মধ্যে তাঁহার ভারি একটা গ্লানি চলিতেছিল; কহিলেন, সে আমাকে আশ্চর্য্য বললেই যদি জানে, আর দু-পাঁচশো টাকা যদি দরকারই পড়েছিল, সোজা নিজে এসে তা নিয়ে গেলেই হ'তো। ধামোকা একটা বাইরের লোককে সকলের সামনে পাঠান তার কি আবশ্যকতা ছিল? আর যাই বল, মেয়েটার বুদ্ধি-বিবেচনা নেই।

বেয়ারা আসিয়া খাবার দেওয়া হইয়াছে জানাইয়া গেল। অজিত উঠিতে যাইতেছিল, আশুবাবু কহিলেন, লোকটাকে মার্ক করেছিলে অজিত, বিশ্রী চেহারা—মনি-লেন্ডার কিনা! ফিরে গিয়ে হয়ত নানান ধানা করে বানিয়ে বলবে।

অজিত হাসিয়া কহিল, বানানোর দরকার হবে না আশুবাবু, সত্যি বললেই যথেষ্ট হবে। এই বলিয়া সে যাইতে উদ্যত হইতেই তিনি বাস্তবিকই বিচলিত হইয়া উঠিলেন,—এ অক্ষয় লোকটা একেবারে হুইসেল। মাহুঘের সহের সীমা অতিক্রম করে যায়। না হয় একটা কাজ কর না অজিত। যত্নকে ডেকে ঐ দেবাজটা খুলে দেখ না কি আছে। অন্ততঃ পাঁচ-সাতশো টাকা—আপাততঃ যা আছে পাঠিয়ে দাও। আমাদের ড্রাইভার বোধ হয় তাদের বাসাটা চেনে শিবনাথকে মাঝে মাঝে পৌঁছে দিয়ে এসেছে। এই বলিয়া তিনি নিজে, চীৎকার করিয়া বেহারাকে ডাকাডাকি শুরু করিয়া দিগেন।

অজিত বাধা দিয়া বলিল, যা হবার তা হয়েই গেছে, আজ রাতে থাক, কাল সকালে বিবেচনা করে দেখলেই হবে।

আশুবাবু প্রতিবাদ করিলেন, তুমি বোঝ না অজিত, বিশেষ প্রয়োজন না থাকলে সে রাতে কখনও লোক পাঠাত না।

অজিত কিছুক্ষণ স্থির হইয়া দাঁড়াইয়া রহিল। শেষে বলিল, ড্রাইভার বাড়ী নেই, মনোরমাকে নিয়ে কখন ফিরবে তারও ঠিকানা নেই। ইতিমধ্যে কমল সমস্তই গুণতে পাবেন। তারপরে আর টাকা পাঠানো উচিত হবে না আশুবাবু। বোধ হয় আপনার হাত থেকে আর তিনি সাহায্য নেবেন না।

কিন্তু এত তোমার অহুমান মাত্র, অজিত।

হাঁ, অহুমান বই আর কি।

কিন্তু বিদেশে তার টাকার প্রয়োজন ত এর চেয়েও বড় হতে পারে ?

তা পারে, কিন্তু আত্মমর্যাদার চেয়েও বড় না হতে পারে।

আশুবাবু বলিলেন, কিন্তু এও ত শুধু তোমার অহুমান।

অজিত সহসা উত্তর দিল না। ক্ষণকাল অধোমুখে নিঃশব্দে থাকিয়া কহিল, না, এ আমার অহুমানের চেয়ে বড়। এ আমার বিশ্বাস।—এই বলিয়া সে ধীরে ধীরে ঘর হইতে বাহির হইয়া গেল।

আশুবাবু আর তাহাকে ফিরিয়া ডাকিলেন না, কেবল বেদনায় দুই চক্ষু প্রদারিত করিয়া নেই দিকে চাহিয়া রহিলেন। কমলের সম্বন্ধে এ বিশ্বাস অসম্ভব নয়। অসম্ভবও নয়। ইহা তিনি নিজেও জানিতেন। নিরুপায় অগুণোচনায় বুকের ভিতরটা যেন তাঁহার জাঁচড়াইতে লাগিল।^৩

ভেরো

নারীকল্যাণ সমিতি হইতে ফিরিয়া নীলিমা অবিনাশকে ধরিয়া পড়িল, সুইয়ামশাই, কমলকে আমি একবার দেখব। আমার ভারি ইচ্ছে করে তাকে নমস্কর করে খাওয়াই।

অবিনাশ আশ্চর্য হইয়া কহিলেন, তোমার সাহস ত কম নহু ছোটগিন্নী; শুধু আলাপ নয়, একেবারে নেমস্কর করা!

অবিনাশ বলিলেন, বাঘ-ভালুক এদেশে মেলে না, নইলে তোমার ছকুমে তাদেরও নেমস্কর করে আসতে পারি; কিন্তু এঁকে নয়। অক্ষয় খবর পেলে আর রক্ষে থাকবে না। আমাকে দেশছাড়া করে ছাড়বে।

নীলিমা কহিল, অক্ষয়বাবুকে আমি ভয় করি নে।

অবিনাশ বলিলেন, তুমি না করলেও ক্ষতি নেই, আমি একা করলেই তাঁর কাজ চলে যাবে।

নীলিমা জিদ করিয়া বলিল, না, সে হবে না। তুমি না যাও আমি নিজে গিয়ে তাকে আহ্বান করে আসব।

কিন্তু আমি ত তাদের বাসাটা চিনি নে।

নীলিমা কহিল, ঠাকুরপো চেনেন। আমি ঠাকে সঙ্গে নিয়ে যাব।
তিনি তোমাদের মত ভীতু লোক নন।

একটু ভাবিয়া বলিল, তোমাদের মুখে বা শুনি তাতে শিবনাথবাবুরই
দোষ—তাকে ত আমি নেমস্তন্ন করতে চাই নে। আমি চাই কর্মলকে দেখতে,
তার সঙ্গে আলাপ করতে। কমল যদি আসতে রাজী হয়, ম্যাজিষ্ট্রেট
দাহেবের স্ত্রী—তিনিও বলেচেন আসবেন। বুঝলে ?

অবিনাশ বুকিলেন সমস্তই—কিন্তু স্পষ্ট করিয়া সম্মতি দিতে পারিলেন না।
অথচ বাধা দিতেও ভয়সা পাইলেন না। নীলিমাকে তিনি শুধু স্নেহ ও শ্রদ্ধা
করিতেন তাই নয়, মনে মনে ভয়ও করিতেন।

পরদিন সকালে হরেন্দ্রকে ডাকাইয়া আনিয়া নীলিমা কহিল, ঠাকুরপো,
তোমাকে আর একটি কাজ করে দিতে হবে। তুমি আইবুড়ো মাহুদ। ঘপে
পো নেই যে সদাচারের নাম করে তোমার কান মলে দেবে। বাসায় ত থাক
শুধু বাপ-মা-মর। একপাল ছাত্র নিয়ে—তোমার ভয়টা কিসের ?

হরেন্দ্র কহিল, ভয়ের কথা হবে পরে, কিন্তু করতে হবে কি ?

নীলিমা কহিল, কমলকে আমি দেখব, আলাপ করব, ঘরে এনে
খাওয়াব। তুমি কি ওদের বাসা চেন ? আমাকে সঙ্গে করে নিয়ে গিয়ে
তাকে নেমস্তন্ন করে আসতে হবে। কখন যেতে পারবে বল ত ?

হরেন্দ্র বলিল, যখনই হুকুম করবেন ; কিন্তু বাড়ীওয়ালা ? সেজ্ঞা ?
ওঁর অভিপ্রায়টা কি ? এই বলিয়া সে বারান্দার ওধারে অবিনাশকে দেখাইয়া
দিল। তিনি ইঞ্জিচেরারে গুইয়া পাইয়োনিয়ার পড়িতেছিলেন, শুনিতে
পাইলেন সমস্তই—কিন্তু সাড়া দিলেন না।

নীলিমা বলিল, ওর অভিপ্রায় নিয়ে উনিই থাকুন—আমার কাজ নেই।
আমি ওঁর শালী, শালীর বোন নই যে পতি পরম গুরুর গদা ঘুরিয়ে শাসন
করবেন। আমার থাকে ইচ্ছা খাওয়াব। ম্যাজিষ্ট্রেটের বোঁ বলেছেন খবর
পেলে তিনিও আসবেন। ওর ভাল না লাগে তখন আর কোথাও গিয়ে ঘেন
সময়টা কাটিয়ে আসেন।

অবিনাশ কাগজ হইতে মুখ না তুলিয়া বলিলেন, কিন্তু কাজটা সমীচীন
হবে না হরেন। কালকের ব্যাপারটা মনে আছে ত ? আণ্ডাবুর মত
সদাশিব ব্যক্তিকেও সাবধান হতে হয়।

হরেন্দ্র জবাব দিল না এবং পাছে সেই লজ্জাকর কথাটা উঠিয়া পড়ে এবং নীলিমার কানে যায়, এই ভয়ে সে প্রসঙ্গটা তাড়াতাড়ি চাপা দিয়া বলিল, তার চেয়ে বরঞ্চ একটা কাজ করুন না বৌদি, আমার বাসাতে তাকে নিমন্ত্রণ করে আনুন। আপনি হবেন গৃহকর্ত্রী। লক্ষ্মীছাড়ার গৃহে একদিন লক্ষ্মীর আবির্ভাব হবে। আমার ছেলেগুলোও দুটো ভালোমন্দ জিনিষ মুখে দিয়ে বাঁচবে।

নীলিমা অভিমানের স্বরে বলিল, বেশ—তাই হোক ঠাকুরপো, আমিও ভবিষ্যতে খোটার জ্বালা থেকে নিস্তার পাব।

অবিনাশ উঠিয়া বসিয়া বলিলেন, অর্থাৎ কেলেঙ্কারীর তা হ'লে আর অবশিষ্ট থাকবে না। কারণ শিবনাথকে বাদ দিয়ে শুধু তাকে তোমার বাসায় আহ্বান করে নিয়ে যাবার কোন কৈফিয়ৎই দেওয়া যাবে না। তার চেয়ে বরঞ্চ মেয়েরা পরস্পরের সঙ্গে পরিচিত হতে চান—এই চের ভাল শোনাবে।

কথাটা সতাই যুক্তিসঙ্গত। তাই ইহাই স্থির হইল যে কলেজের ছুটির পরে হরেন্দ্র গাড়ী করিয়া নীলিমাকে লইয়া গিয়া কলেজকে নিমন্ত্রণ করিয়া আসিবে।

বৈকালে হরেন্দ্র আসিয়া জানাইল যে, কষ্ট করিয়া আর যাইবার প্রয়োজন নাই। কাল রাত্রে খাইবার কথা তাহাকে বলা হইয়াছে—তিনি রাজী হইয়াছেন।

নীলিমা উৎসুক হইয়া উঠিল। হরেন্দ্র কহিতে লাগিল, ফেরবার পথে হঠাৎ রাস্তার ওপরে দেখা। সঙ্গে মুটের মাথায় একটা মস্ত বাস্তু। জিজ্ঞাসা করলাম, কি গুটা? কোথায় যাচ্ছেন? বললেন, যাচ্ছি একটু কাজে। তখন আপনার পরিচয় দিয়ে বললাম, বৌদি যে কাল সন্ধ্যার পরে আপনাকে নেমস্তয় করেছেন। নিতান্তই মেয়েদের ব্যাপার—যেতে হবে যে। একটুখানি চুপ করে থেকে বললেন, আচ্ছা। বললাম, কথা আছে আমাকে সঙ্গে নিয়ে বৌদি নিজে গিয়ে আপনাকে যথারীতি বলে আসবেন, কিন্তু তার আর প্রয়োজন আছে কি? একটুখানি হেসে বললেন, না। জিজ্ঞাসা করলাম, কিন্তু একলা ত যেতে পারবেন না, কাল কখন এসে আপনাকে নিয়ে যাব? শুনে তেমনি হাসতে লাগলেন। বললেন, একলাই যেতে পারব—অবিনাশ-বাবুর বাসা চিনি।

নীলিমা আর্দ্র হইয়া কহিল, মেয়েটি এদিকে কিন্তু খুব ভাল। ভারি নিরহকার!

পাশের ঘরে অবিনাশ কাপড় ছাড়িতে ছাড়িতে সমস্ত কান পাতিয়া শুনিতেছিলেন, অন্তরাল হইতেই প্রশ্ন করিলেন, আর সেই মুঠের মাথার মোটা বাস্ফটা? তার ইতিহাস ত প্রকাশ করলে না ভায়া?

হরেন্দ্র বলিল, জিজ্ঞেসা করি নি।

করলে ভাল করতে। বোধ হয় বিক্রি কিম্বা বন্ধক দিতে যাচ্ছিলেন!

হরেন্দ্র কহিল, হ'তেও পারে। আপনার কাছে বন্ধক দিতে এলে ইতিহাসটা জেনে নেবেন।—এই বলিয়া সে চলিয়া যাইতেছিল, হঠাৎ ঘরের কাছে দাঁড়াইয়া ডাকিয়া কহিল, বৌদি, আপনাদের নারীকল্যাণ সমিতিতে অক্ষয়ের বক্তৃতা শুনেচেন ত? আমরা লোকটাকে ক্রটু বলি; কিন্তু ও-বেচারার আর একটুখানি ভণ্ডামি বুদ্ধি থাকলে সমাজে অনায়াসেই সাধুসঙ্জন বলে চলে যেতে পারত—কি বলেন সেজদা? ঠিক না?

অবিনাশ ঘরের মধ্যে হইতে গর্জন করিয়া উঠিলেন—হাঁ রে, নিত্যানন্দ শ্রীগোবিন্দ মহাপ্রভু; এ বিষয়ে আর সন্দেহ নেই। বন্ধুবরকে কোশলটা শিথিয়ে দাও গে যাও।

চেষ্টা করব; কিন্তু চললাম বৌদি, কাল আবার যথাসময়ে হাজির হব।
—বলিয়া সে প্রস্থান করিল।

নীলিমা উদ্বোধন-আয়োজনের ক্রটি রাখে নাই। মনোরমা গোড়া হইতেই কমলের অভ্যস্ত বিরুদ্ধে—সে কোনমতেই আসিবে না জানিয়া আশুবারদের কাহাকেও বলা হয় নাই। মালিনীকে খবর পাঠানো হইয়াছিল, কিন্তু হঠাৎ অসুস্থ হইয়া তিনি আসিলেন না।

ঠিক সময়ে আসিল কমল। যানবাহনে নয়, একাকী পায়ে হাঁটিয়া আসিয়া উপস্থিত হইল। গৃহকর্ত্রী তাহাকে আদর করিয়া গ্রহণ করিল। অবিনাশ স্নমুখে দাঁড়াইয়া ছিলেন, কমলকে তিনি অনেকদিন দেখেন নাই। আজ তাহার চেহারা ও জামা-কাপড়ের প্রতি চাহিয়া আশ্চর্য হইলেন। দৈন্যের ছাপ তাহাতে অভ্যস্ত স্পষ্ট করিয়া পড়িয়াছে। বিশ্বর প্রকাশ করিয়া প্রশ্ন করিলেন, স্নাত্রে একাকী হেঁটে এলে যে কমল?

কমল বলিল, কারণ খুবই সাধারণ অবিনাশবাবু, বোঝা একটুও শক্ত নয়।

অবিনাশ অপ্রতিভ হইলেন এবং তাহাই গোপন করিতে তাড়াতাড়ি বলিয়া উঠিলেন, না না, কি যে বল! কাজটা ভাল হয় নি কিন্তু—ছোটগিন্নী,

ইনিই কমল। আর একটা নাম শিবানী। এঁকে দেখবার জন্যই এত ব্যস্ত হয়ে উঠেছিলে। এসো, বাড়ীর ভেতরে গিয়ে বসবে চল। বোগাড় বোধ হয় তোমার সমস্ত হয়ে গেছে? তা হ'লে অনর্থক দেৱী করে লাভ হবে না—ঠিক সময়ে আবার গুঁর বাসায় ফিরে যাওয়া চাই ত!

এ সকল উপদেশ ও জিজ্ঞাসাবাদের অনেকটাই বাহুল্য। উত্তরের আবশ্যকও হয় না, প্রত্যাশাও থাকে না।

হরেন্দ্র আসিয়া কমলকে নমস্কার করিল। কহিল, অতিথিকে অভ্যর্থনা করে নেবার সময় জুটাতে পারি নি বৌদি, ত্রুটি হয়ে গেছে। অক্ষয় এসেছিলেন, তাঁকে যথোচিত মিষ্টবাক্যে পরিতুষ্ট করে বিদায় দিতে বিলম্ব হ'ল।—এই বলিয়া সে হাসিতে লাগিল।

ভিতরে আসিয়া কমল আহাৰ্য্য দ্রব্যের প্রাচুর্য্য দেখিয়া মুহূর্তকাল নীরবে থাকিয়া কহিল, আমার খাওয়াই হয়েছে, কিন্তু এ সব আমি খাই নে। সকলে ব্যস্ত হইয়া উঠিলে সে কহিল, আপনাবা যাকে হবিষ্কার বলেন—আমি তাই শুধু খাই।

শুনিয়া নীলিমা অবাক হইল, সে কি কথা! আপনি হবিষ্টি খেতে যাবেন কিসের দুঃখে?

কমল কহিল, সে ঠিক। দুঃখ নেই তা নয়, কিন্তু এসব খাইনে বলেই জড়াবটাও আমার কম। আপনি কিছু মনে করবেন না!

কিন্তু মনে না করলেও চলে না; নীলিমা ক্ষুণ্ণ হইয়া কহিল, না খেলে এত জিনিষ যে আমার নষ্ট হবে?

কমল হাসিল, কহিল, যা হবার তা হয়েছে, সে আর ফিরবে না। তার ওপর খেয়ে আবার নিজে নষ্ট হই কেন?

নীলিমা কাতর হইয়া শেষ চেষ্টা করিয়া বলিল, শুধু আজকের মত, কেবল একটা দিনের জন্যও নিয়মভঙ্গ করতে পারেন না?

কমল মাথা নাড়িয়া বলিল, না।

তাহার হাসিমুখের একটামাত্র শব্দ। শুনিলে হঠাৎ কিছুই মনে হয় না; কিন্তু তাহার দৃঢ়তা যে কত বড়—তাহা পৌছিল হরেন্দ্রের কানে। শুধু সে-ই বুঝিল ইহার ব্যতিক্রম নাই। তাই গৃহকত্রীর দিক হইতে অল্পরোধের পুনঃকল্পিত স্ত্রপাতেই সে বাধা দিয়া কহিল, থাক বৌদি, আর না। খাবার

আপনার নষ্ট হবে না, আমার বাসার ছেলের এনে চেঁচেপুঁচে খেয়ে যাক, কিন্তু ঠুকে আর নয়! বরঞ্চ যা খাবেন, তার যোগাড় করে দিন।

নীলিমা রাগ করিয়া বলিল, তা দিচ্ছি; কিন্তু আমাকে আর সাহুনা দিতে হবে না ঠাকুরপো, তুমি থাম। এ ঘাস নয় যে তোমার একপাল ভেড়া নিয়ে এসে চরিয়ে দেবে। আমি বরঞ্চ রাস্তায় ফেল দেব—তবু তাদের খাওয়াব না।

হরেন্দ্র হাসিয়া কহিল, কেন, তাদের ওপর আপনার রাগ কিসের?

নীলিমা বলিল, তাদের জন্তুই ত তোমার যত দুর্গতি। বাপ টাকা রেখে গেছেন, নিজেও উপার্জন কম কর না! এতদিন বৌ এলে ত ছেলেপুলেয় ঘর ভরে যেত। এ হতভাগা কাণ্ড ত ঘটত না। নিজেও যেমন আইবুড়ো কার্তিক, দলটিও তৈরী হচ্ছে তারি উপযুক্ত। তাদের আমি কিছুতেই খাওয়াব না—এই তোমাকে আমি বলে দিলুম। যাক আমার নষ্ট হয়ে।

কমল কিছুই বুঝিতে পারিল না, আশ্চর্য হইয়া চাহিয়া রহিল। হরেন্দ্র লজ্জা পাইয়া কহিল, বৌদির অনেকদিন থেকে আমার ওপরে নাশিশ আছে এ তারই শাস্তি। এই বলিয়া সে সংক্ষেপে জিনিষটা বিবৃত করিয়া কহিল, বাপ-মা-মরা নিরাশ্রয় গুটিকয়েক ছাত্র আছে আমার—তারা আমার কাছে থেকে ইকুলে কলেজে পড়ে। তাদের ওপরেই গুঁর যত আক্রোশ।

কমল অত্যন্ত বিশ্বাসপন্ন হইয়া কহিল, তাই নাকি? কৈ এ ত এতদিন শুনি নি?

হরেন্দ্র বলিল, শোনবার যত কিছুই নয়; কিন্তু চরিত্রবান ভাল ছেলে তারা। তাদের আমি ভালবাদি।

নীলিমা ক্রুদ্ধকণ্ঠে কহিল, বড় হয়ে তারা দেশোদ্ধার করবে এই তাদের পণ। অর্থাৎ গুরুর যত ব্রহ্মচারী হয়ে দিগ্বিজয়ী বীর হবে বোধ করি।

হরেন্দ্র বলিল, যাবেন একবার তাদের দেখতে? দেখলে খুশী হবেন।

কমল তৎক্ষণাৎ সম্মত হইয়া বলিল, আমি কালই যেতে পারি—যদি নিয়ে যান।

হরেন্দ্র বলিল, না, কাল নয়, আর একদিন। আমাদের আশ্রমের রাজেন এবং সতীশ গেছে কান্দী বেডাতে। তারা ফিরে এলে আপনাকে নিয়ে যাব। আমি নিশ্চয় বলতে পারি—তাদের দেখলে আপনি খুশীই হবেন।

অবিনাশ মাত্র আসিয়া দাঁড়াইরাছিল, শুনিয়া চক্ষু বিস্ফারিত করিয়া কহিল, কতকগুলো লক্ষ্মীছাড়ার আড্ডা বুঝি এরই মধ্যে আশ্রম হয়ে উঠল? কত ভগ্নামিই তুই জানিস্ হরেন।

* নীলিমা রাগ করিল। কহিল, এ তোমার অভয়ায় মুখ্যোৎসাহ। ঠাকুরপো ত তোমার কাছে আশ্রমের চাঁদা চাইতে আসে নি যে ভণ্ড বলে গাল দিচ্চ? নিজের খরচে পরের ছেলে মারুম করাকে ভগ্নামি বলে না। বরঞ্চ যারা বলে—তাদেরই তাই বলে ডাকা উচিত।

হরেন্দ্র হাসিয়া বলিল, বৌদি, এইমাত্র যে আপনি নিজেই তাদের ভেড়ার পাল বলে তিরস্কার করেছিলেন,—এখন আপনারই কথার প্রতিফলন করতে গিয়ে সেজদার ভাগ্যে এই পুরস্কার?

নীলিমা কহিল, আমি বলছিলাম রাগে; কিন্তু উনি বলেন কোন্ লক্ষ্যে? ভগ্নামির ধারণা আগে নিজের মধ্যে স্পষ্ট হয়ে উঠুক, তারপরে যেন পরকে বলতে যান।

কমল জিজ্ঞাসা করিল, আপনার ছেলেরা ত সবাই ইঙ্কুল কলেজে পড়েন?

হরেন্দ্র বলিল, হাঁ, প্রকাশে তাই বটে।

অবিনাশ কহিলেন, আর অপ্রকাশে কি সব প্রাণায়াম, রেচক-কুস্তকের চর্চা করা হয়, সেটাও খুলে বল?

শুনিয়া সবাই হাসিল। নীলিমা অহুমনয়ের স্বরে কমলকে কহিল, মুখ্যোৎসাহের আজকের মেজাজ দেখে যেন গুর বিচার করে নেবেন না। মাঝে মাঝে মাথা গুর অনেক ঠাণ্ডা থাকে। নইলে বহু পূর্বেই আমাকে পালিয়ে বাচতে হ'তো।—এই বলিয়া সে হাসিতে লাগিল।

কোথার একটুখানি যেন উত্তাপের বাষ্প জমিয়া উঠিতেছিল, এই স্নিগ্ধ পরিহাসটুকুর পরে যেন তাহা মিলাইয়া গেল। বামুনঠাকুর আসিয়া জানাইল, কমলের খাবার তৈরী হইয়া গিয়াছে। অভাব এখনকার মত আলোচনা স্থগিত রাখিয়া সকলকে উঠিতে হইল।

ঘণ্টা-দুই পরে আহালাদি সমাধা হইলে পুনরায় সকলে আসিয়া মখন বাহিরের ঘরে বসিলেন—কমল তখন পূর্বপ্রসঙ্গের স্মৃত্ত ধরিয়া প্রশ্ন করিল, ছেলেরা রেচক-কুস্তক না করুক, কলেজের পড়া মুখস্থ করা ছাড়াও ত কিছু করে—সে কী?

হরেন্দ্র বলিল, করে। ভবিষ্যতে যাতে সত্যিই মানুষ হ'তে পারে সে চেষ্টাতেও তাদের অবহেলা নেই; কিন্তু পায়ের ধুলো যেদিন পড়বে সেদিন সমস্ত বুঝিয়ে বলব। আজ নয়।

এই মেয়েটির প্রতি সম্মানের আতিশয্যে অবিনাশের গা জ্বলিতে লাগিল, কিন্তু তিনি চুপ করিয়া রহিলেন।

নীলিমা কহিল, আজ বলতেই বা বাধা কি ঠাকুরপো? তোমার শেখানোর পদ্ধতি না হয় না-ই ভাললে, কিন্তু পুরাকালের ভারতীয় আদর্শে নিজের মত করে যে তাদের ব্রহ্মচর্য শিক্ষা দিচ্চ, একথা জানাতে দোষ কি? তোমার কাছে ত আমি আভাসে একদিন এই কথাই শুনেছিলুম।

হরেন্দ্র সবিনয়ে বলিল, মিথ্যে শুনেচেন তাও ত বলচি নে বৌদি, বলিয়াই তাহার সেদিনের তর্কের ব্যাপারটা স্মরণ হইল। কমলের প্রতি চাহিয়া বলিল, আপনারও বোধ করি আমার কাজে সহায়ত্ব নেই?

কমল কহিল, কাজটা আপনার ঠিক কিনা না জানলে ত বলা যায় না, হরেনবাবু; কিন্তু পুরাকালের ছাঁচে তৈরী করে তোলাটাই যে সত্যিকার মানুষের ছাঁচে তৈরী করে তোলা, এও ত যুক্তি নয়।

হরেন্দ্র বলিল, কিন্তু সে-ই যে আমাদের ভারতের আদর্শ?

কমল জবাব দিল, ভারতের আদর্শ যে চিরযুগের চরম আদর্শ—এই বা কে স্থির করে দিলেন, বলুন?

অবিনাশ এতক্ষণ কথা কহেন নাই, রাগ চাপিয়া বলিলেন, চরম আদর্শ না হ'তে পারে কমল, কিন্তু এ আমাদের পূর্ব-পিতামহগণের আদর্শ। ভারত-বাসীর এই নিত্যকালের লক্ষ্য—এই তাদের একটা মাত্র চলবার পথ। হরেনের আশ্রমের ব্যাপার আমি জানি নে, কিন্তু সে এই যদি গ্রহণ করে থাকে আমি তাকে আশীর্বাদ করি।

কমল কিছুক্ষণ তাহার মুখের প্রতি চাহিয়া থাকিয়া কহিল, জানি নে কেন মানুষের এ ভুল হয়। নিজেদের ছাড়া তারা যেন আর কোন ভ্রাতৃবাসীকে চোখে দেখতেই পায় না। আরও ত ঢের জ্ঞাত আছে—তারা এ আদর্শ মেবে কেন?

অবিনাশ কুপিত হইয়া কহিলেন, চুলোয় যাক তারা। আমাদের কাছে

এ আবেদন নিফল। আমি শুধু নিজেদের আদর্শ-ই স্পষ্ট করে দেখতে পেলে যথেষ্ট মনে করব।

কমল ধীরে ধীরে বলিল, এ আপনার অত্যন্ত রাগের কথা অবিনাশ-বাবু! নইলে এতবড় অন্ধ ভাবতে আপনাকে আমার প্রবৃত্তি হয় না। একটু ধামিয়া বলিল, কিন্তু কি জানি, পুরুষেরা সবাই বুদ্ধি শুধু এমনি করেই ভাবে। সেদিন অজিতবাবুর হুমুখেও হঠাৎ এই প্রসঙ্গই উঠে পড়েছিল। ভারতের সনাতন বৈশিষ্ট্য, তার স্বাভাব্য নষ্ট হবার উল্লেখ তাঁর সমস্ত মুখ ব্যথায় ফ্যাকাশে হয়ে গেল। এতদিন তিনি ছিলেন উৎকট স্বদেশী—আজও মনে হয়ত তাই আছেন—এ সম্ভাবনা তাঁর কাছে কেবল প্রায়ের নামাস্তর। বলিয়া সে একটা দীর্ঘনিশ্বাস মোচন করিল। অবিনাশ কি একটা বোধ হয় জবাব দিতে উত্তর ছিলেন, কিন্তু কমল সেদিকে দৃকপাত না করিয়াই বলিতে লাগিল, কিন্তু আমি ভাবি এতে ভয় কিদের? বিশেষ কোন একটা দেশে জন্মেছি বলে তারই নিজস্ব আচার-আচরণ চিরদিন আঁকড়ে থাকতে হবে কেন? গেলই বা তার বিশেষত্ব নিঃশেষ হয়ে! এতই কি মমতা? বিশ্বের সকল মানব যদি একই চিন্তা, একই ভাব, একই বিধি-নিষেধের ধরাজ হয়ে দাঁড়ায়—কি তাতে ক্ষতি? ভারতীয় বলে চেনা যাবে না এই ত ভয়? নাই বা গেল চেনা। বিশেষ মানবজাতির একজন বলে পরিচয় দিতে ত কেউ বাধা দেবে না। তার গৌরবই বা কি কম?

অবিনাশ সহসা জবাব খুঁজিয়া না পাইয়া বলিলেন, কমল, তুমি যা বলচ, নিজে তার অর্থ বোঝ না। এতে মানুষের সর্বনাশ হবে।

কমল উত্তর দিল, মানুষের হবে না অবিনাশবাবু, যারা অন্ধ তাদের অহঙ্কারের সর্বনাশ হবে।

অবিনাশ কহিলেন, এসব নিছক শিবনাথের কথা।

কমল কহিল, তা ত জানি নে—তিনিও এ কথা বলেন!

এবার অবিনাশ আত্মবিস্মৃত হইলেন। বিক্রমে মুখ কালো করিয়া বলিলেন, খুব জান। কথাগুলো মুখস্থ করেচ আর জান না কার?

ঔহার এই কদর্য দৃঢ়তার জবাব কমল দিল না, দিল নীলিমা। কহিল, কথা যারই হোক মুখোচ্চমশায়, মাষ্টারগিরি কাজে কড়া কথায় ধমক

দিয়ে ছাত্রের মুখ বন্ধ করা যার, কিন্তু তাতে সমস্তার সমাধান হয় না। প্রব্লেমের জবাব না দিতে পারলে ত লজ্জা নেই, কিন্তু ভদ্রতা লঙ্ঘন করার লজ্জা আছে; কিন্তু ঠাকুরপো, একটা গাড়ী ডাকতে পাঠাও না ভাই। তোমাকে কিন্তু গিয়ে পৌঁছে দিতে হবে। তুমি ব্রহ্মচারী মানুষ, তোমাকে সঙ্গে দিতে ত আর ভয় নেই—এই বলিয়া সে কটাক্ষে অবিনাশের প্রতি চাহিয়া বলিল, মন্থোদ্যমশায়ের মুখের চেহারা যে-রকম মিষ্টি হয়ে উঠেছে— তাতে বিলম্ব করা আর সম্ভব হবে না।

অবিনাশ গভীর হইয়া কহিলেন, বেশ ত, তোমরা বসে গল্প কর না, আমি শুতে চললাম। বলিয়া উঠিয়া গেলেন।

চাকর গাড়ী ডাকিতে গিয়াছিল, হরেন্দ্র কমলকে উদ্দেশ্য করিয়া বলিল, আমার আশ্রমে কিন্তু একদিন যেতে হবে। সেদিন জানতে গেলে কিন্তু না বলতে পারবেন না।

কমল সহাস্তে কহিল, ব্রহ্মচারীদের আশ্রমে আমাকে কেন হরেনবাবু? নাই বা গেলাম!

না, সে হবে না। ব্রহ্মচারী বলে আমরা ভয়ানক কিছু নই। নিতান্তই সাদাসিধে। গেরুয়াও পরি নে, জটা-বন্ধসও ধারণ করি নি। সাধারণের মাঝখানে আমরা তাদের সঙ্গেই মিশে আছি।

কিন্তু সে ত ভাল নয়! অসাধারণ হয়েও সাধারণের মধ্যে আত্ম-গোপনের চেষ্টা আর এক রকমের অন্তায় আচরণ। বোধ হয় অবিনাশবাবু একেই বলেছিলেন ভগ্নামি। তার চেয়ে বরং জটা-বন্ধস গেরুয়া চেয়ে ভাল। তাতে মানুষকে চেনবার সুবিধে হয়, ঠকবার সম্ভাবনা কম থাকে।

হরেন্দ্র কহিল, আপনার সঙ্গে তর্কে পারবার যো নেই—হট্টতেই হবে; কিন্তু বাস্তবিক, আমাদের প্রতিষ্ঠানটিকে আপনি কি ভাল বলেন না? পারি আর না পারি, এই আদর্শ কত বড়!

কমল কহিল, তা বলতে পারব না হরেনবাবু। সমস্ত সংঘর্ষের মত গৌন-সংঘর্ষেও সত্য আছে; কিন্তু সে গৌণ সত্য। ঘটনা করে তাকে জীবনের মূখ্য সত্য করে তুললে সে হয় আর এক ধরনের অসংঘর্ষ। তার দণ্ড আছে। আত্মনিগ্রহের উগ্রদণ্ডে আধ্যাত্মিকতা ক্ষীণ হয়ে আসে। বেশ, আমি যাব আপনার আশ্রমে।

হরেন্দ্র বলিল, যেতেই হবে—না গেলে আমি ছাড়ব না; কিন্তু একটা কথা বলে রাখি, আমাদের আড়ম্বর নেই—যটা করে আমরা কিছু করি নে। সহসা নীলিমাাকে কহিল, আমার আদর্শ উনি। ওঁর মতই আমরা সহজের পথিক। বৈধব্যের কোন বাহুপ্রকাশ ওঁতে নেই—বাইরে থেকে মনে হবে যেন বিলাস-ব্যসনে মগ্ন হয়ে আছেন, কিন্তু জানি ওঁর দুঃসাধ্য আচার-নিষ্ঠা, ওঁর কঠোর আত্মশাসন!

কমল মৌন হইয়া রহিল। হরেন্দ্র ভক্তি ও শ্রদ্ধায় বিগলিত হইয়া বলিতে লাগিল, আপনি ভারতের অতীত যুগের প্রতি শ্রদ্ধাসম্পন্ন নন, ভারতের আদর্শ আপনাকে মুগ্ধ করে না, কিন্তু বলুন ত—নারীত্বের এত বড় মহিমা, এত বড় আদর্শ আর কোন্ দেশে আছে? এই গৃহেই উনি গৃহিণী, স্নেহদায়ী মা-মর। সম্ভানের উনি জননীর ত্রায়। এ বাড়ীর সমস্ত দায়িত্ব ওঁর উপরে! অথচ কোন স্বার্থ, কোন বন্ধন নেই। বলুন ত, কোন্ দেশের বিধবা এমন পরের কাজে আপনাকে বিলিয়ে দিতে পেরেছে?

কমলের মুখ স্থিতহাস্তে বিকশিত হইয়া উঠিল, বলিল, এর মধ্যে ভালটা কি আছে হরেনবাবু? অপরের গৃহের নিঃস্বার্থ গৃহিণী ও অপরের ছেলের নিঃস্বার্থ জননী হবার দৃষ্টান্ত হরত জগতের আর কোথাও নেই। নেই বলে অদ্ভুত হ'তে পারে, কিন্তু ভাল হয়ে উঠবে কিসের জোরে!

শুনিয়া হরেন্দ্র স্তব্ধ হইয়া রহিল এবং নীলিমা আশ্চর্য হইয়া, দুই চক্ষু মেলিয়া নিনিমেষে তাহার মুখের প্রতি তাকাইয়া রহিল। কমল তাহাকে লক্ষ্য করিয়া বলিল, বাক্যের ছটায়, বিশেষণের চাতুর্যে লোকে একে যত গৌরবান্বিতই করে তুলুক, গৃহিণীপনার এই মিত্যে অভিনয়ের সম্মান নেই; এ গৌরব ছাড়াই ভাল।

হরেন্দ্র গভীর বেগনার সহিত কহিল, একটা সুশৃঙ্খল সংসার নষ্ট করে দ্বিগুণে চলে যাবার উপদেশ—এ ত আপনার কাছে কেউ আশা করে না।

কমল বলিল, কিন্তু সংসার ত ওঁর নিজের নয়—হ'লে এ উপদেশ দিতুম না! অথচ এমনি করেই কল্পভোগের নেশায় পুরুষেরা আমাদের মাতাল করে রাখে। তাদের বাহবার কড়া মদ খেয়ে চোখে আমাদের ঘোর লাগে, ভাবি এই বৃষ্টি নারীজীবনের সার্থকতা। আমাদের চা-বাগানের হৃদয়বাহু কখন মনে পড়ে। ক্রমশঃ বছরের ছোট বোনটির যখন স্বামী মরে গেল—

তাকে রাড়ীতে এনে নিজের একপাল ছেলেমেয়ে দেখিয়ে বেঁচে বললেন, লক্ষ্মী, হিদি আমার, এখন এরাই তোমর ছেলেমেয়ে। তোমর ভাবনা কি বোন, এদের মাহুয করে, এদের মায়ের মত হয়ে, এ বাড়ীর সর্কেশক্বা হয়ে আজ থেকে তুই সার্থক হ—এই আমার আশীর্বাদ। হরিশবাবু ডাল লোক, বাগানময় তাঁর ধন্য ধন্য পড়ে গেল—সবাই বললে, লক্ষ্মীর কপাল ভাল। ভাল ত বটেই। শুধু মেয়েমাহুযই জানে এত বড় দুভোগ, এত বড় ফাঁকি আর নেই, কিন্তু একদিন এ বিড়ম্বনা যখন ধরা পড়ে, তখন প্রতিকারের সময় বয়ে যায়।

হরেন্দ্র কহিল, তারপরে ?

কমল বলিল, পরের খবর জানি নে হরেনবাবু, লক্ষ্মীর সার্থকতার শেষ দেখে আসতে পারি নি—আগেই চলে আসতে হয়েছিল : কিন্তু ঐ যে আমার গাড়ী এসে দাঁড়াল। চলুন, পথে যেতে যেতে বলব। নমস্কার ! বলিয়া সে একমুহুর্তে উঠিয়া দাঁড়াইল।

নীলিমা নিঃশব্দে নমস্কার করিয়া দাঁড়াইয়া রহিল, তাহার দুই চক্ষু তারকা যেন অন্ধারের মত জ্বলিতে লাগিল।

চৌদ্দ

‘আশ্রম’ শব্দটা কমলের সন্মুখে হরেন্দ্রের মুখ দিয়া হঠাৎ বাহির হইয়া গিয়াছিল। সুনিয়া অবিনাশ যে ঠাট্টা করিয়াছিলেন সে অন্তায় হয় নাই। জনকয়েক দরিত্র ছাত্র ওখানে থাকিয়া বিনা খরচায় স্কুলে পড়াশুনা করতে পায়—ইহাই লোকে জানে। বস্তুতঃ নিজের এই বাসস্থানটাকে বাহিরের লোকের কাছে অত বড় একটা গৌরবের পদবীতে তুলিয়া ধরার সঙ্কল্প হরেন্দ্রের ছিল না। ও নিতান্তই একটা সাধারণ ব্যাপার এবং প্রকৃতপক্ষে আরম্ভও হইয়াছিল সামান্যভাবে; কিন্তু এসকল জিনিষের স্বভাবই এই যে, দাতার দুর্বলতায় একবার জন্মগ্রহণ করিলে আর ইহাদের গতির বিরাম থাকে না। কঠিন আগাছার স্তায় যুক্তিকার সমস্ত রস নিঃশেষে আকর্ষণ করিয়া ডালে-মূলে ব্যাপ্ত হইয়া পড়িতে ইহাদের বিলম্ব হয় না। হইতও তাই। এ বিবরণটাই প্রকাশ করিয়া বলি।

হরেন্দ্রর ভাইবোন ছিল না। পিতা ওকালতি করিয়া অর্থ সঞ্চয় করিয়া গিয়াছিলেন। তাঁহার মৃত্যুর পরে সংসারে অবশিষ্ট ছিলেন শুধু হরেন্দ্রের বিধবা মা। তিনিও পরলোকগমন করিলেন। ছেলের তখন লেখাপড়া সাক্ষ হইল। অতএব আপনার বলিতে এমন কেহই আর রহিল না যে, তাহাকে বিবাহের জন্য পীড়াপীড়ি করে কিম্বা উদ্যোগ ও আয়োজন করিয়া পায়ে শৃঙ্খল পরায়। অতএব পড়া যখন সমাপ্ত হইল, তখন নিতান্ত কাজের অভাবেই হরেন্দ্র দেশ ও দেশের সেবায় আত্মনিয়োগ করিল। সাধুসঙ্গ বিস্তর করিল, ব্যাকের জমানো-সুদ বাহির করিয়া দুর্ভিক্ষ নিবারণী সমিতি গঠন করিল, বস্ত্রান্নাবনে আচার্যদেবের দলে ভিড়িল, সেবক-সঙ্ঘে মিলিয়া কানা-খোঁড়া মুলো-হাবা-বোবা ধরিয়া আনিয়া সেবা করিল—নাম জাহির হইতেই দলে দলে ভাল লোকেরা আসিয়া, তাহাকে বলিতে লাগিল, টাকা দাও, পরোপকার করি। বাড়তি টাকা শেষ হইয়াছে, পুঁজিতে হাত না দিলে আর চলে না—এমনি যখন অবস্থা তখন হঠাৎ একদিন অবিনাশের সঙ্গে তাহার পরিচয়। সশব্দ যত দূরের হোক, পৃথিবীতে একটা লোকও যে তখনো বাকি আছে যাহাকে আত্মীয় বলি চলে, এই খবর সেইদিন সে প্রথম পাইল। অবিনাশের কলেজে তখন মাঠারি একটা খালি ছিল; চেঁচা করিয়া সেই কর্ণে তাহাকে নিযুক্ত করাইয়া সঙ্গে করিয়া আগ্রায় আনিলেন। এদেশে আসিবার ইহার তাহার ইতিহাস। পশ্চিমের মুদগনানী আমলের প্রাচীন সহরগুলায় সাবেক কালের অনেক বড় বড় বাড়ী এখনও অল্প ভাড়ায় পাওয়া যায়, ইহারই একটা হরেন্দ্র বোগাড় করিয়া লইল। এই তাহার আশ্রম।

কিন্তু এখানে আনিয়া যে কয়দিন সে অবিনাশের গৃহে অতিবাহিত করিল, তাহারই অবকাশে নীলিমার সহিত তাহার পরিচয়। মেয়েটি অচেনা লোক-খালিয়া একটা দিনের জন্তুও আড়ালে থাকিয়া দাসী-চাকরের হাত দিয়া আত্মীয়তা কারবার চেঁচা করিয়া না—একেবারে প্রথম দিনটিতেই সম্মুখে বাহির হইল। কহিল, তোমার কখন কি চাই ঠাকুরপো আমাকে জানাতে লজ্জা করো না। আমি বাড়ীর গিন্নী নই—অথচ গিন্নীপনার ভার পড়েছে আমার ওপর। তোমার দাদা বলছিলেন, ভায়ার অযত্ন হ'লে মাইনে কাটা বাবে। গল্পী মাগুণের লোকসান করে দিয়ে না ভাই, দরকারগুলো যেন জানতে পারি।

হরেন্দ্র কি জবাব দিবে খুঁজিয়া পাইল না। লক্ষ্য সে এমনি লড়সড় হইয়া উঠিল যে, এই মিষ্ট কথাগুলি যিনি অবলীলাক্রমে বলিয়া গেলেন তাঁহার মুখের দিকেও চাহিতে পারিল না, কিন্তু লক্ষ্য কাটিতেও তাহার দিন-হুয়ের বেশি লাগিল না। ঠিক যেন না কাটিয়া উপায় নাই—এমনি। এই রমণীর যেমন স্বচ্ছন্দ অনাড়ম্বর শ্রীতি, তেমনি সহজ সেবা। তিনি যে বিধবা, সংসারে তাহার যে সত্যকার আশ্রয় কোথাও নেই—তিনিও যে এ বাড়ীতে পর—এই কথাটাও একদিকে যেমন তাঁহার মুখের চেহারায়, তাঁহার সাজসজ্জায়, তাঁহার রহস্য-মধুর আলাপ-আলোচনায় ধরিবার যো নেই—তেমনি এইগুলাই যে তাহার সবটুকু নহে, একথাটাও না বুঝিয়া উপায়ান্তর নাই।

বয়স নিতান্ত কম নহে, বোধ করি বা ত্রিশের কাছাকাছি গিয়া পৌঁছাই-
য়াছে। এই বয়সের সমুচিত গাভীর্ঘ্য হঠাৎ খুঁজিয়া পাওয়া দায়—এমনি হালকা তাঁহার হাসিখুশির মেলা, অথচ একটুখানি মনোনিবেশ করিলেই স্পষ্ট বুঝা যায়—এমন একটা অদৃশ্য আবেষ্টন তাহাকে অহর্নিশি ঘিরিয়া আছে যাহার ভিতরে প্রবেশের পথ নাই। বাটার দাসী-চাকরেরও না, বাটার মনিবেরও না।

এই গৃহে, এই আবহাওয়ার মাঝখানেই হরেন্দ্রের সপ্তাহ-দুই কাটিয়া গেল। হঠাৎ একদিন সে আলাদা বাসা ভাড়া করিয়াছে শুনিয়া নীলিমা স্কন্ধ হইয়া কহিল, এত তাড়াতাড়ি করতে গেলে কেন ঠাকুরপো, এখানে কি এমন তোমার আটকাছিল ?

হরেন্দ্র সলজ্জ কহিল, একদিন যেতেই হ'তো বৌদি।

নীলিমা জবাব দিল, তা হয়ত হ'তো, কিন্তু দেশসেবার নেশার ঘোর তোমার এখনো চোখ থেকে কাটে নি, ঠাকুরপো, আরও দিনকতক না হয় বৌদির হেঁফাজতেই থাকতে !

হরেন্দ্র বলিল, তাই থাকব বৌদি। এই ত মিনিট-দশেকের পথ—
আপনার দৃষ্টি এড়িয়ে যাব কোথায় ?

অবিনাশ ঘরের মধ্যে, বসিয়া কাজ করিতেছিলেন; সেইখান হইতেই কহিলেন, যাবে জাহান্নামে। অনেক বারণ করেছিলাম, হরেন, যাস নে আর কোথাও, এইখানেই থাক; কিন্তু সে কি হয় ? ইচ্ছত বড়—না দাদার কথা বড়। যাও, নতুন আড্ডায় গিয়ে দরিদ্র-নারাদণের সেবা চড়াও

গে ছোটগিন্নী, গুকে বলা বুখা। ও হ'ল চড়কের সন্ন্যাসী—শিষ্ট হুঁড়ে ঘুরতে না পলে গুদের বাচাই মিথ্যে।

নূতন বাসায় আসিয়া হরেন্দ্র চাকর বামুন রাখিয়া অতিশয় শান্ত-শিষ্ট নিরীহ মাষ্টারের স্ত্রায় কলেজের কাজে মন দিল। প্রকাণ্ড বাড়ীতে অনেক ঘর। গোটা-দুই ঘর ছাড়া বাকি সমস্তই পড়িয়া রহিল। মাসখানেক পরেই এই শূন্য ঘরগুলো তাহাকে পীড়া দিতে লাগিল। ভাড়া দিতে হয়, অথচ কাজে লাগে না। অতএব পত্র গেল রাজেন্নের কাছে। সে ছিল তাহার দুর্ভিক্ষ-নিবারণী সমিতির সেক্রেটারী। দেশোদ্ধারের আগ্রহাতিশয্যে বছর-দুই অন্তরীণ থাকিয়া মাস পাঁচ-ছয় ছাড়া পাইয়া সাবেক বন্ধুবান্ধব-গণের সন্মানে ফিরিতেছিল। হরেন্দ্রের চিঠি এবং ট্রেনের মাগুল পাইয়া তৎক্ষণাৎ চলিয়া আসিল। হরেন্দ্র কহিল, দেখি, যদি তোমার একটা চাকরি-বাকরি করে দিতে পারি। রাজেন্ন বলিল, আচ্ছা। তাহার পরম বন্ধু ছিল সতীশ। সে কোনমতে অন্তরীণের দায় এড়াইয়া মেদিনীপুর জেলায় কোনও একটা গ্রামে বসিয়া ব্রহ্মচর্যাশ্রম খুলিবার চেষ্টায় ছিল; রাজেন্নের পত্র পাওয়ার সপ্তাহকাল মধ্যেই তাহার সাধুসঙ্কল্প মূলতুবী রাখিয়া আগ্রায় আসিয়া উপস্থিত হইল এবং একাকী আসিল না, অল্পগ্রহ করিয়া গ্রাম হইতে একজন ভক্তকে সঙ্গে করিয়া আনিল। সতীশ একথা যুক্তি ও শাস্ত্রবচনের জোরে নির্বিশেষে প্রতিপন্ন করিয়া দিল যে, ভারতবর্ষই ধর্ষভূমি। মুনি-ঋষিরাই ইহার দেবতা। আমরা ব্রহ্মচারী হইতে ভুলিয়া গিয়াছি বলিয়াই আমাদের সব গিয়াছে। এদেশের সহিত জগতের কোন দেশের তুলনা হয় না, কারণ আররাই ছিলাম একদিন জগতের শিক্ষক, আমরাই ছিলাম মানুষের গুরু। স্তত্রবাং বর্তমানে ভারতবাসীর একমাত্র করণীয়, গ্রামে গ্রামে, নগরে নগরে, অসংখ্য ব্রহ্মচর্যাশ্রম স্থাপন কর। দেশোদ্ধার যদি কখনও সম্ভব হয় ত এই পথেই হইবে।

শুনিয়া হরেন্দ্র মুগ্ধ হইয়া গেল। সতীশের নাম সে শুনিয়াছিল, কিন্তু পরিচয় ছিল না, স্তত্রবাং এই সৌভাগ্যের জন্ত সে মনে মনে রাজেন্নকে ধন্যবাদ দিল এবং ইতিপূর্বে যে তাহার বিবাহ হইয়া যায় নাই, এজন্য সে আপনাকে ভাগ্যবান জ্ঞান করিল। সতীশ সর্ববাদিসম্মত ভাল ভাল কথা জানিত; কয়েকদিন ধরিয়া সেই আলোচনাই চলিতে লাগিল। এই পুণ্যভূমির মুনি-

ঋষিদের আমরাই বংশধর, আমাদেরই পূর্বপিতামহগণ একদিন জগতের গুরু ছিলেন, অতএব আর একদিন গুরুগিরি করিবার আমরাই উত্তরাধিকারী। আর্থ্যরক্তসম্বৃত কোন্ পাৰ্বাণ্ড ইহার প্রতিবাদ করিতে পারে? পারে না এবং পারিবার মত দুৰ্ম্মতিপরায়ণ লোকও কেহ সেখানে ছিল না।

হরেন্দ্র মাতিয়া উঠিল; কিন্তু ইহা তপস্যা ও সাধনার বস্ত্র বলিয়া সমস্ত ব্যাপারটা সাধ্যমত গোপনে রাখা হইতে লাগিল, কেবল রাজেন ও সতীশ মাঝে মাঝে দেশে গিয়া ছেলে সংগ্রহ করিয়া আনিতে লাগিল। বাহারা বয়সে ছোট তাহারা স্থলে প্রবেশ করিল, বাহারা সেই শিক্ষায় উত্তীর্ণ হইয়াছে, তাহারা হরেন্দ্রর চেষ্টায় কোন একটা কলেজে গিয়া ভৰ্ত্তি হইল—এইরূপে অল্পকালেই প্রায় সমস্ত বাড়িটাই নানা বয়সের ছেলের দলে পরিপূর্ণ হইয়া উঠিল। বাহিরে লোক বিশেষ কিছু জানিতও না, জানিবার চেষ্টাও করিত না। শুধু এইটুকুই সকলে ভাসা ভাসা রকমের শুনিতে পাইল যে হরেন্দ্রর বাসায় থাকিয়া কতকগুলি দরিদ্র বাঙালীর ছেলে লেখাপড়া করে। ইহার অধিক অবিনাশও জানিত না, নীলিমাও না।

সতীশের কঠোর শাসনে বাসায় মাছ-মাংস আসিবার যো নাই, ব্রাহ্ম-মুহুর্ত্তে উঠিয়া সকলকে স্তোত্রপাঠ, ধ্যান, প্রাণায়াম প্রভৃতি শাস্ত্রবিহিত প্রক্রিয়া সম্পন্ন করিতে হয়, পরে লেখাপড়া ও নিত্যকর্ম; কিন্তু কর্তৃপক্ষদের ইহাতেও মন উঠিল না, সাধনমার্গ ক্রমশঃ কঠোরতর হইয়া উঠিল। বায়ুন পলাইল, চাকরদের জবাব দেওয়া হইল—অতএব এ কাজগুলোও পালা করিয়া ছেলেদের ঘাড়ে পড়িল। কোনদিন একটা তরকারি হয়, কোনদিন বা তাহাও হইয়া উঠে না; ছেলেদের পড়াশুনা গেল—ইস্থলে তাহারা বকুনি খাইতে লাগিল, কিন্তু কঠিন বাঁধা নিয়মের শৈথিল্য ঘটিল না—এমনি কড়াকড়ি। কেবল একটা অনিয়ম ছিল—বাহিরে কোথাও আহারের নিমন্ত্রণ জুটিলে। নীলিমার কি একটা ব্রত উদ্‌ঘোষন উপলক্ষে এই ব্যতিক্রম হরেন্দ্র জোর করিয়া বাহাল করিয়াছিল। এ-ছাড়া আর কোথাও কোন মার্জনা ছিল না। ছেলেদের খালি পা, রক্ত মাথা—পাছে কোথাও কোন ছিদ্রপথে বিলাসিতা অনধিকারপ্রবেশ করে সেদিকে সতীশের অতি সতর্ক চক্ষু অমূৰ্ক্ষণ পাহারা দিতে লাগিল। মোটামুটি এইভাবে আশ্রমের দিন কাটিতেছিল। সতীশের ত কথাই নাই, হরেন্দ্রর মনের মধ্যেও স্নান্য অবধি রহিল না। বাহিরের

কাহারো কাছে তাহার বিশেষ কিছুই প্রকাশ করিত না, কিন্তু নিজেদের মধ্যে হরেন্দ্র আত্মপ্রসাদ ও পরিতৃপ্তির উচ্ছ্বাসিত আবেগে প্রায়ই এই কথাটা বলিত যে, একটা ছেলেও যদি সে মানুষ করিয়া তুলিতে পারে ত এ জীবনে চরম সার্থকতা লাভ করিয়াছে মনে করিবে। সতীশ কথা কহিত না, বিনয়ে মুখখানি শুধু আনত করিত।

শুধু একটি বিষয়ে হরেন্দ্র এবং সতীশ উভয়েই পীড়া বোধ করিতেছিল। কিছুদিন হইতে উভয়েই অস্থব্ব করিতেছিল যে রাজেনের আচরণ পূর্বের মত আর নাই। আশ্রমের কোন কাজেই সে আর গা দেয় না, সকালের সাধন-ভজনের নিত্যকর্মে এখন সে প্রায়ই অস্থপস্থিত থাকে, জিজ্ঞাসা করিলে বলে, শরীর ভাল নাই। অথচ শরীর ভাল না থাকার বিশেষ কোন লক্ষণ দেখা যায় না; কিন্তু কেন সে এমন হইতেছে প্রশ্ন করিয়াও জবাব পাওয়া যায় না। কোনদিন হয়ত প্রভাতেই কোথায় চলিয়া যায়, সারাদিন আসে না, যাত্রা যখন বাড়ী ফিরে তখন এমনি তাহার চেহারা যে কারণ জিজ্ঞাসা করিতে হরেন্দ্রেরও সাহস হয় না। অথচ এ সকল একান্তই আশ্রমের নিয়ম-বিরুদ্ধ; একা হরেন্দ্র ব্যতীত সন্ধ্যার পবে কাহারো বাহিরে থাকিবার যো নাই—এ কথা রাজেন ভাল করিয়াই জানে, অথচ গ্রাহ্য করে না। আশ্রমের সেক্রেটারি সতীশ, শৃঙ্খলারক্ষার ভার তাহারই উপরে। এই সকল অনাচারের বিরুদ্ধে সে হরেন্দ্রর কাছে ঠিক যে অভিযোগ করিত তাহা নয়, কিন্তু মাঝে মাঝে আভাসে ইঙ্গিতে এমন ভাব প্রকাশ করিত যে, ইহাকে আশ্রমে রাখা ঠিক সঙ্গত হইতেছে না—ছেলেরা বিগড়াইতে পারে। হরেন্দ্র নিজেও যে না বুঝিত তা নহে, কিন্তু মুখ ফুটিয়া বলিবার সাহস তাহার ছিল না। একদিন সমস্ত রাজিই তাহার দেখা নাই—সকালে যখন সে বাড়ী ফিরিল, তখন এই লইয়াই একটা রীতিমত আলোচনা চলিতেছিল; হরেন্দ্র বিস্মিত হইয়া কহিল, ব্যাপার কি—রাজেন! কাল ছিলে কোথায়?

সে একটুখানি হাসিবার চেষ্টা করিয়া বলিল, একটা গাছতলায় পড়েছিলাম।
গাছতলায়? গাছতলায় কেন?

অনেক রাত হয়ে গেল—আর ডাকাকাকি করে আপনাদের ঘুম ভাঙলাম না।

বেশ! অত রাজিই বা হ'লো কেন?

এরনি ঘুরতে ঘুরতে । বলিয়া সে নিজের ঘরে চলিয়া গেল ।

সতীশ নিকটে ছিল, হরেন্দ্র জিজ্ঞাসা করিল, কি কাণ্ড বল ত ?

সতীশ বলিল, আপনাকেই কথা কাটিয়ে চলে গেল—গ্রাহ্য করলে না, আর আমি জানব কি করে ?

তাইত হে, এতটা ভাল নয় ।

সতীশ মুখ ভারী করিয়া খানিকক্ষণ চূপ করিয়া থাকিয়া বলিল, আপনি ত একটা কথা জানেন, পুলিশে ওকে বছর-দুই জেলে রেখেছিল ?

হরেন্দ্র বলিল, জানি, কিন্তু সে ত মিথ্যে সন্দেহের উপর । ওর ত কোনও সত্যিকার আর দোষ ছিল না ।

সতীশ কহিল, আমি শুধু ওর বন্ধু বলেই জেলে যেতে যেতে রয়ে গিয়েছিলাম । পুলিশের স্ফুটী ওকে আজও ছাড়ে নি ।

হরেন্দ্র কহিল, অসম্ভব নয় ।

প্রত্যুত্তরে সতীশ একটুখানি বিষাদের হাসি হাসিয়া কহিল, আমি ভাবি ওর থেকে আমাদের আশ্রমের উপরে না তাদের মায়া জন্মায় ।

শুনিয়া হরেন্দ্র চিন্তিতমুখে চূপ করিয়া রহিল । সতীশ নিজেও খানিকক্ষণ নীরবে থাকিয়া সহসা জিজ্ঞাসা করিল, আপনি বোধ হয় জানেন যে রাজেন ভগবান পর্যন্ত বিশ্বাস করে না ?

হরেন্দ্র আশ্চর্য হইয়া বলিল, কই না ?

সতীশ কহিল, আমি জানি সে করে না । আশ্রমের কাজকর্ম বিধিনিষেধের প্রতিও তার তিলার্দ্ধ শ্রদ্ধা নেই । আপনি বরঞ্চ কোথাও তার একটা চাকরিবাকরি করে দিন ।

হরেন্দ্র কহিল, চাকরি ত গাছের ফল নয় সতীশ, যে ইচ্ছে করলেই পেড়ে হাতে দেব । তার জন্ত যথেষ্ট চেষ্টা করতে হয় ।

সতীশ বলিল, তা হ'লে তাই করুন । আপনি যখন আশ্রমের প্রতিষ্ঠাতা এবং প্রেসিডেন্ট ও আমি এর সেক্রেটারি, তখন সকল বিষয় আপনার গোচর করাই আমার কর্তব্য । আপনি ওকে অত্যন্ত স্নেহ করেন এবং আমারও সে বন্ধু । তাই তার বিরুদ্ধে কোন কথা বলতে এতদিন আমার প্রবৃত্তি যায় নি, কিন্তু এখন আপনাকে সতর্ক করে দেওয়া আমি কর্তব্য বলে মনে করি ।

হরেন্দ্র মনে মনে ভীত হইয়া কহিল, কিন্তু আমি জানি তার নির্মল চরিত্র—

সতীশ ঘাড় নাড়িয়া বলিল, হাঁ। এদিক দ্বিগুণে অতি বড় শত্রুও তার দোষ দিতে পারে না। রাজেন আজীবন কুমার, কিন্তু সে ব্রহ্মচারীও নয়। আসল কাবণ, স্ত্রীলোক বলে সংসারে যে কিছু আছে এ কথা ভাববারও তার সময় নেই। এই বলিয়া সে ক্ষণকাল মৌন থাকিয়া কহিল, তার চরিত্রের অভিযোগ আমি করি নি, সে অস্বাভাবিক রকমের নিশ্চল, কিন্তু—

হরেন্দ্র প্রাণ করিল, তবুও তোমার কিন্তুটা কি ?

সতীশ বলিল, কলকাতার বাসায় আমরা দুজনে এক ঘরে থাকতাম। ও তখন ক্যান্সেল মেডিকেল স্কুলের ছাত্র এবং বাসায় বি. এস-সি পড়ত। সবাই জানত ওই ফাষ্ট হবে, কিন্তু একজামিনের আগে হঠাৎ কোথায় চলে গেল—

হরেন্দ্র বিস্মিত হইয়া জিজ্ঞাসা করিল, ও কি ডাক্তারি পড়ত নাকি ? কিন্তু আমাকে যে বলেছিল ও শিবপুর ইঞ্জিনিয়ারিং কলেজে ভর্তি হয়েছিল, কিন্তু পড়াশুনো ভয়ানক শক্ত বলে ওকে পা'লিয়ে আসতে হয়েছিল—

সতীশ কহিল, কিন্তু খোঁজ নিলে দেখতে পাবেন কলেজে থার্ড ইয়ারে সে-ই হয়েছিল প্রথম। অথচ বিনা কারণে চলে আসায় কলেজের সমস্ত মাষ্টারই অত্যন্ত দুঃখিত হয়েছিল। ওর পিসিমা বড়লোক, তিনিই পড়ার খরচ দিচ্ছিলেন। এ ব্যাপারে বিরক্ত হয়ে টাকা বন্ধ করলেন, তারপরে বোধ হয় আপনার সঙ্গে ওর পরিচয়। বছর দুই ঘুরে ঘুরে যখন ফিরে এলো, তখন পিসিমা তারই মত নিয়ে তাকে ডাক্তারি স্কুলে ভর্তি করে দিলেন। ক্লাসে প্রত্যেক বিষয়েই ফাষ্ট হচ্ছিল, অথচ বছর-তিনেক পড়ে হঠাৎ একদিন ছেড়ে দিলে ! ওই এক ছুতো—তারি শক্ত, ও আমি পেয়ে উঠবো না। ছেড়ে দিয়ে আমার বাসায় আমার ঘরে এসে আড্ডা নিলে। বললে, ছেলে পড়িয়ে বি. এস-সি পাশ করে কোথাও কোন গ্রামে গিয়ে মাষ্টারি করে কাটাও ! আমি বললাম, বেশ তাই কর। তারপরে দিন-পনের নাওয়া খাওয়ার সময় নেই, চোখের ঘুম কোথায় গেল তার ঠিকানা নেই—এমনই পড়া পড়লে যে, সে এক আশ্চর্য ব্যাপার ! সবাই বললে, এ না হলে কি আর কেউ প্রত্যেক বিষয়ে প্রথম হতে পারে !

হরেন্দ্র এ-সব কিছুই জানিত না—রুদ্ধনিঃশ্বাসে কহিল, তারপরে ?

সতীশ কহিল, তারপরে যা আরম্ভ করলে সেও এমনি অন্তত। বই আর

ছ'লে না। কোথায় রইল তার খাতা পেঞ্জিল, কোথায় রইল তার নোট বুক—কোথায় যায়, কোথায় থাকে, পাণ্ডাই পাণ্ডয়া যায় না। যখন ফিরে আসে তার চেহারা দেখলে ভয় হয়। যেন এতদিন ওর স্নানাহার পর্য্যন্ত ছিল না।

তারপরে ?

তারপরে একদিন পুলিশের দলবল এসে সকাল থেকে বাড়ীময় যেন দক্ষযজ্ঞ স্কন্ধ করলে ! এটা ফেলে, সেটা ছড়ায়, সেটা খোলে, একে ধমকাই, তাকে আটকায়—সে বস্তু চোখে না দেখলে অহুধাবন করবার যো নেই। বাসার সবাই কেরাণী, ভয়ে সকলের সর্দিগর্খী হয়ে গেল—সবাই ভাবলে আর রক্ষে নেই, পুলিশের লোকে আজ সবাইকে ধরে ফাঁসি দেবে।

তারপরে ?

তারপরে বিকেল নাগাদ রাজেনকে আর রাজেনের বন্ধু বলে আমাদের ধরে নিয়ে তারা বিদেয় হ'ল। আমাদের দিলে দিন-চারেক পরেই ছেড়ে, কিন্তু তার উদ্দেশ্য আর পাণ্ডয়া গেল না। ছাড়বার সময় সাহেব দয়া করে বার বার স্মরণ করিয়ে দিলেন যে, ওয়ান্ ট্রেপ ! ওন্লি ওয়ান্ ট্রেপ ? -তোমার বাসার ঘর আর এই জেলের ঘরের মধ্যে ব্যবধান রইলো শুধু ওয়ান্ ট্রেপ। গো। গঙ্গাস্নান করে কালীঘাটে মা-কালীকে দর্শন করে বাসায় ফিরে এলাম। সবাই বললে, সতীশ, তুমি ভাগ্যবান। অফিসে গেলাম, সাহেব ডেকে পাঠিয়ে দুমাসের মাইনে হাতে দিয়ে বললেন, গো। সুনলাম ইতিমধ্যে আমার অনেক খোঁজ-তল্লাসিই হয়ে গেছে।

হরেন্দ্র স্তব্ব হইয়া রহিল। কিছুক্ষণ এইভাবে থাকিয়া শেষে ধীরে ধীরে কহিল, তা হ'লে কি তোমার নিশ্চয় বোধ হয় যে রাজেন—

সতীশ মিনতির স্বরে বলিল, আমাদের জিজ্ঞেসা করবেন না। আমার বন্ধু !

হরেন্দ্র খুসী হইল না, কহিল, আমারও ত সে ভাইয়ের মত।

সতীশ কহিল, একটা কথা ভেবে দেখবার যে তারা আমাদের বিনা দোষে লাঞ্ছনা করেছে সত্যি, কিন্তু ছেড়েও দিয়েছে।

হরেন্দ্র বলিল, বিনা দোষে লাঞ্ছনা করাটাও ত আইন নয়। যারা তা পারে, তারা এ-ই বা পারবে না কেন ?—এই বলিয়া সে তখনকার মত কলেঙ্কে চলিয়া গেল, কিন্তু মনের মধ্যে তাহার ভারী অশান্তি লাগিয়া রহিল। শুধু কেবল রাজেনের ভবিষ্যৎ চিন্তা করিয়াই নয়, দেশের কাজে দেশের ছেলেদের

মাছুষের মত মাছুষ করিয়া তুলিতে এই যে সে আয়োজন করিয়াছে, পাছে তাহা অकारণে নষ্ট হইয়া যায়। হরেন স্থির করিল ব্যাপারটা সভ্যই হোক, বা মিথ্যাই হোক, পুলিশের চক্ষু অकारণে আশ্রমের প্রতি আকর্ষণ করিয়া আনা কোনমতেই সমীচীন নয়। বিশেষতঃ সে যখন স্পষ্টই এখানকার নিয়ম লঙ্ঘন করিয়া চলিতেছে, তখন কোথাও চাকরি করিয়া দিয়া হোক বা যে কোন অজুহাতেই হোক, তাহাকে অন্ততঃ সরাইয়া দেওয়াই বাঞ্ছনীয়।

ইহার দিন-কয়েক পরেই মুসলমানদের কি একটা পরকোপলক্ষে দুদিন ছুটি ছিল। সতীশ কাশী যাইবার অনুমতি চাইতে আসিল। আশ্রা আশ্রমের অমুরূপ আদর্শে ভারতের সর্বত্র প্রতিষ্ঠান গড়িয়া তুলিবার বিরাত কল্পনা হরেন্দ্রর মনের মধ্যে ছিল এবং এই উদ্দেশ্যেই সতীশের কাশী যাওয়া। শুনিয়া রাজেন আসিয়া কহিল, হরেনদা, ওর সঙ্গে আমিও দিন-কতক বেড়িয়ে আসি গে।

হরেন্দ্র বলিল, তার কাজ আছে বলে সে যাচ্ছে।

রাজেন বলিল, আমার কাজ নেই বলেই যেতে চাচ্ছি। যাবার গাড়ী-ভাড়ার টাকাটা আমার কাছে আছে।

হরেন্দ্র জিজ্ঞাসা করিল, কিন্তু ফিরে আসবার ?

রাজেন চুপ করিয়া রহিল। হরেন্দ্র বলিল, রাজেন, কিছুদিন থেকে তোমাকে একটা কথা বলি-বলি করেও বলতে পারি নি।

রাজেন একটুখানি হাসিয়া কহিল, বলবার প্রয়োজন নেই হরেনদা, সে আমি জানি।—বলিয়া সে চলিয়া গেল।

রাত্রির াড়ীতে তাহাদের যাইবার কথা। বাসা হইতে বাহির হইবার কালে হরেন্দ্র ঘরের কাছে দাঁড়াইয়া হঠাৎ তাহার হাতের মধ্যে একটা কাগজের মোড়ক গুঁজিয়া দিয়া চুপি চুপি বলিল, ফিরে না এলে বড় খেপ পাবে রাজেন, এই বলিয়াই চক্ষের পলকে নিজের ঘরে গিয়া প্রবেশ করিল।

ইহার দিন-দশেক পরে দুজনেই ফিরিয়া আসিল। হরেন্দ্রকে নিভূতে ডাকিয়া সতীশ প্রকৃতমুখে কহিল, আপনার সেদিনের ঐটুকু বলাতেই কাজ হয়েছে হরেনদা। কাশীতে আশ্রম স্থাপনের ক্ষেত্রে এ ক'দিন রাজেন অমানুষিক পরিশ্রম করেছে।

হরেন্দ্র কহিল, পরিশ্রম করলে ত সে অমানুষিক পরিশ্রমই করে সতীশ।

হাঁ, তাই সে করেছে ; কিন্তু এর সিকি ভাগ পরিশ্রমও যদি সে আমাদের নিজের আশ্রমটুকুর জন্য করত !

হরেন্দ্র আশাশ্রিত হইয়া বলিল, করবে হে সতীশ, করবে। এতদিন বোধ করি ও ঠিক জিনিষটি ধরতে পারে মি। আমি নিশ্চয় বলছি, তুমি দেখতে পাবে এখন থেকে ওর কর্ণের আর অবধি থাকবে না।

সতীশ নিজেও সেই ভরসাই করিল।

হরেন্দ্র বলিল, তোমাদের ফিরে আসার অপেক্ষায় একটা কাজ স্থগিত আছে। আমি মনে মনে কি স্থির করেছি জানো, আমাদের আশ্রমের অস্তিত্ব এবং উদ্দেশ্য গোপন রাখলে চলবে না। দেশের এবং দশের সহানুভূতি পাওয়া আমাদের প্রয়োজন। এর বিশিষ্ট কর্তৃপদ্ধতি সাধারণ্যে প্রচার আবশ্যিক।

সতীশ সন্দিগ্ধকণ্ঠে কহিল, কিন্তু তাতে কি কাজ বাধা পাবে না ?

হরেন্দ্র বলিল, না। এই রবিবারে আমি কয়েকজনকে আহ্বান করেছি। তাঁরা দেখতে আসবেন। আশ্রমের শিক্ষা, সাধনা, সংযম ও বিশুদ্ধতার পরিচয়ে সেদিন যেন তাঁদের আমরা মুগ্ধ করে দিতে পারি। তোমার উপরেই সমস্ত দায়িত্ব।

সতীশ জিজ্ঞাসা করিল, কে কে আসবেন ?

হরেন্দ্র বলিল, অজিতবাবু, অবিনাশদা, বৌ-ঠাকরুণ। শিবনাথবাবু সম্প্রতি এখানে নেই—তুমি মঙ্গলবারে গেছেন কার্ধ্যোপলক্ষে, কিন্তু তাঁর স্ত্রী কমলের নাম বোধ করি শুনেছ—তিনিও আসবেন ; এবং শরীর সুস্থ থাকলে হয়ত আশুবাবুকেও ধরে আনতে পারব। জান ত, কেউ এঁরা যে-সে লোক নন। সেদিন এঁদের কাছ থেকে যেন আমরা সত্যিকার শ্রদ্ধা আদায় করে নিতে পারি। সে ভার তোমার।

সতীশ সবিনয়ে মাথা নত করিয়া কহিল, আশীর্বাদ করুন, তাই হবে।

রবিবার সন্ধ্যার প্রাক্কালে অভ্যাগতেরা আসিয়া উপস্থিত হইলেন—আসিলেন না শুধু আশুবাবু। হরেন্দ্র দ্বার হইতে তাঁহাদের সসন্মানে অভ্যর্থনা করিয়া আনিলেন। ছেলেরা তখন আশ্রমের নিত্যপ্রয়োজনীয় কর্মে ব্যাপ্ত। কেহ আলো জালিতেছে, কেহ ঝাঁট দিতেছে, কেহ উনান ধরাইতেছে, কেহ জল তুলিতেছে, কেহ রান্নার আয়োজন করিতেছে। হরেন্দ্র অবিনাশকে লক্ষ্য

করিয়া সহাজে কহিল, সেজদা, এয়াই সব আমাদের আশ্রমের ছেলে, আপনি আমাদের লক্ষীছাড়ার দল বলেন। আমাদের চাকর-বামুন নেই, সমস্ত কাজ এদের নিজেদের করতে হয়। বৌদি, আহ্নন আমাদের রান্নাশালায়। আজ আমাদের পর্কদিন, সেখানকার আয়োজন একবার দেখে আসবেন চলুন।

নীলিমার পিছনে পিছনে সবাই আসিয়া রান্নাঘরের দ্বারের কাছে দাঁড়াইলেন। একটি বছর দশ-বারের ছেলে উনান জালিতেছিল এবং সেই বয়সের একটি ছেলে বঁটিতে আলু কুটিতেছিল, উভয়েই উঠিয়া দাঁড়াইয়া নমস্কার করিল। নীলিমা ছেলেটিকে স্নেহের কণ্ঠে সম্বোধন করিয়া প্রশ্ন করিল, আজ তোমাদের কি রান্না হবে, বাবা?

ছেলেটি প্রফুল্ল মুখে কহিল, আজ রবিবারে আমাদের আলুর দম হয়।

আর কি হয়?

আর কিছু না।

নীলিমা ব্যাকুল হইয়া জিজ্ঞাসা করিল, শুধু আলুর দম? ডাল কিয়া ঝোল কিয়া আর কিছু—

ছেলেটি শুধু কহিল, ডাল আমাদের কাল হয়েছিল।

সতীশ পাশে দাঁড়াইয়াছিল, ব্বাইয়া বলিল, আমাদের আশ্রমের একটার বেশি হবার নিয়ম নেই।

হরেন্দ্র হাসিয়া কহিল, হবার যো নেই বৌদি, হবে কোথা থেকে? ভায়া এইভাবেই পরের কাছে আশ্রমের গৌরব রক্ষা করেন।

নীলিমা জিজ্ঞাসা করিল, দাসী-চাকরও নেই বুঝি?

হরেন্দ্র কহিল, না। তাদের আনলে আলুর দমকে বিদায় দিতে হবে, ছেলেরা সেটা পছন্দ করবে না।

নীলিমা আর প্রশ্ন করিল না, ছেলে দুটির মুখের গানে চাহিয়া তাহার দুই-চক্ষু ছল ছল করিতে লাগিল। কহিল, ঠাকুরপো, আর কোথাও চল।

সকলেই এ কথার অর্থ বুঝিল। হরেন্দ্র মনে মনে পুলকিত হইয়া কহিল, চলুন; কিন্তু আমি নিশ্চয় জানতাম বৌদি, এ আপনি সহিতে পারবেন না। এই বলিয়া সে কমলের প্রতি চাহিয়া বলিল, কিন্তু আপনি নিজেই এতে অভ্যস্ত—শুধু আপনিই বুঝবেন এর সার্থকতা। তাই সেদিন আমার এই ব্রহ্মচর্য্যাশ্রমে সসম্মানে আপনাকে আমন্ত্রণ করেছিলুম।

হরেন্দ্রের গভীর ও গভীর মুখের প্রতি চাহিয়া কমল হাসিয়া ফেলিয়া বলিল, আমার নিজের কথা আলাদা, কিন্তু এই সব শিশুদের নিয়ে প্রচণ্ড আড়ম্বরে এই নিষ্ফল দারিদ্র্যচর্চার নাম কি মাহুষগড়া হরেনবাবু! এরাই বুঝি সব ব্রহ্মচারী? এদের মাহুষ করতে চান ত সাধারণ সহজ পথ দিয়ে কল্পন—মিথ্যে দুঃখের বোঝা মাথায় চাপিয়ে অসময়ে কুঁজো করে দেবেন না। তাহার বাক্যের কঠোরতার হরেন্দ্র বিব্রত হইয়া উঠিল; অবিনাশ বলিলেন, কমলকে ডেকে আনা তোমার ঠিক হয়নি, হরেন?

কমল লজ্জা পাইল, কহিল, আমাকে সত্যি কারো ডাকা উচিত নয়।

নীলিমা কহিল, কিন্তু সে কীমতে মধ্যে আমি নয়, কমল। আমার ঘরের মধ্যে কখনো তোমার অনাদর হবে না। চল, আমরা ওপরে গিয়ে বসি গে। দেখি, ঠাকুরপোর আশ্রমে আরও কি কি আতসবাজী বা'র হয়। এই বলিয়া সে স্নিগ্ধহাস্তের আভরণ দিয়া কমলের লজ্জা ঢাকিয়া দিল।

দ্বিতলে আশ্রমের বসিবার ঘরখানি দিব্য প্রশস্ত। সাবেক কালের কারুকার্য ছাদের নীচে ও দেওয়ালের গায়ে এখনও বিচুমান। বসিবার জন্ত একখানা বেঞ্চ ও গোটা-চারেক চৌকি আছে, কিন্তু সাধারণতঃ কেহ তাহাতে বসে না। মেঝের উপর সতরঞ্জি পাতা। আজ বিশেষ উপলক্ষে সাদা চাদর বিছাইয়া প্রতিবেশী লালাজীর গৃহ হইতে কয়েকটা মোটা তাকিয়া চাহিয়া আনা হইয়াছে; মাঝখানে তাঁহারই ব্লাডীর লতাপাতা-কাটা বারো ডালের শেজ এবং তাঁহারই দেওয়া সবুজ রঙের শানুসে ঢাকা দেওয়াল-গিরি এক কোণে জলিতেছে; নীচের অন্ধকার ও আনন্দহীন আবহাওয়ার মধ্য হইতে এই ঘরটিতে উপস্থিত হইয়া সকলেই খুসী হইলেন।

অবিনাশ একটা তাকিয়া আশ্রয় করিয়া পদদ্বয় সম্মুখে প্রসারিত করিয়া দিয়া তৃপ্তির নিঃশ্বাস ফেলিয়া বলিলেন; আঃ! বাঁচা গেল!

হরেন্দ্র মনে মনে পুলকিত হইয়া কহিল, আমাদের আশ্রমের এ ঘরখানি কেমন সেজদা?

অবিনাশ বলিলেন, এই ত মুন্সিলে কেললি হরেন। কমল উপস্থিত রয়েছেন, ওর সম্মুখে কোন কিছুকে ভাল বলতে সাহস হয় না—হয়ত স্ত্রীক প্রতিবাদের জোরে এখুনি সপ্রমাণ করে দেবেন যে এর ছাদের নজ্জা থেকে মেঝের গালুচে পর্য্যন্ত সবই মন্দ! এই বলিয়া তিনি তাহার মুখের প্রতি

চাহিয়া একটুখানি হাসিয়া কহিলেন, আমার কোন সখল না থাক কমল, অন্ততঃ বয়সের পুঁজিটা যে জমিয়ে ডুলেটি এ ডুমিও মানবে। তারই জোরে তোমাকে একটা কথা বলে রাখি, সত্য বাক্য অনেক ক্ষেত্রেই অপ্রিয় হয় তা অস্বীকার করি নে; কিন্তু তাই বলে অপ্রিয় বাক্য মাত্রই সত্য নয়, কমল। তোমাকে অনেক কথাই শিবনাথ শিখিয়েছে, কেবল একটা দেখচি সে শেখাতে বাকি রেখেচে।

কমলের মুখ রাঙা হইয়া উঠিল; কিন্তু ইহার জবাব দিল নীলিমা। কহিল, শিবনাথের ক্রটি হয়েছে মুখ্যোমশাই, তাঁকে জরিমানা করে আমরা তার শোধ দেব; কিন্তু গুরুগিরিতে কোন পুরুষই ত কম নয়। তাই প্রার্থনা করি তোমার বয়সের পুঁজি থেকে আরও দু-একটা প্রিয় বাক্য বা'র কর—
আমরা সবাই শুনে ধন্য হই।

অবিনাশ অন্তরে জলিয়া গেলেন। এত লোকের মাঝখানে শুধু কেবল উপহাসের জন্মই নয়, এই বক্রোক্তির অভ্যন্তরে যে তীক্ষ্ণ ফলাটুক লুকানো ছিল তাহা বিদ্র কনিয়াই নিরস্ত হইল না, অপমান করিল। • কিছুকাল হইতে কি একপ্রকার অসন্তোষের তপ্ত বাতাস কোথা হইতে বহিয়া আসিয়া উভয়ের মাঝখানে পড়িতেছিল। ঝড়ের মত ভীষণ কিছুই নয়, কিন্তু খড়কুটা ধূলাবালি উড়াইয়া মাঝে মাঝে চোখমুখে আনিয়া ফেলিতেছিল। অল্প একটুখানি নড়া দাঁতের মত চিবানোর কাজটা চলিতেছিল, কিন্তু চিবানোর আনন্দে বাজিতেছিল। হরেন্দ্রকে উদ্দেশ্য করিয়া কহিলেন, রাগ করতে পারি নে হরেন, তোমার বৌদি নিতান্ত মিথ্যে বলেন নি—আমাকে চিনতে ত তাঁর বাকি নেই—ঠিকই জানেন আমার পুঁজিটা সেই সেকেলে সোজা ধরণের, তাতে বস্ত থাকলেও রসকস নেই।

হরেন্দ্র জিজ্ঞাসা করিল, এ কথার মানে সেজদা ?

অবিনাশ বলিলেন, তুমি সন্ন্যাসী মাল্লুষ, মানেটা ঠিক বুঝবে না; কিন্তু ছোটগিন্নী হঠাৎ বেরকম কমলের ভক্ত হয়ে উঠেচেন, তাতে আশা হয় তাঁর অভিজ্ঞতা কাজে লাগালে ধন্য হবার পথ গুর আপনি পরিষ্কার হবে।

এই ইঙ্গিতের কদম্ব্যতা তাঁহার নিজের কানেও লাগিয়াছিল, কিন্তু দুর্বিনয়ের স্পর্ধায় আরও কি একটা বলিতে যাইতেছিলেন, কিন্তু হরেন্দ্র ঝামাইয়া দিল। স্মৃগকণ্ঠে কহিল, সেজদা, আপনারা সকলেই আজ অতিথি।

কমলকে আমি আশ্রমের পক্ষে সন্দ্বন্দানে নিমন্ত্রণ করে এনেছিলাম, এ কথা আপনায়্য ভুলে গেলে আমাদের দুঃখের সীমা থাকবে না।

নীলিমা বলিল, তা হ'লে আমার সম্বন্ধেও দয়া করে ঠেকে স্মরণ করিয়ে দাও ঠাকুরপো যে, কাউকে ছোটগিন্নী বলে ডাকতে থাকলেই সে সত্যিকারের গৃহিণী হয়ে যায় না। তাকে শাসন করার মাত্রাবোধ থাকা চাই। আমার দিক থেকে মুখ্যোমশায়ের অভিজ্ঞতার ভাঁড়ার-ঘরে এইটুকু আজ বরঞ্চ জমা হয়ে থাক—ভবিষ্যতে কাজ লাগতে পারে।

হরেন্দ্র হাতজোড় করিয়া বলিল, রক্ষে করুন বৌদি, যত অভিজ্ঞতার লড়াই কি আজ আমার বাসায় এসে? যেটুকু বাকি রইল এখন থাক, বাড়ী ফিরে গিয়ে সমাধা করে নেবেন, নইলে আমরা যে মারা যাই। যে ভয়ে অক্ষয়কে ডাকলাম না, তাই কি শেষে ভাগ্যে ঘটলো?

শুনিয়া অজিত ও কমল উভয়েই হাসিয়া ফেলিল। হরেন্দ্র জিজ্ঞাসা করিল, অজিতবাবু, শুনলাম কাল নাকি আপনি বাড়ী যাবেন?

কিন্তু আপনি শুনলেন কার কাছে?

আশুবাবুকে আনতে গিয়েছিলাম, তিনিই বললেন, কাল বোধ হয় আপনি বাড়ী চলে যাচ্ছেন।

অজিত কহিল, বোধ হয়; কিন্তু সে কাল নয়, পরশু এবং বাড়ী কিনা তারও নিশ্চয়তা নেই। হয়ত বিকেল নাগাদ ষ্টেশনে গিয়ে উপস্থিত হব—উত্তর দক্ষিণ পূর্ব পশ্চিম যে কোন দিকের গাড়ী পাবো, তাতেই এবারের যাত্রা শুরু করে দেব।

হরেন্দ্র সহাস্ত্রে কহিল, অনেকটা বিরাগী হওয়ার মত। অর্থাৎ গন্তব্য স্থানের নির্দেশ নেই।

অজিত বলিল, না।

কিন্তু ফিরে আসবার?

না, তারও আপাততঃ কোন নির্দেশ নেই।

হরেন্দ্র কহিল, অজিতবাবু, আপনি ভাগ্যবান লোক; কিন্তু তল্লি বইবার লোকের দরকার হয় ত একজনকে দিতে পারি, বিশেষে এমন বন্ধু আর পাবেন না।

কমল কহিল, আর রাঁধবার লোকের দরকার হয় ত আমিও একজনকে

দিতে পারি রাখতে যার জোড়া নেই। আপনিও স্বীকার করবেন, হাঁ, অহঙ্কার করতে পারে বটে।

অবিনাশের কিছুই আর ভাল লাগিতেছিল না; বলিলেন, হরেন, আর দেবী কিসের, এবার ফেরবার উদ্দেশ্য করা যাক না। কি বল?

হরেন্দ্র সবিনয়ে কহিল, ছেলেদের সঙ্গে একটু পরিচয় করবেন না? ছুটো উপদেশ তাদের দিয়ে যাবেন না সেজদা।

অবিনাশ বলিলেন, উপদেশ দিতে ত আমি আসি নি, এসেছিলাম শুধু ওদের সঙ্গী হিসাবে। তার বোধ হয় আর দরকার নেই।

সতীশ অনেকগুলি ছেলে সঙ্গে লইয়া উপস্থিত লইল। দশ-বারো বছরের বালক হইতে উনিশ-কুড়ি বছরের যুবক পর্যন্ত তাহাতে আছে। শীতের দিন। গায়ে শুধু একটি জামা, কিন্তু কাহারও পায়ে জুতা নাই—জীবনধারণের পক্ষে অতি প্রয়োজনীয় নয় বলিয়াই। আহারের ব্যবস্থা পূর্বেই দেখানো হইয়াছে। ব্রহ্মচর্যাশ্রমে এ সকল শিক্ষার অঙ্গ। হরেন্দ্র আজ একটি সুন্দর বক্তৃতা রচনা করিয়া রাখিয়াছিল, মনে মনে তাই আবৃত্তি করিয়া লইয়া যথোচিত গাষ্ঠীর্থ্যের সহিত কহিল, এই ছেলেরা স্বদেশের কাজে জীবন উৎসর্গ করেছে। আশ্রমের এই মহৎ আদর্শ যাতে নগরে নগরে গ্রামে গ্রামে প্রচার করতে পারে, আজ এদের সেই আশীর্বাদ আপনারা করুন।

সকলে মুক্তকণ্ঠে আশীর্বাদ করিলেন।

হরেন্দ্র কহিল, যদি সময় থাকে আমাদের বক্তব্য আমি পরে নিবেদন করব। এই বলিয়া সে কমলকে উদ্দেশ্য করিয়া কহিল, আপনাকেই আজ আমরা বিশেষ ভাবে আমন্ত্রণ করে এনেছি কিছু শুনবো বলে। ছেলেরা আশা করে আছে আপনার মুখ থেকে আজ তারা এমন কিছু পাবে যাতে জীবনের ব্রত তাদের অধিকতর উজ্জ্বল হয়ে উঠবে।

কমল সঙ্কোচ ও দ্বিধায় আরক্ত হইয়া উঠিল। কহিল, আমি ত বক্তৃতা দিতে পারি নে, হরেনবাবু।

উত্তর দিল সতীশ, কহিল, বক্তৃতা নয়, উপদেশ। দেশের কাজে যা তাদের সবচেয়ে বেশী কাজে লাগবে শুধু তাই।

কমল তাহাকেই প্রণাম করিল, দেশের কাজ বলতে আপনারা কি বোঝেন, আগে বলুন।

সতীশ কহিল, যাতে দেশের সর্বাকীর্ণ কল্যাণ হয় সেই ত দেশের কাজ।

কমল বলিল, কিন্তু কল্যাণের ধারণা ত সকলের এক নয়। আপনার সঙ্গে আমার ধারণা যদি না মেলে, আমার উপদেশ ত আপনাদের কাজে লাগবে না।

সতীশ মুন্সিলে পড়িল। এ কথাই ঠিক উত্তর সে খুঁজিয়া পাইল না। তাহাকে এই বিপদ হইতে উদ্ধার করিতে হরেন্দ্র কহিল, দেশের মুক্তি যাতে আসে সেই হ'লো দেশের একমাত্র কল্যাণ। দেশে এমন কে আছে যে এ সত্য স্বীকার করবে না?

কমল বলিল, না বলতে ভয় হয় হরেনবাবু, সবাই ক্ষেপে যাবে। নইলে আমিই বলতুম, এই মুক্তি শব্দটার মত ভোলবার এবং ভোলাবার এত বড় ছল আর নেই। কার থেকে মুক্তি হরেনবাবু? ত্রিবিধ দুঃখ থেকে, না ভববন্ধন থেকে? কোন্টাকে দেশের একমাত্র কল্যাণ স্থির করে আশ্রম প্রতিষ্ঠায় নিযুক্ত হয়েছেন বলুন ত? এই কি আপনার স্বদেশ সেবার আদর্শ?

হরেন্দ্র ব্যস্ত হইয়া বলিয়া উঠিল, না না না, এসব নয়, এসব নয়। এ আমাদের কাম্য নয়।

কমল বলিল, তাই বলুন এ আমাদের কাম্য নয়, বলুন আমাদের আদর্শ স্বতন্ত্র। বলুন, সংসারে ত্যাগ ও বৈরাগ্য সাধনা আমাদের নয়, আমাদের সাধনা পৃথিবীর সমস্ত ঐশ্বর্য, সমস্ত সৌন্দর্য, সমস্ত প্রাণ নিয়ে বেঁচে থাকা; কিন্তু তার কি শিক্ষা ছেলেদের এই? গায়ে একটা মোটা জামা নেই, পায়ে জুতা নেই, পরনে জীর্ণবস্ত্র, মাথায় কৃষ্ণ কেশ, একবেলা অর্দ্ধাশনে যারা কেবল অস্বীকারের মধ্যেই বড় হয়ে উঠতে, পাওয়ার আনন্দ যার নিজের মধ্যেই নিশ্চিহ্ন হয়ে গেল, দেশের লক্ষ্মী কি পাঠিয়ে দেবেন শেষে তাদের হাত দিয়েই তাঁর ভাঁড়ারের চাবি? হরেনবাবু, পৃথিবীর দিকে একবার চেয়ে দেখুন। যারা অনেক পেয়েছে তারা সহজেই দিয়েছে, এমন অকিঞ্চনতার ইচ্ছা খুলে তাদের ত্যাগের গ্রাজুয়েট তৈরি করতে হয়নি।

সতীশ হতবুদ্ধি হইয়া প্রশ্ন করিল, দেশের মুক্তি-সংগ্রামে কি ধর্মের সাধনা, ত্যাগের দীক্ষা প্রয়োজনীয় নয় আপনি বলেন?

কমল কহিল, মুক্তি-সংগ্রামের অর্থাৎ আগে পরিষ্কার হোক।

সতীশ ইতস্ততঃ করিতে লাগিল, কমল হাসিয়া বলিল, ভাবে বোধ হয়

আপনি বিদেশী রাজশক্তির বন্ধন মোচনকেই দেশের মুক্তি-সংগ্রাম বলছেন। তা যদি হয় সতীশবাবু, আমি নিজে ত ধর্মের সাধনাও করি নে, জাগের দীক্ষাও নিই নি, তবুও আমাকে ঠিক সামনের দলেই পাবেন এ আপনাকে আমি কথা দিলুম; কিন্তু আপনাদের খুঁজে পাব ত ?

সতীশ কথা কহিল না, কেমন একপ্রকার যেন বিব্রত হইয়া উঠিল এবং তাহারই চঞ্চল দৃষ্টির অনুসরণ করিতে গিয়া কমল কিছুক্ষণের জন্য চক্ষু ফিরাইতে পারিল না। এই লোকটিই রাজেন্দ্র। কখন নিঃশব্দে আসিয়া দ্বারের কাছে দাঁড়াইয়াছিল, সতীশ ভিন্ন আর কেহ লক্ষ্য করে নাই। সে আচ্ছন্নের স্তায় নিম্পলক চক্ষে এতক্ষণ তাহারই প্রতি চাহিয়া ছিল, এখনও ঠিক তেমনি করিয়াই চাহিয়া রহিল। ইহার চেহারা একবার দেখিলে ভোলা কঠিন। বয়স বোধ করি পঁচিশ-ছাষিশ হইবে, রঙ অতিশয় ফর্সা, হঠাৎ দেখিলে অস্বাভাবিক, বলিয়া মনে হয়। প্রকাণ্ড কপাল, স্নমুখের দিকটায় এই বয়সেই টাকের মত হইয়া ঢের বড় দেখাইতেছে, চোখ গভীর এবং অতিশয় ক্ষুদ্র—অন্ধকার গর্ভ হইতে ইন্দুরের চোখের মত জলিতেছে, নীচেকার পুঙ্ক মোটা ঠোঁট স্নমুখে ঝুঁকিয়া যেন অন্তরের স্ককঠোর সঙ্কল্প কোনমতে চাপা দিয়া আছে। হঠাৎ দেখিলে ভয় হয়, মনে হয় এই মানুষটাকে এড়াইয়া চলা ভাল।

হরেন্দ্র কহিল, ইনিই আমার বন্ধু—শুধু বন্ধু নয়, ছোট ভাইয়ের মত রাজেন্দ্র। এত বড় কর্মী, এত বড় স্বদেশভক্ত, এত বড় ভয়শূন্য সাধুচিত্ত পুরুষ আমি আর দেখি নি। বৌদি, এঁর প্রভুই সেদিন আপনার কাছে করেছিলাম। ও যেমন অবলীলায় পায়, তেমনি অবহেলায় ফেলে দেয়। আশ্চর্য্য মানুষ! অজিতবাবু, এঁকেই আপনার তল্লি বইতে সঙ্গে দিতে চেয়েছিলাম।

অজিত কি একটা বলিতে যাইতেছিল, একটা ছেলে আসিয়া খবর দিল, অক্ষয়বাবু আসিয়াছেন।

হরেন্দ্র বিস্মিত হইয়া কহিল, অক্ষয়বাবু ?

অক্ষয় ঘরে প্রবেশ করিতে করিতে কহিল, হাঁ হে, হাঁ—তোমার পরমবন্ধু অক্ষয়কুমার। সহসা চমকিয়া বলিল, জ্যা! ব্যাপার কি আজ? সবাই উপস্থিত যে! আশুবাবুর সঙ্গে গাড়ীতে বেড়াতে বেরিয়েছিলাম, পথে নাথিয়ে দিলেন। সামনে দিয়ে যাচ্ছিলাম, হঠাৎ মনে হ'লো হরি ঘোষের ঞোয়ালটা একটু ভদারক করেই যাই না। তাই আসা, তা বেশ।

এ সকল কথাই কেহ জবাব দিল না ; কারণ, জবাব দিবারও কিছু নাই, এ বিশ্বাসও কেহ করিল না। অক্ষয়ের এটা পথও নয়, এ বাসায় সে সহজে আসেও না।

অক্ষয় কমলের প্রতি চাহিয়া বলিল, তোমার ওখানে কাল সকালেই যাব ভেবেছিলাম, কিন্তু বাড়ীটা ত চিনি নে—ভালই হ'লো যে দেখা হয়ে গেল। একটা স্মরণবাদ আছে।

কমল নিঃশব্দে চাহিয়া রহিল, হরেন্দ্র জিজ্ঞাসা করিল, স্মরণবাদটা কি শুনি ? খবরটা যখন শুভ তখন গোপনীয় নয় নিশ্চয়ই।

অক্ষয় কহিল, না, গোপন করবার আর কি আছে। পথের মধ্যে আজ সেই সেলাইয়ের কল বিক্রী-আলা পাশা বেটার সঙ্গে দেখা। সেই সেদিন যে কমলের হয়ে টাকা ধার চাইতে গিয়েছিল। গাড়ী খামিয়ে ব্যাপারটা শোনা গেল। কমলকে দেখাইয়া কহিল, উনি ধারে একটা কল কিনে ফতুয়া-টতুয়া সেলাই করে খরচা চালাচ্ছিলেন—শিবনাথ ত দিব্যি গা টাকা দিয়েছেন, কিন্তু কড়ার মত দাম দেওয়া চাই ত ! তাই সে কলটা কেড়ে নিয়ে গেছে—আশুবাবু আজ পুরো দাম দিয়ে সেটা কিনে নিলেন। কমল, কাল সকালে লোক পাঠিয়ে কলটা আদায় করে নিয়ো। খাওয়া-পরা চলছিল না, আমাঙ্কের ত সে কথা জানালেই হ'তো।

তাহার বলার বর্বর নিষ্ঠুরতায় সকলেই মর্খাহত হইল। কমলের ল্যাভণ্যহীন শীর্ণ মুখের একটা হেতু দেখিতে পাইয়া লঙ্কায় অবিনাশের পর্যন্ত মুখ রাঙা হইয়া উঠিল।

কমল মৃদুকণ্ঠে কহিল, আমার কৃতজ্ঞতা জানিয়ে তাঁকে সেটা ফিরিয়ে দিতে বলবেন। আর আমার প্রয়োজন নেই।

কেন ? কেন ?

হরেন্দ্র কহিল, অক্ষয়বাবু, আপনি যান এ বাড়ী থেকে। আপনাকে আমি আহ্বান করি নি—ইচ্ছে করি নি আপনি আসেন, তবু এসেছেন। মামুষের ক্রটিগুলিটির কি কোথাও কোন সীমা থাকবে না ?

কমল হঠাৎ মুখ ছুলিয়া দেখিল অজিতের দুই চক্ষু যেন জলভায়ে ছল ছল করিতেছে। কহিল, অজিতবাবু, আপনার গাড়ী সঙ্গে আছে, দয়া করে আমাকে পৌঁছে দেবেন ?

অজিত কথা কহিল না, শুধু মাথা নাড়িয়া সায় দিল।

কমল নীলিমাকে নমস্কার করিয়া বলিল, আর বোধ হয় শীঘ্র দেখা হবে না, আমি এখান থেকে চলে যাবি।

কোথায়, এ কথা কেহ জিজ্ঞাসা করিতে সাহস করিল না। নীলিমা শুধু তাহার হাতখানি হাতের মধ্যে লইয়া একটুখানি চাপ দিল এবং পরক্ষণেই সে হরেক্ষেপে নমস্কার করিয়া অজিতের পিছনে পিছনে ঘর হইতে বাহির হইয়া গেল।

গনের

মোটরে বসিয়া কমল আকাশের দিকে চাহিয়া অশ্রুমনস্ক হইয়াছিল, গাড়ী থামিতে ইতস্ততঃ দৃষ্টিপাত করিয়া জিজ্ঞাসা করিল, এ কোথায় এলেন অজিতবাবু, আমার বাসার পথ ত নয়?

অজিত উত্তর দিল, না, এ পথ নয়!

নয়? তাহ'লে ফিরতে হবে বোধ করি?

সে আপনি জ্ঞানেন। আমাকে হুকুম করলেই ফিরব।

শুনিয়া কমল আশ্চর্য হইল। এই অদ্ভুত উত্তরের জন্ত যতটা না হোক, তাহার কণ্ঠধরের অস্বাভাবিকতা তাহাকে বিচলিত করিল। ক্ষণকাল মৌন থাকিয়া সে আপনাকে দৃঢ় করিয়া হাসিয়া কহিল, পথ-ভোলার অস্বরোধ ত আমি করি নি অজিতবাবু, যে সংশোধনের হুকুম আমাকেই দিতে হবে! ঠিক সেই জায়গায় পৌঁছে দেবার দায়িত্ব আপনার—আমার কর্তব্য শুধু আপনাকে বিশ্বাস করে থাকা।

কিন্তু দায়িত্ববোধের ধারণার যদি ভুল করে থাকি, কমল?

যদির ওপর ত বিচার চলে না, অজিতবাবু! ভুলের সম্বন্ধে আগে নিঃসংশয় হই, তারপরে এর বিচার করব।

অজিত অশ্রুটস্থরে বলিল, তাহ'লে বিচারই করুন, আমি অপেক্ষা করে রইলাম। এই বলিয়া সে মুহূর্ত্ত কয়েক স্তব্ধ থাকিয়া হঠাৎ বলিয়া উঠিল, কমল, আর একদিনের কথা মনে আছে তোমার? সেদিন ত ঠিক এমনি অঙ্ককারই ছিল।

হাঁ, এমনি অঙ্ককারই ছিল। বলিয়া সে গাড়ীর দরজা খুলিয়া নামিয়া আসিয়া সম্মুখের আসনে অজিতের পাশে গিয়া বসিল। জনপ্রাণীহীন অঙ্ককার রাত্রি একান্ত নীরব। কিছুক্ষণ পরেই কেহই কথা কহিল না।

অজিতবাবু!

হঁ।

অজিতের বৃকের মধ্যে ঝড় বহিতেছিল, জবাব দিতে গিয়া কথা তাহার মুখে বাধিয়া রহিল।

কমল পুনরায় প্রশ্ন করিল, কি ভাবচেন বলুন না শুনি ?

অজিতের গলা কাঁপিতে লাগিল, বলিল, সেদিন আশুবাবুর বাড়ীতে আমার আচরণটা তোমার মনে পড়ে? সেদিন পর্য্যন্ত ভেবেছিলাম তোমার অতীতটাই বুঝি তোমাব বড় অংশ, তার সঙ্গে আপোষ করব আমি কি করে? পিছনের ছায়াটাকেই সামনে বাড়িয়ে দিয়ে তোমার মুখ ফেলেছিলাম ঢেকে, সুস্থি যে ঘোরে এই কথাটাই গিয়েছিলাম ভুলে; কিন্তু...থাক...কিন্তু, আমি আজ কি ভাবছি তুমি বুঝতে পার না?

কমল বলিল, মেয়েমানুষ হ'য়ে এর পরেও বুঝতে পারব না আমি কি এতই নিকোঁধ? পথ যখনি ভুলেচেন আমি তখনই বুঝেছি।

অজিত ধীরে ধীরে তাহার কাঁধের উপর বাঁ হাতখানি রাখিয়া চুপ করিয়া রহিল। খানিক পরে বলিল, কমল, মনে হচ্ছে আজ বুঝি আর নিজেকে আমি সামলাতে পারবো না!

কমল সরিয়া বসিল না। তাহার আচরণে বিশ্বয় বা বিহ্বলতার লেশমাত্র নাই। সহজ শাস্ত কণ্ঠে কহিল, এতে আশ্চর্যের কিছুই নেই অজিতবাবু, এমনিই হয়; কিন্তু আপনি ত শুধু কেবল পুরুষমানুষই নয়, স্থাননিষ্ঠ ভদ্র পুরুষমানুষ। এর পর ঘাড় থেকে আমাকে নামাবেন কি করে? ততখানি ছোট কাজ ত আপনি পেয়ে উঠবেন না!

অজিত গাঢ়কণ্ঠে কহিল, পারতেই হবে এ আশঙ্কা তুমি কেন করচ, কমল?

কমল হাসিল, কহিল, আশঙ্কা আমার নিজের জন্ম করি নে অজিতবাবু, করি শুধু আপনার জন্ম। পারলে ভয় ছিল না, পারবেন না বলেই ভাবনা। শুধু একটা রাত্রির ভুলের বদলে এত বড় শাস্তি আপনার মাথায় চাপাতে আমার মায়ী হয়: আর না, চলুন ফিরে যাই।

কথাগুলো অজিতের কাণে গেল, কিন্তু অন্তরে পৌঁছিল না। চক্ষের পলকে তাহার শিরার রক্ত পাগল হইয়া গেল—বক্ষের সন্নিকটে তাহাকে সবলে আকর্ষণ করিয়া লইয়া মুক্তকণ্ঠে কহিয়া উঠিল, আমাকে বিশ্বাস করতে কি তুমি পার না কমল ?

মহুর্ভের তরে কমলের নিঃশ্বাস রুদ্ধ হইয়া আসিল, কহিল, পারি।

তবে কিসের জন্য ফিরতে চাও কমল, চল আমরা চলে যাই।

চলুন।

গাড়ী চালাইতে গিয়া অজিত হঠাৎ ধামিয়া কহিল, বাসা থেকে সঙ্গে নেবার কি তোমার কিছু নেই ?

না ; কিন্তু আপনার ?

অজিতকে ভাবিতে হইল। পকেটে হাত দিয়া কহিল, টাকাকার্ড কিছুই সঙ্গে নেই—তার ত দরকার।

কমল কহিল, গাড়ীখানা বেচে ফেললেই অনায়াসে টাকা পাওয়া যাবে।

অজিত বিস্মিত হইয়া বলিল, গাড়ী বেচবো ? কিন্তু এ ত আমার নয়—আশুবারুর।

কমল কহিল, তাতে কি ? আশুবারু লজ্জায় স্থণায় গাড়ীর নাম কখনও মুখে আনবেন না ! কোন চিন্তা নেই—চলুন।

শুনিয়া অজিত স্তব্ধ হইয়া রহিল। তাহার বাঁ হাতখানা তখনও কমলের কাধের উপর ছিল, স্থলিত হইয়া নীচে পড়িল। বহুক্ষণ নিঃশব্দে থাকিয়া বলিল, তুমি আমাকে উপহাস করচ ?

না, সত্যি বলচি।

সত্যিই বলচ এবং সত্যিই ভাবচ পয়ের জিনিষ আমি চুরি করতে পারি ? এ কাজ তুমি নিজে পার ?

কমল বলিল, আমার পারা-না-পারার ওপর যদি নির্ভর করতেন অজিত-বাবু, তখন এর জবাব দিতুম। পয়ের জিনিষ আত্মসাৎ করার সাহস আপনার নেই। চলুন, গাড়ী ঘুরিয়ে নিয়ে আমাকে বাসায় পৌঁছে দেবেন।

ফিরিবার পথে অজিত ধীরে ধীরে জিজ্ঞাসা করিল, পয়ের জিনিষ আত্মসাৎ করার সাহসটা কি খুব বড় জিনিষ বলে তোমার ধারণা ?

কমল কহিল, বড়-ছোটের কথা বলি নি। এ সাহস আপনার নেই তাই শুধু বলেছি।

না নেই এবং সেজন্য লজ্জা বোধ করি নে। বলিয়া অজিত একটু থামিয়া কহিল, বরঞ্চ থাকলেই লজ্জা বোধ করতাম। আর আমার বিশ্বাস সমস্ত ভদ্রব্যক্তিই এই কথায় সায় দেবেন।

কমল কহিল, সায় দেওয়া সহজ। তাতে বাহবা পাওয়া যায়।

শুধুই বাহবা? তার বেশী নয়? শিক্ষিত ভদ্র মন বলে কি কখনো কিছু দেখে নি?

যদি দেখেও থাকি, সে আলোচনা আর একদিন করব যদি সময় আসে। আজ নয়।—বলিয়া সে এক মুহূর্ত্ত মৌন থাকিয়া বলিল, আপনার তর্কের উত্তরে আর কেউ হ'লে বিদ্রূপ করে বলত যে কমলকে আত্মসাৎ করবার চেষ্টায় ত ভদ্র মনের সঙ্কোচে বাধে নি? আমি কিন্তু তা বলতে পারব না, কারণ কমল কারও সম্পত্তি নয়। সে কেবল তার নিজেরই, আর কারও নয়।

কোনদিন বোধ করি হ'তেও পার না?

এ ত ভবিষ্যতের কথা অজিতবাবু, আজ কি করে এর জবাব দেব?

জবাব বোধ হয় কোনদিনই দিতে পারবে না। মনে হয়, এই জন্মই শিবনাথের এত বড় নিঃশ্রমতাও তোমাকে বাজে নি। অত্যন্ত সহজেই সে তুমি ঝেড়ে ফেলে দিয়েচ। বলিয়া সে নিঃশ্বাস ফেলিল।

মোটরের আলোকে দেখা গেল কয়েকখানা গরুর গাড়ী। পাশেই বোধ হয় গ্রাম, কৃষকেরা যেমন-তেমন ভাবে গাড়ীগুলি রাস্তায় ফেলিয়া গরু লইয়া বের গিয়াছে। অজিত সাবধানে এই স্থানটা পার হইয়া কহিল, কমল, তোমাকে বোঝা শক্ত।

কমল হাসিয়া কহিল, শক্ত কিসে? ঠিক ত বুঝেছিলেন পথ ভুললেই আমাকে ভুলিয়ে নিয়ে যাওয়া যায়।

হয়ত সে বোঝা আমার ভুল।

কমল পুনশ্চ হাসিয়া কহিল, পথ ভোলা ভুল, আমাকে ভোলাবার চেষ্টা ভুল, আবার নিজেরও ভুল। এ ভুলের বোঝা আপনার সংশোধন হবে হবে? অজিতবাবু, নিজেকে একটুখানি শ্রদ্ধা করতে শিখুন। জমন করে আপনার কাছে আপনাকে ধাটো করবেন না।

কিন্তু নিজের ভুল অস্বীকার করলেই কি নিজেকে শ্রদ্ধা করা হয়, কমল ?

না, তা হয় না ; কিন্তু অস্বীকার করারও রীতি আছে । সংসার শু কেবল আপনাকে নিয়েই নয়—তা'হলে ত সব গোলই চুকে যেত ! এখানে আর দশজনের বাস, তাদেরও ইচ্ছে অনিচ্ছে, তাদেরও কাজের ধারা গায়ে এসে লাগে । তাই শেষ ফলাফল যদি নিজের মনোমত নাও হয়, তাকে ভুল বলে দিক্কার দিতে থাকলে আপনাকেই অপমান করা হয় । নিজের প্রতি এর চেয়ে বড় অশ্রদ্ধা প্রকাশ আর কি আছে বলুন ত ?

অজিত ক্ষণকাল চুপ করিয়া থাকিয়া জিজ্ঞাসা করিল, কিন্তু যেখানে সত্যিকার ভুল হয় ? শিবনাথের সম্পর্কেও কি তোমার আলোচনা হয় নি কমল ? এই কি আমাকে তুমি বিশ্বাস করতে বল ?

কমল এ প্রশ্নের বোধ হয় ঠিকমত উত্তর দিল না, কহিল, বিশ্বাস করা না করার গরজ আপনার ; কিন্তু তাঁর বিরুদ্ধে কারও কাছে কোনদিন ত আমি নালিশ জানাই নি ।

নালিশ জানাবার লোক তুমি নও ; কিন্তু তুলের জন্ত নিজের কাছেও কি কখনো নিজেকে দিক্কার দাও নি ?

না ।

তা'হলে এইটুকু মাত্র বলতে পারি, তুমি অজুত, তুমি অসাধারণ স্ত্রীলোক ।

এ মন্তব্যের কোন জবাব কমল দিল না, নীরব হইয়া রহিল ।

মিনিট-দশেক নিঃশব্দে কাটিবার পর অজিত সহসা প্রশ্ন করিয়া বসিল, কমল, এমনি ভুল যদি আবার কালও করে বসি তখনো কি তোমার দেখা পাব ?

কিন্তু যদি'র উত্তর ত যদি দিয়েই হয় অজিতবাবু । অনিশ্চিত প্রস্তাবের নিশ্চিত মীমাংসা আশা করতে নেই ।

অর্থাৎ এ মোহ আমার কাল পর্য্যন্ত টিকবে না এই তোমার বিশ্বাস ?

অসম্ভব নয় এই আমার মনে হয় ।

অজিত মনে মনে আহত হইয়া বলিল, আমি আর যাই হই কমল, শিবনাথ নই ।

কমল উত্তর করিল, সে আমি জানি অজিতবাবু । আর হয়ত আপনার চেয়েও বেশী করে জানি ।

অজিত কহিল, জানলে কখনো এ বিশ্বাস করতে না যে আজ তোমাকে আমি মিথ্যে ভোলাতে চেয়েছিলাম। এর মধ্যে সত্যি কিছুই ছিল না।

কমল কহিল, মিথ্যের কথা ত হয় নি অজিতবাবু, মোহের কথাই হয়েছিল। এ দুটো এক বস্তু নয়। আজ মোহের বশে যদি কাউকে ভোলাতে চেয়ে থাকেন ত নিজেকেই চেয়েছেন। আমাকে বঞ্চনা করতে চান নি তা জানি।

কিন্তু শেষ পর্যন্ত বঞ্চিত ত তুমিই হ'তে কমল। আমার স্বাভাবিক মোহ দিনের আলোতে কেটে যাবে এ নিশ্চয় বুঝেও ত সঙ্গে যেতে অসম্মত হও নি? এ কি শুধুই উপহাস?

কমল একটুখানি হাসিল, যাচাই করে দেখলেন না কেন? পথ খোলা ছিল, একবারও নিষেধ করিনি।

অজিত নিঃশ্বাস ফেলিয়া বলিল, যদি না ক'রে থাক তবে এই কথাই বলব যে তোমাকে বোঝা বাস্তবিকই কঠিন। একটা কথা তোমাকে বলি কমল। নারীর ভালবাসা যেমন হৃদয়কে আচ্ছন্ন করে, তার রূপের মোহও বুদ্ধিকে তেমনি অচেতন করে। করুক, কিন্তু একটা যত বড় সত্য, আর একটা তত বড়ই মিথ্যে। তুমি ত জানতে এ আমার ভালবাসা নয়, এ শুধু আমার কণিকের মোহ। কি করে একে তুমি প্রশ্রয় দিতে উদ্বৃত্ত হয়েছিলে! কমল, কুহেলিকা যত বড় ঘটা করেই সূর্য্যালোক ঢেকে দিক তবু সে-ই মিথ্যে। সূর্য্যই জ্বল।

অন্ধকারে কণকাল কমল নির্নিমেবে তাহার প্রতি চাহিয়া রহিল, তারপরে শাস্তকণ্ঠে কহিল, ওটা কবির উপমা অজিতবাবু, যুক্তি নয়, সত্যও নয়। কোন্ আদিমকালে কুহেলিকার সৃষ্টি হয়েছিল, আজও সে তেমনি বিচলমান আছে। সূর্য্যকে সে বার বার আবৃত করেছে এবং বার বার আবৃত করবে। সূর্য্য জ্বল কি না জানি নে, কিন্তু কুহেলিকাও মিথ্যা বলে প্রমাণিত হয় নি ও দুটোই নশ্বর, হয়ত ও দুটোই নিত্যকালের। তেমনি হোক মোহ কণিকের কিন্তু কণও ত মিথ্যে নয়। কণকালের সত্য নিয়েই সে বার বার ফিরে আসে। মালতী ফুলের আয়ু সূর্য্যমুখীর মত দীর্ঘ নয় বলে তাকে মিথ্যে বলে কে উড়িয়ে দেবে? আজ একটা সত্যের মোহকে প্রশ্রয় দিতে চেয়েছিলুম এই যদি আপনার অভিযোগ হয় অজিতবাবু, আয়ুষ্কালের দীর্ঘতাই কি জীবনে এত বড় সত্য?

কথাগুলো যে অজিত বুদ্ধিতে পারিল না তাহা বুলিয়াই সে বলিতে লাগিল, আমার কথা আজও বোধবার দিন আপনার আসেনি। তাই শিবনাথের প্রতি আপনাদের ক্রোধের অবধি নেই, কিন্তু আমি তাঁকে ক্ষমা করেছি। যা পেয়েছি তার বেশী কেন পাই নি, এ নিয়ে আমার এতটুকু নাগিশ নেই।

অজিত বলিল, অর্থাৎ মনটাকে এমনি নির্ঝিকার করে তুলেচ। আচ্ছা, সংসারে কারও বিরুদ্ধে কি তোমার কোন নাগিশ নেই?

কমল তাহার মুখপানে চাহিয়া কহিল, আছে শুধু একজনের বিরুদ্ধে।

কার বিরুদ্ধে শুনি না কমল?

কি হবে আপনার অপরের কথা শুনে?

অপরের কথা? যাই হোক, তবু ত নিশ্চিত হতে পারব অন্ততঃ আমার ওপর তোমার রাগ নেই।

কমল কহিল, নিশ্চিত হলেই কি খুশী হবেন? কিন্তু তার এখন আর সময় নেই, আমরা এসে পড়েচি, গাড়ী থামান, আমি নেমে যাই।

গাড়ী গামিল। অন্ধকারে রাস্তার ধারে কে একজন দাঁড়াইয়া ছিল, কাছে আসিতেই চমকিয়া উঠিল। অজিত সভয়ে প্রশ্ন করিল, কে?

আমি রাজেন। আজ হরেনদার আশ্রমে দেখেছেন।

ওঃ—রাজেন? এত রাত্রে এখানে কেন?

আপনাদের জগুই অপেক্ষা করে আছি। আপনারা চলে আসার পরেই আশুবাবুর বাড়ী থেকে লোক গিয়েছিল আপনাকে খুঁজতে।—বলিয়া সে কমলের প্রতি চাহিল।

কমল কহিল, আমাকে খুঁজতে যাবার হেতু?

লোকটি কহিল, আপনি বোধ হয় শুনেচেন চারদিকে অত্যন্ত ইনফুয়েঞ্জা হচ্ছে এবং অনেক ক্ষেত্রেই মারা যাচ্ছে। শিবনাথবাবু অতিশয় পীড়িত। হঠাৎ ডুলি করে তাঁকে আশুবাবুর বাড়ীতে নিয়ে এসেছে। আশুবাবু ভেবেছিলেন আপনি আশ্রমে আছেন তাই ডাকতে পাঠিয়েছিলেন।

রাত এখন কত?

বোধ হয় তিনটে বেজে গেছে।

কমল হাত বাড়াইয়া গাড়ীর দরজা খুলিয়া কহিল, ভিতরে আহন, পথে আপনাকে আশ্রমে পৌঁছে দিয়ে যাব।

অজিত একটা কথাও কহিল না। কাঠের পুতুলের মত নিঃশব্দে গাড়ী চালাইয়া হরেরঞ্জর বাসার সম্মুখে আসিয়া থামিল। রাজেন অবতরণ করিলে কমল কহিল, আপনাকে ধন্যবাদ। আমাকে খবর দেবার জন্যে আজ আপনি অনেক দুঃখ ভোগ করলেন।

এ আমার কাজ। প্রয়োজন হলেই সংবাদ দেবেন—বলিয়া সে চলিয়া গেল। ভূমিকা নাই, আড়ম্বর নাই, সাদা কথায় জানাইয়া গেল এ তাহার কর্তব্যের অন্তর্গত। আজই সন্ধ্যাকালে হরেরঞ্জর মুখে এই ছেলোটের সম্বন্ধে যতকিছু সে শুনিয়াছিল সমস্তই মনে পড়িল। একদিকে তাহার একজামিন পাশ করিবার অসাধারণ দক্ষতা, আর একদিকে সফলতার মুখে তাহা ত্যাগ করিবার অপরিসীম ঔদাসীন্য! বয়স তাহার অল্প, সবেমাত্র যৌবনে পা দিয়াছে, এই বয়সেই নিজের বলিয়া কিছুই হাতে রাখে নাই, পয়ের কাছে বিলাইয়া দিয়াছে।

অজিত সেই অবধি নীরব হইয়া ছিল। রাজি তিনটা বাজিয়া গিয়াছে শোনার পর কোন কিছুতে মন দিবার শক্তি আর তাহার ছিল না। শুধু একটা কাল্পনিক, অসংবদ্ধ প্রমোত্তরমালার আঘাত অভিঘাতের নীচে এই নিশীথ অভিধানের নিরবচ্ছিন্ন কুশ্রীতায় অন্তর তাহার কালো হইয়া রহিল। খুব সম্ভব কেহই কিছু জিজ্ঞাসা করিবে না, হয়ত জিজ্ঞাসা করিবার ভরসাও কেহ পাইবে না, শুধু আপন আপন ইচ্ছা, অভিরুচি ও বিদ্বেষের তুলি দিয়া অজ্ঞাত ঘটনার আত্মোপাস্ত কাহিনী বর্ণে বর্ণে স্ফজন করিয়া লইবে। আর ইহার চেয়েও বেশী ব্যাকুল করিয়াছিল তাহাকে এই লজ্জাহীনা মেয়েটার নির্ভয় সত্যবাদিতা। এ জগতে মিথ্যা বলার ইহার প্রয়োজন নাই। এ যেন পৃথিবী-স্তম্ভ সকলকে শুধু বিব্রত ও জ্বল করা।

এদিকে শিবনাথের পীড়ার উপলক্ষে কে এবং কাহার উপস্থিত হইয়াছে, সে জানে না। এই মেয়েটিকে তাহার প্রাণ করিতেছে মনে করিয়াও অজিতের গায়ের রক্ত শীতল হইয়া আসিল। হঠাৎ তাহার মনে হইল কমলকে সে স্মৃণা করে। ইহারই লুক্ক আশ্বাসে সে যে আত্মবিশ্বস্ত উদ্ভাদের দ্বায় মুহূর্তের জল্পও জ্ঞান হারাইয়াছে, ইহার কঠিন শাস্তি যেন তাহার হয়, এই বলিয়া সে বার বার করিয়া আপনাকে আপনি অভিশাপ দিল।

গেটের মধ্যে প্রবেশ করিয়াই তাহার চোখে পড়িল সম্মুখের খোলা

জানালায় দাঁড়াইয়া আশুবাবু স্বয়ং। বোধ হয় তাহারই প্রতীক্ষার উদ্ভীষ হইয়া আছেন। গাড়ীর শব্দে নীচে চাহিয়া বলিলেন, অজিত এলে? সঙ্গে কে, কমল?

হাঁ।

যহু, কমলকে শিবনাথের ঘরে নিয়ে যাও। শুনেচ বোধ হয় তাঁর অসুখ? বলিতে বলিতে তিনি নিজেই নামিয়া আসিলেন; কহিলেন, এই ঝুড়-পরিবর্তনের কালটা এমনিই বড় খারাপ, তাতে ব্যারাম-স্কারাম হঠাৎ যা শুরু হয়েছে, লোক মারা পড়চেও বিস্তর। আমার নিজের দেহটাও সকাল থেকে ভাল নয়, যেন জ্বরভাব করে রেখেচে।

কমল উদ্বিগ্ন হইয়া কহিল, তবে আপনি কেন জেগে রয়েছেন? এখানে দেখবার লোকের ত অভাব নেই।

কে আর আছে বল? ডাক্তার এসে দেখে শুনে গেছেন, আমাকে শুতে পাঠিয়ে মণি নিজেই জেগে বসে আছে; কিন্তু ঘুমোতে পারলাম না। তোমার আসতে দেবী হতে লাগল—কমল, মালুমের রোগের সময়েও কি অভিমান রাখতে আছে? ঝগড়াঝাঁটি যে হয় না তা নয়, কিন্তু তিন-চার দিন কোথায় কোন্ বাসায় গিয়ে সে যে জ্বরে পড়েছে একটা খবর পর্যন্তও ত নাও নি? ছি, এ কাজ ভাল হয় নি, এখন একলা তোমাকেই ভুগতে হবে।

শুনিয়া কমল বিস্মিত হইল, কিন্তু বুঝিল এই সরল-চিত্ত ব্যক্তিটি ভিতরের কোন কথাই জানেন না। সে চুপ করিয়া রহিল, আশুবাবু তাহার অভিমান শাস্ত করিবার বাসনায় বলিতে লাগিলেন, হরেনবাবুর মুখে শুনলাম তুমি বাড়ী নেই, তখনই বুঝেছি অজিত তোমায় ছাড়ে নি। নিজে সে ভয়ানক ঘুরতে ভালবাসে, তোমাকেও ধরে নিয়ে গেছে; কিন্তু ভাব ত অন্ধকারে হঠাৎ একটা ছুঁটনা হ'লে তোমরা কি বিপদেই পড়তে!

অজিতের বুকের উপর হইতে যেন পাষণ নামিয়া গেল। কোন কিছুই মন্দ দিকটা যেন এই মালুমটির মধ্যে ঢুকিতেই চায় না, নিষ্কলুষ অন্তর অক্ষুণ্ণ অকলঙ্ক শুভ্রতায় ধপধপ করিতেছে। স্নেহে ও শ্রদ্ধায় সে মনে মনে তাঁহাকে নমস্কার করিল; কিন্তু কমল তাঁহার সকল কথায় কাণ দেয় নাই। হয়ত প্রয়োজনও বোধ করে নাই, জিজ্ঞাসা করিল, উনি হাসপাতালে না গিয়ে এখানে এলেন কেন?

আশুবাবু আশ্চর্য্য হইয়া কহিলেন, হাসপাতালে? তবেই ত তোমার রাগ এখনও পড়ে নি!

রাগের অন্তে বলিচি নে আশুবাবু, যেটা সঙ্গত এবং স্বাভাবিক, তাই শুধু বলিচি।

ওটা স্বাভাবিক নয়, সঙ্গত ত নয়ই। তবে এটা স্বীকার করি, এখানে না এনে তোমার কাছে পাঠানোই মণির উচিত ছিল।

কমল কহিল, না, উচিত ছিল না। মণি জানতেন চিকিৎসা করবার সাধ্য নেই আমার।

এই কথায় তাঁর আর একটা কথা মনে পড়ায় তিনি অত্যন্ত অপ্রতিভ হইলেন। কমল বলিতে লাগিল, কেবল মনোরমাই নয়, শিবনাথবাবু নিজেও জানতেন শুধু সেবা দিয়েই রোগ সারে না, ওষুধ-পথ্যেরও প্রয়োজন। হয়ত ভালই হয়েছে যে খবর আমার কাছে না পৌঁছে মণির কাছে পৌঁছেছে। তাঁর পরমায়ুর জোর আছে।

আশুবাবু লঙ্কিত হইয়া শ্রান হইয়া মাথা নাড়িয়া বার বার করিয়া বলিতে লাগিলেন, এ কথাই নয় কমল—সেবাই সব। বড়ই সবচেয়ে বড় ওষুধ। নইলে ডাক্তার-বক্তি উপলক্ষ মাত্র। তাঁহার পরলোকগত পত্নীকে মনে পড়ায় বলিলেন, আমি যে ভুক্তভোগী কমল, রোগে ভুগে ভুগে সে শিক্ষা হয়ে গেছে। ঘরে চল, তোমার জিনিষ, তুমি বা ভাল বুঝবে তাই হবে। আমি থাকতে ওষুধ-পথ্যের ক্রটি হবে না। এই বলিয়া তাহাকে পথ দেখাইয়া লইয়া চলিলেন। অজিত কি করিবে না করিবে বুঝিয়াও তাঁহাদের সঙ্গ লইল। রোগীর গৃহে পাছে গোলমালে বিশ্রামের বিঘ্ন ঘটে এই আশঙ্কায় পা টিপিয়া নিঃশব্দে সকলে প্রবেশ করিলেন। শয়্যার পার্শ্বে চৌকিতে বসিয়া মনোরম রাত্রি জাগরণের ক্লাস্তিতে রোগীর বৃকের 'পরে অবসন্ন মাথাটি রাখিয়া বোধ করি এইমাত্র ঘুমাইয়া পড়িয়াছে, তাহার গ্রীবার 'পরে পরস্পর সংবদ্ধ দুই হাত লুপ্ত রাখিয়া শিবনাথও স্তম্ভ। স্বপ্নাতীত এই দৃশ্যের সন্মুখে অকস্মাৎ পিতার দুই চক্ষু ব্যাপিয়া যেন অন্ধকারের জ্বাল নামিয়া আসিল, কিন্তু মুহূর্ত্তকাল মাত্র। মুহূর্ত্ত পরেই তিনি ছুটিয়া পলাইলেন। অজিত ও কমল চোখ তুলিয়া উভয়ে উভয়ের মূখের প্রতি চাহিল, তাহার পর যেমন আসিয়াছিল তেমনি নিঃশব্দে বাহির হইয়া গেল।

ঘোল

বাতায়াতের পথের পাশেই একটা ঢাকা বারান্দা, রোগীর গৃহ হইতে বাহিরে আসিয়া অজিত ও কমল সেইখানে থামিল। একটা খর্বাকৃতি ঘষা-কাঁচের লঠন ঝুলিতেছিল, তাহার অস্পষ্ট আলোকেও স্পষ্ট দেখা গেল অজিতের মুখ ক্যাকাশে। আচম্বিতে ধাক্কা লাগিয়া সমস্ত রক্ত যেন সরিয়া গেছে। সেখানে তৃতীয় ব্যক্তি কেহ নাই, তথাপি সে অনাস্বীয় ভদ্রমহিলার উপযুক্ত সঙ্গের সহিত জিজ্ঞাসা করিল, আপনি কি এখন বাসায় ফিরে যেতে চান? চাইলে আমি তার ব্যবস্থা করে দিতে পারি।

কমল তাহার মুখের প্রতি চাহিয়া চূপ করিয়া রহিল। অজিত বলিল, এ বাড়ীতে আর ত আপনার একমুহূর্ত্ত থাকুা চলে না।

আপনার থাকা চলে?

না, আমারও না। কাল সকালেই আমি অত্র চলে যাব।

কমল কহিল, সেই ভাল, আমিও তখনই যাব। আপাততঃ এই চেয়ারটার বলে নাকি রাতটুকু কাটাই, আপনি নিশাম করুন গে।

সেই ক্ষুদ্রায়তন চৌকিটার প্রতি দৃষ্টিপাত করিয়া অজিত ইতস্ততঃ করিয়া কহিল, কিন্তু—

কমল বলিল, কিন্তুতে কাজ নেই অজিতবাবু, ওর অনেক ঝঞ্জাট। এখন বাসার যাওয়াও সম্ভব নয়, আপনার ঘরে গিয়ে ওঠাও সম্ভব নয়। আপনি বান, দেয়ী করবেন না।

সকালে বেহারী অজিতকে আশুবাবুর শয়নকক্ষে ডাকিয়া লইয়া গেল। তিনি শয্যা ছাড়িয়া তখনও উঠেন নাই, অদূরে চৌকিতে বসিয়া কমল—ইতিপূর্বেই তাহাকে ডাকাইয়া আনা হইয়াছে।

আশুবাবু বলিলেন, শরীরটা কাল থেকেই ভাল ছিল না, আজ মনে হচ্ছে বেন—আচ্ছা বস অজিত।

সে উপবেশন করিলে কহিলেন, শুনলাম আজ সকালেই তুমি চলে যাবে, তোমাকে থাকতে বলতেও পারি নে, বেশ, শুভ-বাই। আর কখনো যদি

দেখা না হয়, নিশ্চয় জেনো, তোমাকে সর্বাস্তুরূপে আমি আশীর্বাদ করছি যেন আমাদের ক্ষমা করে তুমি জীবনে স্থখী হতে পার।

অজিত তাঁহার মুখের প্রতি তখনও চাহিয়া দেখে নাই, এখন জবাব দিতে গিয়া নির্ঝাক্ হইয়া গেল। নির্ঝাক্ বলিলে ঠিক বলা হয় না, সে যেন অক্ষয় কথ্য ভুলিয়া গেল। একটা রাত্রির কয়েক-ঘণ্টা মাত্র সময়ে কাহারও এত বড় পরিবর্তন সে কল্পনা করিতেও পারিল না।

আশুবাবু নিজেও মিনিট দুই-তিন মৌন থাকিয়া এবার কমলকে উদ্দেশ্য করিয়া কহিলেন, তোমাকে থেকে আনিয়াছি কিন্তু তোমার সঙ্গে চোখা-চোখি করতেও আমার মাথা হেঁট হয়। সারারাত্রি মনের মধ্যে যে কি করেছে, কত কি যে ভেবেছি সে আমি কাকে জানাব ?

একটু থামিয়া কহিলেন, অক্ষয় একদিন বলেছিলেন শিবনাথ নাকি তোমার ওখানে প্রায়ই থাকেন না। কথাটায় কাণ দিই নি, ভেবেছিলাম এ তাঁর বিদ্বেষের আতিশয্য। তুমি টাকার অভাবে কষ্টে পড়েছিলে, তখন তার হেতু বুঝি নি, কিন্তু আজ সমস্তই পরিষ্কার হইবে গেছে—কোথাও কোন সন্দেহ নেই।

উভয়েই নীরব হইয়া রহিল; তিনি বলিতে লাগিলেন, তোমার প্রতি অনেক ব্যবহারই আমি ভাল করতে পারি নি, কিন্তু সেই প্রথম পরিচয়ের দিনটোতেই তোমাকে ভালবেসেছিলাম কমল। আজ তাই আমার কেবলি মনে হচ্ছে আগ্রায় যদি আমরা না আসতাম। বলিতে বলিতে চোখের কোণে তাঁহার এক ফোঁটা জল আসিয়া পড়িল, হাত দিয়া মুছিয়া ফেলিয়া শুধু কহিলেন, জগদীশ্বর !

কমল উঠিয়া আসিয়া তাঁহার শিয়রে বসিল, কপালে হাত দিয়া বলিল, আপনার যে জ্বর হয়েছে আশুবাবু !

আশুবাবু তাহার হাতখানি নিজের হাতের মধ্যে টানিয়া লইয়া কহিলেন, তা হোক। কমল, আমি জানি তুমি অতি বুদ্ধিমতী, আমার কিছু একটা তুমি উপায় করে দাও। আমার বাড়ীতে ঐ লোকটার অস্তিত্ব যেন আমার সর্বাস্তুরূপে আশুন ক্লেদে দিয়েচে।

কমল চাহিয়া দেখিল অজিত অধোমুখে বসিয়া আছে। তাহার কাছে কোন ইঙ্গিত না পাইয়া সে ক্ষণকাল মৌন থাকিয়া বলিল, আমাকে আপনি

কি করতে বলেন বলুন ; কিন্তু জবাব না পাইয়া সে নিজেও কিছুক্ষণ নিঃশব্দে বসিয়া রহিল, পরে কহিল, শিবনাথবাবুকে আপনি রাখতে চান না কিন্তু তিনি যে পীড়িত। এ অবস্থায় হয় তাঁকে হাসপাতালে পাঠানো, নয় তাঁর নিজের বাসাটা যদি জানেন, পাঠাতে পারেন। আর যদি মনে করেন, আমার ওখানে পাঠিয়ে দিলে ভাল হয় তাও দিতে পারেন। আমার আপত্তি নেই ; কিন্তু জানেন ত চিকিৎসা করাবার শক্তি নেই আমার ; আমি প্রাণপণে শুধু সেবা করতেই পারি, তার বেশী পারি নে।

আশুবাবু কৃতজ্ঞতায় পরিপূর্ণ হইয়া কহিলেন, কমল, কেন জানি নে, কিন্তু এমনি উত্তরই ঠিক তোমার কাছে আশা করেছিলাম। পায়ণ্ডের জবাব দিতে গিয়ে যে তুমি নিজে পাষণ হতে পারবে না এ আমি জানতাম। তোমার জিনিষ তুমি ঘরে নিয়ে যাও, চিকিৎসার খরচের জন্ত ভয় করো না, সে ভার আমি নিলাম।

কমল কহিল, কিন্তু এই ব্যাপারে একটা কথা সকলেয় আগে পরিষ্কার হওয়া দরকার।

আশুবাবু তাড়াতাড়ি কহিয়া উঠিলেন, তোমার বলবার দরকার নেই, কমল, সে আমি জানি ! একদিন সমস্ত আবর্জনা দূর হয়ে যাবে। তোমার কোন চিন্তা নেই, আমি ধৈরে থাকতে এত বড় অস্বাস্য অত্যাচার তোমার উপরে ঘটতে দেব না।

কমল তাঁহার মুখের প্রতি চাহিয়া স্থির হইয়া রহিল, কথা কহিল না।

কি ভাবচ কমল ?

ভাবছিলুম আপনাকে বলবার প্রয়োজন আছে কিনা, কিন্তু মনে হচ্ছে প্রয়োজন আছে, নইলে পরিষ্কার কিছুই হবে না, বরঞ্চ ময়লা বেড়ে যাবে। আপনার টাকা আছে, হৃদয় আছে, পরের জন্ত খরচ করা আপনার কঠিন নয়, কিন্তু আমাকে দয়া করবেন এ ভুল যদি আপনার থাকে, সেটা দূর হওয়া চাই। কোন ছলেই আপনার ভিক্ষে আমি গ্রহণ করব না।

আশুবাবুর সেই সেলাইয়ের কলের ব্যাপারটা মনে পড়িল, ব্যথিত হইয়া কহিলেন, ভুল যদি একটা করেই থাকি কমল, তার কি ক্ষমা নেই ?

কমল কহিল, ভুল হয়ত তখন তত করেননি, যেমন এখন করতে যাচ্ছেন। ভাবচেন শিবনাথবাবুকে বাঁচানোটা প্রকারান্তরে আমাকেই বাঁচানো,

আমাকেই অল্পগ্রহ করা; কিন্তু তা নয়। এর পরে আপনি যেমন ইচ্ছে ব্যবস্থা, করুন আমার আপত্তি নাই।

আশুবাবু মাথা নাড়িতে নাড়িতে বলিলেন, এমনি রাগ হয় বটে কমল, এ তোমার অস্বাভাবিকও নয়, অত্যাচারও নয়। বেশ, আমি শিবনাথকেই বাঁচাতে চাচ্ছি, তোমাকে অল্পগ্রহ করচি নে। এ হলে হবে ত ?

কমলের মুখে বিরক্তি প্রকাশ পাইল। কহিল, না, হবে না। আপনাকে যখন আমি বোঝাতে পারব না, আমার উপায় নেই। ঠুঁকে হাসপাতালে পাঠাতে না চান, হরেক্ষবাবুর আশ্রমে দিন। তাঁরা অনেকের সেবা করেন, এঁরও করবেন। আপনারা যা খরচ করবার তা সেখানেই করবেন। আমি নিজেও বড় ক্লাস্ত, এখন উঠি।—বলিয়া সে যথার্থ-ই উঠিবার উপক্রম করিল।

তাহার কাথয় আচরণে আশুবাবু মনে মনে ক্ষুব্ধ হইলেন, বলিলেন, এ তোমার বাড়াবাড়ি কমল। উভয়ের কল্যাণের জন্ত যা করতে যাচ্ছি তাকে তুমি অকারণে বিরক্ত করে দেখচ। একদিক দিয়ে যে আমার লজ্জার অবধি নেই এবং এ কদাচার অঙ্কুরে বিনাশ না করলে যে আমার মানির সীমা থাকবে না সে আমি জানি, কিন্তু আমার কল্যাণ সংশ্লিষ্ট বলেই যে আমি কোনমতে একটা পথ খুঁজে বেড়াচ্ছি তাও সত্য নয়। শিবনাথকে নানা মতেই বাঁচাতে পারি কিন্তু কেবল সেইটুকুই আমি চাই নি। যাতে দুঃখের দিনে তোমার অন্তরের সেবা দিয়ে তাঁকে তেমনি করেই আবার ফিরে পাও, সেই কামনা করেই এ প্রস্তাব করেছি, নিছক স্বার্থপরতা-বশেই করি নি।

কথাগুলি সত্য, সক্রমণ এবং আন্তরিকতায় পূর্ণ; কিন্তু কমলের মনের উপর দাগ পড়িল না। সে প্রত্যুত্তরে কহিল, ঠিক এই কথাই আপনাকে আমি বোঝাতে যাচ্ছিলাম, আশুবাবু। সেবা করতে আমি অসম্মত নই, চা-বাগানে থাকতে অনেকের অনেক সেবা করেছি, এ আমার অভ্যাস আছে; কিন্তু ফিরে পেতে ওঁকে আমি চাই নে; সেবা করেও না, সেবা না করেও না। এ আমার অভিমানের জ্বালা নয়, মিথ্যে দর্প করাও নয়—সম্বন্ধ আমাদের ছিঁড়ে গেছে, তাকে জোড়া দিতে পারব না।

তাহার মধ্যে উন্মাদ নাই, উচ্ছ্বাসও নাই, নিতান্ত সাদাসিধা কথা। ইহাই আশুবাবুকে এখন স্তব্ধ করিয়া দিল; কিন্তু মুহূর্ত্ত পরে কহিলেন, এ কি

কমল ? এই সামান্য কারণে স্বামী ত্যাগ করতে চাও ? এ শিক্ষা তোমাকে কে দিলে ?

কমল নীরব হইয়া রহিল। আশুবাবু বলিতে লাগিলেন, ছেলেবেলায় এ শিক্ষা তোমাকে যেই কেন না দিয়ে থাক, সে ভুল শিক্ষা দিয়েছে। এ অন্ডায়, এ অসঙ্গত, এ গভীর অপরাধের কথা। যে গৃহেই তুমি জন্মে থাক, তুমি বাংলাদেশের ঐয়ে। এ পথ তোমার আমার নয়, এ তোমাকে ভুলতেই হবে। জান কমল, এক দেশের ধর্ম আর এক দেশের অধর্ম। আর স্বধর্মে যুক্ত্যও স্তেরঃ। বলিতে বলিতে তাঁর দুই চক্ষু দীপ্ত হইয়া উঠিল এবং কথা শেষ করিয়া যেন তিনি হাঁপাইতে লাগিলেন ; কিন্তু যাহাকে উদ্দেশ্য করিয়া বলা সে লেশমাত্র বিচলিত হইল না।

আশুবাবু কহিতে লাগিলেন, এই মোহই একদিন আমাদের রসাতলের পানে টেনে নিয়ে চলেছিল ; কিন্তু ভ্রান্তি ধরা পড়ে গেল জন-কয়েক মনীষীর চক্ষে। দেশের লোককে ডেকে তাঁরা বার বার শুধু এই কথাই বলতে লাগলেন, তোমরা উগ্রাদের মত চলেছ কোথায় ? তোমাদের কোন দৈন্ত, কোন অভাব নেই, কারও কাছে তোমাদের হাত পাততে হবে না, কেবল ঘরের পানে একবার ফিরে চাও। পূর্বপিতামহরা সবই রেখে গেছেন, শুধু একবার হাত বাড়িয়ে তুলে নাও। বিলেতের সমস্তই ত স্বচক্ষে দেখে এসেচি, এগন ভাবি, সময়ে সে সতর্কবাণী যদি না তাঁরা উচ্চারণ করে যেতেন, আজ দেশের কি হ'ত ! ছেলেবেলার কথা সব মনে আছে ত—উঃ শিক্ষিত লোকদের সে কি দশা ! এই বলিয়া তিনি স্বর্গত মনীষিগণের উদ্দেশ্যে যুক্তকরে নমস্কার করিলেন।

কমল মুখ তুলিয়া দেখিল অজিত মুঞ্চচক্ষে তাঁহার প্রতি চাহিয়া আছে। কল্পনার আবেশে যেন তাঁহার সংজ্ঞা নাই—এমনি অবস্থা !

আশুবাবুর ভাবাবেগ তখনও প্রশমিত হয় নাই, কহিলেন, কমল, আর কিছুই যদি তাঁরা না করে যেতেন, শুধু কেবল এই জন্তই দেশের লোকের কাছে তাঁরা চিরদিন প্রাতঃস্মরণীয় হয়ে থাকতেন।

শুধু কেবল এই জন্তই তাঁরা প্রাতঃস্মরণীয় ?

হাঁ, শুধু কেবল এই জন্তই বাইরে থেকে ঘরের পানে তাঁরা চোখ ফেরাতে বলেছিলেন—তাই।

কমল জিজ্ঞাসা করিল, বাইরে যদি আলো জলে, যদি পূর্বদিগন্তে সূর্যোদয় হয় তবুও পিছন ফিরে পশ্চিমের স্বদেশের পানেই চেয়ে থাকতে হবে? সেই হবে দেশপ্ৰীতি?

কিন্তু এ প্রশ্ন বোধ করি আশুবাবুর কানে গেল না, তিনি নিজের বোঁকে বলিতে লাগিলেন, আজ দেশের ধর্ম, দেশের পুরাণ ইতিহাস, দেশের আচার-ব্যবহার, রীতিনীতি যা বিদেশের চাপে লোপ পেতে বসেছিল, তার প্রতি যে বিশ্বাস এবং শ্রদ্ধা ফিরে এসেছে এ ত শুধু তাঁদের ভবিষ্যৎ দৃষ্টির ফল। জাতি হিসাবে আমরা ধ্বংসের রাস্তায় চলেছিলাম, কমল, এ বাঁচা কি সোজা বাঁচা? আবার সমস্ত ফিরিয়ে আনতে না পারলে আমরা যে কোনমতেই রক্ষা পাব না, এ বোধশক্তি আমাদের দিলে কে বল ত?

অজিত উত্তেজনার অক্ষয় উষ্ণিমা দাঁড়াইয়া কহিল, এ সব চিন্তাও যে আপনার মনে স্থান পেতে পারে এ কখনো আমি কল্পনাও করিনি। আমার ভারি দুঃখ যে এককাল আপনাকে চিনতে পারি নি। আপনার পায়ের নীচে বসে উপদেশ গ্রহণ করিনি। সে আরও কত কি বলিতে যাইতেছিল, কিন্তু বাধা পড়িল। বেহারা ঘরে ঢুকিয়া জানাইল যে হরেন্দ্রবাবু প্রভৃতি দেখা করিতে আসিয়াছেন এবং পরক্ষণেই তিনি সতীশ ও রাজেনকে লইয়া প্রবেশ করিলেন। কহিলেন, খবর নিয়ে জানলাম শিবনাথবাবু ঘুমোচ্ছেন। আসবার সময় ডাক্তারের বাড়ীটা অমনি ঘুরে এলাম; তার বিশ্বাস অস্বস্তি সিরিয়াস নয়, শীঘ্রই সেয়ে উঠবেন।—এই বলিয়া তিনি কমলকে একটা নমস্কার করিয়া সঙ্গীদের লইয়া আসন গ্রহণ করিলেন।

আশুবাবু ঘাড় নাড়িয়া সায় দিলেন, কিন্তু তাহার দৃষ্টি ছিল অজিতের প্রতি এবং তাহারই উদ্দেশে বলিলেন, আমার সমস্ত যৌবনকালটা যে বিদেশেই কেটেছে এ তোমরা ভোল কেন? এমন অনেক বস্তু আছে যা কাছ থেকে দেখা যায় না, যায় শুধু দূরে গিয়ে দাঁড়ালে। আমি যে স্পষ্ট দেখতে পেরেছি শিক্ষিত-মনের পরিবর্তন। এই যে হরেন্দ্রর আশ্রম, এই যে নগরের মগরে এর ডালপালা ছড়াবার আয়োজন, এ কি শুধু এই জন্মই নয়? বিশ্বাস না হয়, ঠেকেই জিজ্ঞাসা করে দেখ। এই ব্রহ্মচর্য্য, সেই সংযম সাধনা, সেই পুরানো রীতিনীতির প্রবর্তন—এ সবই কি আমাদের সেই অতীত দিনটির পুনঃ প্রতিষ্ঠার উত্তম নয়? তাই যদি ভুলি, তারই প্রতি যদি আস্থা হারাই,

আশা করবার আর আমাদের বাকি থাকে কি? তপোবনের বে আদর্শ কেবল আমাদেরই ছিল, পৃথিবী খুঁজলেও কি আর কোথাও এর জোড়া মিলবে অজিত? আমাদের সমাজকে ধারা একদিন গড়েছিলেন, আমাদের সেই প্রাচীন শাস্ত্রকর্তারা ব্যবসায়ী ছিলেন না, ছিলেন সন্ন্যাসী; তাঁদের দান নিঃসংশয়ে, নত শিরে নিতে পারলেই হ'লো আমাদের চরম সার্থকতা; এই আমাদের কল্যাণের পথ কমল, এ ছাড়া আর পথ নেই।

অজিত শুরু হইয়া রছিল, সতীশ ও হরেন্দ্রের বিশ্বয়ের পরিসীমা নাই—এই সাহেবী চালচলনের মাছুরটি আজ বলে কি এবং রাজেন্দ্র ভাবিয়া পাইল না, অকস্মাৎ কিসের জ্ঞান আজ এই প্রসঙ্গের অবতারণা। সকলের মুখের পরেই একটি অকপট প্রকার ভাব নিবিড় হইয়া উঠিল।

বক্তার নিজের বিশ্বয়ও কম ছিল না। শুধু বলিবার শক্তির জ্ঞানই নয়, এমন করিয়া কাহাকেও বলিবার স্নযোগও তিনি কখনও পান নাই—তাঁহার মনের মধ্যে অনির্কচনীয় পরিভ্রমের হিলোল বহিতে লাগিল। ক্ষণকালের জ্ঞান ক্ষণকাল পূর্বের দুঃখ যেন ভুলিয়া গেলেন। কহিলেন, বুঝলে কমল, কেন তোমাকে এ অল্পরোধ করেছিলাম?

কমল মাথা নাড়িয়া বলিল, না।

না? না কেন?

কমল কহিল, বিদেশী শিক্ষার প্রভাব কাটিয়ে আবার সাবেক ব্যবস্থায় ফিরে যাবার চেষ্টা শিক্ষিতদের মধ্যে প্রচলিত হচ্ছে, এই খবরটাই আপনি পরমানন্দে শোনাচ্ছিলেন। আপনার বিশ্বাস এতে দেশের কল্যাণ হবে, কিন্তু কারণ কিছুই দেখান নি। অনেক প্রাচীন রীতিনীতি লোপ পেতে বসেছিল, তাদের পুনরুদ্ধারের যত্ন চলেচে। এ হয়ত সত্যি, কিন্তু তাতে ভালই যে হবে প্রমাণ কি আশুবাবু? কই, সে ত বলেন নি?

বলি নি কি রকম?

না, বলেন নি। যা বলেছিলেন তা সংস্কার-বিরোধী পুরাতনের অন্ধ স্তাবক মাত্রই ঠিক এমনি করে বলে। লুপ্ত বস্তুর পুনরুদ্ধার মাত্রই যে ভাল তার প্রমাণ নেই। মোহের ঘোরে মন্দ বস্তুরও পুনঃপ্রতিষ্ঠা সংসারে ঘটতে দেখা যায়।

আশুবাবু উত্তর খুঁজিয়া পাইলেন না, কিন্তু অজিত কহিল, মন্থকে উদ্ধার করবার জ্ঞানে কেউ শক্তি ক্ষয় করে না।

কমল কহিল, করে। মন্দ বলে নয়, পুণাতন মাত্রকেই স্বতঃসিদ্ধ ভাল মনে করে করে। একটা কথা আপনাকে প্রথমেই বলতে চেয়েছিলুম আশুবাবু, কিন্তু আপনি কান দেন নি। লৌকিক আচার-অনুষ্ঠানই হোক বা পার-লৌকিক ধর্মকর্মই হোক, কেবলমাত্র দেশের বলেই আঁকড়ে থাকায় স্বদেশ-প্রীতির বাহবা পাওয়া যায়, কিন্তু স্বদেশের কল্যাণের দেবতাকে খুশী করা যায় না। তিনি ক্ষুব্ধ হন।

আশুবাবু অবাধ হইয়া শুধু কহিলেন, তুমি কি বল কমল? দেশের ধর্ম, দেশের আচার-অনুষ্ঠান ত্যাগ করে বাইরে থেকে ভিক্ষে নিতে থাকলে নিজের বলতে আর বাকি থাকবে কি? জগতে মানুষ বলে দাবী জানাতে যাব কোন্ পরিচয়ে?

কমল কহিল, দাবী আপনি ঘরে এসে পৌছবে, পরিচয়ের প্রয়োজন হবে না। বিশ্বজগৎ বিনা পরিচয়েই চিনতে পারবে।

আশুবাবু ব্যাকুল হইয়া কহিলেন, তোমাকে ত বুঝতে পারলাম না, কমল।

বোঝবার কথাও নয়, আশুবাবু। এমনই হয়। এই চলমান সংসারে গতিশীল মানবচিন্তের পদে পদে যে সত্য নিত্য নূতনরূপে দেখা দেয়, সবাই তাকে চিনতে পারে না। ভাবে এ কোন্ আপদ কোথা থেকে এল। সেদিন তাজমহলের ছায়ার নীচে শিবানীকে মনে পড়ে? আজ কমলের মাঝখানে তাকে আর চিনতে পারা যাবে না। মনে হবে যে যাকে দেখেছিলাম কোথায় গেল সে; কিন্তু এ-ই মানুষের সত্য পরিচয়, এমনি ভাবেই লোকের কাছে যেন চিরদিন পরিচিত হতে পারি, আশুবাবু।

একটুখানি থামিয়া বলিল, কিন্তু তর্কবিতর্কের ঝোড়ো-হাওয়ায় আমাদের খেঁই হারিয়ে গেল—আসল ব্যাপার থেকে সবাই সরে গেছে। আমি কিন্তু অত্যন্ত ক্লান্ত, এখন উঠি।

আশুবাবু নিরুত্তরে বিহ্বলের জায় চাহিয়া রহিলেন। এই মেয়েটিকে কোথায় তিনি অস্পষ্ট বুঝিলেন, কোথাও বা একেবারেই বুঝিলেন না। শুধু ইহার মনে হইতে লাগিল এইমাত্র সে যে ঝোড়ো-হাওয়ার উল্লেখ করিয়াছিল, সেই প্রচণ্ড ঝড়ামুখে তৃণধণ্ডের জায় তাঁহার সর্বপ্রকার আবেদন-নিবেদন ভাসিয়া গিয়াছে।

কমল উঠিয়া দাঁড়াইল। অজিতকে ইঙ্গিতে আহ্বান করিয়া কহিল, সঙ্গে করে এনেছিলেন, চলুন না পৌঁছে দেবেন।

কিন্তু আজ সে সন্ধ্যাে যেন মুখ তুলিতেই পারিল না। কমল মনে মনে একটু হাসিয়া আগাইয়া আসিয়া সহসা রাজেনের কাঁধের উপরে একটা হাত রাখিয়া বলিল, রাজেনবাবু, তুমি চল না ভাই আমাকে রেখে আসবে।

এই আকস্মিক আত্মীয় সম্বোধনে রাজেন বিস্মিত হইয়া একবার তাহার প্রতি চাহিল, তাহার পরে কহিল, চলুন।

ঘরের কাছে কাছে আসিয়া কমল হঠাৎ কিরিয়া দাঁড়াইয়া বলিল, আশুবাবু, আমার প্রস্তাব কিন্তু প্রত্যাহার করি নি। ঐ সন্ধ্যে ইচ্ছে হয় পাঠিয়ে দেবেন, আমি যথাসাধ্য করে দেখব। বাঁচেন ভালই, না বাঁচেন অদৃষ্ট। বলিয়া চলিয়া গেল। ঘরের মধ্যে শুষ্ক হইয়া সকলে বসিয়া রহিলেন—অস্বস্ত গৃহস্থামীর চোখের সন্মুখে প্রভাতের আলোটা পর্য্যন্ত বিবর্ণ ও বিশ্বাস হইয়া উঠিল।

অন্ধক পথে রাজেন বিদায় হইল। বলিয়া গেল ঘণ্টা-কয়েকের মধ্যেই সে কাজ সারিয়া ফিরিয়া আসিবে। কমল অন্তমনস্কতাবশতঃই বোধ করি আপত্তি করিল না, কিংবা হয়ত আর কোন কারণ ছিল। দ্রুতপদে বাসায় আসিয়া দেখিল সিঁড়ির দরজার তখনো তালা বন্ধ, ঘর খোলঃ হয় নাই। বে নীচ জাতীয় দাসীটি তাহার কাজকর্ম করিয়া দিত সে আসে নাই। পথের শুধারে মুদীর দোকানে সন্ধান করিয়া জানিল দাসী পীড়িত, তাহার ছোট-নাতনী সকালে আসিয়া ঘরের চাবি রাখিয়া গিয়াছে। ঘর খুলিয়া কমল গৃহকর্মে নিযুক্ত হইল। একরকম কাল হইতেই সে অভুক্ত ; স্থির করিয়া আসিয়াছিল তাড়াতাড়ি কোনমতে কিছু রাখিয়া খাইয়া লইয়া বিশ্রাম করিবে, বিশ্রামের তাহার একান্ত প্রয়োজন ; কিন্তু আজ ঘরের কাজ আর তাহার কিছুতেই সারা হয় না। চারিদিকে এত যে আবর্জনা জমা হইয়াছিল, এতদিন এমনি বিশৃঙ্খলার মাঝে যে তাহার দিন কাটিতেছিল, সে লক্ষ্যও করে নাই। আজ যাহাতে চোখ পড়িল সে-ই যেন তাহাকে তিরস্কার করিল—ছাদের পুরানো চুন-মালি খসিয়া খাটের খাঁজে খাঁজে জমিয়াছে—মুক্ত করা চাই ; চড়াই পাখীর বাসা তৈরীর অতিরিক্ত মালমসলা বিছানায় পড়িয়াছে, চাদর বদলানো প্রয়োজন ; বাগিশের ওর অত্যন্ত মলিন, খুলিয়া ফেলা দরকার ; চেয়ার-টেবিল

স্থানভ্রষ্ট, দরজার পাপোষটায় কান্না জমাট বাধিয়াছে, আয়নাটার অবস্থা বে পঙ্কোদ্ধার করিতে একটা বেলা লাগিবে, দোয়াতের কালি শুকাইয়াছে, কলম-গুলি খুঁজিয়া পাওয়া দায়, প্যাডের ব্লটিং কাগজগুলোর চিহ্নমাত্র নাই—এমনি-ধারা যেদিকে চাহিয়া দেখিল, অপরিচ্ছন্নতার আতিশয্যে তাহার নিজেরই মনে হইল এতকাল এখানে যেন মানুষ বাস করে নাই। নাওয়া-খাওয়া পড়িয়া রহিল, কোথা দিয়া যে বেলা কাটিল ঠাহর রহিল না। সমস্ত শেষ করিয়া গায়ের ধূলামাটি পরিষ্কার করিতে যখন সে নীচে হইতে জান করিয়া আসিল তখন সন্ধ্যা হইয়াছে। এতদিন সে নিশ্চয় জানিত এখানে সে থাকিবে না। খাকা সম্ভবও নয়, উচিতও নয়। মাসের পর মাস বাসার ভাড়া যোগাইবে বা কোথা হইতে? যাইতেই হইবে, শুধু যাওয়ার দিনটারই সে কেমন করিয়া যেন নাগাল পাইতেছিল না—রাত্রির পর প্রভাত এবং প্রভাতের পর রাত্রি আসিয়া তাহাকে পা বাড়াইবার সময় দিতেছিল না।

গৃহের প্রতি মমতা নেই, অথচ আজ কিসের জন্ত যে এত খাটিয়া মরিল, অকণ্মাৎ ইহার কি প্রয়োজন হইল, এমনি একটা ঘোলাটে জিজ্ঞাসায় মনের মধ্যে যখনই আবর্ত উঠিতেছিল, কাজ ছাড়িয়া বারান্দায় আসিয়া সে শূন্যক্ষেত্রান্তর চাহিয়া কি যেন ভুলিবার চেষ্টা করিয়া আবার গিয়া কাজে লাগিতেছিল। এমনি করিয়াই আজ তাহার কাজ এবং বেলা দুই-ই শেষ হইয়াছে; কিন্তু বেলা ত রোজই শেষ হয়, শুধু এমনি করিয়াই হইতে পায় না। সন্ধ্যার পর সে আলো জালিয়া রান্না চড়াইয়া দিল এবং কেবল সময় কাটাইবার জন্তই একখানা বই লইয়া বিছানায় ঠেস দিয়া পাতা উন্টাইতে বসিল; কিন্তু শ্রান্তির আজ আর তাহার অবধি ছিল না—কখন বইয়ের এবং চোখের পাতা দুই-ই বুদ্ধিয়া আসিল সে টের পাইল না। যখন টের পাইল তখন ঘরের আলো নিবিয়াছে এবং খোলা জানালার ভিতর দিয়া বাহিরের অরুণালোকে সমস্ত গৃহ আরম্ভ হইয়া উঠিয়াছে। বেলা হইল, কিন্তু দাসী আসিল না। অতএব বাসাটা খোঁজ করিয়া তাহার অস্থখের সংবাদ লওয়া প্রয়োজন এই মনে করিয়া কমল কাপড় ছাড়িয়া প্রস্তুত হইয়া বাহির হইতেছিল, এমনি সময়ে নীচের সিঁড়িতে পায়ের শব্দ পাইয়া তাহার বুকের মধ্যে ধড়াস্ করিয়া করিয়া উঠিল।

ডাক আসিল, ঘরে আছেন? আসতে পারি?

আহ্নন।

যিনি প্রবেশ করিলেন তিনি হরেন্দ্র। চৌকি টানিয়া উপবেশন করিয়া বলিলেন, কোথায় বেঞ্চি ছিলেন নাকি ?

হাঁ। যে বূড়ো স্ত্রীলোকটি আমার কাজ করে তাকে অস্থির খবর পেয়েছি। তাকে দেখতে যাচ্ছিলুম।

বেশ খবর। ইনফুরেশা ছাড়া কিছু নয়। আগ্রাতেও এপিডেমিক ফর্মেই বোধ করি স্ক্র হ'লো। বস্ত্রগুলোতে মরতেও আরম্ভ করেছে। মথুরা-বৃন্দাবনের মত স্ক্র হলে পালাতে হবে, না হয় মরতে হবে। এ বূড়ী থাকে কোথায় ?

ঠিক জানি নে। শুনেছি কাছাকাছি কোথায় থাকে, খোঁজ করে নিতে হবে।

হরেন্দ্র কহিল, বড্ড ছোঁয়াচে, একটু সাবধান হবেন। এদিকের খবর পেয়েছেন বোধ হয় ?

কমল ঘাড় নাড়িয়া বলিল, না।

হরেন্দ্র তাহার মুখের প্রতি চাহিয়া একমুহূর্ত চূপ করিয়া থাকিয়া বলিল, ভয় পাবেন না, ভয় পাবার মত কিছু নয়। কাল আসতাম, কিন্তু সময় ক'রে উঠতে পারি নি। আমাদের অক্ষয়বাবু কলেজে আসেন নি, সুনলাম তাঁর শরীর খারাপ, আশুবাবু বিছানা নিয়েছেন সে ত কাল দেখেই এসেছেন—ওদিকে অবিনাশদার কাল বিকাল থেকে জ্বর, বৌদির মুখটিও দেখলাম শুকনো শুকনো। তিনি নিজে না পড়লে ঝাঁচ।

কমল চূপ করিয়া চাহিয়া রহিল। এ সকল খবরে সে যেন ভাল করিয়া মন দিতেই পারিল না।

হরেন্দ্র কহিল, এ ছাড়া শিবনাথবাবু। ইনফুরেশার ব্যাপার—বলা কিছু যায় না। অথচ হাসপাতালে যেতেও চাইলে না। কাল বিকেলে তাঁর নিজের বাসাতেই তাঁকে রিমুভ করা হ'লো। আজ খবরটা একবার নিতে হবে।

কমল জিজ্ঞাসা করিল, সেখানে আছে কে ?

একটা চাকর আছে। উপরের ঘরগুলোতে জন-বয়স্ক পাঞ্জাবী আছে—ঠিকাদারী করে। সুনলাম তারা লোক ভাল।

কমল নিঃশ্বাস ফেলিয়া চূপ করিয়া রহিল। খানিক পরে কহিল, রাজেন-বাবুকে আমার কাছে একবার পাঠিয়ে দিতে পারেন ?

পারি, কিন্তু তাকে পাব কোথায়? আজ ভোর থাকতেই বেয়িরে পড়েছে। ঐ দিকের কোন একটা মুচিদের মহল্লায় নাকি জোর ব্যারাম চলেছে, সে গেছে সেবা করতে। আশ্রমে খেতে যদি আসে ত খবর দেব।

তাকে রিমুভ করল কে? আপনি?

না, রাজেন। তার মুখেই জানতে পারলাম পাঞ্জাবীরা যত্ন নিচ্ছে। তবে তারা যাই করুক, ও যখন ঠিকানা পেয়েছে তখন সহজে জেট হতে দেবে না—হয়ত নিজেই লেগে যাবে। একটা ভরসা—ওকে রোগে ধরে না। পুলিশে না ধরলে ও একাই একশ'। ভায়া ওদের কাছেই শুধু জন্ম, নইলে ওকে কাবু করে দুনিয়ায় এমন কিছুই দেখলাম না।

ধরার আশঙ্কা আছে নাকি?

আশা ত করি। অন্ততঃ আশ্রমটা তাহ'লে বাঁচে।

ওকে চলে যেতে বলে দেন না কেন?

এটি শক্ত। বললে এমনি চলে যাবে যে মাথা খুঁড়লেও আর ফিরবে না।

না ফিরলেই বা ক্ষতি কি?

ক্ষতি? ওকে ত জানেন না, না জানলে সে ক্ষতির পরিমাণ বোঝা যায় না। আশ্রম না থাকে সেও সইবে, কিন্তু ও ক্ষতি আমার সইবে না। এই বলিয়া হরেন্দ্র মিনিটখানেক চূপ করিয়া প্রসঙ্গটা হঠাৎ বদলাইয়া দিল। কহিল, একটা মজার কাণ্ড ঘটেছে। কারও সাধ্য নেই সে কল্পনা করে। কাল সেজদার ওখান থেকে অনেকে রাত্রে ফিরে গিয়ে দেখি অজিতবাবু উপস্থিত। ভয় পেয়ে গেলাম, ব্যাপার কি? অস্থখ বাড়ল নাকি? না, সে-সব কিছু নয়, বাক্স-বিছানা নিয়ে তিনি এসেছেন আশ্রমবাসী হতে। ইতিমধ্যে সতীশের সঙ্গে কথা পাকা হয়ে গেছে—আশ্রমের কাজে জীবন কাটাবেন এই তাঁর পণ, এর আর নড়চড় নেই। বড়লোক পোলে আমাদের ভালই হয়, কিন্তু শঙ্কা হ'লো ভেতরে কি একটা গোলমাল আছে। সকালে আশ্রমবাবুর কাছে গেলাম, তিনি শুনে বললেন, সফল অতিশয় সাধু কিন্তু ভারতে আশ্রমের ত অভাব নেই, সে আগ্রা ছেড়ে আর কোথাও গিয়ে এ বৃত্তি অবলম্বন করলে আমি দিনকতক টিকতে পারতাম। আমাকে দেখছি তল্লি বাঁধতে হ'লো।

কমল কোনরূপ বিশ্বয় প্রকাশ করিল না, চূপ করিয়া রহিল।

হরেন্দ্র কহিল, তাঁর ওখান থেকে এখানে আসচি। ভাবচি ফিরে গিয়ে অজিতবাবুকে বলব কি।

কমল বৃষ্টি শিবনাথকে স্থানান্তরিত করার উপলক্ষে অনেক কঠিন বাদ-প্রতিবাদ হইয়া গিয়াছে। হয়ত প্রকাশে এবং স্পষ্ট করিয়া একটা কথাও উচ্চারিত হয় নাই, সমস্তই নিঃশব্দে ঘটিয়াছে, তথাপি কর্কশতায় সে যে সর্বপ্রকার কলহকে ছাপাইয়া গিয়াছে ইহাতে সন্দেহ করিবার কিছু নাই; কিন্তু একটা কথাও সে উত্তর করিল না, তেমনি নীরবে বসিয়া রহিল।

হরেন্দ্র কহিতে লাগিল, মনে হয় আশুবাবু সমস্তই শুনেছেন। শিবনাথের আপনার প্রতি আচরণে তিনি মৰ্ম্মাহত। একরকম জোর করেই তাকে বাড়ি থেকে বিদেয় করেছেন। মনোরমার বোধ হয় এ ইচ্ছা ছিল না, শিবনাথ তার গানের গুরু, কাছে রেখে চিকিৎসা করবার সঙ্কল্পই ছিল, কিন্তু সে হতে পেলে না। অজিতবাবু বোধ হয় এ পক্ষ অবলম্বন করেই ঝগড়া করে ফেলেছেন।

কমল একটুখানি হাসিল, কহিল, আশ্চর্য্য নয়; কিন্তু শুনলেন কার কাছে? রাজেন বললে?

সে? সে পাত্রই ও নয়। জানলেও বলবে না। এ আমার অল্পমান। তাই ভাবচি, মিটমাট ত হবেই, মাঝে থেকে অজিতকে চটিয়ে লাভ কি? চূপচাপ থাকাই ভাল। যতদিন সে আশ্রমে থাকে যত্নের জটী হবে না।

কমল কহিল, সেই ভাল।

কিন্তু এখন উঠি। সেজদার জেতেই ভাবনা, ভারি অল্পে কাতর হন। দময় পাই ত কাল একবার আসব।

আসবেন। কমল উঠিয়া দাঁড়াইয়া নমস্কার করিল, কহিল, রাজেনকে পাঠাতে ভুলবেন না। বলবেন, বড্ড দায়ে পড়ে তাঁকে ডেকেচি।

দায়ে পড়ে ডাকচেন? হরেন্দ্র বিশ্বয়াপন্ন হইয়া বলিল, দেখা পেলে তৎক্ষণাৎ পাঠিয়ে দেব, কিন্তু আমাকে বলা যায় না? আমাকেও আপনার অক্লিষ্ট বন্ধু বলেই জানবেন।

তা জানি, কিন্তু তাঁকে পাঠিয়ে দেবেন।

দেব, নিশ্চয় দেব, বলিয়া হরেন্দ্র আর কথা না বাড়াইয়া বাহির হইয়া গেল।

অপরান্ন-বেলায় রাজেন আসিয়া উপস্থিত হইল।

রাজেন, আমার একটা কাজ ক'রে দিতে হবে।

তা দেব; কিন্তু কাল নামের সঙ্গে একটুখানি 'বাবু' ছিল, আজ তাও খসল ?

বেশ ত হালকা হয়ে গেল। না, চাও ত বল, জুড়ে দিই।

না, কাজ নেই; কিন্তু আপনাকে আমি কি বলে ডাকব ?

সবাই ডাকে কমল বলে, তাতে আমার সম্মানের হানি হয় না। নামের আগে-পিছে ভার বেঁধে নিজেকে ভারী করে তুলতে আমার লজ্জা করে। 'আপনি' বলবারও দরকার নেই, আমাকে আমার সহজ নাম ধরে ডেকো।

ইহার স্পষ্ট জবাবটা রাজেন এড়াইয়া গিয়া কহিল, কি আমাকে করতে হবে ?

আমার বন্ধু হ'তে হবে। লোকে বলে তুমি বিপ্লবপন্থী। তা যদি সত্যি হয় আমার সঙ্গে বন্ধুত্ব তোমার অক্ষয় হবে।

এই অক্ষয়-বন্ধুত্ব আমার কি কাজে লাগবে ?

কমল নিশ্চিত হইল, ব্যথিত হইল। একটা সংশয় ও উপেক্ষার সুস্পষ্ট স্বর তাহার কানে বাজিল, কহিল, অমন কথা বলতে নেই। বন্ধুত্ব বস্তুটা সংসারে দুর্লভ, আর আমার বন্ধুত্ব তার চেয়েও দুর্লভ। যাকে চেনো না তাকে অশ্রদ্ধা ক'রে নিজেকে খাটো ক'রো না।

কিন্তু এ অনুযোগ লোকটিকে কুণ্ঠিত করিল না, সে স্মিতমুখে সহজভাবেই বলিল, অশ্রদ্ধার লজ্জা নয়, বন্ধুত্বের প্রয়োজন বুঝি নে, তাই শুধু জানিয়েছিলাম। আর যদি মনে করেন এ বস্তু আমার কাজে লাগলে, আমি অস্বীকার করব না; কিন্তু কি কাজে লাগবে তাই ভাবছি।

কমলের মুখ রাঙা হইয়া উঠিল। কে যেন তাহাকে চাবুকের বাড়ি মারিয়া অপমান করিল। সে অতি শিক্ষিতা, অতি সুন্দরী ও প্রথম বুদ্ধিশালিনী। সে পুরুষের কামনার ধন, এই ছিল তাহার ধারণা; তাহার দৃষ্ট তেজ অপরাধের, ইহাই ছিল অকপট বিশ্বাস। সংসারে শারী তাহাকে স্বপ্ন-করিয়াছে, পুরুষে আতঙ্কে আগুন জালিয়া দহ করিতে চাহিয়াছে, অবহেলার তান করে নাই তাহাও নয়, কিন্তু এ সে নয়। আজ এই লোকটির কাছে যেন সে তুচ্ছতায় মাটির সঙ্গে মিশিয়া গেল। শিবনাথ তাহাকে বঞ্চনা করিয়াছে, কিন্তু এমন করিয়া দীনতার চীরবস্ত্র তাহার অঙ্গে জড়াইয়া দেয় নাই।

কমলের একটা সন্দেহ প্রবল হইয়া উঠিল, জিজ্ঞাসা করিল, আমার সম্বন্ধে তুমি বোধ হয় অনেক কথাই শুনেচ ?

রাজেন বলিল, গুঁরা প্রায়ই বলেন বটে।

কি বলেন ?

সে একটুখানি হাসিবার চেষ্টা করিয়া বলিল, দেখুন, এসব ব্যাপারে আমার স্বরণশক্তি বড় খারাপ ; কিছুই প্রায় মনে নেই।

সত্যি বলচ ?

সত্যিই বলচি।

কমল জেরা করিল না, বিশ্বাস করিল। বুঝিল, স্ত্রীলোকের জীবনযাত্রা সম্বন্ধে এই মানুষটির আজও কোন কৌতুহল জাগে নাই। সে যেমন শুনিয়াছে তেমনই ভুলিয়াছে। আরও একটা জিনিষ বুঝিল। 'তুমি' বলিবার অধিকার দেওয়া সম্বন্ধে কেন সে গ্রহণ করে নাই—'আপনি' বলিয়া সম্বোধন করিতেছে ; তাহার অকলঙ্ক পুরুষ-চিন্তাতলে আজও নারীমূর্তির ছায়া পড়ে নাই—'তুমি' বলিয়া ঘনিষ্ঠ হইয়া উঠিবার লুক্কাতা তাহার অপরিজ্ঞাত। কমল মনে মনে যেন একটা নিঃশ্বাস ফেলিল। খানিক পরে কহিল, শিবনাথবাবু আমাকে পরিত্যাগ করেছেন, জান ?

জানি।

কমল কহিল, সেদিন আমাদের বিয়ের অন্তর্গত ফাঁকি ছিল, কিন্তু মনের মধ্যে ফাঁকি ছিল না। সবাই সন্দেহ করে নানা কথা কইলে, বললে, এ বিবাহ পাকা হ'লো না। আমার কিন্তু ভয় হ'লো না ; বললাম, হোক গে কাঁচা, আমাদের মন যখন মেনে নিয়েছে তখন বাইরের গ্রন্থিতে ক'পাক পড়ল আমার দেখবার দরকার নেই। বরঞ্চ ভাবলুম, এ ভালই হ'লো যে, স্বামী বলে থাকে নিলুম তাঁকে আষ্টেপৃষ্ঠে বাঁধি নি। তাঁর মুক্তির আগল যদি একটু আলগাই থাকে 'ত থাক' না। মনই যদি দেউলে হয়, পুরুতের মস্তকে মহাজন খাড়া ক'রে স্নদটা আদায় হতে পারে, কিন্তু আসল ত ডুবল ; কিন্তু এসব তোমাকে বলা বৃথা, তুমি বুঝবে না !

রাজেন চুপ করিয়া রহিল। কমল কহিল, তখন এই কথাটাই শুধু জানি নি যে তাঁর টাকার লোভটা এত ছিল। জানলে অন্ততঃ লাঞ্চার দায় এড়াতে পারতুম।

রাজেন জিজ্ঞাসা করিল, এর মানে ?

কমল সহসা আপনাকে সুস্বরণ করিয়া লইল, বলিল, থাক্ গে মানে । এ তোমার শুনে কাজ নেই ।

কিছুক্ষণ স্বৰ্য্য অস্ত গিয়াছে, ঘরের মধ্যে বাহিরের সন্ধ্যা ঘন হইয়া আসিল । কমল আলো জালিয়া টেবিলের একধারে রাখিয়া দিয়া স্বস্থানে ফিরিয়া আসিয়া কহিল, তা হোক, আমাকে গুঁর বাসায় একবার নিয়ে চল ।

কি করবেন গিয়ে ?

নিজের চোখে একবার দেখতে চাই ! যদি প্রয়োজন হয় থাকব । না হয়, তোমার ওপরে তাঁর ভার রেখে আমি নিশ্চিন্ত হব । এইজন্তই তোমাকে ডেকে পাঠিয়েছিলুম । তুমি ছাড়া এ আর কেউ পারবে না । তাঁর প্রতি লোকের বিতৃষ্ণার সীমা নেই । —বলিতে বলিতে সে সহসা বাতিটা বাড়াইয়া দিবার জন্ত উঠিয়া পিছন ফিরিয়া দাঁড়াইল ।

রাজেন কহিল, বেশ, চলুন । আমি একটা গাডী ডেকে আনি গে । —বলিয়া সে বাহির হইয়া গেল ।

গাড়ীতে উঠিয়া বসিয়া রাজেন বলিল, শিবনাথবাবুর সেবার ভার আমাকে অর্পণ ক'রে আপনি নিশ্চিন্ত হতে চান, আমিও নিতে পারতাম ; কিন্তু এখানে আমার থাকা চলবে না, শীঘ্রই চলে যেতে হবে । আপনি আর কোন ব্যবস্থার চেষ্টা করুন ।

কমল উদ্বিগ্ন হইয়া জিজ্ঞাসা করিল, পুলিশে বোধ করি পিছনে লেগে অতিষ্ঠ করছে ?

তাদের আত্মীয়তা আমার অভ্যাস আছে—সেজ্ঞানয় ।

কমল হরেক্ষর কথা স্বরণ করিয়া বলিল, তবে আশ্রমের এঁরা বুকি তোমাকে চলে যেতে বলচেন ? কিন্তু পুলিশের ভয়ে ঝাঁরা এমন আতঙ্কিত, ঘটা করে তাঁদের দেশের কাজে না নামাই উচিত ; কিন্তু তাই বলে তোমাকে চলে যেতেই বা হবে কেন ? এই আশ্রা সহরেই এমন লোক আছে যে স্থান দিতে এতটুকু ভয় পাবে না ।

রাজেন কহিল, সে বোধ করি আপনি স্বয়ং ; কথাটা শুনে রাখলাম, সহজে ভুলব না ; কিন্তু এ দৌরাণ্ড্যে ভয় পায় না ভারতবর্ষে তেমন লোকের সংখ্যা বিরল । থাকলে দেশের সমস্তা চের সহজ হয়ে যেত ।

একটুখানি খামিরা বলিল, কিন্তু আমার যাওয়া সেজন্য নয়। আশ্রমকেও ঘোষ দিতে পারি নে। আর যাই হোক, আমাকে যাও বলা, হরেনদার মুখে আসবে না।

তবে যাবে কেন ?

যাব নিজেই জন্ম। দেশের কাজ বটে, কিন্তু তাঁদের সঙ্গে আমার মতেও মেলে না, কাজের ধারাতেও মেলে না। মেলে শুধু ভালবাসা দিয়ে। হরেনদার আমি সহোদরের চেয়ে প্রিয়, তার চেয়েও আত্মীয়, কোনকালে এর ব্যতিক্রম হবে না।

কমলের দুর্ভাবনা গেল। কহিল, এর চেয়ে আর বড় কি আছে রাজেন ? মন যেখানে মিলেচে, থাক না সেখানে মতের অমিল, হোক না কাজের ধারা বিভিন্ন, কি যায় আসে তাতে ? সবাই একই রকম ভাববে, একই রকম কাজ করবে, তবেই একসঙ্গে বাস করা চলবে, এ কেন ? আর পরের মতকে যদি শ্রদ্ধা করতেই না পারা গেল ত সে কিসের শিক্ষা ? মত এবং কর্তব্য দুই-ই বাইরের জিনিষ রাজেন, মনটাই সত্য। অথচ এদেরই বড় করে যদি তুমি দূরে চলে যাও, তোমাদের যে ভালবাসার ব্যতিক্রম নেই বলছিলে, তাকেই অস্বীকার করা হয়। সেই যে কেতাবে লেখে, ছায়ার জন্ম কায়্যা ত্যাগ, এ ঠিক ভাই হবে।

রাজেন কথা কহিল না, শুধু হাসিল।

হাসলে যে ?

হাসলাম তখন হাসি নি বলে। আপনার নিজের বিবাহের ব্যাপারে মনের মিলনটাকেই একমাত্র সত্য স্থির করে বাহ্যিক অস্থিষ্ঠানের গরমিলটাকে কিছু না বলে উড়িয়ে দিয়েছিলেন। সেটা সত্য নয় বলেই আজ আপনাদের সমস্ত অসত্য হয়ে গেল !

তার মানে ?

রাজেন বলিল, মনের মিলনটাকে আমি তুচ্ছ করি নে, কিন্তু ওকেই অধিতীয় বলে উচ্চৈঃস্বরে ঘোষণা করাও হয়েছে আজকালকার একটা উচ্চাঙ্গের পদ্ধতি। এতে ঔদার্য্য এবং মহত্ত্ব দুই-ই প্রকাশ পায়, কিন্তু সত্য প্রকাশ পায় না। সংসারে যেন শুধু কেবল মনটাই আছে, আর তার বাইরে সব মায়া, সব ছায়াবাজি। এটা ভুল।

একটুখানি খামিয়া কহিল, আপনি বিভিন্ন মতবাদকে শ্রদ্ধা করতে পারাটাকেই মস্ত বড় শিক্ষা বলছিলেন, কিন্তু সর্বপ্রকার মতকেই শ্রদ্ধা করতে পারে কে জানেন? যার নিজের কোন মতের বালাই নেই। শিক্ষার দ্বারা বিরুদ্ধ মতকে নিঃশব্দে উপেক্ষা করা যায়, কিন্তু শ্রদ্ধা করা যায় না।

কমল অতি বিশ্বয়ে নির্বাক হইয়া রহিল। রাজেন বলিতে লাগিল, আমাদের সে নীতি নয়, মিথ্যে শ্রদ্ধা দিয়ে আমরা সংসারে সর্বনাশ করি নে—বন্ধুর হলেও না—তাকে ভেঙে গুঁড়িয়ে দিই। এই আমাদের কাজ।

কমল কহিল, একেই তোমরা কাজ বল?

রাজেন কহিল, বলি। কি হবে আমার মনের মিল নিয়ে, মতের অমিলের বাধা যদি আমার কর্ণকে প্রতিহত করে? আমরা চাই মতের ঐক্য, কাজের ঐক্য, ভাববিলাসের মূল্য আমাদের কাছে নেই। শিবানি—

কমল আশ্চর্য হইয়া কহিল, আমার এ নামটাও তুমি শুনেচ?

শুনেচি। কর্ণের জগতে মাতৃষের ব্যবহারের মিলটাই বড়, হৃদয় নয়। হৃদয় থাকে থাক, অন্তরের বিচার অন্তর্ধ্যামী করুন, আমাদের ব্যবহারিক ঐক্য নইলে চলে না। ওই আমাদের কষ্টপাথর—ঐ দিয়ে যাচাই করে নিই। কই, দুইজনের মনের মিল দিয়ে ত সঙ্গীত সৃষ্টি হয় না, বাইরে তাদের স্বরের মিল না যদি থাকে, সে শুধু কোলাহল। রাজার যে সৈন্যদল যুদ্ধ করে, তাদের বাইরের শক্তিটাই রাজার শক্তি, হৃদয় নিয়ে তাঁর গরজ নেই। নিয়মের শাসন সংঘম—এই আমাদের নীতি। একে খাটো করলে হৃদয়ের নেশার খোরাক ঘোগানো হয়। সে উচ্ছ্বলতারই নামাস্তর।—গাডোয়ান, রোকো, রোকো, —শিবানি, এই তাঁর বাসা।

সম্মুখে জীর্ণ প্রাচীন গৃহ। উভয়ে নিঃশব্দে নামিয়া আসিয়া নীচের একটা ঘরে প্রবেশ করিল। পদশব্দে শিবনাথ চোখ মেলিয়া চাহিল, কিন্তু দীপের স্বল্পালোকে বোধ হয় চিনিতে পারিল না। মুহূর্ত্ত পরেই চোখ বুজিয়া তন্দ্রাচ্ছন্ন হইয়া পড়িল।

সতের

চারিদিকে চাহিয়া কমল শুরু হইয়া রহিল। ঘরের এ কি চেহারা। এখানে যে মানুষ বাস করিয়া আছে সহজে প্রত্যয় হয় না। লোকের সাড়া পাইয়া সতের-আঠার বছরের একটি হিন্দুস্থানী ছোকরা আসিয়া দাঁড়াইল, রাজেন তাহার পরিচয় দিয়া কহিল, এইটি শিবনাথ বাবুর চাকর। পথ্য তৈরী করা থেকে ওষুধ খাওয়ানো পর্যন্ত এরই ডিউটি। সূর্যাস্ত হতেই বোধ করি ঘুমোতে শুরু করেছিল, এখন উঠে আসচে। রোগীর সহকে কোন উপদেশ দেবার থাকে ত একেই দিন, বুঝতে পারবে বলেই মনে হয়। নেহাৎ বোকা নয়। নামটা কাল জেনে গিয়েছিলাম, কিন্তু ভুলে গেছি। কি নাম রে ?

ফাগুয়া।

আজ ওষুধ খাইয়েছিলি ?

ছেলেটি ঝাঁ-হাতের দুটো আঙুল দেখাইয়া কহিল, দো খোরাক খিলায়া।

আউর কুছ খিলায়া ?

হ—দুধ ভি পিলায়া।

বহুত আচ্ছা কিয়া। ওপরের পাঞ্জাবী বাবুবা কেউ এসেছিল ?

ছেলেটা ক্ষণকাল চিন্তা করিয়া বলিল, শায়েদ দোপহরমে একঠো বাবু আয়া রহা।

শায়েদ ? তখন তুমি কি করেছিলে বাবা, ঘুমচ্ছিলে ?

কমল জিজ্ঞাসা করিল, ফাগুয়া, তোর এখানে ঝাড়ুটাদু কিছু আছে ?

ফাগুয়া ঘাড় নাড়িয়া ঝাঁটা আনিতে গেল, রাজেন কহিল, ঝাঁটা কি করবেন ? শুকে পিটবেন নাকি ?

কমল গম্ভীর হইয়া কহিল, এ কি তামাসার সময় ? মায়া-মমতা কি তোমার শরীরে নেই।

আগে ছিল। ফ্রাড্‌ আর ফ্যামিন রিলিফে সেগুলো বিসর্জন দিবে এসেচি।

ফাঁশুরা ঝাঁটা আনিয়া হাজির করিল। রাজেন বলিল, আমি ক্ষিদের জালায় মরি, কোথাও থেকে দুটো খেয়ে আসি গে। ততক্ষণ ঝাঁটা আর এই ছেলেটিকে নিয়ে যা পারেন করুন, ফিরে এসে আপনাকে বাসায় পৌঁছে দিয়ে যাব। ভয় পাবেন না, আমি ঘণ্টা-দুয়ের মধ্যেই ফিরব। এই বলিয়া সে উত্তরের অপেক্ষা না করিয়াই বাহির হইয়া গেল।

সহরের প্রান্তস্থিত এই স্থানটা অল্পকাল মধ্যে নিঃশব্দ ও নির্জন হইয়া উঠিল। যাহারা উপরে বাস করে তাহাদের কলরব ও চলাচলে পায়ের শব্দ খামিল। বুঝা গেল তাহারা শব্দাশ্রয় করিয়াছে। শিবনাথের সংবাদ লইতে কেহ আসিল না। বাহিরে অন্ধকার রাত্রি গভীর হইয়া আসিতেছে, মেঝেয় কমল পাতিয়া ফাঁশুরা কিম্বাইতেছে, সদর দরজা বন্ধ করিবার সময় হইয়া আনিল, এমনি সময়ে রাস্তায় সাইক্লের ঘণ্টা শুনা গেল এবং পরক্ষণেই দ্বার ঠেলিয়া রাজেন প্রবেশ করিল। ইতস্ততঃ দৃষ্টিপাত করিয়া এই অল্পকাল মধ্যে গৃহের সমস্ত পরিবর্তন লক্ষ্য করিয়া সে কিছুক্ষণ চূপ করিয়া দাঁড়াইল, পরে হাতের ছোট পুঁটুলিটা পাশের টিপয়ের উপর রাখিয়া দিয়া কহিল, অত্যাশ্চর্যেয়দের মত আপনাকে যা ভেবেছিলাম তা নয়। আপনার 'পরে নির্ভর করা যায়।

কমল নিঃশব্দে ফিরিয়া চাহিল। রাজেন কহিল, ইতিমধ্যে দেখিচি বিছানাটা পর্য্যন্ত বদলে ফেলেছেন। খুঁজে পেতে না হয় লার করলেন, কিন্তু ঠুকে তুলে শোয়ালেন কি করে?

কমল আশ্চর্যে আশ্চর্যে বলিল, জানলে শব্দ নয়।

কিন্তু জানলেন কি করে? জানবার ত কথা নয়।

কমল বলিল, জানার কথা কি কেবল তোমাদেরই? ছেলেবেলায় চা-বাগানে আমি অনেক রুগীর সেবা করেচি।

তাইত বলি! এই বলিয়া সে আর একবার চারিদিকে চাহিয়া দেখিয়া কহিল, আসবার সময় সঙ্গে করে সামান্য কিছু খাবার এনেচি। কুঁজোয় জল আছে দেখে গিয়েছিলাম। খেয়ে নিন, আমি বসচি।

কমল তাহার মুখের পানে চাহিয়া একটু হাসিল, কহিল, খাবার কথা ত তোমাকে বলি নি, হঠাৎ এ খেয়াল হ'লো কেন?

রাজেন বলিল, খেয়াল হঠাৎই হ'লো সত্যি। নিজের যখন পেট ভরে গেল,

তখন কি জানি কেন মনে হ'লো আপনারও হয়ত কিঁদে পেয়ে থাকবে। আসবার পথে দোকান থেকে কিছু কিনে নিয়ে এলাম। দেয়ী করবেন না, বসে যান। এই বলিয়া সে নিজে গিয়া জলের কুঁজোটা তুলিয়া আনি। কাছে কলাই-করা একটা গাছ ছিল, কহিল, সবুর করুন, বাইরে থেকে এটা মেজে আনি। এই বলিয়া সেটা হাতে করিয়া চলিয়া গেল। এ বাড়ীর কোথায় কি আছে সে কালই জানিয়া গিয়াছিল। ফিরিয়া আসিয়া সন্ধান করিয়া এক টুকরা সাবান বাহির করিল, কহিল, অনেক ঘাঁটাঘাঁটি করেছেন, একটু সাবধান হওয়া ভাল। আমি জল ঢেলে দিচ্ছি, খাবার আগে হাতটা ধুয়ে ফেলুন।

কমলের পিতার কথা মনে পড়িল। ঠাঁহারও এমনি কথার মধ্যে বিশেষ রসকব ছিল না, কিন্তু আন্তরিকতায় ভরা। কহিল, হাত ধুতে আপত্তি নেই, কিন্তু খেতে পারব না ভাই। তুমি হয়ত জান না যে আমি নিজে রেঁধে খাই, আর এইসব দামী ভাল ভাল খাবারও খাই নে। আমার জন্ত ব্যস্ত হবার আবশ্যক নেই, অল্প দিন যেমন হয়, তেমনি বাসায় ফিরে গিয়েই খাব।

তা হ'লে আর রাত না ক'রে বাসাতেই ফিরে চলুন, আপনাকে দিয়ে আসি গে।

তুমি এখানেই আবার আসবে ?

আসবো।

কতক্ষণ থাকবে ?

অন্ততঃ কাল সকাল পর্য্যন্ত। ওপরের পাঞ্জাবীদের হাতে কিছু টাকা দিয়ে গেছি, একটা মোকাবিলা না করে নড়ব না। একটু ক্লাস্ত, তা হোক। এতটা অস্বস্তি হবে ভাবি নি। উঠুন, এদিকে গাড়ী পাওয়া যাবে না, হাঁটতে হবে। ফেরবার পথে মুঁচিদের বস্তিটা একবার ঘুরে আসা দরকার। দু-ব্যাটার মরবার কথা ছিল, দেখি তারা কি করলে ?

কমলের আবার সেই কথাই মনে পড়িল, এ লোকটার অহুভূতি বলিয়া কোন বালাই নেই, অনেকটা যন্ত্রের মত। কি একটা অজ্ঞাত প্রেরণা ইহাকে বারম্বার কৰ্মে নিযুক্ত করে—কৰ্ম করিয়া যায়। নিজের জন্ত নয়, হয়ত কোন কিছু আশা করিয়াও নয়। কাজ ইহার রক্তের মধ্যে, সমস্ত দেহের মধ্যে জলবায়ুর মতই যেন সহজ হইয়া আছে। অথচ জন্তের বিশ্ময়ের অবধি

থাকে না, ভাবে, কেমন করিয়া এমন হয়। জিজ্ঞাসা করিল, আচ্ছা রাজেন, তুমি নিজে ত ডাক্তার ?

ডাক্তার ? না ! ওদের ডাক্তারী ইথুলে সামান্য কিছুদিন শিক্ষানবিসী করেছিলাম।

তা হ'লে ওদের দেখে কে ?

যম !

তবে তুমি কর কি ?

আমি করি তাঁর তদ্বির। তাঁর গুণমুগ্ধ ভক্ত আমি।—এই বলিয়া সে কমলের বিশ্বয়-অভিভূত মুখের প্রতি ক্ষণকাল চাহিয়া থাকিয়া একটু হাসিল, কহিল, যম নয়, তিনি যমরাজ। বলিহারি তাঁর প্রতিভাকে যিনি রাজা বলে একে প্রথমে অভিবাদন করেছিলেন। রাজাই বটে। যেমন দয়া, তেমনি স্ববিবেচনা। বিশ্বভুবনে সৃষ্টিকর্তা যদি কেউ থাকে, এ তাঁর সেরা-সৃষ্টি আমি বাজি রেখে বলতে পারি।

কমল আশ্চর্য আশ্চর্য জিজ্ঞাসা করিল, তুমি কি পরিহাস করচ রাজেন ?

একেবারে না। শুনে সতীশদা মুখ গম্ভীর করে, হরেনদা রাগ করে, বলেন আমাকে দিনিক, তাঁদের আশ্রমে সকলে মিলে তাঁরা রুচ্ছতা, সংযম ত্যাগ ও নানাবিধ অদ্ভুত কঠোরতার অস্ত্রশস্ত্র শানিয়ে যমরাজের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করেন। অতএব মনে করেন আমি তাঁদের উপহাস করি ; কিন্তু তা করি নে। দুঃখীদের পল্লীতে তাঁরা যান না, গেলে আমার ধারণা আমারই মত পরম রাজভক্ত হয়ে উঠতেন। শ্রদ্ধাবনত চিন্তে মৃত্যু-রাজার গুণগান করতেন এবং অকল্যাণ মনে করে তাঁকে গালি দিয়ে আর বেড়াতেন না।

কমল কহিল, এই যদি তোমার সত্যিকার মত হয় তোমাকে দিনিক বলাটা কি দোষের !

দোষের বিচার পরে হবে। যাবেন একবার আমার সঙ্গে মুচিদের পাড়ায় ? গড়া গড়া পড়ে আছে—আজকের ইনফুয়েঞ্জা বলেই শুধু নয়—কলেরা, বসন্ত, প্লেগ, যে-কোন একটা উপলক্ষ তাদের জুটলেই হ'লো। ওষুধ নেই, পথ্য নেই, শোবার বিছানা নেই, চাপা দেবার কাপড় নেই, মুখে জল দেবার লোক নেই—দেখে হঠাৎ ঘাবড়ে যেতে হয় এর কিনারা আছে কোথায় ? তখনি কুল

দেখতে পাই, চিন্তা দূর হয়, মনে মনে বলি, ভয় নেই, গুরে জয় নেই—সমস্ত যতই গুরুতর হোক, সমাধান করবার ভার ঋগ হাতে তিনি এলেন বলে। অন্তান্ত্র দেশের অন্তান্ত্র ব্যবস্থা, কিন্তু আমাদের এ দেবভূমির সমস্ত ভার নিয়েছেন একেবারে রাজার রাজা স্বয়ং। এক হিসেবে আমরা ঢের বেশী সৌভাগ্যবান; কিন্তু কোথা থেকে কি সব কথা—এসে পড়ল। চলুন, রাত হয়ে যাচ্ছে। অনেকটা পথ হাঁটতে হবে।

কিন্তু তোমাকে ত আবার এই পথ হেঁটেই ফিরতে হবে ?

তা হবে।

তোমার মুচিদের পাড়া কত দূর ?

কাছেই। অর্থাৎ এখান থেকে মাইল-খানেকের মধ্যে।

তা হ'লে তোমার পা-গাড়ী ক'রে ঘুরে এসো গে—আমি বসচি।

রাজেন বিস্ময়াপন্ন হইয়া কহিল, সে কি কথা! আপনার যে দুদিন খাওয়া হয় নি!

কে দিলে তোমাকে এ খবর ?

ওই যে খেয়ালের কথা হচ্ছিল, তাই; কিন্তু খবরটা আমি নিজেই সংগ্রহ করেচি। আসবার সময়ে আপনার রান্নাঘরটা একবার উঁকি মেরে এসেছিলাম, রান্না ভাত মজুত, পাত্রটির চেহারা দেখলে মনেহ থাকে না যে সে গত রাত্রির ব্যাপার! অর্থাৎ দিন-তুই চলেছে নিছক উপবাস, অতএব হয় চলুন, না হয় যা এনেচি আহাির করুন। আজ স্বপাকের অজুহাত অবৈধ।

অবৈধ? কমল একটু হাসিয়া কহিল, কিন্তু আমার জন্ত তোমার এত মাথাব্যথা কেন ?

তা জানি নে। কারণ নিজেই অনুসন্ধান করছি, সংবাদ পেলে আপনাকে জানাবো।

কমল কিছুক্ষণ ধরিয়৷ কি ভাবিল, তাহার পরে কহিল, জানিয়ো, লজ্জা ক'রো না। পুনরায় কিছুক্ষণ মৌন থাকিয়া বলিল, রাজেন, তোমার আশ্রমের দাদারা তোমাকে অল্পই চিনেছেন, তাই তাঁরা তোমাকে উপদ্রব মনে করেন; কিন্তু আমি তোমাকে চিনি! স্ততরাং আমাকেও চিনে রাখা তোমার দরকার। অথচ তার জন্ত সময় চাই, সে পরিচয়, কথা-কাটাকাটি ক'রে হবে না। একটুখানি স্থির থাকিয়া পুনরায় কহিল, আমি নিজে রোঁধে খাই, একবেলা

খাই, অতি দরিদ্রের যে আহা—সেই একমুঠো ভাত-ডাল ; কিন্তু এ আমার ব্রত নয়, তাই ভঙ্গ করতে পারি ; কিন্তু দিন-দুই খাই নি বলেই নিয়ম লঙ্ঘন আমি করব না। তোমার স্নেহটুকু আমি ভুলব না, কিন্তু কথা রাখতেও তোমার পারব না রাজেন ! তাই বলে রাগ করো না যেন।

না।

কি ভাবচ বল ত ?

ভাবচি, পরিচয়পত্রের ভূমিকা অংশটুকু মন্দ হ'লো না। আমি দেখচি সহজে ভুলতে পারব না।

সহজে ভুলতেই বা আমি তোমাকে দেব কেন ?—বলিয়া কমল হঠাৎ হাসিয়া ফেলিল। কহিল. কিন্তু আর দেবী করো না, যাও। যত শীঘ্র পার ফিরে এস। ঐ বড় আরাম-চৌকিটায় একটা কবল পেতে রাখব—দু-চার বটা ঘুমোবার পরে যখন সকাল হবে, আমরা বাসায় চলে যাব, কেমন ?

রাজেন মাথা নাড়িয়া কহিল, আচ্ছা। ভেবেছিলাম রাত্রিটা বোধ হয় আমাকে আজও জেগে কাটাতে হবে ; কিন্তু ছুটি মঞ্জুর হয়ে গেল, স্বামীর শুশ্রূষার ভার নিজের হাতেই নিলেন। ভালই। ফিরতে বোধ করি আমার দেবী হবে না, কিন্তু ইতিমধ্যে ঘুমিয়ে পড়বেন না যেন।

কমল বলিল, না ; এই লোকটি যে আমার স্বামী এ খবর তোমাকে দিলে কে ? এগানকার ভদ্রলোকেরা বোধ করি ? যেই দিয়ে থাক, সে তামাসা করেছে। বিশ্বাস না হয়, একদিন একে জিজ্ঞাসা করলেই খবর পাবে।

রাজেন কোন কথা কহিল না। নিঃশব্দে বাহির হইয়া গেল।

শিবনাথ ঠিক যেন এজতাই অপেক্ষা করিয়া ছিল। পাশ কিরিয়া চোখ মেলিয়া চাহিল, জিজ্ঞাসা করিল, এই লোকটি কে ? শুনিয়া কমল চমকিত হইল। কণ্ঠস্বর স্পষ্ট, জড়তার চিহ্নমাত্র নাই। চোখের চাহনিত্তে তখনো মল্ল একটুখানি ঘোর আছে বটে, কিন্তু মুখের চেহারা প্রায় স্বাভাবিক। অসমাপ্ত নিজা ভাঙ্গিয়া জাগিয়া উঠিলে যেমন একটু আচ্ছন্ন ভাব থাকে, তাহার অধিক নয়। এত বড় রোগের এত সহজে ও এত শীঘ্র যে সমাপ্তি ঘটয়াছে কমল হঠাৎ তাহা বিশ্বাস করিতে পারিল না। তাই উত্তর দিতে তাহার বিলম্ব হইল। শিবনাথ আবার প্রশ্ন করিল, এই লোকটি কে শিবানী ? তোমাকে সন্দেহ করে ইনিই এনেছেন ?

হাঁ। আমাকেও এনেছেন এবং তোমাকেও সঙ্গে করে যিনি কাল রেখে গিয়েছেন, তিনি।

নাম ?

রাজেন।

তোমরা দু'জনে কি এখন এক বাড়ীতে থাক ?

সেই চেষ্টাই তো করছি। যদি থাকেন আমার ভাগ্য।

হঁ। ওকে এখানে এনেচ কেন ?

কমল এ প্রশ্নের জবাব দিল না। শিবনাথও আর কোন প্রশ্ন করিল না, চোখ বুজিয়া পড়িয়া রহিল। বহুক্ষণ নিঃশব্দে কাটার পরে শিবনাথ জিজ্ঞাসা করিল, আমার সঙ্গে তোমার আর কোন সন্ধন্ধ নেই এ কথা তুমি কার মুখে শুনলে ? আমি বলেছি, এই কি লোকেরা বলে, তাই ?

কমল ইহার জবাব দিল না কিন্তু এবার সে নিজেই প্রশ্ন করিল, আমাকে যে তুমি বিয়ে কর নি, সে আমি না বিশ্বাস করে থাকি, তুমি কি করতে ? চলে আসবার সময় এ কথাটা বলে এলে না কেন ? তোমাকে আটকাতে পারি, কেঁদেকেটে মাথা খুঁড়ে অনর্থ ঘটতে পারি, এই কি তুমি ভাবছিলে ? এ যে আমার স্বভাব নয় সে ত ভাল ক'রেই জানতে, তবে কেন কর নি তা ?

শিবনাথ কয়েক মুহূর্ত্ত নীরবে থাকিয়া বলিল, কাজের ঝঞ্জাটে, ব্যবসায় খাতিরে দিনকতক একটা আলাদা বাসা করলেই কি ত্যাগ করা হয় ? আমি ত' ভেবেছিলাম—

শিবনাথের মুখের কথা অসমাপ্ত রহিয়া গেল। কমল থামাইয়া দিয়া বলিল, থাক থাক, ও আমি জানতে চাই নি ; কিন্তু বলিয়া ফেলিয়াই সে নিজের উদ্বেজনায় নিজেই লজ্জা পাইল। কিছুক্ষণ নীরবে থাকিয়া আপনাকে শাস্ত করিয়া লইয়া অবশেষে জিজ্ঞাসা করল, তোমার কি সত্যিই অস্থখ ক'রেছিল ?

সত্যি না ত কি ?

সত্যি যদি এই, আমার ওখানে না গিয়ে আশুখাবুর বাড়ীতে গেলে কিসের জন্ত ? তোমার একটা কাজ আমাকে ব্যথা দিয়েছে, কিন্তু অল্পটা আমাকে অপমানের একশেষ করেছে। আমি দুঃখ পেয়েছি শুনে তুমি মনে মনে হাসবে জানি, কিন্তু এই জানাটাই আমার সাত্বনা। তুমি এত ছোট বলেই কেবল নিজের দুঃখ সহঁতে পারলুম, নইলে পারতুম না।

শিবনাথ চূপ করিয়া রহিল ; কমল তাহার মুখের প্রতি নির্নিমেঘে চাহিয়া কহিল, জ্ঞান তুমি, আমার সব সইল কিন্তু তোমাকে বাড়ী থেকে বার করে দেওয়াটা আমার সইল না। তাই এদেছিলুম তোমাকে সেবা করতে, তোমার মন ভোলাতে আসি নি।

শিবনাথ ধীরে ধীরে কহিল, তোমার এই দয়ার জন্ত আমি কৃতজ্ঞ, শিবানী !
কমল কহিল, তুমি আমাকে শিবানী বলে ডেকে না, কমল বলে ডেকে।

কেন ?

শুনলে আমার ঘৃণা বোধ হয়, তাই।

কিন্তু একদিন ত তুমি এই নামটি সবচেয়ে ভালবাসতে!—বলিয়া সে ধীরে ধীরে কমলের হাতখানি লইয়া নিজের হাতের মধ্যে গ্রহণ করিল। কমল চূপ করিয়া রহিল। নিজের হাত লইয়া টানাটানি করিতেও তাহার কৃপা বোধ হইল।

চূপ করে রইলে, উত্তর দিলে না যে বড় ?

কমল তেমনি নির্বাক হইয়া রহিল।

কি ভাবচ বল ত শিবানী ?

কি ভাবচি জ্ঞান ? ভাবচি, মানুষ কত বড় পাষাণ হ'লে তবে একথা মনে করিয়ে দিতে পারে !

শিবনাথের চোখ ছলছল করিতে লাগিল, বলিল, পাষাণ আমি নই শিবানী ! একদিন তোমার ভুল তুমি নিজেই জানতে পারবে, সেদিন তোমার পরিতাপের সীমা থাকবে না। কেন যে একটা আলাদা বাসা ভাড়া করেছি—

কিন্তু আলাদা বাসা ভাড়া করার কারণ ত আমি একবারও জিজ্ঞেস করি নি ? আমি শুধু এইটুকুই জানতে চেয়েছিলুম, এ কথা আমাকে তুমি জানিয়ে আস নি কেন ? তোমাকে একদিনের জন্তও আমি ধরে রাখতুম না।

শিবনাথের চোখ দিয়া জল গড়াইয়া পড়িল, কহিল, জানাতে আমার সাহস হয় নি শিবানী !

কেন ?

শিবনাথ আমার হাতায় চোখ মুছিয়া বলিল, একে টাকার টানাটানি, তাতে প্রত্যহই বাইরে যেতে হ'তে লাগল—পাথর কিনতে, চালান দিতে, ষ্টেশনের কাছে একটা কিছু—

কমল বিছানা হইতে উঠিয়া আসিয়া দূরে একটা চৌকিতে বসিল, কহিল, আমার নিজের জন্ত আর দুঃখ হয় না, হয় আর একজনের জন্ত ; কিন্তু আজ তোমার জন্তও দুঃখ হচ্ছে শিবনাথবাবু।

অনেকদিনের পরে আবার সে এই প্রথম তাহাকে নাম ধরিয়া ডাকিল। কহিল, দেখ, নিছক বঞ্চনা কেই মূলধন ক'রে সংসারে বাণিজ্য করা যায় না। আমার সঙ্গে হয়ত তোমার আর দেখা হবে না, কিন্তু আমাকে তোমার মনে পড়বে। যা হবার তা ত হয়ে গেছে, সে আর ফিরবে না, কিন্তু ভবিষ্যতে জীবনটাকে আর একদিক থেকে দেখবার চেষ্টা ক'রো, হয়ত স্মৃথী হতেও পারবে। লক্ষ্মীটি, ভুলো না। তোমার ভাল হোক, তুমি ভাল থাক, এ আমি আজও সত্যি সত্যিই চাই।

কমল কষ্টে অশ্রু সংবরণ করিল। আশুবাবু যে কেন তাহাকে সরাইয়া দিলেন, কি যে তাহার যথার্থ হেতু, এত কথার পরেও সে এত বড় আঘাত শিবনাথকে দিতে পারিল না।

বাহিরে পা-গাড়ীর ঘণ্টার শব্দ শুনা গেল। শিবনাথ কোন কথা না কহিয়া পুনর্বার পাশ ফিরিয়া গুইল।

ঘরে ঢুকিয়া রাজেন চাপা গলায় কহিল, এই যে সত্যিই জেগে আছেন দেখি ! রুগী কেমন ? ওষুধ-টষুধ আর খাওয়ালেন ?

কমল ঘাড় নাড়িয়া বলিল, না, আর কিছু খাওয়াই নি।

রাজেন অঙ্গুলি-সঙ্কেতে কহিল, চূপ। যুম ভেঙ্গে যালে সেটা ভাল না।

না ; কিন্তু তোমার মুচিরা করলে কি ?

তারা লোক ভাল, কথা রেখেছে। আমার যাবার আগেই ষমরাজের মহিষ এসে আত্মা দুটো নিয়ে গেছে, সকালে বড় দুটো তাদের মিউনিসিপ্যালিটির মহিষের হাবালা ক'রে দিতে পারলেই খালাস। আরও গোটা-আঠেক শুষচে, কাল একবার দেখিয়ে আনব। আশা করি প্রচুর জ্ঞানলাভ করবেন ; কিন্তু আরাম-চৌকির ওপর আমার কব্বলের বিছানা কই ? ভুলে গেছেন ?

কমল বিছানা পাতিয়া দিল। আঃ—বীচলাম, বলিয়া দীর্ঘশ্বাস ফেলিয়া হাতলের উপর দুই পা ছড়াইয়া দিয়া রাজেন গুইয়া পড়িল। কহিল, ছুটো-ছুটিতে যেমে গেছি—একটা পাখাটাখা আছে নাকি ?

কমল পাখা হাতে করিয়া চৌকিটা তাহার শিয়রের কাছে টানিয়া আনিয়া বসিল, আমি বাতাস করচি, তুমি ঘুমোও। রুগীর জন্ত দুশ্চিন্তার কারণ নেই, তিনি ভাল আছেন।

বাঃ—সব দিকেই সুখবর। বলিয়া সে চোখ বুজিল।

আঠার

ইনফ্লুয়েঞ্জা এদেশে সম্পূর্ণ নূতন ব্যাধি নহে, 'ডেঙ্গু' বলিয়া মাল্লুবে কতকটা অবজ্ঞা ও উপহাসের চক্ষেই দেখিত। দিন দুই-তিন দুঃখ দেওয়া ভিন্ন ইহার আর কোন গভীর উদ্দেশ্য নাই, ইহাই ছিল লোকের ধারণা কিন্তু সহসা এমন দুর্নিবার মহামারীরূপেও সে যে দেখা দিতে পারে এ কেহ কল্পনাও করিত না। সুতরাং এবার অকস্মাৎ ইহার অপরিমেয় শক্তির স্বনিশ্চিত কঠোরতায় প্রথমটা লোকে হতবুদ্ধি হইল, তাহার পরেই যে যেখানে পারিল পলাইতে সুরু করিল। আত্মীয়-পরে বিশেষ প্রভেদ রহিল না, বোগে গুপ্তাধা করিবে কি মৃত্যুকালে মুখে জল দিবার লোকও অনেকের ভাগ্যে জুটিল না। সহর ও পল্লী সর্বত্র একই দশা, আগ্রার অন্তর্গত ইহার অন্তথা ঘটিল না—এই সমৃদ্ধ জনবহুল প্রাচীন-নগরীর মূর্তি যেন দিন-কয়েকের মধ্যেই একেবারে বদলাইয়া গেল! ইংল-কলেজ বন্ধ, হাটে-বাজারে দোকানের কবাট অবরুদ্ধ, নদীতীর শূন্যপ্রায়, শুধু হিন্দু ও মুসলমান শববাহকের শঙ্কাকুল জন্ত পদক্ষেপ ব্যতিরেকে রাজপথ নিঃশব্দ জনহীন। যে-কোন দিকে চাহিলেই মনে হয় শুধু কেবল মাল্লুযজ্ঞনই নয়, গাছপালা, বাড়ীঘর-দোরের চেহারা পর্যন্ত যেন ভয়ে বিবর্ণ হইয়া উঠিয়াছে। এমনি যখন সহরের অবস্থা, তখন চিন্তা, দুঃখ ও শোকের দাহনে অনেকের সঙ্গেই অনেকের একটা রফা হইয়া গেছে। চেষ্টা করিয়া, আলোচনা করিয়া, মধ্যস্থ মানিয়া নয়—যেন আপনিই হইয়াছে। আজও যাহারা বাঁচিয়া আছে, এখনও ধরাপৃষ্ঠ হইতে বিলুপ্ত হয় নাই, তাহারা সকলেই যেন সকলের পরমাত্মীয়; বহুদিন ধরিয়া যেখানে বাক্যালাপ বন্ধ ছিল, সহসা পথে দেখা হইতে উভয়ের চোখেই জল ছলছল করিয়া আসিয়াছে—কাহারও ভাই, কাহারও পুত্র-কন্যা, কাহারও বা স্ত্রী ইতিমধ্যে মরিয়াছে—রাগ করিয়া মুখ

ফিরাইবার মত জোর আর মনে নাই—কখনও কথা হইয়াছে, কখনও তাহাও হয় নাই—নিঃশব্দে পরস্পরের কল্যাণ-কামনা করিয়া বিদায় লইয়াছে।

মুচিদের পাড়ায় লোক আর বেশি নাই। যত না মারিয়াছে তত বা পলাইয়াছে। অবশিষ্টদের জন্ত রাজেন একাই যথেষ্ট। তাহাদের গতি-মুক্তির ভার সে-ই গ্রহণ করিয়াছে। সহকারিণী হিসাবে কমল যোগ দিতে আসিয়াছিল। ছেলে-বয়েসে চা-বাগানে সে পীড়িত কুলীদের সেবা করিয়াছিল, সেই ছিল তাহার ভরসা; কিন্তু দিন দুই-তিনেই বুঝিল সে সম্বল এখানে চলে না। মুচিদের সে কি অবস্থা! ভাষায় বর্ণনা করিয়া বিবরণ দিতে যাওয়া বৃথা। কুটারে পা দেওয়া অবধি সর্বান্তে কাঁটা দিয়া উঠিত, কোথাও বসিবার দাঁড়াইবার স্থান নাই এবং আবর্জনা যে নিরূপ ভয়াবহ হইয়া উঠিতে পারে এখানে আসিবার পূর্বে কমল জানিত না। অথচ এই সকলেরই মাঝখানে অহরহ থাকিয়া আপনাকে সাবধানে রাখিয়া কি করিয়া যে রোগীর সেবা করা সম্ভব, এ কল্পনাকেও সে মনে স্থান দিতে পারিল না। অনেক দর্প করিয়া সে রাজেনের সঙ্গে আসিয়াছিল, দুঃসাহসিকতায় সে কাহারও ন্যূন নয়, জগতে কোন কিছুকেই সে ভয় করে না, মৃত্যুকেও না। নিতান্ত মিথ্যা সে বলে নাই, কিন্তু এখানে আসিয়া বুঝিল ইহারও সীমা আছে। দিন-কয়েকেই ভয়ে তাহার দেহের রক্ত শুকাইয়া উঠিবার উপক্রম করিল। তথাপি সম্পূর্ণ দেউলিয়া হইয়া ঘরে ফিরিবার প্রাক্কালে রাজেন তাহাকে আশ্বাস দিয়া বার বার বলিতে লাগিল, এমন নির্ভীকতা আমি জন্মে দেখি নি। আসল ঝেডের মুখটাই আপনি সামলে দিয়ে গেলেন; কিন্তু আর আবশ্যক নেই—আপনি দিনকতক বাসায় গিয়ে বিশ্রাম করুন গে। এদের যা ক'রে গেলেন, সে ঋণ এরা জীবনে শুধতে পারবে না।

আর তুমি ?

রাজেন বলিল, এই ক'টাকে যাত্রা করিয়ে দিয়ে আমিও পালাব। নইলে কি মরব বলতে চান ?

কমল জবাব খুঁজিয়া পাইল না, ঋণকাল চাহিয়া থাকিয়া নিঃশব্দে চলিয়া আসিল; কিন্তু তাই বলিয়া এমন নয় যে, সে এ কয়দিন একেবারেই বাসায় আসিতে পারে নাই। রাখিয়া সঙ্গে করিয়া খাবার লইয়া বাইতে প্রত্যহ একবার করিয়া তাহাকে বাসায় আসিতে হইত, কিন্তু আজ আর সেই

ভয়ানক জায়গায় ফিরিতে হইবে না মনে করিয়া কমল একদিকে যেমন স্বস্তি অনুভব করিল, আর একদিকে তেমনি অব্যক্ত উদ্বেগে তাহার সমস্ত মন পূর্ণ হইয়া রহিল। আসিবার সময়ে আজ সে রাজেনের খাইবার কথাটা জিজ্ঞাসা করিয়া আসিতে ভুলিয়াছিল; কিন্তু এই ক্রটি যতই হোক, যেখানে তাহাকে সে ফেলিয়া রাখিয়া আসিল, তাহার সমতুল্য কিছুই তাহার মনে পড়িল না।

স্কুল-কলেজ বন্ধ হওয়ার সময় হইতেই হরেরদ্রের ব্রহ্মচর্যাশ্রমও বন্ধ হইয়াছে।

ব্রহ্মচারী বালকদিগকে কোন নিরাপদ স্থানে পৌঁছাইয়া দিয়া, তাহাদের তরবারধানের ভার লইয়া সতীশ সঙ্গে গিয়াছে। হরেরদ্র নিজে যাইতে পারে নাই অবিনাশের অন্তর্ধানের জন্ত। 'আজ সে আসিয়া উপস্থিত হইল। নমস্কার করিয়া কহিল, পাঁচ-ছ' দিন রোজ আসি, আপনাকে দরতে পারি না। কোথায় ছিলেন ?

কমল মুচিদের পল্লীর নাম করিলে হরেরদ্র অতিশয় বিস্মিত হইয়া কহিল, সেখানে? সেখানে ত ভয়ানক লোক মরচে শুনতে পাই। এ মতলব আপনাকে দিলে কে? যেই দিয়ে থাক, কাজটা ভাল করে নি।

কেন?

কেন কি? সেখানে যাওয়া মানে ত প্রায় আত্মহত্যা করা। বরঞ্চ আমরা ত ভেবেছিলাম শিবনাথবাবু আর্থ থেকে চলে যাবার পরে আপনিও নিশ্চয় অগত্যা গেছেন। অন্তঃ দিন-কয়েকের জন্ত—নইলে বাসটা রেখে যেতেন না—আচ্ছা, রাজেনের খবর কিছু জানেন? সে কি সহরে আছে, না আর কোথাও চলে গেছে? হঠাৎ এমন ডুব মেরেছে যে কোন সন্ধান পাবার যো নেই।

তাকে কি আপনার বিশেষ প্রয়োজন?

না, প্রয়োজন বলতে সচরাচর লোকে যা বোঝে, তা নেই। তবু প্রয়োজন বটে। কারণ আমিও যদি তার খোঁজ নেওয়া বন্ধ করি ত একা পুলিশ ছাড়া আর তার আত্মীয় থাকে না। আমার বিশ্বাস, আপনি জানেন সে কোথায় আছে।

কমল বলিল, জানি; কিন্তু আপনাকে জানিয়ে লাভ নেই। বাড়ী থেকে থাকে তাড়িয়ে দিয়েছেন, বেরিয়ে গিয়ে কোথায় আছে সন্ধান নেওয়া, শুধু অগত্যা কৌতুহল।

হরেন্দ্র ক্ষণকাল চুপ করিয়া থাকিয়া কহিল, কিন্তু সে আমার বাড়ী নয়, আমাদের আশ্রম। সেখানে স্থান দিতে তাকে পারি নি, কিন্তু তাই বলে সে নালিশ আর একজনের মুখ থেকেও আমার সয় না। বেশ, আমি চললাম। তাকে পূর্বেও অনেকবার খুঁজে বা'র করেছি, এবারও বা'র করতে পারব, আপনি ঢেকে রাখতে পারবেন না।

তাহার কথা শুনিয়া কমল হাসিয়া কহিল, তাঁকে যে ঢেকে রাখব হরেন-বাবু, রাখতে পারলে কি আমার দুঃখ ঘুচবে আপনি মনে করেন ?

হরেন্দ্র নিজেও হাসিল, কিন্তু সে হাসির আশেপাশে অনেকখানি ফাঁক রহিল। কহিল, আমি ছাড়া এ প্রশ্নের জবাব দেবার লোক আশ্রয় অনেক আছেন। তাঁরা কি বলবেন জানেন ? বলবেন, কমল, মাহুধের দুঃখ ত একটাই নয়, বহু প্রকারের। তার প্রকৃতিও আলাদা, ঘোচাবার পন্থাও বিভিন্ন। সুতরাং তাদের সঙ্গে যদি সাক্ষাৎ হয় আলোচনার দ্বারা একটা মোকাবিলা করে নেবেন।—এই বলিয়া সে একটুখানি থামিয়া কহিল, কিন্তু আসলেই আপনার ভুল হচ্ছে। আমি সে দলের নই। অযথা উত্থাপ্ত করতে আমি আসি নি, কারণ, সংসারে যত লোক আপনাকে যথার্থ শ্রদ্ধা করে, আমি তাদেরই একজন।

কমল তাহার মুখের দিকে চাহিয়া থাকিয়া ধীরে ধীরে জিজ্ঞাসা করিল, আমাকে যথার্থ শ্রদ্ধা করেন আপনি কোন্ নীতিতে ? আমার মত বা আচরণ কোনটার সঙ্গেই ত আপনার মিল নেই !

হরেন্দ্র তৎক্ষণাৎ উত্তর দিল, না, নেই ; কিন্তু তবুও গভীর শ্রদ্ধা করি। আর এই আশ্চর্য্য কথাটাই আমি নিজেকে নিজে বারবার জিজ্ঞাসা করি।

কোন উত্তর পান না ?

না ; কিন্তু ভরসা হয় একদিন নিশ্চয় পাব। একটুখানি থামিয়া কহিল, আপনার ইতিহাস কতক আপনার নিজের মুখ থেকেও শুনেচি, কতক অজিতসম্মুখ কাছে শুনেচি—ভাল কথা, জানেন বোধ হয় তিনি এখন আমাদের আশ্রমে গিয়ে আছেন ?

কমল ঘাড় নাড়িয়া বলিল, এ সংবাদ ত আগেই দিয়েছেন।

হরেন্দ্র বলিল, আপনার জীবন-ইতিহাসের বিচিত্র অধ্যায়গুলি এমন অকুণ্ড ঋজুতায় স্মৃতিতে এসে দাঁড়াল যে, তার বিরুদ্ধে সরাশরি রায় দিতে ভয় হয়।

এতকাল যা-কিছু মন্দ বলে বিশ্বাস করতে শিখেছি, আপনার জীবনটা যেন তার প্রতিবাদে মামলা রুজু করেছে। এর বিচারক কোথায় মিলবে, কবে মিলবে, তার ফলই বা কি হবে কিছুই জানি নে, কিন্তু এমন ক'রে সে নির্ভয়ে এলো, অবশুষ্ঠনের কোন প্রয়োজনই সে অনুভব করলে না, তাকে শ্রদ্ধা না করেই বা পারা যায় কি ক'রে ?

কমল বলিল, নির্ভয়ে এসে দাঁড়ানোটাই কি একটা বড় কাজ নাকি ? দু'কান-কাটার গল্প শোনে নি ? তারা পথের মাঝখান দিয়ে চলে। আপনি দেখেন নি, কিন্তু আমি চা-বাগানের সাহেবদের দেখেছি। তাদের নির্ভয়, নিঃসঙ্কোচ বেহায়াপনা জগতের কোন লজ্জাকেই আমল দেয় না, যেন গলা ধাক্কায় দূর ক'রে তাড়ায়। তাদের দুঃসাহসের সীমা নেই, কিন্তু সে কি মানুষের শ্রদ্ধার বস্তু ?

হরেন্দ্র এরূপ প্রত্যুত্তর আর যাহার কাছেই হোক, এই স্ত্রীলোকটির কাছে আশা করেন নাই। হঠাৎ কোন কথা খুঁজিয়া না পাইয়া শুধু কহিলেন, সে আলাদা জিনিস।

কমল কহিল, কি ক'রে জানলেন আলাদা ? বাইরে থেকে আমার বাবাকেও লোকে এদেরই একজন বলে ভাবত। অথচ আমি জানি তা সত্যি নয় ; কিন্তু সত্যি ত কেবল আমার জ্ঞানার 'পরেই নির্ভর করে না— জগতের কাছে তার প্রমাণ কই ?

হরেন্দ্র এ প্রশ্নের জবাব দিতে না পারিয়া নিরুত্তর হইয়া রহিল।

কমল বলিতে লাগিল, আমার ইতিহাস আপনারা সবই শুনেছেন, খুব সম্ভব সে কাহিনী পরমানন্দে উপভোগ করেছেন। কাজগুলো আমার ভাল কি মন্দ, জীবনটা আমার পবিত্র কি কলুষিত, সে বিষয়ে আপনি নির্ঝাঁক, কিন্তু সে যে গোপনে না হয়ে লোকের চোখের স্তমুখে সকলকে উপেক্ষা ক'রে ঘটে চলেচে, এই হয়েছে আমার প্রতি আপনার শ্রদ্ধার আকর্ষণ। হরেনবাবু, পৃথিবীতে মানুষের শ্রদ্ধা আমি এত বেশী পাই নি যে, অবহেলায় না বলে অপমান করতে পারি, কিন্তু আমার সম্বন্ধে যেমন আপনি অনেক জেনেছেন, তেমনি এটাও জেনে রাখুন যে অক্ষয়বাবুদের অশ্রদ্ধার চেয়েও এ শ্রদ্ধা আমাকে পীড়া দেয় ! সে আমার নয়, কিন্তু এর বোঝা দুঃসহ।

হরেন্দ্র পূর্বের মতই ক্ষণকাল মৌন হইয়া রহিল। কমলের বাক্য, বিশেষ

করিয়া তাহার কণ্ঠস্বরের শাস্ত-কঠোরতায় সে অন্তরে অপমান বোধ করিল।
খানিক পরে জিজ্ঞাসা করিল, মত এবং আচরণের অর্নৈক্য সত্ত্বেও যে
একজনকে শ্রদ্ধা করা যায়, অন্ততঃ আমি পারি, এ আপনার বিশ্বাস হয় না?

কমল অতিশয় সহজে তখনই জবাব দিল, বিশ্বাস হয় না এ ত আমি বলি
নি হরেনবাবু, আমি বলেচি, এ শ্রদ্ধা আমাকে পৌঁড়া দেয়।—এই বলিয়া একটু-
পানি খামিয়া কহিতে লাগিল, মত এবং নীতির দিক দিয়ে অক্ষয়বাবুর সঙ্গে
আপনাদের বিশেষ কোন প্রভেদ নেই। তার বহুস্থলে অনাবশ্যক ও অত্যধিক
রূঢ়তা না থাকলে আপনারা সকলেই এক ও শ্রদ্ধার দিক দিয়েও এক। শুধু
আমি যে নিজের লক্ষ্যে সঙ্কোচে লুকিয়ে বেড়াই নে, আমার এই সাহসটুকুই
আপনাদের সমাদর লাভ করেছে। এর কতটুকু দাম হরেনবাবু? বরঞ্চ ভেবে
দেখলে মনের মধ্যে বিতৃষ্ণাই আসে যে এর জতাই আমাকে এতদিন বাহবা
দিয়ে আসছিলেন।

হরেন্দ্র বলিল, বাহবা যদি দিয়েই থাকি সে কি অসঙ্গত? সাহস জিনিষটা
কি সংসারে কিছুই নয়?

কমল কহিল, আপনারা সকল প্রস্নকেই এমন একান্ত ক'রে জিজ্ঞাসা করেন
কেন? কিছুই নয় এ কথা ত বলি নি। আমি বলছিলুম, এ বস্তু সংসারে
দুর্লভ এবং দুর্লভ বলেই চোখে ধাঁধা লাগিয়ে দেয়; কিন্তু এর চেয়েও বড় বস্তু
আছে। বাইরে থেকে হঠাৎ তাকে সাহসের অভাব বলেই দেখতে লাগে।

হরেন্দ্র মাথা নাড়িয়া কহিল, বুঝতে পারলাম না। আপনার অনেক
কথাই অনেক সময় হেঁয়ালির মত ঠেকে, কিন্তু আজকের কথাগুলো যেন,
তাদের মত ভিত্তিই গেল। মনে হচ্ছে যেন আজ আপনি অত্যন্ত বিমনা।
কারণ জবাব কাকে দিয়ে যাচ্ছেন খেয়াল নেই।

কমল কহিল, তাই বটে। ক্ষণকাল স্থির থাকিয়া কহিল, হন্দেও বা।
সত্যকার শ্রদ্ধা পাওয়া যে কি জিনিষ, সে হয়ত এতকাল নিজেও জানতুম না।
সেদিন হঠাৎ যেন চমকে গেলুম। হরেনবাবু, আপনি দুঃখ করবেন না, কিন্তু
তার সঙ্গে তুলনা করলে আর সমস্তই আজ পরিহাস বলে মনে লাগে।
—বলিতে বলিতে তাহার চোখের প্রখর দৃষ্টি ছায়াচ্ছন্ন হইয়া আসিল এবং সমস্ত
মুখের পরে এমনই একটা স্নিগ্ধ সজলতা ভাসিয়া আসিল যে, কমলের সে মূর্তি
হরেন্দ্র কোনদিন দেখে নাই। আর তাহার সংশয়মাত্র রহিল না যে অহুর্দিত

আর কাহাকে উদ্দেশ্য করিয়া কমল এই সকল বলিতেছে। সে শুধু উপলক্ষ এবং এইজন্তই আগাগোড়া সমস্তই তাহার হেঁয়ালির মত ঠেকিতেছে।

কমল বলিতে লাগিল, আপনি এইমাত্র আমার দুর্খদ নির্ভীকতার প্রশংসা করছিলেন—ভাল কথা। শুনেছেন, শিবনাথ আমাকে ছেড়ে দিয়ে চলে গেছেন ?

হরেন্দ্র লজ্জায় মাথা হেঁট করিয়া জবাব দিল, হ্যাঁ।

কমল কহিল, আমাদের মধ্যে মনে একটা দর্ভ ছিল, ছাড়বার দিন যদি কখনো আসে যেন আমরা সহজেই ছেড়ে দিতে পারি! না, না, চুক্তিপত্রে লেখাপড়া ক'রে নয়, এমনিই।

হরেন্দ্র কহিল, ক্রুট।

কমল কহিল, সে ত আপনার বন্ধু অক্ষয়বাবু। শিবনাথ গুণী মানুষ, তার বিরুদ্ধে আমার নিজের খুব বেশী নালিশ নেই। নালিশ করেই বা লাভ কি? হৃদয়ের আদালতে একতরফা বিচারই একমাত্র বিচার, তার ত' আর আপিল কোর্টে মেলে না!

হরেন্দ্র স্তম্ভিতা করিল, তার মানে ভালবাসার অতিরিক্ত আর কোন বাধনই আপনি স্বীকার করেন না?

কমল কহিল, একে ত আমাদের ব্যাপারে আর কোন বাধন ছিল না, আর থাকলেই বা তাকে স্বীকার করিয়ে ফল কি? দেহের যে অঙ্গ পক্ষাঘাতে অবশ হয়ে যায়, তার বাইরের বাধনই মস্ত বোঝা। তাকে দিয়ে কাজ করাতে গেলেই সবচেয়ে বেশী বাজে।—এই বলিয়া একমুহূর্ত্ত নীরব থাকিয়া পুনরায় কহিতে লাগিল, আপনি ভাবছেন সত্যিকার দিবাহ হয় নি বলেই এমন কথা মুখে আনতে পারচি, হ'লে পারতুম না। হ'লেও পারতুম, শুধু এত সহজে এ সমস্যার সমাধান পেতুম না। বিবশ অঙ্গটা হয়ত এ-দেহে সংলগ্ন হয়ে থাকত এবং অধিকাংশ রমণীর যেমন ঘটে, আমারও তার চঃখের বোঝা বয়েই এ জীবন কাটত। আমি বৈচে গেছি হরেন্দ্রবাবু, দৈবাৎ নিষ্কৃতির দোর খোলা ছিল বলে আমি মুক্তি পেয়েছি।

হরেন্দ্র কহিল, আপনি হয়ত মুক্তি পেয়েছেন, কিন্তু এমনিধারা মুক্তির স্বার যদি সবাই খোলা রাখতে চাইত, জগতে সমাজ-ব্যবস্থার বোনদ পর্য্যন্ত উপড়ে ফেলতে হ'তো। তার ভয়ঙ্কর মূর্ত্তি কল্পনায় আঁকতে পারে এমন কেউ নেই। এ সম্ভাবনা ভাবাও যায় না!

কমল বলিল, যায় এবং যাবেও একদিন। তার কারণ মানুষের ইতিহাসের শেষ অধ্যায় লেখা শেষ হয়ে যায় নি। একদিনের একটা অচুর্ণানের জোরে তার অব্যাহতির পথ যদি সারা জীবনের মত অবরুদ্ধ হয়ে যায়, তাকে শ্রেয়ের ব্যবস্থা বলে মেনে নেওয়া চলে না। পৃথিবীতে সকল ভুল-চুকের সংশোধনের বিধি আছে, কেউ তাকে মন্দ বলে না, কিন্তু যেখানে ভ্রান্তির সম্ভাবনা সবচেয়ে বেশি, আর তার নিরাকরণের প্রয়োজনও তেমনিই অধিক, আর সেইখানেই লোকে সমস্ত উপায় যদি স্বেচ্ছায় বন্ধ করে থাকে, তাকে ভাল বলে মানি কি করে বলুন ?

এই মেয়েটির নানাবিধ দুর্দশায় হরেন্দ্রের মনের মধ্যে গভীর সমবেদনা ছিল ; বিরুদ্ধ আশোচনায় সহজে সে যোগ দিত না এবং বিপক্ষদল যখন নানা-বিধ সাক্ষ্য-প্রমাণের বলে তাহাকে হীন প্রতিপন্ন করিবার চেষ্টা করিত, সে প্রতিবাদ করিত। তাহারা কমলের প্রকাশ্য আচরণ ও তেমনি নির্লজ্জ উক্তিগুলার নজির দেখাইয়া যখন ঘিঙ্কার দিতে থাকিত, হরেন তর্কযুদ্ধে হারিয়াও প্রাণপণে বুঝাইবার চেষ্টা করিত যে, কমলের জীবনে কিছুতেই ইহা সত্য নয়। কোথাও একটা নিগূঢ় রহস্য আছে, একদিন তাহা ব্যক্ত হইবেই হইবে। তাহারা বিদ্রূপ করিয়া কহিত, দয়া করে সেইটে তিনি ব্যক্ত করলে প্রবাসী বাঙালী সমাজে আমরা যে বাঁচি। অক্ষয় উপস্থিত থাকিলে ক্রোধে ক্ষিপ্ত হইয়া বলিত, আপনারা সবাই সমান। আমার মত আপনাদের কারও বিশ্বাসের জোর নেই, আপনারা নিতেও পরেন না, ফেলতেও চান না। আধুনিক-কালের কতকগুলো বিলিতি চোখা-চোখা বুলি যেন আপনাদের ভূতগ্রন্থ করে রেখেছে।

অবিনাশ বলিতেন, বুলিগুলো কমলের কাছ থেকে নতুন শোনা গেল তা নয় হে অক্ষয়, পূর্বে থেকেই শোনা আছে। আজকালের খান-দুইতিন ইংরাজী তর্কমার বই পড়লে জানা যায়। বুলির জলুস নয়।

অক্ষয় কঠিন হইয়া প্রশ্ন করিত, তবে কিসের জলুস ? কমলের রূপের ? অবিনাশবাবু, হরেন অবিবাহিত ছোকরা—ওকে মাপ করা যায়, কিন্তু বুড়োবয়সে আপনাদের চোখেও যে ঘোর লাগিয়াছে এই আশ্চর্য। এই বলিয়া সে কটাক্ষে আশুবাবুর প্রতিও একবার চাহিয়া লইয়া বলিত, কিন্তু এ আলস্যের আলো, অবিনাশবাবু, পচা পাকের মধ্যে এর জন্ম। পাকের মধ্যেই

একদিন অনেককে টেনে নামাবে তা স্পষ্ট দেখতে পাই। শুধু অক্ষয়কে এসব ভোলাতে পারে না—সে আসল নকল চেনে।

আশুবাবু মুখ টিপিয়া হাসিতেন, কিন্তু অবিনাশ ক্রোধে জলিয়া যাইতেন। হরেন্দ্র বলিত, আপনি মস্ত বাহাদুর অক্ষয়বাবু, আপনার জয়-জয়কার হোক। আমরা সবাই মিলে পাকের মধ্যে পড়ে যেদিন হাবুডুবু খাব, আপনি সেদিন তীরে দাঁড়িয়ে বগল বাজিয়ে নৃত্য করবেন, আমরা কেউ নিন্দে করব না।

অক্ষয় জবাব দিত, নিন্দের কাজ আমি করি নে, হরেন। গৃহস্থ মানুষ, সহজ সোজা বুদ্ধিতে সমাজকে মেনে চলি। বিবাহের নতুন ব্যাখ্যা দিতে চাই নে, বিশ্ব-বখাটে একপাল ছেলে জুটিয়ে ব্রহ্মচারীগিরি করে বেড়াই নে। আশ্রমের পায়ের ধুলোর পরিমাণটা আর একটু বাড়িয়ে নেবাব ব্যবস্থা কর গে ভারা, সাধন-ভজনের জন্তু ভাবতে হবে না। দেখতে দেখতে সমস্ত আশ্রম বিশ্বামিত্র ঋষির তপোবন হয়ে উঠবে এবং হয়ত চিরকালের মত তোমার একটা কীর্তি থেকে যাবে।

অবিনাশ ক্রোধ তুলিয়া উচ্চহাস্য করিয়া উঠিতেন এবং নির্মল চাপা হাসিতে আশুবাবুর মুখখানিও উজ্জ্বল হইয়া উঠিত। হরেন্দ্রের আশ্রমের প্রতি কাহারও আস্থা ছিল না, ও একটা ব্যক্তিগত খেয়াল বলিয়াই তাহার ধরিয়া দইয়াছিলেন।

প্রত্যুত্তরে হরেন্দ্র ক্রোধে আরক্ত হইয়া কহিত, জানোয়ারের সঙ্গে ত যুক্তিতর্ক চলে না, তার অণু বিধি আছে; কিন্তু সে ব্যবস্থা হয়ে ওঠে না বলেই আপনি যাকে তাকে গুঁতিলে বেড়ান। ইতর-ভদ্র, মহিলা-পুরুষ কিছুই বাদ যায় না।—এই বলিয়া সে অপর দুজনকে লক্ষ্য করিয়া কহিত, কিন্তু আপনারা প্রশ্নর দেন কি বলে? এত বড় একটা কুৎসিত ইঙ্গিত যেন ভারি একটা পরিহাসের ব্যাপার!

অবিনাশ অপ্রতিভ হইয়া কহিতেন, না না, প্রশ্নর দেব কেন, কিন্তু জানই ত অক্ষয়ের কাণ্ডজ্ঞান নেই।

হরেন কহিত, কাণ্ডজ্ঞান ওর চেয়ে আপনাদের আরও কম। মানুষের মনের চেহারা ত দেখতে পাওয়া যায় না সেজনা, নইলে, হাসি-তামাসা কম লোকের মুখেই শোভা পেত। বিবাহের ছলনায় কমলকে শিবনাথ ঠকিয়েছেন, কিন্তু আমার নিশ্চয় বিশ্বাস সেই ঠকাটাও কমল সত্যের মতই মেনে নিয়ে

ছিলেন, সংসারে দেনা-পাওনার লাভ-ক্ষতির বিবাদ বাধিয়ে তাকে লোকচক্ষে ছোট করতে চান নি ; কিন্তু তিনি না চাইলেই বা আপনারা ছাড়বেন কেন । শিবনাথ তার ভালবাসার ধন, কিন্তু আপনাদের সে কে ? ক্ষমার অপব্যবহার আপনাদের সহ্য না । এই ত আপনাদের স্বণার মূলধন ? একে ভাঙ্গিয়ে যতকাল চালান যায়, চালান, আমি বিদায় নিলুম । এই বলিয়া হরেন্দ্র সেদিন রাগ করিয়া চলিয়া গিয়াছিল । তাহার মনের মধ্যে এই প্রত্যয় স্ফূট ছিল যে কমলের মুখ দিয়াই একদিন এ কথা ব্যক্ত হইবে যে শৈববিবাহকে সত্যকার বিবাহ জানিয়াই সে প্রতারণিত হইয়াছে, স্বেচ্ছায় সমস্ত জানিয়া গণিকার মত শিবনাথকে আশ্রয় করে নাই ; কিন্তু আজ তাহার বিশ্বাসের ভিত্তিটাই ধূলিসাৎ হইল । হরেন্দ্র, অক্ষয় বা অবিনাশ নহে, নরনারী নির্বিশেষ সকলের 'পরেই তাহার একটা বিস্তৃত ও গভীর উদারতা ছিল—এইজ্ঞাই দেশের ও দেশের কল্যাণে সকল প্রকার মঙ্গল অর্জ্ঞানেই ছেলেবেলা হইতে নিজেকে নিযুক্ত রাখিত । এই যে তাহার ব্রহ্মচর্য্য আশ্রম, এই যে তাহার অরূপণ দান, এই যে সকলের সাথে তার সব-কিছু ভাগ করিয়া লওয়া, এ সকলের মূলেই ছিল ঐ একটিমাত্র কথা । তাহার এই প্রবৃত্তিই তাহাকে গোড়া হইতে কমলের প্রতি আকর্ষিত করিয়াছিল ; কিন্তু সে যে আজ তাহার মুখের 'পরে, তাহারই প্রেমের উত্তরে, এমন ভয়ানক জবাব দিবে তাহা সে ভাবে নাই । ভারতের ধর্ম, নীতি, আচার ইহার স্বাতন্ত্র্য ও বৈশিষ্ট্য প্রভৃতির প্রতি হরেনের অচ্ছেদ্য স্নেহ ও অপরিমেয় ভক্তি ছিল । অথচ স্ফূর্ত অধীনতা ও ব্যক্তিগত চারিত্রিক দুর্বলতায় ইহার ব্যতিক্রমগুলোকেও সে অস্বীকার করিত না, কিন্তু এমন স্পষ্টিত সবজ্ঞায় ইহার মূলসূত্রকেই অস্বীকার করায় তাহার বেদনার সীমা রহিল না এবং কমলের পিতা ইউরোপীয়, মাতা কুলটা—তাহার শিরার রক্তে ব্যভিচার প্রবহমান, এ কথা স্মরণ করিয়া বিতৃষ্ণায় তাহার মন কালো হইয়া উঠিল । মিনিট দুই-তিন নিঃশব্দে থাকিয়া সে ধীরে ধীরে কহিল, এখন তা হ'লে যাই—

কমল হরেন্দ্রের মনের ভাবটা ঠিক অনুমান করিতে পারিল না, শুধু স্ফূর্ত পরিবর্তন লক্ষ্য করিল । আশ্বে আশ্বে জিজ্ঞাসা করিল, কিন্তু যে জন্তে এসেছিলেন তার ত কিছু করলেন না !

হরেন্দ্র মুখ তুলিয়া কহিল, কি সে ?

কমল বলিল, রাজেনের খবর জানতে এসেছিলেন, কিন্তু না জেনেই চলে

যাচ্ছেন। আচ্ছা, এখানে তার থাকা নিয়ে আপনাদের মধ্যে কি খুব বিল্লী আলোচনা হয়? সত্যি বলবেন?

হরেন্দ্র বলিল, যদিও হয় আমি কখনও যোগ দিই নে। সে পুলিশের জিন্মায় না থাকলেই আমার কাছে যথেষ্ট। তাকে আমি চিনি।

কিন্তু আমাকে?

কিন্তু আপনি ত সে-সব কিছু মানেন না।

অনেকটা তাই বটে! অর্থাৎ মানতেই হবে এমন কোন কঠিন শপথ নেই আমার; কিন্তু বন্ধুকে শুধু জানলে হয় না হরেন্দ্রবাবু, আর একজনকে জানা দরকার।

বাহুল্য মনে করি। বহুদিনের বহু কাজেকর্মে যাকে নিঃসংশয়ে চিনেছি বলেই জানি, তার সম্বন্ধে আমার আশঙ্কা নেই। তার যেখানে অভিক্রটি সে থাক, আমি নিশ্চিন্ত।

কমল তাহার মুখের প্রতি ক্ষণকাল চূপ করিয়া চাহিয়া থাকিয়া কহিল, মানুষকে অনেক পরীক্ষা দিতে হয়, হরেন্দ্রবাবু। তার একটা দিনের আগের প্রশ্ন হয়ত অন্তদিনের উত্তরে সঙ্গে মেলে না। কারও সম্বন্ধেই বিচার অমন শেষ করে রাখতে নেই, ঠকতে হয়।

কথাগুলো যে শুধু তত্ত্ব হিসাবে কমল বলে নাই, কি একটা ইঙ্গিত করিয়াছে, হরেন্দ্র তাহা অনুমান করিল; কিন্তু জিজ্ঞাসাবাদের দ্বারা ইহাকে স্পষ্টতর করিতেও তাহার ভয়সা হইল না। রাঞ্জনেনর প্রশ্নটা বন্ধ করিয়া সে হঠাৎ অল্প কথার অবতারণা করিল। কহিল, আমরা স্থির করেছি শিবনাথকে যথোচিত শাস্তি দেব।

কমল সত্যিই বিস্মিত হইল। জিজ্ঞাসা করিল, আমরা কারা?

হরেন্দ্র বলিল, যারাই হোক আমি তার একজন। আশুবাবু পীড়িত, ভাল হয়ে তিনি আমাকে সাহায্য করবেন প্রতিশ্রুতি দিয়েছেন।

তিনি পীড়িত?

হাঁ, সাত-আট দিন অসুস্থ। এর পূর্বেই মনোরমা চলে গেছেন। আশুবাবুর খুড়ো কাশীবাসী, তিনি এসে নিয়ে গেলেন।

শুনিয়া কমল চূপ করিয়া রহিল। হরেন্দ্র বলিতে লাগিল, শিবনাথ জানে আইনের দড়ি তার নাগাল পাবে না, এই জ্বোরে সে তার মৃতবন্ধুর পত্নীকে

বঞ্চিত করেছে, নিজের কণ্ঠা স্ত্রীকে পরিত্যাগ করেছে এবং নির্ভয়ে আপনার সর্বনাশ করেছে! আইন সে খুব ভালই জানে, শুধু জানে না যে তুনিয়ার এই-ই সব নয়, এর বাইরেও কিছু বিগ্গমান আছে।

কমল সহাস্ত্র কৌতুকে প্রশ্ন করিল, শাস্তিটা তার কি স্থির করেছেন? ধরে এনে আর একবার আমার সঙ্গে জুড়ে দেবেন?—এই বলিয়া সে একটু হাসিল। প্রস্তাবটা হরেরদ্রের কাছেও হঠাৎ এমনি হাস্কর ঠেকিল যে সেও না হাসিয়া পারিল না। কহিল, কিন্তু দায়িত্বটা যে এইভাবে নিজের খেয়াল মত নির্বিঘ্নে এডিয়ে যাবে, সেও ত হতে পারে না। আর আপনার সঙ্গে জুড়েই যে দিতে হবে তারও ত মানে নেই?

কমল কহিল, তা হ'লে হবে কি এনে? আমাকেও পাহারা দেবার কাজে লাগাবেন না, ঘাড়ে ধরে খেসারং আদায় ক'রে আমাকে পাইয়ে দেবেন? প্রথমতঃ, টাকা আমি নেবো না, দ্বিতীয়তঃ, সে বস্তু তাঁর নাই। শিবনাথ যে কত গরীব সে আর কেউ না জানে, আমি ত জানি!

তবে কি এত বড় অপরাধের কোন দণ্ডই হবে না? আর কিছু না হোক বাজারে আজও চাবুক কিনতে পাওয়া যায়, এ খবরটা তাঁকে ত জানান দরকার?

কমল ব্যাকুল হইয়া বলিল, না না, সে করবেন না। শুতে আমার এত বড় অপমান যে সে আমি সহিতে পারব না! কহিল, এতদিন এই রাগেই শুধু জলে মরেছিলুম যে এমন চোরের মত পালিয়ে বেড়াবার কি প্রয়োজন ছিল! স্পষ্ট করে জানিয়ে গেলে কি বাধা দিতুম? তখন এই লুকোচুরির অসম্মানটাই যেন পর্বত-প্রমাণ হয়ে দেখা দিত। তারপর হঠাৎ একদিন মৃত্যুর পল্লী থেকে আহ্বান এল। সেখানে কত মরণই চোখে দেখলুম তার সংখ্যা নেই। আজ ভাবনার ধার! আমার আর এক পথ দিয়ে নেমে এসেছে। এখন ভাবি, তাঁর বলে যাবার সাহস যে ছিল না সেই ত আমার সম্মান! লুকোচুরি, ছলনা, তাঁর সমস্ত মিথ্যাচার আমাকেই যেন মর্যাদা দিয়ে গেছে। পাবার দিনে আমাকে ফাঁকি দিয়েই পেয়েছিলেন, কিন্তু যাবার দিনে আমাকে হৃদে-আসলে পরিশোধ ক'রে যেতে হয়েছে। আর আমার নালিশ নেই, আমার সমস্ত আদায় হয়েছে। আশুবাবুকে নমস্কার জানিয়ে বলবেন, আমার ভাল করবার বাসনায় আর আমার যেন ক্ষতি না করেন।

হরেন্দ্র একটা কথাও বুঝিল না, অবাক চাহিয়া রহিল।

কমল কহিল, সংসারে সব জিনিষ সকলের বোঝবার নয়, হরেন্দ্রবাবু! আপনি ক্ষুণ্ণ হবেন না। কিন্তু আমার কথা আর নয়। দুনিয়ায় কেবল শিবনাথ আর কমল আছে তাই নয়। আরও পাঁচজন বাস করে, তাদেরও স্নেহদুঃখ আছে।—এই বলিয়া সে নির্খল ও প্রশান্ত হাসি দিয়া যেন দুঃখ ও বেদনার ঘন-বাস্প এক মুহূর্ত্তে দূর করিয়া দিল। কহিল, কে কেমন আছেন খবর দিন।

হরেন্দ্র কহিল, জিজ্ঞাসা করুন।

বেশ। আগে বলুন অবিনাশবাবুর কথা। তিনি অসুস্থ শুনেছিলাম, ভাল হয়েছেন?

হাঁ, সম্পূর্ণ না হ'লেও অনেকটা ভাল। তাঁর এক জ্যাঠাভূতো দাদা থাকেন লাহোরে, আরোগ্যলাভের জন্ত ছেলেকে নিয়ে সেইখানে চলে গেছেন। ফিরতে বোধ করি দু'-এক মাস দেরী হবে।

আর নীলিমা? তিনিও কি সঙ্গে গেছেন?

না, তিনি এখানেই আছেন।

কমল আশ্চর্য হইয়া প্রশ্ন করিল, এখানে? একলা ঐ খালি বাসায়?

হরেন্দ্র প্রথমে একটু ইতস্ততঃ করিল, পরে কহিল, বৌদির সমস্তাটা সত্যিই একটু কঠিন হয়ে উঠেছিল, কিন্তু ভগবান রক্ষা করেছেন, আশুবাবুর গুঞ্জবার জন্তে এখানে তাঁকে রেখে যাবার সুযোগ হয়েছে।

এই খবরটা এমনি খাপছাড়া যে কমল আর প্রশ্ন করিল না, শুধু বিস্তারিত বিবরণের আশায় জিজ্ঞাসামুখে চাহিয়া রহিল। হরেন্দ্রের দ্বিধা কাটিয়া গেল এবং বলিতে গিয়া কণ্ঠস্বরে গূঢ় ক্রোধের চিহ্ন প্রকাশ পাইল। কারণ এই ব্যাপারে অবিনাশের সহিত তাহার সামান্য একটু কলহের মতও হইয়াছিল। হরেন্দ্র কহিল, বিদেশে নিজের বাসায় যা ইচ্ছে করা যায়, কিন্তু তাই বলে বয়স্কা বিধবা শালী নিজে শু জ্যাঠাভূতো ভায়ের বাড়ী গঠা যায় না। বললেন, হরেন, তুমিও ত আত্মীয়, তোমার বাসাতে কি—আমি জবাব দিলাম, প্রথমতঃ, আমি তোমারই আত্মীয়, তাও অত্যন্ত দূরের—কিন্তু তাঁর কেউ নয়। দ্বিতীয়তঃ, ওটা আমার বাসা নয়, আমাদের আশ্রম, ওখানে রাখবার বিধি নেই। তৃতীয়তঃ, সম্প্রতি ছেলেরা অগ্রতঃ গেছে, আমি একাকী আছি। শুনে সেজদার ভাবনার অবধি রহিল না। আগ্রাতেও থাকি বায় না, লোক মরছে চারিদিকে, দাদার

বাড়ী থেকে চিঠি এবং টেলিগ্রামে ঘন ঘন তাগিদ আসচে—সেজদার সে কি বিপদ !

কমল জিজ্ঞাসা করিল, কিন্তু নীলিমার বাপের বাড়ী ত আছে শুনেছি ?

হরেন্দ্র মাথা নাড়িয়া বলিল, আছে। একটা বড় রকম খসুরবাড়ীও আছে শুনেছি, কিন্তু সে সকলের কোন উল্লেখই হ'লো না। হঠাৎ একদিন অদ্ভুত সমাধান হয়ে গেল। প্রস্তাব কোন্ পক্ষ থেকে উঠেছিল জানি নে, কিন্তু পীড়িত আশুবাবুর সেবার ভার নিলেন বৌদি।

কমল চুপ করিয়া রহিল।

হরেন্দ্র হাসিয়া বলিল, তবে আশা আছে বৌদির চাকরিটা যাবে না। তাঁরা ফিরে এলেই আবার গৃহিণীপনার সাবেক কাজে লেগে যেতে পারবেন।

কমল এই প্লেসেরও কোন উত্তর দিল না, তেমনি মৌন হইয়া রহিল।

হরেন্দ্র বলিতে লাগিল, আমি জানি, বৌদি সত্যাই সং চরিত্রের লোক। সেজদার দারুণ দুর্দিনে ছেড়ে মেতে পারে নি, এই থাকার জন্তই হয়ত শুদিকের সকল পথ বন্ধ হয়েছে। অথচ এনিকেরও দেখলাম বিপদের দিনে পথ খোলা নেই। তাই ভাবি, বিনা দোষেও এ দেশের মেয়েরা কত বড় নিরুপায়।

কমল তেমনি নিঃশব্দে বসিয়া রহিল, কিছুই বলিল না।

হরেন্দ্র কহিল, এইসব শুনে আপনি হয়ত মনে মনে হাসছেন, না ?

কমল শুধু মাথা নাড়িয়া জানাইল, না।

হরেন্দ্র বলিল, আমি প্রায়ই যাই আশুবাবুকে দেখতে ; ওরা দুজনেই আপনার খবর জানতে চাইছিলেন। বৌদির ত আগ্রহের সীমা নেই—একদিন যাবেন ওখানে ?

কমল তৎক্ষণাৎ সম্মত হইয়া কহিল, আজই চলুন না হরেন্দ্রবাবু, তাঁদের দেখে আসি।

আজই যাবেন ? চলুন। আমি একটা গাড়ী নিয়ে আসি। অবশু যদি পাই।—এই বলিয়া সে ঘর হইতে বাহির হইয়া যাইতেছিল, কমল তাহাকে ফিরিয়া ডাকিয়া বলিল, গাড়ীতে দুজনে একসঙ্গে গেলে আশ্রমের বন্ধুরা হয়ত রাগ করবেন। হেঁটেই যাই চলুন।

হরেন্দ্র ফিরিয়া দাঁড়াইয়া কহিল, এর মানে ?

মানে নেই—এমনি। চলুন যাই।

উনিশ

হরেন্দ্র ও কমল আশুবাবু গৃহে আসিয়া যখন উপস্থিত হইল তখন বেলা অপরাহ্ন প্রায়। শয্যার উপর অর্ধশায়িতভাবে বসিয়া অল্পস্বপ্ন গৃহস্থামী সেই দিনের পাইয়োনিয়ার কাগজখানা দেখিতেছিলেন। দিনকতক হইতে আর জ্বর ছিল না, অত্যাশ্র উপসর্গও সুরিয়া আসিতেছিল, শুধু শরীরের দুর্বলতা যায় নাই। ইহার ঘরে প্রবেশ করিতে আশুবাবু কাগজ ফেলিয়া উঠিয়া বসিলেন, কি যে খুসী হইলেন সে তাঁহার মুখ দেখিয়া বুঝা গেল। তাঁহার মনের মধ্যে ভয় ছিল কমল হয়ত আসিবে না। তাই হাত বাড়াইয়া তাহাকে গ্রহণ করিয়া কহিলেন, এস, আমার কাছে এসে বস।—এই বলিয়া তাহাকে খাটের কাছেই যে চৌকিটা ছিল তাহাতে বসাইয়া দিলেন; বলিলেন, কেমন আছ বল ত কমল ?

কমল হাসিয়া জবাব দিল, ভালই ত আছি।'

আশুবাবু কহিলেন, সে কেবল ভগবানের আশীর্বাদ। নইলে যে দুর্দিন পড়েছে তাতে কেউ যে ভাল আছে তা ভাবতেই পারা যায় না। এতদিন কোথায় ছিলে বল ত ? হরেন্দ্রকে রোজই জিজ্ঞাসা করি, সে রোজই এসে একই উত্তর দেয়, বাসায় তালাবদ্ধ, তার সন্ধান পাই নে। নীলিয়া সন্দেহ করছিলেন হয়ত বা তুমি দিন-কয়েকের তরে কোথাও চলে গেছ।

হরেন্দ্রই ইহার জবাব দিল, কহিল, আর কোথাও না—এই আশ্রাতেই মুচিদের পাঁড়ায় সেবার কাধ্যে নিযুক্ত ছিলেন। আজ দেখা গেরে ধরে এনেছি।

আশুবাবু ভয়ব্যাকুল কণ্ঠে কহিলেন, মুচিদের পাড়ায় ? কিন্তু কাগজে লিখেছে যে পাড়াটা উজোড় হয়ে গেল। এতদিন তাদের মধ্যেই ছিলে ? একা ?

কমল ঘাড় নাড়িয়া বলিল, না, একলা নয়, সঙ্গে রাজেন ছিলেন।

শুনিয়া হরেন্দ্র তাহার মুখের প্রতি চাহিল, কিছু বলিল না। তার তাৎপর্য এই যে, তুমি না বলিলেও আমি অনুমান করেছিলাম। যেথায় দৈবের এত বড় নিগ্রহ সূত্র হইয়াছে, সে দুর্ভাগাদের ত্যাগ করিয়া সে যে কোথাও এক পা নড়িবে না এ আমি জানিব না ত জানিবে কে ?

আশুবাবু কহিলেন, অদ্ভুত মানুষ এই ছেলেটি। শুকে দু'-তিন দিনের বেশী দেখি নি, কিছুই জানি নে, তবু মনে হয় কি যে এক সৃষ্টিছাড়া ধাতুতে ও তৈরী। তাকে নিয়ে এলে না কেন, ব্যাপারগুলো জিজ্ঞাসা করতাম। খবরের কাগজ থেকে ত সব বোঝা যায় না।

কমল বলিল, না। কিন্তু তাঁর ফিরতে এখনও দেবী আছে।

কেন ?

পাড়াটা এখনো নিঃশেষ হয় নি। যারা অবশিষ্ট আছে তাদের রত্ন না করে দিয়ে তিনি ছুটি নেবেন না এই তাঁর পণ।

আশুবাবু তাহার মুখের দিকে চাহিয়া প্রশ্ন করিলেন, তা হ'লে তোমার বা কি ক'রে ছুটি হ'লো ? আবার কি সেখানে ফিরতে হবে ? নিষেধ করতে পারি নে, কিন্তু সে যে বড় ভাবনার কথা, কমল ?

কমল মাথা নাড়িয়া বলিল, ভাবনার জন্ত নয় আশুবাবু, ভাবনা আর কোথায় নেই ? কিন্তু আমার ঘড়িতে যেটুকু দম ছিল সমস্ত শেষ করে দিয়েই এসেছি। সেখানে ফিরে যাবার সাধ্য আমার নেই। শুধু রয়ে গেলেন রাজেন। এক-একজনের দেহযজ্ঞেও প্রকৃতি এমনি অফুরন্ত দম দিয়ে পৃথিবীতে পাঠিয়ে দেন যে, সে না হয় কখন শেষ, না যায় কখন বিগড়ে। এই লোকটি তাদেরই একজন। প্রথম প্রথম মনে হ'তো এই ভয়ানক পল্লীর মাঝখানে এ' বাঁচবে কি ক'রে ? ক'দিনই বা বাঁচবে ! সেখান থেকে একলা যখন চলে এলুম, কিছুতেই যেন আর ভাবনা ঘোচে না, কিন্তু আর আমার ভয় নেই। কেমন করে, যেন নিশ্চয় বৃত্তে পেরেচি, প্রকৃতি আপনার গরজেই এদের বাঁচিয়ে রাখে। নইলে দুঃখীর কুটীরে বস্তার মত যখন মৃত্যু ঢোকে, তখন তার ধ্বংসলীলার সাক্ষী থাকবে কে ? আজই হরেন্দ্রবাবুর কাছে আমি এই গল্পই করছিলাম। শিবনাথ-বাবুর ঘর থেকে রাত্রিশেষে যখন লজ্জায় মাথা হেঁট করে বেরিয়ে এলুম—

আশুবাবু এ বৃত্তান্ত শুনিয়াছিলেন, বলিলেন, এতে তোমার লজ্জার কি আছে কমল ? শুনেছি তাঁকে সেবা করার জন্তই তুমি অবাচিত তাঁর বাসায় গিয়ে উপস্থিত হয়েছিলে।

কমল কহিল, লজ্জা সেজন্ত নয়, আশুবাবু। যখন দেখতে পেলুম তাঁর কোন অমুখই নেই—সমস্তই ভান—কোন একটা ছলনায় আপনাদের দয়া পাওয়াই ছিল তাঁর উদ্দেশ্য, কিন্তু তাও সফল হতে পায় নি, আপনি বাতী

থেকে বার করে দিয়েছেন—তখন কি যে আমার হ'লো সে আপনাকে বোঝাতে পারব না। যে সঙ্গে ছিল তাকেও এ কথা জানাতে পারি নি—শুধু কোনমতে রাত্রির অন্ধকারে সেদিন নিঃশব্দে বেরিয়ে এলুম। পথের মধ্যে বার বার ক'রে কেবল এই একটা কথাই মনে হ'তে লাগল, এই অতি ক্ষুদ্র কাঙাল লোকটাকে রাগ ক'রে শাস্তি দিতে যাওয়ায় না আছে ধর্ম, না আছে সম্মান।

আশুবাবু বিশ্বয়াপন্ন হইয়া কহিলেন, বল কি কমল, শিবনাথের অসুখটা কি শুধু ছিলনা? সত্য নয়?

কিন্তু জবাব দেবার পূর্বেই ঘরের কাছে পদশব্দ শুনিয়া সবাই চাহিয়া দেখিল নীলিমা প্রবেশ করিয়াছে। তাহার হাতে দুধের বাটি। কমল হাত তুলিয়া নমস্কার করিল। সে পাত্রটা শয্যার শিয়রে তেপায়ার উপরে রাখিয়া দিয়া প্রতিনমস্কার করিল এবং অপরের কথার মাঝখানে বাধা দিয়াছে মনে করিয়া নিজে কোন কথা না কহিয়া অদূরে নীরবে উপবেশন করিল।

আশুবাবু বলিলেন, কিন্তু এ-যে দুর্বলতা, কমল! এ জিনিষ ত তোমার স্বভাবের সঙ্গে মেলে না। আমি বরাবর ভাবতাম, যা অন্ডায়, যা মিথ্যাচার, তাকে তুমি মাপ করো না।

হরেন্দ্র কহিল, ঠর স্বভাবের খবর জানি নে, কিন্তু মুচিদের পাড়ায় মরণ দেখে ঠর ধারণা বদলেচে, এ সংবাদ ঠর কাছেই পেলাম। আগে মনের মধ্যে যে ইচ্ছাই থাক, এখন কারও বিরুদ্ধেই নাগিশ করতে উনি নারাজ।

আশুবাবু বলিলেন, কিন্তু সে যে তোমার প্রতি এতখানি অত্যাচার করলে তার কি?

কমল মুখ তুলিতেই দেখিল নীলিমা একদৃষ্টে চাহিয়া আছে। জবাবটা শুনিবার জন্য সে-ই যেন সবচেয়ে উৎসুক। না হইলে হয়ত সে চুপ করিয়াই থাকিত, হরেন্দ্র যতটুকু বলিয়াছে তার বেশী একটা কথাও কহিত না। কহিল, এ-প্রশ্ন আমার কাছে এখন অসংলগ্ন ঠেকে। যা নেই, তা কেন নেই বলে চোখের জল ফেলতেও আজ আমার লজ্জা বোধ হয়; যেটুকু তিনি পেরেচেন, কেন তার বেশী পারলেন না বলে রাগারাগি করতেও আমার মাথা হেঁট হয়। আপনার কাছে প্রার্থনা শুধু এই যে, আমার দুর্ভাগ্য নিয়ে তাঁকে আর টান-টানি করবেন না।—এই বলিয়া সে যেন হঠাৎ শ্রান্ত হইয়া চেয়ারের পিঠে মাথা ঠেকাইয়া চোখ বুজিল।

ঘরের নীরবতা ভঙ্গ করিল নীলিমা, সে চোখের ইঙ্গিতে দুখের বাটীটা নির্দেশ করিয়া আস্তে আস্তে বলিল, ওটা যে একেবারে জুড়িয়ে গেল! দেখুন ত, খেতে পারবেন, না, আবার গরম করে আনতে বলব ?

আশুবাবু বাটীটা মুখে তুলিয়া খানিকটা খাইয়া রাখিয়া দিলেন। নীলিমা মুখ বাড়াইয়া দেখিয়া কহিল, পড়ে থাকলে চলবে না—ভাস্কারের ব্যবস্থা ভাঙতে আমি দেবো না।

আশুবাবু অবসন্নের মত মোটা তাকিয়াটায় হেলান দিয়া কহিলেন, তার চেয়েও বড় ব্যবস্থাপক নিজের দেহ। এ কথা তোমারও ভোলা উচিত নয়।

আমি ভুলি নে, ভুলে যান আপনি নিজে।

ওটা বয়সের দোষ নীলিমা—আমার নয়।

নীলিমা হাসিয়া বলিল, তাই বইকি! দোষ চাপাবার মত বয়স পেতে এখনও আপনার অনেক—অনেক বাকি। আচ্ছা, কমলকে নিয়ে আমরা একটু ও-ঘরে গিয়ে গল্প করি গে, আপনি চোখ বুজে একটুখানি বিশ্রাম করুন, কেমন? যাই?

আশুবাবুর এ ইচ্ছা বোধ হয় ছিল না, তথাপি সম্মতি দিতে হইল; কহিলেন, কিন্তু একেবারে তোমরা চলে যেও না, থাকলে যেন পাই।

আচ্ছা। চল ঠাকুরপো, আমরা পাশের ঘরে গিয়ে বসি গে।—বলিয়া সকলকে লইয়া চলিয়া গেল। নীলিমার কথাগুলি স্বভাবতঃই মধুর, বলিবার ভঙ্গিটিতে এমন একটি বিশিষ্টতা আছে যে সহজেই চোখে পড়ে, কিন্তু তাহার আজিকার এই গুটিকয়েক কথা যেন তাহাদেরও ছাড়াইয়া গেল। হরেন্দ্র লক্ষ্য করিল না, কিন্তু লক্ষ্য করিল কমল। পুরুষের চক্ষে যাহা এড়াইল, ধরা পড়িল রমণী দৃষ্টিতে। নীলিমা গুপ্তা করিতে আসিয়াছিল। এই পীড়িত লোকটির স্বাস্থ্যের প্রতি সাবধানতার আশ্চর্যের কিছু নাই, সাধারণের কাছে এ-কথা বলা চলে, কিন্তু সাধারণের একজন কমল নয়। নীলিমার এই একান্ত সতর্কতার অপক্লপ স্নিগ্ধতায় সে যেন এক অভাবিত বিশ্বয়ের সাক্ষাৎলাভ করিল। বিশ্বয় কেবল এক দিক দিয়া নয়, বিশ্বয় বহু দিক দিয়া। সম্পদের মোহ এই বিধবা মেয়েটিকে মুগ্ধ করিয়াছে এমন সন্দেহ কমল চিন্তায়ও ঠাঁই দিতে পারিল না। নীলিমার ততটুকু পরিচয় সে পাইয়াছে। আশুবাবুর যৌবন

ও রূপের প্রশ্ন এ ক্ষেত্রে শুধু অসঙ্গত নয়, হাস্যকর। তবে কোথায় যে ইহার সন্ধান মিলিবে, ইহাই কমল মনের মধ্যে খুঁজিতে লাগিল। এ ছাড়া আরও একটা দিক আছে। সেদিক আশুবাবুর নিজের। এই সরল ও সদাশিব মানুষটির গভীর চিন্ততলে পত্নীপ্রেমের যে আদর্শ অচঞ্চল নিষ্ঠায় সত্য পুঞ্জিত হইতেছে কোনদিকের কোন প্রলোভনই তাহাতে দাগ ফেলিতে পারে নাই, ইহাই ছিল সকলের একান্ত বিশ্বাস। মনোরমার জননীর মৃত্যুকালে আশুবাবুর বয়স বেশী ছিল না—তখনও যৌবন অতিক্রান্ত হয় নাই; কিন্তু সেইদিন হইতেই সেই লোকান্তরিত পত্নীর স্মৃতি উন্নীলিত করিয়া নূতনের প্রতিষ্ঠা করিতে আত্মীয়-অনাত্মীয়ের দল উত্তম-আয়োজনের ক্রটি রাখে নাই, কিন্তু ভূভেদ্য দুর্গের দুয়ার ভাঙিবার কোন কৌশলই কেহ খুঁজিয়া পায় নাই। এ সকল কমলের অনেকের মুখে শোনা কাহিনী। এ ঘরে আসিয়া অন্তরমনস্কের মত নীরবে বসিয়া সে কেবল ইহাই ভাবিতে লাগিল, নীলিমার মনোভাবের লেশমাত্র আভাসও এই মানুষটির চোখে পড়িয়াছে কিনা। যদি পড়িয়াই থাকে দাম্পত্যের যে স্মৃষ্টির নীতি, অত্যাঙ্গ্য ধর্মের ত্রায় একাগ্র সতর্কতায় তিনি আজীবন যাহা রক্ষা করিয়া আসিতেছেন, আসক্তির এই নবজাগ্রত চেতনায় সে ধর্ম লেশমাত্র বিক্ষুব্ধ হইয়াছে কিনা।

চাকর চা-কুটি-ফল প্রভৃতি দিয়া গেল। অতিথিদের সম্মুখে সেই সমস্ত আর্গাইয়া দিয়া নীলিমা নানা কথা বলিয়া যাইতে লাগিল। আশুবাবুর অসুখ, তাঁহার স্বাস্থ্য, তাঁহার সহজ ভদ্রতা ও শিশুর ত্রায় সরলতার ছোটখাটো বিবরণ যাহা এই কয়দিনেই তাহার চোখে পড়িয়াছে—এমনি অনেক কিছু। শ্রোতা হিসাবে হরেন্দ্র স্ত্রীলোকের লোভের বস্তু এবং তাহারই সাগ্রহ প্রশ্নের উত্তরে নীলিমার বাকশক্তি উচ্ছ্বসিত আবেগে শতমুখে ফাটিয়া বাহির হইতে লাগিল। বলার আন্তরিকতায় মুগ্ধ হরেন্দ্র লক্ষ্য করিল না যে, যে বৌদিকে সে এতদিন অবিনাশের বাসায় দেখিয়া আসিয়াছে সে-ই এই কিনা। এই পরিণত যৌবনের স্নিগ্ধ গাভার্ব, সেই কোঁতুক-রসোজ্জ্বল পরিমিত পরিহাস, বৈধব্যের সীমাবদ্ধ সংযত আলাপ-আলাচনা, সেই সুপরিচিত সমস্ত কিছুই এই কয়দিনে বিসর্জন দিয়া আকস্মিক বাচালতায় বালিকার ত্রায় যে প্রগল্ভ হইয়া উঠিয়াছে, সেই এই কিনা।

বলিতে বলিতে নীলিমার হঠাৎ দৃষ্টি পড়িল, চায়ের বাটিতে দু'-এক বাস

চুমুক দেওয়া ছাড়া কমল কিছুই খায় নাই। ক্লম্বেরে সেই অল্পযোগ করতেই কমল সহাস্তে কহিল, এর মধ্যেই ভুলে গেলেন ?

ভুলে গেলাম ? তার মানে ?

তার মানে এই যে আমার খাওয়ার ব্যাপারটা আপনার মনে নেই।

* অসময়ে আমি ত কিছু খাই নে।

এবং সহস্র অল্পরোধেও এর ব্যতিক্রম হবার ষো নেই—এই কথাটা হরেন্দ্র যোগ করিয়া দিল।

প্রত্যুত্তরে কমল তেমনিই হাসিমুখে বলিল, অর্থাৎ এ একশুঁয়েমির পরিবর্তন নেই। কিন্তু অত দর্প করি নে হরেনবাবু, তবে সাধারণতঃ এই নিয়মটাই অভ্যাস হয়ে গেছে তা মানি।

পথে বাহির লইয়া কমল জিজ্ঞাসা করিল, আপনি এখন কোথায় চলেছেন বলুন ত ?

হরেন্দ্র বলিল, ভয় নেই, আপনার বাড়ীর মধ্যে ঢুকবো না, কিন্তু যেখান থেকে এনেচি সেখানে পৌঁছে না দিলে অন্ডায় হবে।

তখন রাত্রি হইয়াছে, পথে লোক চলাচল বিরল হইয়া আসিতেছে, অকস্মাৎ অতি-ঘনিষ্ঠের ঞায় কমল তাহার একটা হাত নিজের হাতের মধ্যে টানিয়া লইয়া বলিল, চলুন আমার সঙ্গে। ঞায়-অন্ডায়ের বিচারবোধ আপনার কত সূক্ষ্ম দাঁড়িয়েছে তার পরীক্ষা দেবেন।

হরেন্দ্র সঙ্কোচে শশব্যস্ত হইয়া উঠিল। ইহা যে ভাল হইল না, এমন করিয়া পথ চলায় যে বিপদ আছে এবং পরিচিত কেহ কোথা হইতে সম্মুখে আসিয়া পড়িলে লঙ্কার একশেষ হইবে, হরেন্দ্র তাহা স্পষ্ট দেখিতে লাগিল, কিন্তু 'না' বলিয়া হাত ছাড়াইয়া লওয়ার অশোভন রূঢ়তাকেও সে মনে স্থান দিতে পারিল না। ব্যাপারটা বিশ্ৰী ঠেকিল এবং এই সঙ্কটাপন্ন অবস্থা মানিয়া লইয়াই সে তাহার বাসার দরজার আসিয়া পৌঁছিল। বিদায় লইতে চাহিলে কমল কহিল, এত তাড়াতাডি কিসের ? আশ্রমে অজিতবাবু ছাড়া ত কেউ নেই।

হরেন্দ্র কহিল, না। আজ তিনিও নেই, সকালের গাড়ীতে দিল্লী গেছেন, সম্ভবতঃ কাল ফিরবেন।

কমল জিজ্ঞাসা করিল, গিয়ে থাকবেন কি ? আশ্রমে পাচক রাখবার ত ব্যবস্থা নেই।

হরেন্দ্র বলিল, না, আমরা নিজেরাই রাঁধি।

অর্থাৎ আপনি আর অজিতবাবু ?

হাঁ ; কিন্তু হাসছেন যে ? নিতান্ত মন্দ রাঁধি নে আমরা।

তা জানি, এবং পরক্ষণে সত্যই গভীর হইয়া বলিল, অজিতবাবু নেই, স্বতরাং ফিরে গিয়ে আপনাকে নিজেই রন্ধে খেতে হবে। আমার হাতে খেতে যদি ঘুগা বোধ না করেন ত আমার ভারি ইচ্ছে আপনাকে নিমন্ত্রণ করি। খাবেন আমার হাতে ?

হরেন্দ্র অত্যন্ত ক্ষুণ্ণ হইয়া বলিল, এ বড় অন্তায়। আপনি কি সত্যই মনে করেন আমি ঘুগায় অস্বীকার করতে পারি ? এই বলিয়া সে একমুহূর্ত্ত চূপ করিয়া থাকিয়া বলিল, আপনাকে জানাতে ক্রটি করি নি যে, যারা আপনাকে বাস্তবিক শ্রদ্ধা করে, আমি তাদেরই একজন। আমার আপত্তি—শুধু অসময়ে দুঃখ দিতে আপনাকে চাই নে।

কমল বলিল, আমি দুঃখ বিশেষ পাবো না তা নিজেই দেখতে পাবেন। আস্থন।

রাঁধিতে বসিয়া কহিল, আমার আয়োজন সামান্য, কিন্তু আশ্রমে আপনাদেরও যা দেখে এসেছি তাকেও প্রচুর খলা চলে না। স্বতরাং এখানে খাবার কষ্ট যদিবা হয়, অস্ত্রের মত অসহ্য হবে না এইটুকুই আমার ভরসা।

হরেন্দ্র খুসী হইয়া উত্তর দিল, আমাদের খাবার ব্যবস্থা যা দেখে এসেছেন তাই বটে। সত্যই আমরা খুব কষ্ট করে থাকি।

কিন্তু থাকেন কেন ? অজিতবাবু বড়লোক, আপনার নিজের অবস্থাও অসচ্ছল নয়—কষ্ট পাওয়ার ত কারণ নেই।

হরেন্দ্র কহিল, কারণ না থাক, প্রয়োজন আছে। আমার বিশ্বাস এ আপনিও বোঝেন বলে নিজের সম্বন্ধে এমনি ব্যবস্থাই করে রেখেছেন। অথচ বাইরে থেকে কেউ যদি আশ্চর্য্য হয়ে প্রশ্ন করে বসে, তাকেই কি এর হেতু বুঝিয়ে দিতে পারেন ?

কমল বলিল, বাইরের লোককে না পারি, ভিতরের লোককে দিতে পারবো। আমি সত্যিই বড় দরিদ্র, নিজেকে ভরণপোষণ করবার যতটুকু শক্তি আছে, তাতে এর বেশী চলে না। বাবা আমাকে দিয়ে যেতে পারেন নি

কিছুই, কিন্তু পরের অতুগ্রহ থেকে মুক্তি পাবার এই বীজমন্ত্রটুকু দান ক'রে গিয়েছিলেন ।

হরেন্দ্র তাহার মুখের প্রতি নিঃশব্দে চাহিয়া রহিল । এই বিদেশে কমল যে কিরূপ নিরুপায় তাহা সে জানিত । শুধু অর্থের জন্তই নয়—সমাজ, সম্মান, সহায়ভূতি কোন দিক দিয়াই তাহার তাকাইবার কিছু নাই । কিন্তু এ সত্যও যে স্বরণ না করিয়া পারিল না যে, এত বড় নিঃসহায়তাও এই বয়সীকে লেশমাত্র দুর্বল করিতে পারে নাই । আজও সে ভিক্ষা চাহে না—ভিক্ষা দেয় । যে শিবনাথ তাহার এত বড় দুর্গতির মূল, তাহাকেও দান করিবার সম্বল তাহার শেষ হয় নাই এবং বোধ করি সাহস ও সাহসনা দিবার অভিপ্রায়েই কহিল, আপনার সঙ্গে আমি তর্ক করচি নে কমল, কিন্তু এ ছাড়া আর কিছু ভাবতেও পারি নে যে, আমাদের মত আপনার দারিদ্র্যও প্রকৃত নয়, একবার ইচ্ছে করলেই এ দুঃখ মরীচিকার মত মিলিয়ে যাবে । কিন্তু সে ইচ্ছে আপনার নেই, কারণ আপনিও জানেন স্বেচ্ছায় নেওয়া দুঃখকে ঐশ্বর্যের মতই ভোগ করা যায় ।

কমল বলিল, যায় । কিন্তু কেন জানেন ? ওটা অপ্রয়োজনের দুঃখ দুঃখের অভিনয় বলে । সকল অভিনয়ের মধ্যেই খানিকটা কৌতুক থাকে, তাকে উপভোগ করায় বাধা নাই । বলিয়া সে নিজেও কৌতুকভরে হাসিল ।

সহসা ভারি একটা বেসুরা বাজিল । খোঁচা খাইয়া হরেন্দ্র ক্লেশকাল মৌন থাকিয়া জবাব দিল, কিন্তু এটা তো মানেন যে, প্রাচুর্যের মাঝেই জীবন তুচ্ছ হরে আসে, অথচ দুঃখ-দৈন্তের মধ্যে দিয়ে মানুষের চরিত্র মহৎ ও সত্য হয়ে গড়ে ওঠে ?

কমল ষ্টোভের উপর হইতে কড়াটা নামাইয়া রাখিল এবং আর একটা কি চড়াইয়া দিয়া বলিল, সত্য হয়ে গড়ে ওঠার জন্ত ওদিকে খানিকটা সত্য থাকা চাই, হরেন্দ্রবাবু । বডলোক, বাস্তবিক অভাব নেই, তবু ছদ্ম-অভাবের আয়োজনে বাস্তব । আবার যোগ দিয়েছেন অজিতবাবু । আপনার আশ্রমের ফিলজফি আমি বুঝি নে, কিন্তু এটা বুঝি, দৈন্তভোগের বিড়ম্বনা দিয়ে কখনো বৃহৎকে পাওয়া যায় না । পাওয়া যায় শুধু খানিকটা দস্ত আর অহমিকা । সংস্কারে অন্ধ না হয়ে একটুখানি চেয়ে থাকলেই এ বস্ত্র দেখতে পাবেন—দৃষ্টান্তের জন্ত ভারত পর্যটন করে বেড়াতে হবে না । কিন্তু তর্ক থাকে, রান্না শেষ হয়ে এল, এবার খেতে বসুন ।

হরেন্দ্র হতাশ হইয়া বলিল, মুন্সিগ এই যে ভারতবর্ষের ফিলজফি বোঝা আপনায় সাধ্য নয়। আপনার শিরার মধ্যে স্নেহরক্তের চেউ বয়ে যাচ্ছে—হিন্দুয় আদর্শ ও-চোখে তামাসা বলেই ঠেকবে। দিন, কি রান্না হয়েছে খেতে দিন।

এই যে দিই, বলিয়া কমল আসন পাতিয়া ঠাঁই করিয়া দিল। একটুও রাগ করিল না।

হরেন্দ্র সেইদিকে চাহিয়া হঠাৎ বলিয়া উঠিল, আচ্ছা, ধরুন কেউ যদি যথার্থ-ই সমস্ত বিলিয়ে দিয়ে সত্যকার অভাব ও দৈন্তের মাঝেই নেমে আসে, তখন ত অভিনয় বলে তাকে তামাসা করা চলবে না? তখন ত—

কমল বাধা দিয়া কহিল, না, তখন আর তামাসা নয়, তখন সত্যিকার পাগল বলে মাথা চাপড়ে কাঁদবার সময় হবে। হরেন্দ্রবাবু, কিছুকাল পূর্বে আমিও কতকটা আপনার মত করেই ভেবেছি, উপবাসের নেশার মত আমাকে তা মাঝে মাঝে আচ্ছন্ন করেছে, কিন্তু এখন সে সংশয় আমার ঘুচেছে। দৈন্ত এবং অভাব ইচ্ছাতেই আত্মক বা ইচ্ছার বিরুদ্ধেই আত্মক, ও নিয়ে দর্প করবার কিছু নেই! ওর মাঝে আছে শূন্যতা, ওর মাঝে আছে দুর্বলতা, ওর মাঝে আছে পাপ—অভাব যে মানুষকে কত হীন, কত ছোট করে আনে, সে আমি দেখে এসেছি মহামারীর মধ্যে—মুচিদের পাড়ায় গিয়ে। আর একজন দেখেছেন তিনি আপনার বন্ধু রাজেন। কিন্তু তার কাছ থেকে ত কিছু পাওয়া যাবে না, আসামের গভীর অরণ্যের মত কি যে সেখানে লুকিয়ে আছে কেউ জানে না। আমি প্রায়ই ভাবি, আপনারা তাঁকেই দিলেন বিদায় করে। সেই যে কথায় আছে—মণি ফেলে আঁচলে কাচগু গেরো দেওয়া—আপনার ঠিক কি তাই করলেন! ভেতর থেকে কোথাও নিবেদ পেলে না! আশ্চর্য!

হরেন্দ্র উত্তর দিল না, চুপ করিয়া রহিল।

আয়োজন সামান্ত, তথাপি কি যত্ন করিয়াই না কমল অতিথিকে খাওয়াইল। খাইতে বসিয়া হরেন্দ্রের বার বার করিয়া নীলিমাকে স্মরণ হইল; নারীত্বের শাস্ত মাদুর্ধ্য ও গুচিতার আদর্শে ইহার চেয়ে বড় সে কাহাকেও ভাবিত না। মনে মনে বলিল, শিক্ষা, সংস্কার, রুচি ও প্রবৃত্তিতে প্রভেদ ইহাদের মধ্যে স্ত বৈশীই থাক, সেবা ও মমতায় উহারা একেবারে এক। গুটা বাহিরের বস্ত্র বলিয়াই বৈষম্যেরও অবধি নাই, তর্কও শেষ হয় না; কিন্তু নারীর যেটি নিজস্ব আপন, সর্বপ্রকার মতামতের একান্ত বহির্ভূত, সেই গুট

অন্তর্দেশের রূপটি দেখিলে একেবারে চোখ জুড়াইয়া যায়। নানা কারণে আজ হরেরের ক্ষুধা ছিল না, শুধু একজনকে প্রসন্ন করিতেই সে সাধ্যের অতিরিক্ত ভোজন করিল। কি একটা তরকারি ভাল লাগিয়াছে বলিয়া পত্র উজাড় করিয়া ভক্ষণ করিল; কহিল, অনেকদিন অসময়ে হাজির হয়ে বৌদিদিকেও ঠিক এমনি করেই জ্বল করেছি, কমল।

কাকে, নীলিমাকে ?

হাঁ।

তিনি জ্বল হ'তেন ?

নিশ্চয়। কিন্তু স্বীকার করতেন না।

কমল হাসিয়া কহিল, কেবল আপনি নয়, সমস্ত পুরুষমানুষেরই এমনি মোটা বুদ্ধি।

হরের তর্ক করিয়া বলিল, আমি চোখে দেখেছি যে।

কমল কহিল, সেও জানি। আর ঐ চোখে দেখার অহঙ্কারেই আপনারা গেলেন।

হরের কহিল, অহঙ্কার আপনাদেরও কম নয়। সে-বেলা বৌদির খাওয়া হ'তো না—উপবাস ক'রে কাটাতেন, তবু হার মানতে চাইতেন না।

কমল চুপ করিয়া তাহার মুখের প্রতি চাহিয়া রহিল।

হরের বলিল, আপনাদের আশীর্ব্বাদে মোটা-বুদ্ধিই আমাদের অক্ষয় হয়ে থাক—এতেই লাভ বেশী। আপনাদের স্বন্দ-বুদ্ধির অভিমানে উপোস ক'রে মরতে আমরা নারাজ।

কমল এ কথার জবাব দিল না।

হরের কহিল, এখন থেকে আপনার স্বন্দ-বুদ্ধিটাকেও মধ্যে মধ্যে যাচাই ক'রে দেখব।

কমল বলিল, সে আপনি পারবেন না, গরীব বলে আপনার দয়া হবে।

শুনিয়া হরের প্রথমটা অপ্রতিভ হইল, তাহার পরে বলিল, দেখুন এ কথার জবাব দিতে বাধে। কেন জানেন ? মনে হয় যেন রাজরাণী হওয়াই যাকে সাজে, কাঙালপনা তাকে মানায় না। মনে হয় যেন আপনার দারিদ্র্য পৃথিবীর সমস্ত বড়লোকের মেয়েকে উপহাস করচে।

কথাটা ভীষের মত গিয়া কমলের বুকে বাজিল।

হরেন্দ্র পুনরায় কি একটা বলিতে যাইতেছিল, কমল থামাইয়া দিয়া বলিল, আপনার খাওয়া হয়ে গেছে, এবার উঠুন। ও-ঘরে গিয়ে সাধারণত গল্প শুনবো, এ-ঘরের কাজটা ততক্ষণ সেরে নিই।

খানিক পরে শোবার ঘরে আসিয়া কমল বসিল, কহিল, আজ আপনার বৌদিদির সমস্ত ইতিহাস না শুনে আপনাকে ছাড়বো না, তা যত রাত্রিই হোক। বলুন—

হরেন্দ্র বিপদে পড়িল, কহিল বৌদিদির সমস্ত কথা ত আমি জানি নে। তাঁর সঙ্গে প্রথম পরিচয় আমার এই আগ্রায়, অবিনাশদার বাসায়। বস্তুতঃ তাঁর সম্বন্ধে কিছুই প্রায় জানি নে। যেটুকু এখনকার অনেকেই জানে, আমিও ততটুকু জানি। কেবল একটা কথা বোধ করি সংসারের সকলের চেয়ে বেশী জানি, সে তার অকলঙ্ক শুভ্রতা। স্বামী যখন মারা যান, তখন বয়স ছিল গুঁর উনিশ-কুড়ি—তাঁকে সমস্ত হৃদয় দিয়েই পেয়েছিলেন। সে স্মৃতি মোছে নি, মোছবার নয়—জীবনের শেষ দিনটি পর্যন্ত সে স্মৃতি অক্ষয় হয়ে থাকবে। পুরুষমহলে আশুভাবুর কথা যখন শুঠে, তাঁর নির্দোষ অনন্ত-সাধারণ—আমি অস্বীকার করি নে, কিন্তু—

হরেনবাবু, রাত্রি অনেক হ'লো, এখন আর বাসায় যাওয়া চলে না—এই ঘরেই একটা বিছানা করে দিই ?

হরেন্দ্র বিস্ময়াপন্ন হইয়া জিজ্ঞাসা করিল, এই ঘরে ? কিন্তু আপনি ?
কমল কহিল, আমিও এইখানে শোব। আর ত ঘর নেই।

হরেন্দ্র লজ্জার পাংশু হইয়া উঠিল। কমল হাসিয়া বলিল, আপনি ত ব্রহ্মচারী। আপনার ভয়ের কারণ আছে নাকি ?

হরেন্দ্র নির্নিমেষে-চক্ষে শুধু চাহিয়া রহিল। এ যে কি প্রস্তাব সে কল্পনা করিতেও পারিল না। স্থীলোক হইয়া এ কথা সে উচ্চারণ করিল কি করিয়া !

তাহার অপরিণীম বিহ্বলতা কমলকে ধাক্কা দিল। সে কয়েক মুহূর্ত স্থির থাকিয়া বলিল, আমারই ভুল হয়েছে হরেনবাবু, আপনি বাসায় যান। তাতেই আপনার অশেষ শ্রদ্ধার পাত্রী নীলিমার আশ্রমে ঠাই মেলে নি, মিলেছিল আশুভাবুর বাড়ী। নির্জন গৃহে অনাস্থীয় নরনারীর একটি মাত্র সম্বন্ধই আপনি জানেন—পুরুষের কাছে যে মেয়েমানুষ সে শুধু মেয়েমানুষ, এর বেশী খবর আপনার কাছে আজো পৌঁছায় নি। ব্রহ্মচারী

হলেও না। যান, আর দেবী করবেন না, আশ্রমে যান।—বলিয়া সে নিজেই বাহিরে অন্ধকার বারান্দায় অদৃশ্য হইয়া গেল।

হরেন্দ্র মুচের মত মিনিট দুই-তিন দাঁড়াইয়া থাকিয়া ধীরে ধীরে নীচে নামিয়া আসিল।

কুড়ি

প্রায় মাসাধিককাল গত হইয়াছে। আগ্রায় ইনফুয়েঞ্জার মহামারী মূর্ছিত শাস্ত হইয়াছে; স্থানে স্থানে দু-একটা নূতন আক্রমণের কথা শুনা যায় বটে, তবে মারাত্মক নয়! কমল ঘরে বসিয়া নিবিষ্টচিত্তে সেলাই করিতেছিল, হরেন্দ্র প্রবেশ করিল। তাহার হাতে একটা পুঁটুলি, নিকটে মেঝের উপর রাখিয়া দিয়া কহিল, যে রকম খাটছেন তাতে তাগাদা করতে লজ্জা হয়। কিন্তু লোকগুলো এমনি বেহায়া যে দেখা হলেই জিজ্ঞাসা করবে, হ'লো? আমি কিন্তু স্পষ্টই জবাব দিই যে, ঢের দেবী। জরুরী থাকে ত না হয় বলুন, কাপড় ফিরিয়ে নিয়ে আসি। কিন্তু মজা এই যে, আপনার হাতের তৈরি জিনিষ যে একবার ব্যবহার করেছে সে আর কোথাও যেতে চায় না। এই দেখুন না লালাদের বাড়ী থেকে আবার একখান গরদ, আর নমুনার জামাটা দিয়ে গেল—

কমল সেলাই হইতে মুখ তুলিয়া কহিল, নিলেন কেন?

নিই সাধে? বললাম, ছ'মাসের আগে হবে না—তাতেই রাজী। বললে, ছ'মাসের পর ত হবে, তাতেই চলবে। এই দেখুন না মজুরির টাকা পর্য্যন্ত হাতে গুঁজে দিয়ে গেল। বলিয়া সে পকেট হইতে একখানা নোটের মধ্যে মোড়া কয়েকটা টাকা ঠক করিয়া কমলের সম্মুখে ফেলিয়া দিল।

কমল কহিল, অর্ডার এত বেশী আসতে থাকলে দেখচি আমাকে লোক রাখতে হবে। এই বলিয়া সে পুঁটুলিটা খুলিয়া ফেলিয়া পুরানো পাঞ্জাবি জামাটা নাড়িয়া-চাড়িয়া দেখিয়া কহিল, কোন বড় দোকানের বড় হিন্দীর তৈরী—আমাকে দিয়ে এরকম হবে না। দামী কাপড়টা নষ্ট হয়ে যাবে, তাঁকে ফিরিয়ে দেবেন।

হরেন্দ্র বিস্ময় প্রকাশ করিয়া বলিল, আপনার চেয়ে বড় কারিগর এখানে কেউ আছে নাকি ?

এখানে না থাকে কলকাতায় আছে। সেইখানেই পাঠিয়ে দিতে বলবেন।

না, না, সে হবে না। আপনি যা পারেন ভাই করে দেবেন, তাতেই হবে।

হবে না হরেনবাবু, হলে দিতাম। এই বলিয়া সে হঠাৎ হাসিয়া ফেলিয়া কহিল, অজিতবাবু বড়লোক, সৌখিন মানুষ, যা-তা তৈরী ক'রে দিলে তিনি পরতে পারবেন কেন ? কাপড়টা মিথ্যে নষ্ট ক'রে লাভ নেই, আপনি ফিরিয়ে নিয়ে যান।

হরেন্দ্র অতিশয় আশ্চর্য হইয়া প্রশ্ন করিল, কি ক'রে জানলেন এটা অজিতবাবুর ?

কমল কহিল, আমি হাত গুণতে পারি। গরদের কাপড়, অগ্রিম মূল্য অথচ ছ'মাস বিলম্ব হলে চলে—হিন্দুস্থানী লালাজীরা অত নির্কোষ নয় হরেনবাবু। তাঁকে জানাবেন—তাঁর জামা তৈরী করার যোগ্যতা আমার নেই, আমি শুধু গরীবের সম্ভা গায়ের কাপড়ই সেলাই করতে পারি। এ পারি নে।

হরেন্দ্র বিপদে পড়িল। শেবে কহিল, এ তার ভারি ইচ্ছে। কিন্তু পাছে আপনি জানতে পারেন, পাছে আপনার মনে হয় আমরা কোনমতে আপনাকে কিছু দেবার চেষ্টা করেছি, সেই ভয়ে অনেকদিন আমি স্বীকার করি নি। তাকে বলেছিলাম অল্পমূল্যের সাধারণ একটা কোন কাপড় কিনে দিতে। কিন্তু সে রাজী হ'লো না। বললে, এ ত আমার নিত্য-ব্যবহারের মেরজাই নয়, এ কমলের হাতে তৈরী জামা, এ শুধু বিশেষ উপলক্ষে পরদিনে পরবার। এ আমার তোলা থাকবে। এ জগতে তার চেয়ে বেশী শ্রদ্ধা বোধ করি আপনাকে কেউ করে না।

কমল বলিল, কিছুকাল পূর্বে ঠিক তার উন্টো কথাই তাঁর মুখ থেকে বোধ করি অনেকেই শুনেছিল। নয় কি ? একটু চেষ্টা করলে আপনারও হয়ত স্মরণ হবে। মনে করে দেখুন ত ?

এই সেদিনের কথা, হরেন্দ্রর সমস্তই মনে ছিল ; একটু লজ্জা পাইয়া বলিল, মিথ্যে নয় ; কিন্তু এ ধারণা ত একদিন অনেকেই ছিল। বোধ হয় ছিল না শুধু আশুবাবুর ; কিন্তু তাঁকেও ত একদিন বিচলিত হতে দেখেছি। আমার

নিজের কথাটাই ধরুন না—আজ ত আর প্রমাণ দিতে হবে না, কিন্তু সেদিনের কষ্টপাথরে ঘষে ভক্তি-শ্রদ্ধা গাচাই করতে চাইলে আমিই বা দাঁড়াই কোথায় ?

কমল জিজ্ঞাসা করিল, রাজেনের খোঁজ পেলেন ?

হরেন্দ্র বলিল, এই সকল হৃদয়-সম্পর্কিত আলোচনা আর একদিনের যত আজও স্থগিত রহিল। বলিল, এখনো পাই নি। ভরসা আছে এসে উপস্থিত হলেই পাবো।

কমল বলিল, সে আমি জানতে চাই নি। পুলিশের জিম্মায় গিয়ে পড়েচে কিনা এই খোঁজটাই আপনাকে নিতে বলেছিলুম।

হরেন্দ্র কহিল, নিয়েচি। আপাততঃ তাদের আশ্রয়ে নেই।

শুনিয়া কমল নিশ্চিন্ত হইতে পারিল না বটে, কিন্তু স্বস্তি বোধ করিল। জিজ্ঞাসা করিল, তিনি কোথায় গেছেন এবং কবে গেছেন, মুচিদের পাড়ায় চেষ্টা ক'রে একটু খোঁজ নিলে কি বার করা যায় না ? হরেনবাবু, তাঁর প্রতি আপনার স্নেহের পরিমাণ জানি, এ সকল প্রশ্ন হয়ত বাহুল্য মনে হবে, কিন্তু ক'দিন থেকে এ ছাড়া কিছু আর আমি ভাবতেই পারি নে, আমার এমনি দশা হয়েছে। এই বলিয়া সে এমনি ব্যাকুল চক্ষে চাহিল যে, হরেন্দ্র অত্যন্ত বিস্মিত হইল। কিন্তু পরক্ষণেই সে মুখ নামাইয়া পূর্বের মতই সেলাইয়ের কাজে আপনাকে নিযুক্ত করিয়া দিল।

হরেন্দ্র নিঃশব্দে দাঁড়াইয়া রহিল। এই সময়ে এক-একটা প্রশ্ন তাহার মনে আসে, কোঁতুকের সীমা নাই—মুখ দিয়া কথাটা বাহির হইয়া পড়িতেও চায়, কিন্তু নিজেকে সামলাইয়া লয়। কিছুতেই স্থির করিতে পারে না এ জিজ্ঞাসার ফল কি হইবে। এইভাবে পাঁচ-সাত মিনিট কাটার পরে কমল নিজেই কথা কহিল। সেলাইটা পাশে নামাইয়া রাখিয়া একটা সমাপ্তির নিঃশ্বাস ফেলিয়া বলি, থাক আজ আর না। এই বলিয়া মুখ তুলিয়া আশ্চর্য হইয়া কহিল, এ কি, দাঁড়িয়ে আছেন যে ! একটা চৌকি টেনে নিয়ে বসতেও পারেন নি ?

বসতে ত আপনি বলেন নি।

বেশ যা হোক ! বলি নি বলে বসবেন না !

না। না বললে বসি উচিত নয়।

কিন্তু দাঁড়িয়ে থাকতেও ত বলি নি—দাঁড়িয়েই বা আছেন কেন ?

এ যদি বলেন ত আমার না-দাঁড়ানই উচিত ছিল। জ্ঞাতি স্বীকার করছি।

শুনিয়া কমল হাসিল। বলিল, তা হ'লে আমিও দোষ স্বীকার করচি।
এতক্ষণ অন্তমনস্ক থাকা আমার অপরাধ। এখন বহ্নন।

হরেন্দ্র চৌকি টানিয়া লইয়া উপবেশন করিলে কমল হঠাৎ একটুখানি গম্ভীর হইয়া উঠিল। একবার কি একটু চিন্তা করিল, তাহার পরে কহিল, দেখুন হরেন্দ্রবাবু, আসলে এর মধ্যে যে কিছুই নেই এ আমিও জানি, আপনিও জানেন। তবু লাগে। এই যে বসতে বলতে ভুলেচি, যে আদ'রটুকু অতিথিকে করা উচিত ছিল করি নি—হাজ্জার ঘনিষ্ঠতার মধ্যে দিয়েও সে ক্রটি আপনার চোখে পড়েচে। না না, রাগ করেছেন বলি নি, তবুও কেমন যেন মনের মধ্যে একটু লাগে। এ সংস্কার মাহুঘের গিয়েও যেতে চায় না—কোথায় একটুখানি থেকেই যায়। না?

হরেন্দ্র ইহার তাৎপর্য বুঝিল না, একটু আশ্চর্য হইয়া চাহিয়া রহিল। কমল বলিতে লাগিল, এর থেকে সংসারে কত অনর্থপাতই না হয়। অথচ এইটিই লোকে সবচেয়ে বেশী ভোলে। না?

হরেন্দ্র জিজ্ঞাসা করিল, এ সব আমাকে বলচেন, না আপনাকে আপনি বলচেন? যদি আমার জ্ঞান হয় ত আর একটু খোলসা করে বলুন। এ হৈয়ালি আমার মাথায় ঢুকচে না।

কমল হাসিয়া বলিল, হৈয়ালিই বটে। সহজ সরল রাস্তা, মনেই হয় না যে বিপত্তি চোখ রাঙিয়ে আছে। চলতে হাঁচট লেগে আঙ্গুল দিয়ে যখন রক্ত ঝরে পড়ে, তখন কেবল চৈতন্য জাগে—আর একটুখানি চোখ মেলে চলা উচিত ছিল। না?

হরেন্দ্র কহিল, পথের সম্বন্ধে, হাঁ। অন্ততঃ আগ্রায় রাস্তায় একটু হাঁস করে চলা ভাল—ও দুর্ঘটনা আশ্রমের ছেলেদের প্রায় ঘটে; কিন্তু হৈয়ালি ত হৈয়ালি রয়ে গেল, মর্খার্থ উপলব্ধি হ'লো না।

কমল কহিল, তার উপায় নেই হরেন্দ্রবাবু। বললেই সকল কথাই মর্খ বোঝা যায় না। এই দেখুন, আমাকে ত কেউ বলে দেয় নি, কিন্তু অর্ধ বুঝতেও বাধে নি।

হরেন্দ্র বলিল, তার মানে আপনি ভাগ্যবতী, আমি দুর্ভাগ্য। হয় সাধারণ মাহুঘের মাথায় ঢোকে এমনি ভাবায় বলুন, না হয় থামুন। চিনে-বাজির মত এ যত চাচ্ছি খুলতে—তত যাচ্ছে জড়িয়ে। অজ্ঞাত অথবা অজ্ঞেয়

বাধা থেকে বক্তব্য আরম্ভ হয়ে যে এ কোথায় এসে দাঁড়াল তার কুলকিনারা পাচ্চি নে। এ সমস্ত কি আপনি রাজেনকে স্মরণ করে বলচেন? তাকে আমিও ত চিনি, সহজ করে বললে হয়ত কিছু কিছু বুঝতেও পারব। নইলে এ ভাবে ঘুমন্ত-মাত্ৰবের বক্তৃতা শুনতে থাকলে নিজের বুদ্ধির পরে আস্থা থাকবে না।

কমল হাসিমুখে বলিল, কার বুদ্ধির প'রে? আমার না নিজের?

ছুজনেরই।

কমল বলিল, শুধু রাজেনকেই নয়, কি জানি কেন, সকাল থেকে আজ আমার সকলকেই মনে পড়ছে। আশুবাবু, মনোরমা, অক্ষয়, অবিনাশ, নীলিমা, শিবনাথ—এমন কি আমার বাবা—

হরেন্দ্র বাধা দিল; ও চলবে না—আপনি আবার গম্ভীর হয়ে উঠছেন। আপনার বাপ-মা স্বর্গে গেছেন, তাঁদের টানাটানি আমার সহিবে না। বরঞ্চ ধারা ঠেঁচে আছেন তাঁদের কথা, আপনি রাজেনের কথা বলতে চাচ্ছিলেন—তাই বলুন, আমি শুনি। সে আমার বন্ধু, তাকে চিনি, জানি, ভালবাসি—আমাকে বিশ্বাস করুন, আমি আশ্রমই করি, আর যাই করি, আপনাকে ঠকাবো না। সংসারে আরও পাঁচজনের মত ভালবাসার গল্প শুনতে আমিও ভালবাসি।

কমলের গাম্ভীৰ্য্য সহসা হাসিতে ভরিয়া গেল। প্রশ্ন করিল, শুধু পরের কথা শুনতেই ভালবাসেন? তার বেশীতে লোভ নেই?

হরেন্দ্র বলিল, না। আমি ব্রহ্মচারীদের পাণ্ডা—জন্ময়ের দল শুনতে পেলে আমায় খেয়ে ফেলবে।

শুনিয়া কমল পুনশ্চ হাসিয়া বলিল, না তারা খাবে না। আমি উপায় করে দেবো।

হরেন্দ্র ঘাড় নাড়িয়া বলিল, পারবেন না। আশ্রম ভেঙে দিয়ে পালিয়ে গিরেও আর আমার নিস্তার নেই। অক্ষয় একবার যখন আমাকে চিনেছে, যেখানেই যাই সংপথে আমাকে সে রাখবেই। বরঞ্চ আপনি নিজের কথা বলুন। রাজেনকে যে ভুলে থাকতে পারবো না—আবার সেইখান থেকে আরম্ভ করুন। কি করে সেই লক্ষ্মীছাড়া ছোঁড়াকে এতখানি ভালবাসলেন আমার শুনতে সাধ হয়।

কমল কহিল, ঠিক এই প্রহ্নটাই আমি বারে বারে আপনাকে আপনি করি।

সন্ধান পান না?

না।

পাবার কথাও নয় এবং সত্যি বলে আমার বিশ্বাসও হয় না।

কেন বিশ্বাস হয় না?

সে থাক। মনে হচ্ছে আপে একবার বলেছি; কিন্তু আরও ভাল ক্যানডিডেট আছে। মীমাংসা চূড়ান্ত করবার আগে তাদের কেসগুলো একটুখানি নস্কর দিয়ে দেখবেন। এইটুকু নিবেদন।

কিন্তু কেস ত অসুমনে ভর করে বিচার করা যায় না হরেনবাবু, রীতিমত সাক্ষ্য-প্রমাণ হাজির করতে হয়। সে করবে কে?

তার নিজেসাই করবে। সাক্ষ্য-প্রমাণ নিয়ে প্রস্তুত হয়েই আছে, হাঁক দিলেই হাজির হয়।

কমল জবাব দিল না, মুখ তুলিয়া চাহিয়া একটুখানি হাসিল। তাহার পরে সমাপ্ত ও অসমাপ্ত সেলায়ের কাজগুলো একে একে পরিপাটি ভাঁজ করিয়া একটা বেতের টুকরিতে তুলিয়া রাখিয়া উঠিয়া দাঁড়াইল। কাঁহল, আপনার বোধ করি চা খাবার সময় হয়েছে হরেনবাবু, একটুখানি চা তৈরী করে আনি, আপনি বসুন।

হরেন কহিল, বসেই ত আছি, কিন্তু জানেন ত চা খাবার আগার সময় অসময় নেই, কারণ পেলেই খাই, না পেলে খাই নে। ওর জ্ঞ বষ্ট পাবার প্রয়োজন নেই। একটা কথা জিজ্ঞেস করব?

স্বচ্ছন্দে।

অনেকদিন আপনি কোথাও যান নি। ওটা কি ইচ্ছে করেই বন্ধ করেছেন?

কমল আশ্চর্য হইয়া বলিল, না। আমার মনেও হয় নি।

তা হ'লে চলুন না আজ আশুবাবুর বাড়ী থেকে একটু ঘুরে আসি। তিনি সত্যিই খুব খুসী হবেন। সেই অসুখের মধ্যেই একবার গিয়েছিলেন, এখন তিনি ভাল আছেন। শুধু ডাক্তারের নিষেধ বলে বাইরে আসেন না, নইলে হয়ত একদিন নিজেই এসে উপস্থিত হতেন।

কমল বলিল, তাঁর পক্ষে আশ্চর্য্য নয়। যাওয়া আমারই উচিত ছিল, কিন্তু কাজের বাক্সাটে যেতে পারি নি। অত্যায়ে হয়ে গেছে।

তা হ'লে আজই চলুন না ?

চলুন ; কিন্তু সন্ধ্যাটা হোক। আপনি বসুন, চট করে একবাটি চা নিয়ে আসি।—বলিয়া সে বাহির হইয়া গেল।

সন্ধ্যার প্রায়াক্ষকারে উভয়ে পথে বাহির হইলে হরেন্দ্র বলিল, একটু বেলা থাকতে গেলেই ভাল হ'তো।

কমল কহিল, হ'তো না। চেনা লোক কেউ হয়ত দেখে ফেলতো।

দেখলেই বা। ওসব আমি আর এখন গ্রাহ্য করি নে।

কিন্তু আমি এখন গ্রাহ্য করি।

হরেন্দ্র মনে কবিল পরিহাস, কহিল, কিন্তু এই চেনা লোকেরাই যদি শোনে আপনি আমার সঙ্গে একলা বার হ'তে আজকাল সঙ্কোচ-বোধ করেন, কি তারা ভাবে ?

বোধ হয় ভাবে ঠাট্টা করচি।

কিন্তু আপনাকে যে চেনে সে কি অল্প কিছু ভাবতে পারে ? বলুন ?

এবার কমল চুপ করিয়া রহিল।

জবাব না পাইয়া হরেন্দ্র বলিল, আজ আপনার যে কি হয়েছে জানি নে, সমস্তই দুর্কৌশল।

কমল বলিল, যা বোঝবার নয় সে না বোঝাই ভাল। রাজেনকে বেতুলতে পারি নে—এ সবচেয়ে বেশী টের পাই আপনি এলে। তার আশ্রমে স্থান হ'লো না, কিন্তু গাছতলায় থাকলেও তার চলে যেতো, শুধু আমিই থাকতে দিই নি, আদর করে ডেকে এনেছিলুম। আমার ঘরে এলো, কিন্তু কোথাও মন বাধা পেলো না। হাওয়া আলোর মত সব দিক খালি পড়ে রইলো—পুরুষের যেন একটা নূতন পরিচয় পেলাম। ভাল কি মন্দ, ভেবে দেখার সময় পাই নি—হয়ত বুঝতে দেয়ী হবে।

হরেন্দ্র কহিল, এ মস্ত সাহসনা !

সাহসনা ? কেন ?

তা জানি নে।

কেহই আর কথা কহিল না, উভয়েই কেমন একপ্রকার বিমনা হইয়া রহিল।

হরেন্দ্র ইচ্ছা করিয়াই বোধ করি একটু ঘুরপথ লইয়াছিল, আশুবাবুর বাটীতে আসিয়া যখন তাহার পৌছিল তখন সম্ভ্রান্ত অনেকক্ষণ উত্তীর্ণ হইয়া গিয়াছে। খবর দিয়া ঘরে ঢুকিবার প্রয়োজন ছিল না, কিন্তু দিন পাঁচ-ছয় হরেন্দ্র আসিতে পারেন নাই বলিয়া বেয়ারাকে হুমুখে পাইয়া জিজ্ঞাসা করিল, বাবু ভাল আছেন ?

সে প্রশ্ন করিয়া কহিল, হাঁ ভালই আছেন।

তাঁর ঘরেই আছেন ?

না, উপরের সামনের ঘরে বসে সবাই গল্প করছেন।

সিঁড়িতে উঠিতে উঠিতে কমল জিজ্ঞাসা করিল, সবাইটা কারা ?

হরেন্দ্র কহিল, বৌদি—আর বোধ হয় কেউ—কি জানি।

পর্দা সরাইয়া ঘরে ঢুকিয়া দুইজনেই একটু আশ্চর্য হইল। এসেঙ্গ ও চুরটের কড়া গন্ধ একত্রে মিশিয়া ঘরের বাতাস ভারী হইয়া উঠিয়াছে। নীলিমা উপস্থিত নাই, আশুবাবু বড় চেয়ারের হাতলে দুই পা ছড়াইয়া চুরট টানিতেছেন এবং অদূরে সোফার উপরে সোজা হইয়া বসিয়া একজন অপরিচিতা মহিলা। ঘরের কড়া আবহাওয়ার মত কড়া ভাব—বাঙালীর মেয়ে, কিন্তু বাঙলা বলায় রুচি নাই। হয়ত অভ্যাসও নাই। হরেন্দ্র ও কমল ঘরে পা দিয়াই শুনিয়াছিল তিনি অনর্গল ইংরাজী বলিয়া যাইতেছেন।

আশুবাবু মুখ ফিরিয়া চাহিলেন। কমলের প্রতি চোখ পড়িতেই সমস্ত মুখ তাঁর আনন্দে উজ্জ্বল হইয়া উঠিল। বোধ করি একবার উঠিয়া বসিবার চেষ্টাও করিলেন, কিন্তু হঠাৎ পারিয়া উঠিলেন না। মুখের চুরটটা ফেলিয়া দিয়া শুধু বলিলেন, এসো কমল, এসো। অপরিচিতা রমণীকে নির্দেশ করিয়া কহিলেন, ইনি আমার একজন আত্মীয়া। পরশু এসেছেন, খুব সম্ভব এখানে কিছুদিন ধরে রাখতে পারব।

একটু থামিয়া বলিলেন, বেলা, ইনি কমল। আমার মেয়ের মত।

উভয়ে উভয়কে হাত তুলিয়া নমস্কার করিল।

হরেন্দ্র কহিল, আমি ?

ওহো—তাও ত বটে। ইনি হরেন্দ্র—প্রফেসার অক্ষয়ের পরম বন্ধু। বাকি পরিচয় যথাসময়ে হবে—চিন্তার হেতু নেই হরেন্দ্র। কমলকে ইঙ্গিতে আহ্বান করিয়া কহিলেন, কাছে এসো ত কমল, তোমার হাতখানি নিয়ে

খানিকক্ষণ চূপ করে বসি। এইজন্তে প্রাণটা বেন কিছুদিন থেকে ছট্‌কট্‌ করছিল।

কমল হাসিমুখে তাঁহার কাছে গিয়া বসিল এবং দুই হাত বাড়াইয়া তাঁহার মোটা ভারী হাতখানি কেলের উপর টানিয়া লইল।

আশুবাবু সম্মেহে জিজ্ঞাসা করিল, খেয়ে এসছো ত ?

কমল মাথা নাড়িয়া বলিল, না।

আশুবাবু ছোট্ট একটু নিঃশ্বাস ফেলিয়া কহিলেন, জেনেই বা লাভ কি ? এ বাড়ীতে খাওয়াতে পারবো না ত।

কমল চূপ করিয়া রহিল।

একুশ

বেলায় মুখের প্রতি চাহিয়া আশুবাবু একটু হাসিলেন, কহিলেন, কেমন, বর্ণনা আমার মিললো ত ? বুড়োবয়সের extravagance বলে উপহাস করা হয় নি, মানলে ত ?

মহিলাটি নির্ঝাঁকু হইয়া রহিলেন। আশুবাবু কমলের হাতখানি বাহ-করেক নাড়াচাড়া করিয়া বলিতে লাগিলেন, এই মেয়ের বাইরেটা দেখেও মানুষের যেমন আশ্চর্য লাগে, ভেতরটা দেখতে পেলে তেমনি অবাক হতে হয়। কেমন হরেন্দ্র, ঠিক নয় ?

হরেন্দ্র চূপ করিয়া রহিল ; কমল হাসিয়া জবাব দিল, এ ঠিক কিনা তাতে সন্দেহ আছে, কিন্তু কেউ যদি আপনাকে extravagant বলে তামাসা করবে থাকেন, তিনি যে বোঠিক নন তাতে সন্দেহ নেই। মাত্ৰাজ্ঞানটা আপনার এ সংসারে অচল।

ইস, তাই বইকি ? বলিয়াই আশুবাবু গম্ভীর সম্মেহের স্বরে কহিলেন, এ বাড়ীতে খাওয়াতে তোমাকে কিছুতেই পারবো না জানি, কিন্তু নিজের বাসাতে আজ কি খেলে বল ত ?

রোজ যা খাই, তাই।

তবু কি শুনিই না ? বেলা ভাবছিলেন, এও আমি বাড়িরে বলেচি।

কমল : কহিল, অর্থাৎ আমার সম্বন্ধে আমার অসাক্ষাতে অনেক আলোচনাই হয়ে গেছে ?

তা হয়েছে—অস্বীকার করবো না।

রৌপ্য পাত্রে একখানা ছোট কার্ড লইয়া বেহারা ঘরে ঢুকিল। লেখাটা সকলেরই চোখে পড়িল এবং সকলেই আশ্চর্য্য হইলেন। এ গৃহে অজিত এক-দিন বাতীর ছেলের মতই ছিল, আগ্রায় থাকিয়াও আর আসে না। হয়ত ইহাই স্বাভাবিক ; তথাপি এই না-আসার লজ্জা ও সঙ্কোচ উভয় পক্ষেই এমনিই একটা ব্যবধান সৃষ্টি করিয়াছে যে তাহার এই অপ্রত্যাশিত আগমনে শুধু আশুবাবুই নয়, উপস্থিত সকলেই একটু চমকিত হইলেন। তাঁহার মুখের 'পরে ভারী একটা উদ্বেগের ছায়া পড়িল, কহিলেন, তাঁকে এই ঘরেই নিয়ে আয়।

খানিক পরে অজিত ঘরে ঢুকিল। পরিচিত ও অপরিচিত এতগুলি লোকের উপস্থিতির সম্ভাবনা সে আশঙ্কা করে নাই।

আশুবাবু কহিলেন, বস অজিত ! ভাল আছ ?

অজিত মাথা নাড়িয়া কহিল, আজ্ঞে হাঁ। আপনার শরীরটা এখন কেমন আছে ? ভাল মনে হচ্ছে ত ?

আশুবাবু বলিলেন, অল্পখটা সেরেচে বলেই ভরসা পাচ্ছি।

পরস্পর কুশল প্রশ্নোত্তর এইখানেই থামিল। কমল না থাকিলে হয়ত আরও দুই-একটা কথা চলিতে পারিত, কিন্তু চোখাচোখি হইবার ভয়ে অজিত সেদিকে মুখ তুলিতে সাহস করিল না। মিনিট দুই-তিন সকলেই চুপ করিয়া থাকার পরে হরেন্দ্র প্রথমে কথা কহিল। জিজ্ঞাসা করিল, আপনি কি সোজা বাসা থেকেই এখন আসছেন ?

কিছু একটা বলিতে পাইয়া অজিত বাঁট্টিয়া গেল। বলিল, না, ঠিক সোজা আসতে পারি নি, আপনার সন্ধানে একটু ঘুর-পথেই আসতে হয়েছে।

আমার সন্ধানে ? প্রয়োজন ?

প্রয়োজন আমার নয়, আর একজনের। তিনি রাজেনের খোঁজে হুপুর থেকে বোধ করি বার-চারেক উঁকি মেয়ে গেলেন। বসতে বলেছিলাম। রাজী হলেন না। স্থির হয়ে অপেক্ষা করাটা হয়ত ধাতে নয় না।

হরেন্দ্র শঙ্কিত হইয়া জিজ্ঞাসা করিল, লোকটি কে ? দেখতে কেমন ? বললেন না কেন সে এখানে নেই।

অজিত কহিল, সে সংবাদ তাঁকে দিয়েছি। বোধ হয় বিশ্বাস করলেন না।

হরেন্দ্র উদ্বিগ্নমুখে উঠিয়া দাঁড়াইল এবং কমলকে বাসায় পৌঁছাইয়া দিবার ভার আশুবাবুর 'পরে দিয়া প্রস্থান করিল। সে চলিয়া গেলে আশুবাবু বলিলেন, কমল, এই রাজেন ছেলোটাকে আমি দু-তিনবারের বেশী দেখি নি—বিপদে না পড়লে তার সাক্ষাৎ মেলে না, কিন্তু মনে হয় তাকে অত্যন্ত ভালবাসি। কি যেন একটা মহামূল্য জিনিষ সে সঙ্গে নিয়ে বেড়ায়। অথচ হরেন্দ্রের মুখে শুনি সে ভারি wild—পুলিশে তাকে সন্দেহেব চোখে দেখে—ভয় হয় কোথাও কি একটা বিভ্রাট ঘটিয়ে বসবে, হয়ত খবরও একটা পাবে না—এই দেখ না হঠাৎ কোথায় যে অদৃশ্য হয়েছে কেউ খুঁজে পাচ্ছে না।

কমল প্রশ্ন করিল, হঠাৎ যদি খবর পান সে বিপদে পড়েছে, কি করেন ?

আশুবাবু বলিলেন, কি করি সে জবাব শুধু তখনই দেওয়া যায়—এখন নয়। অস্থলের সময় নীলিমা আর আমি বহু কাহিনীই তার হরেন্দ্রের কাছ থেকে শুনেছি। পরার্থে আপনাকে সত্যি ক'রে বিলিয়ে দেওয়ার স্বরূপটা যে কি—শুনতে শুনতে যেন তার ছবি দেখতে পেতাম। ভগবানের কাছে প্রার্থনা করি যেন তার কোন বিপদ না ঘটে।

প্রকাশ্যে কেহ কিছু বলিল না, কিন্তু মনে মনে সকলে বোধ হয় এ প্রার্থনায় ঝোঁগ দিল।

কমল জিজ্ঞাসা করিল, নীলিমাকে আজ ত দেখতে পেলুম না ? বোধ করি কাজে ব্যস্ত আছেন ?

আশুবাবু কহিলেন, কাজের লোক দিনরাত কাজেই ব্যস্ত থাকেন সত্যি, কিন্তু আজ শুনতে পেলাম মাথা ধরে বিছানা নিয়েছেন। শরীরটা বোধ হয় একটু বেশি রকমই খারাপ হয়েছে, নইলে এ তাঁর স্বভাব নয়। কোন মানুষই যে অবিশ্রান্ত এত সেবা, এত পরিশ্রম করতে পারে, নিজের চোখে না দেখলে বিশ্বাস করা যায় না।

কণকাল চূপ করিয়া থাকিয়া বলিলেন, অবিনাশের সঙ্গে আলাপ আশ্রায়। মাঝে মাঝে আসি যাই—কতটুকুই বা পরিচয়, অথচ আজ ভাবি সংসারে আপন-পর বলে যে একটা কথা আছে সে কত অর্থহীন। হুনিয়ায় আপন-পর কেউ নেই কমল, শ্রোতের টানে কে যে কখন কাছে আসে, আর কে যে ভেসে দূরে যায়—তার কোন হিসাব কেউ জানে না।

কথাটা যে কাহাকে উদ্দেশ্য করিয়া কিসের হুঃখে বলা হইল তাহা শুধু অপরিচিত রমণী বেলা ব্যতীত অপর দুজনেই বুঝিল। আশুবাবু কতটা যেন নিজের মনেই বলিতে লাগিলেন, এই রোগ থেকে উঠে পর্য্যন্ত সংসারে অনেক জিনিষই যেন আর একরকম চেহারায় চোখে ঠেকে। মনে হয়, কিসের জন্মই বা এত টানাটানি, এত বাঁধাবাঁধি, এত ভাল-মন্দর বাদামুবাদ—মাহুষের অনেক ভুল, অনেক ফাঁকি নিজের চারপাশে জমা করে স্বেচ্ছায় কানা হয়ে গেছে। আজও তাকে বহু যুগ ধরে অনেক অজানা সত্য আবিষ্কার করতে হবে, তবে যদি একদিন সে সত্যিকার মাহুষ হয়ে উঠতে পারে। আনন্দ ত নয়, নিরানন্দই যেন তার সভ্যতা ও ভদ্রতার চরম লক্ষ্য হয়ে উঠেছে।

কমল বিশ্বয়ে চাহিয়া রহিল। তাহার বাক্যের তাৎপর্য্য যে নিঃসংশয়ে বুঝিতেছে তাহা নয়— যেন কুয়াসার মধ্যে আগন্ধকের মুখ দেখা; কিন্তু পায়ের চলন অত্যন্ত চেনা।

আশুবাবু আপনিই থামিলেন। বোধ হয় কমলের বিস্মিত দৃষ্টি তাঁহাকে নিজের দিকে সচেতন করিল, বলিলেন, তোমার সঙ্গে আমার আরও অনেক কথা আছে কমল, আর একদিন এসো।

আসবো। আজ যাই।

এসো। গাড়ীটা নীচেই আছে, তোমাকে পৌঁছে দেবে বলেই বাসদেওকে এখনো ছুটি দিই নি। অজিত, তুমিও কেন সঙ্গে যাও না, ফেরবার পথে তোমাদের আশ্রমে তোমাকে নামিয়ে দিয়ে আসবে ?

উভয়ে তাঁহাকে নমস্কার করিয়া বাহির হইয়া আসিল। বেলা সঙ্গে সঙ্গে গাড়ীর কাছে আসিয়া কহিল, আপনার সঙ্গে আলাপ করবার আজ সময় হ'লো না, কিন্তু এবার যেদিন দেখা হবে আমি ছাড়বো না।

কমল হাসিয়া ঘাড় নাড়িয়া কহিল, সে আমার সৌভাগ্য; কিন্তু ভয় হয় পরিচয় পেয়ে না আশনার মত বদলায়।

গাড়ীর মধ্যে দুজনে পাশাপাশি বসিল। রাস্তার মোড় ফিরিলে কমল কহিল, সেদিনের রাতটাও এমনি অন্ধকার ছিল—মনে পড়ে ?

পড়ে।

সেদিনের পাগলামি ?

তাও মনে পড়ে।

আমি রাজী হয়েছিলুম সে মনে আছে ?

অজিত হাসিয়া কহিল, না ; কিন্তু আপনি যে বিক্রম করেছিলেন সে মনে আছে ।

কমল বিশ্বয় প্রকাশ করিয়া কহিল, বিক্রম করেছিলুম ? কই না !

নিশ্চয় করেছিলেন ।

কমল কহিল, তা হ'লে আপনি ভুল বুঝেছিলেন । সে যাক, আজ ত আর করচি নে—চলুন না, আজই দুজনে চলে যাই ?

দ্যুৎ । আপনি ভারি দুষ্ট ।

কমল হাসিয়া ফেলিল, কহিল, দুষ্ট কিসের ? আমার মত এমন শাস্ত স্ববোধ কে আছে বলুন ত ? হঠাৎ হুকুম করলেন, কমল চল বাই, তক্ষুনি রাজী হয়ে বললুম, চলুন ।

কিন্তু সে ত শুধু পরিহাস !

কমল বলিল, বেশ, তা না হয় পরিহাসই হ'লো, কিন্তু হঠাৎ অপরাধটা কি করেছি বলুন ত ? ডাকতেন তুমি বলে, আরম্ভ করেছেন আপনি বলতে । কত দুঃখ-কষ্টে দিন চলে—আপনাদেরই জামাকাপড় সেলাই করে কোনমতে হয়ত দুটি খেতে পাই, অথচ আপনার টাকার অবধি নেই—একটা দিনও কি খবর নিয়েছেন ? মনোরমা এ দুঃখে পড়লে কি আপনি সহ্যতেন ? দিনরাত খেটে খেটে কত রোগা হয়ে গেছি দেখুন ত ? এই বলিয়া সে নিজের ঠা হাতখানি অজিতের হাতের উপর রাখিতেই আচম্বিতে তাহার সর্কশরীর শিহরিয়া উঠিল । অক্ষুটে কি একটা বলিতে চাহিল, কিন্তু কমল সহসা হাত টানিয়া লইয়া চোঁচাইয়া উঠিল, ড্রাইভার, রোকো রোকো—এ যে পাগলা গারদের সামনে এসে পড়েচি । গাড়ী ঘুরিয়ে নাও । অন্ধকারে ঠিক ঠাওর করতে পারা যায় না ।

অজিত কহিল, হাঁ, দোষ অন্ধকারের । শুধু সান্ত্বনা এই যে হাজার অবিচারেও ও-বেচারার প্রতিবাদ করবার যো নেই । সে অধিকারে ও বঞ্চিত ।—এই বলিয়া সে একটু হাসিল । সুনিয়া কমল হাসিল, কহিল, তা বটে ; কিন্তু বিচার জিনিষটাই ত সংসারের সব নয়, এখানে অবিচারের স্থান আছে বলে আজও দুনিয়া চলচে, নইলে কোন্‌কালে সে থেমে যেতো । ড্রাইভার, থামাও ।

অজিত কবাট খুলিয়া দিতে কমল রাত্তায় নামিয়া আসিয়া কহিল, অন্ধকারেয় ওয় চেয়েও বড় অপরাধ আছে অজিতবাবু, একলা যেতে ভয় করে।

এই ইঙ্গিতে অজিত নিঃশব্দে পাশে নামিয়া দাঁড়াইতেই কমল ড্রাইভারকে বলিল, এবার তুমি বাড়ী যাও, এঁর ফিরে যেতে দেবী হবে।

সে কি কথা! অত রাত্রে এ অঞ্চলে আমি গাড়ী পাব কোথায়?

তার উপায় আমি করে দেব।

গাড়ী চলিয়া গেল। অজিত কহিল, কোন ব্যবস্থাই হবে না জানি, অন্ধকারে তিন-চার মাইল হাঁটতে হবে। অথচ আপনাকে পৌঁছে দিয়ে আমি অনায়াসে ফিরে যেতে পারতাম।

পারতেন না। কারণ আপনাকে না খাইয়ে ওই আশ্রমের অনিশ্চয়তার মধ্যে আমি যেতে দিতে পারতুম না। আহ্নন।

বাসায় দাসী আজ আলো জালিয়া অপেক্ষা করিয়া ছিল, ডাকিতেই ঘর খুলিয়া দিল। উপরে গিয়া কমল সেই সুন্দর আসনখানি পাতিয়া অজিতকে রান্নাঘরে বসিতে দিল। আয়োজন প্রস্তুত ছিল, ষ্টোভ জালিয়া রান্না চড়াইয়া দিয়া অদূরে উপবেশন করিয়া জিজ্ঞাসা করিল, এমনি আর একদিনের কথা মনে পড়ে?

নিশ্চয় পড়ে।

আচ্ছা, তার সঙ্গে আজ কোথায় তফাৎ বলতে পারেন? বলুন ত দোঁগ?

অজিত ঘরের মধ্যে ইতস্ততঃ দৃষ্টিপাত করিয়া কোনখানে কি ছিল এবং নাই—মনে করিবার চেষ্টা করিতে লাগিল।

কমল হাসিমুখে কহিল, ওদিকে সারা রাত খুঁজলেও পাবেন না। আর একদিকে সন্ধান করতে হবে।

কোনদিকে বলুন ত?

আমার দিকে।

অজিত হঠাৎ কি একপ্রকার লজ্জায় সঙ্কুচিত হইয়া গেল। আশ্চর্যে আশ্চর্যে বলিল, কোনদিনই আপনার মুখের পানে আমি খুব বেশী ক'রে চেয়ে দেখি নি। অন্য সবাই পেরেছে, শুধু আমি কি জানি কেন পেরে উঠি নি।

কমল কহিল, অপরের সঙ্গে আপনার প্রভেদ ওইখানে। তারা যে পারতো তার কারণ, তাদের দৃষ্টির মধ্যে আমার প্রতি সম্মম-বোধ ছিল না।

অজিত চূপ করিয়া রহিল। কমল বলিতে লাগিল, আমি স্থির করেছিলুম যেমন ক'রে হোক আপনাকে খুঁজে বার করবোই। আশুবাবুর বাড়ীতে আজই যে দেখা হবে এ আশা ছিল না, কিন্তু দৈবাৎ দেখা হয়ে যখন গেল, তখনই জানি ধরেনে আনবোই। খাওয়ানো একটা ছোট উপলক্ষ্য—তাই গুটা শেষ হলেই ছুটি পাবেন না—আজ রাত্রে আপনাকে আমি কোথাও যেতে দেবো না—এই বাড়ীতেই বন্ধ ক'রে রাখবো।

কিন্তু তাতে লাভ কি ?

কমল কহিল, লাভের কথা পরে বলবো, কিন্তু আমাকে 'আপনি' বললে আমি সত্যিই ব্যথা পাই। একদিন 'তুমি' বলে ডাকতেন, সেদিনও বলতে আমি সাধি নি, নিজে ইচ্ছে করেই ডেকেছিলেন। আজ সেটা বদলে দেবার মত কোনও অপরাধ করি নি। অভিমান ক'রে সাড়া যদি না দিই, আপনি নিজেও কষ্ট পাবেন।

অজিত ঘাড় নাড়িয়া বলিল, তা বোধ হয় পাবো।

কমল কহিল, বোধ হয় নয়, নিশ্চয় পাবেন। আপনি আগ্রায় এসেছিলেন মনোরমার জন্ত; কিন্তু সে যখন অমন করে চলে গেল, তখন সবাই ভাবলে আর একদণ্ডও আপনি এখানে থাকবেন না। কেবল আমি জানতুম, আপনি যেতে পারবেন না। আচ্ছা, আমিও যে আপনাকে ভালবাসি এ কথা আপনি বিশ্বাস করেন ?

না, ক'দি নে।

নিশ্চয় করেন। তাই আপনার বিরুদ্ধে আমার অনেক নালিশ আছে।

অজিত কৌতুহলী হইয়া বলিল, অনেক নালিশ ? একটা শুনি।

কমল বলিল, শোনাবো বলেই ত যেতে দিই নি। প্রথমে নিজের কথাটা বলি। উপায় নেই বলে দুঃখী-গরীবদের কাপড় সেলাই ক'রে নিজের খাওয়ার পরা চালাই—এ আমার সয়; কিন্তু দায়ে পড়েছি বলে আপনারও জামা সেলাই করার দাম নেবো—এও কি সয় ?

কিন্তু তুমি ত কারও দান নাও না !

না, দান আমি কারও নিই নে, এমন কি আপনারও না; কিন্তু দান করা ছাড়া দেবার কি সংসারে আর কোন পথ খোলা নেই ? কেন এসে জেয়ার ক'রে বললেন না, কমল, এ কাজ তোমাকে আমি করতে দেবো না। আমি

তার কি জবাব দিতুম ? আজ যদি কোন দুৰ্বিপাকে আমার খেটে খাবার শক্তি যায়, আপনি বেঁচে থাকতে কি আমি পথে পথে ভিক্ষে করে বেড়াবো ?

কথাটার ব্যাখ্যা তাহাকে ব্যাকুল করিয়া দিল। অজিত বলিল, এমন হতেই পারে না কমল, আমি বেঁচে থাকতে এ অসম্ভব। তোমার সম্বন্ধে আমি একটা দিনও এমন করে ভেবে দেখি নি। এখনো যেন বিশ্বাস হতে চায় না যে, যে কমলকে আমরা সবাই জানি সেই তুমি।

কমল কহিল, সবাই যা ইচ্ছে জাহুক, কিন্তু আপনি কি কেবল তাদেরই একজন ? তার বেশী নয় ?

এ প্রশ্নের উত্তর আসিল না ; বোধ করি অত্যন্ত কষ্টিন বলিয়াই, এবং ইহার পরে উভয়েই নীরব হইয়া রহিল। হয়ত অপরকে প্রশ্ন করার চেষ্টা নিজেকে জিজ্ঞাসা করার প্রয়োজন দুজনেই বেশী করিয়া অনুভব করিল।

কি-ই বা রান্না, শেষ হইতে বিলম্ব হইল না। আহায়ে বসিয়া অজিত গম্ভীর হইয়া বলিল, অথচ মজা এই যে, যার মত টাকাকড়িই থাকুক—তোমার উপার্জনের অন্ন হাত পেতে না খেয়ে কারও পরিত্রাণ নেই, অথচ নিজে তুমি কারও নেবে না, কারও খাবে না। মাথা খুঁড়ে মরে গেলেও না।

কমল হাসিয়া কহিল, আপনারা খান কেন ? তা ছাড়া বদেই বা আপনি মাথা খুঁড়লেন ?

অজিত বলিল, মাথা খোঁড়বার ইচ্ছে বরাবরই হয়েছে। আর তোমার খাই শুধু তোমার জ্বরদস্তির সঙ্গে পেরে উঠিঁনে বলে। আজ আমি যদি বলি, কমল, এখন থেকে তোমার সমস্ত ভার নিলাম, উজ্জ্বলিত আর ক'বো না, তুমি তখনই হয়ত এমনি কটু কথা বলে উঠবে যে আমার মুখ দিয়ে আর দ্বিতীয় বাক্য বা'র হবে না।

কমল জিজ্ঞাসা করিল, এ কথা বলেছিলেন কোনদিন ?

মনে হয় যেন বলেছিলাম।

আর আমি শুনি নি সে কথা ?

না।

তা হ'লে শোনবার মত করে বলেন নি। হয়ত মনের মধ্যে শুধু ইচ্ছে হয়েই ছিল—মুখ দিয়ে তা প্রকাশ পায় নি।

আচ্ছা, ধর আজই যদি বলি।

তা হ'লে আমিও যদি বলি, না।

অজিত হাতের ব্যাগ নামাইয়া রাখিয়া কহিল, এই ত! তোমাকে একটা দিনও আমরা বুঝতে পারলাম না। যেদিন তাদের স্মৃখে প্রথমে দেখি, সেদিনও যেমন তোমার কথা বুঝি নি, আজও তেমনি আমাদের সকলের কাছে তুমি রহস্যই রয়ে গেলে। এইমাত্র নিজেই বললে আমার ভায় নিন—আবার তখনি বললে, না।

কমল হাসিয়া কহিল, এমনি ধারা একটা 'না' আপনি বলুন ত দেখি? বলুন ত যা খেয়েছেন আর কোনদিন খাবেন না—কেমন আপনার কথা থাকে!

অজিত কহিল, থাকবে কি ক'রে? না খাইয়ে তুমি ত ছেড়ে দেবে না।

কিন্তু এবার কমল আর হাসিল না। শাস্তভাবে বলিল, আমার ভায় নেবার সময় আজও আপনার আসে নি। যেদিন আসবে সেদিন আমার মুখ দিয়েও 'না' বেরুবে না। রাত হয়ে যাচ্ছে, আপনি খেয়ে নিন।

নিই। সেদিন কখনো আসবে কিনা বলে দিতে পার?

কমল মাথা নাড়িয়া কহিল, সে আমি পারি নে। জবাব আপনাকে নিজেই একদিন খুঁজে নিতে হবে।

সে শক্তি আমাব নেই। একদিন অনেক খুঁজেছি, কিন্তু পাই নি। জবাব তোমার কাছে পাবো এই আশা ক'রে আজ থেকে আমি হাত পেতে থাকব। এই বলিয়া অজিত নিঃশব্দে থাইতে লাগিল।

খানিক পরে কমল জিজ্ঞাসা করিল, এত জায়গা থাকতে আপনি হঠাৎ হরেরঙ্গর আশ্রমে গিয়ে উপস্থিত হলেন কেন?

অজিত কহিল, কোথাও ত থাকা চাই। তুমি নিজেই জানো আগ্রা ছেড়ে আমার যাবার যো ছিল না।

জানি তা হ'লে?

হাঁ, জানো বইকি।

আর তাই যদি সত্যি, সোজা আমার কাছে চলে এলেন না কেন?

যদি আসতাম, সত্যিই কি স্থান দিতে?

সত্যি ত আর আসেন নি? সে যাক, কিন্তু হরেরঙ্গর আশ্রমে ত কষ্টের সীমা নেই—নেই ওদের সাধনা—কিন্তু অত কষ্ট আপনার সহিল কি ক'রে?

জানি নে কি ক'রে সইল, কিন্তু আজ আর আমার ওকথা মনেও হয় না। এখন ওদেরই আমি একজন। হয়ত এই আমার ভবিষ্যতের জীবন। এতদিন চূপ করেও ছিলাম না। লোক পাঠিয়ে স্থানে স্থানে আশ্রম প্রতিষ্ঠার চেষ্টা করেছি—তিন-চারটি আশ্রমের আশাও পেয়েছি—ইচ্ছে আছে নিজেকে একবার বা'র হব।

এ পরামর্শ আপনাকে দিলে কে? হরেন্দ্র বোধ হয়?

অজিত কহিল, যদিও দিলে থাকেন নিষ্পাপ হয়েই দিয়েছেন। দেশের সর্বনাশ যারা চোখে দেখেছে—এর দারিদ্র্যের নিষ্ঠুর দুঃখ, এর ধর্মহীনতার গভীর গ্নানি, এর দৌর্বল্যের একান্ত ভীকৃত্য—

কমল বাধা দিয়া বলিল, হরেন্দ্র এসব দেখেচেন অস্বীকার করি নে, কিন্তু আপনার ত শুধু শোনা কথা। নিজের চোখে কোন কিছু দেখবার ত আজও সুযোগ পান নি।

কিন্তু এ সবই ত সত্যিই?

সত্যি নয় তা বলি নে, কিন্তু তার প্রতিকারের উপায় কি এই আশ্রম প্রতিষ্ঠা?

নয় কেন? ভারতবর্ষ বলতে ত শুধু উত্তরে হিমালয় এবং অপর তিনদিকে সমুদ্র-ঘেরা কতকটা ভূখণ্ড মাত্র নয়? এর প্রাচীন সভ্যতা, এর ধর্মের বিশিষ্টতা, এর নীতির পবিত্রতা, এর আয়-নিষ্ঠার মহিমা—এই ত ভারত, তাই ত এর নাম দেবভূমি—একে নিরতিশয় হীনতা থেকে বাচাবার তপস্যা ছাড়া আর কি কোন পথ আছে? ব্রহ্মচর্য্য ব্রতধারী নিষ্কলুষ ছেলেদের জীবনে সার্থক হবার—ধন্য হবার—

কমল বাধা দিয়া বলিয়া উঠিল, আপনার খাওয়া হয়েছে, হাত-মুখ ধুয়ে ঘরে চলুন—আর না।

তুমি খাবে না?

আমি কি দুবেলা খাই যে আজ খাব? উঠুন।

কিন্তু আশ্রমে আমাকে ত ফিরে যেতে হবে।

না, হবে না, ও-ঘরে চলুন। অনেক কথা আমার শোনবার আছে।

'আচ্ছা চলো; কিন্তু বাইরে থাকবার আমাদের বিধি নেই, যত বাদ্রিই হোক আশ্রমে আমাকে ফিরতেই হবে।

কমল বলিল, সে বিধি দীক্ষিত আশ্রমবাসীদের, আপনার জ্ঞান নয়।

কিন্তু লোকে বলবে কি ?

লোকের উল্লেখে কোনদিনই কমলের ধৈর্য্য থাকে না, কহিল, লোকেরা আপনাকে শুধু নিন্দেই করবে, রক্ষে করতে পারবে না। যে পারবে তার কাছে আপনার ভয় নেই—তাদের চেয়ে আমি ঢের বেশী আপনার। সেদিন সকলে যেতে আমাকে ডেকেছিলেন—কিন্তু পারি নি, আজ আর না পারলে আমার চলবে না—চলুন ও-ঘরে, আমাকে ভয় নেই। পুরুষের ভোগের বস্তু যারা—আমি তাদের জ্ঞাত নই। উঠুন।

এ ঘরে আসিয়া কমল সম্পূর্ণ নূতন শয্যাবস্তু দিয়া খাটের উপর পরিপাটি করিয়া বিছানা করিয়া দিল এবং নিজের জ্ঞান মেঝের উপর যেমন-তেমন গোছের আর একটা বিছানা পাতিয়া রাখিয়া বলিল, আসছি। মিনিট-দশেকের বেশী দেৱী হবে না, কিন্তু ঘুমিয়ে পড়বে না যেন।

না।

তা হ'লে ঠেলে তুলে দেব।

তার দরকার হবে না কমল, ঘুম আমার চোখ থেকে উবে গেছে।

আচ্ছা, সে পরীক্ষা পরে হবে, বলিয়া সে ঘর হইতে বাহির হইয়া গেল।

রান্নার পাত্রগুলি যথাস্থানে তুলিয়া রাখা, উচ্ছিষ্ট বাসন বারান্দায় বাহির করিয়া দেওয়া—দাসী বহুক্ৰম চলিয়া গিয়াছে, নীচে সিঁড়ির কপাট বন্ধ করা—গৃহস্থালির এমনি সব ছোটখাটো কাজ তখনো বাকি, সে-সব সারিয়া তবে তাহার ছুটি।

কমলের সযত্ন রচিত শুভ্র সুন্দর শয্যাটির 'পরে বসিয়া একাকী ঘরের মধ্যে হঠাৎ তাহার দীর্ঘনিঃশ্বাস পড়িল। বিশেষ কোন গভীর হেতু যে ছিল তাহা নয়, শুধু মনের মধ্যে একটা ভাল লাগার তৃপ্তি। হয়ত একটু কোঁতুল মিশানো, কিন্তু আগ্রহের উত্তাপ নেই—শুধু একটি শান্ত আনন্দের মধুর স্পর্শ যেন নিঃশব্দে সর্বান্ব পরিব্যাপ্ত করিয়াছে।

অজিত ধনীর সন্তান, আশ্রম বিলাসের মধ্যেই প্রতিপালিত; কিন্তু হরেক্ষর ব্রহ্মচর্যাশ্রমে ভক্তি হওয়া অবধি দৈন্ত ও আত্মনিগ্রহের স্নর্গম পথে ভারতীয় বৈশিষ্ট্যের মর্ষণপলঙ্কির একাগ্র সাধনা, এদিক হইতে দৃষ্টি তাহার অপসারিত করিয়াছিল। হঠাৎ চোখে পড়িল হৃদয় রঙের স্মৃতি দিয়া তৈরী বালিশের

ওড়ের চারিধারে ছোট ছোট গুটি-কয়েক চন্দ্রমল্লিকা ফুল। বিছানার চারদরের যে কোণটি ঝুলিয়া আছে তাহাতে সাদা রেশম দিয়া বোনা কোন একটা অজানা লতার একটুখানি ছবি। এইটুকু শিল্পকর্ম—সামান্যই ব্যাপার। কত লোকের ঘরেই ত আছে। অবসরকালে কমল নিজের হাতে সেলাই করিয়াছে। দেখিয়া অজিত মুগ্ধ হইয়া গেল। হাতে করিয়া সেইটি নাড়াচাড়া করিতেছিল, কমল বাহিরের কাজ সারিয়া ঘরে আসিয়া দাঁড়াইতে তাহার মুখের পানে চাহিয়া বলিয়া উঠিল, বাঃ—বেশ ত!

কমল একটু আশ্চর্য হইল—কি বেশ? ঐ লতাটুকু?

হাঁ, আব ঐ হলদে রঙের ফুলগুলি। তুমি নিজে করেচো, না?

কমল হাসিমুখে বলিল, চমৎকার প্রশ্ন। নিজে নয় ত কি কারিগর ডেকে তৈরি করিয়েছি? আপনার চাই ঐ রকম?

না না না—আমার চাইনে। আমি কি করব?

তাহার এই ব্যাফুল ও সলজ্জ প্রত্যাখ্যানে কমল হাসিয়া কহিল, আশ্রম নিয়ে গিয়ে শো:বন'। কেউ জিজ্ঞাসা করলে বলবেন, কমল রাত জেগে তৈরি করে দিয়েচে।

হ্যাঁ!

হ্যাঁ কেন? নিজের জন্ম এসব জিনিস কেউ তৈরি করে না, করে আর একজনের জন্ম। কষ্ট করে ঐ ফুলগুলি বে সেলাই করেছিলুম সে কি নিজে শোবো বলে? একদিন একজন আসবেই—শুধু তাইই জন্ম এসব তোলাছিল। সকালে যখন চলে যাবেন, সমস্ত আপনার সঙ্গে দেব।

এবার অজিত নিজেও হাসিল, কহিল, আচ্ছা কমল, আমি কি এতই বোকা?

কেন?

তুমি আমাকেই মনে করে এসব তৈরি করেছিলে এও বিশ্বাস করবো?

কেন করবেন না?

করবো না সত্যি নয় বলে।

কিন্তু বললে বিশ্বাস করবেন বলুন?

নিশ্চয় করবো। তোমার পরিহাসের কোন সীমা নেই—কোথাও বাধে না। সেই মোটরে বেড়াবার কথা মনে হলে আমার লজ্জার অবধি থাকে

না, সে আলাদা ; কিন্তু যা পরিহাস নয়, সে যে তুমি কোন কিছুর জন্তই মিথ্যে বলতে পারো না, এ আমি জানি ।

তা হ'লে যদি বলি বাস্তবিক পরিহাস করি নি, সত্যি কথাই বলচি, বিশ্বাস করবেন ?

নিশ্চয় করবো ।

কমল কহিল, তা যদি করেন আজ আপনাকে সত্যি কথাই বলবো । তখনো রাজেন আসে নি । অর্থাৎ আশ্রমে স্থান না পেয়ে তখনো সে আমার গৃহে আশ্রয় নেয় নি । আমরা ত সেই দশা । আপনারা সবাই যখন আমাকে স্বগায় দূর ক'রে দিলেন, এই বিদেশে কারো কাছে গিয়ে দাঁড়াবার যখন আর পথ রইলো না—সেই গভীর দুঃখের দিনের ঐ শিল্প-কাজটুকু । সেদিন ঠিক কাকে স্মরণ ক'রে যে করেছিলাম আমি কোনদিন হয়ত জানতে পারতুম না । প্রায় ভুলেই গিয়েছিলাম ; কিন্তু আজ বিছানা পাততে এসে হঠাৎ মনে হ'লো, না না, গুতে নয় । যাতে কেউ কোনদিন শুয়েছে তাতে আপনাকে আমি কোনমতে গুতে দিতে পারি নে ।

কেন পারো না ?

কি জানি, কে যেন ধাকা দিয়ে ঐ কথা বলে দিয়ে গেল ।—এই বলিয়া স্নেহকাল যৌন থাকিয়া কহিল, হঠাৎ স্মরণ হ'লো, ঐগুলি বাক্স তোলা আছে । আপনি তখন বাইরে মুখ ধুচ্ছিলেন, এখনি এসে পড়বেন, তাড়াতাড়ি খুলে এনে পাততে গিয়ে আজ প্রথম টের পেলুম সেদিন যাকে ভেবে রাত্রি জেগে ফুল-সতা-পাতা এঁকেছিলুম সে আপনি ।

অজিত কথা কহিল না । শুধু একটা আরক্ত আভা তাহার মুখের 'পরে দেখা দিয়া চক্ষের নিমিষে নিবিয়া গেল ।

কমল নিজেও কিছুক্ষণ নীরব থাকিয়া জিজ্ঞাসা করিল, চুপ ক'রে কি ভাবচেন বলুন ত ?

অজিত কহিল, শুধু চুপ করেই আছি, ভাবতে পারচি নে ।

তার কারণ ?

কারণ ? তোমার কথা শুনে আমার বৃকের ভেতর খেমন ঝড় বয়ে গেল । শুধুই ঝড়—না এলো আনন্দ, না এলো আশা !

কমল নিঃশব্দে চাহিয়া রহিল । অজিত ধীরে ধীরে বলিতে লাগিল, কমল,

একটা গল্প বলি শোনো। আমার মাকে একবার আমাদের গৃহদেবতা রাধাবল্লভ জিউর পূজোর ঘরে মূর্তি ধরে দেখা দিয়েছিলেন, তাঁর হাত থেকে খাবার নিয়ে স্নমুখে বসে খেয়েছিলেন—এ তাঁর নিজের চোখে দেখা। তবুও বাউঁর কেউ আমরা বিশ্বাস করতে পারি নি। সবাই বুঝলে এ তাঁর স্বপ্ন, কিন্তু এই অবিশ্বাসের ছুঁখ তাঁর মৃত্যুকাল পর্যন্ত যায় নি। আজ তোমার কথা শুনে আমার সেই কথা মনে পড়চে। তুমি তামাসা করো নি জানি; কিন্তু আমার মায়ের মতো তোমারো কোথাও মস্ত ভুল হয়েছে। মানুষের জীবনে এমন বহুকাল যায়, নিজের স্মরণে সে অন্ধকারেই থাকে। হয়ত হঠাৎ একদিন চোখ খোলে। আমরাও তেমনি। এতদিন পৃথিবীর কত জায়গায় ত ঘুরেছি, শুধু এই আগ্রায় এদে আমি নিজেকে দেখতে পেলাম। আমার থাকার মধ্যে আছে শুধু টাকা। বাবার দেওয়া। এ ছাড়া এমন কিছুই নিজের নেই যে, আমারও অজ্ঞাতসারে তুমি আমাকেই ভালবাসতে পার।

কমল কহিল, টাকার জন্ত ভাবনা নেই, আশ্রমবাসীরা একবার যখন সন্ধান পেয়েচে তখন সে ব্যবস্থা তারাই করবে, এই বলিয়া সে হাসিয়া কহিল, কিন্তু জন্ত সকল দিকেই যে আপনি এমন নিঃস্ব এ খবর কি ছাই আগে পেয়েচি ? তা হ'লে কি কখনো ভালবাসতে যেতুম ? তা ছাড়া, আপনার স্বভাবের ভাল-মন্দটুকু বুঝে দেখবার সময় পেলুম কই ? মনের মধ্যে ছিল শুধু একটা সন্দেহ, তার ঠিকানা পেলুম না, কেবল এই ত মিনিট-দশেক হ'লো। একলা ঘরে বিছানার স্নমুখে দাঁড়িয়ে অকস্মাৎ ঠিক খবরটি কে এসে আমার কানে কানে দিয়ে গেল।

অজিত গভীর বিস্ময়ে প্রশ্ন করিল, সত্যি বলচো মাত্র মিনিট-দশেক ? কিন্তু সত্যি হ'লে এ তো পাগলামি !

কমল বলিল, পাগলামিই ত। তাইত আপনাকে বলেছিলুম, আমাকে আর কোথাও নিয়ে চলুন। বিবাহ ক'রে ঘর-সংসার করুন এ ভিক্ষে ত চাইনি ?

অজিত অত্যন্ত কুণ্ঠিত হইল, কহিল, ভিক্ষে বলচ কেন কমল, এ ভিক্ষে চাওয়া নয়, এ তোমার ভালবাসার অধিকার ; কিন্তু অধিকারের দাবী তুমি করলে না, চাইলে শুধু তাই যা বৃদ্ধবৃদের মত স্বল্পায়ু এবং তারই মত মিথ্যে।

কমল কহিল, হতেও ত পারে এর পরমায়া কম। কিন্তু তাই বলে মিথ্যে

হবে কেন। আয়ুর দীর্ঘতাকেই যারা সত্য বলে আঁকড়ে ধরতে চায়, আমি তাদের কেউ নয়।

কিন্তু এ আনন্দের যে কোন স্থায়িত্ব নেই কমল!

না-ই থাক; কিন্তু গাছের ফুল শুকাবে বলে সুদীর্ঘস্থায়ী শোলায় ফুলের তোড়া বেঁধে যারা ফুলদানিতে সাজিয়ে রাখে, তাদের সঙ্গে আমার মতে মেলে না। আপনাকে আরও একবার ঠিক এই কথাই বলেছিলুম যে, কোন আনন্দের স্থায়িত্ব নেই। আছে শুধু তার ক্ষণস্থায়ী দিনগুলি। সেই ত মানসজীবনের চরম সঞ্চয়। তাকে বাঁধতে গেলেই সে মরে। তাই ত বিবাহের স্থায়িত্ব আছে, নেই তার আনন্দ। দুঃসহ স্থায়িত্বের মোটা দড়ি গলায় বেঁধে সে আত্মহত্যা করে মরে।

অজিতের মনে পড়িল ঠিক এই কথাই সে ইহার কাছে পূর্বে শুনিয়াছে। শুধু মুখের কথা নয়, ইহাই তাহার অন্তরের বিশ্বাস। শিবনাথ তাহাকে বিবাহ করে নাই, ফাঁকি দিয়াছে, কিন্তু এ লইয়া কমল একটা দিনের জ্ঞাও অভিযোগ করে নাই। কেন করে নাই? আজ এই প্রথম দিনের জ্ঞা অজিত নিঃসংশয়ে বুঝিল, এই ফাঁকির মধ্যে তাহার নিজেরও সায় ছিল। পৃথিবী জুড়িয়া সমস্ত মানব জাতির এই প্রাচীন ও পবিত্র অল্পষ্ঠানের প্রতি এত বড় অবজ্ঞায় অজিতের মন দিক্কারে পূর্ণ হইয়া গেল।

মুহূর্তকাল মৌন থাকিয়া কহিল, তোমার কাছে গর্ভ করা আমার সঙ্গে না, কিন্তু তোমার কাছে আর কিছুই গোপন করবো না। এঁরা বলেন, সংসারে কামিনী-কাঞ্চন ত্যাগ করাই পুরুষের সবচেয়ে বড় পুরুষার্থ। বুদ্ধির দিক দিয়ে এ আমি বিশ্বাস করি এবং এ সাধনায় সিদ্ধিলাভের চেয়ে মহত্তর কিছু নেই এ বিষয়েও আমি নিঃসংশয়। কাঞ্চন আমার যথেষ্ট আছে, তাতে লোভ নেই, কিন্তু সমস্ত জীবনে ভালবাসার আর কেউ নেই, কেউ কখনো থাকবে না, মনে হ'লে বুক যেন শুকিয়ে ওঠে। ভয় হয়, অন্তরের এ দুর্বলতা হয়ত আমি মরণকাল পর্যন্ত জয় করতে পারবো না। অদৃষ্টে তাই যদি কখনও ঘটে, আশ্রম ত্যাগ করে আমি চলে যাবো; কিন্তু তোমার আহ্বান তার চেয়েও মিথো। ও ডাকে সাড়া দিতে আমি পারবো না।

একে মিথ্যে বলচেন কেন?

মিথ্যেই ত। মনোরমা সত্যই কখনো আমাকে ভালবাসে নি তার

আচরণে বোঝা যায়, কিন্তু শিবনাথের প্রতি শিবানীর ভালবাসা ত আমি নিজের চোখেই দেখেছি। সেদিন তার যেন আর সীমা ছিল না, কিন্তু আজ তার চিহ্ন পর্য্যন্ত বিলুপ্ত হয়ে গেছে।

কমল কহিল, আজ যদি তা গিয়েই থাকে, সেদিন কি শুধু আমার ছলনাই আপনার চোখে পড়েছিল ?

অজিত বলিল, সে তুমিই জানো, কিন্তু আজ মনে হয় নারীজীবনে এর চেয়ে মিথ্যে বৃদ্ধি আর নেই।

কমলের চোখের দৃষ্টি প্রথমে হইয়া উঠিল, কহিল নারীজীবনের সত্যাসত্য নির্দেশের ভার নারীর 'পরেই থাকে। সে বিচারের দায়িত্ব পুরুষের নিয়ে কাজ নেই—মনোরমারও না, কমলেরও না। এমন করেই সংসারে চিরদিন ত্রায় বিডম্বিত, নারী অসম্মানিত এবং পুরুষের চিত্ত সন্ধীর্ণ করুণিত হয়ে গেছে। তাই এই মিথ্যে-মামলার আর নিষ্পত্তি হতে পেলো না। অবিচারে কেবল এক পক্ষই ক্ষতিগ্রস্ত হয় না অজিতবাবু, দু'পক্ষের সর্বনাশ করে। সেদিন শিবনাথ বা গেয়েছিলেন, দুনিয়ার কম পুরুষের ভাগ্যেই জোটে; কিন্তু আজ তা নেই। কেন নেই এই তর্ক তুলে পুরুষের মোটা হাতে মোটা দণ্ড ঘুরিয়ে শাসন করা চলে, কিন্তু ফিরে পাওয়া যায় না। সেদিনের খাকাটা যেমন সত্যি, আজকের না-খাকাটাও ঠিক তত বড়ই সত্যি। শঠতার ছোঁড়া-কাঁথা মুড়ে একে ঢাকা দিতে লজ্জাবোধ করেছি বলে পুরুষের বিচারে এই হ'লো নারীজীবনের সবচেয়ে বড় মিথ্যে? এই স্মৃতিচারের আশাতেই আমরা আপনাদের মুখ চেয়ে থাকি ?

অজিত উত্তর দিল, কিন্তু উপায় কি ? যা এমন রুগনস্বায়ী, এমন ভঙ্গুর, তাকে এর বেশি সম্মান মানুষে দেবে কেন ?

কমল বলিল, দেবে না জানি। আমার উঠানের ধারে যে ফুল ফোটে তার জীবন একবেলায় বেশী নয়। তার চেয়ে ওই মশলা-পেয়া নোড়াটা ঢের টিকসই, ঢের দীর্ঘস্থায়ী। সত্য যাচাই করার এর চেয়ে মজবুত মানদণ্ড আপনারা পাবেন কোথায় ?

কমল, এ যুক্তি নয়, এ শুধু তোমার রাগের কথা।

রাগ কিসের অজিতবাবু ? কেবল স্বায়িত্ব নিয়েই যাদের কারবার, তারা এমনি করেই মূল্য ধার্য করে। আমার আহ্বানে বে আপনি সাড়া দিতে

পারেন নি তার মূলেও এই সংশয়। চিরদিনের দাসখাত লিখে যে বন্ধন নেবে না, তাকে বিশ্বাস করবেন আপনি কি দিয়ে? ফুল যে বোঝে না, তার কাছে ঐ পাথরের নোড়াটাই ঢের বেশি সত্য। শুকিয়ে ঝরে যাবার শঙ্কা নেই, ওয় আয়ু একটা বেলার নয়, ও নিত্যকালের। রান্নাঘরের প্রয়োজনে ও চিরদিন রগড়ে রগড়ে মশলা পিষে দেবে—ভাত গেলবার তরকারীর উপকরণ—ওর প্রতি নির্ভর করা চলে। ও না থাকলে সংসার বিশ্বাদ হয়ে ওঠে।

অজিত তাহার মুখের দিকে চাহিয়া কহিল, এ বিদ্রূপ কিসের কমল?

কমলের কানে বোধ করি এ প্রশ্ন গেল না, সে যেন নিজের মনেই বলিতে লাগিল, মাহুষ বোঝে না যে হৃদয় বস্তুটা লোহার তৈরী নয়। অমন নিশ্চিন্ত নির্ভয়ে তাতে ভর দেওয়া চলে না। দুঃখ যে নেই তা নয়, কিন্তু এই তার ধর্ম, এই তার সত্য। অথচ এ কথা বলাও চলে না, স্বীকার করাও যায় না। এর চেয়ে বড় দুর্নীতি সংসারে আর আছে কি? তাইত কেউ ভেবেই পেলে না শিবনাথকে কি ক'রে আমি নিঃশেষে ক্ষমা করিতে পারি। কেঁদে কেঁদে যৌবনে যোগিনী হওয়াটা তাঁরা বুঝতেন, কিন্তু এ তাঁদের সইল না। অরুচি ও অবহেলায় সমস্ত মন তাঁদের তেতো হয়ে গেল। গাছের পাতা শুকিয়ে ঝরে যায়, তার ক্ষত নূতন পাতায় পূর্ণ ক'রে তোলে। এই হ'লো মিথ্যে, আর বাইরের শুকনা লতা মরে গিয়েও গাছেব সর্বদা জড়িয়ে কামড়ে এঁটে থাকে, সেই হ'লো সত্য?

অজিত একমনে গুণিতেছিল, শেষ হইলে সহসা একটা দীর্ঘশ্বাস ত্যাগ করিয়া কহিল, একটা কথা আমরা প্রায় ভুলে যাই যে আসলে তুমি আমাদের আপনার নয়। তোমার রক্ত, তোমার সংস্কার, তোমার সমস্ত শিক্ষা বিদেশের। তার প্রচণ্ড সংঘাত তুমি কিছুতে কাটিয়ে উঠতে পারো না, এবং এখানেই আমাদের গঞ্জে তোমার অহরহ ধাক্কা লাগে। রাত অনেক হ'লো কমল, নিষ্ফল কলহ বন্ধ করো—এ আদর্শ তোমার জন্ম নয়।

কোন আদর্শ—আপনার ব্রহ্মচার্য আশ্রমের?

অজিত ধোঁচা খাইয়া মনে মনে রাগ করিল, কহিল, বেশ তাই; কিন্তু এ গূঢ়তত্ত্ব বিদেশীদের জন্ম নয়। এ তুমি বুঝবে না।

আপনার সাগরেদি করলেও পারবো না?

না।

এবার কমল হাসিয়া উঠিল। যেন সে মানুষ আর নয়। কহিল, আচ্ছা, বলুন ত কি হলে ঐ সাধুদের আড্ডা থেকে আপনার নাম কাটিয়ে দিতে পারি ? বাস্তবিক, ঐ আশ্রমটা হয়েছে যেন আমার চক্ষুশূল।

অজিত বিছানায় শুইয়া পড়িয়া বলিল, রাজেনকে ডেকে এনে তুমি অনায়াসে আশ্রয় দিলে—তোমার কিছুই বোধ হয় মনে হ'লো না, না ?

কি আবার মনে হবে ?

এসব বোধ করি তুমি গ্রাহ্যই কর না ?

কি গ্রাহ্য করি নে, আপনাদের লতামত ? না।

নিজের সম্বন্ধেও বোধ করি কখনো ভয় কর না ?

কমল বলিল, কখনো করি নে তা বলতে পারি নে, কিন্তু ব্রহ্মচারীকে ভয় किसের ?

হুঁ, বলিয়া অজিত চপ করিয়া রহিল।

হঠাৎ একসময়ে বলিয়া উঠিল, কেঁচো মাটির নীচে জঙ্ককারে থাকে, সে জানে বাইরের আলোতে বার হ'লে তার রক্ষে নেই—তাকে গিলে খাবার মুখ হা ক'রে আছে। লুকানো ছাড়া আত্মরক্ষার কোন উপায় সে জানে না। কিন্তু তুমি জানো মানুষ কেঁচো নয়, এমন কি মেয়েমানুষ হলেও না। শাস্ত্রে আছে, নিজের স্বরূপটিকে জানতে পারাই পরম শক্তি—এই জানাটাই তোমার আসল শক্তি, না কমল ?

কমল কিছুই না বলিয়া শুধু চাহিয়া রহিল।

অজিত কহিল, মেয়েরা যে বস্তুটিকে তাঁদের ইহজীবনের মণাসর্কস্ব বলে জানে, সেইখানে তোমার এমন একটি সহজ ওদাসীল্য যে, যত নিন্দেই করি, সে-ই যেন আশ্রনের বেড়ার মতো তোমাকে অন্তর্গত আগলে রাখে; গায়ে লাগবার আগেই পুড়ে ছাই হয়ে যায়। এইমাত্র আমাকে বলছিলে—পুরুষের ভোগের বস্তু যারা, তাদের জাত তুমি নও। আজ রাত্রে তোমার সঙ্গে মুখোমুখি বসে এই কথাটার মানে স্পষ্ট হয়ে আসচে। আমাদের নিন্দে-স্থখ্যাতিকে অবজ্ঞা করার সাহস যে তুমি কোথায় পাবে, তাও বুঝতে পারচি।

কমল কৃত্রিম বিস্ময়ে মুখ তুলিয়া কহিল, ব্যাপার কি অজিতবাবু, কথাগুলো যে অনেকটা জ্ঞানবানের মত শোনাচ্ছে ?

অজিত কহিল, আচ্ছা, কমল, সত্যি বলো, আমার মতামতও কি অন্য সকলের মত তোমার কাছে এমন তুচ্ছ ?

কিন্তু এ কথা জেনে আপনার হবে কি ?

কমল, নিজেকে শক্তিমান বলে আমি তোমার কাছে কোনদিন অহঙ্কার করি নি। বাস্তবিক ভিতরে ভিতরে আমি যেমন দুর্বল, তেমনি অসহায়। কোন কিছু জোর ক'রে করার সামর্থ্য নেই আমার।

কমল হাসিয়া কহিল, সে আমি আপনার নিজের চেয়েও ঢের বেশী জানি।

অজিত কহিল, আমার কি মনে হয় জানো ? মনে হয় তোমাকে পাওয়াও আমার যেমন সহজ, হারানোও তেমনি সহজ।

কমল বলিল, আমি তাও জানি।

অজিত নিজের মনে মাথা নাড়িয়া বলিল, সেই ত। তোমাকে আজ পাওয়াই ত শুধু নয়, একদিন যদি এমনি ক'রে হারাতেই হয় তখন কি হবে ?

কমল শাস্তকণ্ঠে কহিল, কিছুই হবে না, সেদিন হারানোও ঠিক এমনি সহজ হয়ে যাবে। যতদিন কাছে থাকবো আপনাকে সেই বিচ্ছেদই দিয়ে যাবো।

অজিত অন্তরে চমকিয়া উঠিল। বলিল, নিলেতে থাকতে দেখেছি, ওরা কত সহজে, কত সামান্য কারণেই না চিরদিনের মত বিচ্ছিন্ন হয়ে যায়। মনে ভাবি, কিছুই কি বাজে না ? আর এই যদি তাদের ভালবাসার পরিচয়, তারা সভ্যতার গর্ভ করে কিসের ?

কমল কহিল, অজিতবাবু, বাইরে থেকে খবরের কাগজে যত সহজ দেখেচেন, হয়ত তত সহজ নয়, কিন্তু তবুও কামনা করি নরনারীর এই পরিচয়ই যেন একদিন জগতে আলো-বাতাসের মত সহজ হয়ে যায়।

অজিত নিঃশব্দে তাহার মুখের প্রতি চাহিয়া রহিল, কথা কহিল না। তারপর ধীরে ধীরে অন্তদিকে মুখ ফিরিয়া গুইতেই তাহার কি কারণে কোথা দিয়া চোখে জল আসিয়া পড়িল।

হয়ত কমল বুকিতে পারিল। উঠিয়া আসিয়া শয্যার একপ্রান্তে বসিয়া তাহার মাথার মধ্যে হাত বুলাইয়া দিতে লাগিল, কিন্তু সান্ত্বনার একটা কথাও উচ্চারণ করিল না।

সম্মুখের খোলা জানালা দিয়া দেখা গেল পূর্বের আকাশ স্বচ্ছ হইয়া আসিয়াছে।

অজিতবাবু, ঘুমোবার বোধ করি আর সময় নেই।

না, এইবার উঠি।—বলিয়া সে চোখ মুছিয়া উঠিয়া বসিল।

বাইশ

সংসারে সাধারণের একজন মাত্র, এর বেশী দাবী আশুবাবু বোধ করি তাঁর সৃষ্টিকর্তার কাছে একদিনও করেন না। পৈতৃক বিপুল ধনসম্পদও যেমন শাস্ত আনন্দের সহিত গ্রহণ করিয়াছিলেন, বিরাট দেহভার ও আত্মযত্নে বাস্তব্যাধিটাও তেমনি সাধারণ দুঃখের মতই স্বীকার করিয়া লইয়াছিলেন। জগতের সুখ-দুঃখ যে বিধাতা তাঁহাকেই লক্ষ্য করিয়া গড়েন নাই, তাহারা স্ব স্ব নিয়মেই চলে—এ সত্য শুধু বুদ্ধি দিয়া নয়, হৃদয় দিয়া উপলব্ধি করিতেও তাঁহাকে তপস্বী করিতে হয় নাই, সহজাত সংস্কারের মতই পাইয়াছিলেন। একদিন আকস্মিক স্ত্রী-বিয়োগের দুর্ঘটনায় সমস্ত পৃথিবী যখন চোখের সম্মুখে গুরু হইয়া দেখা দিল, সেদিনও যেমন ভাগ্যদেবতাকে অজস্র দিক্কারে লালিত করেন নাই, একান্ত স্নেহের ধন মনোরমাও যেদিন তাহার সমস্ত আশা-ভরসায় আশ্রয় ধরাইয়া দিল, সেদিনও তেমনি মাথা খুঁড়িয়া কাঁদিতে বসেন নাই। ক্ষোভ ও দুঃসহ নৈরাশ্রের মাঝখানেই তাঁহার মনের মধ্যে কে যেন অত্যন্ত পরিচিত কর্তে দ্বার করিয়া বলিতে থাকিত যে, এমনিই হয়। এমনি দুঃখ বহু মানবের ভাগ্যে বহুবার ঘটিয়াছে, এমনি করিয়াই সংসার চলে। ইহার কোথাও নূতনত্ব নাই,—ইহা সৃষ্টির মতই স্প্রাচীন। উচ্ছ্বসিত শোকের তরঙ্গ তুলিয়া ইহাকেই নবীন করিয়া সংসারে পরিব্যাপ্ত করায় না আছে পৌরুষ, না আছে প্রয়োজন। তাই সর্ববিধ দুঃখই তাহাতে আপনাই শাস্ত হইয়া চারিদিকে এমন একটি স্নিগ্ধ প্রচ্ছন্নতার বেটনী সৃজন করিত যে, ভিতরে আসিলে সকলের সকল বোঝাই যেন আপনা হইতে লঘু ও অকিঞ্চিৎকর হইয়া যায়।

এইভাবে আশুবাবুর চিরদিন কাটিয়াছে। আগ্রায় আসিয়াও নানা বিপর্যয়ের মধ্যে ইহার ব্যত্যয় ঘটে নাই, অথচ এই ব্যতিক্রমটুকুই চোখে

পড়িতে লাগিল আজকাল অনেকেই। হঠাৎ দেখা যায় তাঁহার আচরণে ধৈর্যের অভাব বহু স্থলেই, যেন চাপা পড়িতে চাহে না, মনে হয় আলাপ-আলোচনা অকারণে রূঢ়তার যার ঘেঁষিয়া আসে, মন্তব্য-প্রকাশের অহেতুক তীক্ষ্ণতা চাকরবাকরদের কানে অদ্ভুত শুনায়—কিন্তু কেন যে এমন ঘটতেছে তাহাও ভাবিয়া পাওয়া দুষ্কর। রোগের বাড়াবাড়ির মধ্যেও এ বিকৃতি তাহাতে অবিশ্বাস্ত মনে হইত, এখন ত তিনি সারিয়া আসিতেছেন; কিন্তু হেতু যাই হোক, একটু লক্ষ্য করিলেই বুঝা যায়, তাঁহার নিভৃত চিন্ততলে যেন একটা দাহ চলিতেছে; তাহারই অগ্নিস্ফুলিঙ্গ মাঝে মাঝে বাহিরে ফাটিয়া পড়ে।

প্রকাশ করিয়া আজও বলেন নাই বটে, কিন্তু আভাস পাওয়া যায় যে, আগ্রা-বাসের দিন তাঁহার ফুরাইয়া আসিল। হয়ত আর একটুখানি সুস্থ হওয়ার বিলম্ব। তারপরে হঠাৎ যেমন একদিন আসিয়া উপস্থিত হইয়াছিলেন, তেমনি হঠাৎ আর একদিন নিঃশব্দে অন্তর্হিত হইয়া যাইবেন।

বিকেল-বেলাটায় আজকাল পদস্থ বাণালীদের অনেকেই দেখা করিয়া খোঁজ লইতে আসেন। সপত্নীক ম্যাজিষ্ট্রেটসাহেব, রায়বাহাদুর, সদর-আলা, কলেজের অধ্যাপকমণ্ডলী—নানা কারণে স্থানত্যাগের সুযোগ ষাঁহার পান নাই তাঁহার—হরেন্দ্র, অজিত এবং বাণালীপাড়ার ষাঁহার আনন্দের দিনে বহু পোলাও-মাংস উদরস্থ করিয়া গিয়াছেন, তাঁহাদের কেহ কেহ। আসে না শুধু অক্ষয়, এখানে সে নাই বলিয়া। মহামারীর সূচনাতেই সত্নীক বাড়ী গিয়াছে, বোধ হয় দেশ ঠাণ্ডা হওয়ার সংবাদ পৌঁছবার প্রতীক্ষা করিতেছে। আর আসে না কমল। সেই যে আসিয়াছিল, আর তাহার দেখা নাই।

শ্রীমন্তবাবু মজলিসি লোক, তথাপি তেমন করিয়া মজলিসে আর যোগ দিতে পারেন না, উপস্থিত থাকিলেও প্রায় নীরবে থাকেন—তাঁহার স্বাস্থ্য-হীনতা স্মরণ করিয়া লোকে সানন্দে ক্ষমা করে। একদিন যে সকল কর্তব্য মনোবশত করিত, আত্মীয় বলিয়া বেলাকে এখন তাহা করিতে হয়। আতিথেয়তার কোথাও ক্রটি ঘটে না, বাহিরের লোকে বাহির হইতে আসিয়া ইহার রসটুকুই উপভোগ ক'রে, হয়ত বা সভাশেষে পরিভূক্ত-চিত্তে এই নিরভিমান গৃহস্থামীকে মনে মনে ধন্যবাদ জানাইয়া সন্নিহনে ভাবে, অভ্যর্থনার এমন নিখুঁত ব্যবস্থা এই পীড়িত মানুষটিকে দিয়ে নিতাই কি করিয়া সম্ভবপর হয়!

সম্ভব কি করিয়াই যে হয়—এই ইতিহাসটুকুই গোপন থাকে। নীলিমা সকলের সম্মুখে বাহির হইত না, অভ্যাসও ছিল না, ভালও বাসিত না; কিন্তু অন্তরাল হইতে তাহার জাগ্রত দৃষ্টি সর্বক্ষণ এই গ্রহের সর্বত্রই পরিব্যাপ্ত থাকে। তাহা যেমন নিগূঢ়, তেমনি নীরব। শিরায় সঞ্চারিত রক্তবারার ছায় এই নিঃশব্দ প্রবাহ একাকী আশ্রবাবু ভিন্ন আর বোধ করি কেহ অনুভবও করে না।

হিম-ঋতুর প্রথমার্দ্ধ প্রায় গত হইতে চলিল, কিন্তু যে কারণেই হোক, এ বৎসর শীত এখনো তেমন কড়া করিয়া পড়ে নাই। আজ কিন্তু সকাল হইতেই টিপটিপ বৃষ্টি নামিয়াছিল—বিকেলের দিকে সেটা চাপিয়া আসিল; বাহিরে কেহ যে আসিতে পারিবে এমন সম্ভাবনা রহিল না। ঘরের শার্মিষ্ঠলা অসময়েই বন্ধ হইয়াছে, আশ্রবাবু আরাম-কেদারায় তেমনি পা ছড়াইয়া একটা শাল চাপা দিয়া কি একখানা বই পড়িতেছেন; বেলা হয়ত কতকটা বিরক্তির জন্তই বলিয়া বসিল, এ শোভাদেশের সবই উর্ধ্বো। কিছুকাল আগে এ অঞ্চলে একবার এসেছিলুম—জন কিংবা জলাই হয়ত হুদে—এই জলের জঙ্গ যে দেশে জুড়ে এত বড় হাহাকার গঠে, না এলে একখনো আমি ভাবতেও পারতুম না। তাই ভাবি, এ কঠিন দেশে লোকে ত্রাঁজমহল গড়তে গিয়েছিল কোন্ বিবেচনায় ?

নীলিমা অদূরে একটা চৌকিতে বসিয়া সেলাই করিতেছিল, মুখ না তুলিয়াই কহিল, এর কারণ কি সকলে টের পায় ? পায় না।

বেলা সরল-চিত্তে প্রশ্ন করিল, কেন ?

নীলিমা বলিল, সমস্ত বড় জিনিসই যে মানুষের হাহাকারের মধোই জন্মলাভ করে, পৃথিবীর আমোদ-আহ্লাদেই যারা মগ্ন, এ তাদের চোখে পড়বে কোথা থেকে ?

জবাবটা এমনি অভাবিতরূপে কঠোর যে শুধু বেলা নিজে নয়, আশ্রবাবু পর্যন্ত বিশ্বয়াপন্ন হইলেন। বই হইতে মুখ সরাইয়া দেখিলেন, সে তেমনি একমনে সেলাই করিয়া যাইতেছে, যেন এ কথা তাহার মুখ দিয়া একেবারেই বাহির হয় নাই।

বেলা কলহপ্রিয় রমণী নয়, এবং মোটের উপর সে স্তম্ভিত। দেখিয়াছে শুনিয়াছে অনেক এবং বয়সও বোধ করি পয়তিশের উপরের দিকেই গেছে, কিন্তু সযত্ন সতর্কতায় যৌবনের লাভণ্য আজও পশ্চিমে হেলে

পড়ে নাই—অকস্মাৎ মনে হয় বুঝি বা তেমনিই আছে। বড় উজ্জল, মুখের একটি বিশিষ্ট রূপ আছে, কিন্তু একটু লক্ষ্য করিলেই দেখা যায় স্নিগ্ধ কোমলতার অভাবে তাহাকে যেন রুদ্ধ করিয়া রাখিয়াছে। চোখের দৃষ্টি হাস্ত-কৌতুকে চপল, চঞ্চল—নিরন্তর ভাসিয়া বেড়ানোই যেন তাহার কাজ—কোথাও কোন-কিছুতে স্থির হইবার মত তাহাতে ভারও নাই, গভীর তলদেশে কোন মূলও নাই। আনন্দ-উৎসবেই তাহাকে মানায়; দুঃখের মাঝখানে হঠাৎ আসিয়া পড়িলে গৃহস্থামীকে লজ্জায় পাঁড়তে হয়।

বেলার হতবুদ্ধি ভাবটা কাটিয়া গেলে ক্ষণিকের জন্ত মুখ ক্রোধে রক্তিম হইয়া উঠিল, রাগ করিয়া ঝগড়া করিতে তাহার শিক্ষা ও সৌজন্যে বাধে, সে আপনাকে সত্বরণ করিয়া কহিল, আমাকে কটাক্ষ ক'রে কোন লাভ নাই। শুধু অনধিকার চর্চা বলেই নয়, হাহাকার ক'রে বেড়ানো যত উচ্চাঙ্গের ব্যাপারই হোক, সে আমি পারি নে এবং তার থেকে কোন অভিজ্ঞতা সঞ্চয় করতেও আমি অক্ষম। আমার আত্মসম্মানবোধ বজায় থাক, তার বড় আমি কিছু চাই নে।

নীলিমা কাজ করিতেই লাগিল, জবাব দিল না।

আশুবাবু অন্তরে ক্ষুব্ধ হইয়াছিলেন, কিন্তু আর না বাড়ে এই ভয়ে ব্যস্ত হইয়া বলিলেন, না, না, তোমাকে কটাক্ষ নয় বেলা, কথাটা নিশ্চয়ই উনি সাধারণভাবেই বলেছেন। নীলিমার স্বভাব জানি, এমন হতেই পারে না—কখনো পারে না তা বলচি।

বেলা সংক্ষেপে শুধু কহিল, না হলেই ভালো। এতদিন একসঙ্গে আছি, এ ত আমি ভাবতেই পারতুম না।

নীলিমা হাঁ-না একটা উত্তরও দিল না, যেন ঘরে কেহ নাই এমনিভাবে নিজের মনে সেলাই করিয়া যাইতে লাগিল। গৃহ সম্পূর্ণ নিস্তব্ধ হইয়া রহিল।

বেলার জীবনের একটু ইতিহাস আছে, এইখানে সেটা বলা আবশ্যিক। তাহার পিতা ছিলেন আইন-ব্যবসায়ী, কিন্তু ব্যবসায়ে যশ বা অর্থ কোনটাই আয়ত্ত করিতে পারেন নাই। ধর্মমত কি ছিল কেহ জানে না; সমাজের দিক দিয়াও হিন্দু, ব্রাহ্ম, খ্রীষ্টান কোন সমাজই মানিয়া চলিতেন না। মেয়েকে অত্যন্ত ভালবাসিতেন এবং সামর্থ্যের অতিরিক্ত ব্যয় করিয়া শিক্ষা দিবার চেষ্টাই করিয়াছিলেন। সে চেষ্টা সম্পূর্ণ নিষ্ফল হয় নাই তাহা পূর্বেই

বলিয়াছি। বেলা নামটি সখ করিয়া তাঁহারই দেওয়া। সমাজ না মানিলেও দল একটা ছিল। বেলা সুন্দরী ও শিক্ষিতা বলিয়া দলের মধ্যে নাম রটিয়া গেল, অতএব ধনী পাত্র জুটিতেও বিলম্ব হইল না। তিনিও সম্প্রতি বিলাত হইতে আইন পাশ করিয়া আসিয়াছিলেন, দিনকতক দেখাশুনা ও মন জ্ঞান-জ্ঞানির পালা চলিল, তাহার পরে বিবাহ হইল আইনমতে রেজিষ্ট্রি করিয়া। আইনের প্রতি গভীর অনুরাগের এক অঙ্ক সারা হইল। দ্বিতীয় অঙ্কে বিলাস-বাসন, একত্রে দেশভ্রমণ, আলাদা বায়ু পরিবর্তন, এমনি অনেক কিছু। উভয় পক্ষেই নানাবিধ জনরব শুনা গেল, কিন্তু আলোচনা অপ্রাসঙ্গিক; কিন্তু প্রাসঙ্গিক অংশ যেটুকু, তাহা অচিরে প্রকাশ হইয়া পড়িল। পরপক্ষ হাতে হাতে ধরা পড়িলেন এবং কঠাপক্ষ বিবাহ-বিচ্ছেদের মামলা রুজু করিতে চাহিলেন। বন্ধুমহলে আপোষের চেষ্টা হইল, কিন্তু শিক্ষিতা বেলা নরনারীর সমানাধিকার-তত্ত্বের বড় পাণ্ডা, এই অসম্মানের প্রস্তাবে সে কর্ণপাত করিল না। স্বামী বেচারী চরিত্রের দিক দিয়া যাহাই হোক, মাথায় হিসাবে মন্দ লোক ছিল না, স্ত্রীকে সে শক্তি এবং সাধ্যমত ভালই পাসিত। অপরাধ সলঙ্কে স্বীকার করিয়া আদালতের দুর্গতি হইতে নিষ্কৃত দিতে করজোড়ে প্রার্থনা করিল, কিন্তু স্ত্রী ক্ষমা করিল না। শেষে বহু দুঃখে নিষ্পত্তি একটা হইল। নগদে ও গ্রাসাচ্ছাদনে মাসিক বরাদ্দে অনেক টাকা ঘাট পাতিয়া লইয়া সে মামলার দায় হইতে রক্ষা পাইল এবং দাম্পত্যযুগে জয়লাভ করিয়া বেলা ভাঙা-স্বাস্থ্য জোড়া দিতে সিমলা, মুর্সোরি, নইনি প্রভৃতি পর্বতশৃঙ্গে সদর্পে প্রস্থান করিল। সে আজ প্রায় ছয়-সাত বৎসরের কথা। ইহার অনতিকাল পরেই তাহার পিতার মৃত্যু হয়। এই ব্যাপারে তাহার সম্মতি ত ছিলই না, বরঞ্চ অতিশয় মর্ষপীড়া ভোগ করিয়াছিলেন। আশুপাবুর পর-লোকগত পত্নীর সহিত তাঁহার কি একটা দূর সম্পর্ক ছিল; সেই সম্বন্ধেই বেলা আশুপাবুর আত্মীয়া। তাহার বিবাহ উপলক্ষেও নিমন্ত্রিত হইয়া তিনি উপস্থিত হইয়াছিলেন এবং তাহার স্বামীর সহিতও পরিচয় ঘটবার তাহার সুযোগ হইয়াছিল। এইরূপে নানা আত্মীয়তাম্বন্ধে আপনার জন বলিয়াই বেলা আগ্রায় আসিয়া উঠিয়াছিল; নিতান্ত পরের মত আসে নাই, নিরাশ্রয় হইয়াও বাড়িতে ঢুকে নাই। এ তুলনায় নীলিমার সহিত তাহার যথেষ্ট প্রভেদ।

অথচ অবস্থাটা ঠাণ্ডাইয়াছিল একেবারে অম্লরূপ। এ গৃহে কাহার স্থানে যে

কোথায় এ বিষয়ে বাটার কাহারও মনে তিলার্ক সন্দেহ ছিল না; কিন্তু হেতুও ছিল যেমন অজ্ঞাত, কর্তৃত্বও ছিল তেমনি অবিসম্বাদিত।

বহুক্ষণ মৌন থাকার পরে সেলাই প্রথম কথা কহিল, বলিল, স্পষ্ট নয় মানি, কিন্তু আমাকে দিক্কার দেবার জন্তেই যে ও-কথা নীলিমা বলেচেন, এ বিষয়ে আমার সন্দেহ নেই।

আশুবাবুর মনের মধ্যেও হয়ত সন্দেহ ছিল না, তথাপি বিশ্বয়ের কণ্ঠে জিজ্ঞাসা করিলেন, দিক্কার? দিক্কার কিসের জন্ত বেলা?

বেলা কহিল, আপনি ত সমস্তই জানেন। নিন্দে করবার লোকের সেদিনও অভাব হয়নি, আজও হবে না; কিন্তু নিজের সম্মান, সমস্ত নারী-জাতির সম্মান রাখতে সেদিনও গ্রাহ্য করিনি, আজও করবো না। নিজের মর্যাদা খুইয়ে স্বামীর ঘর করতে চাই নি বলে সেদিন ম্লানি প্রচার করেছিল মেয়েরাই সবচেয়ে বেশী; আজ তাদেরই হাত থেকে আমার নিস্তার পাওয়া সবচেয়ে কঠিন; কিন্তু অত্নায় করি নি বলে সেদিনও যেমন ভয় পাই নি, আজও তেমনি নিতন্ন। নিজের বিবেক-বুদ্ধির কাছে আমি সম্পূর্ণ খাটি।

নীলিমা সেলাই হইতে মুখ তুলিল না, কিন্তু আশ্বে আশ্বে কহিল, একদিন কমল বলেছিলেন যে, বিবেক-বুদ্ধিটাই সংসারের মস্ত বড় বস্তু নয়। বিবেকের দোহাই দিয়েই ঞ্চার-অন্টারের মীমাংসা হয় না।

আশুবাবু আশ্চর্য হইয়া কহিলেন, সে বলে নাকি?

নীলিমা কহিল, হাঁ। বলেন, ওটা শুধু নিরোধের হাতের অস্ত্র। সামনে পিছনে দুইদিকেই কাটে—ওর কোন ঠিক-ঠিকানা নেই।

আশুবাবু কহিলেন, সে বলে বনুক, ও কথা তুমি মুখে এনে না নীলিমা।

বেলা কহিল, এত বড় দুঃসাহসের কথাও ত কখনো শুনি নি।

আশুবাবু মুহূর্তকাল মৌন থাকিয়া ধীরে ধীরে কহিলেন, দুঃসাহসই বটে। তার সাহসের অস্ত নেই। আপন নিয়মে চলে; তার সব কথা সব সময়ে বোঝাও যায় না, মানাও চলে না।

বেলা কহিল, আপন নিয়মে আমিও চলি আশুবাবু। তাই বাবার নিষেধও মানতে পারি নি -- স্বামী পরিত্যাগ করলুম, কিন্তু হেঁট হতে পারলুম না।

আশুবাবু বলিলেন, গভীর পরিতাপের ব্যাপার সন্দেহ নাই, কিন্তু তোমার বাবা মত দিতে না পারলেও আমি না দিয়ে পারি নি।

বেলা কহিল, thanks, সে আমার মনে আছে আশুবাবু।

আশুবাবু কহিলেন, তার কারণ স্ত্রী-পুরুষের সমান দায়িত্ব এবং সমান অধিকার আমি সম্পূর্ণ বিশ্বাস করি। আমাদের হিন্দুসমাজের এটা যন্ত্র দোষ যে, শত অপরাধেও স্বামীর বিচারের ভয় নেই, কিন্তু তুচ্ছ দোষেও স্ত্রীকে শাস্তি দেবার তার সহস্র পথ খোলা। এ বিধি আমি কোনদিনই গ্রাহ্য বলে মেনে নিতে পারি নি। তাই বেলার বাবা যখন আমার মতামত চেয়ে চিঠি লিখেছিলেন, তখন উত্তরে এই কথাই জানিয়েছিলাম যে, জিনিষটা শোভনও নয়, স্বথেরও নয়; সে যদি তার অসচ্চারিত্র স্বামীকে সত্যই বর্জন করতে চায়, তাকে অন্তায় বলে আমি নিষেধ করতে পারবো না।

নীলিমা অকৃত্রিম বিশ্বয়ে চোখ তুলিয়া প্রশ্ন করিল, আপনি সত্যিই এই অভিমত জবাবে লিখেছিলেন?

সত্যি বইকি।

নীলিমা নিস্তর হইয়া রহিল।

সেই স্তব্ধতার সম্মুখে আশুবাবু কেমন একপ্রকার অস্বস্তি বোধ করিতে লাগিলেন, বলিলেন, এতে আশ্চর্য হবার তো কিছু নেই নীলিমা, বরঞ্চ না লিখলেই আমার পক্ষে অন্তায় হ'তো।

একটুখানি খামিয়া কহিলেন, তুমি ত কমলের একজন বড় ভক্ত; বল ত সে নিজে এ ক্ষেত্রে কি করতো? কি জবাব দিতো? তাইত সেদিন যখন ওদের দু'জনের আলাপ করিয়ে দিই, তখন এই কথাটাই জোর দিয়ে বলে-ছিলাম, কমল তোমার মত করে ভাবতে, তোমার মত সাহসের পরিচয় দিতে কেবল একাট মেথেকেই দেখেচি, সে এই বেলা।

নীলিমার দুই চক্ষু সহসা ব্যথায় ভরিয়া আসিল, কহিল, বেচারী ভদ্র-সমাজের বাইরে, লোকালয়ের বাইরে পড়ে আছে, তাকে আপনাদের টানাটানি করা কেন?

আশুবাবু ব্যস্ত হইয়া উঠিলেন, না না, টানাটানি নয়, নীলিমা, এ শুধু একটা উদাহরণ দেওয়া।

নীলিমা কহিল, ওই ত টানাটানি। এইমাত্র বলছিলেন, তার সকল কথা বোঝাও যায় না, মানাও চলে না; চলে না কিছুই, চলে কি শুধু উদাহরণ দেওয়া?

তাঁহার কথার মধ্যে দোষের কি আছে আশুবাবু ভাবিয়া পাইলেন না। ক্ষুণ্ণকণ্ঠে বলিলেন, যে জন্মই হোক, আজ তোমার মন বোধ হয় খুব খারাপ হয়ে আছে। এ সময়ে আলোচনা করা ভাল নয়।

নীলিমা এ কথা কানে তুলিল না, বলিল, সেদিন আপনি গুঁদের বিবাহ-বিচ্ছেদের মত দিয়েছিলেন এবং আজ অসঙ্কোচে কমলের দৃষ্টান্ত দিলেন। গুঁর অবস্থায় কমল কি করতো, তা সেই জানে, কিন্তু তার দৃষ্টান্ত সত্যি ক'রে অনুসরণ করতে গেলে আজ গুঁকে কুলী-মজুরের জামা সেলাই ক'রে আহার সংগ্রহ করতে হ'তো—তাও হয়ত সবদিন জুটতো না। কমল আর যাই করুক, যে স্বামীকে সে লাঞ্ছনা দিয়ে ঘৃণায় ত্যাগ করেছে, তারই দেওয়া অম্নের গ্রাস মুখে তুলে, তারই দেওয়া বস্ত্রে লজ্জা-নিবারণ করে যাঁচতে চাইতো না। নিজেকে এতখানি ছোট করার আগে সে আত্মহত্যা ক'রে মরতো।

আশুবাবু জবাব দিবেন কি, অভিভূত হইয়া পড়িলেন এবং বেলা ঠিক যেন বজ্রাহতের ঞায় নিশ্চল হইয়া রহিল। নীলিমার হাসি-তামাসা করিয়াই দিন কাটে, সকলের মুখ চাহিয়া থাকাই যে তাহার কাজ, সে যে সহসা এমন নিশ্চম হইয়া উঠিতে পারে, তুজনের কেহই তাহা উপলব্ধি করিতে পারিলেন না।

নীলিমা ক্ষণকাল স্থির থাকিয়া বলিল, আপনাদের মজলিসে আমি বসি নে, কিন্তু যাদের নিয়ে যে সকল প্রশঙ্গের আলোচনা চলে, সে আমার কানে আসে। নইলে কোন কথা হয়ত আমি বলতুম না। কমল একটা দিনের জন্মও শিবনাথের নিন্দা করে নি, একটা লোকের কাছেও তার দুঃখের নালিশ জানায় নি—কেন জানেন?

আশুবাবু বিমূঢ়ের ঞায় শুধু প্রশ্ন করিলেন, কেন?

নীলিমা কহিল, কেন তা বলা বৃথা। আপনারা বুঝতে পারবেন না। একটু খামিয়া বলিল, আশুবাবু, স্বামী-স্ত্রীর অধিকার—এ একটা অত্যন্ত স্থূণ কথা; কিন্তু তাই বলে এমন ভাববেন না যে মেয়েমানুষ আমি, মেয়েদের দাবীর প্রতিবাদ করচি। প্রতিবাদ আমি করি নে, আমি জানি এ সত্যি, কিন্তু, এ কথাও জানি সত্যবিলাসী একদল অবুঝ নরনারীর মুখে মুখে, আন্দোলনে আন্দোলনে এ সত্য এমনি ঘুলিয়ে গেছে যে, আজ একে মিথ্যে বলতেই সাপ যায়। আপনার কাছে করজোড়ে প্রার্থনা, সকলের সঙ্গে জুটে কমলকে নিয়ে আর চর্চা করবেন না।

আশুবাবু জবাব দিতে গেলেন, কিন্তু কথা বলিবার পূর্বেই সে সেলাইয়ের জিনিসপত্রগুলো তুলিরা লইয়া ঘর হইতে চলিয়া গেল।

তখন ফুক বিস্ময়ে নিঃশ্বাস ফেলিয়া শুধু বলিলেন, ও কবে কি শুনেছে জানি নে, কিন্তু আমার সবক্ষে এ অত্যন্ত অবস্থা দোষারোপ।

বাহিরে কিছুক্ষণের জগ্ন বৃষ্টি থামিয়াছিল, কিন্তু উপরে মেঘাচ্ছন্ন আকাশ ঘরের মধ্যে অসময়ে অন্ধকার সঞ্চারিত করিল। ভৃত্য আলো দিয়া গেলে তিনি চোখের সম্মুখে বইখানা আর একবার তুলিয়া ধরিলেন। ছাপার অন্ধরে মনঃসংযোগ করা সম্ভবপর নয়, জিত্ত বেলার সঙ্গে মুখোমুখি বসিয়া বাক্যালাপে প্রবৃত্ত হওয়া আরও অসম্ভব বলিয়া মনে হইল।

ভগবান দয়া করিলেন। একটা ছাতার মধ্যে সমস্ত পথ ঠেলাঠেলি করিয়া কুচ্ছুরতধারী হরেন্দ্র-অজিত বাডের বেগে আসিয়া ঘরে ঢুকিল। দুজনেই অর্ধেক ভিজিয়াছে। বলিল, বৌদি কই ?

আশুবাবু চাঁদ হাতে পাইলেন। আজিকার দিনে কেহ যে আসিয়া জুটিবে এ ভরসা তাঁহার ছিল না; সাগ্রহে উঠিয়া অভ্যর্থনা করিলেন, এসো অজিত, বসো হরেন্দ্র।

বসি। বৌদি কোথায় ?

ইস্। দুজনেই যে ভারী ভিজে গেছে দেখছি।

আজ্ঞে হাঁ। তিনি কোথায় গেলেন ?

ডেকে পাঠাচ্ছি, বলিয়া আশুবাবু একটা ছকার ছাড্‌বার উদ্যোগ করিতেই ভিতরের দিকের পর্দা সরাইয়া নীলিমা আপনি প্রবেশ করিল। তাহার হাতে দুখানি শুষ্ক বস্ত্র এবং জামা।

হরেন্দ্র কহিল, এ কি ? আপনি হাত গুণতে জানেন নাকি ?

নীলিমা বলিল, গোনাগাঁথার দরকার হয়নি ঠাকুরপো, জানালা থেকেই দেখতে পেয়েছিলুম। একটু ভাঙা ছাতির মধ্যে যেভাবে ভোমরা পরস্পরের প্রতি দরদ দেখিয়ে পথ চলছিল, সে শুধু আমি কেন, বোধ করি দেশহুঙ্ক লোকের চোখে পড়েছে।

আশুবাবু বলিলেন, একটা ছাতার মধ্যে দুজনে ? তাইতে দুজনকেই ভিজতে হয়েছে।—এই বলিয়া তিনি হাসিলেন।

নীলিমা কহিল, গুঁরা বোধ হয় সমানাধিকারত্বকে বিশ্বাসী, অহায়া করেন

না, তাই চুল চিরে ছাতি ভাগ করে পথে হাঁটছিলেন। নাও ঠাকুরপো, কাপড় ছাড়ো।—এই বলিয়া সে জামাকাপড় হরের হাতে দিল।

আশুবাবু চূপ করিয়া রহিলেন। হরের কহিল, কাপড় দিলেন দুটো, কিন্তু জামা যে একটি।

জামাটা মত্ত বড ঠাকুরপো, একটাতেই হবে, বলিয়া গম্ভীর হইয়া পাশের চৌকিটার উপবেশন করিল।

হরের বলিল, জামাটা আশুবাবুর, স্ততরাং হুজনের কেন, আরও জন-চারেকের হতে পারে, কিন্তু সে মশারির মত খাটাতে হবে, গায়ে দেওয়া চলবে না।

বেলা এতক্ষণ শুষ্ক বিষণ্ণমুখে নীরবে বসিয়াছিল, হাসি চাপিতে না পারিয়া উঠিয়া গেল এবং নীলিমাও জানালার বাহিরে চাহিয়া চূপ করিয়া রহিল।

আশুবাবু ছদ্ম-গাম্ভীৰ্য্যের সহিত কহিলেন, রোগে ভুগে আধখানি হয়ে গেছি যে হরেন, আর খুড়ো না। দেখচো না মেয়েদের কি রকম ব্যথা লাগলো। একজন সহিতে না পেরে উঠে গেলেন, আর একজন রাগে মুখ ফিরিয়ে রবেছেন।

হরের কহিল, খুঁড়িনি আশুবাবু, বিরাটের মহিমা কীর্তন করেছি। খোড়া-খুঁড়ির দুশ্ভাব শুধু আমাদের মত নরজাতিকেই বিপন্ন করে, আপনাদের স্পর্শ করতেও পারে না। অতএব চিরসুয়মান হিমাচলের গ্রাম ও-দেহ অক্ষয় হোক, মেয়েরা নিঃশব্দ হোন এবং জল-বৃষ্টির ছুঁতানাতায় ইতরজনের ভাগ্যে দৈনন্দিন মিষ্টানের বরাদ্দে আজও যেন তাদের বিন্দুমাত্র ন্যূনতা না ঘটে।

নীলিমা মুখ তুলিয়া হাসিল, কহিল, বড়দের স্তুতিবাদ ত আবহমানকাল চলে আসচে ঠাকুরপো, সেইটেই নিদ্বিষ্টধারা এবং তাতে তুমি সিদ্ধহস্ত, কিন্তু আজ একটু নিগ্নমের ব্যতিক্রম করতে হবে। আজ ছোট্টর খোসামোদ না করলে ইতরজনের ভাগ্যে মিষ্টানের অঙ্কে একেবারে শূণ্য পড়বে।

বেলা বারান্দা হইতে ফিরিয়া আসিয়া বসিল।

হরের জিজ্ঞাসা করিল, কেন বৌদি ?

গভীর স্নেহে নীলিমার চোখ সম্ভল হইয়া উঠিল, কহিল, অমন মিষ্টি কথা অনেকদিন শুনি নি ভাই, তাই শুনতে একটু লোভ হয় !

তবে আরস্ত করবো নাকি ?

আচ্ছা এখন থাক। তোমরা ও-ঘরে গিয়ে কাপড় ছাড় গে, আমি স্নান পাঠিয়ে দিচ্ছি।

কিন্তু কাপড় ছাড়া হ'লে? তারপরে?

নীলিমা সহাস্তে কহিল, তারপর চেষ্টা করে দেখি ইতরজনের ভাগ্য যদি কোথাও কিছু জোটাতে পারি।

হরেন্দ্র বলিল, কষ্ট ক'রে চেষ্টা করতে হবে না বৌদি, শুধু একবার চোখ মেলে চাইবেন। আপনার অন্নপূর্ণার দৃষ্টি যেখানে পড়বে, সেইখানেই অন্নের ভাঁড়ার উথলে যাবে! চলো অজিত, আর ভাবনা নেই, আমরা ততক্ষণ ভিজ্ঞে কাপড় ছেড়ে আসি গে।—বলিয়া সে অজিতের হাত ধরিয়া টানিতে টানিতে পাশের ঘরে প্রবেশ করিল।

তেইশ

অজিত কহিল, জল খামবার ত কোন লক্ষণ নেই।

হরেন্দ্র কহিল, না। অতএব আবার দুজনে সেই ভাঙা ছাতির মধ্যে মাথা ঠুংগে সমানাদিকার তত্ত্বের সত্যতা সপ্রমাণ করতে করতে অন্ধকারে পথ চলা এবং অবশেষে আশ্রমে পৌঁছানো। অবশ্য তার পরের ভাবনাটা নেই, এখানে তা চুকিয়ে নেওয়া গেছে, স্মরণ্য আর একবার ভিজ্ঞে কাপড় ছাড়া ও শুয়ে পড়া।

আশুবাবু ব্যগ্র হইয়া কহিলেন, তা হ'লে তোমরা দুজনে একেবারে পেট ভরেই খেয়ে নিলে না কেন?

হরেন্দ্র বলিয়া উঠিল, না না, থাক, তাতে আর কি হয়েছে, আপনি সেজ্ঞ ব্যস্ত ছবেন না আশুবাবু।

নীলিমা প্রথমটা খিল খিল করিয়া হাসিয়া উঠিল, পরে অল্পযোগের কণ্ঠে বলিল, ঠাকুরপো, কেন মিছে বোকা মানুষের উৎকণ্ঠা বাড়াও। আশুবাবুকে কহিল, উনি সন্ন্যাসী মানুষ, বৈরাগ্যপিরিতে পেকে গেছেন, স্মরণ্য খাবার দিক থেকে গুঁর ক্রটি কেউ দেখতে পাবে না। ভাবনা শুধু অজিতবাবুর জ্ঞান। এমন সংসর্গে যে উনি তাড়াতাড়ি স্থপক হয়ে উঠতে পারছেন না, সে গুঁকে আজকের পাওয়া দেখলেই ধরা যায়।

হরেন্দ্র বলিল, বোধ হয় মনের মধ্যে পাপ আছে তাই। ধরা পড়বে একদিন।

অজিত লজ্জায় আরক্ত হইয়া কহিল, আপনি কি যে বলেন হরেনবাবু!

নীলিমা ক্ষণকাল তাহার মুখের প্রতি চাহিয়া কহিল, তোর মুখে ফুল-চন্দন পড়ুক ঠাকুরপো, তাই যেন হয়। ওঁর মনের মধ্যে একটুখানি পাপ থাক, উনি ধরাই পড়ুন একদিন—আমি কালীঘাটে গিয়ে ঘটা ক'রে পূজো দেব।

তা হ'লে আয়োজন করুন।

অজিত অত্যন্ত বিরক্ত হইয়া বলিল, আপনি কি বাজে বকছেন হরেনবাবু, ভারী দিক্শী লোথ হয়।

হরেন্দ্র আর কথা কহিল না। অজিতের মুখের দিকে চাহিয়া নীলিমার কোঁতুল তীক্ষ্ণ হইয়া উঠিল, কিন্তু সেও চূপ করিয়া রহিল।

অজিতের কথাটা চাপা পড়িলে কিছুক্ষণ পরে হরেন্দ্র নীলিমাকে লক্ষ্য করিয়া বলিল, আমাদের আশ্রমের ওপর কমলের ভারী রাগ। আপনার বোধ করি মনে আছে নৌদি?

নীলিমা মাথা নাড়িয়া বলিল, আছে। এখনো তার সেই ভাব নাকি?

হরেন্দ্র কহিল, ঠিক সেই ভাব নয়, আর একটুখানি বেড়েছে, এইমাত্র প্রভেদ। পরে কহিল, শুধু আমাদের উপরেই নয়, সর্কদিধ ধর্ম প্রতিষ্ঠানের প্রতিই তার অত্যন্ত অস্বরাগ। ব্রহ্মচর্য্যই বলুন, বৈবাগ্যের কথাই বলুন, আর ঈশ্বর সম্বন্ধেই আলোচনা হোক, শোনা মাত্রই অহেতুক ভক্তি ও শ্রীতির প্রাবল্যে মগ্নিবৎ হয়ে উঠেন। মেজাজ ভাল থাকলে মূঢ়-বুড়ো-খোকাদের ছেলেখেলায় আবার কোঁতুক বোধ করতেও অপারগ হন না। চমৎকার!

বেলা চূপ করিয়াই শুনিতেছিল, কহিল, ঈশ্বরও ওঁর কাছে ছেলেখেলা? আর এঁরই সঙ্গে আমায় তুলনা বরোচ্ছিনেন, আশুবাবু?—এই বলিয়া সে পর্যায়ক্রমে সকলের মুখের দিকে চাহিল, কিন্তু কাহারও কাছে কোন উৎসাহ পাইল না। তাহার রক্ষ স্বর ইহাদের কানে গেল কিনা ঠিক বুঝা গেল না।

হরেন্দ্র বলিতে লাগিল—অথচ নিজের মধ্যে এমনি একটি নির্ঘন্ব সংঘম, নীরব নিতাচার ও নির্বিশেষ তিতিক্ষা আছে যে, দেখে বিশ্বয় লাগে! আপনার শিষ্যদের ব্যাপারটা মনে আছে আশুবাবু? সে আপনাদের কে, তবুও এত বড় অণায় সহ হ'লো না, দণ্ড দেবার আকাঙ্ক্ষায় বুকের মধ্যে যেন

আঙুন ধরে গেল; কিন্তু কমল বললে, না। তার সেদিনের মুখের চেহারা আমার স্পষ্ট মনে আছে। সে 'না'র মধ্যে বিবেচ্য নেই, জালা নেই, উপরে হাত বাড়িয়ে দান করবার শ্লাঘা নেই, ক্ষমার দস্ত নেই—দাক্ষিণ্য যেন অবিকৃত করণায় ভরা। শিবনাথ যত অত্যাচার করে থাক, আমার প্রস্তাবে কমল চমকে উঠে শুধু বললে, ছি ছি—না না, সে হয় না। অর্থাৎ একদিন যাকে সে ভালবেসেছিল, তার প্রতি নির্ধমতার হীনতা কমল ভাবতেই পারলে না এবং সকলের চোখের আড়ালে সব দোষ তার নিঃশব্দে নিঃশেষ করে মুছে ফেলে দিলে। চেষ্টা নয়, চঞ্চলতা নয়, শোকাচ্ছন্ন হা-হতাশ নয়—যেন পাহাড় থেকে জলের ধারা অবলীলাক্রমে নীচে গড়িয়ে গেল।

আশুবাবু নিঃশ্বাস ফেলিয়া কেবল বলিলেন, সত্যি কথা!

হরেন্দ্র বলিতে লাগিল, কিন্তু আমার সবচেয়ে রাগ হয় ও যখন শুধু কেবল আমার নিজের আইডিয়ালটাকেই নয়, আমাদের ধর্ম, ঐতিহ্য, রীতি, নৈতিক-অনুশাসন—সব কিছুকেই উপহাস করে উড়িয়ে দিতে চায়। বুঝি, গুর দেহের মধ্যে উৎকট বিদেশী রক্ত, মনের মধ্যে তেমনি উগ্র পরধর্মের ভাব বসে থাকে; তবুও গুর মুখের সামনে দাঁড়িয়ে জবাব দিতে পারি নে। গুর বলার মধ্যে কি যে একটা স্থানিষ্ঠিত জোরের দীপ্তি ফুটে বার হতে থাকে যে, মনে হয় যেন ও জীবনের মানে খুঁজে পেয়েছে। শিক্ষা দ্বারা নয়, অনুভব-উপলব্ধি দিয়ে নয়, যেন চোখ দিয়ে অর্থটাকে সোজা দেখতে পাচ্ছে।

আশুবাবু খুশী হইয়া বলিলেন, ঠিক এই জিনিষটি আমারও অনেকবার মনে হয়েছে। তাই গুর যেমন কথা তেমনি কাজ। ও যদি মিথ্যে বুদ্ধিও থাকে, তবু সে মিথ্যের গৌরব আছে। একটু খামিয়া বলিলেন, দেখ হরেন, এ একপ্রকার ভালই হয়েছে যে পাণ্ডুও চলে গেছে। গুকে চিরদিন আচ্ছন্ন করে থাকলে জ্ঞানের মর্যাদা থাকতো না। শূন্যের গলায় মুক্তোর মালায় মত অপরাধ হতো।

হরেন্দ্র বলিল, আবার আর একদিকে এমনি মায়া-মমতা যে, একা বৌদি ছাড়া কোন মেয়েকে তার সমান দেখি নি। দেবার যেন লক্ষ্মী! হয়ত পুরুষের চেয়ে অনেক দিকে অনেক বড় বলেই নিজেকে তাদের কাছে এমনি সামান্য করে রাখে যে সে এক আশ্চর্য ব্যাপার। মন গলে গিয়ে যেন পায়ের পড়তে চায়।

নীলিমা সহাস্তে কহিল, ঠাকুরপো, তুমি বোধ হয় পূর্বজন্মে কোন রাজরাণীর স্ততিপাঠক ছিলে, এ জন্মে তার সংস্কার ঘোচে নি। ছেলে-পড়ানো ছেড়ে এ ব্যবসা ধরলে যে ঢের সুরাহা হ'তো।

হরেন্দ্রও হাসিল, কহিল, কি করবো বৌদি, আমি সরল সোজা মানুষ, যা ভাবি তাই বলে ফেলি; কিন্তু জিজ্ঞেসা করুন দিকি অজিতবাবুকে, একুণি উনি হাতের আঙ্গিন গুটিয়ে মারতে উগ্গত হবেন। তা হোক, কিন্তু বেঁচে থাকলে দেখতে পাবেন একদিন।

অজিত ক্রুদ্ধকণ্ঠে বলিয়া উঠিল, আঃ, কি করেন হরেনবাবু! আপনার আশ্রম থেকে দেখচি চলে যেতে হবে একদিন।

হরেন্দ্র বলিল, একদিন, সে আমি জানি; কিন্তু ইতিমধ্যেয় দিন ক'টা একটু সহ করে থাকুন।

তা হ'লে বলুন আপনার যা ইচ্ছা হয়। আমি উঠে যাই।

নীলিমা বলিল, ঠাকুরপো, তোমার ব্রহ্মচর্য-আশ্রমটা ছাই তুলেই দাও নঃ ভাই। তুমি বাঁচো, ছেলেগুলোও বাঁচো।

হরেন্দ্র বলিল, ছেলেগুলো বাঁচতে পারে বৌদি, কিন্তু আমার বাঁচবার আশা নেই। অন্ততঃ অক্ষয়টা বেঁচে থাকতে নয়। সে আমাকে যমের বাড়ী রওনা ক'রে দিয়ে ছাড়বে।

আশুবাবু কহিলেন, অক্ষয়কে দেখচি তোমরা তা হ'লে ভয় করো।

আজ্ঞে, করি। বিষ খাওয়া সহজ, কিন্তু তার চিটকিরি হজম করা অসাহ্য। ইনফ্লুয়েঞ্জায় এত লোক মারা গেল, কিন্তু সে ত মরলো না। দিব্যি পাললো।

সকলেই হাসিতে লাগিলেন। নীলিমা বলিল, অক্ষয়বাবুর সঙ্গে কথা কই নে বটে, কিন্তু এবার তোমার জঞ্জো বার হয়ে তাঁর কাছে ক্ষমা ভিক্ষে চেয়ে নেবো। ভেতরে ভেতরে জলে-পুড়ে যে একেবারে কয়লা হয়ে গেলে।

হরেন্দ্র কহিল, আমরাই ধরা পড়ে গেছি বৌদি, আপনারা সব জ্বালা-পোড়ার অতীত। বিধাতা আগুন শুধু আমাদের জঞ্জাই সৃষ্টি করেছিলেন, আপনারা তার এলাকার বাইরে।

নীলিমা লজ্জায় আরক্ত হইয়া শুধু কহিল, তা নয় ত কি!

বেলা কহিল, সত্যই ত তাই।

কণকাল নীরবে কাটিল। অজিত কথা কহিল, বলিল, সেদিন ঠিক এই নিয়ে একটি চমৎকার গল্প পড়েছি। আশুবাবুর দিকে চাহিয়া জিজ্ঞাসা করিল, আপনি পড়েন নি ?

কই, মনে ত হয় না।

যে মাসিকপত্রগুলো আপনার বিলেত থেকে আসে, তারই একটাতে আছে। ফরাসী গল্পের অম্ববাদ, স্ত্রীলোকের লেখা। বোধ করি ডাক্তার। একটুখানি নিজের পরিচয় বলেছেন যে তিনি ঘোঁষন পার হয়ে সবে প্রৌঢ়ত্বে পা দিয়েছেন। এ ত হুমুখের শেল্ফেই রয়েছে, এই বলিয়া সে বইখানা পাড়িয়া আনিয়া বসিল।

আশুবাবু প্রশ্ন করিলেন, গল্পের নামটা কি ?

অজিত কহিল, নামটা একটু অদ্ভুত—“একদিন যেদিন আমি নারী ছিলাম।”

বেলা কহিল, তার মানে ? লেখিকা কি এখন পুরুষের দলে গেলেন নাকি ?

অজিত বলিল, লেখিকা হয়ত নিজের কথাই বলে গেছেন এবং হয়ত নিজে ডাক্তার বলেই নারীদেহের ক্রমশঃ বিবর্তনের যে ছবি দিয়েছেন তা স্থানে স্থানে রুচিকে আঘাত করে। যথা—

নীলিমা তাড়াতাড়ি বাধা দিয়া বলিয়া উঠিল, যথায় কাজ নেই অজিতবাবু, ও থাক।

অজিত কহিল, থাক ; কিন্তু অন্তরের, অর্থাৎ নারী-হৃদয়ের যে রূপটি এঁকেছেন তা ঠিক মধুর না হ'লেও বিষয়কর।

আশুবাবু কৌতূহলী হইয়া উঠিলেন—বেশ ত অজিত, বাদসাদ দিয়ে পড়ো না শুনি। জলও খামে নি, রাতও তেমন হয় নি।

অজিত কহিল, বাদসাদ দিয়েই পড়া চলে। গল্পটা বড়, ইচ্ছে হলে সবটা পরে পড়তে পারবেন।

বেলা কহিল, পড়ুন না শুনি। অন্ততঃ সময়টা কাটুক।

নীলিমার ইচ্ছা হইল সে উঠিয়া যায়, কিন্তু উঠিয়া যাইবার কোন হেতু না থাকায় সসঙ্কোচে বসিয়া রহিল।

বাতির সম্মুখে বসিয়া অজিত বই খুলিয়া কহিল, গোড়ায় একটু ভূমিকা

আছে, তা সংক্ষেপে বলা আবশ্যিক। এ যার আত্মকাহিনী, তিনি স্মৃতিশক্তি, স্মন্দরী এবং বড়ঘরের মেয়ে। চরিত্র নিষ্কলক কিনা গল্পে স্পষ্ট উল্লেখ নেই, কিন্তু নিঃসংশয়ে বোঝা যায়, দাগ যদিবা কোনদিন কোন ছলে লেগেও থাকে, সে যৌবনের প্রারম্ভে—সে হুদিন পূর্বে।

সেদিন তাঁকে ভালবেসেছিল অনেকে—একজন সমস্তার মীমাংসা করলে আত্মহত্যা করে এবং আর একজন চলে গেল সাগর পার হয়ে ক্যানাডায়। গেল বটে, কিন্তু আশা ছাড়তে পারলে না। দূর থেকে দয়া ভিক্ষে চেয়ে সে এত চিঠি লিখেচে যে জর্মায়ে রাখলে একখানা জাহাজ বোঝাই হতে পারতো। জ্বাবের আশা করে নি, জ্বাব পায়ও নি। তারপরে পনের বছর পরে দেখা। দেখা হতে হঠাৎ সে যেন চমকে উঠলো। ইতিমধ্যে যে পনের বছর কেটে গেছে—যাকে পঁচিশ বৎসরের যুবতী দেখে বিদেশে গিয়েছিল, তার যে বয়স আজ চল্লিশ হয়েছে এ ধারণাই যেন তাব ছিল না; কুশল প্রহ্ন অনেক হ'লো, অভিযোগ অন্ত্রযোগও কম হ'লো না; কিন্তু সেদিন দেখা হ'লে যার চোখের কোণ দিয়ে আঙুন ঠিকরে বার হ'তো, উন্নত-কামনার বন্ধাবর্ত্ত সমস্ত ইঞ্জিয়ার অবরুদ্ধ দ্বার ভেঙ্গে বাইরে আসতে চাইতো, আজ তার কোন চিহ্নই কোথাও নেই। এ যেন কবেকার এক স্বপ্ন দেখা। মেয়েদের আর সব ঠকানো যায়, এ যায় না। এইখানে গল্পের আরম্ভ। এই বলিয়া অজিত বইয়ের পাতার উপর ঝুঁকিয়া পড়িল।

আশুবাবু বাধা দিলেন, না না, ইংরিজী নয়, ইংরিজী নয়। তোমার মুখ থেকে বাংলায় গল্পের সহজ ভাবটুকু বড় মিষ্টি লাগল, তুমি এমনি করেই বাকিটুকু বধো যাও।

আমি পারবো কেন?

পারবে, পারবে। যেমন ক'রে বলে গেলে, তেমনি করেই বল।

অজিত কহিল, হরেনবাবুর মত আমার ভাষার জ্ঞান নেই; বলার দোষে যদি সমস্ত কটু হয়ে ওঠে সে আমারই অক্ষমতা।—এই বলিয়া সে কখনো বা বইয়ের প্রতি চাহিয়া, কখনো বা না চাহিয়া বলিতে লাগিল—

“মেয়েটি বাড়ী ফিরে এলো। ঐ লোকটিকে যে সে কখনো ভালবেসে-ছিল বা কোনদিন চেয়েছিল তা নয়, বরঞ্চ একাশ্র মনে চিরদিন এই প্রার্থনাই ক'রে এসেছে, ঈশ্বর যেন ঐ মানুষটিকে একদিন মোহমুক্ত করেন, এই নিষ্ফল

প্রণয়ের দাহ থেকে অব্যাহতি দান করেন। অসম্ভব বস্তুর লুক-আখাসে আর যেন না সে যন্ত্রণা পায়। দেখা গেল, এতদিনে ভগবান সেই প্রার্থনাই মঞ্জুর করেছেন। কোন কথাই হ'লো না, তবু নিঃসন্দেহে বুঝা গেল সে ক্যানাডায় কিরে যাক বা না যাক সকাতরে প্রণয়-ভিক্ষা চেয়ে আর সে নিরস্তর নিজেও দুঃখ পাবে না, তাকেও দুঃখ দেবে না। দুঃসাধ্য সমস্যার আজ শেষ মীমাংসা হয়ে গেছে। চিরদিন 'না' বলে মেয়েটি অস্বীকার করেই এসেছে, আজও তার ব্যতিক্রম হয় নি, কিন্তু সেই শেষ 'না' এলো আজ একেবারে উল্টো দিক থেকে। দুয়ের মধ্যে যে এত বড় বিভেদ ছিল, মেয়েটি স্বপ্নেও ভাবে নি। মানবের লোলুপ দৃষ্টি চিরদিন তাঁকে বিব্রত করেছে, লজ্জায় পীড়িত করেছে; আজ ঠিক সেই দিক থেকেই যদি তার মুক্তি খটে থাকে, শরীর-ধন্যবশে অবসিতপ্রায় যৌবন যদি তার পুরুষের উদ্দীপ্ত কামনা, উন্নাদ আসক্তি আজ গতিরোধ করে থাকে—অভিযোগের কি আছে? অথচ ফেরার পথে সমস্ত বিশ্ব-সংসার আজ যেন চোখে তার সম্পূর্ণ অপরিচিত মুক্তি নিয়ে দেখা দিলে। ভালবাসা নয়, আত্মার একান্ত মিলনের ব্যাকুলতা নয়—এসব অল্প কথা। বড় কথা; কিন্তু যা বড় নয়—যা রূপজ, যা অশুভ, অহৃদয়, যা অত্যন্ত ক্ষণস্থায়ী—সেই কুৎসিতের জগৎ যে নারীর অভিজাত চিন্ততলে এত বড় আসন পাতা ছিল, পুরুষের বিমুখতা যে তাকে এমন নির্ধম অপমানের মাহত করতে পারে, আজকের পূর্বে সে তার কি জানতো?

হরেন্দ্র কহিল, অজিত বেশ ত বলেন। গল্পটা খুব মন দিয়ে পড়েছেন?

মেয়েরা চুপ করিয়া শুধু চাহিয়া রহিল, কোন মন্তব্যই প্রকাশ করিল না।

আশুবাবু বলিলেন, হ্যাঁ। তারপরে অজিত?

অজিত বলিতে লাগিল, মহিলাটির অকস্মাৎ মনে পড়ে গেল যে কেবল ঐ মাগুঘটিই ত নয়, বহু লোক বহুদিন ধরে তাকে ভালবেসেছে, প্রার্থনা করেছে, সেদিন তাঁর একটুখানি হাসিমুখের একটিমাত্র কথার জগ্ন তাদের আকুলতার শেষ ছিল না। প্রতিদিনের প্রতিপদক্ষেপেই যে তারা কোন মাটি ছুঁড়ে এসে দেখা দিতো তার হিসেব মিলত না। তারাই বা আজ গেল কোথায়? কোথাও ত যায় নি, এখনো ত মাঝে মাঝে তারা চোখে পড়ে। তবে গেছে কি তার নিজের কর্তের স্বর বিগড়ে? তার হাসির রূপ বদলে? এই ত সেদিন দশ-পনের বছর, কতদিনই বা, এরই মাঝখানে কি তার সব হারালো?

আশুবাবু সহসা বলিয়া উঠিলেন, যায় নি কিছুই অজিত, হয়ত শুধু গেছে তার যৌবন—তার মা হবার শক্তিটুকু হারিয়ে।

অজিত তাঁহার প্রতি চাহিয়া বলিল, ঠিক কথা। গল্পটা আপনি পড়ে-ছিলেন ?

না।

নইলে ঠিক এই কথাটিই জানলেন কি করে ?

আশুবাবু প্রত্যুত্তরে শুধু একটুখানি হাসিলেন, কহিলেন, ছুঁমি তারপরে বল।

অজিত বলিতে লাগিল, তিনি বাড়ী ফিরে শোবার ঘরের মস্ত বড় আরশীর স্তম্ভে আলো জ্বলে দাঁড়ালেন। বাইরে যাবার পোষাক ছেড়ে রাত্রিবাসের কাপড় পরতে পরতে নিজের ছায়ায় পানে চেয়ে আজ এই প্রথম তার চোখের দৃষ্টি যেন একেবারে বদলে গেল। এমন ক'রে ধাক্কা না খেলে হয়ত এখনো চোখে পড়তো না যে নারীর যা সবচেয়ে বড় সম্পদ—আপনি যাকে বলছিলেন তার মা হবার শক্তি—সে শক্তি আজ নিভেজ, স্তান; সে আজ স্থনিশ্চিত মৃত্যুর পথে পা বাড়িয়ে দাঁড়িয়েছে। এ জীবনে আর তাকে ফিরিয়ে আনা যাবে না। তার নিশ্চতন দেহের ওপর দিয়ে অবিচ্ছিন্ন জলধারার ঝায় সে সম্পদ প্রতিদিন ব্যর্থতায় ক্ষয় হয়ে গেছে। কিন্তু এত বড় ঐশ্বর্য যে এমন স্বল্পায়, এ বার্তা পৌঁছল তার কাছে আজ শেষ বেলায়।

আশুবাবু নিঃশ্বাস ফেলিয়া কহিলেন, এমনিই হয় অজিত, এমনিই হয়। জীবনের অনেক বড় বস্তুকেই চেনা যায় শুধু তাকে হারিয়ে। তারপরে ?

অজিত বলিল, তারপরে সেই আরশীর স্তম্ভে দাঁড়িয়ে যৌবনাস্ত দেহের সূক্ষ্মতিসূক্ষ্ম বিশ্লেষণ আছে। একদিন কি ছিল এবং আজ কি হ'তে বসেছে; কিন্তু সে বিবরণ আমি বলতেও পারবো না, পড়তেও পারবো না।

নীলিমা পূর্বের মতই ব্যস্ত হইয়া বাধা দিল, না না না, অজিতবাবু ও থাক। ঐ জায়গাটা বাদ দিয়ে আপনি বলুন।

অজিত কহিল, মহিলাটি বিশ্লেষণের শেষের দিকে বলেছেন, নারীর দৈহিক সৌন্দর্যের মত সূন্দর বস্তুও যেমন সংসারে নেই, এর বিকৃতির মত অসুন্দর বস্তুও হয়ত পৃথিবীতে আর দ্বিতীয় নেই।

আশুবাবু বলিলেন, এটা কিন্তু বাড়াবাড়ি অজিত।

নীলিমা মাথা নাড়িয়া প্রতিবাদ করিল, না, একটুও বাড়াবাড়ি নয়। এ সত্য।

আশুবাবু বলিলেন, কিন্তু মেয়েটির যা বয়স তাকে ত বিকৃত্তির বয়স বলা চলে না, নীলিমা।

নীলিমা কহিল, চলে। কারণ ওত কেবলমাত্র বছর গুণে মেয়েদের হেঁচে থাকবার হিসেব নয়, এর আয়ুষ্কাল যে অত্যন্ত কম, এই কথা আর যেই ভুলুক, মেয়েদের ভুললে ত চলবে না।

অজিত ঘাড় নাড়িয়া খুশী হইয়া বলিল, ঠিক এই উত্তরটিই তিনি নিজে দিয়েছেন। বলেছেন—আজ থেকে সমাপ্তির শেষ প্রতীক্ষা করে থাকাই হবে অবশিষ্ট জীবনের একটিমাত্র সত্য। এতে সাস্থনা নেই, আনন্দ নেই, আশা নেই জানি, তবু ত উপহাসের লজ্জা থেকে বাঁচবো! ঐশ্ব্যের ভগ্নত্বূপ হয়ত আজও কোন দুর্ভাগার মনোহরণ করতে পারে, কিন্তু সে মুগ্ধতা তার পক্ষেও যেমন বিডম্বনা, আমার নিজের পক্ষেও হবে তেমনি মিথো। যে রূপের সত্যকার প্রয়োজন শেষ হয়েছে, তাকেই নানাভাবে, নানা সজ্জায় সাজিয়ে ‘শেষ হয় নি’ বলে ঠকিয়ে বেড়াতে আমি নিজেকেও পারবো না, পরকেও না।”

আর কেহ কিছু কহিল না, শুধু নীলিমা কহিল, স্বন্দর। কথাগুলি আমার ভারী স্বন্দর লাগলো, অজিতবাবু।

সকলের মত হরেন্দ্রও একমনে গুনিত্তেছিল; সে এই মধ্যয্যে খুশী হইল না, কহিল, এ আপনার ভাবাতিশ্যের উচ্ছাস বৌদি, খুব ভেবে বলা নয়। উঁচু ডালে শিমূলফুল হঠাৎ স্বন্দর ঠেকে, তবু ফুলের দরবারে তার নিমজ্জন পৌঁছায় না। রমণীর দেহ কি এমনি তুচ্ছ জিনিষ যে, এ ছাড়া আর তার কোন প্রয়োজন নেই?

নীলিমা কহিল, নেই, এ কথা ত লেখিকা বলেন নি। দুর্ভাগা মান্ধষগুলোর প্রয়োজন যে সহজে মেটে না, এ আশঙ্কা তাঁর নিজেরও ছিল। একটুখানি হাসিয়া কহিল, উচ্ছাসের কথা বলছিলে ঠাকুরপো, অক্ষয়বাবু উপস্থিত নেই, তিনি থাকলে বুঝতেন ওর আতিশ্যটা আজকাল কোন্‌দিকে চেপেছে।

হরেন্দ্র জবাব দিল, আপনি গালাগালি দিতে থাকলেই যে পচে যাবো তাও নয় বৌদি।

শুনিয়া আশুবাবু নিজেও একটু হাসিলেন, কহিলেন, বাস্তবিক হরেন, আমারও মনে হয় গল্পটিতে লেখিকা মেয়েদের রূপের সত্য্যকার প্রয়োজনকেই ইঙ্গিত করেছেন।

কিন্তু এই কি ঠিক ?

ঠিক নয়, এ কথা জগৎ-সংসারের দিকে চেয়ে মনে করা কঠিন।

হরেন্দ্র উত্তেজিত হইয়া উঠিল, বলিল, জগৎ-সংসারের দিকে চেয়ে যাই কেন না মনে করুন, মানুষের দিকে চেয়ে একে স্বীকার করা আমার পক্ষেও কঠিন। মানুষের প্রয়োজন জীবজগতের সাধারণ প্রয়োজনকে অতিক্রম করে বহুদূর চলে গেছে—তাইত সমস্ত। তার এমন বিচিত্র, এত দুর্লভ। একে চালুনিতে ছেঁকে বেছে ফেলা যায় না বলেই ত তার মধ্যাধা, আশুবাবু।

তাও বটে। গল্পের বাকীটা শুনি অজিত।

হরেন্দ্র ক্ষুব্ধ হইল, বাধা দিয়া কহিল, সে হবে না আশুবাবু, তুচ্ছতাচ্ছল্য করে উত্তরটা এড়িয়ে যেতে আপনাকে আমি দেবো না, হয় আমাকে সত্যিই স্বীকার করুন, না হয় আমার ভুলটা দেখিয়ে দিন। আপনি অনেক দেখেছেন, অনেক পড়েছেন—প্রকাণ্ড পণ্ডিত মানুষ, আপনার এই অনির্দিষ্ট টিলেঢালা কথার ফাঁক দিয়ে যে বৌদি জিতে যাবেন, সে আমার সইবে না। বলুন।

আশুবাবু হাসিমুখে কহিলেন, তুমি ব্রহ্মচারী মানুষ, রূপের বিচারে হারলে ত তোমার লজ্জা নেই হরেন।

না, সে শুনবো না।

আশুবাবু ক্ষণকাল মৌন থাকিয়া ধীরে ধীরে বলিলেন, তোমার কথা অগ্রসরণ করার জন্য কোমর বেঁধে তর্ক করতে আমার লজ্জা করে। বস্তুতঃ নারী-রূপের নিগূঢ় অর্থ অপরিষ্কৃত থাকে সেই ভাল হরেন। পুনরায় একটু-খানি চূপ করিয়া থাকিয়া বলিতে লাগিলেন, অজিতের গল্প শুনতে শুনতে আমার বহুকাল পূর্বের একটা দুঃখের কাহিনী মনে পড়েছিল। ছেলেবেলায় আমার এক ইংরেজ বন্ধু ছিলেন; তিনি একটি পোলিশ রমনীকে ভালবেসে ছিলেন। মেয়েটি ছিল অপরূপ সুন্দরী; ছাত্রীদের পিয়ানো বাজনা শিখিয়ে জীবিকানির্ভাহ করতেন। শুধু রূপে নয়, নানা গুণে গুণবতী, আমরা সবাই তাঁদের শুভকামনা করতাম। নিশ্চিত জানতাম, এঁদের বিবাহে কোথাও কোন বিঘ্ন ঘটবে না।

অজিত প্রশ্ন করিল, বিয় ঘটলো কিসে ?

আশুবাবু বলিলেন, শুধু বয়সের দিক দিয়ে । দেশ থেকে একদিন মেয়েটির মা এসে উপস্থিত হলেন, তারই মুখে কথায় কথায় হঠাৎ খবর পাওয়া গেল, কনের বয়স তখন পঁয়তাল্লিশ পার হয়ে গেছে ।

শুনিয়া সকলেই চমকিয়া উঠিল । অজিত জিজ্ঞাসা করিল, মহিলাটি কি আপনাদের কাছে বয়েস লুকিয়েছিলেন ?

আশুবাবু বলিলেন, না । আমার বিশ্বাস, জিজ্ঞাসা করলে তিনি গোপন করতেন না, সে প্রকৃতিই তাঁর ময়, কিন্তু জিজ্ঞাসা করার কথা কারও মনে উদয় হয় নি । এমনি তাঁর দেহের গঠন, এমনি মুগের স্ফুর্মাৎ শ্রী, এমনি মদুর কণ্ঠস্বর যে কিছুতেই মনে হয় নি বয়স তাঁর বিশেষ বেশী হ'তে পারে ।

বেলা কছিল, আশ্চর্য্য ! আপনাদের কারও কি চোখ ছিল না ?

ছিল বইকি ; কিন্তু জগতের সকল আশ্চর্য্যই কেবল চোখ দিয়েই ধরা যায় না । এ তারই একটা দৃষ্টান্ত ।

কিন্তু পাত্রের বয়স কত ?

তিনি আমারই সমবয়সী --তখন বোধ করি আটপাণ-উন্বাশের বেশী ছিল না ।

তারপরে ?

আশুবাবু বলিলেন, তারপরের ঘটনা খুবই সংক্ষিপ্ত । ছেলেটির সমস্ত মন এক নিমিষেই যেন এই প্রৌঢ়া রমণীর বিরুদ্ধে পায়ান হয়ে গেল । কতদিনের কথা, তবু আজও মনে পড়লে ব্যথা পাই । কত চোখের জল, কত হাঁ-জতাশ, কত আসা-যাওয়া, কত সাধাসাধি, কিন্তু সে পিতৃত্বকে মন থেকে তার বিন্দু পরিমাণও নড়ানো গেল না । এই দিবাহ্ যে অসম্ভব, এম খাইরে সে আর কিছু ভাবতেই পারলো না ।

ক্ষণকালই সকলে নীরব হইয়া রহিল । নীলিমা প্রশ্ন করিল, কিন্তু ব্যাপারটা ঠিক উন্টো হ'লে বোধ করি অসম্ভব হ'তো না ?

বোধ হয় না ।

কিন্তু ও-রকম বিবাহ কি সদের দেশে একটিও হয় না ? তেমন পুরুষ কি সে দেশে নেই ?

আশুবাবু হাসিয়া কহিলেন, আছে । অজিতের গল্পের গ্রন্থকার বোধ

করি 'দুর্ভাগ্য' বিশেষণটা বিশেষ করে সেই পুরুষদেরই স্মরণ করে লিখেছেন ; কিন্তু স্নাত্তি তো অনেক হয়ে গেল অজিত, এর শেষটা কি ?

অজিত চকিত হইয়া মুখ তুলিয়া চাহিল, কহিল, আমি আপনার গল্পের কথাই ভাবছিলাম। অত ভালবেসেও ছেলেটি কেন যে তাঁকে গ্রহণ করতে পারলে না, এত বড় সত্য বস্তুটা কোথা দিয়ে এক নিমিষে মিথ্যের মধ্যে গিয়ে দাঁড়ালো, সারাজীবন হয়ত মহিলাটি এই কথাই ভেবেছেন—একদিন বেদিন নারী ছিলুম ! নারীত্বের সত্যকার অবসান যে নারীর অজ্ঞাতসারেই কবে ঘটে, এর পূর্বে হয়ত সেই বিগত-যৌবনা নারী চিন্তাও করেন নি।

কিন্তু তোমার গল্পের শেষটা ?

অজিত শাস্তভাবে কহিল, আজ থাক। যৌবনের ঐ শেষটাই যে এখনো নিঃশেষ হয়ে যায় নি—নিজের এবং পরের কাছে মেয়েদের এই প্রতারণার করুণ-কাহিনী দিয়েই গল্পের শেষটুকু সমাপ্ত হয়েছে। সে বরঞ্চ অল্পদিন বলবো।

নীলিমা ঘাড় নাড়িয়া বলিল, না না, তার চেয়ে ওটুকু বরঞ্চ অসমাপ্ত থাক।

আশুবাবু সায় দিলেন, ব্যথার সহিত কহিসেন, বাস্তবিক এই সময়টাই মেয়েদের নিঃসঙ্গ জীবনের সবচেয়ে দুঃসময়। অসহিষ্ণু, কপট, পরছিদ্রাশ্বেষী, এমন কি নিষ্ঠুর হয়ে—তাই বোধ হয় সকল দেশেরই মাছুষে এদের—এই অবিবাহিত প্রৌঢ়া নারীদের— এড়িয়ে চলতে চায়, নীলিমা।

নীলিমা হাসিয়া কহিল, মেয়েদের বলা উচিত নয় আশুবাবু, বলা উচিত—তোমাদের মত পতি-পুত্রহীনা দুর্ভাগা মেয়েদের এড়িয়ে চলতে চায়।

আশুবাবু ইহার জবাব দিলেন না, কিন্তু ইঙ্গিতটুকু গ্রহণ করিলেন। বলিলেন, অথচ স্বামী-পুত্রে সৌভাগ্যবর্তী যারা, তাঁরা স্নেহে, প্রেমে, সৌন্দর্য্যে, মাধুর্য্যে এমন পরিপূর্ণ হয়ে ওঠেন যে, জীবনের এত বড় সঙ্কট যে কবে কোন্ পথে অতিবাহিত হয়ে যায়, টেরও পান না।

নীলিমা বলিল, ভাগ্যবর্তীদের ঈর্ষা করি নে আশুবাবু, সে প্রেরণা মনের মধ্যে আজও এসে পৌছয় নি, কিন্তু ভাগ্যদোষে যারা আমাদের মত ভবিষ্যতের সকল আশায় জলাঞ্জলি দিয়েছে, তাদের পথের নির্দেশ কোন্ দিকে, আমাকে বলে দিতে পারেন ?

আশুবাবু কিছুক্ষণ শুকভাবে বসিয়া রহিলেন, পরে কহিলেন, এর জবাবে আমি শুধু বড়দের কথাই প্রতিধ্বনি মাত্র করতে পারি নীলিমা, তার বেশী শক্তি নেই। তাঁরা বলেন, পরার্থে আপনাকে উৎসর্গ করে দিতে। সংসারে দুঃখেরও অভাব নেই, আত্ম-নিবেদনের দৃষ্টান্তেরও অভাব নেই। এসব আমিও জানি, কিন্তু এর মাঝে নারীর নিরবরুদ্ধ, কল্যাণময়, সত্যকার আনন্দ আছে কিনা, আজও আমি নিঃসংশয়ে জানি নে, নীলিমা।

হরেন্দ্র জিজ্ঞাসা করিল, এ সন্দেহ কি আপনার বরাবর ছিল ?

আশুবাবু মনে মনে যেন কুণ্ঠিত হইলেন, একটু থামিয়া বলিলেন, ঠিক স্মরণ করতে পারি নে হরেন। তখন দিন দুই-তিন হ'লো মনোরমা চলে গেছে, মন ভারতুর, দেহ বিবশ, এই চৌকিটাতেই চূপ করে পড়ে আছি, হঠাৎ দেখি কমল এসে উপস্থিত। আদর করে ডেকে কাছে বসালুম। আমার ব্যথার জায়গাটা সে সাবধানে পাশ কাটিয়ে যেতেই চাইলে, বিস্ত্র পারলে না। কথায় কথায় এই ধরণের কি একটা প্রসঙ্গ উঠে পড়লো, তখন তার তার হুঁস রইলো না। তোমরা জানোই ত তাকে, প্রাচীন যা কিছু তার 'পরেই তার প্রবল দিহৃষ্ণ। নাড়া দিয়ে ভেঙ্গে ফেলাই যেন তার Passion. মন সাংগ দিতে চায় না, চিরদিনের সংস্কার ভয়ে কাঠ হয়ে ওঠে, তবু কথা খুঁজে মেলে না, পরাভব মানতে হয়। মনে আছে সেদিনও তার কাছে মেয়েদের আত্মোৎসর্গের উল্লেখ করেছিলুম, কিন্তু কমল স্বীকার করলে না, বললে, মেয়েদের কথা আপনার চেয়ে আমি বেশী জানি। ও-প্রবৃত্তি ত তাদের পূর্ণতা থেকে আসে না, আসে শুধু শূন্যতা থেকে—ওঠে বুক খালি করে দিয়ে। ও ত স্বভাব নয়—অভাব। অভাবের আত্মোৎসর্গে আমি কাণাকড়ি বিশ্বাস করি নে, আশুবাবু। কি যে জবাব দেবো ভেবে পেলাম না, তবু বললাম, হিন্দু-সভ্যতার মর্ন্তবস্তুটির সঙ্গে তোমার পরিচয় থাকলে আজ হয়ত বুঝিয়ে দিতে পারতুম যে, ত্যাগ ও নিঃসর্জনের দীক্ষায় সিদ্ধিলাভ করাই আমাদের সবচেয়ে বড় সফলতা এবং এই পথ ধরেই আমাদের কত দিব্য মেয়েই একদিন জীবনে সর্বোত্তম সার্থকতা উপলব্ধি করে গেছেন।

কমল হেসে বললে, করতে দেগেচেন ? একটা নাম ককন ত ? সে এ রকম প্রশ্ন করবে ভাবি নি, বরঞ্চ ভেবেছিলাম কথাটা হয়ত সে মেনে নেবে। কেমনধারা যেন ঘুলিয়ে গেল—

নীলিমা বলিল, বেশ। আপনি আমার নামটা ক'রে দিলেন না কেন? মনে পড়ে নি বুঝি?

কি কঠোর পরিহাস! হরেন্দ্র ও অজিত মাথা হেঁট করিল এবং বেলা আন্ধর একদিকে মুখ ফিরাইয়া রহিল।

আশুবাবু অপ্রতিভ হইলেন, কিন্তু প্রকাশ পাইতে দিলেন না, কহিলেন, না, মনেই পড়ে নি সত্যি। চোখের সামনের জিনিষ যেমন দৃষ্টি এড়িয়ে যায়—তেমনি। তোমার নামটা করতে পারলে সত্যিই তার মস্ত জবাব হ'তো কিন্তু সে যখন মনে এলো না, তখন কমল বললে, আমাকে যে শিক্ষার খোঁটা দিলেন আশুবাবু, আপনাদের নিজের সম্বন্ধেও কি তাই বোল আনায় খাটে না? সার্থকতার যে এই ইন্ডিয়া শিশুকাল থেকে মেয়েদের মাথায় ঢুকিয়ে এসেছেন, সেই মুখস্থ-বুলিই ত তারা সদর্পে আয়ত্তি ক'রে,—ভাবে এই বুঝি সত্যি। আপনারও ঠকেন, আজ্ঞাপ্রসাদের ব্যর্থ অভিমানে তারা নিজেরাও মরে।

বলেই বললে, সহমরণের কথা ত আপনার মনে পড়া উচিত। যারা পুড়ে মরতো এবং তাদের যারা প্রাণ্তি দিতো, ছপাক্ষর দস্তই ত সেদিন এই ভেবে আকাশে গিয়ে ঠেকতো যে, বৈধব্য-জীবনের এত বড় আদর্শের দৃষ্টান্ত জগতে আর আছে কোথায়?

এর উত্তর যে কি আছে খুঁজে পেলুম না। কিন্তু সে অপেক্ষাও করলে না, নিজেই বললে, উত্তর ত নেই, দেবেন কি? একটু থেকে আমার মুখের পানে চেয়ে বললে, প্রায় সকল দেশেই এ আত্মত্যাগ কথাটার একটা বহুব্যাপ্ত ও বহুপ্রাচীন পারমার্থিক মোহ আছে, তাতে, নেশা লাগে, পরলোকের অসামান্য অবস্থা ইহলোকের সঙ্গী সামান্য বস্তুকে সমাচ্ছন্ন ক'রে দেয়, ভাবতেই দেয় না গুর মাঝে নরনারী কারও জীবনেরই শ্রেয়: আছে কিনা। সংস্কারবুদ্ধি যেন স্বতঃসিদ্ধ সত্যের মত কানে ধরে স্বীকার করিয়ে নেয়—অনেকটা ঐ সহমরণের মতই—কিন্তু আর না, আমি উঠি।

সে সত্যিই চলে যায় দেখে ব্যস্ত হয়ে বললাম, কমল, প্রচলিত নীতি এবং প্রতিষ্ঠিত সমস্ত সত্যকে অবজ্ঞায় চূর্ণ ক'রে দেওয়াই যেন তোমার ব্রত। এ শিক্ষা তোমাকে যে দিয়েছে জগতের সে কল্যাণ করে নি।

কমল বললে, আমার বাবা দিয়েছেন।

বললাম, তোমার মুখেই শুনেছি তিনি জ্ঞানী ও পণ্ডিত লোক ছিলেন। এ কথা তিনি কখনো শেখান নি যে নিঃশেষে দান ক'রেই তবে মানুষে সত্য ক'রে আপনাকে পায়? স্বৈচ্ছায় দুঃখবরণের মধ্যেই আত্মার যথার্থ প্রতিষ্ঠা।

কমল বললে, তিনি বলতেন, মানুষকে নিঃশেষে শুধে নেবার দুর্ভিক্ষি যাদের, তারাই অপরকে নিঃশেষে দান করবার দুর্কুন্দি যোগায়। দুঃখের উপলব্ধি যাদের নেই, তারাই দুঃখবরণের মহিমায় পঞ্চমুখ হয়ে ওঠে। জগতের দুর্ভিক্ষ শাসনের দুঃখ ত'ও নয়—প্রকে যেন স্বৈচ্ছায় খেতে ঘরে ডেকে আনা। অর্থহীন দৌখিন জিনিষের মত ও শুধু ছেলেখেলা; তার বড় নয়।

বিস্ময়ে হতবুদ্ধি হয়ে গেলুম। বললুম, তোমার বাবা কি তোমাকে কেবল নিছক ভোগের মন্থই দিয়ে গেছেন, এবং জগতের যা কিছু মহৎ তাকেই অশ্রদ্ধায় তাচ্ছিল্য করতে?

কমল এ অহুযোগ বোধ করি আশা করে নি, ক্ষুণ্ণ হয়ে উঠার দিলে, এ আপনার অসহিষ্ণুতার কথা, আশুবাবু। আপনি নিশ্চয় জানেন, কোন বাপই তার মেয়েকে এমন মন্ত্র দিয়ে যেতে পারেন না। আমার বাবাকে আপনি অবিচার করছেন। তিনি সাধু লোক ছিলেন।

বললুম, তুমি যা বলছো, সত্যিই এ শিক্ষা যদি তিনি দিয়ে গিয়ে থাকেন তাকে সুবিচার করাও শক্ত। মনেরমার জননীর মৃত্যুর পরে অল্প কোন দ্বীলোককে আমি যে ভালবাসতে পারি নি শুনে তুমি বলেছিলে, এ চিত্তের অক্ষমতা, এমন অক্ষমতা নিয়ে গৌরব করা চলে না। মত-পত্নীর স্বাভাবিক সম্মানকে তুমি নিষ্ফল আত্মনিগ্রহ বলে উপেক্ষার চোখে দেখেছিলে। সংঘমের কোন অর্থ-ই সেদিন তুমি দেখতে পাও নি।

কমল বললে, আজও পাই নে আশুবাবু, সংঘম যেখানে উচ্চত আক্ষালনে জীবনের আনন্দকে ম্লান ক'রে আনে। ও ত' কোন বস্তু নয়, ও একটা মনের লীলা—তাকে বাঁধার দরকার। সীমা মেনে চলাই ত সংঘম—শক্তির স্পন্দায় সংঘমের সীমাকেও ভিঙিয়ে যাওয়া সম্ভব। তখন আর তাকে সে মর্ধ্যাদা দেওয়া চলে না। অতি-সংঘম যে আর এক ধরণের অসংঘম, এ কথা কি কোন দিন ভেবে দেখেন নি আশুবাবু?

ভেবে দেখি নি সত্য। তাই চিরদিনের ভেবে আসা কথাটাই খপ্ ক'রে মনে পড়লো। বললুম, ও কেবল তোমার কথার ভোজবান্ধি! সেই ভোগের

ওকালতিতেই পরিপূর্ণ। মানুষ যতই ঝাঁকড়ে ধরে গ্রাস করে ভোগ করতে চায়, ততই সে হারায়। তার ভোগের ক্ষুধা ত মেটে না—অতৃপ্তি নিরন্তর বেড়েই চলে। তাই আমাদের শাস্ত্রকারেরা বলে গেছেন, ওপথে শাস্তি নেই, তৃপ্তি নেই, মুক্তির আশা বৃথা। তাঁরা বলেছেন, 'ন জাতু কামঃ কামনামুপ-ভোগেন শাম্যতি। ইবিষা ক্লম্ববজ্জ্বৈব ভূয় এবাভিবর্দ্ধতে।' আগুনে ঘি দিলে যেমন বেশি জ্বলে ওঠে, তেমনি উপভোগের দ্বারা কামনা বাড়ে বৈ কোনদিন কমে না।

হরেন্দ্র উদ্বিগ্ন হইয়া কহিল, তার কাছে শাস্ত্রবাক্য বলতে গেলেন কেন? তারপরে?

আশুবাবু কহিলেন, ঠিক তাই। শুনে হেসে উঠে বললে, শাস্ত্রে ঐ রকম আছে নাকি? থাকবেই ত। তারা জানতেন জ্ঞানের চর্চায় জ্ঞানের ইচ্ছে বাড়ে, ধর্মের সাধনায় ধর্মের পিপাসা উদ্ভরোদ্ভর বেড়ে চলে, পুণ্যের অল্পশীলনে পুণ্যলোভ ক্রমশঃ উগ্র হয়ে উঠে, মনে হয় যেন এখনো ঢের বাকী—এও ঠিক তেমনি। শাম্যতি নেই বলে এ ক্ষেত্রেও তাঁরা আক্ষেপ কবে যান নি। তাঁদের বিবেচনা ছিল।

হরেন্দ্র, অজিত, বেল! ও নীলিমা চারিজনই হাসিয়া উঠিল।

আশুবাবু বলিলেন, হাসির কথা নয়। মেয়েটার উপহাস ও বিক্রমে যেন হতবাক হয়ে গেলুম, নিজেকে সামলে নিয়ে বললুম, এ তাঁদের অভিপ্ৰায় নয়, ভোগের মধ্যে তৃপ্তি নেই, কামনার নিবৃত্তি হতে পারে না, এই ইঙ্গিতই তাঁরা করে গেছেন।

কমল একটুখানি থেমে বললে, কি জানি, এমন বাহুল্য ইঙ্গিত তাঁরা কেন করে গেলেন। এ কি হাটের মাঝখানে বসে যাত্রা শোনা, না প্রতিবেশীর গৃহের গ্রামোফোনের বাজনা যে, মাঝখানেই মনে হবে, থাক, যথেষ্ট তৃপ্তিলাভ করা গেছে—আর না। এর আসল সত্তা ত বাইরের ভোগের মধ্যে নেই—উৎস ওর জীবনের মূলে, এঁখান থেকে ও নিত্যকাল জীবনের আশা, আনন্দ ও রসের যোগান দেয়। শাস্ত্রের ধিকার ব্যর্থ হয়ে দরজায় পড়ে থাকে, তাঁকে স্পর্শ করতেও পারে না।

বললুম, তা হতে পারে কিন্তু ও যে রিপু, ওকে ত মানুষের জয় করা চাই!

কমল বললে, কিন্তু রিপু বলে গাল দিলেই ত সে ছোট হয়ে যাবে না।

প্রকৃতির পাকা দলিলে সে দখলদার—তাদের কোন্ সত্তাটা কে কবে শুধু বিদ্রোহ করেই সংসারে ওড়াতে পেরেছে? দুঃখের জালায় আত্মহত্যা করা ই ত দুঃখকে জয় করা নয়? অথচ ঐ ধরনের যুক্তির জোরেই মানুষ অকল্যাণের সিংহাসনে শাস্তির পথ হাতড়ে বেড়ায়। শাস্তিও মেলে না, স্বস্তিও ঘোচে।

শুনে মনে হ'লো ও বুঝি কেবল আমাকেই খোঁচা দিলে। এই বলিয়া তিনি ক্ষণকাল মৌন থাকিয়া কহিলেন, কি যে হ'লো মুখ দিয়ে হঠাৎ বেরিয়ে গেল—কমল, তোমার নিজের জীবনটা একবার ভেবে দেখ দিকি। কথাটা বলে ফেলে কিন্তু নিজের কানেই বিঁধলো, কারণ কটাক্ষ করার মত কিছুই ত' তার নেই—কমল নিজেও বোধ হয় আশ্চর্য হ'লো কিন্তু রং অভিমান কিছুই করলে না, শাস্ত মুখে আমার পানে চেয়ে বললে, আমি প্রতিদিনই ভেবে দেখি আশুবাবু। দুঃখ যে পাই নি তা বলিনে, কিন্তু তাকেই জীবনের শেষ সত্য বলে মেনেও নিই নি। শিবনাথের দেবার যা ছিল তিনি দিয়েছেন, আমার পাবার যা ছিল তা পেয়েছি—আনন্দের সেই ছোট ক্ষণগুলি মনের মধ্যে আমার মগ্নি-মাণিক্যের মত সঞ্চিত হয়ে আছে। নিষ্ফল চিন্তাধায়ে পুড়িয়ে তাদের ছাই করেও ফেলি নি, শুকনো ঝরণার নীচে গিয়ে ভিক্ষে দাও বলে শূন্য দুহাত পেতে দাঁড়িয়েও থাকি নি। তাঁর ভালবাসায় আয়ু যখন ফুরোলো, তাকে শাস্ত মনেই বিদায় দিলাম, আক্ষেপ ও অভিযোগের ধোঁয়ায় আকাশ কালো করে তুলতে আমার প্রবৃত্তি হ'লো না। তাই তাঁর সম্বন্ধে আমার সেদিনের আচরণ আপনাদের কাছে এমন অদ্ভুত ঠেকেছিল। আপনারা ভাবলেন, এত বড় অপরাধ কমল মাপ করলে কি করে? কিন্তু অপরাধের কথাই চেয়ে মনে এসেছিল সেদিন নিজেরই দুর্ভাগ্যের কথা।

মনে হ'লো যেন তার চোখের কোণে জল দেখা দিল। হয়ত সত্যি, হয়ত আমার ভুল, বৃকের ভেতরটা যেন ব্যথায় মুচড়ে উঠলো—এর সঙ্গে আমার প্রভেদ কতটুকু। বললুম, কমল, এমনি মগ্নি-মাণিক্যের সঙ্কর আমারও আছে—সেই ত সাত রাজার ধন—আর আমরা লোভ করতে যাবো কিসের তরে বলো ত?

কমল চুপ করে চেয়ে রইলো। জিজ্ঞাসা করলুম, এ জীবনে তুমিই কি আর কাউকে কখনো ভালবাসতে পারবে কমল? এমনি ধারা সমস্ত দেহ-মন দিয়ে তাকে গ্রহণ করতে?

কমল অবিচলিত কণ্ঠে জবাব দিলে, অন্ততঃ সেই আশা নিয়েই ত বেঁচে থাকতে হ'বে আশুবাবু। অসময়ে মেঘের আড়ালে আজ সূর্য্য অস্ত গেছে বলে সেই অন্ধকারটাই হবে সত্যি, আর কাল প্রভাতের আলোয় আলোয় আকাশ যদি ছেয়ে যায়, দু'চোখ বুজে তাকেই বলবো, এ আলো নয়, এ মিথ্যা ? জীবনটাকে নিয়ে এমনি ছেলেখেলা ক'রেই কি সাক্ষ ক'রে দেবো ?

বললুম, রাত্ৰি ত কেবল একটি মাত্র নয়, কমল, প্রভাতের আলো শেষ ক'রে সে ত আবার ফিরে আসতে পারে ?

সে বললে, আশুক না। তখনও ভোরের বিশ্বাস নিয়েই আবার রাত্ৰি মাপন করবো।

বিশ্বয়ে আচ্ছন্ন হয়ে বসে রইলাম, কমল চলে গেল।

ছেলেখেলা! মনে হয়েছিল শোকের মধ্য দিয়ে আমাদের উভয়ের জীবনের ধারা বুঝি গিয়ে একশ্রোতে মিশেছে। দেখলাম, না না, তা নয়। আকাশ-পাতাল প্রভেদ। জীবনের অর্থ ওর কাছে স্বতন্ত্র—আমাদের সঙ্গে ওর কোথাও মিল নেই। অদৃষ্টও মানে না, অতীতের স্মৃতি ওর হৃৎকের পথ রোধ করে না। ওরা অনাগত তাই—যা আজও এসে পৌঁছয় নি। তাই ওর আশাও যেমন দুর্ব্বার, আনন্দও তেমনি অপরাঞ্জয়। আর একজন কেউ ওর জীবনকে ফাঁকি দিয়েছে বলে সে নিজের জীবনকে ফাঁকি দিতে কোনমতেই সম্মত নয়।

সকলেই চুপ করিয়া রহিল।

উদগত দীর্ঘশ্বাস চাপিয়া লইয়া আশুবাবু পুনশ্চ কহিলেন, আশ্চর্য্য মেয়ে। সেদিন বিরক্তি ও আক্ষেপের অবধি রইলো না, কিন্তু এ কথাও ত মনে মনে ঠিকার না ক'রে পারলাম না যে, এ ত' কেবল বাপের কাছে শেখা মুখস্থ বুলিই নয়। যা শিখেছে একেবারে নিঃসংশয়ে একান্ত করেই শিখেছে। কতটুকুই বা বয়েস, কিন্তু নিজের মনটাকে যেন ও এই বয়সেই সম্যক উপলব্ধি ক'রে নিয়েছে।

একটু থামিয়া বলিলেন, সত্যিই ত। জীবনটা সত্যি ত' আর ছেলেখেলা নয়। ভগবানের এত বড় দান ত' সেজ্ঞত আসে নি। আর একজন কেউ আর একজনের জীবনে বিফল হ'লো বলে সেই শূন্যতারই চিরজীবন জয় ঘোষণা করতে হবে, এমন কথাই বা তাকে বলবো কি ক'রে ?

বেলা আশ্বে আশ্বে বলিল, সুন্দর কথাটি।

হরেন্দ্র নিঃশব্দে উঠিয়া দাঁড়াইয়া কহিল, রাত অনেক হ'লো, কৃষ্টি কমেছে—আজ আসি।

আজ্ঞাত উঠিয়া দাঁড়াইল, কিছুই বলিল না—উভয়ে নমস্কার করিয়া পাহির হইয়া গেল।

বেলা শুইতে গেল। ছোটখাটো দুই-একটা কাজ নীলিমার তখনও বাকী ছিল, কিন্তু আজ সে-সকল তেমনই অসম্পূর্ণ পড়িয়া রহিল—অন্তমনস্কের মত সে নীরবে প্রস্থান করিল।

ভূত্যের অপেক্ষায় আশুবাবু চোখের উপর হাত চাপা দিয়া পড়িয়া রহিলেন।

প্রকাণ্ড অট্টালিক!। বেলা ও নীলিমার দৃশ্যকক্ক পরস্পরের প্রতি বিপরীত মুখে। ঘরে আলো জলিতেছিল—এত কথা ও আলোচনার সমস্তটাই যেন নির্জন; নিঃসঙ্গ গৃহের মাঝে আসিয়া তাহাদের কাছে ঝাপসা হইয়া গেল; অথচ পরমার্থব্য এই যে, কাপড় ছাড়িবার পূর্বে দর্পণের সম্মুখে দাঁড়াইয়া এই দুটি নারীর একই সময়ে ঠিক একটি কথাই কেবল মনে পড়িল—একদিন যেদিন নারী ছিলাম!

চব্বিশ

দশ-বারো দিন কমল আশ্রা ছাড়িয়া কোথায় চলিয়া গিয়াছে, অথচ আশুবাবুর তাহাকে অত্যন্ত প্রয়োজন। কমবেশী সকলেই চিন্তিত, কিন্তু উদ্বেগের কালো মেঘ সবচেয়ে জমাট বাধিল হরেন্দ্রের ব্রহ্মচর্যাশ্রমের মাধ্যম উপর। ব্রহ্মচারী হরেন্দ্র ও অজিত উৎকর্ষার পাল্লা দিয়া এমনি শুকাইয়া উঠিতে লাগিল যে তাহাদের ব্রহ্ম হারাইলেও বোধ করি এতটা হইত না। অবশেষে তাহারা এই একদিন খুঁজিয়া বাহির করিল। অথচ, ঘটনাটা অতিশয় সামান্য; কমলের চা-বাগানের ঘনিষ্ঠ পরিচিত একজন ফিরঙ্গী সাহেব বাগানের কাজ হইয়া য়েলের চাকুরি লইয়া সম্ভ্রতি টুনডলায় আসিয়াছে; তাহার স্ত্রী নাই, বছর-দুইয়ের একটি ছোট মেয়ে; অত্যন্ত বিব্রত হইয়া সে কমলকে লইয়া গেছে,

তাহারই ঘর-সংসার গুছাইয়া দিতে তাহার এত বিলম্ব। আজ সকালে সে বাসার ফিরিয়াছে, অপরাহ্নে মোটর পাঠাইয়া দিয়া আশুবাবু সাগ্রহে প্রতীক্ষা করিয়া আছেন।

বেলার ম্যাজিস্ট্রেটের বাড়ীতে নিমন্ত্রণ, কাপড় পরিয়া প্রস্তুত হইয়া সেও গাড়ীর জন্ত অপেক্ষা করিতেছে।

সেলাই করিতে করিতে নীলিমা হঠাৎ বলিয়া উঠিল, সে লোকটার পরিবার নেই, একটি কচি মেয়ে ছাড়া বাসায় আর কোন স্ত্রীলোক নেই, অথচ তারই ঘরে কমল স্বচ্ছন্দে দশ-বারো দিন কাটিয়ে দিলে।

আশুবাবু অনেক কষ্টে ঘাড় ফিরাইয়া তাহার প্রতি চাহিলেন, এ কথার তাৎপথ্য যে কি, ঠাহর করিতে পারিলেন না।

নীলিমা যেন আপন মনেই বলিতে লাগিল, ও যেন ঠিক নদীর মাছ। জলে ভেজা না-ভেজার প্রশ্নই ওঠে না। খাওয়া-পরার চিন্তা নেই, শাসন করার অভিভাবক নেই, চোখ রাঙ্গাবার সমাজ নেই,—একেবারে স্বাধীন।

আশুবাবু মাথা নাড়িয়া মূঢ়কণ্ঠে কহিলেন, অনেকটা তাই বটে।

ওর রূপ-সৌন্দর্যের সীমা নেই, বুদ্ধিও যেন তেমনি অফুরন্ত। সেই রাজেন্দ্র ছেলেটির সঙ্গে ক’দিনের বা জানাশোনা, কিন্তু উৎপাতের ভয়ে কোথাও যখন তার ঠাই হ’লো না, ও তাকে অসঙ্কোচে ঘরে ডেকে নিলে। কারও মতামতের মুখ চেয়ে তার নিজের কর্তব্যে বাধা দিলে না। কেউ যা পারলে না, ও তাই অন্যায়সে পারলে। শুনে মনে হ’লো সবাই যেন ওর চেয়ে ছোট হয়ে গেছে, অথচ মেয়েদের কত কথাই ত’ ভাবতে হয়।

আশুবাবু বলিলেন, ভাবাই ত’ উচিত, নীলিমা?

বেলা কহিল, ইচ্ছে করলে ওলকম বেপরোয়া স্বাধীন হয়ে উঠতে ত’ আমরাও পারি।

নীলিমা বলিল, না পারি নে। ইচ্ছে করলে আমিও পারি নে, আপনিও না, কারণ জগৎ-সংসার যে-কালি গায়ে ঢেলে দেবে, সে তুলে ফেলবার শক্তি আমাদের নেই।

একটুখানি থামিয়া কহিল, ও ইচ্ছে একদিন আমারও হয়েছিল, তাই অনেকদিন থেকেই একথা ভেবে দেখেছি। পুরুষের তৈরী সমাজের আবিষ্কারে জলে জলে মরেছি—কত যে জলেছি, সে জানাবার নয়—শুধু

জগুনিই সার হয়েছে ; কিন্তু কমলকে দেখবার আগে এর আসল রূপটি কখনো চোখে পড়ে নি। মেয়েদের মুক্তি, মেয়েদের স্বাধীনতা ত' আজকাল নরনারীর মুখে মুখে, কিন্তু ঐ মুখের বেশী আর এক-পা এগোয় না। কেন জানেন ? এখন দেখতে পেয়েছি স্বাধীনতা তত্ত্ব-বিচারে মেলে না, ত্রায়-ধর্মের দোহাই পেড়ে মেলে না, সভায় দাঁড়িয়ে দল বেঁধে পুরুষের সঙ্গে কৌদল ক'রে মেলে না,—এ কেউ কাউকে দিতে পারে না—দেনা-পাওনার বস্তাই এ নয়। কমলকে দেখলেই দেখা যায়, এ নিজের পূর্ণতায়, আত্মার আপন বিস্তারে আপনি আসে। বাইরে থেকে ত্রিমের খোলা ঠুক্রে ভিতরের জীবকে মুক্তি দিলে সে মুক্তি পায় না—মরে। আমাদের সঙ্গে তার তফাৎ ঐখানে।

বেলাকে কহিল, এই যে সে দশ-বারো দিন কোথায় চলে গেল, সকলের ভয়ের সীমা রইলো না, কিন্তু এ আশঙ্কা কারও যথেষ্ট উদয় হ'লো না যে এমন কিছু কাজ কমল করতে পারে যাতে তার মধ্যাদা হানি হয়। বলুন ত, মানুষের মনে এতখানি বিশ্বাসের জোর আমার হ'লে পেতাম কোথায় ? এ গৌরব আমাদের দিতো কে ? পুরুষেও না, মেয়েরাও না।

আশুবাবু সবিস্ময়ে তাহার মুখের প্রতি ক্ষণকাল চাহিয়া পার্শ্বিকা বলিলেন। বাস্তবিকই সত্যি নীলিমা।

বেলা প্রশ্ন করিল, কিন্তু তার স্বামী থাকলে সে কি করতো ?

নীলিমা বলিল, তাঁর সেবা করতো, র্নাধতো বাড়তো, ঘর-দোর পরিষ্কার-পরিচ্ছন্ন করতো, ছেলে হ'লে তাদের মানুষ করতো ; বস্তুতঃ একলা মানুষ, টাকাকড়ি কম, আমার বোধ হয় সময়ের অভাবে তখন আমাদের সঙ্গে হয়ত একবার দেখা করতেও পারতো না।

বেলা কহিল, তবে ?

নীলিমা বলিল, তবে কি ? বলিয়াই হাসিয়া ফেলিয়া কহিল, কাস্তকর্ষ করবো না, শোক-দুঃখ অভাব-অভিযোগ থাকবে না, হরদয় ঘুরে বেড়াবো, এই কি মেয়েদের স্বাধীনতার মানদণ্ড নাকি ? স্বয়ং বিধাতার ত কাজের অবধি নেই, কিন্তু কেউ কি তাঁকে পরাধীন ভাবে নাকি ? এই সংসারে আমার নিজের খাটুনিই কি সামান্ত ?

আশুবাবু গভীর বিস্ময়ে মুগ্ধচক্ষে তাহার প্রতি চাহিয়া রহিলেন। বস্তুতঃ এই ধরণের কোন কথা এতদিন তাহার মুখে তিলি শোনে নাই।

নীলিমা বলিতে লাগিল, কমল বসে থাকতে ত' জানে না, তখন স্বামী-পুত্র-সংসার নিয়ে সে কর্ণের মধ্যে একেবারে তলিয়ে যেতো—আনন্দের ধারার মতো সংসার তার উপর দিয়ে বয়ে যেতো, ও টেরও পেতো না। কিন্তু যেদিন বুঝতো স্বামীর কাজ বোঝা হয়ে তার ঘাড়ে চেপেছে, আমি দিব্যি ক'রে বলতে পারি, কেউ একটা দিনও সে সংসারে তাকে ধরে রাখতে পারতো না।

আশুবাবু আশ্বে আশ্বে বলিলেন, তাই বটে। তাই মনে হয়।

অদূরে পরিচিত মোটরের হর্নের আওয়াজ শোনা গেল। বেলা জানালা দিয়া মুখ বাড়াইয়া দেখিয়া কহিল, হ্যাঁ, আমাদের গাড়ী।

অনতিকাল পরে ভৃত্য আলো দিতে আসিয়া কমলের আগমন সংবাদ দিল।

কয়দিন যাবৎ আশুবাবু এই প্রতীক্ষা করিয়াই ছিলেন, অথচ খবর পাওয়া মাত্র তাঁহার মুখ অতিশয় ম্লান ও গম্ভীর হইয়া উঠিল। এইমাত্র আরাম-কেদারায় সোজা হইয়া বসিয়াছিলেন, পুনরায় হেলান দিয়া শুইয়া পাঁড়লেন।

ঘরে ঢুকিয়া কমল সকলকে নমস্কার করিল এবং আশুবাবুর পাশের চৌকিতে গিয়া বসিয়া পড়িয়া বলিল, শুনলুম আমার জ্ঞান ভারী ব্যস্ত হয়েছেন। কে জানতো আমাকে আপনারা এতো ভালোবাসেন, তা হ'লে যাবার আগে নিশ্চয়ই একটা খবর দিয়ে যেতুম।—এই বলিয়া সে তাঁহার পরিপুষ্ট শিখিল হাতখানি সম্মেহে নিজের হাতের মধ্যে টানিয়া লইল।

আশুবাবুর মুখ অন্ধদিকে ছিল, ঠিক তেমনিই রহিল, একটু কথাও উত্তর দিতে পারিলেন না।

কমল প্রথমে মনে করিল তিনি সম্পূর্ণ স্বস্থ হইবার পূর্বেই সে চলিয়া গিয়াছিল এবং এতদিন কোন খোঁজ লয় নাই—তাই অভিমান। তাঁহার মোটা আঙুলগুলির মধ্যে নিজের চাঁপার কলির গত আঙুলগুলি প্রবিষ্ট করাইয়া দিয়া কানের কাছে মুখ আনিয়া চুপি চুপি কহিল, আমি বলছি আমার দোষ হয়েছে, আমি ঘাট মানচি; কিন্তু ইহারও উত্তরে যখন তিনি কিছুই বলিলেন না, তখন সে সত্যই ভারী আশ্চর্য হইল, এবং ভয় পাইল।

বেলা যাইবার জ্ঞান পা বাড়াইয়াছিল, উঠিয়া দাঁড়াইয়া বিনয়-বচনে কহিল, আপনি আসবেন জানলে মালিনীর নিমন্ত্রণটা আজ কিছুতেই নিতুম না, কিন্তু এখন না গেলে তাঁরা ভারী হতাশ হবেন।

কমল জিজ্ঞাসা করিল, মালিনী কে ?

নীলিমা জবাব দিল, বলিল, এখানকার ম্যাজিস্ট্রেট সাহেবের স্ত্রী, নামটা বোধ হয় তোমার স্মরণ নেই। বেলাকে উদ্দেশ্য করিয়া কহিল, সত্যিই আপনার যাওয়া উচিত। না গেলে তাঁদের গানের আসরটা একেবারে মাটি হয়ে যাবে।

না না, মাটি হবে না—তবে ভারী ক্ষুন্ন হবেন তারা। শুনেচি, আরও দু'চারজনকে আহ্বান করেচেন। আচ্ছা, আজ তা হ'লে আমি, আর একদিন আলাপ হবে। নমস্কার।—এই বলিয়া সে একটু ব্যগ্রপদেই বাহির হইয়া গেল।

নীলিমা কহিল, ভালই হয়েছে .যে আজ ওর বাইরে নিয়ন্ত্রণ ছিল, নইলে সব কথা খুলে বলতে বাধ্যতো। হা কমল, তোমাকে আমি আপনি বলচুম, না তুমি বলে ডাকতুম ?

কমল কহিল, তুমি বলে ; কিন্তু এমন নিরীকসনে যাই নি যে এর মধ্যেই তা ভুলে গেলেন।

না ভুলি নি, শুধু একটু পটুকা দেখেছিল। বাবাবাই কথা। সে যাক। শাত-আট দিন থেকে তোমাকে আমরা খুঁজছিলুম। আমরা কিন্তু ঠিক খোঁজা নয়. পাবার জন্ত যেন মনে মনে তপস্যা করছিলুম।

কিন্তু তপস্যার গুরু গাভীয়া তাহার মুখে নাই, তাই অকৃত্রিম স্নেহের মিত্র একটুখানি পরিহাস কল্পনা করিয়া কমল হাসিয়া কহিল, এ সৌভাগ্যের হেতু ? আমি ত' সকলের পরিত্যক্ত, দিদি, ভদ্রসমাজের কেউ ত' আমাকে চায় না।

এই সম্ভাষণটি নূতন। নীলিমার দুই চোখ হঠাৎ ছলছল করিয়া আসিল, কিন্তু সে চুপ করিয়া রহিল।

আশুবাবু থাকিতে পারিলেন না, মুখ ফিরাইয়া দলিলেন, ভদ্রসমাজেব প্রয়োজন হয় ত' এ অনুযোগের জবাব তারাই দেবে, কিন্তু আমি জানি জীবনে কেউ যদি তোমাকে সত্যি ক'রে চেয়ে থাকে ত' এই নীলিমা। এতখানি ভালবাসা হয়ত' তুমি কারও কখনো পাও নি কমল।

কমল কহিল, সে আমি জানি।

নীলিমা চঞ্চলপদে উঠিয়া দাঁড়াইল। কোথাও বাইবার জন্ত নহে, এই ধরণের আলোচনার ব্যাক্তগত উদ্গীতে চিবদিনই সে যেন অস্থির হইয়া পড়িত ; বহুক্ষেত্রে প্রিয়জনে তাহাকে ভুল বৃদ্ধিরাছে, তথাপি এমনিই ছিল তাহার

স্বভাব। কথাটা তাড়াতাড়ি চাপা দিয়া কহিল, কমল, তোমাকে আমাদের দুটো খবর দেবার আছে।

কমল তাহার মনের ভাব বুঝিল, হাসিয়া কহিল, বেশ ত', দেবার থাকে দিন।

নীলিমা আশুবাবুকে দেখাইয়া বলিল, উনি লজ্জায় তোমার কাছে মুখ লুকিয়ে আছেন, তাই আমিই ভার নিয়েছি বলবার। মনোরমার সঙ্গে শিবনাথের বিবাহ স্থির হয়ে গেছে,—পিতা ও ভাবী স্বস্তুরের অনুজ্ঞা ও আশীর্বাদ প্রার্থনা করে দুজনেই পত্র দিগেছেন।

শুনিয়া কমলের মুখ পাংশু হইয়া গেল, কিন্তু তৎক্ষণাৎ আত্মসংবরণ করিয়া কহিল, তাতে গঁর লজ্জা কিসের ?

নীলিমা কহিল, সে গঁর মেয়ে বলে এবং চিঠি পাবার পরে এই কাঁটা দিন কেবল একটি কথাই বার বার বলেছেন, আশ্রয় এত লোক মারা গেল, ভগবান তাঁকে দয়া করলেন না কেন ? জ্ঞানতঃ কোনদিন কোন অন্য় করেন নি, তাই একান্ত বিশ্বাস ছিল ঈশ্বর গঁর প্রতি সদয়। সেই অভিমানের ব্যথাই যেন গঁর সকল বেদনার বড হয়ে উঠেছে। আমি ছাড়া কাউকে কিছু বলতে পারেন নি এবং রাত্রিদিন মনে মনে কেবল তোমাকেই ডেকেছেন। বোধ হয় ধারণা এই যে, তুমিই শুধু এর থেকে পরিত্রাণের পথ বলে দিতে পার।

কমল উঁকি দিয়া দেখিল আশুবাবুর মুদ্রিত দুই চক্ষুর কোণ বাহিয়া ফোঁটা কয়েক জল গড়াইয়া পড়িয়াছে; হাত বাড়াইয়া সেই অশ্রু নিঃশব্দে মুছাইয়া দিয়া সে নিজেও শুক হইয়া রহিল।

বহুক্ষণ পরে জিজ্ঞাসা করিল, একটা খবর ত' এই, আর একটা ?

নীলিমা রহস্যচ্ছলে কথাটা বলিতে চাহিলেও ঠিক পারিয়া উঠিল না, কহিল, ব্যাপারটা অভাবিত, নইলে গুরুতর কিছু নয়। আমাদের মুখ্যব্যোমশায়ের স্বাস্থ্যের জগ্ন সকলেরই দুশ্চিন্তা ছিল, তিনি আরোগ্য লাভ করেছেন এবং পরে দাদা এবং বৌদি তাঁর একান্ত অনিচ্ছাসত্ত্বেও জোর-জবরদস্তি একটি বিয়ে দিয়ে দিয়েছেন। লজ্জার সঙ্গে খবরটি তিনি আশুবাবুকে চিঠি গিখে জানিয়েছেন, এইমাত্র। এই বলিয়া এবার সে নিজেই হাসিতে লাগিল।

এ হাসির মধ্যে স্বপ্নও নাই, কৌতুকও নাই। কমল তাহার মুখের প্রতি

চাহিয়া বলিল, এ দুটোই বিয়ের ব্যাপার। একটা হয়ে গেছে আর একটা হ'লার জন্তে স্থির হয়ে আছে; কিন্তু আমাকে খুঁজছিলেন কেন? এর কোনটাই ত আমি ঠেকাতে পারি নে।

নীলিমা কহিল, অথচ, ঠেকাবার কল্পনা নিয়েই বোধ করি উনি তোমাকে খুঁজছিলেন; কিন্তু আমি তোমাকে খুঁজি নি ভাই, কায়মনে ভগবানকে ডাকছিলাম যেন দেখা পেয়ে তোমার প্রসন্ন দৃষ্টি লাভ করতে পারি। বাদশা-দেশে মেয়ে হয়ে জন্মে অদৃষ্টকে দোষ দিতে গেলে খেই খুঁজে পাবো না; কিন্তু বৃদ্ধির দোষে বাপের বাতী শ্বশুরবাড়ী দুটোই ত' খুইয়েছি, এর ওপর উপরি লোকমান যা ভাগ্যে ঘটেছে সে বিবরণ দিতে পারবো না,—এখন ভয়ীপতির আশ্রয়টাও ঘুচল। আশুপাবুকে ইঙ্গিতে দেখাইয়া বলিল, দয়া-দার্দ্র্যের সীমা নেই, যে ক'টা দিন এখানে আছেন মাথা গৌজবার স্থান পাবো, কিন্তু তারপরে অন্ধকার ছাড়া চোখের সামনে আর কিছুই দেখতে পাই নে। ভেবেচি, এবার তোমাকে ঠাই দিতে বলবো, না পাই মরবো! পুরসের রূপা ভিক্ষে চেয়ে স্রোতের আবর্জনার মত আর ঘাটে ঘাটে ঠেকতে ঠেকতে আয়ুর শেষ দিনটা পর্যন্ত অপেক্ষা করতে পারবো না।—বলিতে বলিতে তাহার গলার স্বরটা ভারী হইয়া আসিল, কিন্তু চোখের জল জোর করিয়া দমন করিয়া রাখিল।

কমল তাহার মুখের পানে চাহিয়া শুধু একটু হাসিল।

হাসলে যে?

হাসাটা জবাব দেওয়ার চেয়ে সহজ ব'লে।

নীলিমা বলিল, সে জানি; কিন্তু আজকাল মাঝে মাঝে কোথায় যে অদৃশ্য হয়ে যাও, সেই ত' আমার ভয়।

কমল কহিল, হুম বা অদৃশ্য; কিন্তু দরকার হ'লে 'আমাকে খুঁজতে যেতে হবে না দিদি, আমি পৃথিবীময় আপনাকে খুঁজে নেভাতে বার হবো। এ সম্বন্ধে নিশ্চিন্ত হোন।

আশুপাবু কহিলেন, এবার এমনি ক'রে আমাকেও অভয় দাও কমল, আমিও যেন ওঁর মতই নিঃসংশয় হতে পারি।

আদেশ করুন কি আমি করতে পারি?

তোমাকে কিছুই করতে হ'বে না কমল, যা করবার আমি নিজেই করবো।

আমাকে শুধু এইটুকু উপদেশ দাও, পিতার কর্তব্যে অপরাধ না করি। এ বিবাহে কেবল যে মত দিতে পারি নে তাই নয়, ঘটতে দিতেও পারি নে।

কমল বলিল, মত আপনার, না দিতেও পারেন; কিন্তু বিবাহ ঘটতে দেবেন না কি ক'রে? মেয়ে ত আপনার বড় হয়েছে।

আশুবাবু উত্তেজনা চাপিতে পারিলেন না, কারণ অস্বীকার করার যো নাই বলিয়া। এই কথাটাই মনের মধ্যে তাঁহার অহনিশ পাক খাইয়াছে। বলিলেন, তা জানি, কিন্তু মেয়েরও জানা চাই যে বাপের চেয়ে বড় হয়ে ওঠা যাব না! শুধু মতামতটাই আমার নিজের নয় কমল, সম্পত্তিটাও নিজের। আশু বলির দুর্বলতার পরিচয়টাই লোকের অভ্যাস হয়ে গেছে, কিন্তু তার আরও একটা দিক আছে--সেটা লোকে ভুলেছে।

কমল তাঁহার মুখের পানে চাহিয়া স্নিগ্ধকণ্ঠে বলিল, আপনার সে দিকটা যেন লোকে ভুলেই থাকে আশুবাবু; কিন্তু তাও যদি না হয়, পরিচয়টা কি সর্বাগ্রে দিতে হবে নিজের মেয়ের কাছেই?

হা, অব্যাহত মেয়ের কাছে।--এই বলিয়া তিনি এক মুহূর্ত্ত নীরব থাকিয়া বলিলেন, মা-মরা আমার ঐ একমাত্র সন্তান, কি ক'রে যে মানুষ করেছি, সে শুধু তিনিই জানেন যিনি পিতৃহৃদয় সৃষ্টি করেছেন। এর ব্যথা যে কি ত: মুখে ব্যক্ত করতে গেলে তার বিকৃতি কেবল আমাকে নয়, সকল পিতার পিতা যিনি তাঁকে পর্যন্ত উপহাস করবে। তা ছাড়া তুমি বুঝবেই বা কি ক'রে; কিন্তু পিতার স্নেহই ত শুধু নয় কমল, তার কর্তব্যও ত' আছে? শিবনাথকে আমি চিনতে পেরেছি। তার সর্বনেশে গ্রাস থেকে মেয়েকে রক্ষা করতে পারি এ ছাড়া আর কোন পথই আমার চোখে পড়ে না। কাল তাদের চিঠি লিখে জানাবো এর পরে মনি যেন না আমার কাছে একটি কপর্দকও আশা করে।

কিন্তু এ চিঠি যদি তারা বিশ্বাস করতে না পারে? যদি ভাবে এ রাগ বাবার পেশীদিন থাকবে না, সেদিন নিজের অবিচার তিনি নিজেই সংশোধন করবেন, তা হ'লে?

তা হ'লে তারা ফল ভোগ করবে। লেখার দায়িত্ব আমার, কিন্তু বিশ্বাস করবার দায়িত্ব তাদের।

এই কি আপনি স্থির করেছেন?

হাঁ।

কমল নীরবে বসিয়া রহিল। উদ্গ্রীব প্রতীক্ষায় আশুবাবু নিজেও কিছুক্ষণ নিঃশব্দে থাকিয়া মনে মনে ব্যাকুল হইয়া উঠিলেন। বলিলেন, চুপ ক'রে রইলে যে কমল, জবাব দিলে না ?

কই, প্রশ্ন ত' কিছুই করেন নি ? সংসারে একের সঙ্গে অপরের মতের মিল না হ'লে যে শক্তিমান, সে দুর্বলকে দণ্ড দেয়। এ ব্যবস্থা প্রাচীনকাল থেকে চলে আসছে। এতে বলবার কি আছে ?

আশুবাবুর ক্ষোভের সীমা রহিল না, বলিলেন, এ তোমার কি কথা কমল ? সম্ভানের সঙ্গে পিতার ত' শক্তিপরীক্ষার সম্বন্ধ নয় যে দুর্বল বলেই তাকে শাস্তি দিতে চাইচি ? কঠিন হওয়া যে কত কঠিন, সে কেবল পিতাই জানে, তবুও যে এ ত বড় কঠোর সঙ্কল্প করেচি সে শুধু তাকে ভুল থেকে বাঁচানো বলেই ত' ? সত্যিই কি এ তুমি বুঝতে পারো নি ?

কমল মাথা নাড়িয়া বলিল, পেরেচি ; কিন্তু কথা তাপনার না শুনে যদি সে ভুলই করে, তার দুঃখ সে পাবে ; কিন্তু দুঃখ নিবারণ করতে পারলেন না বলে কি রাগ ক'রে তার দুঃখের বোঝা সহস্র গুণে বাড়িয়ে দেবেন ?

একটুখানি খামিয়া বলিল, আপনি তার সকল আত্মীয়ের পরমাত্মীয়। মে-লোকটাকে অত্যন্ত মন্দ বলে জেনেচেন, তারই ঠাতে নিজের মেয়েকে চিরদিনের মত নিঃশব্দে নিরুপায় ক'রে বিসর্জন দেবেন, ফেরবার পথ তার কোনদিন কোন দিক থেকেই খোলা রাখবেন না ?

আশুবাবু বিশ্বল-চক্ষে চাহিয়া রহিলেন, একটা কথাও তাঁহার মুখে আসিল না—শুধু দেখিতে দেখিতে দুই চক্ষু অশ্রুপ্লাবিত হইয়া বড় বড় ফোঁটার জল গড়াইয়া পড়িল।

কিছুক্ষণ এমনিভাবে কাটিবার পর তিনি জামার হাতায় চোখ মুছিয়া রুদ্ধ কণ্ঠ পরিষ্কার করিয়া ধীরে ধীরে মাথা নাড়িলেন, ফেরবার পথ এখন আছে কমল, পরে নেই। স্বামী ত্যাগ ক'রে যে-ফেরা, জগদীশ্বর করুন সে যেন না আমাকে চোখে দেখতে হয়।

কমল কহিল, এ অন্ডায় ! বরঞ্চ আমি কামনা করি, ভুল যদি কখনো তার নিজের চোখে ধরা পড়ে, সেদিন যেন না সংশোধনের পথ অবরুদ্ধ থাকে। এমনি করেই মান্নবে আপনাকে শোধরাতে শোধরাতে আজ মান্নব

হতে পেরেছে। তুলকে ত' ভয় নেই আশুবাবু, যতক্ষণ তার অত্মদিকে পথ খোলা থাকে। সেই পথটা চোখের সম্মুখে বন্ধ ঠেকছে বলেই আজ আপনার আশঙ্কার সীমা নেই।

মনোরমা কণ্ঠা না হইয়া আর কেহ হইলে এই সোজা কথাটা তিনি সহজেই বুঝিতেন, কিন্তু একমাত্র সন্তানের নিদারুণ ভবিষ্যতের নিঃসন্দ্বিগ্ন দুর্গতি কমলের সকল আবেদন বিফল করিয়া দিল, শুধু অসংলগ্ন মিনতির স্বরে কহিলেন, না কমল, এ বিবাহ বন্ধ করা ছাড়া আর কোন রাস্তাই আমার চোখে পড়ে না। কোন উপায় কি তুমি বলে দিতে পারো না ?

আমি ? ইঙ্গিতটা কমল এতক্ষণে বুঝিল এবং ইহাই স্পষ্ট করিতে গিয়া তাহার স্নিগ্ধকণ্ঠ মুহূর্তের জ্ঞতা গঞ্জীর হইয়া উঠিল, কিন্তু সে ওই মুহূর্তের জ্ঞতাই। নীলিমার প্রতি চোখ পড়িতেই আত্মসংবরণ করিয়া কহিল, না, এ ব্যাপারে কোন সাহায্যই আপনাকে আমি করতে পারবো না। উত্তরাধিকারে বঞ্চিত করার ভয় দেখালে সে ভয় পাবে কিনা জানি নে, যদি পায় তখন এই কথাই বলবো যে খাইয়ে পরিয়ে, ইঞ্জুল-কলেজের বই মুখস্থ করিয়ে মেয়েকে বড়ই করেছেন, কিন্তু মানুষ করতে পারেন নি। সেই অভাব পূর্ণ করার স্বযোগটুকু তার যদি আজ দৈবাৎ এসে পড়ে থাকে, আমি হস্তারক হতে যাব কিসের জ্ঞত ?

কথাটা আশুবাবুর ভাল লাগিল না, কহিলেন, তুমি কি তা হ'লে বলতে চাও বাধা দেওয়া আমার কর্তব্য নয় ?

কমল কহিগা, অন্ততঃ ভয় দেখিয়ে নয় এইটুকু বলতে পারি। আমি আপনার মেয়ে হ'লে বাধা হয়ত পেতাম, কিন্তু এ-জীবনে আর কখনো আপনাকে শ্রদ্ধা করতে পারতাম না। আমার বাবা আমাকে এইভাবেই গড়ে গিয়েছিলেন।

আশুবাবু বলিলেন, অসম্ভব নয় কমল, তোমার কল্যাণের পথ তিনি এই দিকেই দেখতে পেরেছিলেন; কিন্তু আমি পাই নে। তবু আমিও পিতা। আমি স্পষ্ট দেখতে পাচ্ছি শিবনাথকে কেউ যথার্থ ভালবাসা দিতে পারে না—এ তার মোহ। এ মিথ্যে। এ ক্ষণস্থায়ী নেশার যোর বেদিন কেটে যাবে বেদিন মণির দুঃখের অন্ত থাকবে না; কিন্তু তখন তাকে বাঁচাবে কিসে ?

কমল কহিল, নেশার মধ্যেই বরঞ্চ ভাবনা ছিল, কিন্তু সে-খোর কেটে গিয়ে যখন সে স্বস্থ হয়ে উঠবে, তখন তার আর ভয় নেই। তার স্বাস্থ্যই তখন তাকে রক্ষা করবে।

আশুবাবু অস্বীকার করিয়া বলিলেন, এসব কথাই মারপ্যাচ কমল, যুক্তি নয়। সত্য এর থেকে অনেক দূরে। ভুলের দণ্ড তাকে বড় করেই পেতে হবে, ওকালতির জোরে তার থেকে অব্যাহতি মিলবে না।

কমল কহিল, অব্যাহতির ইঙ্গিত আমি করি নি, আশুবাবু। ভুলের দণ্ড পেতে হয়, এ আমি জানি। তার হুঃখ আছে কিন্তু লজ্জা নেই— মণি কাউকে ঠকাতে যায় নি, ভুল ভেঙ্গে সে যদি ফিরে আসে তাকে মাথা হেঁট করে আসতে হবে না, এই ভরসাই আপনাকে আমি দিতে চেয়েছিলাম।

তবুও ভরসা পাই নে কমল। জানি, ভুল তার ভাঙ্গনেই, কিন্তু তার পরেও যে তাকে দীর্ঘদিন বাঁচতে হবে, তখন সে থাকবে কি নিয়ে? বাঁচবে কোন্ অবলম্বনে?

অমন কথা আপনি বলবেন না। মাল্লুষের হুঃখটাই যদি হুঃখ পাওয়ার শেষ কথা হ'তো, তার মূল্য ছিল না। সে একদিকের ক্ষতি আর একদিকের সমস্ত দক্ষ দিয়ে পূর্ণ ক'রে তোলে, নইলে আমিই বা আজ বেঁচে থাকতুম কি ক'রে? বরঞ্চ আপনি আশীর্বাদ করুন, ভুল যদি ভাঙে তখন যেন সে নিজেকে মুক্ত ক'রে নিতে পারে, তখন যেন কোন লোভ, কোন ভয় না তাকে রাহুগ্রস্ত ক'রে রাখে।

আশুবাবু চুপ করিয়া রহিলেন। জবাব দিতে বাধিল, কিন্তু স্বীকার করিতেও টের বেশী বাধিল। বহুক্ষণ পরে বলিলেন, পিতার দৃষ্টি দিয়ে আমি মণির ভবিষ্যৎ জীবন অঙ্ককার দেখতে পাই। তুমি কি তবুও সত্যিই বল যে আমার বাধা দেওয়া উচিত নয়, নীরবে মেনে নেওয়াই কর্তব্য?

আমি মা হ'লে মেনেই নিতুম। তার ভবিষ্যতের আশঙ্কায় হয়ত আপনারই মত কষ্ট পেতুম, তবু এই উপায়ে বাধা দেবার আয়োজন করতুম না। মনে মনে বলতুম, এ-জীবনে যে রহস্যের সামনে এসে আজ সে দাঁড়িয়েছে, সে আমার সমস্ত হুঃশিস্তার চেয়েও বড়, বৃহৎ। একে স্বীকার করতেই হবে।

আশুবাবু আবার কিছুক্ষণ মৌন থাকিয়া কহিলেন, তবু বুঝতে পারলুম না কমল ! শিবনাথের চরিত্র, তার সকল দৃষ্টির বিবরণ মণি জানে। একদিন এ-বাড়ীতে আসতে দিতেও তার আপত্তি ছিল, কিন্তু আজ যে সম্মোহনে তার হিতাহিত-বোধ, তার সমস্ত নৈতিক-বুদ্ধি আচ্ছন্ন হয়ে গেছে, সে ত যথার্থ ভালবাসা নয়, সে যাদু, সে মোহ ; এ মিথ্যে যেমন করে হোক নিবারণ করাই পিতার কর্তব্য।

এইবার কমল একেবারে স্তব্ধ হইয়া গেল এবং এতক্ষণ পরে উভয়ের চিন্তার প্রকৃতিগত প্রভেদ তাহার চোখে পড়িল। ইহাদের জাতিই আলাদা এবং প্রমাণের বস্তু নয় বলিয়াই এতক্ষণের এত আলোচনা একেবারেই সম্পূর্ণ বিফল হইল। যেদিকে তাঁহার দৃষ্টি আবদ্ধ সেদিকে সহস্র বর্ষ চোখ মেলিয়া থাকিলেও এ সত্যের সাক্ষাৎ মিলিবে না, কমল তাহা বুঝিল। সেই বুদ্ধির যাচাই, সেই হিতাহিত-বোধ, সেই ভালমন্দ স্বথদুঃখের অতি-সতর্ক হিসাব, সেই মজবুত বনিয়াদ গড়ার ইঞ্জিনিয়ার ডাকা। অল্প কবিতা ইহারা ভালবাসার ফল বাহির করিতে চায়। নিজের জীবনে আশুবাবু পত্নীকে একান্তভাবে ভালবাসিয়া ছিলেন। বহুদিন তিনি লোকান্তরিত, তথাপি আজিও হয়ত তাহার মূল, অন্তরে শিথিল হয় নাই—সংসারে ইহার তুলনা বিয়ল, এ সবই সত্য, তবুও ইহারা ভিন্ন জাতীয়।

ইহার ভালমন্দের প্রশ্ন তুলিয়া তর্ক করার মত নিঃফলতা আর নাই। দাম্পত্য-জীবনে একটা দিনের জন্মও পত্নীর সহিত আশুবাবুর মতভেদ ঘটে নাই। অন্তরে মালিন্য স্পর্শ করে নাই। নির্বিঘ্নে শান্তি ও অবিচ্ছিন্ন আরামে যাহাদের দীর্ঘ বিবাহিত-জীবন কাটিয়াছে, তাহার গৌরব ও মাহাত্ম্যকে খর্ব করিবে কে ? সংসার মুঞ্চচিত্তে ইহার শুবগান করিয়াছে, এমনি দুর্ভাগ কাহিনী লিপিবদ্ধ করিয়া কবি অমর হইয়াছেন, স্বকীয় জীবনে ইহাকেই লাভ করিবার ব্যাঙ্গ্য বাসনায় মাহুঘের লোভের অন্ত নাই। যাহার নিঃসন্দেহ মহিমা স্বতঃসিদ্ধ প্রতিষ্ঠায় চিরদিন অবিচলিত, তাহাকে তুচ্ছ করিবে কমল কোন্ স্পর্ধায় ? কিন্তু মণি ? যে দুঃশীল দুর্ভাগ্যের হাতে আপনাকে বিসর্জন দিতে সে উজ্জত, তাহার সবকিছু জানিয়াও সমস্ত জানার বাহিরে পা বাড়াইতে আজ তাহার ভয় নাই। দুঃখময় পরিণাম চিন্তায় পিতা শঙ্কিত, বন্ধুগণ বিয়ল, কেবল সে-ই শুধু একাকী শঙ্কাহীন। আশুবাবু জানেন এ বিবাহে সম্মান

নাই, শুভ নাই, বন্ধনার 'পরে ইহার ভিত্তি, এই স্বল্পকালব্যাপী মোহ যেদিন টুটেবে তখন আজীবন লজ্জা ও দুঃখ রাখিবার ঠাই রহিবে না—হয় ত সবই সত্য কিন্তু সব গিয়াও এই প্রবন্ধিত মেয়েটির যে বস্তু বাকি থাকিবে সে যে পিতার শাস্তি, স্বথময় দীর্ঘস্থায়ী দাম্পত্য-জীবনের চেয়ে বড়, এ কথা আশুবাবুকে সে কি দিয়া বুঝাইবে? পরিণামটাই যাহার কাছে মূল্য-নিরূপণের একমাত্র মানদণ্ড, তাহার সঙ্গে তর্ক চলিবে কেন? কমলের একবার ইচ্ছা হইল বলে, আশুবাবু, মোহমাত্রই মিথ্যা নয়, কণ্ডার চিত্তাকাশে মুহুর্তে উদ্ভাসিত তর্কিত্বেরথাও হয়ত পিতার অনির্বাপিত দীপশিখার দীপ্তির পরিমাপ অতিক্রম করিতে পারে, কিন্তু কিছুই না বলিয়া সে নীরবে বসিয়া রহিল।

পিতার কর্তব্য সম্বন্ধে অত্যন্ত স্পষ্ট অভিমত প্রকাশ করিয়া আশুবাবু উত্তরের অপেক্ষায় অধীর হইয়া ছিলেন, কিন্তু কমল নিরন্তর নতমুখে তেমনি বসিয়া আছে; বেশ বুঝা গেল এ লইয়া সে আর বানাহাদ করিতে চাহে না। কথা নাই বলিয়া নয়, প্রয়োজন নাই বলিয়া; কিন্তু এমন করিয়া একজন মৌনাবলম্বন করিলে ত অপরের মনে শাস্তি মানে না। বস্তুতঃ এই প্রৌঢ় মানুষটির গভীর অন্তরে সত্যের প্রতি একটি সত্যকার নিষ্ঠা আছে, একমাত্র সন্তানের দুর্দিনের আশঙ্কায় লজ্জিত, উদ্ভ্রান্ত চিত্ত তাহার, মুখে খাই কেননা এলুন, জোর আছে বলিয়াই উদ্ধত স্পর্ধায় জোর খাটানোর প্রতি তাহার গভীর বিতৃষ্ণা। কমলকে তিনি যত দেখিয়াছেন ততই তাঁহার দিশ্ময় ও শ্রদ্ধা বাড়িয়াছে। লোকচক্ষে সে হয়, নিন্দিত, ভদ্রসমাজে পরিত্যক্ত, সভায় ইহার নিমন্ত্রণ জুটে না, অথচ এই মেয়েটির নিঃশব্দ অবজ্ঞাকেই তাঁহার সবচেয়ে ভয়, ইহার কাছেই সঙ্কোচ ঘুচে না।

বলিলেন, কমল, তোমার বাবা যুরোপীয়ান, তবু কখনো সে-দেশে যাও নি; কিন্তু তাদের মধ্যে আমার বহুদিন কেটেছে, তাদের অনেক কিছু চোখে দেখেছি। অনেক ভালবাসার বিবাহ-উৎসবে যখন ডাক পড়েছে, আনন্দের সঙ্গে যোগ দিয়েছি, আবার সে-বিবাহ যখন অনাদরে উপেক্ষায় অনাচারে অত্যাচারে ভেঙেছে তখনও চোখ মুছেছি। তুমি গেলেও ঠিক এমনি দেখতে পেতে।

কমল মুখ তুলিয়া বলিল, না গিয়েও দেখতে পাই আশুবাবু। ভাঙ্গার নজীর সে-দেশে প্রত্যহ পুঞ্জিত হয়ে উঠছে, ওঠবারই কথা, এও যেমন সত্যি

ওর থেকে তার স্বরূপ বুঝতে যাওয়াও তেমনি ভুল। ওটা বিচারের পদ্ধতিই নয়, আশুবাবু।

আশুবাবু নিজের ভ্রম বুঝিয়া কিছু অপ্রতিভ হইলেন, এমন করিয়া ইহার সহিত তর্ক চলে না; বলিলেন, সে যাক, কিন্তু আমার এই দেশটার পানে একবার ভাল ক'রে চেয়ে দেখ দিকি। যে প্রথা আবহমান কাল ধরে চলে আসছে তার সৃষ্টিকর্তাদের দূরদর্শিতা? এখানে দায়িত্ব পাত্র-পাত্রীদের 'পরে নেই, আছে বাপ-মা-গুরুজনদের 'পরে। তাই বিচারবুদ্ধি এখানে আকুল-অসংযমে ঘুলিয়ে ওঠে না, একটা শাস্ত অবিচলিত মঙ্গল তাদের চিরজীবনের সঙ্গী হয়ে যায়।

কমল কহিল, কিন্তু মনি ত মঙ্গলের হিসেব করতে বসে নি আশুবাবু, সে চেয়েছে ভালবাসা। একটার হিসেব গুরুজনের স্মৃষ্টি দিয়ে মেলে, কিন্তু অল্পটার হিসেব হৃদয়ের দেবতা ছাড়া আর কেউ জানে না; কিন্তু তর্ক ক'রে আপনাকে আমি মিথ্যে উত্থল করচি; বার ঘরে পশ্চিমের জানালা ছাড়া আর সকল দিকই বন্ধ, সে সূর্যের প্রত্যুষের আবির্ভাব দেখতে পায় না, দেখতে পায় শুধু তার প্রদোষের অবসান; কিন্তু সেই চেহারা আর রঙের সাদৃশ্য মিলিয়ে তর্ক করতে থাকলে শুধু কথাই বাড়বে, মীমাংসায় পৌঁছুবে না। আমার কিন্তু রাত হয়ে যাচ্ছে, আজ আসি।

নীলিমা বরাবর চূপ করিয়াই ছিল, এতক্ষণের এত কথা মধ্য একটা কথাও যোগ করে নাই, এখন করিল, আমিও সব কথা তোমার স্পষ্ট বুঝতে পারি নি কমল, কিন্তু এটুকু অনুভব করছি যে, ঘরের অশান্ত জানালাগুলো খুলে দেওয়া চাই। এ ত চোখের দোষ নয়,—দোষ বন্ধ বাতায়নের। নইলে, যে-দিকটা খোলা আছে সেদিকে দাঁড়িয়ে আমরণ চেয়ে থাকলেও এ ছাড়া কোন কিছুই কোনদিন চোখে পড়বে না।

কমল উঠিয়া দাঁড়াইতে আশুবাবু ব্যাকুলকণ্ঠে বলিয়া উঠিলেন, যেয়ো না কমল, আর একটুখানি বসো। মুখে অন্ন নেই, চোখে ঘুম নেই,—অবিশ্রাম বৃকের ভেতরটা যে কি করছে সে তোমাকে আমি বোঝাতে পারবো না। তবু আর একবার চেষ্টা ক'রে দেখি তোমার কথাগুলো যদি সত্যিই বুঝতে পারি। তুমি কি যথার্থই বলচ আমি চূপ ক'রে থাকি, আর এই কুশ্রী ব্যাপারটা হয়ে যাক ?

কমল বলিল, মশি যদি তাঁকে ভালবেসে থাকে, আমি তো কুশী বলতে পারি নে।

কিন্তু এইটেই যে তোমাকে একশোবার বোঝাতে চাচ্ছি কমল, এ মোহ, এ ভালবাসা নয়—এ ভুল তার ভাঙ্গবেই।

কমল কহিল, শুধু ভুলই যে ভাঙ্গে তা নয় আশুবাবু, সত্যিকার ভালবাসাও সংসারে এমনি ভেঙ্গে পড়ে। তাই অধিকাংশ ভালবাসার বিফলকই হয়ে যায় ক্ষণস্থায়ী। এই জন্তেই ও-দেশের এত দুর্নাম, এত বিবাহ বিচ্ছিন্ন করার মামলা।

শুনিয়া আশুবাবু সহসা যেন একটা আলো দেখিতে পাইলেন, উচ্ছ্বসিত আগ্রহে কহিয়া উঠিলেন, তাই বলো কমল, তাই বলো। এ যে আমি স্বচক্ষে অনেক দেখে এসেছি।

নীলিমা অবাক হইয়া চাহিয়া রহিল।

আশুবাবু জিজ্ঞাসা করিলেন, কিন্তু আমাদের এ দেশের বিবাহ-প্রথা? তাকে তুমি কি বলো? সে যে সমস্ত জীবনে ভাঙ্গে না, কমল?

কমল কহিল, ভাঙ্গবার কথাও নয়, আশুবাবু। সে ত অনাভিজ্ঞ-যৌবনের ক্ষাপামি নয়, বহুদর্শী গুরুজনের হিসেব-করা কারবার। স্বপ্নের মূলধন নয়—চোখ চেয়ে, পাকা লোকের যাচাই-বাছাই করা খাটি জিনিস। থাকের মধ্যে মারাত্মক গলদ না থাকলে তাতে সহজে ফাটল ধরে না। এদেশ-ওদেশ সব দেশেই সে ভারি মজবুত—সারাজীবন বজ্রের মত টিকে থাকে।

আশুবাবু নিঃশ্বাস ফেলিয়া স্থির হইয়া রহিলেন, মুখে তাঁর উত্তর যোগাইল না।

নীলিমা নিঃশব্দে চাহিয়াই ছিল, ধীরে ধীরে প্রশ্ন করিল, কমল, তোমার কথাই যদি সত্যি হয়, সত্যিকার ভালোবাসাও যদি ভুলের মতই সহজে ভেঙ্গে পড়ে, মাহুবে তবে দাঁড়াবে কিসে? তার আশা করবার বাকী থাকবে কি?

কমল বলিল, যে স্বর্গবাসের মিয়াদ ফুল্লো, থাকবে তারই একান্ত মধুর স্মৃতি, আর তারই পাশে ব্যথার সমুদ্র। আশুবাবুর শাস্তি ও স্মৃতির সীমা ছিল না, কিন্তু তার বেশী ওর পুঁজি নেই। ভাগ্য থাকে ঐটুকু মাত্র দিয়েই বিদায় করে'ছে, আমরা তাঁকে ক্ষমা করা ছাড়া আর কি করতে পারি, দিদি?

একটুখানি খামিয়া বলিল, লোকে বাইরে থেকে হঠাৎ ভাবে বুঝি সব

গেল। বন্ধুজনের ভয়ের অস্ত থাকে না, দু'হাত দিয়ে পথ আগলাতে চায়, নিশ্চয় জানে তার হিসেবের বাইরে বুঝি সবই শূন্য। শূন্য নয় দিদি। সব গিয়ে যা হাতে থাকে, মাণিকের মতো তা হাতের মুঠোর মধ্যেই ধরে। বস্ত্র-বাহুল্যে পথ-জুড়ে তা দিয়ে শোভাযাত্রা করা যায় না বলেই দর্শকের দল হতাশ হয়ে থিক্কার দিয়ে ঘরে ফেরে,—বলে, ঐ ত সর্বনাশ।

নীলিমা! রঙ্গিল, বলার হেতু আছে কমল। মণি-মাণিক্য সকলের জ্ঞান নয়, সাধারণের জ্ঞান নয়। আপাদমস্তক সোনা-রূপার গয়না না পেলে যাদের মন ওঠে না, তারা তোমার ঐ এক ফোঁটা হীরে-মাণিক্যের কদর বুঝবে না। যাদের অনেক চাই তারা গেরোর ওপর অনেক গেরো লাগিয়েই তবে নিশ্চিত হতে পারে। অনেক ভার, অনেক আয়োজন, অনেক জায়গা দিয়েই তবে জিনিষের দামের আন্দাজ তারা পায়। পশ্চিমের দরজা খুলে সূর্য্যোদয় দেখানোর চেষ্টা বৃথা হবে কমল, এ আলোচনা বন্ধ থাক।

আশুবাবুর মুখ দিয়া আবার একটা দাঁর্ঘশ্বাস বাহির হইয়া আসিল, আশ্বে আশ্বে বলিলেন, বৃথা হবে কেন নীলিমা, বৃথা নয়। বেশ, চূপ করেই না হয় থাকবে।

নীলিমা কহিল, না, সে আপনি করবেন না। সত্যি কি শুধু কমলের চিন্তাতেই আছে, আর পিতার শুভ-বুদ্ধিতে নেই? এমন হতেই পারে না। ওর পক্ষে যা সত্যি, মণির পক্ষে তা সত্যি নাও হতে পারে। পুঁর দুশ্চরিত্র স্বামী পরিত্যাগ করার মধ্যে যত সত্যিই থাক, বেলার পক্ষে স্বামী-ত্যাগের মধ্যে একলিন্দু সত্যি নেই, আমি জোর ক'রে বলতে পারি। সত্য স্বামীকে ত্যাগ করার মধ্যেও নেই, স্বামীর দাসীবৃত্তি করার মধ্যেও নেই, ও-দুটো শুধু ভাইনে-বাণের পথ, গস্তব্য স্থানটা আপনি খুঁজে নিতে হয়, তর্ক ক'রে তার ঠিকানা মেলে না।

কমল নীরবে চাহিয়া রহিল।

নীলিমা বলিতে লাগিল, সূর্যের আসাটাই তার সবখানি নয়, তার চলে যাওয়াটাও এমনি বড়। রূপ-র্যোবনের আকর্ষণটাই যদি ভালবাসার সবটুকু হ'তো, মেয়ের সম্বন্ধে বাপের দুশ্চিন্তার কথাই উঠতো না,—কিন্তু তা নয়। আমি বই পড়ি নি, জ্ঞানবুদ্ধি কম, তর্ক ক'রে তোমাকে বোঝাতে পারবো না, কিন্তু মনে হয়, আসল জিনিষটির সন্ধান তুমি আজও পাওনি ভাই। প্রক্

ভক্তি, স্নেহ, বিশ্বাস,—কাড়াকাড়ি ক'রে এদের পাওয়া যায় না—অনেক দুঃখে, অনেক বিলম্বে এরা দেখা দেয়। যখন দেয়, তখন রূপ-বোঁবনের প্রহরটা যে কোথায় মুখ লুকিয়ে থাকে কমল, খোঁজ পাওয়াই দায়।

ভীষ্মধী কমল এক নিমেষে বুঝিল উপস্থিত আলোচনায় ইহা অগ্রাহ্য। প্রতিবাদও নয়, সমর্থনও নয়, এ সকল নীলিমার নিজস্ব আপন কথা। চাহিয়া দেখিল উজ্জ্বল দীপালোকে নীলিমার এলোমেলো ঘন-কৃষ্ণ চুলের 'শ্যামল হায়ায় স্বন্দর মুখখানি অভাবিত শ্রী ধারণ করিয়াছে এবং প্রশান্ত চোখের সজল দৃষ্টি সক্রমণ স্নিগ্ধতায় কুণ্ডে কুণ্ডে ভারিয়' গিয়াছে। কমল মনে মনে কহিল, ইহা নবীন সূর্য্যোদয়, অথবা শ্রান্ত রবির অন্তগমন, এ জিজ্ঞাসা বৃথা—আরক্ত আভায় আকাশের যে দিকটা আজ রাক্ষা হইয়া উঠিয়াছে—পূর্ব-পশ্চিম দিক-নির্গম্য না করিয়াই সে ইহারই উদ্দেশে সশ্রদ্ধ নমস্কার জানাইল।

মিনিট দুই-তিন পরে আশুবাবু সহসা চকিত হইয়া কহিলেন, কমল, তোমার কথাগুলি আমি আর একবার ভাল ক'রে ভেবে দেখব, কিন্তু আমাদের কথাগুলোকেও তুমি এভাবে অবজ্ঞা ক'রো না। বহু বহু মানবেই একে সত্য বলে স্বীকার করেছে, মিথ্যে দিয়ে কখনো এতো লোককে ভোলানো যায় না।

কমল অন্তমনস্কের মতো একটুখানি হাসিয়া ঘাড নাড়িল, কিন্তু জ্বালা দিল সে নীলিমাকে। কহিল, যা দিয়ে একটা ছেলেকে ভোলানো যায়, তাই দিয়ে লক্ষ লক্ষ ছেলেকেও ভোলানো যায়। সংখ্যা বাড়ানোই বুদ্ধি বাড়ার প্রমাণ নয়, দিদি। একদিন যারা বলেছিল নরনারীর ভালবাসার ইতিহাসটাই হচ্ছে মানব-সভ্যতার সবচেয়ে সত্য ইতিহাস, তারাই সত্যের খোঁজ পেয়েছিলো সবচেয়ে বেশী, কিন্তু যারা ঘোষণা করেছিল পুত্রের জন্মই ভার্য্যার প্রয়োজন, তারা মেয়েদের শুধু অপমান করেই ক্ষান্ত হয় নি, নিজেদের বড় হবার পথটাও বন্ধ করেছিল এবং এই অসত্যের 'পরেই ভিত পুঁতেছিল বলে আজও এ দুঃখের কিনারা হ'লো না।

কিন্তু এ কথা আমাকে কেন বল কমল ?

কারণ, আপনাকে জানানোই আজ আমার সবচেয়ে প্রয়োজন যে চাটু-বাক্যের নানা অলঙ্কার গায়ে আমাদের জড়িয়ে দিয়ে যারা প্রচার করেছিলো বাত্বস্বেই নারীর চরম সার্থকতা, সমস্ত নারীজাতিকে তারা বঞ্চনা করেছিলো।

জীবনে যে-কোন অবস্থাই অস্বীকার করুন দিদি, এই মিথ্যে নীতিটাকে কখনো যেন মেনে নেবেন না। এই আমার শেষ অনুরোধ; কিন্তু আর তর্ক নয়, আমি যাই।

আশুবাবু শান্তকণ্ঠে কহিলেন, এসো। নীচে তোমার জঞ্জি গাড়ী দাঁড়িয়ে আছে, পৌঁছে দিয়ে আসবে।

কমল ব্যথার সহিত বলিল, আপনি আমাকে স্নেহ করেন, কিন্তু কোথাও আমাদের মিল নেই।

নীলিমা কহিল, আছে বই কি কমল; কিন্তু সে ত মনিবেশ্বর করমাশ মত কাটাছাঁটা মানান করা মিল নয়, বিধাতার সৃষ্টির মিল। চেহারা আলাদা, কিন্তু রক্ত এক, চোখের আড়ালে শিরার মধ্যে দিয়ে বয়। তাই বাইরের অনৈক্য যতই গুণগোল বাধাক, ভিতরের প্রচণ্ড আকর্ষণ কিছুতেই ঘোচে না।

কমল কাছে আসিয়া আশুবাবুর কাঁধের উপর একটা হাত রাখিয়া আশ্বে আশ্বে বলিল, মেয়ের বদলে আমার ওপর কিন্তু রাগ করতে পারবেন না তা বলে দিচ্ছি।

আশুবাবু কিছুই বলিলেন না, শুধু স্তব্ধ হইয়া বসিয়া রহিলেন।

কমল কহিল, ইংরাজীতে Emancipation বলে একটা কথা আছে; আপনি ত জানেন, পুরাকালে পিতার কঠোর অধীনতা থেকে সন্তানকে মুক্তি দেওয়া তারও একটা অর্থ ছিল। সেদিনের ছেলেমেয়েরা মিলে কিন্তু এই শব্দটা তৈরী করে নি, করেছিল আপনাদের মত ঝারা মস্ত বড় পিতা, নিজেদের বাঁধন-দড়ি আগলা করে ঝারা আপন কন্যা-সন্তানকে মুক্তি দিয়েছিলেন, তাঁরাই। আজকের দিনেও ইম্যান্সিপেশনের জঞ্জি যত কৌদলই মেয়েরা করি না কেন, দেবার আসল মালিক যে পুরুষেরা—আমরা মেয়েরা নই, জগৎ-ব্যবস্থায় এ সত্যটা আমি একটি দিনও ভুলি নে, আশুবাবু। আমার নিজের বাবা প্রায়ই বলতেন, পৃথিবীর ক্রীতদাসদের স্বাধীনতা দিয়েছিল একদিন তাদের মনিবেরাই, তাদের হয়ে লড়াই করেছিল সেদিন মনিবের জাতেরাই, নইলে দাসের দল কৌদল করে, যুক্তির জোরে নিজেদের মুক্তি অর্জন করে নি। এমনি হয়। বিশ্বে এমনিই হয়; শক্তির বন্ধন থেকে শক্তিমানেরাই ছুঁকলকে জাগ করে। তেমনি নারীর মুক্তি আজও শুধু পুরুষেরাই দিতে পারে। দায়িত্ব ত তাদেরই। মনোরমাকে মুক্তি দেবার ভার আপনার হাতে।

মনি বিজোহ করতে পারে, কিন্তু পিতার অভিশাপের মধ্যে ত সন্তানের মুক্তি থাকে না, থাকে তাঁর অকুণ্ঠ আশীর্বাদে মধ্য।

আশুবাবু এখনও কথা কহিতে পারিলেন না। এই উচ্ছ্বল প্রকৃতির মেয়েটি সংসারে অসম্মান, অমর্যাদার মধ্যেই জয়লাভ করিয়াছে, কিন্তু জন্মের সেই লজ্জাকর দুর্গতিকে অন্তরে সম্পূর্ণ বিলুপ্ত করিয়া লোকান্তরিত পিতার প্রতি তাহার ভক্তি ও স্নেহের সীমা নাই।

যে লোকটি ইহার পিতা তাঁহাকে তিনি দেখেন নাই, নিজের সংস্কার ও প্রকৃতি অনুসারে সেই মানুষটিকে শ্রদ্ধা করাও কঠিন, তথাপি ইহারই উদ্দেশ্যে দুই চক্ষু তাঁহার জলে ভরিয়া গেল। নিজের মেয়ের পিচ্ছদ ও বিরুদ্ধতা তাঁহাকে শূলের মতো বিঁধিয়াছে, কিন্তু সকল বন্ধন কাটিয়া দিয়াও যে কি করিয়া মানুষকে নরককালের মতো বাঁধিয়া রাখা যায়, এই পরের মেয়েটির মুখের পানে চাহিয়া যেন তাহার একটা আভাস পাইলেন এবং কাঁধের উপর হইতে তাহার হাতখানি টানিয়া লইয়া ক্ষণকাল চুগ করিয়া রহিলেন।

কমল কহিল, এবার আমি যাই—

আশুবাবু হাত ছাড়িয়া দিলেন, বলিলেন, এসো।

ইহার অধিক আর কিছু মুখ দিয়া তাঁহার বাহির হইল না।

পঁচিশ

নীতের সূর্য অন্ত গেল। সারাজ-ছায়ায় ঘরের মধ্যেটা বাপ্পা হইয়াছে। একটা জরুরী সেলাইয়ের বাকীটুকু কমল আলো জ্বালার পূর্বেই সাধিয়া ফেলিতে চায়। অদূরে চৌকিতে বসিয়া অজিত। ভাবে বোধ হয় কি একটা বলিতে বলিতে যেন হঠাৎ গামিয়া গিয়া সে উত্তরের আশায় উৎকর্ষিত আগ্রহে অপেক্ষা করিতেছে।

মনোরমা-শিবনাথের ব্যাপারটা বন্ধুমহলে জানাজানি হইয়াছে। আজিকার প্রসঙ্গটা শুরু হইয়াছে সেই লইয়া। অজিতের গোড়ার বক্তব্যটা ছিল এই যে, এমনিই একটা কিছু যে শেষ পর্যন্ত গড়াইবে, তাহা সে আগ্রায় আসিয়াই সন্দেহ করিয়াছিল।

কিন্তু সন্দেহের কারণ সম্বন্ধে কমল কোন ঔৎসুক্য প্রকাশ করিল না।

তাহার পর হইতে অজিত অনর্গল বকিয়া বকিয়া অবশেষে এমন জায়গায় আসিয়া থামিয়াছে যেখানে অপর পক্ষের সাড়া না পাইলে আর অগ্রসর হওয়া চলে না।

কমল অত্যন্ত মনোযোগে সেলাই করিতেই লাগিল, যেন মাথা তুলিবার সময়টুকু নাই।

মিনিট দুই-তিন নিঃশব্দে কাটিল। আরো কতক্ষণ কাটিবে, স্থিরতা নাই, অভাব অজিতকে পুনরায় চেষ্টা করিতে হইল, বলিল, আশ্চর্য্য এই যে শিবনাথের আচরণ তোমার কাছে ধরাই পড়ল না।

কমল মুখ তুলিল না, কিন্তু ঘাড় নাড়িয়া বলিল, না।

অর্থাৎ তুমি এতই সাদাসিধে যে কোন সন্দেহ কর নি, এ কি কেউ বিশ্বাস করতে পারে ?

কেউ কি পারে না পারে জানি নে, কিন্তু আপনিও কি পারবেন না ?

অজিত বলিল, হয়ত পারি, কিন্তু সে তোমার মুখের পানে চেয়ে, এমনি পারি নে।

এইবার কমল মুখ তুলিয়া হাসিল, কহিল, তা হ'লে চেয়ে দেখুন, বলুন পারেন কিনা।

অজিতের চোখের দৃষ্টি জলিয়া উঠিল ; কহিল, তোমার কথাই সত্যি, তাকে অশ্বাস কর নি বলেই তার ফল দাঁড়াল এই।

দাঁড়িয়েছে মানি, কিন্তু আপনার তরফে সন্দেহ করার সুফল কি পরিমাণে হাতে পেলেন সেটাও খুলে বলুন। এই বলিয়া সে পুনরায় একটুখানি হাসিয়া কাজে মন দিল।

ইহার পরে অজিত সংলগ্ন অসংলগ্ন নানা কথা মিনিট দশ-পনের অবিচ্ছেদে বলিয়া শেষে শ্রান্ত হইয়া কহিল, কখনো হাঁ, কখনো না। হেঁয়ালি ছাড়া কি তুমি কথা বলতে জানো না ?

কমল হাতের সেলাইটা সোজা করিতে করিতে কহিল, মেয়েরা হেঁয়ালিই ভালবাসে, ওটা ওদের স্বভাব।

তা হ'লে সে স্বভাবের প্রশংসা করতে পারি নে। স্পষ্ট বলতে একটু শেখো, নইলে সংসারের কাজ চলে না।

আপনিও হেঁয়ালি বুঝতে একটু শিখুন, নইলে ও-পক্ষের অসুবিধেও এমনি হয়। এই বলিয়া সে হাতের কাজটা পাট করিয়া টুকরিতে রাখিয়া বলিল, স্পষ্ট করার লোভ যাদের বড় বেশী, বক্তা হ'লে তারা খবরের কাগজে বক্তৃতা ছাপায়, লেখক হ'লে নিজের গ্রন্থের ভূমিকা, আর নাট্যকার হ'লে তারাই সঙ্গে নিজের নাটকের নায়ক। ভাবে, অক্ষরে যা প্রকাশ পেলো না, হাত-পা নেড়ে তাকে ব্যক্ত করা চাই। তারা ভালবাসলে যে কি করে' সেইটা শুধু জানি নে; কিন্তু একটু বসুন, আমি আলোটা জেলে আনি।—এই বলিয়া সে দ্রুত উঠিয়া ও-ঘরে চলিয়া গেল।

মিনিট পাঁচ-ছয় পরে ফিরিয়া আসিয়া সে আলোটা টেবিলের উপর রাখিয়া নীচে মেঝেতে বসিল।

অজিত বলিল, বক্তা বা লেখক বা নাট্যকার কোনটাই আমি নই, সুতরাং তাদের হ'য়ে কৈফিয়ৎ দিতে পারব না, কিন্তু তারা ভালবাসলে কি করে, জানি। তারা শৈব-বিবাহের ফন্দি আঁটে না—স্পষ্ট, পরিচিত রাস্তায় পা দিয়ে হাঁটে। তাদের অবর্তমানে অস্ত্রের খাওয়া-পরায কষ্ট না হয়, আশ্রয়ের জন্তে বাড়িওয়ালার শরণাপন্ন না হ'তে হয়, অসম্মানের আঘাত যেন না—

কমল মাঝখানে থামাইয়া দিয়া কহিল, হয়েছে, হয়েছে। হাসিয়া বলিল, অর্থাৎ, তারা আগাগোড়া ইমারত এমন ভয়ানক নিরেট মজবুত করে গড়ে তোলে যে মড়ার কবর ছাড়া তাতে জ্যান্ত মানুষের দম ফেলবার ফাঁকটুকু পর্যাস্ত রাখে না। তারা সাধু লোক।

হঠাৎ দ্বারপ্রান্তে অসুস্থের আসিল, আমরা ভেতরে আসতে পারি ?

কণ্ঠস্বর হরেন্দ্রের; কিন্তু আমরা কারা ?

আম্বন, আম্বন, বলিয়া অভ্যর্থনা করিতে কমল দরজার কাছে গিয়া দাঁড়াইল।

হরেন্দ্র এবং সঙ্গে আর একটি যুবক। হরেন্দ্র বলিল, সতীশকে আমাদের আশ্রমে তুমি একটি-দিন মাত্র দেখেছ, তবু আশা করি তাকে ভোল নি ?

কমল হাসিমুখে কহিল, না। শুধু সেদিন ছিল কাপড়টা সাদা, আজ হয়েছে হলদে।

হরেন্দ্র বলিল, গুটা উচ্চতর ভূমিতে আরোহণের বাহ্যিক ঘোষণা মাত্র, আর কিছু না। ও কান্দীধাম থেকে সত্ত-প্রত্যাগত, ঘণ্টা-দুয়ের বেশি নয়। ক্লাস্ত, তদুপরি ও তোমার প্রতি প্রশ্ন নয়; তথাপি আমি আসছি শুনে এ

আবেগ সঞ্চরণ করতে পারলে না। ওটা আমাদের ব্রহ্মচারীদের মনের ঔদার্য, আর কিছু না। এই বলিয়া সে ঘরের মধ্যে উঁকি মারিয়া কহিল, এই যে ! আর একটি নৈষ্ঠিক ব্রহ্মচারী পূর্কাদ্বেই সমুপস্থিত। যাক, আর আশঙ্কার হেতু নেই, আমার আশ্রমটি ত ভাঙচে কিন্তু আব একটা গজিয়ে উঠল বলে। এই বলিয়া সে ভিতরে প্রবেশ করিল এবং দ্বিতীয় চৌকিটা সতীশকে দেখাইয়া দিয়া বলিল, বসো এবং নিজে গিয়া খাটের উপর বেশ করিয়া জাঁকিয়া বসিল। কমল দাঁড়াইয়া, গৃহে তৃতীয় আসন নাই দেখিয়া সতীশ বসিতে দ্বিধা করিতেছিল। হরেন্দ্র ইহা বুঝে নাই তাহা নয়, তবুও সহাস্ত্রে কহিল, বসো হে সতীশ, জাত যাবে না। কাশী-ক্ষেত্রং যত উঁচুতেই উঠে থাকো তার চেয়েও উঁচু জায়গা সংসারে আছে, এ কথাটা ভুলো না।

না, সেজ্ঞান নয়, বলিয়া সতীশ অপ্রতিভ হইয়া বসিয়া পড়িল।

তাহার মুখ দেখিয়া কমল হাসিল, বলিল, খোঁচা দেওয়া আপনার মুখে সাজে না, হরেন্দ্রবাবু। আশ্রমের প্রতিষ্ঠাতাও আপনি, মোহন্ত মহারাজও আপনি। ওঁরা বয়সেও ছোট, পাণ্ডাগিরিতেও খাট। ওঁদের কাজ শুধু আপনার উপদেশ ও আদেশ মেনে চলা। স্ততরাং—

হরেন্দ্র কহিল, স্ততরাংটা সম্পূর্ণ অনাবশ্যক। আশ্রমের প্রতিষ্ঠাতা হয়ত আমিই, কিন্তু মোহন্ত ও মহারাজ হচ্ছন দুই বন্ধু—সতীশ ও রাজেন। একজনের কাজ আমাকে উপদেশ দেওয়া এবং অন্নের কাজ ছিল সাধ্যমতো আমাকে না-মেনে চলা। একজনের ত পাত্তা নেই, অন্নজন ফিরে এলেন চের বেশি তত্ত্ব-সঞ্চয় করে; ভয় হচ্ছে ওর সঙ্গে সমান তালে পা ফেলে চলতে হয়ত আর পেরে উঠবো না। এখন ভাবনা কেবল ওই অর্ধ-অভুক্ত ছেলের পাল নিয়ে। কাশী কাঞ্চী ঘুরিয়ে সেগুলোকেও ফিরিয়ে এনেছে। ইতিমধ্যে আচার-নিষ্ঠার যে লেশমাত্র ক্রটি ঘটে নি তা তাদের পানে চেয়েই বুঝেছি, শুধু কোন্ড এই যে, আর একটুখানি চেপে তপস্যা করালে ফিরে আসার গাড়ী-ভাড়াটা আমার আর লাগতো না।

কমল ব্যথার সহিত প্রশ্ন করিল, ছেলেরা বুঝি খুব রোগা হয়ে গেছে ?

হরেন্দ্র কহিল, রোগা ? আশ্রম-পরিভাষায় হয়ত তার কি একটা নাম আছে—সতীশ জানতেও পারে, কিন্তু আধুনিককালের ঝাঁকা শুক্রাচার্যের তপোবনে কচের ছবি দেখেছো ? দেখ নি ? তা হলে ঠিকটি উপলব্ধি করতে

পারবে না। দোতলার বারান্দার দাঁড়িয়ে আমার ত' হঠাৎ মনে হয়েছিল একদল কচ সার বেঁধে বুঝি স্বর্গ থেকে আশ্রমে এসে ঢুকছে। একটা ভরসা পেলাম, আমাদের আশ্রমটা ভেঙ্গে গেলে তারা না খেয়ে মারা যাবে না, দেশের কোঁন একটা কলাভবনে গিয়ে মডেলের কাজ নিতে পারবে।

কমল কহিল, লোকে বলে আপনি আশ্রম তুলে দিচ্ছেন, এ কি সত্যি ?

সত্যি। তোমার বাক্যবাণ আমার সছ হয় না। সতীশের এখানে আসার সেও একটা হেতু। গুর ধারণা তুমি আসলে ভারতীয় রমণী নও, তাই ভারতের নিগূঢ় সত্য বস্তুটিকে তুমি চিনতেই পারো না। সেইটি তোমাকে ও বুঝিয়ে দিতে চায়। বুঝবে কিনা সে তুমিই জান, কিন্তু ওকে আশ্রম দিয়েছি যে, আমি যাই করি না কেন ওদের ভয় নেই। কারণ চতুর্বিধ আশ্রমের কোন আশ্রমটি অজিতকুমার নিজে গ্রহণ করবেন সঠিক সংবাদ না পেলেও, পরস্পরায় এ খবরটুকু পাওয়া গেছে যে, তিনি বহু অর্থব্যয়ে এমন দশ-বিশটা আশ্রম নানা স্থানে খুলে দেবেন। গুর অর্থও আছে, দেবার সামর্থ্যও আছে। তার একটার নায়কস্ব সতীশের জুটবেই।

কমল মুখ টিপিয়া হাসিয়া কহিল, দানশীলতার মত চক্রতি চাপা দেবার এমন আচ্ছাদন আর নেই; কিন্তু ভারতের সত্য বস্তুটি আমাদের বুঝিয়ে সতীশবাবুর লাভ কি হবে? আশ্রম তুলে দিতেও আমি হরেনবাবুকে বলি নি, টাকার জোরে ভারতবর্ষের আশ্রম খুলতেও আমি অজিতবাবুকে নিবেদন করবো না। আমার আপত্তি শুধু ঐটিকে সত্য বলে যেনে নেওয়ায়। তাতে কার কি ক্ষতি ?

সতীশ বিনীতকণ্ঠে বলিল, ক্ষতির পরিমাণ বাইরে দেখা যাবে না; কিন্তু তর্কের জন্ত নয়, শিক্ষার্থী হিসেবে গোটাকয়েক প্রশ্ন যদি করি তার কি উত্তর পাবো না ?

কিন্তু আজ আমি বড় শ্রান্ত, সতীশবাবু।

সতীশ এ আপত্তি কানে তুলিল না, বলিল, হরেনদা এইমাত্র তোমাসা ক'রে বললেন, আমি কাশী-ফেরং যতো উঁচুতেই উঠে থাকি, তার চেয়েও উঁচু জায়গা সংসারে আছে। সে এই ঘর। আমি জানি, আপনার প্রতি গুর শ্রদ্ধার অবধি নেই—আশ্রম ভাঙ্গলে ক্ষতি হবে না, কিন্তু আপনার কথায় গুর মন যদি ভাঙ্গে সে লোকসান পূর্ণ হওয়া কঠিন।

কমল চূপ করিয়া রহিল। সতীশ বলিতে লাগিল, রাজেনকে আপনি ভাল করেই জানেন, সে আমার বন্ধু। মূল বিষয়ে মতের মিল না থাকলে আমাদের বন্ধুত্ব হ'তে পায়তো না। তার মতো ভারতের সর্বাঙ্গীণ মুক্তির মধ্য দিয়ে স্বজাতির পরম কল্যাণ আমাবও কাম্য। এই আশায় ছেলেরদের সজ্জবদ্ধ ক'রে আমরা গড়ে তুলতে চাই। নইলে মৃত্যুর পরে কল্পকাল বৈকুণ্ঠ-বাসের 'লোভ আমাদের নেই; কিন্তু নিয়মের কঠোর বন্ধন ছাড়া ত-কখনও সজ্জ সৃষ্টি হয় না। আর শুধু ছেলেরাই ত নয়, সে বন্ধন আমরা নিজেরাও যে গ্রহণ করেছি। কষ্ট ওখানে আছে—থাকবেই ত'। বহু শ্রম ক'রে বৃহৎ বস্তু লাভ করার স্থানকেই ত আশ্রম বলে। তাতে উপহাসের ত' কিছু নেই।

জবাব না পাইয়া সতীশ বলিতে লাগিল, হরেনদার আশ্রম যাই হোক না কেন, সে সম্বন্ধে আমি আলোচনা করবো না, কারণ সেটা ব্যক্তিগত হ'য়ে পড়ার ভয় আছে; কিন্তু ভারতীয় আশ্রমের মধ্যে যে ভারতের অতীতের প্রতিই নিষ্ঠা ও পরম শ্রদ্ধা আছে, এ ত অস্বীকার করা যায় না। ত্যাগ, ব্রহ্মচর্যা, সংযম এ সকল শক্তিহীন অন্ধমের ধর্ম নয়; জাতিগঠনের প্রাণ ও উপাদান সেদিন এর মধ্যেই নিহিত ছিল, আজ এ-যুগেও সে উপাদান অবহেলার সামগ্রী নয়। মরণোন্মুখ ভারতকে শুধু কেবল এই পথেই আবার ঝাঁচিয়ে তোলা যায়। আশ্রমের আচার ও অস্থিষ্ঠানের মধ্য দিয়ে আমরা এই বিশ্বাস, এই শ্রদ্ধাকেই জাগিয়ে রাখতে চাই। একদিন মন্ত্র-মুখরিত, হোমোয়-প্রজ্জলিত, তপস্বী-কঠোর ভারতের এই আশ্রমই জাতি-জীবনের একটা মৌলিক কল্যাণ সফল করবার উদ্দেশ্যেই উদ্ভূত হয়েছিল; সে প্রয়োজন আজও বিলুপ্ত হ'য়ে যায় নি, এ সত্য কোন মূর্খ অস্বীকার করতে পারে ?

সতীশের বক্তৃতায় আন্তরিকতার একটা জোর ছিল। কথাগুলি ভাল এবং নিরন্তর বলিয়া বলিয়া একপ্রকার মুখস্থ হইয়া গিয়াছিল। শেষের দিকে তাঁহার যুক্তকণ্ঠ সতেজ ও উদ্দীপনায় তাঁর কালো মুখ বেগুনে হইয়া উঠিল। সেই দিকে নিঃশব্দে ও নিষ্পলক চক্ষে চাহিয়া স্থপবিত্র ভাবাবেগে অজিতের আপাদমস্তক রোমাঞ্চিত হইয়া উঠিল এবং হরেন্দ্র তাহার আশ্রমের বিরুদ্ধে ইতিপূর্বে যত মৌখিক আফালনই করিয়া থাক, আশ্রমের বিগত-পৌরবের বিবরণে বিশ্বাস ও অবিশ্বাসের মাঝখানে সে ঝড়ের বেগে দোল খাইতে লাগিল। তাহারই মুখের প্রতি সতীশ তীক্ষ্ণ দৃষ্টি রাখিয়া বলিল, হরেন্দ্র,

আমরা মরেছি, কিন্তু এই আশ্রমের মধ্য দিয়েই যে আমাদের নবজন্ম-লাভের বিজ্ঞান আছে, এ সত্য ভুলতে যাচ্ছেন আপনি কোন্ যুক্তিতে? আপনি ভাঙ্গতে চাচ্ছেন, কিন্তু ভাঙ্গাটাই কি বড়ো? গড়ে তোলা কি তার চেয়ে ঢের বেশী বড়ো নয়? আপনিই বলুন?

কমলের মুখের প্রতি চাহিয়া জিজ্ঞাসা করিল, জীবনে ক'টা আশ্রম আপনি নিজের চোখে দেখেছেন? ক'টার সঙ্গে আপনার যথার্থ নিগূঢ় পরিচয় আছে?

কঠিন প্রশ্ন। কমল বলিল, বাস্তবিক একটাও দেখি নি এবং আপনাদেরটা ছাড়া কোনটার সঙ্গে কোন পরিচয় নেই।

তবে?

কমল হাসিমুখে কহিল, চোখে কি সমস্তই দেখা যায়? আপনাদের আশ্রমের শ্রম করাটাই চোখে দেখে এলাম, কিন্তু বৃহৎ বস্ত্রলাভের ব্যাপারটা যে আড়ালেই রয়ে গেল।

সতীশ কহিল, আপনি আবার উপহাস করছেন!

তাহার ক্রুদ্ধ মুখের চেহারা দেখিয়া হরেন্দ্র স্বিক্ষণেরে পসিল, না না সতীশ, উপহাস নয়, উনি রহস্য করছেন মাত্র। ওটা ঠর স্বভাব।

সতীশ কহিল, স্বভাব! স্বভাব বললেই ত কৈফিয়ৎ হয় না হরেন্দ্র! ভারতের অতীত দিনের যা নিত্য-পূজনীয়, নিত্য-আচরণীয় ব্যাপার, তাকেই এতে অবমাননা, তাকেই অশ্রদ্ধা করা হয়। একে ত' উপেক্ষা করা চলে না।

হরেন্দ্র কমলকে দেখাইয়া কহিল, এ বিতর্ক ঠর মধ্যে বহুদূর হয়ে গেছে। উনি বলেন, অতীতের কোন দাম নেই। বস্তু অতীত হয় কালের মধ্যে, কিন্তু তাকে ভাল হ'তে হয় নিজের গুণে। শুধুমাত্র প্রাচীন ব'লে সে পূজ্য হয়ে ওঠে না। যে বর্ষের জাত একদিন তার বৃদ্ধা বাপ-মাকে জ্যাস্ত পুঁতে ফেলতো, আজও যদি সেই প্রাচীন অল্পষ্টানের দোহাই দিয়ে সে কর্তব্য নির্দেশ করতে চায় তাকে ত ঠেকান যায় না সতীশ!

সতীশ ক্রুদ্ধ উচ্চকণ্ঠে বলিয়া উঠিল, প্রাচীন ভারতীয়দের সঙ্গে ত বর্ষরদের তুলনা হয় না, হরেন্দ্র!

হরেন্দ্র বলিল, সে আমি জানি; কিন্তু ওটা যুক্তি নয় সতীশ, ওটা গলার জোরের ব্যাপার।

সতীশ অধিকতর উত্তেজিত হইয়া কহিল, আপনাকেও বে একদিন নাস্তিকতার ফাঁদে পড়তে হবে এ আমরা ভাবি নি, হরেনদা।

হরেন্দ্র কহিল, তুমি জানো আমি নাস্তিক নই; কিন্তু গাল দিয়ে শুধু অপমান করা যায় সতীশ, মতের প্রতিষ্ঠা করা যায় না। শক্ত কথাই সংসারে সবচেয়ে দুর্বল।

সতীশ লজ্জা পাইল। হেঁট হইয়া হাত দিয়া তাঁহার পা ছুঁইয়া মাথায় ঠেকাইয়া কহিল, অপমান করি নি, হরেনদা। আপনি ত' জানেন, আপনাকে কতো ভক্তি করি আমরা; কিন্তু কষ্ট পাই, যখন শুনি ভারতের শাশ্বত তপস্বীকেও আপনি অবিশ্বাস করেন। একদিন যে উপাদান, যে সাধনা দিয়ে তাঁরা এই ভারতের বিরাট জাতি, বিরাট সভ্যতা গড়ে তুলেছিলেন, সে সত্য কখনো বিলুপ্ত হয় নি। আমি সোনার অক্ষরে স্পষ্ট দেখতে পাই, সে-ই ভারতের মজ্জাগত ধর্ম, সে-ই আমাদের আপন জিনিষ। এই ধ্বংসোন্মুখ বিরাট জাতটাকে আবার সেই উপাদান দিয়েই বাঁচিয়ে তোলা যায় হরেনদা, আর কোন পথ নেই।

হরেন্দ্র কহিল, নাও যেতে পারে সতীশ। ও তোমার বিশ্বাস এবং তার দাগ শুধু তোমার নিজের কাছে। একদিন ঠিক এই রকম কথার উত্তরে কমল বলেছিলেন, জগতেব আদিম যুগে একদিন বিরাট অস্থি, বিরাট দেহ, বিরাট ক্ষুধা দিয়ে বিরাট জীব সৃষ্টি হয়েছিল; তাই দিয়ে সে পৃথিবী জয় ক'রে বেড়িয়েছিল--সেদিন সেই ছিল তার সত্য উপাদান; কিন্তু আর একদিন সেই দেহ, সেই ক্ষুধাই এনে দিলে তাকে মৃত্যু। একদিনের সত্য উপাদান আর একদিনের মিথ্যা উপাদান হ'য়ে তাকে নিশ্চিহ্ন ক'রে সংসার থেকে মুছে দিলে। এতটুকু বিধা করলে না। সে অস্থি আজ পাথরে রূপান্তরিত, প্রত্ন-তাত্ত্বিকের গবেষণার বস্তু।

সতীশ হঠাৎ জবাব খুঁজিয়া না পাইয়া বলিল, তবে কি আমাদের পূর্ব-পিতামহদের আদর্শ ভ্রান্ত? তাতে তত্ত্ব নিরূপণের সত্য ছিল না?

হরেন্দ্র বলিল, সেদিন ছিল হয়ত, কিন্তু আজ না-থাকায় বাধা নেই। সেদিনের স্বর্গের পথ আজ যদি যমের দক্ষিণ-দোরে এনে হাজির ক'রে দেয়, মুখ ভার করবার হেতু পাই নে সতীশ।

সতীশ গূঢ় ক্রোধ প্রাণপণে দমন করিয়া কহিল, হরেনদা, এ সব শুধু আপনাদের আধুনিক শিক্ষার ফল ; আর কিছুই নয়।

হরেন্দ্র বলিল, অসম্ভব নয় ; কিন্তু আধুনিক শিক্ষা যদি আধুনিক কালের কল্যাণের পথ দেখাতে পারে, আমি লঙ্কার কারণ দেখি নে সতীশ।

সতীশ বহুক্ষণ নির্বাক স্তব্ধভাবে বসিয়া পরে ধীরে ধীরে কহিল, লঙ্কার, সহস্র লঙ্কার কারণ কিন্তু আমি দেখি, হরেনদা। ভারতের জ্ঞান, ভারতের প্রাচীন তত্ত্ব এই ভারতেরই বিশেষত্ব এবং প্রাণ। সেই ভাব, সেই তত্ত্ব বিসর্জন দিয়ে দেশকে যদি স্বাধীনতা অর্জন করতে হয়, তবে সে স্বাধীনতায় ভারতের ত' জয় হবে না, জয় হবে শুধু পাশ্চাত্য নীতি ও পাশ্চাত্য সভ্যতার। সে পরাজয়ের নামান্তর। তার চেয়ে মৃত্যু ভাল।

তাহার বেদনা আন্তরিক। সেই ব্যথার পরিমাণ অল্পভব করিয়া হরেন্দ্র মৌন হইয়া রহিল, কিন্তু জবাব দিল এবার কমল। মুখে সুপরিচিত পরিহাসের চিহ্নমাত্র নাই, কণ্ঠস্বর সংযত, শাস্ত ও মৃদু ; বলিল, সতীশবাবু, নিজের জীবনে যেমন নিজেকে বিসর্জন দিয়েছেন, সংস্কারের দিক দিয়েও যদি তাকে এমনি পরিত্যাগ করতে পারতেন, এ কথা উপলব্ধি করা আজ কঠিন হ'তো না যে ভাবের জগৎ, বিশেষত্বের জগৎ মানুষ নয়, মানুষের জগৎই তার সমাদর, মানুষের জগৎই তার দাম। মানুষই যদি তলিয়ে যায়, কি হবে তার তত্ত্বের মহিমা প্রতিষ্ঠায় ? নাই বা হ'লো ভারতের মতের জয়, মানুষের জয় ত হলে ? তখন মুক্তি পেয়ে এতগুলি নরনারী ধস্ত হয়ে যাবে। চেয়ে দেখুন ত' নবীন তুংকির দিকে। যতদিন সে তার প্রাচীন রীতিনীতি, আচার-অনুষ্ঠান, পুরুষ-পদম্পর্গ-গত পুরানো পথটাকেই সত্য জেনে আঁকড়ে ধরেছিল, ততদিন তার হয়েছে বারম্বার পরাজয়। আজ বিপ্লবের মধ্যে দিয়ে সে সত্যকে পেয়েছে, তার সমস্ত আবর্জনা ভেঙ্গে গেছে, আজ তাকে উপহাস করে সাধ্য কার ? অথচ, সেই প্রাচীন মত ও পথই একদিন দিয়েছিল তাকে বিজয়, দিয়েছিল ঐশ্বর্য, কল্যাণ, দিয়েছিল মনুষ্যত্ব। ভেবেছিল, সেই বৃষি চিরন্তন সত্য। ভেবেছিল, তাকেই প্রাণপণে আঁকড়ে ধ'রে বিগত-গৌরব আবার আজকের দিনেও সে কিরিয়ে আনতে পারবে। মনেও করে নি তারও বিবর্তন আছে। আজ সেই মোহ গেল মরে, কিন্তু ওদের মানুষগুলো উঠলো বেঁচে। এমন দৃষ্টান্ত আরও আছে, আরও হবে। সতীশবাবু, আত্মবিশ্বাস এবং আত্ম-অহঙ্কার এক বস্তু নয়।

সতীশ বলিল, জানি ; কিন্তু পশ্চিমের লোকেরাই যে মাহুঘের প্রশ্নের শেষ জবাব দিয়েছে, এও ত' না হতে পারে ? তাদের সভ্যতাও একদিন ধ্বংস হয়ে যাবে এও ত' সম্ভব ?

কমল মাথা নাড়িয়া কহিল, হাঁ সম্ভব । আমার বিশ্বাস, হবেও ।

তবে ?

কমল বলিল, তাতে দিক্কার দেবার কিছু নেই । সতীশবাবু, মন্দ ত' ভালর শত্রু নয়, ভালর শত্রু, তার চেয়ে যে আরও ভাল—সে । সেই আরও ভাল যেদিন উপস্থিত হয়ে প্রশ্নের জবাব চাইবে, সেদিন তারই হাতে রাজদণ্ড তুলে দিয়ে ওকে সরে যেতে হবে । একদিন শক, হুন, তাতারের দল ভারতবর্ষ গায়ের জোরে জয় করেছিল, কিন্তু এর সভ্যতাকে বাঁধতে পারে নি, তারা আপনি বাঁধা পড়েছিল । এর কারণ কি জানেন ? আসল কারণ তারা নিজেরাই ছিল ছোট ; কিন্তু মোগল-পাঠানের পরীক্ষা বাকী রয়ে গেল, ফরাসী ইংরেজ এসে পড়লো বলে । সে মিয়াদ আজও বাজেয়াপ্ত হয় নি । ভারতের কাছে এর জবাব একদিন তাদের দিতেই হবে । সে প্রশ্ন থাক, কিন্তু পশ্চিমের জ্ঞান-বিজ্ঞান-সভ্যতার কাছে ভারতবর্ষ আজ যদি ধরা দেয়, দস্তে আঘাত লাগবে, কিন্তু তার কল্যাণে ঘা পড়বে না আমি নিশ্চয় বলতে পারি ।

সতীশ সবগে মাথা নাড়িয়া কহিল, না, না, না । যাদের আস্থা নেই, শ্রদ্ধা নেই, বিশ্বাসের ভিত্তি যাদের বালির ওপর, তাদের কাছে এমনি ক'রে বলতে থাকসেই হবে সর্বনাশ ।—এই বলিয়া হরেন্দ্রের প্রতি কটাক্ষে চাহিয়া কহিল, ঠিক এইভাবেই একদিন বাঙ্গলায়—সে বেশীদিন নয়, বিদেশের বিজ্ঞান, বিদেশের দর্শন, বিদেশের সভ্যতাকে মস্ত মনে ক'রে সত্যভ্রষ্ট, আদর্শভ্রষ্ট জনকয়েক, অসম্পূর্ণ শিক্ষার বিজাতীয় স্পর্ধায় স্বদেশের যা-কিছু আপন তাকেই তুচ্ছ ক'রে দিয়ে দেশের মনকে বিক্ষিপ্ত, কদাচারী ক'রে তুলেছিল ; কিন্তু এত বড় অকল্যাণ বিধাতার সইল না । প্রতিক্রিয়ায় বিবেক ফিরে এলো । ভুল ধরা পড়লো । সেই বিষম দুর্দিনে মনস্বী খাঁরা, স্বজাতির কেন্দ্রবিমুখ উদ্ভ্রান্ত চিত্তকে, স্ব-গৃহের পানে আবার ফিরিয়ে নিয়ে এলেন তাঁরা শুধু বাদলা দেশেরই নয়, সমস্ত ভারতের নমস্ত ।—এই বলিয়া সে ছুই হাত জোড় করিয়া মাথায় ঠেকাইল ।

কথাটা যে সত্য তাহা সবাই জানেন । স্মরণ্য হরেন্দ্র অজিত উভয়েই

তাহাকে অল্পসরণ করিয়া নমস্কার উদ্দেশে যখন নমস্কার জানাইল তাহাতে বিশ্বয়ের কিছুই ছিল না। অজিত যুদ্ধকণ্ঠে বলিল, নইলে খুব বেশী লোকে হয়ত সে সময় ক্রীশান হয়ে যেতো। শুধু তাঁদের জন্মই সেটা হ'তে পারে নি, কথাটা বলিয়াই সে কমলের মুখের পানে চাহিয়া দেখিল, চোখে তাহার অল্পমোদন নাই, আছে শুধু তিরস্কার। অথচ চূপ কবিতাই আছে। হয়ত জবাব দিবার ইচ্ছাও ছিল না। অজিতকে সে চিনিত, কিন্তু হরেন্দ্র যখন ইহারই অক্ষুট প্রতিধ্বনি করিল তখন তাহার অনতিকাল পূর্বের কথাগুলার সহিত এই সসঙ্কোচ জুড়িয়া এমনি বিসদৃশ সুনাইল যে সে নীরব থাকিতে পারিল না। কহিল, হরেনবাবু, এক ধরনের লোক আছে যারা ভূত মানে না কিন্তু ভূতের ভয় করে। আপনি তাই এবং একেই বলে ভাবের ঘরে চুরি। এমন অন্ডায় আর কিছু হ'তেই পারে না। এ দেশের আশ্রমের জন্ম কখনো টাকার অভাব হবে না এবং ছেলের দুর্ভিক্ষও ঘটবে না; অতএব আপনি ছাড়াও সতীশবাবুর চলে যাবে, কিন্তু ওকে পরিত্যাগ করার মিথ্যাচার আপনাকে চিরদিন দুঃখ দেবে।

একটু থামিয়া কহিল, আমার বাবা ছিলেন ক্রীশান, কিন্তু আমি যে কি, সে খোঁজ তিনিও করেন নি, আমিও করি নি। তাঁর প্রয়োজন ছিল না, আমার মনেও ছিল না। কামনা করি ধর্মকে যেন আমরা এমনি ভুলেই থাকতে পারি; কিন্তু উচ্ছৃঙ্খল অনাচারী বলে' এইমাত্র যাদের গল্পনা দিলেন এবং নমস্কার বলে' যাদের নমস্কার করলেন, স্বদেশের সর্বনাশের পাল্লায় কার দান ভারী, এ প্রশ্নের জবাব একদিন লোকে চাইতে ভুলবে না।

সতীশের গায়ে কে যেন চাবুকের ঘা মারিল। তীব্র বেদনায় অকস্মাৎ উঠিয়া দাঁড়াইয়া জিজ্ঞাসা করিল, আপনি জানেন এঁদের নাম? কখনও শুনেছেন কারো কাছে?

কমল ঘাড় নাড়িয়া বলিল, না।

তা হ'লে সেইটে জেনে নিন।

কমল হাসিয়া কহিল, আচ্ছা; কিন্তু নামের মোহ আমার নেই। নাম জানাটাকেই জানার শেষ বলে' আমি ভাবতে পারি নে।

প্রত্যুত্তরে সতীশ দুই চক্ষে শুধু অবজ্ঞা ও ঘৃণা বর্ষণ করিয়া, স্থিরত-পদে স্বর হইতে বাহির হইয়া গেল।

সে যে রাগ করিয়া গিয়াছে তাহা নিঃসন্দেহ। এই অপ্রীতিকর ব্যাপারটাকে কথঞ্চিৎ লঘু করিবার মানসে হরেন্দ্র হাসির ভাণ করিয়া খানিক পরে বলিল, কমলের আকৃতিটা প্রাচ্যের কিন্তু প্রকৃতিটা প্রতীচ্যের। একটা পড়ে চোখে, কিন্তু অপরটা থাকে সম্পূর্ণ আড়ালে। এইখানেই হয় মানুষদের ভুল। ওর পরিবেশন করা খাবার গেলা যায়, কিন্তু হজম করতে গোল বাধে। পেটের বত্রিশ নাড়িতে যেন মোচড় ধরে। আমাদের প্রাচীন কোন কিছুর প্রতি ওর না আছে বিশ্বাস, না আছে দরদ। একেজো বলে' বাতিল ক'রে দিতে ওর ব্যথা নেই; কিন্তু স্বাস্থ্য নিক্তি হাতে পেলেই যে 'হৃদয় ওজন করা যায় না—এই কথাটা ও বুঝতেই পারে না।

কমল কহিল, পারি, শুধু দান নেবার বেলাতেই একটার বদলে অল্পটা নিতে পারি নে। আমার আপত্তি ঐখানে।

হরেন্দ্র বলিল, আশ্রমটা তুলে দেবো আমি স্থির করেছি। ও-শিক্ষায় মানুষ হয়ে ছেলেরা দেশের মুক্তি—পরম কল্যাণকে ফিরিয়ে আনতে পারবে কিনা, আমার সন্দেহ জন্মেছে; কিন্তু দীনহীন ঘরের যে-সব ছেলেকে সতীশ ঘরছাড়া ক'রে এনেছে তাদের দিয়ে যে কি ক'রব আমি তাই ভেবে পাই নে। সতীশের হাতে তুলে দিতেও ত তাদের পারব না।

কমল কহিল, পেরেও কাজ নেই; এদের দিয়ে অসাধারণ, অলৌকিক কিছু একটা ক'রে তুলতেও চাইবেন না। দীন-দুঃখীর ঘরের ছেলে সকল দেশেই আছে; তারা যেমন ক'রে তাদের বড় ক'রে তোলে তেমনি ক'রেই এদের মানুষ ক'রে তুলুন।

হরেন্দ্র বলিল, ঐখানে এখনো নিঃশংশয় হ'তে পারি নি কমল! মাষ্টার পণ্ডিত লাগিয়ে তাদের লেখাপড়া শেখাতে হয়ত পারব, কিন্তু যে সংঘম ও ত্যাগের শিক্ষা তাদের আরম্ভ হয়েছিল, তার থেকে বিচ্ছিন্ন ক'রে ওদের মানুষ করা যাবে কিনা সেই আমার ভয়।

কমল কহিল, হরেনবাবু, সকল জিনিসকেই অমন একান্ত ক'রে আপনারা ভাবেন ব'লেই কোন প্রশ্নের আর সোজা জবাবটা পান না। সন্দেহ আসে হয় ওরা দেবতা গড়ে উঠবে, না হয়, একেবারে উচ্ছৃঙ্খল অসংযত পশু হয়ে ঝাঁড়াবে। জগতের সহজ, সরল, স্বাভাবিক শ্রী আর চোখের সামনে থাকে না। পরায়ত্ত, মনগড়া অস্ত্রায়ের বোধের দ্বারা সমস্ত মনকে শঙ্কায় ত্রস্ত, মলিন

ক'রে রাখেন। সেদিন আশ্রমে যা দেখে এসেছি সে কি সংঘম ও ত্যাগের শিক্ষা? ওরা পেয়েছে কি? পেয়েছে অপরের দেওয়া হৃৎখের পোষা, পেয়েছে অনধিকার, পেয়েছে প্রবক্তিতের ক্ষুধা। চীনাদের দেশে জয় থেকে মেয়েদের পা ছোট করা হয়। পুরুষেরাও তাকে বলে স্বন্দর, সে আমার সম, কিন্তু মেয়েদের সেই নিজেদের পক্ষ, বিকৃত পায়ের সৌন্দর্যে যখন নিজেরাই মোহিত হয় তখন আশা করার কিছু থাকে না। আপনারা নিজেদের কৃতৃত্ব মগ্ন হয়ে রইলেন, আমি জিজ্ঞাসা করলাম, বাবারা কেমন আছ বল ত? ছেলেরা একবাক্যে বললে, খুব ভাল আছি। একবার ভাললেও না। ভাবাটাও তাদের শেষ হয়ে গেছে, এমনি শাসন। নীলিমাদিদি আমার পানে চেয়ে বোধ করি এর উত্তর চাইলেন, কিন্তু বুক চাপড়ে কাঁদা ভিন্ন আমি আর এ কথা বলবার খুঁজে পেলাম না। মনে মনে ভাবলাম, ভবিষ্যতে এরাই আনন্দ দেশের স্বাধীনতা ফিরিয়ে!

হরেন্দ্র কহিল, ছেলেরা কথা বাক, কিন্তু রাজেন, সতীশ এরা ত যুবক; এরাও ত সর্বত্যাগী?

কমল বলিল, রাজেনকে আপনারা চেনেন না, স্নতরাং সেও যাক; কিন্তু বৈরাগ্য যৌবনকেই ত বেশী পেয়ে বসে। ও যেখানে শক্তি, সেখানে বিরুদ্ধ শক্তি ছাড়া তাকে বশ করবে কে?

হরেন্দ্র বলিল, রাগ ক'রো না কমল, কিন্তু তোমার রক্তে ত বৈরাগ্য নেই। তোমার বাবা ইয়ুরোপীয়ান, তাঁর হাতেই তোমার শিশুজীবন গড়ে উঠেছে। মা এ দেশের, কিন্তু তাঁর কথা না তোলাই ভাল। দেহে রূপ ছাড়া বোধ হয় সেদিক থেকে কিছুই পাও নি। তাই, পশ্চিমের শিক্ষায় ভোগটাকেই জীবনের সবচেয়ে বড় বলে' জেনেছ।

কমল কহিল, রাগ করি নি হরেন্দ্রবাবু; কিন্তু এমন কথা আপনি বলবেন না। কেবলমাত্র ভোগটাকেই জীবনের বড় ক'রে নিয়ে কোন জাত কখনো বড় হয়ে উঠতে পারে না। মুসলমানেরা যখন এই ভুল করলে তখন তাদের ত্যাগও গেল, ভোগও ছুঁটল। এই ভুল করলে ওরাও মরবে। পশ্চিম ত আর জগৎ ছাড়া নয়, সে বিধান উপেক্ষা ক'রে কারও বাঁচবার জো নেই।—এই বলিয়া সে এক মুহূর্ত্ত মৌন থাকিয়া কহিল, তখন কিন্তু মুচকে হেসে আপনারাও বলবার দিন পাবেন—কেমন! বলেছিলাম ত! দিন-কয়েকের

নাচন-কৌদন ওদের যে ফুরাবে সে আমরা জানতাম ; কিন্তু চেয়ে দেখো, আমরা আগাগোড়া টিকে আছি।—বলিতে বলিতে স্নবিমল হাস্তে তাহার সমস্ত মুখ বিকশিত হইয়া উঠিল।

হরেন্দ্র কহিল, সেই দিনই যেন আসে।

কমল কহিল, অমন কথা বলতে নেই হরেনবাবু। অত বড় জাত যদি মাথা নীচু করি পড়ে, তার ধুলোয় জগতের অনেক আলোই ম্লান হয়ে যাবে। মাতৃম্বের সেটা দুর্দিন।

হরেন্দ্র উঠিয়া দাঁড়াইল। বলিল, তার এখনো দেবী আছে, কিন্তু নিজে দুর্দিনের আভাস পাচ্ছি। অনেক আলোই নিবু-নিবু হয়ে আসচে। পিতার কাছে নেবানোর কৌশলটাই জেনেছিলে কমল, ভালাবার বিঘে শেখো নি। আচ্ছা চললাম। অজিতবাবুর কি বিলম্ব আছে ?

অজিত উঠি-উঠি করিল, কিন্তু উঠিল না।

কমল বলিল, হরেনবাবু, আলো পথের ওপর না পড়ে চোখের ওপর পড়লে খানার পড়তে হয়। সে আলো যে নেবায়, তাকে বন্ধ বলে জানবেন।

হরেন্দ্র নিঃশ্বাস ফেলিল, কহিল, অনেক সময়ে মনে হয়, তোমার সঙ্গে পরিচয় কৃষ্ণে হয়েছিল। সে প্রত্যয়ের জোর আমার নেই, তবু বলিতে পারি, যত বিঘে, বুদ্ধি, জ্ঞান ও পুরুষকারের জৌলুস ওরা দেখাক, ভারতের কাছে সে সমস্তই অকিঞ্চিৎকর।

কমল বলিল, এ যেন ক্লাশে প্রমোশন না-পাওয়া ছেলের এম. এ. পাশ করাকে দিক্কাব দেওয়া। হরেনবাবু, আত্মমর্যাদাবোধ বলে যেমন একটা কথা আছে, বড়াই করা বলেও তেমনি একটা কথা আছে।

হরেন্দ্র ক্রুদ্ধ হইল, কহিল, কথা অনেক আছে ; কিন্তু এই ভারতই একদিন সকল দিক দিয়েই জগতের গুরু ছিল, তখন অনেকের পূর্বপুরুষ হয়ত গাছের ডালে ডালে বেড়াত। আবার এই ভারতবর্ষই আর একদিন জগতে সেই শিক্ষকের আসনই অধিকার করবে। করবেই করবে।

কমল রাগ করিল না, হাসিল। বলিল, আজ তারা ডাল ছেড়ে মাটিতে নেবেছে ; কিন্তু কোন মহা-অতীতে একজনের পূর্বপুরুষ পৃথিবীর গুরু ছিল এবং কোন মহা-ভবিষ্যতে আবার তার বংশধর পৈতৃক পেশা ফিরে পাবে—এ আলোচনায় স্নখ পেতে হলে অজিতবাবুকে ধরুন। আমার অনেক কাজ।

হরেন্দ্র বলিল, আচ্ছা, নমস্কার। আজ আসি।—বলিয়া বিবল গভীর মুখে নিষ্ক্রান্ত হইয়া গেল।

ছাব্বিশ

আট-দশ দিন পরে কমল আশুবাবুর বাটীতে দেখা করিতে আসিল। যাদের লইয়া এই আখ্যায়িকা* তাঁহাদের জীবনের এই কয়দিনে একটা বিপর্যয় ঘটয়া গিয়াছে। অথচ, আকস্মিক নয়, অপ্রত্যাশিতও নয়। কিছুকাল হইতে এলোমেলো বাতাসে ভাসিয়া টুকরা মেঘের রাশি আকাশে নিরন্তর জমা হইতেছিল। ইহার পরিণতি সম্বন্ধে বিশেষ সংশয় ছিল না, ঘটিলও তাই।

ফটকের দরওয়ান অল্পপস্থিত। বাটার নীচের বাবান্দায় সাধারণতঃ কেহ বসিত না, তথাপি, খানকয়েক চৌকি, মেজ ও দেওয়ালের গায়ে কয়েকটা বড়লোকের ছবি টাঙ্গান ছিল, আজ সেগুলো অন্তর্হিত। শুধু ছাদ হইতে লগ্নমান কালি-মাখান লঠনটা এখনও বুলিভেছে। স্থানে স্থানে আবর্জনা জমিয়াছে, সেগুলি পরিষ্কার করিবার আর বোধ হয় আবশ্যক ছিল না। কেমন একটা শ্রীহীন ভাব; গৃহস্বামী যে পলায়নোন্মুখ তাহা চাহিলেই বুঝা যায়। কমল উপরে উঠিয়া আশুবাবুর বসিবার ঘরে গিয়া প্রবেশ করিল। বেলা অপরাহ্নের কাছাকাছি, তিনি আগেকার মতই চেয়ারে পা ছড়াইয়া শুইয়া ছিলেন, ঘরে আর কেহ ছিল না, পর্দা সরানোর শব্দে তিনি চোপ-মোলয়া উঠিয়া বসিলেন। কমলকে বোধ হয় তিনি আশা করেন নাই; একটু বেশী মাত্রায় খুশি হইয়া অভ্যর্থনা করিলেন, কমল যে! এসো মা, এসো।

তাঁহার মুখের পানে চাহিয়া কমলের বৃকে ঘা লাগিল—এ কি! ‘আপনাকে যে বুড়োর মত দেখাচ্ছে কাকাবাবু?’

আশুবাবু হাসিলেন—বুড়ে? সে ত ভগবানের আশীর্বাদ কমল। ভেতরে ভেতরে বয়স যখন বাড়ে, বাইরে তখন বুড়ে না-দেখানোর মত ছুর্গোগ আর নেই। ছেলেবেলায় টাক পড়ার মতই করুণ।

কিন্তু শরীরটাও ত ভাল দেখাচ্ছে না?

না ; কিন্তু আর বিস্তারিত প্রশ্নের অবকাশ দিলেন না, জিজ্ঞাসা করিলেন, তুমি কেমন আছো, কমল ?

ভাল আছি। আমার ত কখনো অসুখ করে না কাকাবাবু।

তা জানি। না দেহের, না মনের। তার কারণ তোমার লোভ নেই। কিছুই চাও না বলে ভগবান দুহাতে টেলে দেন।

আমাকে দিতে কি দেখলেন বলুন ত ?

আশুবাবু কহিলেন, এ ত ডেপুটির আদালত নয় মা, যে ধমক দিয়ে মামলা জিতে নেবে? তা সে যাই হোক, তবু মানি যে দুনিয়ার বিচারে নিজেও বড় কম পাই নি। তাইত আজ সকালে খলি বেড়ে ফর্দ মিলিয়ে দেখছিলাম। দেখলাম, শূন্ত্রের অঙ্কগুলোই এতদিন তহবিল ফাঁপিয়ে রেখেচে—অস্ত্র:সারহীন খলিটার মোটা চেহারা মাসুকের চোথকে কেবল নিছক ঠকিয়েছে, ভেতরে কোন বস্তু নেই। লোক শুধু ভুল করেই ভাবে মা, গণিতশাস্ত্রের নির্দেশে শূন্ত্রের দাম আছে। আমি ত দেখি কিছু নেই। একের ডানদিকে ওরা সার বেঁধে দাঁড়ালে একই এককোটি হয়, শূন্ত্রের সংখ্যাগুলো ভীড় করার জোরে শূত্র কোটা হয়ে ওঠে না। পদার্থ যেখানে নেই, ওগুলো সেখানে শুধু মায়া। আমার পাওয়াটাও ঠিক তাই।

কমল তর্ক করিল না, তাঁহার কাছে গিয়া চৌকি টানিয়া বসিল। তিনি ডান-হাতটি কমলের হাতের উপর রাখিয়া বলিলেন, মা, এবার সত্যিই ত যাসার সময় হ'ল, কাল-পরশু যে চললাম। বুড়ো হয়েছি, আবার যে কখনো দেখা হবে ভাবতে ভরসা পাই নে ; কিন্তু এটুকু ভরসা পাই যে আমাকে তুমি ভুলবে না।

কমল কহিল, না। দেখাও আবার হবে। আপনার খলিটা শূত্র ঠেকেচে বলে, আমার খলিটা শূত্র দিয়ে ভরিয়ে রাখি নি কাকাবাবু, তারা সত্যি সত্যিই পদার্থ—মায়া নয় !

আশুবাবু এ কথা বলিয়া দিলেন না, কিন্তু মনে বুঝিলেন, এই মেয়েটি একবিন্দুও মিথ্যা বলে নাই।

কমল কহিল, আপনি এখনো আছেন বটে, কিন্তু আপনার মনটা যে এদেশ থেকে বিদেশ নিয়েছে তা বাড়িতে ঢুকেই টের পেয়েছি। এখানে আর আপনাকে ধরে রাখা বাবে না। কোথায় যাবেন ? কলকাতায় ?

আশুবাবু ধীরে ধীরে মাথা নাড়িলেন, বলিলেন, না, ওখানে নয়। এবার একটুখানি দূরে যাব কল্পনা করেছি। পুরানো বন্ধুদের কথা দিয়েছিলাম, যদি বেঁচে থাকি আর একবার দেখা করে যাব। এখানে তোমারও ত কোন কাজ নেই কমল, যাবে মা আমার সঙ্গে বিলেতে? আর যদি ফিরতে না পারি, তোমার মুখ থেকে কেউ কেউ খবরটা পেতেও পারবে।

এই অল্পদৃষ্টি সর্বনামের উদ্দৃষ্টি যে কে, কমলের বৃষ্টিতে বিলম্ব হইল না, কিন্তু এই অস্পষ্টতাকে স্পষ্ট করিয়া বেদনা দেওয়া নিশ্চয়োজ্ঞান।

আশুবাবু বলিলেন, ভয় নেই মা, বুড়োকে সেবা করতে হবে না। এই অকর্ষণ্য দেহটার দাম ত ভারী, এটাকে ব'য়ে বেশাবার অঙ্গুহাতে আমি মাহুঘের কাছে ঋণ আর বাড়াব না; কিন্তু কে জানত কমল, এই মাংস-পিণ্ডটাকে অবলম্বন করেও প্রশ্ন জটিল হয়ে উঠতে পারে। মনে হয় যেন লজ্জায় মাটির সঙ্গে মিশে যাই। এত বড় বিশ্বয়ের ব্যাপারও যে জগতে ঘটে, এ কে কবে ভাবতে পেরেছে!

কমল সন্দেহে চমকিয়া উঠিল, জিজ্ঞাসা করিল, নীলিমা দিককে দেখচি নে কেন কাকাবাবু, তিনি কোথায়?

আশুবাবু বলিলেন, বোধ হয় তাঁর ঘরেই আছেন, কাল সকাল থেকেই আর দেখতে পাই নি। শুনলাম হরেন্দ্র এসে তার বাসায় নিয়ে যাবে।

তাঁর আশ্রমে?

আশ্রম আর নেই। সতীশ চল গেছে, কণ্ঠকটি ছেলেকেও সঙ্গে নিয়ে গেছে। শুধু চার-পাঁচজন ছেলেকে হরেন্দ্র ছেড়ে দেয় নি, তারাই আছে। এদের মা-বাপ, আত্মীয়-স্বজন কেউ কোথাও নেই, এদের সে নিজের আইডিয়া দিয়ে নতুন করে গড়ে তুলবে এই তার কল্পনা। তুমি শোন নি বুঝি? আর কার কাছেই বা শুনবে।

একটুখানি থানিয়া কহিতে লাগিলেন, পরশু সংস্কারবেলায় ভদ্রলোকেরা চ'লে গেলে অসমাপ্ত চিঠিখানা শেষ করে নীলিমাকে পড়ে শোনালাম। ক'দিন থেকে সে সদাই যেন অলম্বনক, বড় একটা দেখাও পাই নে। চিঠিটা ছিল আমার কলকাতার কর্মচারীর ওপর, আমার দিলেত বাবার সকল আয়োজন শীঘ্রই সম্পূর্ণ করে ফেলবার তাগিদ। একটা নতুন উইলের খসড়া পাঠিয়েছিলাম, হয়ত এই আমার শেষ উইল, এটনিকে দেখিয়ে নাম সইয়ের

অল্প এটাও কিরে পাঠাতে বলেছিলাম। অগ্নাত্ত আদেশও ছিল। নীলিমা কি একটা সেলাই ক'রছিল, ভালমন্দ কোন সাড়া পাই নে দেখে মুখ তুলে চেয়ে দেখি তার হাতের সেলাইটা মাটিতে পড়ে গেছে, মাথাটা চোঁকির বাঙ্কতে লুটিয়ে পড়েছে, চোখ বোজা, মুখখানা একেবারে ছাইয়ের মত সাদা। কি যে হ'ল হঠাৎ ভেবে পেলাম না। তাড়াতাড়ি উঠে মেঝেতে শোয়ালাম, গ্লাসে জল ছিল চোখ-মুখে ঝাপটা দিলাম, পাখার অভাবে খবরের কাগজটা দিয়ে বাতাস করতে লাগলাম, চাকরটাকে ডাকতে গেলাম, গলা দিয়ে আওয়াজ বেরুল না। বোধ করি মিনিট দুই-তিনের বেশী নয়, সে চোখ চেয়ে শশব্যস্তে উঠে ব'সল, একবার সমস্ত দেহটা তার কঁপে উঠলো, তারপরে উপুড় হয়ে আমার কোলের ওপর মুখ চেপে ছ ছ ক'রে কঁেদে উঠলো। সে কি কান্না! মনে হ'ল বুঝি তার বুক ফেটে যায় বা! অনেকক্ষণ পরে তুলে বসালাম, কতদিনের কত কথা, কত ঘটনাই মনে প'ড়ল—আমার বুঝতে কিছুই বাকি রইল না।

কমল নিঃশব্দে তাঁহার পানে চাহিল।

আশুবাবু একমুহূর্ত্ত নিজেকে সম্বরণ করিয়া বলিলেন, খুব সম্ভব মিনিট দুই-তিন। এ অবস্থায় তাকে কি ব'লব আমি ভেবে পাবার আগেই নীলিমা তাঁরের মতো উঠে দাঁড়ালো, একবার চাইলেও না, ঘর থেকে বা'র হ'য়ে গেল। না বললে সে একটা কথা, না বললাম আমি। তারপরে আর দেখা হয় নি।

কমল জিজ্ঞাসা করিল, এ আপনি আগে বুঝতে পারেন নি ?

আশুবাবু বলিলেন, না। স্বপ্নেও ভাবি নি। আর কেউ হ'লে সন্দেহ হ'ত এ শুধু ছলনা, শুধু স্বার্থ; কিন্তু এ'র সম্বন্ধে এমন কথা ভাবাও অপরাধ। এ কি আশ্চর্য মেয়েদের মন! এই রোগাতুর জীর্ণ দেহ, এই অক্ষম, অবসন্ন চিত্ত, এই জীবনের অপরাঙ্কবেলায় জীবনের দাম যার কাণাকড়িও নয়, তারও প্রতি যে সুন্দরী যুবতীর মন আকৃষ্ট হতে পারে, এত বড় বিশ্বয় জগতে কি আছে! অথচ এ সত্য, এর এতটুকুও মিথ্যে নয়।—এই বলিয়া এই সদাচারী প্রৌঢ় মাহুঘটি স্ফোভে, বেদনায় ও অকপট লজ্জায় নিঃশ্বাস ফেলিয়া নীরব হইলেন। কিছুক্ষণ এইভাবে থাকিয়া পুনশ্চ কহিলেন, কিন্তু আমি নিশ্চয় জানি এই বুদ্ধিমতী নারী আমার কাছে কিছুই প্রত্যাশা করে না। ও শুধু

চায় আমাকে বস্ত্র করতে, শুধু চায় সেবার অভাবে জীবনের নিঃসঙ্গ বাকী দিন ক'টা যেন না আমার হৃৎখে শেষ হয়। শুধু দয়া আর অকৃত্রিম করুণা!

কমল চূপ করিয়া আছে দেখিয়া তিনি বলিতে লাগিলেন, বেলা বিবাহ-বিস্ফেদের যখন মামলা আনে, আমি সম্মতি দিয়েছিলাম। কথায় কথায় সেদিন এই প্রসঙ্গ উঠে পড়ায় নীলিমা অত্যন্ত রাগ করেছিল। তারপর থেকে বেলাকে ও যেন কিছুতেই সহ করতে পারছিল না। নিজের স্বামীকে এমনি ক'রে সর্বসাধারণের কাছে লঙ্ঘিত অপদম্ব ক'রে এই প্রতিহিংসার ব্যাপারটা নীলিমা কিছুতেই অন্তরে মেনে নিতে পারলে না। ও বলে, তাঁকে ত্যাগ করাটাই ত বড় নয়, তাঁকে ফিরে পাবার সাধনাই স্ত্রীর পরম সার্থকতা। অপমানের শোধ নেওয়াতেই স্ত্রীর সত্যিকার মৰ্যাদা নষ্ট হয়, নইলে ও কপ্তি-পাথর, ওতে যাচাই ক'রেই ভালবাসার মূল্য ধাৰ্য্য হয়। আর এ কেমনতর আত্মসম্মান-জ্ঞান? যাকে অসম্মানে দূর করেছি, তারই কাছে হাত পেতে নেওয়া নিজের খাওয়া-পরার দাম? কেন, গলায় দেবার দাড়ি জুটলো না? শুনে আমি ভাবতাম নীলিমার এ অস্থায়, এ বাডাবাড়ি; কিন্তু আজ ভাবি, ভালবাসায় পারে না কি? রূপ, যৌবন, সম্মান, সম্পদ কিছুই নয় মা, ক্ষমাটাই ওর সত্যিকার প্রাণ। ও যেখানে নেই, সেখানে ও শুধু বিড়ম্বনা। সেখানেই ওঠে রূপ-যৌবনের বিচার-বিস্তর্ক, সেখানেই আসে আত্মমৰ্যাদা-বোধের টাগ-ওব-ওয়ার!

কমল তাঁহার মুখের পানে চাহিয়া চূপ করিয়া রহিল।

আশুবাবু বলিলেন, তুমিই ওর আদর্শ, কিন্তু তাঁদের আলো যেন সূর্য্যকিরণকে ছাপিয়ে গেল। তোমার কাছে ও যা পেয়েছে, অন্তরের রসে ভিজিয়ে স্নিগ্ধ-মাধুর্য্যে কত দিকেই না ছড়িয়ে দিলে। এই দুটো দিনে আমি দুশো বছরের ভাবনা ভেবেচি, কমল! স্ত্রীর ভালবাসা আমি পেয়েছিলাম, তার স্বাদ চিনি, স্বরূপ জানি, কিন্তু নারীর ভালবাসার যে কেবল একটিমাত্র দিক, এই নতুন তত্ত্বটি আমাকে যেন হঠাৎ আচ্ছন্ন করেছে। এর কত বাধা, কত ব্যথা, আপনাকে বিসর্জন দেবার কতই না অজানা আয়োজন। হাত পেতে নিতে পারলাম না বটে, কিন্তু কি বলে' যে একে আজ নমস্কার জানাব আমি ভেবেই পাই নে, মা।

কমল বুঝিল, পত্নীপ্রেমের স্বদীর্ঘ ছায়া এতদিন যে-সকল দিক আঁধার করিয়াছিল তাহাই আজ ধীরে ধীরে স্বচ্ছ হইয়া আসিয়াছে।

আশুবাবু বলিলেন, ভাল কথা। মণিকে আমি ক্ষমা করেচি। বাপের অভিমানকে আর তাকে চোখ রাঙাতে দেব না। জানি সে দুঃখ পাবেই, জগতের বিধিবদ্ধ শাসন তাকে অব্যাহতি দেবে না। অল্পমতি দিতে পারব না, কিন্তু যাবার সময় এই আশীর্বাদটুকু রেখে যাব, দুঃখের মধ্য দিয়ে সে যেন আপনাকে একদিন আবার খুঁজে পায়। তার ভুল-ভ্রান্তি-ভালবাসা—ভগবান তাদের যেন স্ববিচার করেন।—বলিতে বলিতে তাঁহার কণ্ঠস্বর ভারী হইয়া আসিল।

এমনি ভাবে অনেকক্ষণ নিঃশব্দে কাটিল। তাঁহার মোটা হাতটির উপর কমল ধীরে ধীরে হাত বুলাইয়া দিতেছিল, অনেকক্ষণ পরে মুতুকণ্ঠে জিজ্ঞাসা করিল, কাকাবাবু, নীলিমাদিদির সম্বন্ধে কি স্থির করলেন ?

আশুবাবু অকস্মাৎ সোজা হইয়া উঠিয়া বসিলেন, কিসে যেন তাঁহাকে ঠেলিয়া তুলিয়া দিল; বলিলেন, দেখ মা, তোমাকে আগেও বোঝাতে পারি নি, এখনো পারব না। হয়ত আজ আর সামর্থ্যও নেই; কিন্তু কখনও এ সংশয় আসে নি যে, একনিষ্ঠ প্রেমের আদর্শ মানুষের সত্য আদর্শ নয়। নীলিমার ভালবাগাকে সন্দেহ করি নি, কিন্তু সেও যেমন সত্যি, তাকে প্রত্যাখ্যান করাও আবার তেমনি সত্যি। কোনমতেই একে নিফল আত্মপ্রবঞ্চনা বলতে পারব না। এ তর্কে মিলবে না, কিন্তু এই নিফলতার মধ্য দিয়েই মানুষ এগিয়ে যাবে। কোথায় যাবে জানি নে, কিন্তু যাবেই। সে আমার কল্পনার অতীত, কিন্তু এত বড় ব্যথার দান মানুষে একদিন পাবেই পাবে। নইলে জগৎ মিথ্যে, সৃষ্টি মিথ্যে।

তিনি বলিতে লাগিলেন, এই যে নীলিমা—কোন মানুষেরই যে অমূল্য সম্পদ—কোথাও তার আজ দাঁড়াবার স্থান নেই। তার ব্যর্থতা আমার বাকী দিনগুলোকে শূলের মত বিধবে। ভাবি সে আর যদি কাউকে ভালবাসত। এ তার কি ভুল!

কমল কহিল, ভুল সংশোধনের দিন ত আর শেষ হয়ে যায় নি, কাকাবাবু।

কি রকম? সে কি আবার কাউকে ভালবাসতে পারে তুমি মনে কর?

অসম্ভব ত নয়। আপনার জীবনে যে এমন ঘটতে পারে তাই কি কখনো সম্ভব মনে করেছিলেন ?

কিন্তু নীলিমা ? তার মতো মেয়ে ?

কমল কহিল, তা জানি নে ; কিন্তু যাকে পেলে না, পাওয়া যাবে না, তাকেই স্মরণ ক'রে সারাজীবন ব্যর্থ-নিরাশায় কাটুক, এই কি তার জ্ঞান আপনি প্রার্থনা করেন ?

আশুবাবুর মুখের দীপ্তি অনেকখানি মলিন হইয়া গেল। বলিলেন, না, সে প্রার্থনা করি নে। ক্ষণকাল স্তব্ধ থাকিয়া কহিলেন, কিন্তু আমার কথাও তুমি বুঝবে না। কমল ! আমি যা পারি, তুমি তা পার না। সত্যের মূলগত সংস্কার তোমার এবং আমার জীবনের এক নয়, একান্ত বিভিন্ন। এই জীবনটাকেই যারা মানব-আত্মার চরম প্রাপ্তি বলে' জেনেছে, তাদের উপেক্ষা করা চলে না, তৃষ্ণার শেষবিন্দু জল এ জীবনেই তাদের নিঃশেষে পান ক'রে না নিলেই নয়, কিন্তু আমরা জন্মান্তর মানি, প্রতীক্ষা করার সময় আমাদের অনন্ত—উপুড় হয়ে গুয়ে থাকার প্রয়োজন হয় না।

কমল শাস্তকণ্ঠে কহিল, এ কথা মানি কাকাবাবু ; কিন্তু তাই বলে ত আপনার সংস্কারকে যুক্তি বলেও মানতে পারব না। আকাশকুহুমের আশায় বিধাতার দোরে হাত পেতে জন্মান্তর-কাল প্রতীক্ষা করবারও আমার ধৈর্য থাকবে না। যে জীবনকে সবার মাঝখানে সহজ বৃদ্ধিতে পাই, এই আমার সত্য, এই আমার মহৎ। ফুলে-ফলে, শোভায়-সম্পদে এই জীবনটাই যেন আমার ভরে ওঠে, পরকালের বৃহত্তর লাভের আশায় ইহলোককে যেন না আমি অবহেলায় অপমান করি। কাকাবাবু, এমনি করেই আপনার আনন্দ থেকে, সৌভাগ্য থেকে স্বেচ্ছায় বঞ্চিত। ইহকালকে তুচ্ছ করেছেন বলে' ইহকালও আপনাদের সমস্ত জগতের কাছে আজ তুচ্ছ ক'রে দিয়েছে। নীলিমাদিদির দেখা পাব কিনা জানি নে, যদি পাই তাঁকে এই কথাই বলে যাব।

কমল উঠিয়া দাঁড়াইল। আশুবাবু সহসা জোর করিয়া তাহার হাতটা ধরিয়া ফেলিলেন—যাচ না ? কিন্তু তুমি যাবে মনে হ'লেই বকের ভিতরটা যে হাহাকার ক'রে ওঠে।

কমল বসিয়া পড়িল, কিন্তু আপনাকে ত আমি কোন দিক থেকেই

ভরসা দিতে পারি নে। দেহ-মনে যখন আপনি অত্যন্ত পীড়িত, সান্দ্রনা দেওয়াই যখন সবচেয়ে প্রয়োজন, তখন সকল দিক দিয়েই আমি যেন কেবলি আঘাত দিতে থাকি। তুণুও কারও চেয়ে আপনাকে আমি কম ভালবাসি নে, কাকাবাবু।

আশুবাবু নীরবে স্বীকার করিয়া বলিলেন, তা ছাড়া নীলিমা, এই কি সহজ বিশ্বয়! কিন্তু এর কারণ জান কমল?

কমল স্মিতমুখে কহিল, বোধ হয় আপনার মধ্যে চোরাবালি নেই তাই। চোরাবালি নিজের দেহেরও ভার বইতে পারে না, পায়ের তলা থেকে আপনাকে সরিয়ে দিয়ে আপনাকেই ঢোঁবায়; কিন্তু নিরেট মাটি লোহা পাথরেরও বোঝা বয়, ইমারত গড়া তার ওপরেই চলে। নীলিমা দিকেই সব মেয়েতে বুঝবে না, কিন্তু নিজেকে নিয়ে খেলা করবার যাদের দিন গেছে, মাথার ভার নাবিয়ে দিয়ে যারা এবারের মত সহজ নিঃশ্বাস ফেলে বাঁচতে চায় তারা ওকে বুঝবে।

হঁ, বলিয়া আশুবাবু নিজেরই নিঃশ্বাস ফেলিলেন। বলিলেন, শিবনাথ?

কমল কহিল, যেদিন থেকে তাকে সত্যি ক'রে বুঝেছি, সেদিন থেকে ক্লোভ-অভিমান আমার মুছে গেছে—জ্বালা নিবেছে। শিবনাথ গুণী, শিল্পী—শিবনাথ কবি। চিরস্থায়ী প্রেম ওদের পথের বাঁধা, সৃষ্টির অন্তরায়, স্বভাবের পরম বিঘ্ন। এই কথাই ত তাদের স্তম্ভে দাঁড়িয়ে সেদিন বলতে চেয়েছিলাম—মেয়েরা শুধু উপলক্ষ, নইলে ওরা ভালবাসে কেবল নিজেকে। নিজের মনটাকে ছুঁভাণ ক'রে নিয়ে চলে ওদের হৃদয়ের লীলা, তারপরে সেটা ফুরোয় ব'লেই, গলার স্বর ওদের এমন বিচিত্র হয়ে বাজে, নইলে বাজত না, শুকিয়ে জমাট হয়ে যেত। আমি ত জানি, শিবনাথ ওকে ঠকায় নি, মণি আপনি ভুলেছে। স্বর্ধ্যাস্ত-বেলায় মেঘের গায়ে যে রঙ ফোটে, কাকাবাবু, সে স্থায়ীও নয়, সে তার আপন বর্ণও নয়; কিন্তু তাই বলে' তাকে মিথ্যে বলবে কে?

আশুবাবু বলিলেন, সে জানি, কিন্তু রঙ নিরেও মানুষের দিন চলে না মা, উপমা দিয়েও তার ব্যথা ঘোচে না। তার কি বল ত?

কর্মশৈল মুখ ক্লাস্তিতে মলিন হইয়া আসিল, কহিল, তাইত' ঘুরে ঘুরে একটা প্রশ্নই বারে বারে আসচে কাকাবাবু, শেষ আর হজে না, বরঞ্চ যাবার

সময় আপনার ওই আশীর্বাদটুকুই রেখে যান, মগি যেন দুঃখের মধ্য দিয়ে আবার নিজেকে খুঁজে পায়। যা ঝরঝর তে ঝরে গিয়ে সেদিন যেন ও নিঃসংশয়ে আপনাকে চিনতে পারে। আর আপনাকেও বলি, সংসারের অনেক ঘটনার মধ্যে বিবাহটাও একটা ঘটনা, তার বেশী নয়, ওটাকেই নারীর সর্বস্ব বলে' যেদিন মেনে নিয়েছেন, সেইদিনই শুরু হয়েছে মেয়েদের জীবনের সবচেয়ে বড় ট্রাজিডি; দেশান্তরে যাবার পূর্বে নিজের মনের এই মিথ্যের শেকল থেকে নিজের মেয়েকে মুক্তি দিয়ে যান কাকাবাবু, এই আমার আপনার কাছে শেষ মিনতি। •

হঠাৎ দ্বারের কাছে পদশব্দ শুনিয়া উভয়েই শাহিয়া দেখিল। হরেন্দ্র প্রবেশ করিয়া কহিল, দৌঁঠাকরুণকে আমি নিয়ে যেতে এসেচি, আশুবাবু; উনি প্রস্তুত হয়েছেন, আমি গাড়ীতে আনতে পাঠিয়েছি।

আশুবাবুর মুখ পাংশু হইয়া গেল, কহিলেন, এখুনি? কিন্তু বেলা ত নেই?

হরেন্দ্র বলিল, দশ-বিশ ক্রোশ দূর নয়, মিনিট-পাঁচেকই পৌঁছে যাবেন। তাঁহার মুখ যেমন গম্ভীর, কথাও তেমনি নীরস।

আশুবাবু আশ্বে আশ্বে বলিলেন, তা বটে; কিন্তু সন্ধ্যা হয়, আজ কি না গেলেই নয়?

হরেন্দ্র পকেট হইতে একটুকরা কাগজ বাহির করিয়া কহিল, আপনিই বিচার করুন।

উনি লিখেছেন, “ঠাকুরগো, এখান থেকে আমাকে নিয়ে যাবার উপায় যদি না করতে পার আমাকে জানিও; কিন্তু কাল বেলো না যে আমাকে জানান নি কেন? — নীলিমা!”

আশুবাবু স্তব্ধ হইয়া রহিলেন।

হরেন্দ্র বলিল, নিকট আত্মীয় বলে' আমি দাবী করতে পারি নে, কিন্তু ওকে ত আপনি জানেন, এই চিঠির পরে বিলম্ব করতেও আর ভরসা হয় না। তোমার বাসাতেই ত থাকবেন?

হাঁ, অন্ততঃ এর চেয়ে সুব্যবস্থা যতদিন না হয়। ভাবলাম, এ বাড়ীতে এতদিন যদি ওঁর কেটে থাকে ও-বাড়ীতেও দোষ হবে না।

আশুবাবু চুপ করিয়া রহিলেন। এ কথা বলিলেন না যে, এতকাল এ

স্বধুক্তি ছিল কোথায়? বেহারা ঘরে ঢুকিয়া জানাইল, মেমসাহেবের জিনিষ-পত্রের জগ্ন ম্যাজিস্ট্রেট সাহেবের কুঠি হইতে লোক আসিয়াছে।

আশুবাবু বলিলেন, তাঁর যা-কিছু আছে দেখিয়ে দাও গে।

কমলের চোখের প্রতি চোখ পড়িতে কহিলেন, কাল সকালে এ বাড়ী থেকে বেলা চলে গেছেন। ম্যাজিস্ট্রেটের স্ত্রী ওর বান্ধবী। একটা স্বখবর তোমাকে দিতে ভুলেছি, কমল! বেলায় স্বামী এসেছেন নিতে, বোধ হয় ওদের একটা reconciliation হ'ল।

কমল কিছুমাত্র বিস্ময় প্রকাশ করিল না, শুধু কহিল, কিন্তু এখানে এলেন না যে?

আশুবাবু বলিলেন, বোধ হয় আশুগরিমায় বাধল। যখন বিবাহ-বন্ধন ছিন্ন করার মামলা গুঠে, তখন বেলায় বাবার চিঠির উত্তরে আমি সম্মতি দিয়েছিলাম। এর স্বামী সেটা ক্ষমা করতে পারে নি।

আপনি সম্মতি দিয়েছিলেন?

আশুবাবু বলিলেন, এতে আশ্চর্য্য হচ্চ কেন, কমল? চরিত্র-দোষে ঘে-স্বামী অপরাধী, তাকে ত্যাগ করায় আমি অন্তায় দেখি নে। এ অধিকার কেবল স্বামীর আছে, স্ত্রীর নেই—এমন কথা আমি মানতে পারি নে।

কমল নির্ঝক হইয়া রহিল। তাঁহার চিন্তার মধ্যে যে কাপট্য নাই—অন্তর ও বাহির একসুরে বাঁধা, এই কথাটাই আর একবার তাহার স্মরণ হইল।

নীলিমা দ্বারের নিকট হইতে নমস্কার করিয়া চলিয়া গেল। ঘরেও ঢুকিল না, কাহারও প্রতি চাহিয়াও দেখিল না।

অনেকক্ষণ পর্যন্ত কমল তেমনি ভাবেই তাঁহার হাতের উপর হাত বুলাইয়া দিতে লাগিল, কথাবার্তা কিছুই হইল না। যাইবার পূর্বে আন্তে আন্তে বলিল, শুধু যত্ন ছাড়া এ বাড়ীতে পুরানো কেউ আর রইল না।

যত্ন?

ই্যা, আপনার পুরানো চাকর।

কিন্তু সে ত নেই মা। তাঁর ছেলের অসুখ, দিন-পাঁচেক হ'ল ছুটি নিয়ে দেশে গেছে।

আবার অনেকক্ষণ কোন কথা হইল না। আশুবাবু হঠাৎ জিজ্ঞাসা করিলেন, সেই রাজেন ছেলেটির কোন খবর জান, কমল?

না, কাকাবাবু।

যাবার আগে তাকে একবার দেখবার ইচ্ছে হয়। তোমরা দুটিতে যেন ভাইবোন, যেন একই গাছের দুটি ফুল।—এই বলিয়া তিনি চুপ করিতে গিয়া হঠাৎ যেন কথাটা মনে পড়িল, বলিলেন, তোমাদের যেন মহাদেবের দারিদ্র্য। টাকাকড়ি ঐশ্বর্য্য-সম্পদ অপরিমিত, কোথায় যেন অন্মমনস্কে সে-দব ফেলে এসেচ। খুঁজে দেখবারও গরজ নেই, এমনি তাজিল্য।

কমল সহাস্ত্রে কহিল, সে কি কাকাবাবু! রাজেনের কথা জানি নে, কিন্তু আমি দু-পয়সা পাবার জন্তে দিনরাত কত খাটি।

আশুবাবু বলিলেন, সে শুনতে পাই। তাই, বসে বসে ভাবি।

সেদিন বাসায় ফিরিতে কমলের বিলম্ব হইল। যাবার সময় আশুবাবু বলিলেন, ভয় নেই মা, যে আমাকে কখনো ছেড়ে থাকে নি, আজও সে ছেড়ে থাকবে না। নিরুপায়ের উপায় সে করবেই।—এই বলিয়া তিনি স্মৃথের দেওয়ালে টাঙ্গানো লোকাস্তরিতা পত্নীর ছবিটা আঙ্গুল দ্বিধা দেখাইয়া দিলেন।

কমল বাসায় পৌঁছিয়া দেখিল সহজে উপরে যাইবার যো নাই, রাশিকৃত বাজ-তোরঙ্গ সিঁড়ির মুখটা রুদ্ধপ্রায়; বৃকের ভিতরটা ছাঁৎ করিয়া উঠিল। কোনমতে একটু পথ করিয়া উপরে গিয়া শুনিল, পাণের রান্নাঘরে কলরব হইতেছে; উঁকি মারিয়া দেখিল, অজিত হিন্দুস্থানী মেয়েলোকটির সাহায্যে ষ্টোভে জল চড়াইয়াছে এবং চা-চিনি প্রভৃতির সন্ধানে ঘরের চতুর্দিক আতি-পাতি করিয়া খুঁজিয়া ফিরিতেছে।

এ কি কাণ্ড ?

অজিত চমকিয়া ফিরিয়া চাহিল, চা-চিনি কি তুমি লোহার সিন্দুক বন্ধ করে রাখ নাকি ? জলটা ফুটে ফুটে যে প্রায় নষ্ট হয়ে এল।

কিন্তু আমার ঘরের মধ্যে আপনি খুঁজে পাবেন কেন ? সরে আসুন, আমি তৈরী করে দিচ্ছি।

অজিত সরিয়া আসিয়া দাঁড়াইল।

কমল কহিল, কিন্তু এ কি ব্যাপার ? বাজ-তোরঙ্গ পোটলা-পুঁটুলি এ সব কার ?

আমার। হরেনবাবু নোটিশ দিয়েছেন।

দিলেও যাবারই নোটিশ দিয়েছে। এখানে আসবার বুদ্ধি দিলে কে ?
এটা নিজের। এতদিন পরের বুদ্ধিতেই দিন কেটেছে, এবার নিজের
বুদ্ধি খুঁজে বের করেছি।

কমল কহিল, বেশ করেছেন; কিন্তু ওগুলো কি নীচেই পড়ে থাকবে ?
চুরি যাবে যে !

শুনিয়া অজিত ব্যস্ত হইয়া উঠিল, যায় নি ত, একটা চামড়ার বাক্সে অনেক-
গুলো টাকা আছে।

কমল ঘাড় নাড়িয়া বলিল, খুব ভাল। একজাতের মানুষ আছে তারা আশি
বছরেও সাবালক হয় না। তাদের মাথার উপর অভিবাবক একজন চাই-ই।
এ ব্যবস্থা ভগবান রূপা করে করেন। চা থাক, নীচে আসুন। ধরাধরি করে
তোলবার চেষ্টা করা যাক।

সাতাশ

বাড়ীওয়ালা এইমাত্র পুরা-মাসের ভাড়া চুকাইয়া লইয়া গেল। ইতস্ততঃ
বিক্ৰিপ্ত জিনিষপত্রের মাঝখানে, বিশৃঙ্খল কক্ষের একধারে ক্যান্ডিশের ইজি-
চেয়ারে অজিত চোখ বুজিয়া শুইয়া। মুখ শুষ্ক, দেখিলেই বোধ হয় চিন্তাগ্রস্ত,
মনের মধ্যে স্নেহের লেশমাত্র নাই। কমল বাঁধাছাদা জিনিষগুলোর ফর্দ
মিলাইয়া কাগজে টুকিয়া রাখিতেছিল। স্থানত্যাগের আসন্নতায় কাজের মধ্যে
তাহার চঞ্চলতা নাই, যেন প্রাত্যহিক নিয়মিত ব্যাপার। কেবল একটুখানি
যেন বেশী নীরব।

সাক্ষ্যভোজনের নিমন্ত্রণ আসিল হরেরন্ধের নিকট হইতে। লোকের হাতে
নয়—ডাকে। অজিত চিঠিখানি পড়িল। আশুবাবুর বিদায় উপলক্ষে এই
আয়োজন। পরিচিত অনেককেই আহ্বান করা হইয়াছে। নীচের এক কোণে
ছোট্ট করিয়া লেখা—কমল, নিশ্চয় এসো ভাই। —নীলিমা।

অজিত সেইটুকু দেখাইয়া প্রশ্ন করিল, যাবে নাকি ?

যাব বইকি। নিমন্ত্রণ জিনিষটা তুচ্ছ করিতে পারি আমার এত দর নয় ;
কিন্তু তুমি ?

অজিত দ্বিধার স্বরে বলিল, তাই ভাবচি। আজ শরীফটা তেমন—তবে কাজ নেই গিয়ে।

অজিতের চোখ তখনও চিঠির 'পরে' ছিল। নইলে কমলের ঠোঁটের কোণে কৌতুক-হাস্যের রেখাটুকু নিশ্চয় দেখিতে পাইত।

যেমন করিয়াই হোক, বাঙালী-মহলে খবরটা জানাজানি হইয়াছে যে উভয়ে আশ্রয় ছাড়িয়া যাইতেছে; কিন্তু কি ভাবে ও কোথায়, এ সম্বন্ধে লোকের কৌতুহল এখনো স্থানান্তরিত মীমাংসায় পৌঁছে নাই। অকালের মেঘের মত কেবলি আন্দাজ ও অনুমানের ভাসিয়া বেড়াইতেছে। অথচ জানা কঠিন ছিলো না—কমলকে জিজ্ঞাসা করিলেই জানা যাইতে পারিত তাহাদের গম্যস্থানটা আপাততঃ অমৃতসর; কিন্তু এটা কেহ ভরসা করে নাই।

অজিতের বাবা ছিলেন গুরুগোবিন্দের পরম ভক্ত। তাই শিখদের মহাতীর্থ অমৃতসরে তিনি খালসা কলেজের কাছাকাছি মাঠের মধ্যে একটা বাঙ্গালো-বাড়ী তৈরী করিয়াছিলেন। সময় ও সুবিধা পাইলেই আসিয়া বাস করিয়া যাইতেন। তাঁর মৃত্যুর পরে 'বাড়ীটা' ভাড়াই পাটিতেছিল, সম্প্রতি খালি হইয়াছে; এই বাড়ীতেই হুজনে কিছুকাল বাস করিবে। মালপত্র খাইবে লরিতে এবং পরে শেষরাত্রে মোটরে করিয়া উভয়ে রওনা হইবে। সেই প্রথম দিনের স্মৃতি—এটা কমলের অভিলাষ।

অজিত কহিল, হরেরদ্রর ওখানে তুমি কি একা যাবে নাকি ?

যাই না। আশ্রমের দোর ত তোমার গোলাই রইল, যবে খুসি দেখা করে যেতে পারবে; কিন্তু আমার ত সে আশা নেই, শেষ দেখা দেখে আদিগে, কি বল ?

অজিত চুপ করিয়া রহিল। স্পষ্ট দেখিতে পাইল, সেখায় নানাছলে বহু তীক্ষ্ণ ও তিক্ত ইঙ্গিতে ব্যক্ত ও অব্যক্ত ইসারায় আজ শুধু একটিমাত্র দিকেই ছুটিতে থাকিবে, ইহার সম্মুখে একাকিনী রমণীকে পরিত্যাগ করার মত কাপুরুষতা আর কিছু হইতেই পারে না; কিন্তু সঙ্গী হইবার সাহস নাই, নিষেধ করাও তেমনি কঠিন।

নূতন পাড়ী কেনা হইয়া আসিয়াছে, সন্ধ্যার কিছু পরে সোফার কমলকে লইয়া চলিয়া গেল।

হরেরদ্রর বাসায় দ্বিতলে সেই হল-ঘরটার নূতন দামী কার্পেট বিছাইয়া

অতিথিদের স্থান করা হইয়াছে। আলো জলিতেছে অনেকগুলো, কোলাহলও কম হইতেছে না। মাঝখানে আশুবাবু ও তাঁহাকে ঘিরিয়া জনকয়েক ভদ্রলোক। বেলা আসিয়াছেন এবং আরও একটি মহিলা আসিয়াছেন, তিনি ম্যাজিস্ট্রেটের পত্নী মালিনী। কে একটি ভদ্রলোক এদিকে গিঁছন ফিরিয়া তাঁহাদের সঙ্গে গল্প করিতেছেন। নীলিমা নাই, খুব সম্ভব অগ্ৰত কাজে নিযুক্ত।

হরেন্দ্র ঘরে ঢুকিল এবং ঘরে ঢুকিয়াই চোখে পাঁড়ল একদিকের দরজার পাশে দাঁড়াইয়া কমল। সবিস্ময়ে কলম্বরে সংবর্দ্ধনা করিল, কমল যে? কখন এলে? অজিত কই?

সকলের দৃষ্টি একাগ্র হইয়া ঝুঁকিয়া পড়িল। কমল দেখিল যে ব্যক্তি মহিলাদের সহিত আলাপ করিতেছিলেন তিনি আর কেহ নহেন, স্বয়ং অক্ষয়। কিঞ্চিৎ নীর্ণ। ইনফ্লুয়েঞ্জা এড়াইয়াছেন, কিন্তু দেশের ম্যালেরিয়াকে পাশ কাটাঁইতে পারেন নাই। ভালই হইল যে তিনি ফিরিয়াছেন, নইলে শেষ দেখার হয়ত আর স্মরণ ঘটত না। দুঃখ থাকিয়া থাকিত।

কমল বলিল, অজিতবাবু আসেন নি, শরীরটা ভাল নয়। আমি এসেছি অনেকক্ষণ।

অনেক? ছিলে কোথায়?

নীচে। ছেলেদের ঘরগুলো ঘুরে ঘুরে দেখছিলাম। দেখছিলাম, ধর্মকে তো ফাঁকি দিলেন, কর্নকেও ঐ সঙ্গে ফাঁকি দিলেন কিনা!—এই বলিয়া সে হাসিয়া ঘরে আসিয়া বসিল।

সে যেন বর্ষার বন্তলতা। পরের প্রয়োজনে নয়, আপন প্রয়োজনেই আত্মরক্ষার সকল সক্ষম লইয়া মাটি ফুঁড়িয়া উর্দ্ধে মাথা তুলিয়াছে। পারিপার্শ্বিক বিরুদ্ধতার ভয়ও নাই, ভাবনাও নাই, যেন কঁটার বেড়া দিয়া বাঁচানোর প্রস্নই বাহুল্য। ঘরে আসিয়া বসিল, কতটুকুই বা! তথাপি মনে হইল ধেন রূপে, রসে, গৌরবে মহিমার একটি স্বচ্ছন্দ আলো সে সকল জিনিষেই ছড়াইয়া দিল।

ঠিক এই ভাবটিই প্রকাশিত হইল হরেন্দ্রর কথায়। আর দুটি নারীর সম্মুখে শালীনতায় হয়ত কিছু ত্রুটি ঘটিল, কিন্তু আবেগভরে বলিয়া ফেলিল, এতক্ষণে মিলন-সভাটি আমাদের সম্পূর্ণ হ'লো। কমল ছাড়া ঠিক এমনি কথাটি আর কেউ বলতে পারতো না।

অক্ষয় কহিল, কেন? দর্শনশাস্ত্রের কোন সূত্র তত্ত্বটি এতে পরিষ্কৃত হ'লো শুনি?

কমল সহাস্তে হরেন্দ্রকে কহিল, এবার বলুন? দিন এর জবাব?

হরেন্দ্র এবং অনেকেই মুখ ফিরাইয়া বোধ হয় হাসি গোপন করিল।

অক্ষয় নীরস কণ্ঠে জিজ্ঞাসা করিল, কি কমল, আমাকে চিনতে পার ত?

আশুবাবু মনে মনে বিরক্ত হইয়া বলিলেন, তুমি পারলেই হ'লে। চিনতে তুমি পারছ ত অক্ষয়?

কমল কহিল, প্রশ্নটি অজ্ঞায় আশুবাবু। মাহুস-চেনা ঙর নিজস্ব বৃত্তি। ওখানে সন্দেহ করা ঙর পেশায় ঘা দেওয়া।

কথাটি এমন করিয়া বলিল যে এবার আর কেহ হাসি চাপিতে পারিল না, কিন্তু পাছে এই দুঃশাসন লোকটি প্রত্যুত্তরে কুৎসিত কিছু বলিয়া বসে, এত ভয়ে সবাই শঙ্কিত হইয়া উঠিল। আজিকার দিনে অক্ষয়কে আহ্বান করার ইচ্ছা হরেন্দ্রর ছিল না, কিন্তু সে বহুদিন পরে ফিরিয়াছে, না বলিলে অতিশয় বিস্ত্রী দেখাইবে ভাবিয়াই নিমন্ত্রণ করিয়াছে। সত্যয়ে, সবিনয়ে কহিল, আমাদের এই সহর থেকে, হয়ত বা এদেশ থেকেই আশুবাবু চলে যাচ্ছেন; ঙর সঙ্গে পরিচিত হওয়া যে-কোন মাহুসেরই ভাগ্যের কথা। সেই সৌভাগ্য আমরা পেয়েছি। আজ ঙর দেহ অসুস্থ, মন অবসন্ন, তাজ খেন আমরা সহজ সৌজতের মধ্যে ঙকে বিদায় দিতে পারি।

কথা কয়টি সামান্য, কিন্তু ওই শাস্ত, সহৃদয় প্রৌঢ় ব্যক্তিটির মুখের দিকে চাহিয়া সকলেরই হৃদয় স্পর্শ করিল।

আশুবাবু সঙ্কোচ বোধ করিলেন। বাক্যালাপে তাঁহাকে অবলম্বন করিয়া না প্রবৃত্তিত হয় এই আশঙ্কায় তাড়াতাড়ি নিজেই অগ্র কথা পাড়িলেন, বলিলেন, অক্ষয়, খবর পেয়েছ বোধ হয় হরেন্দ্রর ব্রহ্মচর্য আশ্রমটা আর নেই। রাজেন্দ্র আগেই বিদায় নিয়েছিলেন, সেদিন সতীশও গেছেন। যে ক'টি ছেলে বর্তমানে আছে, হরেন্দ্রর অভিসাষ জগতের সোজা পথেই তাঁদের মাহুস করে তোলেন। তোমরা সকলে অনেকদিন অনেক কথাই বলেছ, কিছু ফল হয় নি। তোমাদের কর্তব্য কমলকে ধন্যবাদ দেওয়া।

অক্ষয় অন্তরে জলিয়া গিয়া শুধু হাসিয়া বলিল, শেষকালে ফল ফলল বুঝি

ওঁর কথায় ? কিন্তু যাই বলুন আশুবাবু, আমি আশ্চর্য হয়ে যাই নি। এইটি অনেক পূর্বেই অনুমান করেছিলাম।

হরেন্দ্র কহিল; করবেনই ত। মানুষ চেনাই যে আপনার পেশা।

আশুবাবু বলিলেন, তবুও আমার মনে হয় ভাঙ্গবার প্রয়োজন ছিল না। সকল ধর্মমতই ত মূলতঃ এক, সিদ্ধিলাভের জন্ত এ কেবল কতকগুলি প্রাচীন আচার-অনুষ্ঠান প্রতিপালন করে চলে। যারা মানে না বা পারে না, তারা নাই পারল, কিন্তু পারার অধ্যবসায় যাদের আছে তাদের নিঃসংসাহ করেই বা লাভ কি ? কি বল অক্ষয় ?

অক্ষয় কহিল, নিশ্চয়।

কমলের দিকে চাহিতেই সে সবেগে মাথা নাড়িয়া কহিল, আপনার ত এ দৃঢ় বিশ্বাসের কথা হ'লো না আশুবাবু, বরঞ্চ হ'লো অবিশ্বাস অবহেলার কথা। এমন করে ভাবতে পারলে আমিও আশ্রমের বিরুদ্ধে একটা কথাও কখনো বলতাম না; কিন্তু তা নয়, আচার-অনুষ্ঠানই যে মানুষের ধর্মের চেয়েও বড়—যেমন বড় রাজার চেয়ে রাজার কর্মচারীর দল।

আশুবাবু সহাস্তে কহিলেন, তা যেন হ'লো, কিন্তু তাই বলে কি তোমার উপমাকেই যুক্তি বলে মেনে নেবো ?

কমল যে পরিহাস করে নাই তাঁহার মুখ দেখিয়াই বুঝা গেল। কহিল, শুধুই কি এ উপমা আশুবাবু, তার বেশী নয় ? সকল ধর্মই যে আসলে এক, এ আমি জানি। সর্বকালে সর্বদেশে ও সেই এক অজ্ঞেয় বস্তুর অসাধ্য সাধন। মূঠোর মধ্যে ওকে তে পাওয়া যায় না। আলো-বাতাস নিয়ে মানুষের বিনাদ নেই, বিবাদ বাধে অল্পের ভাগাভাগি নিয়ে—যাকে আয়ত্তে পাওয়া যায়, দখল করে বংশধরের জন্ত রেখে যাওয়া চলে। তাইত জীবনের প্রয়োজনও টের বড় সত্যি। বিবাহের মূল উদ্দেশ্য যে সকল ক্ষেত্রেই এক, এ ত সবাই জানে, কিন্তু তাই বলে কি মানতে পারে ? আপনিই বলুন না অক্ষয়বাবু, ঠিক কিনা। এই বলিয়া সে হাসিয়া মুখ ফিরাইল।

ইহার নিহিত অর্থ সবাই বুঝিল, ক্রুদ্ধ অক্ষয় কঠোর কিছু একটা বলিতে চাহিল, কিন্তু খুঁজিয়া পাইল না।

আশুবাবু বলিলেন, অথচ তোমারই যে কমল, সকল আচার অনুষ্ঠানেই ভারী অবজ্ঞা, কিছুই যে মানতে চাও না ? তাইত তোমাকে বোঝা এত শক্ত।

কমল বলিল, কিছুই শক্ত নয়; একটিবার সামনের পর্দাটা সরিয়ে দিন, আর কেউ না বুঝুক, আপনার বুঝতে বিলম্ব হবে না। নইলে আপনার স্নেহই বা আমি পেতাম কি করে? মাঝখানে কুয়াসার আডাল যে নেই তা নয়, কিন্তু তবু ত পেলাম। আমি জানি, আপনার ব্যথা লাগে, কিন্তু আচার-অনুষ্ঠানকে মিথ্যে বলে আমি উড়িয়ে দিতে ত চাই নে, চাই শুধু এর পরিবর্তন। কালের ধর্মে আজ যা অচল, আঘাত করে তাকে সচল করতে চাই। এই যে অবজ্ঞা, মূল্য এর জানি বলেই ত। মিথ্যে বলে জানলে, মিথ্যের সঙ্গে স্র মিলিয়ে, মিথ্যে শ্রদ্ধায় সকলের সঙ্গে সারাজীবন মেনে মেনেই চলতুম—একটুকুও বিদ্রোহ করতুম না।

একটু থামিয়া কহিল, ইয়ুরোপের সেই রেনেশাঁসের দিনগুলো একবার মনে করে দেখুন দিকি। তারা সব করতে গেল নতুন সৃষ্টি, শুধু হাত দিলে না আচার-অনুষ্ঠানে। পুরানোর গায়ে টাটকা রঙ মাখিয়ে তলে তলে দিতে লাগল তার পূজা, ভেতরে গেল না শেকড়, সপের ফ্যাশান গেল ছাঁদনে মিলিয়ে। ভয় ছিল আমাব হরেনবাবুর উচ্চ অভিলাষ বায় বা বুঝি এমনি করেই ফাঁকা হয়ে; কিন্তু আর ভয় নেই, উনি সামলেছেন।—এই বলিয়া সে হাসিল।

এ হাসিতে হরেন্দ্র যোগ দিতে পারিল না, গম্ভীর হইয়া কহিল। কাজটা সে করিয়াছে সত্য, কিন্তু অস্তুরে ঠিকমত আজও সাং পায় না, মনের মধ্যটা রহিয়া রহিয়া ভারী হইয়া উঠে। কহিল, মুন্সিল এই যে, তুমি ভগবান মান না, মুক্তিতেও বিশ্বাস কর না; কিন্তু যারা তোমার এই অজ্ঞেয় বস্তু সাধনায় রত, ওর তত্ত্ব নিরূপণে ব্যগ্র, তাদের কঠিন নিয়ম ও কঠোর আচার পালনের মধ্য দিয়ে পা না ফেললেই নয়। আশ্রম তুলে দেওয়ায় আমি অহঙ্কার করি নে। যেদিন যখন ছেলেদের নিয়ে সতীশ চলে গেল, আমি নিজের দুর্বলতাই অনুভব করেছি।

তা হলে ভাল করেন নি হরেনবাবু। বাবা বলতেন, খাদের ভগবান যত সূক্ষ্ম, যত জটিল, তারাই মরে তত বেশী জড়িয়ে। খাদের যত স্কুল, যত সহস্র, তারাই থাকে কিনারার কাছে। এ যে লোকমানের কারবার। ব্যবসা হয় যতই বিস্তৃত ও ব্যাপক, ক্ষতির পরিমাণ ততই চলে বেড়ে। তাকে গুটিনে ছোট করে আনলেও লাভ হয় না বটে, কিন্তু লোকমানের যাত্রা কমে।

হরেনবাবু, আপনার সতীশের সঙ্গে আমি কথা কয়ে দেখেচি। আশ্রমে বহুবিধ প্রাচীন নিয়মের তিনি প্রবর্তন করেছিলেন, তাঁর সাধ ছিল সে যুগে ফিরে যাওয়া। ভাবতেন, দুনিয়ার বয়স থেকে হাজার-দুই বছর মুছে ফেললেই আসবে পরম লাভ। এমনি লাভের ফন্দি এঁটেছিল একদিন বিলাতের পিউরিটান একদল। ভেবেছিল, আমেরিকায় পালিয়ে গিয়ে সত্তেরো শতাব্দী যুচিয়ে নিরুৎসাহে গড়ে তুলবে বাইবেলের সত্যযুগ। তাদের লাভের হিসাবের অঙ্ক জানে আজ অনেকে, জানে না শুধু মঠধারীর দল যে, বিগত দিনের দর্শন দিয়ে চলে যখন বর্তমানের বিধি-বিধানের সমর্থন, তখনই আসে সত্যিকারের ভাঙ্গার দিন। হরেনবাবু, আপনার আশ্রমের ক্ষতি হয়ত করেচি কিন্তু ভাঙ্গা-আশ্রমে বাকী রইলেন ঈশ্বরী, তাঁদের ক্ষতি করি নি।

পিউরিটানদের কাহিনী জানিত অক্ষয়, ইতিহাসের অধ্যাপক। সবাই চুপ করিরা রহিল, এবার সে-ই শুধু ধীরে ধীরে মাথা নাড়িয়া সায় দিল।

আশুবাবু বলিতে গেলেন, কিন্তু সে যুগের ইতিহাসের যে উজ্জ্বল ছবি—

কমল বাধা দিল, যত উজ্জ্বল হোক তবু সে ছবি, তার বড় নয়; এমন বই সংসারে আজও লেখা হয় নি আশুবাবু, যার থেকে, তার সমাজের যথার্থ প্রাণের সন্ধান মেলে। আলোচনার গর্ব করা চলে, কিন্তু বই মিলিয়ে সমাজ গড়া চলে না। শ্রীরামচন্দ্রের যুগেও না, যুধিষ্ঠিরের যুগেও না। রামায়ণ মহাভারতে যত কথাই লেখা থাক, তার শ্লোক হাতড়ে সাধারণ মানুষের দেখাও মিলবে না, এবং মাতৃজঠর যত নিরাপদই হোক, তাতে ফিরে যাওয়া যাবে না। পৃথিবীর সমস্ত মানবজাতি নিয়েই ত মানুষ? তারা যে আপনার চারিদিকে। কঞ্চল মুড়ি দিয়ে বায়ুর চাপকে ঠেকান যায়?

বেলা ও মালিনী নিঃশব্দে শুনিতেছিল। ইহার সম্বন্ধে বহু জনশ্রুতি তাদের কানে গেছে, কিন্তু আজ মুখোমুখি বসিয়া এই পরিত্যক্ত নিরাশ্রয় মেয়েটির বাক্যের নিঃসংশয় নির্ভরতা দেখিয়া বিশ্বয় মানিল।

পরক্ষণে ঠিক এই ভাবটাই আশুবাবু প্রকাশ করিলেন। আশ্বে আশ্বে বলিলেন, তর্কে যাই কেন বলি না কমল, তোমার অনেক কথাই স্বীকার করি। যা পারি নে, তাকেও অবজ্ঞা করি নে। এই গৃহেই মেয়েদের দ্বার রুদ্ধ ছিল, শুনেছি, একদিন তোমাকে আহ্বান করায় সতীশ স্থানটাকে কলুষিত জ্ঞান করেছিল; কিন্তু আজ আমরা সবাই আমন্ত্রিত, কারও আসায় বাধা নেই—

একটি ছেলে কবাতের কাছে আসিয়া দাঁড়াইল। পরনে পরিচ্ছন্ন ভদ্র পোষাক; মুখে আনন্দ ও পরিতৃপ্তির আভাস; কহিল, দিদি বললেন, খাবার তৈরী হয়ে গেছে, ঠাই হবে ?

অক্ষয় বলিল, হবে বৃইকি হে। বল গে, রাতও হ'ল।

ছেলেটি চলিয়া গেলে হরেন্দ্র কহিল, বৌঠাকরুণ আসা পর্যন্ত খাবার চিন্তাটা আর কারুকে করতে হয় না, ওঁর ত কোথাও জায়গা ছিল না, কিন্তু সতীশ রাগ ক'রে চলে গেল।

আশুবাবুর মুখ মুহূর্তের জ্ঞান ক্লাঙ্গা হইয়া উঠিল।

হরেন্দ্র বলিতে লাগিল, অথচ সতীশেরও অন্য উপায় ছিল না। সে ত্যাগী ব্রহ্মচারী—এ সম্পর্কে তার সাধনার বিঘ্ন; কিন্তু আমারই যে সত্যিই কোন কাজটা ভাল হ'ল সব সময়ে ভেবে পাই নে।

কমল অকুণ্ঠিত স্বরে বলিল, এই কাজটাই হরেনবাবু, এই কাজটাই। সংযম যখন সহজ না হ'য়ে অপরকে আঘাত করে তখনই সে হয় দুর্ক'হ। এই বলিয়া সে পলকের জ্ঞান আশুবাবুর প্রতি চাহিল, হয়ত কি একটা গোপন ইঙ্গিত ছিল, কিন্তু হরেনকে পুনশ্চ বলিল, ওঁরা নিজেকেই টেনে টেনে বাড়িয়ে ওঁদের ভগবানকেই সৃষ্টি করে। তাই ওঁদের ভগবানের পূজো বারে বারেই ঘাড় হেঁট ক'রে আত্মপূজোর নেমে আসে। এ ছাড়া ওঁদের পথ নেই। মাত্ৰল ত শুধু কেবল নরও নয়, নারীও নয়, এ দু'রে মিলিয়ে তবে সে এক। এই অর্দেককে বাদ দিয়ে যখনই দেখি সে নিজেকে যুহং ক'রে পেতে চায়, তখন দেখি সে আপনাকে পায় না, ভগবানকে ক্ষোঁয়ায়। সতীশবাবুদের জ্ঞান দুশ্চিন্তা রাখবেন না হরেনবাবু, ওঁদের সিদ্ধি স্বয়ং ভগবানের জিন্মায়।

সতীশকে প্রায় কেহই দেখিতে পারিত না, তাই শেষের কথাটায় সবাই হাসিল। আশুবাবুও হাসিলেন, কিন্তু বলিলেন, আমাদের হিন্দুশাস্ত্রের একটা বড় কথা আছে কমল—আত্মদর্শন। অর্থাৎ আপনাকে নিগূঢ় ভাবে জানা। ঋষিরা বলেন, এই খোঁজার মধ্যেই আছে বিশ্বের সকল জানা, সকল জ্ঞান। ভগবানকে পাবারও এই পথ। এরই তরে দ্যানের ব্যবস্থা। তুমি মান না, কিন্তু যারা মানে, বিশ্বাস করে, তাঁকে চায়, জগতের বহু বিষয় থেকে নিজেদের বঞ্চিত ক'রে না রাখলে তারা একাগ্র চিন্তা-যোজনায় সফল হয় না। সতীশকে আমি ধরি নে কিন্তু এ যে হিন্দুর অচ্ছিন্ন-পরম্পরায় পাওয়া সংস্কার কমল।

এই ত যোগ। আসমুদ্র-হিমাচল ভারত অবিচলিত শ্রদ্ধায় এই তত্ত্ব বিশ্বাস করে।

ভক্তি, বিশ্বাস ও ভাবের আবেগে তাঁহার ছুই চক্ষু ছলছল করিতে লাগিল। বাহিরের সর্কবিধ সাহেবিয়ানার নিভৃত তলদেশে যে দৃঢ়নিষ্ঠ বিশ্বাসপরায়ণ হিন্দুচিত্ত নির্কাত-দীপশিখার ছায় নিঃশব্দে জলিতেছে,* কমল চক্ষের পলকে তাহাকে উপলব্ধি করিল। কি একটা বলিতে গেল, কিন্তু সঙ্কোচে বাধিল। সঙ্কোচ আর কিছুই জ্ঞান নয়, শুধু এই সত্যব্রত, সংযতেজিয় বৃদ্ধকে ব্যথা দিবার বেদনা; কিন্তু উত্তর না পাইয়া তিনি নিজেই যখন প্রশ্ন করিলেন, কেমন কমল, এই কি সত্য নয়। তখন সে মাথা নাড়িয়া বলিয়া উঠিল, না আশুবাবু, সত্য নয়। শুধু ত হিন্দুর নয়, এ বিশ্বাস সকল ধর্মেই আছে; কিন্তু কেবলমাত্র বিশ্বাসের জোরেই ত কোন কিছু কখনো সত্যি হয়ে ওঠে না। ত্যাগের জোরেও নয়, মৃত্যুবরণ করার জোরেও নয়। অতি তুচ্ছ মতের অর্নৈক্যে বহু প্রাণ বহুবার সংসারে দেওয়া-নেওয়া হয়ে গেছে। তাদের জিদের জোরকেই তা' সপ্রমাণ করেছে, চিন্তার সত্যকে প্রমাণিত করে নি। যোগ কাকে বলে আমি জানি নে, কিন্তু এ যদি নির্জনে বসে কেবল আত্মবিশ্লেষণ এবং আত্মচিন্তাই হয় ত এই কথাই জোর করে বলব যে এই ছুটো সিংহদ্বার দিয়ে সংসারে যত ভ্রম, যত মোহ ভিতরে প্রবেশ করেছে, এমন আর কোথা দিয়েও নয়। ওয়া অজ্ঞানের সহচর।

শুনিয়া শুধু আশুবাবু নয়, হরেন্দ্রও বিস্ময় ও বেদনায় নীরব হইয়া রহিল।

সেই ছেলেটি পুনর্বার আসিয়া জানাইল, খাবার দেওয়া হইয়াছে। সকলেই নীচে নামিয়া গেল।

আঠাশ

আহা রাশ্তে অক্ষয় কমলকে একমুহূর্তে নিরালায় পাইয়া চুপি চুপি বলিল, সুনতে পেলাম আপনারা চলে যাচ্ছেন। পরিচিত সকলের বাড়ীতেই আপনি এক-আধ বার গেছেন, শুধু আমার ওখানে—

আপনি! কমল অতিমাত্রায় বিস্মিত হইল। শুধু কণ্ঠস্বরের পরিবর্তনে নয়; 'তুমি' বলিয়া তাহাকে সবাই ডাকে, সে অভিযোগও করে না, অভিমান-ও করে না; কিন্তু অক্ষয়ের অল্প কারণ ছিল। এই স্ত্রীলোকটিকে 'আপনি' বলাটা সে বাড়াবাড়ি, এমন কি ভদ্র-আচরণের অপব্যবহার বলিয়া মনে করিত। কমল ইহা জানিত; কিন্তু এই অতি ক্ষুদ্র ইতরতায় দৃকপাত করিতেও তাহার লক্ষ্য করিত। পাছে একটা তর্কাতর্কি কলহের বিষয় হইয়া উঠে এই ছিল তাহার ভয়। হাসিয়া বলিল, আপনি ত কখনো যেতে বলেন নি?

না। সেটা আমার অন্টার হয়েছে। চলে যাবার আগে কি আর সময় হবে না?

কি ক'রে হবে অক্ষয়বাবু, আমরা যে কাল ভোরেই যাচ্ছি।

ভোরেই? একটু খামিয়া বলিল, এ অঞ্চলে যদি কখনো আসেন আমার গৃহে আপনার নিমন্ত্রণ রইল।

কমল হাসিয়া কহিল, একটা কথা জিন্ডেস করতে পারি অক্ষয়বাবু? হঠাৎ আমার সন্ধ্যা আপনার মত বদলাল কি ক'রে? বরঞ্চ আরও ত কঠোর হবারই কথা।

অক্ষয় কহিল, সাধারণতঃ তাই হ'ত বটে; কিন্তু এবার দেশ থেকে কিছু অভিজ্ঞতা সঞ্চয় করেছি। আপনার ঐ পিউরিটানদের দৃষ্টান্ত আমার ভেতরে গিয়ে লেগেছে। আর কেউ বুঝেন কিনা জানি নে—না বোঝাও আশ্চর্য নয়—কিন্তু আমি অনেক কথাই জানি। আর একটা কথা। আমাদের গ্রামে প্রায় চৌদ্দ-আনা মুসলমান, ওরা ত সেই দেড় হাজার বছরের পুরানো সত্যেই আজও দৃঢ় হ'য়ে আছে; সেই বিধি-নিষেধ, আইন-কানুন, আচার-অনুষ্ঠান, কিছুই ত ব্যত্যয় হয় নি।

কমল কহিল, ওঁদের সন্ধ্যা আমি প্রায় কিছুই জানি নে! জানবার

কখনো স্মরণও হয় নি। যদি আপনার কথাই সত্যি হয় ত কেবল এইটুকু বলতে পারি যে ঠুন্দের ভেবে দেখবার দিন এসেছে। সত্যের সীমা যে কোন একটা অতীত দিনেই স্থির্ণিষ্ট হয়ে যায় নি, এ সত্য ঠুন্দেরও একদিন মানতে হবে; কিন্তু উপরে চলুন।

না, আমি এখান থেকেই বিদায় নেব। আমার স্ত্রী পীড়িত। এতো লোককে দেখেছেন, একেবারে তাকে দেখবেন না ?

কমল কোঁতুলবশতঃ জিজ্ঞাসা করিল, তিনি কেমন দেখতে ?

অক্ষয় কহিল, ঠিক জানি নে। আমাদের পরিবারে ও-প্রশ্ন কেউ করে না। বিয়ে দিয়ে ন'বছরের মেয়েকে বাবা ঘরে এনেছিলেন। লেখাপড়া শেখবার সময় পায় নি, দরকারও হয় নি। রাঁধাবাড়া, বার-ব্রত, পূজো-আফিক নিয়ে আছে, আমাকেই ইহকাল পরকালের দেবতা বলে জানে, অসুখ হ'লে ওষুধ খেতে চায় না, বলে স্বামীর পাদোদকেই সকল ব্যামো সারে। যদি না সারে বুঝবে স্ত্রীর আয়ু শেষ হয়েছে।

ইহার একটুখানি আভাস কমল হরেন্দ্রর কাছে শুনিয়াছিল, কহিল, আপনি ত ভাগ্যবান, অস্তুতঃ স্ত্রী-ভাগ্যে ! এতখানি বিশ্বাস এ যুগে দুর্লভ।

অক্ষয় কহিল, বোধ হয় তাই, ঠিক জানি নে। হয়ত একেই স্ত্রী-ভাগ্য বলে; কিন্তু মাঝে মাঝে মনে হয়, যেন আমার কেউ নেই, সংসারে আমি একেবারে নিঃসঙ্গ, একা। আচ্ছা, নমস্কার।

কমল হাত তুলিয়া নমস্কার করিল।

অক্ষয় এক পা গিয়াই ফিরিয়া দাঁড়াইল, বলিল, একটা অনুরোধ ক'রব ?

কহুন।

যদি কখনো সময় পান, আর আমাকে মনে থাকে, একখানা চিঠি লিখবেন ? আপনি নিজে কেমন আছেন, অজিতবাবু কেমন আছেন, এই সব। আপনাদের কথা আমি প্রায়ই ভাবব। আচ্ছা চললাম, নমস্কার। এই বলিয়া অক্ষয় দ্রুত প্রস্থান করিল এবং সেইখানে কমল শুদ্ধ হইয়া দাঁড়াইয়া রহিল। ভালমন্দের বিচার করিয়া নয়, শুধু এই কথাই তাহার মনে হইল যে, এই সেই অক্ষয় এবং মানুষের জানার বাহিরে এই ভাবে এই ভাগ্যবানের দাম্পত্য-জীবন নির্বিলম্ব-শাস্তিতে বহিয়া চলিয়াছে। একখানি চিঠির জন্ত তাহার কি কোঁতুল, কি সকাতির সত্যকার প্রার্থনা !

উপরে আসিয়া দেখিল নীলিমা ব্যতীত সবাই যথাস্থানে উপস্থিত। ইহাই নীলিমার স্বভাব, বিশেষ কেহ কিছু মনে করে না। আশুবাবু বলিলেন, হরেন্দ্র একটি চমৎকার কথা বলছিলেন কমল। শুনলে হঠাৎ ঠেংখালি বলে ঠেকে, কিন্তু বস্তুতঃই সত্য। বলছিলেন, লোকে এইটাই বুঝতে পারে না যে, প্রচলিত সমাজ-বিধি লঙ্ঘন করার দুঃখ শুধু চরিত্র-বল ও বিবেক-বুদ্ধির জোরেই সহ্য যায়। মাহুশ বাইরের অত্যাচারটাই দেখে, অন্তরের প্রেরণার খবর রাখে না। এইখানেই যত দ্বন্দ্ব, যত বিরোধের সৃষ্টি।

কমল বুঝিল ইহার লক্ষ্য সের্বে এবং অজিত। সূত্রবাং চূপ করিয়া রহিল। এ কথা বলিল না যে উচ্ছ্বালতার জোরেও সমাজ-বিধি লঙ্ঘন করা যায়। দুর্বুদ্ধি ও বিবেক-বুদ্ধি এক পদার্থ নয়।

বেলা ও মালিনী উঠিয়া দাঁড়াইল, তাহাদের যাইবাব সময় হইয়াছে। কমলকে সম্পূর্ণ অগ্রাহ করিয়া তাহারা হরেন্দ্র ও আশুবাবুকে নমস্কার করিল। এই মেয়েটির সঙ্গুখে সর্বক্ষণই তাহারা নিজেদের ছোট মনে করিয়াছে। শেষ-বেলায় তার শোধ দিল উপেক্ষা দেখাইয়া। চলিয়া গেলে আশুবাবু সময়েই কহিলেন, কিছু মনে করো না মা, এ-ছাড়া ঈদের আর হাতে কিছু নেই। আমিও ত ওই দলের লোক! সবই জানি।

আশুবাবু হরেন্দ্রের সাক্ষাতে আজ এই প্রথম তাহাকে মা বলিয়া ডাকিলেন, কহিলেন, দৈবাৎ ওঁরা পদস্থ ব্যক্তিদের ভার্য্যা। তাই সার্কেনের মাহুস। ইংরাজী বলা-কওয়া, চলাফেরা, বেশভূষায় আপ-টু-ডেন্ট। এটুকু দুললে মে ওদের একেবারে পুঁজিতে যা পড়ে, কমল। রাগ করলেও ওদের প্রতি অবিচার হয়।

কমল হাসিমুখে কহিল, রাগ ত করি নি।

আশুবাবু বলিলেন, করবে না তা জানি। রাগ আমাদেরও হ'ল না। শুধু হাসি পেল; কিন্তু বাসায় যাবে কি করে মা, আমি কি তোমাকে পৌঁছে দিয়ে বাড়ী যাব ?

বাঃ, নইলে যাব কি করে ?

পাছে লোকের চোখে পড়ে এই ভয়ে সে নিজেদের মোটর ফিরাইয়া দিয়াছিল।

বেশ, তাই হবে; কিন্তু আর দেরী করাও হয়ত উচিত হবে না, কি বল ?

সকলেরই স্বরণ হইল যে তিনি আজও সম্পূর্ণ সারিয়া ওঠেন নাই।

দি'ড়িতে জুতার শব্দ শুনা গেল এবং পরক্ষণে সকলে পরম বিস্ময়ে নিরীক্ষণ করিল যে, দ্বারের বাহিরে আসিয়া অজিত দাঁড়াইয়াছে।

হরেন্দ্র কলকণ্ঠে অভ্যর্থনা করিল, হ্যালো! বেটার লেট ছানু নেভার। এ কি সৌভাগ্য ব্রহ্মচর্যাশ্রমের!

অজিত অপ্রতিভ হইয়া বলিল, নিতে এলাম এবং চক্ষের পলকে একটা অভাবিত দুঃসাহসিকতা তাহার ভিতরের কথাগুলো সজোরে ঠেলিয়া গলা দিয়া বাহির করিয়া দিল। কহিল, নইলে ত আর দেখা হ'ত না। আমরা আজ ভোর রাত্রেই দুজনে চলে যামি।

আজই? এই ভোরে?

হাঁ। আমাদের সমস্ত প্রস্তুত। ঐখান থেকে আমাদের যাত্রা হবে রুহু।

ব্যাপারটা অজানা নয়, তথাপি সকলেই যেন লজ্জায় ম্লান হইয়া উঠিল।

নিঃশব্দ পদক্ষেপে নীলিমা আসিয়া ঘরের একপাশে বসিল। সন্ধ্যাটাইয়া আশুবাবু মুখ তুলিয়া চাইলেন। কথাটা তাঁর গলায় একবার বাধিল, তারপরে ধীরে ধীরে বলিলেন, হয়ত আর কখনো আমাদের দেখা হবে না, তোমরা উভয়েই আমার স্নেহের বস্তু, যদি তোমাদের বিবাহ হ'ত আমি দেখে যেতে পেতাম।

অজিত সহসা যেন কুল দেখিতে পাইল, ব্যগ্রকণ্ঠে কহিয়া উঠিল, এ জিনিষ আমি চাই নি আশুবাবু, এ আমার ভাবনার অতীত। বিবাহের কথা বার বার বলেছি, বার বার মাথা নেড়ে কমল অস্বীকার করেছে। নিজের যাবতীয় সম্পদ, যা-কিছু আমার আছে, সমস্ত লিখে দিয়ে নিজেকে শক্ত ক'রে ধরা দিতে গেছি, কমল কিছুতে সন্মত হয় নি। আজ এঁদের স্মৃথে তোমাকে আবার মিনতি করি কমল, তুমি রাজী হও। আমার সর্বস্ব তোমাকে দিয়ে ফেলে বাঁচি। ফাঁকির কলঙ্ক থেকে নিষ্কৃতি পাই।

নীলিমা অবাক হইয়া চাহিয়া রহিল। অজিত স্বভাবতঃ লাজুক প্রকৃতির, সর্বসমক্ষে তাহার এই অপরিমেয় ব্যাকুলতায় সকলের বিস্ময়ের সীমা রহিল না। আজ সে আপনাকে নিঃস্বত্ব করিয়া দিতে চায়। নিজের বলিয়া হাতে রাখিবার আজ তাহার আর এতটুকু প্রয়োজন নাই।

কমল তাহার মুখের প্রতি চাহিয়া কহিল, কেন তোমার এত ভয় কিসের?

ভয় আজ না থাক, কিন্তু—

কিন্তু দিন আগে ত আসুক।

এলে যে তুমি কিছুই নেবে না জানি।

কমল হাসিয়া বলিল, জান ? তা হ'লে সেইটেই হবে তোমার সবচেয়ে শক্ত বাঁধন।

একটু খামিয়া বলিল, তোমার মনে নেই একদিন বলেছিলাম, ভয়ানক মজবুত করার লোভে অমন নিরেট নিশ্চিত ক'রে বাড়ী গাঁথতে চেয়েো না। ওতে মরার কবর তৈরী হবে, জ্যান্ত মানুষের শোনার ঘর হবে না।

অজিত বলিল, বলেছিলে জানি। জানি আমাকে বাঁধতে চাও না, কিন্তু আমি যে চাই। তোমাকেই বা কি দিয়ে আমি বেঁধে রাখব, কমল ? ক'ত সে জোর ?

কমল বলিল, জোরে কাজ নেই। বরঞ্চ তোমার দুর্বলতা দিয়েই আমাকে বেঁধে রেখো। তোমার মত মানুষকে সংসারে ভাসিয়ে দিবে যান অত নিষ্ঠুর আমি নই। পলকমাত্র আশুবাবুর দিকে চাহিয়া কহিল, ভগবান ত মানি নে, ইলে প্রার্থনা করতাম ছুনিয়ার সকল আঘাত থেকে তোমাকে আড়ালে রেখেই একদিন যেন মরতে পারি।

নীলিমার দুই চক্ষে জল আসিয়া পড়িল। আশুবাবু নিজেও বাঁপাকুল চক্ষু মুছিয়া ফেলিলেন, পাঁচশ্বরে বলিলেন, তোমার ভগবান মেনেও কাজ নেই কমল। ঐ একই কথা মা। এই আত্মসমর্পণই একদিন তোমাকে তাঁর কাছে সর্গোরবে পৌঁছে দেবে।

কমল হাসিয়া বলিল, সে হবে আমার উপরি পাওনা। ত্যাব্য পাওনার চেয়েও তাঁর দাম বেশী।

সে ঠিক কথা মা ; কিন্তু স্কেনে রেখো, আমার আশীর্বাদ নিফল যাবে না।

হরেন্দ্র বলিল, অজিত, খেয়ে ত আস নি, নীচে চল।

আশুবাবু সহাস্তে কহিলেন, এমনি তোমার বিচ্ছেদ। ও খেয়ে আসে নি আর কমল এখানে বসে খেয়েদেয়ে নিশ্চিন্ত হ'ল—মা ও কখনো করে না।

অজিত সলজ্জ স্বীকার করিয়া জানাইল, কথাটা তাই বটে। সে অভ্যস্ত আসে নাই।

এই শেষের রাত্রি শ্রবণ করিয়া সভা ভাঙ্গিয়া দিবার কাহারও ইচ্ছা ছিল না,

কিন্তু আশুবাবুর স্বাস্থ্যের দিকে চাহিয়া উঠিবার আয়োজন করিতে হইল। হরেন্দ্র কমলের কাছে আসিয়া গলা খাটো করিয়া বলিল, এতদিনে আসল জিনিষটা পেলে, কমল তোমাকে অভিনন্দন জানাই।

কমল তেমনি চুপিচুপি জবাব দিল, পেয়েছি? অন্ততঃ সেই আশীর্বাদই করুন।

হরেন্দ্র আর কিছু বলিল না; কিন্তু কমলের কণ্ঠস্বরে সেই দ্বিধাহীন পরম নিঃসংশয় স্বরটি যে বাজিল না তাহাও কানে ঠেকিল। তবু এমনিই হয়। বিশ্বের এমনিই বিধান।

ঘারের আড়ালে ডাকিয়া নীলিমা চোখ মুছিয়া বলিল, কমল, আমাকে ভুলে না যেন। ইহার অধিক সে বলিতে পারিল না।

কমল হেঁট হইয়া নমস্কার করিল। বলিল, দিদি, আমি আবার আসব, কিন্তু যাবার আগে আপনার কাছে একটি মিনতি রেখে যাব : জীবনের কল্যাণকে কখনো অস্বীকার করবেন না। তার সত্য রূপ আনন্দের রূপ। এই রূপে দে দেখা দেয়, তাকে আর কিছুতেই চেনা যায় না। আর যাই কেন না কর দিদি, অর্নিশাবাবুর ঘরে আর বেগার খাটতে রাজী হ'য়ো না।

নীলিমা কহিল, তাই হবে কমল।

আশুবাবু গাভীতে উঠিলে কমল হিন্দু-বীতিতে পায়ের ধুলা লইয়া প্রণাম করিল। তিনি মাথায় হাত রাখিয়া আব একবার আশীর্বাদ করিলেন। বলিলেন, তোমার কাছ থেকে একটি খাটি তস্বের সন্ধান পেয়েছি, কমল। অমুকরণে মুক্তি আসে না, মুক্তি আসে জানে। তাই ভয় হয়, তোমাকে যা মুক্তি এনে দিলে, অজ্ঞকে হয়ত তাই অসম্মানে ডোবাবে। তার থেকে তাকে রক্ষা ক'রো মা। আজ থেকে সে ভার তোমার। ইঙ্গিতটা কমল বুঝিল।

পুনশ্চ বলিতে লাগিলেন, তোমার কথাই তোমাকে মনে করিয়ে দিই। সেদিন থেকে এ আমি বহুবায় ভেবেছি যে ভালবাসার শুচিতার ইতিহাসই মানুষের সভ্যতার ইতিহাস; তার জীবন; তার বড় হবার ধারাবাহিক বিবরণ। তবু শুচিতার সংজ্ঞা নিয়ে যাবার বেলায় আর আমি তর্ক তুলব না। আমার ক্রোধের নিঃশ্বাসে তোমাদের বিদায় ক্রণটিকে মলিন ক'রে দেব না; কিন্তু বুড়োর এই কথাটি মনে রেখো কমল, আদর্শ, আইডিয়াল, শুধু ছ-চারজননের জন্মই, তাই তার দাম। তাকে সাধারণ্যে টেনে আনলে সে হয় পাগলামি,

তার শুভ যায় ঘুচে, তার ভার হয় দুঃসহ। বৌদ্ধদের যুগ থেকে আরম্ভ ক'রে বৈষ্ণবদের দিন পর্যন্ত এর অনেক দুঃখের নজির পৃথিবীতে ছড়িয়ে আছে। সেই দুঃখের বিপ্লবই কি সংসারে তুমি এনে দেবে মা ?

কমল মুহুর্তে বলিল, এ যে আমার ধর্ম, কাকাবাবু।

ধর্ম ! তোমার ধর্ম ?

কমল কহিল— ঈশ্বর যে দুঃখকে ভয় করতেন কাকাবাবু, তারই ভেতর দিয়ে আবার তারও চেয়ে বড় আদর্শ জন্মলাভ করবে; আবার তারও যোগিন কাজ শেষ হবে সেই মৃতদেহের সার থেকে তার চেয়েও মহত্তর আদর্শের সৃষ্টি হবে। এমনি ক'রেই সংসারে শুভ শুভতরের পায়ে আত্মবিসর্জনে দিয়ে আপন ঋণ পরিশোধ করে। এই ত মানুষের মুক্তির পথ। দেখতে পান না কাকাবাবু, সতীদাহের বাইরের চেহারাটা রাজশাসনে বদলাল। কিন্তু তার ভিতরের দাঙ আঙ্গও তেমনিই জ্বলচে ? তেমনি ক'রেই ছাই ছাই ক'রে আনচে ? এ নিববে কি দিয়ে ?

আশুবাবু কথা কহিতে পারিলেন না, শুধু একটা দীর্ঘনিশ্বাস ফেলিলেন, কিন্তু পরক্ষণেই বলিয়া উঠিলেন, কমল, মণির মায়ের বন্ধন যে আজন্ম কাটাতে পারি নি—তাকে তোমরা বল মোহ, বল দুর্বলতা, কি জানি সে কি, কিন্তু এ মোহ যেদিন ঘুচবে, মানুষের অনেকখানি সেই সঙ্গে ঘুচে যাবে মা। মানুষের এ বহু তপস্কার ধন। আচ্ছা আসি। বাসদেও, চল।

টেলিগ্রাফ-পিয়ন সাইকেল খামাইয়া রাস্তায় নামিয়া পড়িল। জরুরী তাঁর। হরের গাড়ীর আলোতে খাম খুলিয়া পড়িল। দীর্ঘ টেলিগ্রাম আসিয়াছে— মথুরা জেলার এক ছোট সরকারী হাসপাতালের ডাক্তারের নিকট হইতে। বিবরণটা এইরূপ—গ্রামের এক ঠাকুরবাড়ীতে আগুন লাগে, বর্হাদনের বহু লোকপুঞ্জিত বিগ্রহমূর্তি পুড়িয়া ধ্বংস হইবার উপক্রম হয়। বাঁচাইবার কোন উপায় আর যখন নাই, সেই প্রজ্বলিত গৃহ হইতে রাজেন মূর্তিটাকে উদ্ধার করে। দেবতা রক্ষা পাইলেন, কিন্তু রক্ষা পাইল না তাঁহার রক্ষাকর্তা। দুই তিন দিন নীরবে অব্যক্ত যাতনা সহিয়া আজ সকালে সে গোবিন্দজীর বৈকুণ্ঠে গিয়াছে। দশ হাজার লোক কীর্তনাদি সহ শোভাযাত্রা করিয়া তাহার নশ্বর দেহ যমুনা-তটে ভস্ম করিয়াছে। মৃত্যুকালে এই সংবাদটা আপনাকে সে দিতে বলিয়াছে।

নীল আকাশ হইতে বজ্রপাত হইয়া গেল।

কান্নায় হরেন্দ্রের কণ্ঠ রুদ্ধ এবং অনাবিল জ্যোৎস্না রাজি স্বর্গলোকের চক্ষেই এক মুহূর্তে অন্ধকারে একাকার হইয়া উঠিল।

আশুবাবু কাঁদিয়া বলিলেন, দুদিন! আটচল্লিশ ঘণ্টা! এত কাছে? আর একটা খবর সে দিলে না?

হরেন্দ্র চোখ মুছিয়া বলিল, প্রয়োজন মনে করে নি। কিছু করতে পারা ত যেত না, তাই বোধ হয় কাউকে দুঃখ দিতে চায় নি।

আশুবাবু যুক্তহাত মাথায় ঠেকাইয়া বলিলেন, তার মানে দেশ ছাড়া আর কোন মানুষকেই সে আত্মীয় বলে স্বীকার করে নি। শুধুই দেশ—এই ভারত-বর্ষটা। তবু, ভগবান! তোমার পায়েই তাকে স্থান দিয়ে! মরণ যাই কর, এই রাজেন্নের জাতটাকে তোমার সংসারে যেন বিলুপ্ত করো না। বাসদেও, চালাও।

এই শোকের আঘাত কমলের চেয়ে বেশী বোধ করি কাহারও বাজে নাই, কিন্তু বেদনান বাস্পে কণ্ঠকে সে আচ্ছন্ন করিতে দিল না। চোখ দিয়া তাহার অংশুন বাহির হইতে লাগিল; শ্লিষ্ট, দুঃখ কিসের? সে বৈকুণ্ঠে গেছে। হরেন্দ্রকে কহিল, কাঁদবেন না হরেনবাবু, অজ্ঞানের বলি চিরদিন এমনি করাই আদায় হয়।

তাহার স্বচ্ছ কঠিন স্বর তীক্ষ্ণ ছুঁড়ির ফলার মত গিয়া সকলের বুকে বিঁধিল।

আশুবাবু চলিয়া গেলেন এবং শোকাচ্ছন্ন শুদ্ধ-নীরবতার মধ্যে কমল অজিতকে লইয়া গাভীতে গিয়া বসিল। কহিল, রামদীন, চল।

শেষ প্রশ্ন

॥ এক ॥

বিভিন্ন সময়ে ও বিভিন্ন কর্মোপলক্ষে আসিয়া অনেকগুলি বাঙালী পরিবার পশ্চিমের বহুখাত আগ্রা শহরে বসবাস করিয়াছিলেন। কেহ-বা কয়েক পুরুষের বাসিন্দা, কেহ-বা এখনও বাসাড়ে। বসন্তের মহামারী ও প্রেগের তাড়াহুড়া ছাড়া ইঁহাদের অতিশয় নির্বিল্ল জীবন। বাদশাহী আমলের কেলা ও ইমারত দেখা ইঁহাদের সমাপ্ত হইয়াছে, আমীর-ওমরাহগণের ছোট, বড়, মাঝারি, ভাঙ্গা ও আ-ভাঙ্গা যেখানে হত কবর আছে তাহার নির্ধৃত তালিকা ক'ঠস্থ হইয়া গেছে, এমন যে বিশ্ববিখ্যাত তাজমহল, তাহাতেও নূতনত্ব আর নাই। সন্ধ্যার উদাস, সজল চক্ষু মেলিয়া, জ্যোৎস্নায় অর্ধ-নির্মীলিত নেট্রে নিরীক্ষণ করিয়া, অশ্বকারে ফ্যালফ্যাল করিয়া চাহিয়া যমুনার এপার হইতে, ওপার হইতে সৌন্দর্য উপলব্ধি করিবার যত প্রকারের প্রচলিত প্রবাদ ও ফন্দি আছে তাঁহারা নিঙুরাইয়া শেষ করিয়া ছাড়িয়াছেন। কোন্ বড়লোকে কবে কি বলিয়াচে, কে কে কবিতা লিখিয়াছে, উচ্ছ্বাসের প্রাবল্যে কে স্মৃতিতে দাঁড়াইয়া গলায় দড়ি দিতে চাহিয়াছে—ইঁহারা সব জানেন। ইতিবৃত্তের দিক দিয়াও লেশমাত্র ত্রুটি নাই। ইঁহাদের ছোট ছোট ছেলেমেয়েরা পর্ষস্ত শিখিয়াছে কোন্ বেগমের কোথায় আঁতুড়ঘর ছিল, কোন্ জাঠসদার কোথায় ভাত রাঁধিয়া খাইয়াছে,—সে কালির দাগ কত প্রাচীন,—কোন্ দস্যু কত হীরা মাণিক্য লুণ্ঠন করিয়াছে এবং তাহার আনুমানিক মূল্য কত,—কিছই আর কাহারও অবিদিত নাই।

এই জ্ঞান ও পরম নিশ্চিন্ততার মাঝখানে হঠাৎ একদিন বাঙালী সমাজে চাঞ্চল্য দেখা দিল। প্রত্যহ মসজিদের দল যায় আসে, অ্যামেরিকান ট্যুরিস্ট হইতে খ্রীষ্টানবান ফেরত বৈষ্ণবদের পর্যন্ত মাঝে মাঝে ভিড় হয়—কাহারও কোন ঔৎসুক্য নাই, দিনের কাজ দিন শেষ হয়, এমনি সময়ে একজন প্রৌড়বয়সী ভদ্র বাঙালী সাহেব তাঁহার শিক্ষিতা, সুরূপা ও পূর্ণ-যৌবনা কন্যাকে লইয়া স্বাস্থ্য উদ্ধারের অজুহাতে শহরের এক প্রান্তে মন্ত একটা বাড়ি ভাড়া করিয়া বাসিলেন। সঙ্গে তাঁহার বেহারী, বন্দুচ, দরোরান আসিল; কি-চাকর, পাচক-স্বাক্ষণ আসিল; গাড়ি ঘোড়া, মোটর শোফার, সিঁহস, কোচরানে এতকালের এত বড় ফাঁকা বাড়ির সমস্ত অল্প রশ্ম যেন যাদুবিদ্যার রাতারাত ভরিয়া উঠিল। ভুল্লোকের নাম আশুতোষ গুপ্ত, কন্যার নাম মনোরমা। অত্যন্ত সহজেই বন্দু গেল ইঁহারা বড়লোক। কিন্তু উপরে যে চাঞ্চল্যের উল্লেখ করিয়াছি, সে ইঁহাদের বিস্ত ও সম্পদের পরিমাণ কম্পনা করিয়া নয়, মনোরমার শিক্ষা ও রূপের খ্যাতি-বিস্তারেও তত নয়, যত হইল আশুবাবুর নিরীভমান সহজ ভদ্র আচরণে। তিনি মেন্নেকে সঙ্গে করিয়া নিজে খোঁজ করিয়া সকলের সহিত

সাক্ষাৎ করিলেন ; বলিলেন, তিনি পীড়িত লোক, তাহাদের অর্তিথ, স্নাতরাং নিষ্করণে দয়া করিয়া যদি না তাহারা এই প্রবাসীদের দলে টানিয়া লয়েন ত এই নিবাসনে বাস করা একপ্রকার অসম্ভব । মনোরমা বাড়ির ভিতরে গিয়া মেয়েদের সহিত পরিচয় করিয়া আসিল, সেও অসুস্থ পিতার হইয়া সবিনয়ে নিবেদন জানাইল যে, তাহারা যেন তাহাদের পর করিয়া না রাখেন । এমনি আরও সব রুচিকর মিশ্র কথা ।

শ্রীমতী সকলেই খুশী হইলেন । তখন হইতে আশুবাবুর গাড়ি এবং মোটর যখন-তখন, যাহার-তাহার গৃহে আনাগোনা করিয়া মেয়ে ও পুরুষদের আনিতে লাগিল, পৌছাইয়া দিতে লাগিল, আলাপ-আপ্যায়ন, গান-বাজনা এবং দ্রষ্টব্য বস্তুর পুনঃ পুনঃ পরিদর্শনে হৃদ্যতা এমনি জমাট বাঁধিয়া উঠিল যে, ইহারা যে বিদেশী কিংবা অত্যন্ত বড়লোক এ কথা ভুলিতে কাহারও সন্দেহ-খানেকের অধিক সময় লাগিল না । কিন্তু একটা কথা বোধ হয় কতকটা সঙ্কোচ এবং কতকটা বাহুল্য বলিয়াই কেহ স্পষ্ট করিয়া জিজ্ঞাসা করে নাই । ইহারা হিন্দু অথবা ব্রাহ্মসমাজভুক্ত । বিদেশে প্রয়োজনও বড় হয় না । তবে, আচার-ব্যবহারের মধ্যে দিয়া শতটা বদমা যায় সকলেই একপ্রকার ব্যঙ্গিয়া রাখিয়াছিল যে ইহারা যে সমাজভুক্তই হউন, অধিকাংশ উচ্চশিক্ষিত ভদ্র বাঙালী পরিবারের মত খাওয়া-দাওয়ার সম্বন্ধে অন্ততঃ বাচ-বিচার করিয়া চলেন না । বাড়িতে মুসলমান বাবুঁচ থাকার ব্যাপারটা সকলে না জানিলেও এ কথাটা সবাই জানিত যে, এতখানি বয়স পর্যন্ত মেয়েকে অবিবাহিত রাখিয়া যিনি কলেজে লেখাপড়া শিখাইয়াছেন তিনি মূলতঃ, যে সমাজেই অন্তর্গত হউন, বহুবিধ সঙ্কীর্ণতার বন্ধন হইতে মুক্তলাভ করিয়াছেন ।

অবিনাশ মূলতঃ কলেজের প্রফেসর । বহুদিন হইল স্ত্রী-বিয়োগ হইয়াছে, কিন্তু আব বিবাহ করেন নাই । ঘরে বছর-দশেকের একটি ছেলে ; অবিনাশ কলেজে পড়ায় এবং বন্ধু-বান্ধব লইয়া আনন্দ করিয়া বেড়ায় । অবস্থা সম্বল,—নিশ্চল, নিরুদ্ভব জীবন । বছর দুই পূর্বে বিধবা শ্যালিকা ম্যালেরিয়া সুরাক্রান্ত হইয়া বাসুপরিবর্তনের উদ্দেশ্যে ভগিনীপতির কাছে আসেন । স্বর ছাড়িল, কিন্তু ভগিনীপতি ছাড়িলেন না । সম্প্রতি গৃহে তিনিই কর্তা । ছেলে মানুষ করেন, ঘর সংসার দেখেন, বন্ধুরা, সম্পর্ক আলোচনা করিয়া পরিহাস করে । অবিনাশ, হাসে,—বলে, ভাই. বৃথা লজ্জা দিলে আর দৃষ্টি করে না,—কপাল ! নইলে চেষ্টার দুটি নেই । এখন ভাবি, ধন অপবাদে ডাকাতে মারে, সেও আমার ভাল ।

অবিনাশ স্ত্রীকে অত্যন্ত ভালবাসিত । বাটীর সর্বত্র তাহার ফটোগ্রাফ নানা আকারের, নানা ভঙ্গীর । শোবার ঘরের দেওয়ালে টাঙ্গানো একখানা বড় ছবি । অল্পে পোষ্টং মূল্যবান ফ্রেম বাঁধানো । অবিনাশ প্রতি বৃদ্ধবাদের সকালে তাহাতে মালা ঝুলাইয়া দেয় । এইদিনে তাহার মৃত্যু হইয়াছিল ।

অবিনাশ সদানন্দ গোছের মানুষ । তাস-পাশায় তাহার অত্যধিক আসক্তি । তাই ছুটির দিনে প্রায়ই তাহার গৃহে লোকসমাগম ঘটে । আজ কি-একটা পূর্বোপলক্ষে কলেজ কাছারি বন্ধ ছিল । আহালাদির পরে প্রফেসর-মহল আসিয়া উপস্থিত হইয়াছেন.

জন-দুই নীচের ঢালা বিছানার উপর দাবার ছক পাতিয়া বসিয়া এবং জন-দুই উপড় হইয়া তাহা নিরীক্ষণ করিতেছেন, বাকী সকলে ডেপুটি ও মন্সেফের বিদ্যাবৃষ্টির স্বল্পতার অনুপাতে মোটামাহিনার বহর মাপিয়া উচ্চ কোলাহলে গভর্নমেন্টের প্রতি রাইচাস ইন্ডিগনেশন ও অশ্রুকা প্রকাশ করিতে নিযুক্ত। এমন সময় মস্ত একটা ভারী মোটর আসিয়া সদর দরজায় থামিল। পরক্ষণে আশুবাবু তাহার কন্যাকে লইয়া প্রবেশ করিতে সকলেই সসম্মানে তাঁহাদের অভ্যর্থনা করিলেন। রাইচাস ইন্ডিগনেশন জল খাইয়া গেল, ও-দিকের খেলাটা উপস্থিত-মত স্থগিত রহিল, অবিনাশ সর্দিনে বন্ধাঞ্জলি হইয়া কহিলেন, আমার পরম সৌভাগ্য আপনাদের পদধূলি আমার গায়ে পড়লো, কিন্তু হঠাৎ এমন অসময়ে যে? এই বলিয়া তিনি মনোরমাকে একখানি চেরার আগাইয়া দিলেন।

আশুবাবু সন্নিকটবর্তী আরাম-কেন্দারার উপর দেহের সুবিপুল ভার ন্যস্ত করিয়া অকারণ উচ্চহাস্যে ঘর ভরিয়া দিয়া কহিলেন, আশু বাদ্যর অসময়? এতবড় দুঃখ যে আমার ছোটখড়োও দিতে পারেন না অবিনাশবাবু?

মনোরমা হাসিমুখে নতকণ্ঠে কহিল, কি বলচ বাবা?

আশুবাবু বলিলেন, তবে থাক ছোটখড়োর কথা। কন্যার আপত্তি। কিন্তু, এর চেয়ে একটা ভাল উদাহরণ মা-ঠাকুরদানের বাপের সাধা নেই যে দেখে। এই বলিয়া নিজের রসিকতার আনন্দোচ্ছ্বাসে পুনরায় ঘর ভাঙ্গিবার উপক্রম করিলেন। হাসি থামিলে কহিলেন, কিন্তু কি বলব মশাই, বাতে পঙ্গু! নইলে, যে পায়ের ধুলোর এত গৌরব বাড়ালেন, আশু গুপ্তর সেই পায়ের ধুলো ঝাঁট দেবার জন্যেই আপনাকে একটা চাকর রাখতে হত অবিনাশ বাবু। কিন্তু আজ আর বসবার শ্রো নেই, এখানি উঠতে হবে।

এই অনবসরের হেতুর জন্য সকলেই তাঁহার মুখের প্রতি চাহিয়া রহিলেন। আশু বাবু বলিলেন, একটা আবেদন আছে। মঞ্জুরির জন্য মাকে পষান্ত টেনে এনেছি। কালও ছুটির দিন, সন্ধ্যার পর বাসায় একটুখানি গান-বাজনার আয়োজন করছি,—সপরিবারে যেতে হবে। তার পরে একটু মিষ্টি-মুখ।

মেয়েকে কহিলেন, মণি, বাড়ির মধ্যে গিয়ে একবার হুকুমটা নিয়ে এসো মা। দেরি করলে হবে না।

আরও একটা কথা, মাই ইয়ং ফ্রেডস, মেয়েদের জন্য না হোক, আমাদের পুরুষদের জন্য দুরকম খাবার ব্যবস্থাই,—অর্থাৎ কিনা,—প্রেজুডিস যদি না থাকে ত—বুঝলেন না?

বুঝিলেন সকলেই এবং একবাক্যে প্রকাশ করিলেন সকলেই যে তাঁহাদের প্রেজুডিস নাই।

আশুবাবু খুশী হইয়া কহিলেন, না থাকবারই কথা! মেয়েকে বলিলেন, মণি, খাবার সম্বন্ধে মা লক্ষ্মীদেরও একটা মতামত নেওয়া চাই, সে যেন ভুলো না। প্রত্যেক

বাড়িতে গিয়ে তাঁদের অভিন্নচিত্র এবং আবেশে নিয়ে বাসার ফিরতে আজ বোধ করি আমাদের সন্ধ্যা হয়ে যাবে। একটু শীঘ্র করে কাজটা সেয়ে এস মা।

মনোরমা ভিতরে যাইবার জন্য উঠিষ্ঠেছিল, অবিনাশ কহিলেন, আমার ত বহুদিন যাবৎ গৃহ শূন্য। শ্যালিকা আছেন, কিন্তু বিধবা। গান শোনবার শখ প্রচুর, অতএব যাবেন নিশ্চিত। কিন্তু খাওয়া—

আশুদ্বাব্দ তাড়াতাড়ি বলিয়া উঠিলেন, তারও অভাব হবে না অবিনাশবাব্দ, আমার মণি রয়েছে যে। মাছ-মাংস, পিঁয়াজ-রসুনও ত স্পর্শ করেও না।

অবিনাশ আশ্চর্য হইয়া জিজ্ঞাসা করিলেন, উনি মাছ-মাংস খান না?

আশুদ্বাব্দ বলিলেন, খেতেন সবই, কিন্তু বাবাজীর ভারী অনিচ্ছ, সে হলো আবার সন্ন্যাসী-গোছের মান্দ্য—

চক্ষের পলকে মনোরমার সমস্ত মৃদু রাজা হইয়া উঠিল; পিতার অসমাপ্ত বাক্যের মাঝখানেই বাধা দিয়া কহিল, তুমি কি-সমস্ত বলে যাচ্ছ বাবা!

পিতা ততমত খাইয়া গেলেন এবং কন্যার কণ্ঠস্বরের স্বাভাবিক মৃদুতা তাহার ভিতরের তিস্ততা আবৃত করিতে পারিল না।

ইহার পরে বাক্যালাপ আর জমিল না এবং আরও দুই-চারি মিনিট যাহা ইহার বাসিয়া রহিলেন, আশুদ্বাব্দ কথা কহিলেও মনোরমা কেমন একপ্রকার বিমনা হইয়া রহিল। এবং উভয়ে চলিয়া গেলে কিছুক্ষণের জন্য সকলেরই মনের উপর যেন একটা অনাকাঙ্ক্ষিত বিষন্নতার ভার চাপিয়া রহিল।

বন্ধুগণের মধ্যে কাহাকেও স্পর্শ করিয়া কিছু কহিল না, কিন্তু সবাই ভাবিতে লাগিল, হঠাৎ এই বাবাজীটি আশ্রিত আবার কোথা হইতে? আশুদ্বাব্দ পুত্র নাই, মনোরমাই একমাত্র সন্তান তাহা সকলেই জানিত; নিজে সে আজও অনুঢ়া— আয়োতির কোন চিহ্ন তাহাতে বিদ্যমান নাই। কথাটা সোজাসুজি প্রশ্ন করিয়া কেহ জানিয়া লয় নাই বটে, কিন্তু এ সম্বন্ধে সংশয়ের বাগ্পও ত কাহারো মনে উদয় হয় নাই। তবে?

অথচ, এই সন্ন্যাসী-গোছের বাবাজী যেই হউন, অথবা যেখানেই থাকুন, তিনি সহজ ব্যক্তি নহেন। কারণ, তাঁহার নিষেধ নহে কেবলমাত্র অনিচ্ছার চাপেই এতবড় একটা বিলাসী ও ঐশ্বর্যশালী ব্যক্তির একমাত্র শিক্ষিতা কন্যার মাছ-মাংস রসুন-পিঁয়াজের বরান্দ একেবারে বন্ধ হইয়া গেছে।

এবং লজ্জা পাইবার, গোপন করিবারই বা আছে কি? পিতা সৎকাচে জড়সড় হইয়া গেলেন, কন্যা আরক্ত-মুখে স্তম্ভ হইয়া রহিল,— সমস্ত ব্যাপারটাই যেন সকলের মনে একটা অব্যঞ্জিত অপপ্রীতিকর রহস্যের মত বিধিল। এবং এই আগলুক পরিবারের সহিত মিলামিশার যে সবুজ ও স্বচ্ছন্দ ধারা প্রথম হইতেই প্রবাহিত হইতেই আরম্ভ করিয়াছিল অকস্মাৎ যেন তাহাতে একটা বাধা আসিয়া পড়িল।

॥ দুই ॥

মনে হইয়াছিল আশুবাবু শহরের কাহাকেও বোধ হয় বাদ দিবেন না । কিন্তু দেখা গেল বাঙালীদের মধ্যে বিশিষ্ট বাঁহারা শুধু তাহারাই নিমন্ত্রিত হইয়াছেন । প্রফেসর-মহল দল বাঁধরা উপস্থিত হইলেন ; বাঁড়র মেয়েদের মোটর পাঠাইয়া পুর্বেই আনা হইয়াছিল ।

একটা বড় ঘরের মেঝের উপর মূল্যবান প্রকাণ্ড কার্পেট পাতিয়া স্থান করা হইয়াছে । তাহাতে জন-দুই দেশীয় ওস্তাদ যন্ত্র বাঁধিতে নিযুক্ত । অনেকগুলি ছেলে-মেয়ে তাঁহাদের ঘিরিয়া ধরিয়া অবস্থান করিতেছে । গৃহস্বামী অন্য কোথাও ছিলেন, খবর পাইয়া হাসফাস করিতে করিতে হাজির হইলেন, দুই হাত থিয়েটারি ভঙ্গীতে উঁচু করিয়া ধরিয়া কহিলেন, স্বাগত ভদ্রমণ্ডলী ! মোস্ট ওয়েলকাম !

ওস্তাদজীদের ইঙ্গিতে দেখাইয়া গলা খাটো করিয়া চোখ টিপিয়া বলিলেন, ভয় পাবেন না যেন ! কেবল এঁদের ম্যাও ম্যাও শোনার জন্যই আহান করে আনিনি । শোনাবো, শোনাবো, এমন গান আজ শোনাবো যে আমাকে আশীর্বাদ করে তবে ঘরে ফিরবেন ।

শুনিয়া সকলেই খুশী হইলেন । সদা-প্রসন্ন অবিনাশবাবু আনন্দে মুখ উজ্জ্বল করিয়া কহিলেন, বলেন কি আশুবাবু ? এ দুর্ভাগা দেশের যে সবাইকে চিনি, হঠাৎ এ রঙ্গ পেলেন কোথায় ?

আবিষ্কার করেছি, মশাই, আবিষ্কার করেছি । আপনারাও যে একেবারে না চেনেন তা নয়,—সম্প্রতি হয়ত ভুলে গেছেন । চলুন দেখাই । এই বলিয়া তিনি সকলকে একপ্রকার ঠেলিতে ঠেলিতে আনিয়া তাঁহার বসিবার ঘরের পর্দা সরাইয়া প্রবেশ করিলেন ।

লোকাটি ঈষৎ শ্যামবর্ণ, কিন্তু রূপের আর অস্ত নাই । যেমন দীর্ঘ ঋজু দেহ, তেমনি সমস্ত অবয়বের নিখুঁত সন্দর গঠন । নাক, চোখ, চু, ললাট, অধরের বাঁকা রেখাটি পর্যন্ত—একটিমাত্র নরদেহে এমন করিয়া সন্নিব্যস্ত হইলে—যে কি বিস্ময়ের বস্তু তাহা এই মানুষটিকে না দেখিলে কল্পনা করা যায় না । চাহিয়া হঠাৎ চমক লাগে ! বয়স বোধ করি বত্রিশের কাছে গিয়াছে, কিন্তু প্রথমে আরও কম মনে হয় । সুমুখের সোফায় বসিয়া মনোরমার সহিত গল্প করিতেছিলেন, সোজা হইয়া বসিয়া একটু হাসিয়া কহিলেন, আসুন ।

মনোরমা উঠিয়া দাঁড়াইয়া আগসুক অতিথিদের নমস্কার করিল । কিন্তু প্রতিমমস্কারের কথা কাহারও মনেও হইল না, সকলে অকস্মাৎ এমনি বিচলিত হইয়া পড়িলেন ।

অবিনাশবাবু বয়সেও বড়, কলেজের দিক দিয়া পদগোরবেও সকলের শ্রেষ্ঠ। তিনিই প্রথমে কথা কহিলেন, বলিলেন, আগ্রায় কবে ফিরে এলেন শিবনাথবাবু? বেশ যা হোক। কৈ আমরা ত কেউ খবর পারিনি?

শিবনাথ কহিলেন, পাননি বুঝি? আশ্চর্য! তাহার পরে হাসিমুখে বলিলেন, বুঝতে পারিনি অবিনাশবাবু, আমার আসার পথ চেয়ে আপনারা এতখানি উন্মত্ত হইয়াছিলেন।

উত্তর শুনিয়া অবিনাশবাবু যদিচ হাসিবার চেষ্টা করিলেন, কিন্তু তাহার সহযোগিতার মনুষ্য ক্রোধে ভীষণ হইয়া উঠিল। যে কারণেই হউক, ইংহারা যে পূর্বে হইতেই এই প্রিয়দর্শন গুণী, ব্যক্তিটির প্রতি প্রসন্ন ছিলেন না তাহা আভাসে জানা থাকিলেও একের এই বক্রোক্তির অন্তরালে ও অন্য সকলের কটিন মনুচ্ছবিব বাঞ্ছনায় এই বিরুদ্ধতা এমন কটু, রুচ এবং স্পষ্ট হইয়া উঠিল যে, কেবলমাত্র মনোরমা ও তাহার পিতাই নয়, সদানন্দ-প্রকৃতি অবিনাশ পর্যন্ত অপ্রতিভ হইয়া পড়িলেন।

কিন্তু ব্যাপারটা আর গড়াইতে পাইল না, আপাততঃ এইখানেই বন্ধ হইল।

পাশের ঘর হইতে গুস্তাদজীর কণ্ঠস্বর শুন্য গেল, এবং পরক্ষণেই বাড়ির মরকার আসিয়া সর্বিনয়ে নিবেদন করিল যে সমস্ত প্রস্তুত, শব্দ আপনাদের অপেক্ষাতেই গানবাজনা শব্দ হইতে পারিতেছে না।

পেশাদার গুস্তাদী সঙ্গীত সচরাচর যেমন হইয়া থাকে এক্ষত্রেও তেমনিই হইল, —বিশেষত্ব বর্জিত মামুলি ব্যাপার, কিন্তু কিয়ৎকাল পবে ক্ষুদ্র-পারিসর এই সঙ্গীতের আসরে, স্বরূপ কন্নটি শ্রোতার মাঝখানে শিবনাথের গান সত্য সত্যই একেবারে অপূর্ব শোনাইল। শব্দ তাহার অতুলনীয় অনবদ্য কণ্ঠস্বর নহে, এই বিদ্যায় সে অসাধারণ সূক্ষ্মীকৃত ও তাহাতে পারদর্শী। তাহার গাহিবার অনাড়ম্বর সংযত ভঙ্গী, সুরের স্বচ্ছন্দ সরল গতি, মূখের অদৃষ্টপূর্ব ভাবের ছায়া, চোখের অভিভূত উদাস দৃষ্টি সমস্ত একই সম্মলে কেন্দ্রীভূত হইয়া, সেই সর্বাঙ্গীন তান-ভয়-পারিশুদ্ধ সঙ্গীত যখন শেষ হইল, তখন মনে হইল শ্বেতভুজা যেন তাহার দৃই হাতের আশীর্বাদ উজাড় করিয়া এই সাধকের মাথায় ঢালিয়া দিয়াছেন।

কিছুক্ষণ পর্যন্ত সকলেই বাক্যহীন স্তম্ভ হইয়া রহিলেন, শব্দ বৃন্দ আমীর শাঁ ধীরে ধীরে কহিলেন, অ্যাঃ কাঁড়ি নহি শুন্য।

মনোরমা শিশুকাল হইতেই গান-বাজনার চর্চা করিয়াছে, সঙ্গীতে সে অপটু নহে, তাহার সামান্য জীবনে সে অনেক কিছুই শুনিয়াছে, কিন্তু, সংসারে ইহাও যে আছে, এমন করিয়াও যে সমস্ত বৃদ্ধের মধ্যেটা সঙ্গীতের ছন্দে ছন্দে টনটন করিতে থাকে তাহা সে জানিত না। তাহার দৃই চক্ষু জলে ভারিয়া উঠিল এবং ইহাই গোপন করিতে স মনুষ্য ফিরাইয়া নিঃশব্দে উঠিয়া গেল।

অবিনাশ বলিলেন, শিবনাথ সহজে গাইতে চায় না, কিন্তু ওর গান আমরা আগেও শুনছি। তুলনাই হয় না। এই বছর-খানেকের মধ্যে যেন ও ইনিফানটিলি ইমপ্রুভ করেছে।

হরেন কহিলেন, হাঁ।

অক্ষয় ইতিহাসের অধ্যাপক। কঠিন সাজা লোক বলিয়া বন্ধু মহলে খ্যাতি আছে। গানবাজনা ভাল লাগাটা তাঁহার মতে চিত্তের দুর্বলতা। নিষ্কলংক, সাধু ব্যক্তি। তাই শূদ্ধ নিজের নয়, পরের চারিত্রিক পরিষ্কার প্রতিও তাঁহার অত্যন্ত সজাগ ভীক্ষু দৃষ্টি। শিবনাথের অপ্ৰত্যাশিত প্রত্যাবর্তনে শহরের আবহাওয়া পুনশ্চ কল্দুষিত হইবার আশংকায় তাঁহার গভীর শাস্তি বিক্ষুব্ধ হইয়াছে। বিশেষতঃ বাটীর মেয়েরা আসিয়াছে, পর্দার আড়াল হইতে গান শুনিয়া ও চেহারা দেখিয়া ইহাদেরও ভাল লাগার সম্ভাবনায় মন তাঁহার অতিশয় খারাপ হইয়া উঠিল; বলিলেন, গান শুনোঁছিলুম বটে মধুবাবুর। এ গান আপনাদের বত মিস্ত্রিই লেগে থাক, এতে প্রাণ নেই।

সকলেই চুপ করিয়া রহিলেন। কারণ, প্রথমতঃ অপরিজ্ঞাত মধুবাবুর গান কাহারও শোনা ছিল না, এবং দ্বিতীয়তঃ গানের প্রাণ থাকানা থাকার সূনির্দিষ্ট ধারণা অক্ষয়ের ন্যায় আর কাহারও ছিল না। গুণমুগ্ধ আশুবাবু উত্তেজনা-বশে তর্ক করিতে প্রস্তুত ছিলেন, কিন্তু অবিনাশ চোখে ইঙ্গিতে তাঁহাকে নিরস্ত করিলেন।

সঙ্গীত সম্বন্ধেই আলোচনা চলিতে লাগিল। কবে কে কোথায় কিরূপ শুনিয়াছেন তাহার ব্যাখ্যা ও বিবরণ দিতে লাগিলেন! কথায় কথায় রাত্রি বাড়িতে লাগিল। ভিতর হইতে খবর আসিল, মেয়েদের খাওয়া শেষ হইয়াছে, এবং তাঁহাদের বাড়ি পাঠাইয়া দেওয়া হইতেছে। বন্ধ সহর-আলা রাত্রির অজুহাতে বিদায় লইলেন, এবং অজীর্ণ রোগগ্রস্ত মুনসেফবাবু জল ও পান-মাত্র মুখে দিয়াই তাঁহার সঙ্গী হইলেন। রহিলেন শূদ্ধ প্রফেসর-মহল। ক্রমশঃ তাহাদেরও আহারের ডাক পড়িল। উপরের একটা খোলা বারান্দায় আসন পাতিয়া ঠাই করা হইয়াছে, আশুবাবু নিজেও সঙ্গে বসিয়া গেলেন। মনোরমা মেয়েদের দিক হইতে ছুটি পাইয়া তত্ত্বাবধানের জন্য আসিয়া হাজির হইল।

শিবনাথের ক্ষুধা বতই থাক আহারের রুচি ছিল না, সে না খাইয়াই বাসায় ফিরিতে উদ্যত হইয়াছিল; কিন্তু মনোরমা ক্রোনমতেই তাহাকে ছাড়িয়া দিল না, পীড়াপীড়ি করিয়া সকলের সঙ্গে বসাইয়া দিল। আয়োজন বড়লোকের মতই হইয়াছিল। টুংডলা হইতে আসিবার পথে ট্রেনে কি করিয়া শিবনাথের সহিত আশুবাবুর পরিচয় ঘটিয়াছিল এবং মাত্র দুই-তিনদিনের আলাপেই কি করিয়া সেই পরিচয় ঘনিষ্ঠ আত্মীয়তায় পরিবর্তন হইয়াছে, ইহাই শব্দভারে বর্ণনা করিয়া তিনি নিজের কৃতিত্ব সপ্রমাণ করিতে কহিলেন, আর সবচেয়ে বাহাদুরীর হচ্ছে আমার কানের। ওঁর গলার অক্ষুট, সামান্য একটু গুঞ্জন-ধ্বনি থেকেই আমি নিশ্চয় বুঝতে পেরেছিলাম উনি গুণী, উনি অসাধারণ ব্যক্তি। এই বলিয়া তিনি কন্যাকে সাক্ষররূপে আহ্বান করিয়া কহিলেন, কেমন মা, বলনি তোমাকে শিবনাথবাবু মস্ত লোক? বলনি যে, মণি, এঁদের সঙ্গে আলাপ-পরিচয় থাকা জীবনে একটা ভাগ্যের কথা :

কন্যা আনন্দে মুখ প্রবীণ করিয়া কহিল, হাঁ বাবা, ভূমি বলেছিলে । ভূমি গাড়ি থেকে নেমেই আমাকে জানিয়েছিলে যে—

কিন্তু দেখুন আশুবাবু,—

বক্তা অক্ষয় । সকলেই চকিত হইয়া উঠিলেন । অবিনাশ ব্যস্ত হইয়া বাধা দিবার চেষ্টা করিলেন, আহা, থাক না অক্ষয় । থাক না আজ ও-সব আলোচনা—

অক্ষয় চোখ বদ্বিজয়া চন্দ্র-লক্ষ্মীর দায় এড়াইয়া বার-কয়েক মাথা নাড়িলেন, কহিলেন, না অবিনাশবাবু, চাপলে চলবে না । শিবনাথবাবুর সমস্ত ব্যাপার প্রকাশ করা আমি কর্তব্য জ্ঞান করি । উনি—

আহা হা,—কর কি অক্ষয় ! কর্তব্য-জ্ঞান ত আমাদেরও আছে হে, হবে এখন এখন আর একদিন । এই বলিয়া অবিনাশ তাহাকে একটা ঠেলা দিয়া থামাইবার চেষ্টা করিলেন, কিন্তু সফল হইলেন না । ধাক্কায় অক্ষয়ের দেহ টলিল, কিন্তু কর্তব্য-নিষ্ঠা টলিল না । বলিলেন, আপনারা জানেন বৃথা সৎকেচ আমার নেই । দূর্নীতির প্রশ্রয় আমি দিতেই পারিনে ।

অর্সাহু হরেন্দ্র বলিয়া উঠিল, সে কি আমরাই দিতে চাই নাকি ? কিন্তু তার কি স্থান-কাল নেই ?

অক্ষয় কহিলেন, না । উনি এ শহরে যদি আর না আসতেন, যদি ভদ্র পরিবারে ঘনিষ্ঠ হবার চেষ্টা না করতেন, বিশেষতঃ কুমারী মনোরমা যদি না সংশ্লিষ্ট থাকতেন—

উদ্বিগ্নে আশুবাবু ব্যাকুল হইয়া উঠিলেন এবং আজানা শঙ্কায় মনোরমার মুখ ফাঁকাশে হইয়া গেল ।

হরেন্দ্র কহিল, It is too much.

অক্ষয় সজোরে প্রতিবাদ করিলেন, No it is not.

অবিনাশ বলিয়া উঠিলেন, আহা হা—করচ কি তোমরা ?

অক্ষয় কোন কথাই কানে তুলিলেন না, বলিলেন, আগ্রায় উনিও একদিন প্রফেসর ছিলেন । ওঁর বলা উচিত ছিল আশুবাবুকে কি করে সে চাকরি গেল ।

হরেন্দ্র কহিল, স্বেচ্ছায় ছেড়ে দিলেন । পাথরের ব্যবসা করবার জন্যে ।

অক্ষয় প্রতিবাদ করিলেন,—মিছে কথা ।

শিবনাথ নিঃশব্দে আহার করিতেছিল, যেন এই সকল বাদ-বিতণ্ডার সহিত তাহার সম্বন্ধ নাই । এখন মুখ তুলিয়া চাহিল এবং অত্যন্ত সহজভাবে বলিল, মিছে কথাই ত কারণ, প্রফেসরি নির্জের ইচ্ছেয় না ছাড়লে পরের অর্থাৎ, আপনাদেরই ইচ্ছেয় ছাড়তে হতো । আর তাই ত হলো ।

আশুবাবু সবিষ্ময়ে কহিলেন, কেন ?

শিবনাথ কহিল, মদ খাবার জন্যে ।

অক্ষয় ইহার প্রতিবাদ করিলেন, না, মদ খাবার অপরাধে নয়, মাতাল হবার অপরাধে ।

শিবনাথ কহিল, যে মদ খায় সে-ই কখনো-না-কখনো মাতাল হয় । যে হয় না, হয় সে মিছে কথা বলে, না হয় সে মদের বদলে জল খায় । এই বলিয়া হাসিতে লাগিল ।

ক্রুদ্ধ অক্ষয় কঠিন হইয়া বলিলেন, নির্লঙ্ঘ্যের মত আপনি হয়ত হাসতে পারেন, কিন্তু এ অপরাধ আমরা ক্ষমা করতে পারিনে ।

শিবনাথ কহিল, পারেন, এ অপবাদ ত আমি দিইনি । আমাকে স্বেচ্ছায় কর্মত্যাগ করবার জন্যে, আপনারা স্বেচ্ছায় যথেষ্ট পরিশ্রম করেছিলেন এ সত্য আমি স্বীকার করি ।

অক্ষয় কহিলেন, তা হলে আশা করি আরও একটা সত্য এমনিই স্বীকার করবেন । আপনি হয়ত জানেন না যে, আপনার অনেক খবরই আমি জানি ।

শিবনাথ ঘাড় নাড়িয়া কহিল, না জানিনে । তবে, এ জানি, অপরের সম্বন্ধে আপনার কৌতুহল যেমন অপরিসীম, খবর সংগ্রহ করবার অধাবসায়ও তেমন বিপুল । কি স্বীকার করতে হবে আদেশ করুন ।

অক্ষয় কহিলেন, আপনার স্ত্রী বিদ্যমান । তাঁকে ত্যাগ করে আপনি আবার বিবাহ করেছেন । সত্য কি না ?

আশুদ্বাব্দ সহসা চাটরা উঠিলেন,—আপনি কি-সব বলছেন অক্ষয়দ্বাব্দ ? একি কখনো হয়, না হতে পারে ?

শিবনাথ নিজেই বাধা দিল, বলিল, কিন্তু তাই হয়েছে আশুদ্বাব্দ । তাঁকে ত্যাগ করে আমি আবার বিবাহ করেছি ।

বলেন কি ? কি ঘটেছিল ?

শিবনাথ কহিল, বিশেষ কিছুই না । স্ত্রী চিররুগ্ন । বয়সও ত্রিশ হতে চললো, —মেয়েমানুষের পক্ষে এই ত যথেষ্ট ! তাতে ক্রমাগত রোগ ভোগ করে দাঁত পড়ে চুল পেকে একেবারে যেন বড়ি হয়ে গেছে । এই জন্যেই ত্যাগ করে আবার একটা বিয়ে করতে হলে ।

আশুদ্বাব্দ বিহবল-চক্ষে তাহার মুখের দিকে চাহিয়া রহিলেন,—অ্যাঁ । শূদ্র এই জন্যে ? তাঁর আর কোন অপরাধ নেই ?

শিবনাথ কহিল, না, মিথ্যে একটা অপবাদ দিয়ে লাভ কি আশুদ্বাব্দ :

তাহার এই নির্মল সত্যবাদিতার অবিনাশ যেন ক্ষিপ্ত হইয়া উঠিল—লাভ কি আশুদ্বাব্দ । পাষণ্ড ! তোমার লাভ-লোকসান চুলোয় যাক, একবার মিথ্যে করেই বল যে, সে গভীর অপরাধ করেছিল, তাই তাকে ত্যাগ করেছ । একটা মিথ্যেতে আর তোমার পাপ বাড়ে না ।

শিবনাথ রাগ করিল না, শূদ্র কহিল, কিন্তু এরকম অযথা কথা আমি বলতে পারিনে ।

হরেন্দ্র সহসা স্বলিয়া উঠিয়া বলিল, বিবেক বলে কি আপনার কোথাও কিছ্‌ নেই শিবনাথবাবু ?

শিবনাথ ইহাতেও রাগ করিল না ; শাস্তভাবে কহিল, এ বিবেক অর্থহীন । একটা মিথ্যে বিবেকের শিকল পায়ে জড়িয়ে নিজেকে পঙ্গু করে তোলায় আমি পক্ষপাতী নই । চিরদিন দুঃখ ভোগ করে যাওয়াটাই ত জীবন-ধারণের উদ্দেশ্য নয় ।

আশুবাবু গভীর ব্যথায় আহত হইয়া কহিলেন, কিন্তু আপনার স্ত্রীর দুঃখটা একবার ভেবে দেখুন । তাঁর রুগ্ন হইলে পড়াটা পরিতাপের বিষয় হতে পারে, কিন্তু তাই বলে, অসুখ ত অপরাধ নয় শিবনাথবাবু ? বিনা দোষে—

বিনা দোষে আমিই বা আজীবন দুঃখ সহিব কেন ? একজনের দুঃখ আর একজনের ঘাড়ে চাপিয়ে দিলেই যে স্বেচ্ছাচার হয় সে বিশ্বাস আমার নেই ।

আশুবাবু আর তর্ক করিলেন না । শূন্য একটা গভীর দীর্ঘশ্বাস ফেলিয়া নিস্তত্ব হইয়া রহিলেন ।

হরেন্দ্র জিজ্ঞাসা করিল, এ বিবাহ হলো কোথায় ?

গ্রামেই ।

সতীনের উপর মেয়ে দিলে—এর বোধহয় বাপ-মা নেই ।

শিবনাথ কহিল, না । আমাদেরই ঝি-র বিধবা মেয়ে ।

বাড়ির ঝি-র মেয়ে ? চমৎকার ! কি জাত ?

ঠিক জানিনে । তাঁতি-টাতি হবে বোধ হয় ।

অক্ষয় বহুক্ষণ কথা কহে নাই, এখন জিজ্ঞাসা করিল, এটির অক্ষর-পরিচয়টুকুও নেই বোধ হয় ?

শিবনাথ কহিল, অক্ষর-পরিচয়ের লোভে ত বিবাহ করিনি, ধরেছি রূপের জন্যে । এ বস্তুটির বোধ হয় তাতে অভাব নেই ।

এই উত্তর পরে মনোরমা আর একবার উঠিবার চেষ্টা করিল, কিন্তু এবারও তাহার দুই পা পাথরের ন্যায় ভারী হইয়া রহিল । কৌতূহল ও উত্তেজনাবশে কেহই তাহার প্রতি চাহে নাই । চাহিলে হয়ত ভয় পাইত ।

হরেন্দ্র কহিল, তা হলে এটা বোধ হয় সিভিল বিবাহই হলো ?

শিবনাথ ঘাড় নাড়িয়া জবাব দিল, না—বিবাহ হলো শৈব মতে ।

অবিনাশ কহিলেন, অর্থাৎ ফাঁকির রাস্তাটুকু যেন দর্শাদিক দিলেই খোলা থাকে, না শিবনাথ ?

শিবনাথ সহাস্যে কহিল, এটা ক্রোধের কথা অবিনাশবাবু । নইলে বাবা দাঁড়িয়ে থেকে যে বিবাহ দিয়ে গিয়েছিলেন তার মধ্যে ত ফাঁকি ছিল না, ফাঁকি যথেষ্টই ছিল । সেটা বার করবার চোখ থাকে চাই ।

অবিনাশ উত্তর দিতে পারিলেন না, সমস্ত মুখ তাহার ক্রোধে আরক্ত হইয়া উঠিল ।

আশুবাবু নিঃশব্দ নতমুখে বসিয়া কেবলি ভাবিতে লাগিলেন, এ কি হইল ! এ কি হইল !

মিনিট দুই-তিন কাহারও মুখে কথা নাই, নিরানন্দ ও কলহের অবরুদ্ধ বাতাসে ঘর ভরিয়া গেছে, - বাহিরের একটা দমকা হাওয়া না পাইলেই নয়, ঠিক এমনি মনোভাব লইয়া অবিনাশবাবু অকস্মাৎ বলিয়া উঠিলেন, যাক, যাক, যাক, —যাক এ সবকথা। শিবনাথ, তা হলে সেই পাথরের কারবারটা করচ? না?

শিবনাথ বলিল, হ্যাঁ।

তোমার বন্ধুর নাবালক ছেলেমেয়েদের বাবস্থা ত তোমাকেই করতে হল? তাদের মা আছেন, না! অবস্থা কেমন? তেমন ভাল নয় বোধ হয়?

না, খুব খারাপ।

অবিনাশ কহিলেন, আহা! হঠাৎ মারা গেলেন, আমরা ভেবেছিলাম টাকাকড়ি কিছু রেখে গেছেন। কিন্তু তোমার বন্ধু ছিলেন বটে! অকৃত্রিম সুস্থব!

শিবনাথ ষাড় নাড়িয়া কহিল, হ্যাঁ, আমরা পাঠশালা থেকে একসঙ্গে পড়েছিলাম।

অবিনাশ বলিলেন, তাই তোমারি এতখানি সে-সময়ে তিনি করতে পেরেছিলেন! একটুখানি থামিয়া করিলেন, কিন্তু সে যাই হোক, শিবনাথ এখন একাকী তোমাকেই যখন সমস্ত কারবারটা দেখতে হবে একটা অশের দাবী করলে না কেন? মাইনের মত—

শিবনাথ কথাটা শেষ করিতে দিল না, কহিল, অংশ কিসের? করবার ত একলা আমার।

প্রফেসরের দল যেন অকাশ হুইতে পড়িল। অক্ষয় কহিলেন, পাথরের কারবারটা হঠাৎ আপনার হয়ে গেল কি-রকম শিবনাথবাবু?

শিবনাথ গম্ভীর হইয়া শব্দ জবাব দিল, আমার বৈ কি।

অক্ষয় বলিলেন, বখুখনো না। আমরা সবাই জানি যোগীনবাবু।

শিবনাথ জবাব দিল, জানেন ত আদালতে গিয়ে সাক্ষী দিয়ে এলেন না কেন? কোন ডকুমেন্ট ছিল? শুনিয়েছিলেন?

অবিনাশ চকিত হইয়া প্রশ্ন করিলেন, না শুনিনি কিছুই। কিন্তু এ কি আদালত পর্যন্ত গাঁয়েছিল নাকি?

শিবনাথ কহিল, হ্যাঁ। যোগীনের সম্বন্ধী নালিশ করেছিলেন। ডিক্রি আমিই পেরেছি।

অবিনাশ নিশ্বাস ফেলিয়া বলিলেন, বেশ হয়েছে। তা হলে শেষ পর্যন্ত বিখবাদের কিছুই দিতে হল না।

শিবনাথ বলিল, না। ঞ্চালিম, চপটা ঞ্চাসা রেখেছে হে! আর দু-একটা আন ত?

আশুবাবু অভিভূতের ন্যায় বসিয়া ছিলেন, চমকিয়া মুখ তুলিয়া বলিলেন, কৈ আপনারা ত কিছুই ঞ্চাছেন না?

আহারের রুটি ও ক্ষুধা সকলেরই অর্জিত হইয়া গিয়াছিল। মনোরমা নিঃশব্দে উঠিয়া যাইতেছিল, শিবনাথ ডাকিয়া কহিল, কি রকম! আমাদের খাওয়া শেষ না হতেই যে বড় চলে যাচ্ছেন?

মনোরমা এক খণ্ড উত্তর দিল না, ফিরিয়াও চাহিল না; ঘৃণায় তাহার সর্ব দেহ কাটা দিয়া উঠিল।

॥ তিন ॥

উপরোক্ত ঘটনার পরে সপ্তাহকাল গত হইয়াছে। দিন-দুই হইতে অসময়ে মেঘা করিয়া বৃষ্টি হইতে আরম্ভ করিয়াছিল, আজও সকাল হইতে মাঝে মাঝে জল পড়িয়া মধ্যাহ্নে খানিকক্ষণ বন্ধ ছিল, কিন্তু মেঘ কাটে নাই। যে কোন সময়েই পদ্মরাস শব্দ হইয়া যাইতে পারে, এমনি যখন আকাশের অবস্থা, মনোরমা ভ্রমণের জন্য প্রস্তুত হইয়া আসিয়া তাহার পিতার ঘরে দেখা দিল। আশুবাবু মোটা রকমের একটা বাল্যপোশ গায়ে দিয়া আরামকেন্দারায় বসিয়া ছিলেন, তাহার হাতে একখানা বই। মেয়ে আশ্চর্য হইয়া জিজ্ঞাসা করিল, কৈ বাবা, তুমি এখনও তৈরি হয়ে নাও নি, আজ যে আমাদের এভারী খাঁর কবর দেখতে যাবার কথা।

কথা ত ছিল মা, কিন্তু আজ আমার সেই কোমরের বাতটা—

তা হলে মোটরটা ফিরিয়ে নিয়ে যেতে বলে দি! কাল না হয় যাওয়া যাবে, কি বল বাবা?

পিতা বাধা দিয়া বলিলেন, না না, না বেড়ালে ভোর আবার মাথা ধরে। তুই না হয় একটুখানি ঘুরে আর গে মা, আমি ততক্ষণ এই মাসিকপত্রটার চোখ বুলিয়ে নিই। গল্পটা লিখেচে ভাল।

আচ্ছা, চললাম। কিন্তু ফিরতে আমার দেরি হবে না। এসে তোমার কাছে গল্পটা শুনব তা বলে যাচ্ছি, এই বলিয়া সে একাকীই বাহির হইয়া গেল।

ঘণ্টা-খানেকের মধ্যেই মনোরমা বাড়ি ফিরিয়া পিতার ঘরে ঢুকিতে ঢুকিতে প্রশ্ন করিল, কেমন গল্প বাবা? শেষ হল? কি লিখেচে?

কিন্তু, কথাটা উচ্চারণ করিয়াই সে চমকিয়া দৌঁখিল তাহার পিতা একা নহেন, সম্মুখে শিবনাথ বসিয়া।

শিবনাথ উঠিয়া দাঁড়াইয়া নমস্কার করিল, কহিল, কতদূর বোঁড়িয়ে এলেন?

মনোরমা উত্তর দিল না, শব্দ নমস্কারের পরিবর্তে মাথাটা একটুখানি হেলাইয়া তাহার প্রতি সম্মুর্গ পিছন ফিরিয়া দাঁড়াইয়া পিতাকে কহিল, পড়া শেষ হয়ে গেল বাবা? কেমন লাগল?

আশুবাবু শব্দ বলিলেন, না।

কন্যা কহিল, তা হলে আমি নিয়ে যাই, পড়ে এখুঁদি তোমাকে ফিরিয়ে দিয়ে যাব। এই বলিয়া সে কাগজখানা হাতে করিয়া চলিয়া গেল। কিন্তু নিজের শয়নকক্ষে আসিয়া সে চুপ করিয়া বসিয়া রহিল। তাহার কাপড়-ছাতা, হাত-মুখ ধোয়া পড়িয়া রহিল, কাগজখানা একবার খুলিয়াও দৌঁখিল না, কোন গল্প, কে লিখিয়াছে কিংবা কেমন লিখিয়াছে।

এইভাবে বসিন্দা সে যে কি ভাবিতে লাগিল তাহার স্থিরতা নাই ; এই সময়ে চাকরটাকে সম্মুখ দিয়া যাইতে দেখিয়া জিজ্ঞাসা করিল, ওরে, বাবার ঘর থেকে লোকটি চলে গেছে ?

বেহারা বলিল, হাঁ ।

কখন গেল ?

বৃষ্টি পড়বার আগেই ।

মনোরমা জানালার পর্দা সরাইয়া দেখিল, কথা ঠিক, পুনরায় বৃষ্টি শুরু হইয়াছে, কিন্তু বেশী নয় । উপরের দিকে চাহিয়া দেখিল পশ্চিম দিকস্থে মেঘ গাঢ়তর হইয়া আসিতেছে, রাত্রে মদুসলখারায় বারি-পতনের সূচনা হইয়াছে । কাগজখানা হাতে করিয়া পিতার বসিবার ঘরে আসিয়া দেখিল, তিনি চুপ করিয়া বসিয়া আছেন । বইটা তাঁহার কেদারার হাতলের উপর ধীরে ধীরে রাখিয়া দিয়া কহিল, বাবা, তুমি জান এ-সব আমি ভালবাসিনে । এই বলিয়া সে পার্শ্বের চৌকিটার বসিয়া পড়িল ।

আশুবাবু মূখ তুলিয়া কহিলেন, কি-সব মা ?

মনোরমা বলিল, তুমি ঠিক বুঝতে পেরেছ কি আমি বলিচি । গৃণীর আদর করতে আমিও কম জানিনে বাবা, কিন্তু তাই বলে শিবনাথবাবুর মত একজন দর্ভৃৎ দর্শনার্থ মাতালকে কি বলে আবার প্রশ্ন দিচ্ছ ?

আশুবাবু লজ্জায় ও সশ্কেচে একেবারে যেন পাণ্ডুর হইয়া গেলেন । ঘরের এক কোণে একটা টেবিলের উপর বহুসংখ্যক পুস্তক স্তূপাকার করিয়া রাখা ছিল, মনোরমা সম্মাভাববশতঃ এখনো তাহাদের যথাস্থানে সাজাইয়া রাখিতে পারে নাই । সেইদিকে চক্ষু নির্দেশ করিয়া শব্দ কেবল বলিতে পারিলেন, ওই যে উনি—

মনোরমা সভয়ে ঘাড় ফিরাইয়া দেখিল, শিবনাথ টেবিলের ধারে দাঁড়াইয়া একখানা বই খুঁজিতেছে । বেহারা তাহাকে ভুল সংবাদ দিয়াছিল । মনোরমা লজ্জায় মাটির সাহিত যেন মিশিয়া গেল ।

শিবনাথ কাছে আসিয়া দাঁড়াইতে সে মূখ তুলিয়া চাহিতে পারিল না । শিবনাথ কহিল, বইটা খুঁজে পেলাম না আশুবাবু । এখন তা হলে চললাম ।

আশুবাবু আর কিছু বলিতে পারিলেন না, শব্দ বলিলেন, বাইরে বৃষ্টি পড়চে যে ?

শিবনাথ কহিল, তা হোক । ও বেশী নয় । এই বলিয়া তিনি যাইবার জন্য উদ্যত হইয়া সহসা থমকিয়া দাঁড়াইলেন । মনোরমাকে লক্ষ্য করিয়া কহিলেন, আমি দৈবাৎ যা শব্দে ফেলোঁচি সে আমার দর্ভাগ্যও বটে, সৌভাগ্যও বটে । সেজন্যে আপনি লজ্জিত হবেন না । ও আমাকে প্রায়ই শুনতে হয় । তবু এও আমি নিশ্চয় জানি, কথাগুলো আমার সম্বন্ধে বলা হলেও আমাকে শুনিয়ে বলেন নি । অত নিদ্রয় আপনি কিছুরে নন ।

একটুখানি থামিয়া বলিলেন, কিন্তু আমার অন্য নালিশ আছে । সেদিন অক্ষয়বাবু প্রভৃতি অধ্যাপকের দল আমার বিরুদ্ধে ইঙ্গিত করেছিলেন, আমি যেন একটা মতলব

নিজে এ-বাড়িতে ঘনিষ্ঠ হয়ে ওঠবার চেষ্টা করছি। সকল মানুষের ন্যায়-অন্যায়ের ধারণা এক নয়—এও একটা কথা, এবং বাইরে থেকে কোন একটা ঘটনা যা চোখে পড়ে, সেও তার সবটুকু নয়,—এও আর একটা কথা। কিন্তু কথা বাই হোক, আপনাদের মধ্যে প্রবেশ করার কোন গুঢ় অভিসন্ধি সৌদিনও আমার ছিল না, আজও নেই। সহসা আশ্দুবাবুকে উদ্দেশ্য করিয়া কহিলেন, আমার গান শুনতে আপনি ভালবাসেন, বাসা ত আমার খেশী দুরে নয়, যদি কোনদিন সে খেয়াল হয় পায়ের খুলো খেবেন, আমি খুশীই হব। এই বলিয়া পুনরায় নমস্কার করিয়া শিবনাথ বাহির হইয়া গেলেন। পিতা বা কন্যা উভয়ের কেহই একটা কথাও জবাব দিতে পারিলেন না! আশ্দুবাবুর খুকের মধ্যে অনেক কথাই একসঙ্গে ঠেলিয়া আসিল, কিন্তু প্রকাশ পাইল না। বাহিরে বৃষ্টি তখন চাপিয়া পড়িতেছিল, এমন কথাও তিনি উচ্চারণ করিতে পারিলেন না, শিবনাথবাবু ক্ষণবাল অপেক্ষা করিয়া যান।

ভৃত্য চায়ের সরঞ্জাম আনিয়া উপস্থিত করিল। মনোরমা জিজ্ঞাসা করিল, তোমার চা কি এখানেই তৈরি করে দেব বাবা?

আশ্দুবাবু বললেন চা, আমার জন্যে নয়, শিবনাথ একটুখানি চা খাবেন বলেছিলেন।

মনোরমা ভৃত্যকে চা ফিরাইয়া লইয়া বাইবার হাঁসিত করিল। মনের চাঞ্চল্যবশতঃ আশ্দুবাবু কোমরের ব্যথা সত্ত্বেও চৌকি হইতে উঠিয়া ঘরের মধ্যে পায়চারি করিতে আরম্ভ করিয়াছিলেন, হঠাৎ জানালার কাছে থামিয়া দাঁড়াইয়া ক্ষণকাল ঠাহর করিয়া দেখিয়া কহিলেন, ঐ গাছতলাটার দাঁড়িয়ে শিবনাথ না? যেতে পারেনি, ভিজচে।

পরক্ষণেই বলিয়া উঠিলেন, সঙ্গে কে একটি স্ত্রীলোক দাঁড়িয়ে। বাঙালী মেয়েদের মত কাপড়-পরা,—ও বেচারী বোধ হয় যেন আরও ভিজচে।

এই বলিয়া তিনি বেহারাকে ডাক দিয়া বলিলেন, যদু, দেখে আস ত রে, গেটের কাছে গাছতলার দাঁড়িয়ে ভিজচে কে? যে-বাবুটি এইমাত্র গেলেন তিনিই কি না? কিন্তু দাঁড়া—দাঁড়া—

কথা তাঁহার মাঝখানেই থামিয়া গেল, অকস্মাৎ মনের মধ্যে ভয়ানক সন্দেহ জন্মিল, মেয়েটি শিবনাথের সেই স্ত্রী নহে ত?

মনোরমা কহিল, দাঁড়াবে কেন বাবা, গিয়ে শিবনাথবাবুকে ডেকেই আনুক না। এই বলিয়া সে উঠিয়া আসিয়া খোলা জানালার ধারে পিতার পার্শ্ব দাঁড়াইয়া বলিল, উনি চা খেতে চেয়েছিলেন জানালে আমি কিছুর্তেই যেতে দিতাম না।

মেয়ের কথার উত্তরে আশ্দুবাবু ধীরে ধীরে বলিলেন, তা বটে মগি, কিন্তু, আমার ভয় হচ্ছে ঐ স্ত্রীলোকটি বোধ হয় ওঁর সেই স্ত্রী। সাহস করে এ-বাড়িতে সঙ্গে আনতে পারেন নি। এতক্ষণ বাইরে দাঁড়িয়ে কোথাও অপেক্ষা করছিলেন।

কথা শুনিয়া মনোরমার নিশ্চয় মনে হইল এ সেই। একবার তাহার বিধা জাগিল, এ-বাটীতে উহাকে কোন অজুহাতেই আহ্বান করিয়া আনা চলে কি না,

কিন্তু পিতার মৃত্যুর প্রতি চাহিয়া এ সংকেত সে ত্যাগ করিল। বেহারাকে ডাকিয়া কহিল, যদু, ওঁদের দু'জনকেই তুমি ডেকে নিয়ে এস। শিবনাথবাবু যদি জিজ্ঞাসা করেন কে ডাকচে, আমায় নাম করো।

বেহারা চলিয়া গেল। আশুবাবু উৎকণ্ঠায় পরিপূর্ণ হইয়া উঠিলেন, কহিলেন, মণি, কাজটা হয়ত ঠিক হুলা না।

কেন বাবা ?

আশুবাবু বলিলেন, শিবনাথ যাই হোক, উচ্চশিক্ষিত, ভদ্রলোক,—তার কথা আলাদা। কিন্তু সেই সূত্র ধরে কি এই মেয়েটির সঙ্গেও পরিচয় করা চলে? জাতের উঁচু-নীচু আমরা হয়ত তেমন মানিনে, কিন্তু বিভেদ ত একটা কিছু আছেই। বি-চাকরের সঙ্গে ত বন্ধুত্ব করা যায় না মা।

মনোরমা কহিল, বন্ধুত্ব করার ত প্রয়োজন নেই বাবা। বিপদের মুখে পথের পথিককেও ঘণ্টা-কয়েকের জন্য আশ্রয় দেওয়া যায়। আমরা তাই শব্দ করব।

আশুবাবুর মন হইতে দ্বিধা ঘুটিল না। বার-কয়েক মাথা নাড়িয়া আস্তে আস্তে বলিলেন, ঠিক তাই নয়। মেয়েটি এসে পড়লে ওর সঙ্গে যে তুমি কি ব্যবহার করবে, আমি তাই শব্দ ভাবে পাচ্ছি।

মনোরমা কহিল, আমার ওপর কি তোমার বিশ্বাস নেই বাবা ?

আশুবাবু একটুখানি শব্দক হাস্য করিলেন, বলিলেন, তা আবে। তবুও জিনিসটা ঠিক ঠাউরে পাচ্চিনে। তোমার খাঁর সমশ্রেণীর লোক তাঁদের প্রতি কিরূপ ব্যবহার করতে হয় সে তুমি জান। কম মেয়েই এতখানি জানে। দাসী চাকরের প্রতি আচরণও তোমার নিদেখ, কিন্তু এ হল—কি জান মা, শিবনাথ মানুষটিকে আমি স্নেহ করি, আমি তার গুণের অনুরাগী—দৈব-বিড়ম্বনায় আজ অকারণে সে অনেক লাঞ্ছনা সহ্য করে গেছে, আবার ঘরে ডেকে এনে তাঁকে ব্যথা দিতে আমি চাইনে।

মনোরমা বদ্বিল, এ তাহারই প্রতি অনুযোগ, কহিল, আচ্ছা বাবা, তাই হবে।

আশুবাবু হাসিয়া বলিলেন, হওয়াটাই কি সহজ মা? কারণ, কি যে হওয়া উচিত সে ধারণা আমারও বেশ স্পষ্ট নেই, কেবল এই কথাটাই মনে হচ্ছে, শিবনাথ যেন না আমাদের গৃহে দুঃখ পায়।

মনোরমা কি একটা বলিতে যাইতছিল, হঠাৎ চকিত হইয়া কহিল, এই যে এঁরা আসচেন।

আশুবাবু ব্যস্ত হইয়া বাহিরে আসিলেন—বেশ যা হোক শিবনাথবাবু, ভিজ্জে যে একেবারে—

শিবনাথ কহিলেন, হাঁ, হঠাৎ জলটা একেবারে চেপে এল,—তা আমার চেয়ে ইনিই ভিজ্জেছেন ঢের বেশী। এই বলিয়া সঙ্গের মেয়েটিকে দেখাইয়া দিলেন। কিন্তু মেয়েটি যে কে এ পরিচয় তিনিও স্পষ্ট করিয়া দিলেন না, ইঁহারাও সে কথা স্পষ্ট করিয়া জিজ্ঞাসা করিলেন না।

বস্তুতঃ মেয়েটির সমস্ত দেহে শব্দক বলিয়া আর কোন কিছুর ছিল না। জামা-

কাপড় ভাঁজিয়া ভারী হইয়া উঠিয়াছে, মাথায় নিবিড় কৃষ্ণ কেশের রাশি হইতে জলধারা গড় বাহিয়া ঝরিয়া পড়িতেছে—পিতা ও কন্যা এই নবাগতা রমণীর মূখের প্রতি চাহিয়া অপরিসীম বিস্ময়ে নির্বাক হইয়া রহিলেন। আশুবাবু নিজে কবি নহেন, কিন্তু তাহার প্রথমেই মনে হইল এই নারী-রূপকেই বোধ হয় পূর্বকালের কবির শিশির-ধোয়া পশ্মের সাহিত তুলনা করিয়া গিয়াছেন এবং জগতে এত বড় সত্য তুলনাও হয়ত আর নাই। সৌন্দর্য অক্ষয়ের নানাবিধ প্রণয়ের উত্তরে শিবনাথ উতাত্ত হইয়া যে জবাব দিয়াছিলেন, তিনি স্বেথা-পড়া জানার জন্য বিবাহ করেন নাই, করিয়াছেন রূপের জন্য, কথটা যে কি পরিমাণে সত্য তখন তাহাতে কেহ কান দেয় নাই, এখন স্তম্ভ হইয়া আশুবাবু শিবনাথের সেই কথটাই বারংবার স্মরণ করিতে লাগিলেন। তাহার মনে হইল, বাস্তবিক, জীবন-যাত্রার প্রণালী ইহাদের ভুল ও নীতি-সম্মত না-ই হউক, পতি-পত্নী সম্বন্ধের পবিত্রতা ইহাদের মধ্যে না-ই থাকুক, কিন্তু এই নম্বর জগতে তেমন নম্বর এই দুটি নরনারীর দেহ আশ্রয় করিয়া সৃষ্টির কি অবিদ্যমান সত্যই না ফুটিয়াছে! আর পরমাশ্চর্য এই, যে দেশে রূপ বাছিয়া লইবার কোন বিশিষ্ট পন্থা নাই, যে, দেশে নিজের চক্ষুকে রুদ্ধ রাখিয়া অপরের চক্ষুকেই নির্ভর করিতে হয়, সে অশ্চর্যকে ইহারা পরস্পরের সংবাদ পাইল কি করিয়া? কিন্তু এই মোহাচ্ছন্ন ভাবটা কাটিয়া যাইতে তাহার মূহূর্তকালের অধিক সময় লাগিল না। ব্যস্ত হইয়া বলিলেন, শিবনাথবাবু, ভিজ্ঞে কাপড়-জামাটা ছেড়ে ফেলুন। যদু, আমার বাথরুমে বাবুকে নিয়ে যা।

বেহারার সঙ্গে শিবনাথ চলিয়া গেল, বিপদে পড়িল এইবার মনোরমা। মেরেটি তাহার প্রায় সমবয়সী এবং সিন্ধুবন্দ্য পরিবর্তনের ইহারও অত্যন্ত প্রয়োজন। কিন্তু আভিজাত্যের যে পরিচয় সৌন্দর্য শিবনাথের নিজের মুখে শুনিয়াছে তাহাতে কি বলিয়া যে ইহাকে সম্ভাষণ করিবে ভাবিয়া পাইল না। রূপ ইহার যত বড়ই হউক, শিক্ষাসংস্কারহীন নীচজাতীয়া এই দাসী-কন্যাটিকে এস বলিয়া ডাকিতেও পিতার সমক্ষে তাহার বাধ বাধ করিল, আসুন বলিয়া সম্মানে আহ্বান করিয়া নিজের ঘরে লইয়া যাইতেও তাহার তেমন ঘৃণা বোধ হইল। কিন্তু সহসা এই সমস্যার মীমাংসা করিয়া দিল মেরেটি নিজে। মনোরমার প্রতি চাহিয়া কহিল, আমারও সমস্ত ভিজ্ঞে গেছে, আমাকে ও একখানা কাপড় আনিয়া দিতে হবে।

দাঁড়ি। বলিয়া মনোরমা তাহাকে ভিতরে লইয়া গেল এবং ঝিকে ডাকিয়া বলিয়া দিল যে ইহাকে স্নানের ঘরে লইয়া গিয়া বাধা কিছদ আবশ্যিক সমস্ত দিতে।

মেরেটি মনোরমার আপাদমস্তক বার বার নিরীক্ষণ করিয়া কহিল, আমাকে এক-খানা ফরসা ধোপার ব্যাডির কাপড় দিতে বলে দিন।

মনোরমা কহিল, তাই দেবে।

মেরেটি ঝিকে জিজ্ঞাসা করিল, সে ঘরে সাবান আছে ত?

ঝি কহিল, আছে।

আমি কিন্তু কারও মাথা-সাবান গায়ে মাখিনে, ঝি ।

এই অপরিচিত মেয়েটির মস্তব্য শুনিনা ঝি প্রথমে বিস্মিত হইল, পরে কহিল, সেখানে একবাক্স নতুন সাবান আছে । কিন্তু, শুনচেন বিবিঘণির মনের ঘর । তাঁর সাবান ব্যবহার করলে দোষ কি ?

মেয়েটি গুষ্ঠ কুণ্ঠিত করিয়া কহিল, না, সে আমি পারিনে, আমার ভারী ঘোমা করে ! তা ছাড়া ষার-তার গায়ের সাবান গায়ে দিলে ব্যামো হয় ।

মনোরমার মূখ ক্রোধে আরক্ত হইয়া উঠিল । কিন্তু মূহূর্তমাগ্ন । পরক্ষণেই নিম্নলিখিত হাসির ছটায় তাহার দৃষ্টি চক্ষু বন্ধক করিতে লাগিল । তাহার মনের উপর হইতে যেন একটা মেঘ কাটিয়া গেল । হাসিয়া জিজ্ঞাসা করিল, এ কথা তুমি শিখলে কার কাছে ?

মেয়েটি বলিল, কার কাছে শিখব ? আমি নিজেই সব জানি ।

মনোরমা কহিল, সত্যি ? তা হলে দিয়ো ত আমাদের এই ঝিকে কতকগুলো ভাল কথা শিখিয়ে । ওটা একেবারে নেহাত মূখ্য । বলিতে বলিতেই সে হাসিয়া ফেলিল ।

ঝিও হাসিল, কহিল, চল ঠাকরুণ, সাবান-টাবান মেখে তৈরী হয়ে নাও, তার পরে তোমার কাছে বসে অনেক ভাল ভাল কথা শিখে নেব । দিদিঘণি, কে ইনি ?

মনোরমা হাসি চাপিতে অন্য দিকে মূখ না ফিরাইলে, হয়ত, সে এই অপরিচিত অশিক্ষিত মেয়েটির মূখের পরে কৌতুক ও প্রচ্ছন্ন উপহাসের আভাস লক্ষ্য করিত ।

॥ চার ॥

মনোরমা আশুবাবুর শূদ্র কন্যাই নয়, তাহার সঙ্গী, সাথী, মন্ত্রী, বন্ধু— একাধারে সমস্তই ছিল। এই মেয়েটি। তাই পিতার মৰ্যাদা রক্ষার্থে যে সসঙ্কোচ দূরত্ব সন্তানের অবশ্য পালনীয় বিধি বলিয়া বাঙালী সমাজে চলিয়া আসিতেছে, অধিকাংশ স্থলেই তাহা রক্ষিত হইয়া উঠিত না। মাঝে মাঝে এমন সব আলোচনাও উভয়ের মধ্যে উঠিয়া পড়িত যাহা অনেক পিতার কানেই অত্যন্ত অসঙ্গত ঠেকবে কিন্তু ইহাদের ঠেকিত না। মেয়েকে আশুবাবু যে কত ভালবাসতেন তাহার সীমা ছিল না; স্ত্রী বিয়োগের পরে আর যে বিবাহের প্রস্তাব মনে ঠাই দিতেও পারেন নাই, হস্তত, তাহারও একটি কারণ এই মেয়েটি! অথচ, বন্ধুত্বমহলে কথা উঠিলে নিজের সাড়ে-তিন মণ গুজনের দেহ ও সেই দেহ বাতে পঙ্ক-প্রাপ্তির অজুহাত দিয়া সখেদে কাহিলেন, আর কেন আবার একটা মেয়ের সর্বনাশ করা ভাই, যে দৃশ্য মাথায় নিয়ে মণির মা স্বর্গে গেছেন, সে ত জানি, সে-ই আশু বিদ্যার যশ্বেষ্ট।

মনোরমা এ কথা শুনিলে ঘোরতর আপাত্ত করিয়া বলিত, বাবা, তোমার এ কথা আমার স্নান না। এখানে তাজমহল দেখে কত লোকের কত কি মনে হয়, আমার মনে হয় শূদ্র তোমাকে আর মাকে! আমার মা গেছেন স্বর্গে দৃশ্য সয়ে?

আশুবাবু বলিতেন, তুই ত তখন সবে দশ-বার বছরের মেয়ে, জানিস ত সব। কার গলায় যে কিসের মালা পরার গল্প আছে সে কেবল আমিই জানি। মণির মা, আমিই জানি। বলিতে বলিতে তাহার দৃষ্টি ছলছল করিয়া আসিত।

আগ্রায় আসিয়া তিনি অসঙ্কোচে সকলের সহিত মিশিয়াছেন, কিন্তু তাহার সর্বাঙ্গের হৃদয়তা জন্মিয়াছিল অবিনাশবাবুর সহিত। অবিনাশ সহিষ্ণু ও সংযত প্রকৃতির মানুষ। তাহার চিত্তের মধ্যে এমন একটি স্বাভাবিক শান্তি ও প্রশান্ততা ছিল যে সে সহজেই সকলের শ্রদ্ধা আকর্ষণ করিত। কিন্তু আশুবাবু মৃগ হইয়াছিলেন আরও একটা কারণে। তাহারই মত সেও দ্বিতীয় দার-পরিগ্রহ করে নাই এবং পত্নী-প্রেমের নিদর্শনস্বরূপ গৃহের সর্বত্র মৃত স্ত্রীর ছবি রাখিয়াছিল। আশুবাবু তাহাকে বলিতেন, অবিনাশবাবু, লোকে আমাদের প্রশংসা করে, ভাবে আমাদের কি আশু-সংযম, যেন কত বড় কঠিন কাজই না আমরা করছি। অথচ, আমি ভাবি এ প্রশ্ন ওঠে কি করে? যারা দ্বিতীয়বার বিবাহ করে তারা পারে বলেই করে। তাদের দোষ দিইনে, ছোটও মনে করিনে। শূদ্র ভাবি আমি পারিনে। শূদ্র জানি, মণির মায়ের জাগরণ আর একজনকে স্ত্রী বলে গ্রহণ করা আমার পক্ষে কেবল কঠিন নয়, অসম্ভব! কিন্তু এ খবর কি তারা জানে? জানে না। এই না অবিনাশবাবু? নিজের মনটিকে জিজ্ঞাস্য করে দেখুন দাঁক ঠিক কথাটি বলাই কি না?

অবিনাশ হাসিত, বলিত, আমি কিন্তু জোটাতে পারিনি আশুবাবু। মাস্টারি করে খাই, সমস্ত পাইনে ও বরসও হয়েছে, মেয়ে দেবে কে ?

আশুবাবু খুশী হইয়া কহিতেন, ঠিক তাই অবিনাশবাবু ঠিক তাই। আমিও সকলকে বলে বেঁড়িয়েছি, দেহের ওজন সাড়ে-তিন মন, বাতে পঙ্গু, কখন চলতে হাট ফেল করে তার ঠিকানা নেই, মেয়ে দেবে কে ? কিন্তু জানি, মেয়ে দেবার লোকের অভাব নেই, কেবল নেবার মানুষটাই মরেছে। হাঃ হাঃ হাঃ হাঃ—মরেছে অবিনাশ, মরেছে আশু বাদ্য—হাঃ হাঃ হাঃ হাঃ—এই বলিয়া স্ফুট হাসির শব্দে ঘরের দ্বার জানালা খড়খড়ি সাসী পর্যন্ত কাঁপাইয়া তুলিলেন।

প্রত্যহ বৈকালে ভ্রমণে বাহির হইয়া আশুবাবু অবিনাশের বাটীর সম্মুখে নামিয়া পড়িতেন, বলিতেন, মণি সন্ধ্যার সময় ঠাণ্ডা হাওয়াটা আর লাগবে না, মা, তুমি বরষ ফেরবার মুখে আমাকে তুলে নিয়ো !

মনোরমা সহাস্যে কহিত, ঠাণ্ডা কোথায় বাবা, হাওয়াটা যে আজ বেশ গরম ঠেকেছে !

বাবা বলিতেন, সেও ত ভাল নয় মা, বড়োদের পক্ষে গরম বাতাসটা হানিকর। তুমি একটু ঘুরে এস, আমরা দুই বড়োতে মিলে ততক্ষণে দুটো কথা কই।

মনোরমা হাসিয়া বলিত, কথা তোমরা দুটোর জায়গায় দু'শোটা বল আমার আর্পান্তি নেই, কিন্তু তোমাদের কেউ এখনো বড়ো হওনি তা মনে করিয়ে দিয়ে যাচ্ছি। এই বলিয়া সে চলিয়া যাইত।

বাতের জন্য যেদিন একটুও আশুবাবু পারিয়া উঠিতেন না সেদিন অবিনাশকে যাইতে হইত। গাড়ি পাঠাইয়া, লোক পাঠাইয়া, চায়ের নিমন্ত্রণ করিয়া, যেমন করিয়াই হউক, আশু বাদ্যর নিবন্ধাতিশয় তাহার এড়াইবার জো ছিল না। উভয়ে একত্র হইলে অন্যান্য আলোচনার মধ্যে শিবনাথের কথাটাও প্রায় উঠিত। সেই যে তাহাকে বাটীতে নিমন্ত্রণ করিয়া আনিয়া সবাই মিলিয়া অপমান করিয়া বিদায় করা হইয়াছিল, ইহার বেদনা আশুবাবুর মন হইতে ঘুচে নাই। শিবনাথ পিণ্ডিত শিবনাথ গুপ্তী, তাহার সর্বদেহ যৌবনে, স্বাস্থ্যে ও রূপে পরিপূর্ণ,—এ সকল কি কিছুই নয় ? তবে কিসের জন্য এত সম্পদ ভগবান তাহাকে দুই হাত ভরিয়া দান করিয়াছিলেন ? সে কি মানুষের সমাজ হইতে তাহাকে দূর করিবার জন্য ? মাতাল হইয়াছে ? তা কি হইয়াছে ? মদ খাইয়া মাতাল ত এমন কত লোকেই হয়। যৌবনে এ অপরাধ তিনি নিজেও ত করিয়াছেন, তাই বলিয়া কে তাহাকে ত্যাগ করিয়াছে ? মানুষের অপরাধ গ্রহণ করা অপেক্ষা মার্জনা করিবার দিকেই হৃদয়ের অত্যধিক প্রবণতা ছিল বলিয়া তিনি নিজের সঙ্গে এবং অবিনাশের সঙ্গে এই বলিয়া প্রায়ই তর্ক করিতেন। প্রকাশ্যে তাহাকে আর বাটীতে নিমন্ত্রণ করিতে সাহস করিতেন না বটে, কিন্তু মন তাহার শিবনাথের সঙ্গে নিরন্তর কামনা করিয়া ফিরিত। কেবল একটা কথা তিনি কিছুতেই জবাব দিতে পারিতেন না, অবিনাশ যখন কহিত, এই যে পীড়িত স্ত্রীকে পরিত্যাগ করে অন্য স্ত্রীলোক গ্রহণ করা, এটা কি ?

আশ্দুবাব্দ লক্ষিত হইয়া কহিতেন, তাই ত ভাবি শিবনাথের মত লোক এ কাজ পারলে কি করে? কিন্তু কি জানেন অবিনাশবাব্দ, হয়ত ভিতরে কি একটা রহস্য আছে,—হয়ত—কিন্তু সবাই কি সব কথা সকলের কাছে বলতে পারে, না বলা উচিত?

অবিনাশ কহিত, কিন্তু তার স্ত্রী যে নির্দোষ এ কথা সে ত নিজের মুখেই স্বীকার করেছে?

আশ্দুবাব্দ পরাস্ত হইয়া ধাতু নাড়িয়া বলিতেন, তা করেছে বটে।

অবিনাশ বলিত, আর এই যে মৃত বন্ধুর বিধবাকে সমস্ত ফাঁকি দেওয়া, সমস্ত ব্যবসাতাকে নিজের বলে দখল করা এটাই বা কি?

আশ্দুবাব্দ লক্ষ্য করিয়া যাইতেন। যেন তিনিই নিজেই এ দুষ্কার্য করিয়া ফেলিয়াছেন। তাহার পরে অপরাধীর মত ধীরে ধীরে বলিতেন, কিন্তু কি জানেন অবিনাশবাব্দ, হয়ত কি একটা রহস্য,—আচ্ছা, আদালতই বা তাঁকে ডিক্রি দিলে কি করে? তারা কি কিছুই বিচার করে দেখেন?

অবিনাশ কহিত, ইঞ্জারের আদালতের কথা ছেড়ে দিন আশ্দুবাব্দ। আপনি নিজেই ত জমিদার,—এখানে সবলের বিরুদ্ধে দুর্বল কবে জয়ী হয়েছে আমাকে বলতে পারেন?

আশ্দুবাব্দ কহিতেন, না না সে কথা ঠিক নয়, তবে আপনার কথাও যে অসত্য তাও বলতে পারি নে। কিন্তু কি জানেন—

মনোরমা হঠাৎ আসিয়া পড়িলে হাসিয়া বলিত, জানেন সবাই। বাবা, তুমি নিজেই মনে মনে জান অবিনাশবাব্দ মিথ্যা তর্ক করছেন না।

ইহার পরে আশ্দুবাব্দের মুখে আর কথা যোগাইত না।

শিবনাথের সম্বন্ধে মনোরমার বিমুখতাই ছিল যেন সবচেয়ে বেশী। মুখে সে বিশেষ কিছু বলিত না, কিন্তু পিতা কন্যাকেই ভয় করিতেন সবাপেক্ষা অধিক।

যেদিন সম্ম্যাবেলায় শিবনাথ এ তাহার স্ত্রী জলে ভিজিয়া এ-বাড়িতে আশ্রয় লইতে বাধ্য হইয়াছিল, তাহার দিন-দই পর্যন্ত আশ্দুবাব্দ বাতের প্রকোপে একেবারে শয্যাগত হইয়া পড়িয়াছিলেন। নিজেও নাড়িতে পারেন নাই, অবিনাশও কাজের তাড়ায় আসিয়া জুড়টিতে পারেন নাই। কিন্তু আসিবামাত্রই আশ্দুবাব্দ বাতের ভীষণ যাতনা ভুলিয়া আরামকদারায় সোজা হইয়া বসিয়া বলিলেন, ওহে অবিনাশবাব্দ, শিবনাথে স্ত্রীর সঙ্গে যে আমাদের পরিচয় হয়ে গেল। মেয়েটি যেন একেবারে লক্ষ্মীর প্রতিমা। এমন রূপ কখনো দেখিনি! মনে হল এদের দু'জনকে ভগবান যেন কোন উদ্দেশ্য নিয়ে মিলিয়েছেন।

বলেন কি!

হাঁ তাই। দু'জনকে পাশাপাশি রাখলে চোরে থাকতে হবে। চোখ ফেরাতে পারবেন না, তা বলে রাখলাম অবিনাশবাব্দ।

অবিনাশ সহাস্যে কাহিলেন, হতে পারে। কিন্তু আপনি যখন প্রশংসা শব্দ করেন তখন তার আর মাত্রা থাকে না আশুবাবু।

আশুবাবু ক্ষণকাল তাহার মূখের প্রতি চাহিয়া থাকিয়া বলিলেন, ও দোষ আমার আছে। মাত্রা ছাড়িয়ে যেতে পারলে এ-ক্ষেত্রেও যেতাম, কিন্তু শক্তি নেই। যাই কেন না এঁর সম্বন্ধে বলি মাত্রার বাঁ দিকেই থাকবে, ডানাদিকে পৌঁছবে না।

অবিনাশ সম্পূর্ণ যে বিশ্বাস করিলেন তাহা নয়, কিন্তু পূর্বের পরিহাসের ভঙ্গীও আর রহিল না। বলিলেন, সোদিন শিবনাথ তা হলে অকারণ দস্ত করেনি বলুন? কিন্তু পরিচয় হল কি করে?

আশুবাবু বলিলেন, নিতান্তই দৈবের ঘটনা। শিবনাথের প্রয়োজন ছিল আমার কাছে। স্ত্রী সঙ্গে ছিলেন, কিন্তু বাড়িতে আনতে সাহস করেন নি, বাইরে একটা গাছতলার দাঁড় করিয়ে রেখেছিলেন। কিন্তু বিধি বক্র হলে মানুষের কৌশল খাটে না, অসম্ভব বস্তুও সম্ভব হয়ে পড়ে। হলও তাই। এই বলিয়া তিনি সোদিনের ঝড়বাদের ব্যাপার সবিস্তারে বর্ণনা করিয়া কাহিলেন, আমাদের মণি কিন্তু খুশী হতে পারেনি। ওরই সমবয়সী, হয়ত কিছু বড় হতেও পারে, কিন্তু মণি বলে, শিবনাথবাবু, সোদিন সত্য কথাই বলেছিলেন, মেয়েটি যথাথই অশিক্ষিত কোন এক দাসী-বন্যা। অস্তিত্বে, সে যে আমাদের ভদ্রসমাজের নয়, তাতে তার সন্দেহ নেই।

অবিনাশ কৌতূহলী হইয়া উঠিলেন, কি করে বোঝা গেল?

আশুবাবু বলিলেন, মেয়েটি নাকি ভিজ্জে কাপড়ের পরিবর্তে একখানি ফরসা কাপড় চেরেছিলেন এবং বলেছিলেন, তিনি কারও কারও ব্যবহার করা সাবান ব্যবহার করতে পারেন না, ঘৃণা বোধ হয়।

অবিনাশ বদ্বিতে পারিলেন না ইহার মধ্যে ভদ্রসমাজের বহির্ভূত প্রার্থনা কি আছে।

আশুবাবুও ঠিক তাহাই কাহিলেন, বলিলেন, এর মধ্যে অসঙ্গত যে কি আছে আমি আজও ভেবে পাইনি। কিন্তু মণি বলে, কথার মধ্যে নয় বাবা, সেই বলার ভঙ্গীর মধ্যে যে কি ছিল সে কানে না শুনলে বোঝা যায় না। তাছাড়া, মেয়েদের চোখ-কানকে ফাঁকি দেওয়া যায় না। আমাদের বিটির পর্বস্ত বদ্বিতে নাকি বাকি ছিল না যে, মেয়েটি তাদেরই একজন, তার মনিবদের কেউ নয়। খুব নীচু থেকে হঠাৎ উঁচুতে তুলে দিলে যা হয়, এরও হয়েছে ঠিক তাই।

অবিনাশ ক্ষণকাল মৌন থাকিয়া বলিলেন, দ্বন্দ্বের কথা! কিন্তু আপনার সঙ্গে পরিচয় হল কি ভাবে? আপনার সঙ্গে কি কথা কইলে নাকি?

আশুবাবু বলিলেন, নিশ্চয়। ভিজ্জে কাপড় ছেড়ে সোজা আমার ঘরে এসে বসলেন। কুঠার বালাই নেই, আমার স্বাস্থ্য কেমন, কি খাই, কি চিকিৎসা চলাচে জ্ঞানগাটা ভাল লাগচে কিনা—প্রশ্ন করার সহজ স্বাচ্ছন্দ্য ভাব। বরঞ্চ, শিবনাথ আড়ম্বল হইলেন, কিন্তু তাঁর ত জড়তার চিহ্নমাত্র দেখলাম না। না কথার, না আচরণে।

অবিনাশ জিজ্ঞাসা করিলেন, মনোরমা তখন বড়িই ছিলেন না ।

না তার কি যে অশ্রদ্ধা হয়ে গেছে তা বলবার নয় । তাঁরা চলে গেলে বললাম, মণি, ওঁদের বিদায় দিতেও একবার এলে না ? মণি বললে, আর যা বল বাবা পারি, কিন্তু বাড়ির দাসী-চাকরকে বসুন্ধর বলে অভিযর্থনা কর্ত্তেও পারব না, আসুন্ধর বলে বিদায় দিতেও পারব না । নিজের বাড়িতে হলেও না । এর পরে আর বলবার আছে কি ?

বলিবার কি আছে অবিনাশ নিজেও ভাবিয়া পাইলেন না, শুধু মৃদু কণ্ঠে কহিলেন, বলা কঠিন আশুদ্বাব্দ । কিন্তু মনে হয় যেন মনোরমা ঠিক কথাই বলছেন । এই সব স্ত্রীলোকের সঙ্গে আমাদের ঘরের মেয়েদের আলাপ পরিচয় না থাকাই ভাল ।

আশুদ্বাব্দ চুপ করিয়া রহিলেন ।

অবিনাশ বলিতে লাগিলেন, শিবনাথের সৎকোচের কারণও বোধ করি এই । সে ত জানে সবই,—তার ভয় ছিল পাছে কোন বিশ্রী কদম্ব বাক্য তার স্ত্রীর মৃদু দিয়ে বার হয়ে যায় ।

আশুদ্বাব্দ হাসিলেন, কহিলেন, হতেও পারে ।

অবিনাশ কহিলেন, নিশ্চয় এই ।

আশুদ্বাব্দ প্রতিবাদ করিলেন না, শুধু কহিলেন, মেয়েটি কিন্তু লক্ষ্মীর প্রতিমা । এই বলিয়া ছোট্ট একটু নিশ্বাস ফেলিয়া আরাম-কেন্দরায় হেলান দিয়া শইলেন ।

কয়েক মৃদুত নীরবে থাকিয়া অবিনাশ কহিলেন, আমার কথায় কি আপনি ক্ষুব্ধ হলেন ?

আশুদ্বাব্দ উঠিয়া বসিলেন না, তেমনি অর্ধশায়িতভাবে থাকিয়াই ধীরে ধীরে বলিলেন, ক্ষুব্ধ নয় অবিনাশবাব্দ, কিন্তু কেমন-একটা ব্যথার মত লেগেছে । তাই ত আপনার সঙ্গে দেখা করবার জন্যে এমন ছটফট করছিলাম । কি মিষ্টি কথা মেয়েটির,—শুধু রূপই নয় ।

অবিনাশ সহাস্যে উত্তর দিলেন, কিন্তু আমি ত তাঁর রূপও দেখিনি, কথাও শুনিনি আশুদ্বাব্দ ।

আশুদ্বাব্দ বলিলেন, কিন্তু সে সুযোগ যদি কখনো হয় ত তাদের ত্যাগ করার অবিচারটা বুদ্ধবেন । আর কেউ না বুদ্ধকে আপনি বুদ্ধতে পারবেন এ আমি নিশ্চয় জানি । যাবার সময় মেয়েটি আমাকে বললে, আপনি আমার স্বামীর গান শুনতে ভালবাসেন, কেন তাঁকে মাঝে মাঝে ডেকে পাঠান না ? আমি যে কেউ আমি এ কথা না-ই বা মনে করলেন । আমি ত আপনাদের মধ্যে আসবার দাবী করিনে ।

অবিনাশ কিছু আশ্চর্য হইলেন, বলিলেন, এ ত খুব অশিক্ষিতের মত কথা নয় আশুদ্বাব্দ ? শুনলে মনে হয় তার নিজের সম্বন্ধে যে ব্যবস্থাই আমরা করি, স্বামীটিকে সে ভদ্র-সমাজে চালিয়ে দিতে চায় ।

আশুদ্বাব্দ বলিলেন, বস্তুতঃ তার কথা মনে হল সে সব জানে। আমরা যে সোদিন তার স্বামীকে অপমান করে বিদায় করেছিলাম, এ ঘটনা শিবনাথ তার কাছে গোপন করেনি। খুব গোপন করে চলবার লোকও শিবনাথ নয়।

অবিনাশ স্বীকার করিয়া কহিলেন, স্বভাবতঃ সে তাই বটে। কিন্তু একটা জিনিস সে নিশ্চয় গোপন করেছে। এই মেয়েটি যেই হোক একে ত সে সতাই বিবাহ করেনি।

আশুদ্বাব্দ কহিলেন, শিবনাথ বলেন, মেয়েটি তাঁর স্ত্রী, মেয়েটি পরিচয় দিলেন তাঁকে স্বামী বলে।

অবিনাশ কহিলেন, দিন পরিচয়! কিন্তু এ সত্য নয়। এর মধ্যে যে গভীর রহস্য আছে, অক্ষয়বাবু সন্ধান নিলে একদিন তা উন্মোচিত করবেনই করবেন।

আশুদ্বাব্দ বলিলেন, তাতে আমারও সন্দেহ নেই, কারণ অক্ষয়বাবু শক্তিমান পুরুষ। কিন্তু এঁদের পরস্পরের স্বীকারোক্তির মধ্যে সত্য আছে যে রহস্য গোপনে আছে, তাকেই বিশ্বের সম্মুখে অনাবৃত করায়? অবিনাশবাবু, আপনি ত অক্ষয় নন, এ ত আপনার কাছে আমি প্রত্যাশা করিনে।

অবিনাশবাবু লজ্জা পাইয়াও কহিলেন, কিন্তু সমাজ ত আছে! তার কল্যাণের জন্য ত—

কিন্তু বক্তব্য তাঁহার শেষ হইতে পাইল না, পার্শ্বের দরজা ঠেলিয়া মনোরমা প্রবেশ করিল। অবিনাশকে নমস্কার করিয়া কহিল, বাবা, আমি বেড়াতে যাচ্ছি, তুমি বোধ হয় বার হতে পারবে না?

না, মা, তুমি যাও।

অবিনাশ উঠিয়া দাঁড়াইলেন, কহিলেন, আমারও কাজ আছে। বাজারের কাছে একবার নামিয়ে দিতে পারবে না মনোরমা?

নিশ্চয় পারব,—চলুন।

যাইবার সময় অবিনাশ বলিয়া গেলেন যে, অত্যন্ত বিশেষ প্রয়োজনে তাঁহাকে কালই দিল্লী যাইতে হইবে এবং বোধ হয় এক সপ্তাহের পূর্বে আর ফিরিতে পারিবেন না।

॥ পাঠ ॥

দিন-বশেক পরে অবিনাশ দিল্লী হইতে ফিরিয়া আসিলেন। তাঁহার বছর-দুশেকের ছেলে জগৎ আসিয়া হাতে একখানি ছোট পত্র দিল। মাত্র একটি ছত্র লেখা—বৈকালে নিশ্চয় আসবেন।—আশু বাদ্য।

জগতের বিধবা মাসী দ্বারের পর্দা সরাইয়া ফুটন্ত গোলাপের ন্যায় মৃদুখানি বাহির করিয়া কহিল, আশু বাদ্যারা কি রাস্তায় চোখ পেতে বসেছিল নাকি—আসতে না আসতেই জরুরী তলব পাঠিয়েছে, যেতে হবে ?

অবিনাশ কহিলেন, বোধ হয় কোন বিশেষ প্রয়োজন আছে।

প্রয়োজন না ছাই। তারা কি মৃদুখ্যো-মশাইকে গিলে খেতে চায় নাকি ?

অবিনাশ তাঁহার ছোট শালীকে আদর করিয়া কখনো ছোটগল্পী, কখনো বা তাহার নাম নীলমা বলিয়া ডাকিতেন। হাসিয়া বলিলেন, ছোটগল্পী, অমৃত ফল অনাদরে গাছতলার পড়ে থাকতে দেখলে বাইরের লোকের একটু লোভ হয় বৈ কি :

নীলমা হাসিল, কহিল, তা হলে সেটা যে মাকাল ফল, অমৃত ফল নয়, তাদের জানিয়ে দেওয়া দরকার।

অবিনাশ বলিলেন, দিয়ো। কিন্তু তারা বিশ্বাস করবে না,—লোভ আরও বেড়ে যাবে। হাত বাড়তে ছাড়বে না।

নীলমা বলিল, তাতে লাভ হবে না মৃদুখ্যো-মশাই। নাগালের বাইরে এবার শক্ত বেড়া বাঁধিয়ে রাখবো। এই বলিয়া সে হাসি চাপিয়া পর্দার আড়ালে অস্তর্হিত হইয়া গেল।

অবিনাশ আশুবাবুর গৃহে আসিয়া যখন পৌঁছিলেন তখনও বেলা আছে। গৃহস্বামী অত্যন্ত সমাদরে তাঁহাকে গ্রহণ করিয়া কৃষ্ণম ক্রোধভরে কহিলেন, আপনি অধার্মিক। বিদেশে বন্ধুকে ফেলে রেখে দশদিন অনুপস্থিত,—ইতিমধ্যে অধীনের দশ-দশা সমুপস্থিত।

অবিনাশ চমকিয়া কহিলেন, একবারে দশ-দশটা দশা ? প্রথমটা বলুন ?

বলি। প্রথম দশায় ঠ্যাং দুটো শৃঙ্গু, তাজা হস্লেতে তাই নয়, অতি দুতবেগে নীচে হতে উপরে এবং উপর হতে নীচে গমনাগমন শূন্য করেছে।

অত্যন্ত ভয়ের কথা। ষ্টিতীয়াটা বর্ণনা করুন।

শ্টিতীয় এই যে, আজ কি একটা পর্বোপলক্ষে হিন্দুস্থানী নারীকুল যমুনা-কুলে সমবেত হয়েছেন এবং হরেন্দ্র-অক্ষয় প্রভৃতি পণ্ডিত-সমাজ নির্লিপ্ত নির্বিকার-চিত্তে তথায় এইমাত্র অভিযান করেছেন।

ভাল কথা। তৃতীয় দশা বিবৃত করুন।

দর্শনেচ্ছ আশু অতি উৎকণ্ঠিত-হৃদয়ে অবিনাশের অপেক্ষা করছেন, প্রার্থনা, তিনি যেন অস্বীকার না করেন।

অবিনাশ সহাস্যে কহিলেন, তিনি প্রার্থনা মঞ্জুর করলেন। এবার চতুর্থ দশার বিবরণ দিন।

আশুদ্বাব্দ বলিলেন, এইটে একটু গুরুতর। বাবাজী বিলাত থেকে ভারতে পদার্পণ করে প্রথমে কাশী এবং পরে এই আগ্রায় এসে পরশ্ব উপস্থিত হয়েছেন। সম্প্রতি মোটরের কল বিগড়েছে, বাবাজী স্বল্পং মেরামতি-কার্যে নিযুক্ত। মেরামত সমাপ্ত প্রায়, এবং তিনি এলেন বলে। অভিলাষ, প্রথম জ্যোৎস্নার সবাই একসঙ্গে মিলে আজ তাজমহল নিরীক্ষণ করা।

অবিনাশের হাসিমুখ গম্ভীর হইল, জিজ্ঞাসা করিলেন, এই বাবাজীটিকে আশুদ্বাব্দ? এর কথাই কি একদিন বলতে গিয়েও হঠাৎ চেপে গিয়েছিলেন?

আশুদ্বাব্দ বলিলেন, হাঁ। কিন্তু আজ আর বলতে, অস্বস্তি: আপনাকে বলতে বাধা নেই। অজিতকুমার আমার ভাবী জামাই, মণির বর। এই দৃঙ্কের ভালবাসা পৃথিবীর একটা অপদূর্ব বস্তু। ছেলোট রঙ্গ।

অবিনাশ স্থির হইয়া শূন্যে ল্যাগলেন; আশুদ্বাব্দ পুনশ্চ কহিলেন, আমরা ব্রাহ্ম সমাজের নই, হিন্দু। সমস্ত ক্রিয়াকর্ম হিন্দুতেই হয়। যথাসময়ে অর্থাৎ বছর-চারেক পূর্বেই এদের বিবাহ হয়ে যাবার কথা ছিল, হতোও তাই, কিন্তু হল না। যেমন করে এদের পরিচয় ঘটে, সেও এক বিচিত্র ব্যাপার,—বিধিবিধি বললেও অত্যাতি হয় না। কিন্তু সে কথা এখন থাক।

অবিনাশ তেমন শ্রুত্ব হইয়াই রহিলেন; আশুদ্বাব্দ বলিলেন, মণির গায়েহলুদ হয়ে গেল, রাগের গাড়িতে কাশী থেকে ছোটখড়ো এসে উপস্থিত হলেন। বাবার মৃত্যুর পরে তিনিই বাড়ির কর্তা, ছেলে-পুলে নেই, খুড়ীমাকে নিয়ে বহুদিন যাবৎ কাশীবাসী। জ্যোতিষে অশুদ বিশ্বাস, এসে বললেন, এ বিবাহ এখন হতেই পারে না। তিনি নিজে এবং অন্যান্য পণ্ডিতকে দিয়ে নিভুল গণনা করিয়ে দেখেছেন যে, এখন বিবাহ হলে তিন বৎসর তিন মাসের মধ্যেই মণি বিধবা হবে।

একটা হুলস্থূল পড়ে গেল, সমস্ত উদ্যোগ-আয়োজন লুপ্ত হবার উপক্রম হল, কিন্তু খুড়ীকে আমি চিনতাম, বন্ধুলাম এর আর নড়চড় নেই। অজিত নিজেও মস্ত বড় লোকের ছেলে, তারও এক বিধবা খুড়ী ছাড়া সংসারে কেউ ছিল না, তিনি ভয়ানক রাগ করলেন; অজিত দৃগুখে, অভিমানে ইঞ্জিনিয়ারিং পড়ার নাম করে বিলেত চলে গেল, সবাই জানলে এ বিবাহ চিরকালের মতই ভেঙ্গে গেল।

অবিনাশ নিরুদ্ধ নিশ্বাস মোচন করিয়া জিজ্ঞাসা করিলেন তার পরে?

আশুদ্বাব্দ বলিলেন, সবাই হতাস হলাম, হল না শূদ্র মণি নিজে। আমাকে এসে বললে, বাবা, এমন কি ভয়ানক কাণ্ড ঘটেছে যার জন্যে তুমি আহার-নিদ্রা ত্যাগ করলে? তিন বছর এমন কি বেশী সময়?

তার যে কি ব্যথা লেগেছিল সে ত জানি। বললাম, মা তোর কথাই যেন সার্থক হয়, কিন্তু এ সব ব্যাপারে তিন বছর কেন, তিনটে দিনের বাধাও যেন মারাত্মক।

মণি হেসে বললে, তোমার ভয় নেই বাবা, আমি তাঁকে চিনি।

অজিত চিরাদিনই একটু সাত্বিক প্রকৃতির মানুস, ভগবানে তার অচল বিশ্বাস, যাবার সময়ে মণিকে ছোট একখানি চিঠি লিখে চলে গেল। এই চার বৎসরের মধ্যে আর কোনদিন সে দ্বিতীয় পত্র লেখেনি। না লিখুক, কিন্তু মনে মনে মণি সমস্তই জানতো এবং তখন থেকে সেই যে ব্রহ্মচারিণীর জীবন গ্রহণ করলে একটা দিনের জন্যও তা থেকে সে দ্রষ্ট হয়নি। অথচ বাইরে থেকে কিছুই বোঝবার জো নেই অবিনাশবাবু।

অবিনাশ শ্রদ্ধার বিগলিত-চিন্তে কাহিলেন, বাস্তবিকই বোঝবার জো নেই। কিন্তু আমি আশাবাদ করি, ওরা জীবনে যেন সুখী হয়।

আশুবাবু কন্যার হইয়াই যেন মাথা অবনত করিলেন, কাহিলেন, ব্রাহ্মণের আশাবাদ নিষ্ফল হবে না। অজিত সবাইয়েই খুড়োমহাশয়ের কাছে গিয়েছিল। তিনি অনুমতি দিয়েছেন। না হলে এখানে বোধ করি সে আসতো না।

অতঃপর, উভয়েই ক্ষণকাল নিঃশব্দে থাকিয়া আশুবাবু বলিতে লাগিলেন, অজিত বিলেত চলে গেলে, বছর-দুই পরেই তার কোন সংবাদ না পেয়ে আমি ভিতরে ভিতরে পাত্রের সন্ধান যে করিনি তা নয়। কিন্তু মণি হঠাৎ জানতে পেলে আমাকে নিবেদন করে দিয়ে বললে, বাবা এ চেষ্টা তুমি করো না। আমাকে তুমি প্রকাশ্যেই সম্প্রদান করনি, কিন্তু মনে মনে ত করেছিলে। আমি বললাম, এমন কত ক্ষেত্রেই ত হয় মা। কিন্তু, মেয়ের দু'চক্ষে যেন জল ভরে এলো। বললে, হয় না বাবা। শব্দ কথা-বার্তাই হয়, কিন্তু তার বেশী—না বাবা, আমার অদৃষ্টে ভগবান যা লিখেছেন তাই যেন সইতে পারি, আমাকে আর আদেশ তুমি করো না। দু'জনের চোখ দিয়েই জল পড়তে লাগল, মদুছে ফেলে বললাম, অপরাধ করোছ মা, তোর অবদান বড়ো ছেলেকে তুমি ক্ষমা কর।

অকস্মাৎ পূর্বস্মৃতির আবেগে তাঁহার কণ্ঠ রুদ্ধ হইয়া আসিল। অবিনাশ নিজেও অনেকক্ষণ কথা কহিতে পারিলেন না, তাহার পর ধীরে ধীরে বলিলেন, আশুবাবু, কত ভুলই না আমরা সংসারে করি এবং কত অন্যায় ধারণাই না জীবনে আমরা পোষণ করি।

আশুবাবু ঠিক বদ্বীর্ণিতে পারিলেন না, কাহিলেন কিসের ?

এই যেমন আমরা অনেকেই মনে করি, মেয়েরা উচ্চ-শিক্ষিত হয়ে মেমসাহেব বনে যান, হিন্দুর প্রাচীন মধুর সংস্কার আর তাদের হৃদয়ে স্থান পায় না। কত বড় ভ্রম বলুন ত !

আশুবাবু ঝাড় নাড়িয়া বলিলেন, ভ্রম অনেক স্থলেই হয় বটে। কিন্তু কি জানেন অবিনাশবাবু শিক্ষাই বা কি, আর অশিক্ষাই বা কি আসল বস্তু পাওয়া। এই

পাওয়া না পাওয়ার উপরেই সমস্ত নির্ভর করে। নইলে একের অপরাধ অপরের ক্ষম্বে আরোপ করলেই গোল বাধে।—এই যে অজিত! মর্গ কৈ?

বহর-ব্রহ্ম বয়সের একটি সুদ্রী বলিষ্ঠ যুবক ঘরে প্রবেশ করিল। তাহার কাপড়ে-জামায় কালির দাগ। কহিল মনি আমাকেই এতক্ষণ সাহায্য করছিলেন তাঁর কাপড়েও কালি লেগেছে তাই বদলে ফেলতে গেছেন। মোটরটা ঠিক হয়ে গেছে, সোফারকে সামনে আনতে বলে দিলাম।

আশুবাবু কহিলেন, অজিত, ইনি আমার পরম বন্ধু, শ্রীযুক্ত অবিনাশ মুখোপাধ্যায়। এখনকার কলেজের অধ্যাপক ব্রাহ্মণ, ঐকৈ প্রণাম কর।

আগন্তুক যুবক অবিনাশকে ভূমিষ্ঠ প্রণাম করিল। উঠিয়া দাঁড়াইয়া আশুবাবুকে উদ্দেশ্য করিয়া কহিল, মনির আসতে মিনিট-পাঁচেকের বেশী লাগবে না। কিন্তু আপনি একটু তাড়াতাড়ি প্রস্তুত হয়ে নিন। দেরি হলে সব দেখার সময় পাওয়া যাবে না। লোকে বলে তাজমহল দেখে আর সাধ মেটে না।

আশুবাবু কহিলেন, সাধ না মেটবারই যে জিনিস বাবা। কিন্তু আমরা ত প্রস্তুত হয়েই আছি। বরষ, তোমারই দেরি, তোমারই এখনো কাপড় ছাড়তে থাকী।

ছেলোটি নিজের পোশাকের প্রতি একবার দৃষ্টিপাত করিয়া কহিল, আমার আর বদলাতে হবে না, এতেই চলে যাবে।

এই কালিসুদ্ধ?

ছেলোটি হাসিয়া কহিল, তা হোক। এই আমাদের পেশা। কাপড়ে কালি লাগায় আমাদের অগোরব হয় না।

কথা শুনিয়া আশুবাবু মনে মনে অত্যন্ত প্রীত হইলেন এবং অবিনাশও যুবকের বিনম্র সরলতার মুগ্ধ হইলেন।

মর্গ আসিয়া উপস্থিত হইল। সহসা তাহার প্রতি চাহিয়া অবিনাশও যেন চমকিয়া গেলেন। কিছুদিন তাহাকে দেখেন নাই, ইতিমধ্যে এই অপ্রত্যাশিত আনন্দের কারণ ঘটিয়াছে। বিশেষতঃ তাহার পিতার নিকট হইতে এইমাত্র যে-সকল কথা শুনিতেন-ছিলেন, তাহাতে মনে করিয়াছিলেন ময়োরমার মৃত্যুর উপর আজ হয়ত এমন কিছু একটা দোঁখতে পাইবেন যাহা অনির্বচনীয়, যাহা জীবনে কখনও দেখেন নাই। কিন্তু কিছুই ত নয়। নিতান্তই সাদাসিধা পোশাক। গোপন আনন্দের প্রচ্ছন্ন আড়ম্বর কোথাও আত্মপ্রকাশ করে নাই, সুগভীর প্রশান্ততার শান্ত দীপ্ত মৃত্যুর কোনখানে বিকশিত হইয়া উঠে নাই, বরষ, কেমন যেন একটা ক্লাস্তির ছায়া চোখের দৃষ্টিতে স্নান করিয়াছে। অবিনাশের মনে হইল, পিতৃস্নেহবশে হয় তিনি নিজের কন্যাকে ভুল বুঝিয়াছেন, না হয় একদিন যাহা সত্য ছিল, আজ তাহা মিথ্যা হইয়া গেছে।

অনতিকাল পরে প্রকাশ-মোটরযানে সকলেই বাহির হইয়া পড়িলেন। নদীর ঘাটে ঘাটে তখন পদ্মগলদ্বন্দ্ব নারী ও পদ্মগলদ্বন্দ্ব পদ্মবনের ভিড় বিরল হইয়া আসিয়াছে, সুন্দর ও সুদীর্ঘ পথের সর্বত্রই তাহাদের সাজসজ্জা ও বিচিত্র পরিধেয় অস্ত্রমান রবিবকরে অপরূপ হইয়া উঠিয়াছে, তাহাই দেখিতে দেখিতে তাহারা বিম্বখ্যাত, অনন্ত

সৌন্দর্যময় তাজের সিংহস্বারের সম্মুখে আসিয়া যখন উপনীত হইলেন, তখন হেমন্তের নাতিদীর্ঘ দিবাভাগ অবসানের দিকে যাইতেছে।

যমুনা-কুলে বাহারীকছদ্ম দৌখবার দেখা সমাপ্ত করিয়া অবশ্বরের দলবল হাঁত-পূর্বেই আসিয়া হাজির হইয়াছেন। তাজ তাঁহারা অনেকবার দৌখয়াছেন, দৌখয়া দৌখয়া অন্নট খরিয়া গিয়াছে, তাই উপরে না উঠিয়া নীচে বাগানের একাংশে আসন গ্রহণ করিয়া উপবিষ্ট ছিলেন, ইঁহাদিগকে আসিতে দৌখয়া উচ্চ কোলাহলে সংবর্ধনা করিলেন ! বাতব্যাধি-পীড়িত আশুবাবু, অতিগুরুভার দেহখানি ঘাসের উপর বিন্যস্ত করিয়া দর্শিবাস মোচন করিয়া কহিলেন, আঃ—বাঁচা গেল। এখন যার যত ইচ্ছে মমতাজ বেগমের কবর দেখে আনন্দলাভ করগে বাবা, আশুবাবু এইখান থেকেই বেগমসাহেবকে কুর্নিশ জানাচ্ছেন। এর অধিক আর তাকে দিলে হবে না।

মনোরমা ক্ষম্মকণ্ঠে কহিল, সে হবে না বাবা। তোমাকে একলা ফেলে রেখে আমরা কেউ যেতে পারব না।

আশুবাবু হাসিয়া বলিলেন, ভয় নেই মা, তোমার বড়ো বাপকে কেউ চুরি করবে না।

অবিনাশ কহিলেন, না, সে আশঙ্কা নেই। রীতিমত কাঁপকল লোহার চেন ইত্যাদি সংগ্রহ করে না আনলে তুলতে পারবে কেন ?

মনোরমা কহিল, আমার বাবাকে আপনারা খুঁড়বেন না। আপনাদের নজরে নজরে বাবা এখানে এসে অনেকটা রোগা হয়ে গেছেন।

অবিনাশ বলিলেন, তা যদি হয়ে থাকেন ত আমাদের অন্যান্য হয়েছে, এ কথা মানতেই হবে। কারণ, দ্রষ্টব্য হিসাবে সে-বস্তুর মর্বাদী তাজমহলের চেয়ে কম হতো না।

সকলেই হাসিয়া উঠিলেন ; মনোরমা বলিল, সে হবে না বাবা, তোমাকে সঙ্গে যেতে হবে। তোমার চোখ দিয়ে না দেখতে পেলে এর অর্ধেক সৌন্দর্য ঢাকা পড়েই থাকবে। যিনি যত খবরই দিন, তোমার চেয়ে আসল খবরটি কিন্তু কেউ বেশী জানে না।

ইহার অর্থ যে কি তাহা অবিনাশ ভিন্ন আর কেহ জানিত না, তিনিও এই অনুরোধই করিতে যাইতেন, সহসা সকলেরই চোখ পড়িয়া গেল এক অপ্রত্যাশিত বস্তুর প্রতি। তাজের পূর্বদিক ঘুরিয়া অকস্মাৎ শিবনাথ ও তাহার স্ত্রী সম্মুখে আসিয়া পড়িল। শিবনাথ না-দেখার ভান করিয়া আর একদিকে সরিয়া যাইবার উপক্রম করিতেই তাহার স্ত্রী দৃষ্টি আকর্ষণ করিয়া খুসী হইয়া বলিয়া উঠিল, আশুবাবু ও তাঁর মেয়ে এসেছেন যে !

আশুবাবু উচ্চকণ্ঠে আহ্বান করিয়া কহিলেন, আপনারা কখন এলেন শিবনাথবাবু ! এদিকে আসুন।

সম্বন্ধী শিবনাথ কাছে আসিয়া দাঁড়াইল। আশুবাবু তাঁহার পরিচয় দিয়া কহিলেন, ইনি শিবনাথের স্ত্রী। আপনার নামটি কিন্তু এখনো জানিনে।

মেয়েটি কহিল, আপনার নাম কমল। কিন্তু আমাকে আপনি বলবেন না আশুবাবু।

আশুবাবু কহিলেন, বলা উচিতও নয়। কমল, এঁরা আমার বন্ধু, তোমার স্বামীর পরিচিত। বসো।

কমল অজিতকে ইঙ্গিতে দেখাইয়া বলিল, কিন্তু এর পরিচয় ত দিলেন না।

আশুবাবু বলিলেন, ক্রমশঃ দেব বৈ কি। উনি আমার পরমাত্মীয়। নাম অজিতকুমার রায়। দিন করেক হল বিলেত থেকে ফিরে এসে আমাদের দেখতে এসেছেন। কমল, তুমি কি আজ এই প্রথম তাজমহল দেখলে?

মেয়েটি মাথা নাড়িয়া বলিল, হাঁ।

আশুবাবু বলিলেন, তা হলে তুমি ভাগ্যবতী। কিন্তু অজিত তোমার চেয়েও ভাগ্যবান, কেন-না এই পরম বিস্ময়ের জিনিসটি সে এখনো দেখিনি, এইবার দেখবে। কিন্তু আলো কমে আসচে, আর ত দেরি করলে চলবে না অজিত।

মনোরমা বলিল, দেরি ত শব্দ তোমার জন্যই বাবা। ওঠো।

ওঠা ত সহজ ব্যাপার নয় মা, তার জন্যে যে আয়োজন করতে হয়।

তা হলে সেই আয়োজন কর বাবা।

করি। আচ্ছা কমল, দেখে কি রকম মনে হল?

কমল কহিল, বিস্ময়ের বস্তু বলেই মনে হল।

মনোরমা ইহার সহিত কথা কহে নাই, এমন কি, পরিচয় আছে এ পরিচয়টুকুও তাহার আচরণে প্রকাশ পাইল না। পিতাকে তাগিদ দিয়া কহিল, সন্ধ্যা হয়ে আসচে বাবা, ওঠো এইবার।

উঠি মা। এই বলিয়া আশুবাবু উঠিবার কিছুমাত্র উদ্যম না করিয়াই বসিয়া রহিলেন। কমল একটুখানি হাসিল, মনোরমার প্রতি চাহিয়া কহিল, ওঁর শরীরও ভাল নয়, ওঠা-নামা করাও সহজ নয়। তার চেয়ে বরঞ্চ আমরা এইখানে বসে গল্প করি, আপনারা দেখে আসুন।

মনোরমা এ প্রস্তাবের জবাবও দিল না, শব্দ পিতাকেই জিদ করিয়া পুনরায় কহিল, না বাবা, সে হবে না। ওঠো তুমি এইবার।

কিন্তু দেখা গেল উঠিবার চেষ্টা প্রায় কাহারও নাই। যে জীবন্ত বিস্ময় এই অপরিচিত রমণীর সর্বাঙ্গ ব্যাপিয়া অকস্মাৎ মূর্ত হইয়া উঠিয়াছে, ইহার সম্মুখে ওই অদূরস্থিত মর্মরের অবাস্ত বিস্ময় যেন একমুহূর্তই ঝাপসা হইয়া গিয়াছে।

অবিনাশের চমক ভাঙ্গিল। বলিলেন, উনি না গেলে হবে না। মনোরমার বিশ্বাস ওঁর বাবার চোখ দিয়ে না দেখতে পেলে তাজের অর্ধেক সৌন্দর্যই উপলব্ধি করা যাবে না।

কমল সরল চোখ দুটি তুলিয়া জিজ্ঞাসা করিল, কেন? আশুবাবুকে কহিল, আপনি বৃদ্ধি এ বিষয়ে একজন বিশেষজ্ঞ লোক? এবং সমস্ত তত্ত্ব জানেন বৃদ্ধি?

মনোরমা মনে মনে বিস্মিত হইল। কথাগুলো ত ঠিক অশিক্ষিত দাসীকন্যার মত নয়।

আশুবাবু পুনর্লিখিত হইয়া কহিল, কিছুই জানিনে। বিশেষজ্ঞ ত নয়ই—সৌন্দর্য-তত্ত্বের গোড়ার কথাটুকুও জানিনে। সৈদিক দিয়ে আমি একে দেখিও নি কমল। আমি দৌঁখ সন্নাট সাজাহানকে। আমি দৌঁখ তাঁর অপারিসীম ব্যাথা যেন পাথরের অঙ্গে অঙ্গে মাখানো। আমি দৌঁখ তাঁর একনিষ্ঠ পত্নী-প্রেম, যা এই মর্মর কাব্যের সৃষ্টি করে চিরদিনের জন্য তাঁকে বিশ্বের কাছে অমর করেছে।

কমল অত্যন্ত সহজ-কণ্ঠে তাহার মূখের প্রতি চাহিয়া কহিল, কিন্তু তাঁর ত শূন্যেই আরও অনেক বেগম ছিল। সন্নাট মমতাজকে যেমন ভালবাসতেন, তেমন আরও দশজনকে বাসতেন। হয়ত কিছু বেশী হতে পারে, কিন্তু একনিষ্ঠ প্রেম তাকে বলা যায় না আশুবাবু। সে তাঁর ছিল না।

এই অপ্রচলিত ভয়ানক মন্তব্যে সকলে চমকিয়া গেলেন। আশুবাবু কিংবা কেহই ইহার হঠাৎ উত্তর খুঁজিয়া পাইলেন না।

কমল কহিল, সন্নাট ভাবুক ছিলেন, কবি ছিলেন, তাঁর শক্তি, সম্পদ এবং ধৈর্য দিয়ে এতবড় একটা বিরাত সৌন্দর্যের বস্তু প্রতিষ্ঠিত করে গেছেন। মমতাজ একটা আকস্মিক উপলক্ষ। নইলে, এমনি সুন্দর সৌধ তিনি যে-কোন ঘটনা নিয়েই রচনা করতে পারতেন। ধর্ম উপলক্ষ হলেও ক্ষতি ছিল না, সহস্র-লক্ষ মানুষ বধ-করা দিগ্বিজয়ের স্মৃতি উপলক্ষ হলেও এমনি চলে যেতো! এ একনিষ্ঠ প্রেমের দান নয়, বাদশার স্বকীয় আনন্দলোকের অক্ষয় দান! এই ত আমাদের কাছে যথেষ্ট!

আশুবাবু মনের মধ্যে যেন আঘাত পাইলেন। বার বার মাথা নাড়িয়া বলিয়া উঠিলেন, যথেষ্ট নয় কমল, কিছুতেই যথেষ্ট নয়। তোমার কথাই যদি সত্য হয়, সন্নাটের একনিষ্ঠ ভালবাসা যদি না-ই থেকে থাকে ত এই বিপুল স্মৃতি-সৌধের কোন অর্থই থাকে না। তিনি যত বড় সৌন্দর্যের সৃষ্টি করুন না, মানুষের অন্তরে সে-শ্রদ্ধার আসন আর থাকবে না।

কমল বলিল, যদি না থাকে ত সে মানুষের মৃত্যু। নিষ্ঠার মূল্য যে নেই তা আমি বলিলেন, কিন্তু যে মূল্য যুগ যুগ ধরে লোকে তাকে দিয়ে আসচে সেও তার প্রাপ্য নয়। একদিন যাকে ভালবেসেছি কোনদিন কোন কারণেই আর তার পবিবর্তন হবার জো নেই, মনের এই অচল, অনড় জড়ধর্ম সুস্থও নয়, সুন্দরও নয়।

শুনিলে মনোরমার বিস্ময়ের সীমা রহিল না। ইহাকে মূর্খ দাসীকন্যা বলিয়া অবহেলা করা কঠিন, কিন্তু এতগুলি পুরুষের সম্মুখে তাহারই মত একজন নারীর মূখ দিয়া এই লজ্জাহীন উক্তি তাহাকে অত্যন্ত আঘাত করিল। এতক্ষণ পর্যন্ত সে কথা কহে নাই, কিন্তু আর সে নিজেকে সংবরণ করিতে পারিল না, অনূচ্চ কঠিন-কণ্ঠে কহিল, এ মনোবাক্তি আরও না হোক, আপনার কাছে যে স্বাভাবিক সে আমি মানি, কিন্তু তপরের চক্ষে এ সুন্দরও নয়, শোভনও নয়।

আশুবাবু মনে মনে অত্যন্ত ক্ষুব্ধ হইয়া বলিলেন, ছি, মা।

কমল রাগ করিল না, বরঞ্চ একটু হাসিল। কহিল, অনেক দিনের দৃঢ়মূল সংস্কারে আঘাত লাগলে মানুষ হঠাৎ সইতে পারে না। আপনি সত্যই বলেছেন আমার কাছে এ বস্তু খুবই স্বাভাবিক। আমার দেহ-মনে যৌবন পরিপূর্ণ, আমার মনের প্রাণ আছে। যৌবন জনব প্রয়োজনেও এর আর পরিবর্তনের শক্তি নেই, সৌন্দর্য বদ্বয়ব এর শেষ হয়েছে—এ মরেছে। এই বলিয়া মৃদু তুলিতেই দোঁখিতে পাইল অজিতের দুই চক্ষু দিয়া যেন আগুন ঝরিয়া পড়িতেছে। কি জানি সে দৃষ্টি মনোরমার চোখে পড়িল কি না, কিন্তু সে কথার মাঝখানেই অকস্মাৎ বলিয়া উঠিল, বাবা, বেলা আর নেই, আমি যা পারি অজিতবাবুকে ততক্ষণ একটুখানি দেখিয়ে নিলে আসি।

অজিতের চমক ভাঙ্গিয়া গেল, বলিল চল, আমরা দেখে আসি গে।

অশ্রুবাবু খুশী হইয়া বলিলেন, তাই যাও মা, আমরা এইখানেই বসে আছি। কিন্তু একটুখানি শীঘ্র করে ফিরে এসোনা হয় কাল আবার একটু বেলা থাকতে আসা যাবে।

॥ ছয় ॥

অজিত ও মনোরমা তাজ দেখিয়া যখন ফিরিয়া আসিল তখন সূৰ্য অস্ত গিয়াছে, কিন্তু আলো শেষ হয় নাই। সকলে বেশ তাল পাকাইয়া বসিয়াছেন, তর্ক ঘোরতর হইয়া উঠিয়াছে। তাজের কথা, বাসায় ফিরবার কথা, এমন কি অজিত-মনোরমার কথা পর্যন্ত তাঁহাদের মনে নাই। অক্ষয় নীরবে ফুলিতেছেন, দেখিয়া সন্দেহ হয়, রব তিনি ইতিপূর্বে যথেষ্টই করিয়াছেন, এখন দম লইতেছেন। আশুবাবু দেহের অধোভাগ চক্রের বাহিরের দিকে প্রসারিত করিয়া উর্দ্ধভাগ দুই হাতের উপর ন্যস্ত করিয়া গুরুভার বহন করিবার একটা উপায় করিয়া লইয়া অত্যন্ত মন দিয়া শুনিতেন। অবিनाশ সন্মুখের দিকে অনেকখানি ঝুঁকিয়া খরদৃষ্টিতে কমলের প্রতি চাহিয়া আছেন। বৃদ্ধা গেল সন্মুখি সওয়াল-জবাব এই দুজনের মধ্যেই আবদ্ধ হইয়া আছে। সকলেই আগন্তুকদের প্রতি মূখ্য তুলিয়া চাহিলেন। কেহ ঘাড়টা একটু নাড়িয়া, কেহ সেটুকু করিবারও ফুরসত পাইলেন না। কমল ও শিবনাথ,— ইহারাও মূখ্য তুলিয়া দেখিল। কিন্তু আশ্চর্য এই যে, একজনের চোখের দৃষ্টি যেমন শিখার মত জ্বলিতেছে, অপরের চোখের দৃষ্টি তেমনই ক্রান্ত ও মলিন; সে যেন দেখিতেছে না, কিছই শুনিতেন না। এই দলের মধ্যে থাকিয়াও শিবনাথ কোথায় কত দূরেই যেন চলিয়া গেছে।

আশুবাবু শূন্য বলিলেন বসো। কিন্তু তাহারা কোথায় বসিল, কিংবা বসিল কি না সে দেখিবার সময় পাইলেন না।

অবিनाশ বোধ করি অক্ষয়ের যুক্তিমালার ছিন্ন সূত্রটাই হাতে জড়াইয়া লইয়া-ছিল; বলিলেন সন্মুখি সওয়াল-জবাবের প্রসঙ্গ এখন থাক, তাঁর সম্বন্ধে চিন্তা করে দেখবার হেতু আছে স্বীকার করি, প্রশ্নটা একটু জটিল। কিন্তু প্রশ্ন যেখানে ঐ সন্মুখের মাঝে মত সাদা, জলের ন্যায় তরল, সূর্যের আলোর মত স্বচ্ছ এবং সোজা,—এই যেমন আমাদের আশুবাবুর জীবন—কোনদিকে অভাব কিছই ছিল না, আত্মীয়-স্বজন বন্ধু-বান্ধবের চেষ্টার চর্চাও ছিল না—জানি ত সব, কিন্তু এ কথা উনি ভাবতেই পারলেন না তাঁর মত স্ত্রীর জাগরণ আর কাউকে এনে বসানো যায় কিরূপে! এ বস্তু তাঁর কল্পনারও অতীত। বল ত, নরনারীর প্রেমের ব্যাপারে এ কতবড় আদর্শ! কত উঁচুতে এর স্থান!

কমল কি একটা বলিতে বাইতোছিল, কিন্তু পিছনের দিকে একটা মৃদু স্পর্শ অনুভব করিয়া ফিরিয়া চাহিল। শিবনাথ কহিলেন, এখন এ আলোচনা থাক।

কমল জিজ্ঞাসা করিল, কেন?

শিবনাথ উত্তরে শব্দ বলিলেন, এমনিই বলছিলাম। এই বলিয়া চুপ করিলেন। তাঁহার কথায় বিশেষ কেহ মনোযোগ করিল না—সেই উদাস অন্যমনস্ক চোখের অন্তরালে কি কথা যে চাপা রহিল কেহ তাহা জানিল না, জানিবার চেষ্টাও করিল না।

কমল কহিল, ও—এমনিই। তোমার বাড়ি যাবার তাড়া পড়েছে বন্ধি? কিন্তু বাড়িটি ত সঙ্গেই আছেন। এই বলিয়াই সে হাসিল।

আশুবাবু লজ্জা পাইলেন, হরেশ্ব-অক্ষয় মূখ টিঁপিয়া হাসিল, মনোরমা অন্যাদিকে চক্ষু ফিরাইল, কিন্তু যাহাকে লক্ষ্য করিয়া বলা হইল সেই শিবনাথের আশ্চর্য সুন্দর মুখের উপরে একটি রেখারও পরিবর্তন হইল না,—সে যেন একেবারে পাথরে গড়া, যেন দেখিতেও পায় না, শুনতেও পায় না।

অবিনাশের দেরী সহিতোঁছিল না, বলিলেন আমার প্রশ্নের জবাব দাও।

কমল কহিল, কিন্তু স্বামীর নিষেধ যে। তাঁর অবাধা হওয়া কি উচিত? এই বলিয়া সে হাসিতে লাগিল। অবিনাশ নিজেও না হাসিয়া পারিলেন না, কহিলেন এ ক্ষেত্রে অপরাধ হবে না। আমরা এতগুলো লোকে মিলে তোমাকে অনুরোধ করিচি, তুমি বল।

কমল বলিল, আশুবাবুকে আজ নিয়ে শব্দ দুটি দিন দেখতে পেরোঁচি, কিন্তু এর মধ্যেই মনে মনে ঠুঁকে আমি ভালবেসোঁচি। এই বলিয়া শিবনাথকে দেখাইয়া কহিল, এখন বদ্বতে পারিচি উনি কেন আমাকে বলতে নিষেধ করছিলেন।

আশুবাবু নিজেই তাহাতে বাধা দিলেন, কহিলেন কিন্তু আমার দিক থেকে তোমার কুণ্ঠাবোধ কল্পবার কোন কারণ নেই। বড়ো আশু বদ্বি বস্তু নিরীহ মানব কমল, তাকে মাত্র দুটি দিন দেখেই অনেকটা ঠাওর করেচ, আরও দিন-দুই দেখলেই বদ্ববে তাকে ভয় করার মত ভুল আর সংসারে নেই। তুমি স্বচ্ছন্দ বল, এ-সব কথা শুনতে আমার সত্যিই আনন্দ হয়।

কমল কহিল, কিন্তু ঠিক এইজন্যেই ত উনি বারণ করোঁছিলেন, আর এইজন্যেই অবিনাশবাবুর কথার উত্তরে এখন আমার বলতে বাধা যে, নর-নারীর প্রেমের ব্যাপারে একে বড় বলেও মনে করিনে, আদর্শ বলেও মানিনে।

অক্ষয় কথা কহিল। তাহার প্রশ্নের ভঙ্গীতে শ্লেষ ছিল, বলিল খুব সম্ভব আপনারা মানেন না, একটু শুনতে পাই কি?

কমল তাহার প্রতি চাহিল, কিন্তু তাহাকেই যে উত্তর দিল তাহা নয়। বলিল, একদিন স্ত্রীকে আশুবাবু ভালবেসোঁছিলেন, কিন্তু তিনি আর বেঁচে নেই। তাঁকে দেবারও কিছুর নেই, তাঁর কাছে পাবারও কিছুর নেই। তাঁকে সুখী করাও যায় না, দুঃখ দেওয়াও যায় না। তিনি নেই। ভালবাসার পাথ গাছে নিশ্চয় হয়ে আছে, আছে কেবল একদিন যে তাঁকে ভালবেসোঁছিলেন সেই ঘটনাটা মনে। মানব নেই আছে স্মৃতি। তাকেই মনের মধ্যে অহরহ পালন করে, বর্তমানের চেয়ে অতীতটাকে খুব জ্ঞানে জীবন-স্বপন করার মধ্যে যে কি বড় আদর্শ আছে আমি ত ভেবে পাইনে।

কমলের মূর্খের এই কথাটার আশ্রুবাবু পুনরায় আঘাত পাইলেন। বলিলেন, কমল, কিন্তু আমাদের দেশের বিধবাদের হাতে ত শ্রুত এই জিনিসটিই থাকে চরম সম্বল। স্বামী যায়, কিন্তু তাঁর স্মৃতি নিলেই ত বিধবা-জীবনের পবিত্রতা অব্যাহত থাকে। এ কি তুমি মানো না?

কমল বলিল, না। একটা বড় নাম দিলেই ত কোন জিনিস সংসারে সত্যিই বড় হয়ে যায় না। বরঞ্চ বলুন এইভাবে এদেশের বৈধবা-জীবন কাটানোই বিধি, বলুন একটা মিথ্যাকে সত্যের গোরব দিয়ে লোকে তাদের ঠিকরে আসচে,—আমি অস্বীকার করব না।

অবিনাশ বলিলেন, তাও যদি হয়, মানুষে যদি তাদের ঠিকরেও এসে থাকে, বিধবার ব্রহ্মচর্যের মধ্যে—না থাক, ব্রহ্মচর্যের কথা আর তুলব না,—কিন্তু তার আমরণ সংঘত জীবনযাত্রাকে কি বিবাহ পবিত্রতার মর্যাদাটাও দেব না?

কমল হাসিল, কহিল, অবিনাশবাবু, এও আর একটা এ শব্দের মোহ। ‘সংঘম’ বাক্যটা বহুদিন ধরে বহু মর্যাদা পেয়ে পেয়ে এমনি স্ফীত হয়ে উঠেছে যে, তার আর স্থান-কাল কারণ-অকারণ নেই। বলার সঙ্গে সঙ্গেই সম্মুখে মানুষের মাথা নত হয়ে আসে। কিন্তু অবস্থা-বিশেষে এও যে একটা ফাঁকা আঞ্জাজের বেশী নয়, এমন কথাটা উচ্চারণ করতেও সাধারণ লোকের যদি বা ভয় হয়, আমার হয় না। আমি সে দলের নই। অনেকে অনেকেদিন ধরে কিছু একটা বলে আসচে বলেই আমি মেনে নিইনে। স্বামীর স্মৃতি বৃদ্ধকে নিয়ে বিধবার দিন কাটানোর মত এমন স্বভাবসম্মত পবিত্রতার ধারণাও আমাকে পবিত্র বলে প্রমাণ না করে দিলে স্বীকার করতে বাধে।

অবিনাশ উত্তর খুঁজিয়া না পাইয়া ক্ষণকাল বিমূঢ়ের মত চাহিয়া থাকিয়া কহিলেন, তুমি বল কি?

অক্ষয় কহিল, দুয়ে দুয়ে চার হয় এও বোধ করি আপনাকে প্রমাণ করে না দিলে স্বীকার করেন না?

কমল জবাবও দিল না, রাগও করিল না, শ্রুত হাসিল।

আর একটি লোক রাগ করিলেন না, তিনি আশ্রুবাবু; অথচ, কমলের কথায় আহত হইয়াছিলেন তিনিই সবচেয়ে বেশী।

অক্ষয় পুনশ্চ কহিল, আপনার এ-সব কদর্য ধারণা আমাদের ভদ্রসমাজের নয়। সেখানে এ অচল।

কমল তেমনি হাসিমুখেই উত্তর দিল, ভদ্রসমাজে অচল হয়েই ত আছে। এ আমি জানি।

ইহার পর কিছুক্ষণ পরিস্রুত সকলেই মৌন হইয়া রহিলেন। আশ্রুবাবু ধীরে ধীরে বলিলেন, আর একটি কথা তোমাকে জিজ্ঞাসা করি কমল। পবিত্রতা অপবিত্রতার জন্য বর্জিত, কিন্তু স্বভাবতঃ যে অন্য কিছু পারে না,—এই যেমন আমি। মণির স্বর্ণাঙ্গী জননীর স্থানে আর কাউকে বসাবার কথা আমি যে কখনো কল্পনা করতেও পারিনে।

কমল কাহিল, আপনি যে বড়ো হয়ে গেছেন আশুদাব্দ ।

আশুদাব্দ বলিলেন, আজ বড়ো হরোঁচ মানি, কিন্তু সে দিন ত বড়ো ছিলাম না । কিন্তু তখনো ত এ কথা ভাবতে পারিনি ।

কমল কাহিল, সৌদিদও এমনি বড়োই ছিলেন । দেহে নয়, মনে । এক এক জন থাকে যারা বড়ো মন নিয়েই জন্মগ্রহণ করে । সেই বড়োর শাসনের নীচে তাদের শীর্ণ, বিকৃত যৌবন চিরদিন লজ্জায় মাথা হেঁট করে থাকে । বড়ো-মন খুশী হয়ে বলে, আহা ! এই ত বেশ ! হাঙ্গামা নেই, মাতামাতি নেই,—এই ত শাস্তি, এই ত মানুুষের চরম তত্ত্বকথা । তার কত রকমের কত ভাল ভাল বিশেষণ, কত বাহবার ঘট । দুই কান পূর্ণ করে তার খ্যাতির বাদ্য বাজে, কিন্তু এ যে তার জীবনের জয়বাদ্য নয়, আনন্দলোকের বিসর্জনের বাজনা, এ কথা সে জানতেও পারে না ।

সকলেই মনে মনে চাহিলেন, ইহার একটা কড়া রকমের জবাব দেওয়ার প্রয়োজন—মেয়েমানুষের মূখ দিয়া উন্মাদমৌবনের এই নির্লজ্জ স্তবগানে সকলের গানের মধ্যেই জ্বালা করিতে লাগিল, কিন্তু জবাব দিবার মত কথাও কেহ খুঁজিয়া পাইলেন না ।

তখন আশুদাব্দ মৃদুকণ্ঠে জিজ্ঞাসা করিলেন, কমল, বড়ো-মন তুমি কাকে বল ? দেখি নিজের সঙ্গে একবার মিলিয়ে এ সত্যিই সেই কি না ।

কমল কাহিল, মনের বার্ষিক্য আমি তাকেই বলি আশুদাব্দ, যে-মন সূক্ষ্মের দিকে চাইতে পারে না, যার অবসন্ন, জরাগ্রস্ত মন ভবিষ্যতের সমস্ত আশায় জলাঞ্জলি দিয়ে কেবল অতীতের মধ্যেই বেঁচে থাকতে চায় । আর যেন তার কিছু করার, কিছু পাবারই দাবী নেই,—বর্তমান তার কাছে লুপ্ত, অনাবশ্যক, অনাগত অর্থহীন । অতীতই তার সর্বস্ব । তার আনন্দ, তার বেদনা—সেই তার মূলধন । তাকেই ভাজিয়ে খেয়ে সে জীবনের বাকী দিন-কটা টিকে থাকতে চায় । দেখুন ত আশুদাব্দ, নিজের সঙ্গে একবার মিলিয়ে ।

আশুদাব্দ হাসিলেন, বলিলেন, সমস্তমত একবার দেখব তৈ কি ।

অজিতকুমার এতক্ষণের এত কথার মধ্যে একটি কথাও বলে নাই, শুধু নিঃশব্দ চক্ষে কমলের মুখের প্রতি চাহিয়া ছিল, সহসা কি যে তাহার হইল, সে আপনাকে আর সামলাইতে পারিল না, বলিয়া উঠিল. আমার একটা প্রশ্ন—দেখুন মিসেস—

কমল সোজা তাহার দিকে চাহিয়া বলিল, মিসেস কিসের জন্যে ? আমাকে আপনি কমল বলেই ডাকুন না ?

অজিত লজ্জায় রাঙ্গা হইয়া উঠিল—না না, সে কি, সে কেমনধারা যেন—

কমল কাহিল, কিছুই কেমনধারা নয় । বাপ-মা আমার নাম রেখেছিলেন আমাকে ডাকবার জন্যেই ত । ওতে আমি রাগ করিনে । অকস্মাৎ মনোরমার মুখের দিকে চাহিয়া কাহিল, আপনার নাম মনোরমা, তাই বলে যদি আমি ডাকি, আপনি রাগ করেন নাকি ?

মনোরমা মাথা নাড়িয়া বলিল, হাঁ, রাগ করি ।

এ উত্তর তাহার কাছে কেহই প্রত্যাশা করে নাই, আশুবাবু ত কুষ্ঠান্ন গ্লান হইয়া পড়িলেন ।

শুধু কুষ্ঠিত হইল না কমল নিজে । কহিল, নাম ত আর কিছদুই নয়, কেবল একটা শব্দ । যা দিলে বোঝা যায়, বহুর মধ্যে একজন আর একজনকে আহ্বান করচে । তবে অনেক লোকের অভ্যাসে বাখে এ কথাও সত্য । তারা এই শব্দটাকে নানারূপে অলঙ্কৃত করে শুনতে চায় । দেখেন না, রাজারা তাঁদের নামের আগে-পিছে কতকগুলো নিরর্থক বাক্য দিলে, কতকগুলো শ্রী জুড়ে তবে অপরকে উচ্চারণ করতে দেয় ? নইলে তাদের মর্যাদা নষ্ট হয় । এই বলিয়া সে হঠাৎ হাসিয়া উঠিয়া শিবনাথকে দেখাইয়া কহিল, যেমন ইনি । কখনও কমল বলতে পারেন না, বলেন, শিবানী । অজিতবাবু, আপনি বরষ আমাকে মিসেস্ শিবনাথ না বলে শিবানী বলেই ডাকুন । কথাও ছোট, বন্ধবেও সবাই । অঙ্কতঃ আমি ত বুঝবই ।

কিন্তু কি যে হইল, এমন সুস্পষ্ট আদেশ লাভ করিয়াও অজিত কথা কহিতে পারিল না, প্রশ্ন তাহার মুখে বাধিয়াই রহিল ।

তখন বেলা শেষ হইয়া অন্নাগ্নের বাষ্পাচ্ছন্ন আকাশে অস্বচ্ছ জ্যোৎস্না দেখা দিয়াছে, সেই দিকে পিতার দৃষ্টি আকর্ষণ করিয়া মনোরমা বলিল, বাবা, হিম পড়তে শুরু হয়েছে, আর না । এইবার ওঠা ।

আশুবাবু বলিলেন, এই যে উঠি মা ।

অবিনাশ বলিলেন, শিবানী নামটি বেশ । শিবনাথ গুণী লোক, তাই নামটিও দিলেচেন মিষ্টি, নিজের নামের সঙ্গে মিলিয়েছেনও চমৎকার ।

আশুবাবু উৎফুল্ল হইয়া বলিয়া উঠিলেন, শিবনাথ নয় হে অবিনাশ, উপরের—উনি । এই বলিয়া তিনি এইবার আকাশের দিকে দৃষ্টিপাত করিয়া কহিলেন, আদিয়কালের ঐ বৃড়ে ঘটকটি এদের সব দিক দিলে মিল করবার জন্যে যেন আহার নিদ্রা ত্যাগ করে লেগেছিলেন । বেঁচে থাকো ।

অক্ষয় অক্ষয় সোজা হইয়া বসিয়া বার দুই-তিন মাথা নাড়িয়া ক্ষুদ্র চক্ষুদ্বয় যথার্থ বিস্ফারিত করিয়া কহিল, আচ্ছা, আমি আপনাকে এটা প্রশ্ন করিতে পারি কি ?

কমল কহিল, কি প্রশ্ন ?

অক্ষয় বলিলেন, আপনার সৎকাজের বালাই ত নেই, তাই জিজ্ঞেসা করি, শিবানী নামটি ত বেশ, কিন্তু শিবনাথবাবুর সঙ্গে কি আপনার সতাই বিবাহ হইয়াছিল ?

আশুবাবু মৃদু কালিবর্ণ করিয়া কহিলেন, কি অক্ষয়বাবু ?

অবিনাশ কহিলেন, তুমি কি ক্ষেপে গেলে ?

হরেন্দ্র কহিল, ব্লুট !

অক্ষয় কহিল, জানেন ত আমার মিথ্যা চক্ষুদ্বয় নেই ।

হরেন্দ্র বলিল, মিথ্যা সত্যি কোনটাই নেই । কিন্তু আমাদের ত আছে ।

কমল কিন্তু হাসিতে লাগিল । যেন কত তামাশার কথাই না ইহার মধ্যে আছে ।

কহিল, এতে রাগ করবার কি আছে হরেন্দ্রবাবু? আমি বলিচি অক্ষয়বাবু। একেবারে কিছই হয়নি তা নয়। বিয়ের মত কি একটা হয়েছিল। যারা দেখতে এসেছিলেন তারা কিন্তু হাসতে লাগলেন, বললেন, এ বিবাহ বিবাহই নয়,—ফাঁকি। ওঁকে জিজ্ঞাসা করতে বললেন, বিবাহ হল শৈব মতে। আমি বললাম, সেই ভাল। শিবের সঙ্গে যদি শৈবমতেই বিয়ে হয়ে থাকে ত ভাববার কি আছে!

অবিনাশ শুনিয়ে দ্বঃখিত হইলেন, বলিলেন, কিন্তু শৈব বিবাহ ত এখন আর আমাদের সমাজে চলে না কিনা, তাই কোনদিন যদি উনি হয়নি বলে উড়িয়ে দিতে চান ত সত্যি বলে প্রমাণ করবার তোমার কিছই নেই কমল।

কমল শিবনাথের প্রতি চাহিয়া কহিল, হাঁ গা, করবে নাকি তুমি এইরকম কোনদিন?

শিবনাথ কোন উত্তরই দিল না, তেমন উদার গম্ভীরমুখে বসিয়া রহিল। তখন কমল হাসির ছলে কপালে করাঘাত করিয়া বলিল, হা অদ্ভট! উনি যাবেন হয়নি বলে অস্বীকার করতে, আর আমি যাব তাই হয়েছে বলে পরের কাছে বিচার চাইতে? তার আগে গলায় দেবার মত একটুখানি দাঁড়িও জুটবে না নাকি?

অবিনাশ বলিলেন, জুটতে পারে, কিন্তু আত্মহত্যা ত পাপ।

কমল বলিল, পাপ না ছাই। কিন্তু সে হবে না। আমি আত্মহত্যা করতে যাব এ কথা আমার বিধাতাপদ্বঃষণ্ড ভাবতে পারেন না।—

আশুবাবু বলিয়া উঠিলেন, এই ত মানদ্বঃষের মত কথা কমল।

কমল তাহার দিকে চাহিয়া নালিশ করার ভঙ্গীতে বলিল, দেখুন ত অবিনাশবাবুর অন্যায়া। শিবনাথকে দেখাইয়া কহিল, উনি করবেন আমাকে অস্বীকার, আর আমি যাব তাই ঘাড়ে ধরে গুঁকে দিয়ে স্বীকার করিয়ে নিতে? সত্যি যাবে ডুববে, আর যে অনুষ্ঠানকে মানিনে তারই দাঁড়ি দিয়ে গুঁকে রাখবো বেঁধে? আমি? আমি করব এই কাজ? বলিতে বলিতে তাহার দুই চক্ষু যেন জ্বলিতে লাগিল।

আশুবাবু আস্তে আস্তে বলিলেন, শিবানী, সংসারে সত্যি যে বড় এ আমরা সবাই মানি, কিন্তু অনুষ্ঠানও মিথ্যে নয়।

কমল বলিল, মিথ্যে ত বলিনে। এই যেমন প্রাণও সত্যি, দেহও সত্যি, কিন্তু প্রাণ এখন যায়?

মনোরমা পিতার হাত ধরিয়া টানিয়া বলিল, বাবা, ভারী হিম পড়বে, এখন না উঠলেই যে নয়।

এই যে মা উঠি!

শিবনাথ হঠাৎ দাঁড়াইয়া উঠিয়া বলিলেন, শিবানী, আর দেরি করো না, চল।

কমল তৎক্ষণাৎ উঠিয়া দাঁড়াইল। সকলকে নমস্কার করিল, বলিল, আপনাদের সঙ্গে পরিচয় হল যেন কেবল তর্ক করার জন্যেই। কিছই মনে করবেন না।

শিবনাথ এতক্ষণ পরে একবার হাসিলেন, বলিলেন, তর্কই শূন্য করলে, শিবানী, শিখলে না কিছই ।

কমল বিস্ময়ের কণ্ঠে বলিল, না । কিন্তু শেখবার কোথায় কি ছিল আমার মনে পড়চে না ত ।

শিবনাথ কহিলেন, পড়বার কথাও নয়, সে এমন আড়ালেই রইল । পার যদি আশুবাবুর জরাগ্রস্ত বড়ো মনটাকে একটু শ্রদ্ধা করতে শিখো । তার বড় আর শেখবার কিছই নেই ।

কমল বিস্ময়ে কহিল, এ তুমি বলচ কি আজ :

শিবনাথ জবাব দিল না, পুনরায় সকলকে নমস্কার করিয়া বলিল, চল :

আশুবাবু দীর্ঘনিশ্বাস ফেলিয়া শূন্য বলিলেন, আশ্চর্য !

॥ সাত ॥

আশ্চর্যই বটে। এ ছাড়া মনের কথা ব্যক্ত করিবার আর শব্দ ছিল কি? বস্তুতঃ উহারা চলিয়া গেল যেন এক অত্যাশ্চর্য নাটকের মধ্য-অঙ্কেই শব্দিকা টানিয়া দিয়া— পদরি ওঁপঠে না-জানি কত বিস্ময়ের ব্যাপারই অগোচরে রহিল! সকলের মনের মধ্যে এই একটা কথাই তোলপাড় করিতে লাগিল, এবং সকলেরই মনে হইল, যেন এইজন্যই এখানে শব্দ তাহারা আসিয়াছিল। আকাশে চাঁদ উঠিয়াছে, হেমন্তের শিশির-সিক্ত মন্দ-জ্যোৎস্নার অদূরে তাজের শ্বেতমর্মর মায়াপূরীর ন্যায় উন্ভাসিত হইয়া উঠিয়াছে, কিন্তু তাহার প্রতি আর কাহারও চোখ নাই।

মনোরমা বলিল, এবার না উঠলে তোমার সত্যি অসুখ করবে বাবা।

অবিনাশ কহিলেন, হিম পড়চে, উঠুন।

সকলেই উঠিয়া দাঁড়াইলেন। ফটকের বাহিরে আশুবাবুর প্রকাণ্ড মোটর গাড়ি দাঁড়াইয়া, কিন্তু অক্ষয়-হরেন্দ্রের টাঙ্গা-ওয়ালার খোঁজ পাওয়া গেল না। সে বোধ হয় ইতিমধ্যে বেশী ভাড়ার সওয়ারি পাইয়া অদৃশ্য হইয়াছিল। অতএব কোনমতে ঠেসাঠেসি করিয়া সকলকে মোটরেই উঠিতে হইল।

কিছুক্ষণ পর্যন্ত সকলেই চুপ করিয়া ছিলেন, কথা কহিলেন প্রথমে অবিনাশ; কহিলেন, শিবনাথ মিছে কথা বলেছিল। কমল কিছুতেই একজন সামান্য দাসীর মেয়ে হতে পারে না। অসম্ভব! এই বলিয়া তিনি মনোরমার মূখের দিকে চাহিলেন।

মনোরমার মনের মধ্যেও ঠিক এই প্রশ্নই জাগিতোছিল, কিন্তু সে নির্বাক হইয়া রহিল। অক্ষয় কহিল, মিছে কথা বলবার হেতু? নিজের স্ত্রীর সম্বন্ধে এত গোরবের পরিচয় নয় অবিনাশবাবু!

অবিনাশ বলিলেন সেই কথাই ত ভাবিচি।

অক্ষয় বলিলেন, আপনারা আশ্চর্য হয়ে গেছেন, কিন্তু আমি হইনি। এ সমস্তই শিবনাথের প্রতিধ্বনি। তাই কথার মধ্যে bravado আছে প্রচুর, কিন্তু বস্তু নেই। আসল নকল বন্ধুতে পারি। অত সহজে আমাকে ঠকানো যায় না।

হরেন্দ্র বলিয়া উঠিল, বাপ্পে! আপনাকেই ঠকানো! একেবারে monopoly-তে হস্তক্ষেপ?

অক্ষয় তাহার প্রতি একটা ক্রুদ্ধ কটাক্ষ নির্দ্বিগ্ন করিয়া কহিলেন, আমি জোর করে বলতে পারি, এর ভদ্রধরের culture সিকি-পলসার নেই। মেয়েদের মখে থেকে এ-সমস্ত শব্দ immoral নয়, অশ্লীল।

অবিনাশ প্রতিবাদ করিয়া বলিলেন, তাঁর সব কথা মেয়েদের মৃদু থেকে ঠিক শোভন না হতে পারে, কিন্তু তাকে অশ্লীল বলা যায় না অক্ষয় ।

অক্ষয় কঠিন হইয়া বলিলেন, ও দুই-ই এক অবিনাশবাবু । দেখলেন না, বিবাহ জিনিসটা এর কাছে তামাশার ব্যাপার । যখন সবাই বললে, এ বিবাহই নয়, ফাঁকি, উনি শূদ্র হেসে বললেন, তাই নাকি । Absolute indifference নোটিশ করেন নি । এ কি কখনও ভদ্রকন্যার সাজে, না সম্ভবপর ?

কথাটা অক্ষয়ের সত্য, তাই সবাই মৌন হইয়া রহিলেন । আশুবাবু এতক্ষণ পর্যন্ত কিছুই বলেন নাই । সবই তাঁহার কানে যাইতৌছিল, কিন্তু নিজের খেয়ালেই ছিলেন । হঠাৎ এই স্তম্ভতার তাঁহার ধ্যান ভাঙ্গিল । ধীরে ধীরে বলিলেন, বিবাহটা নয়, এর form-টার প্রতিই বোধ হয় কমলের তেমন আস্থা নেই । অনুষ্ঠান যা হোক কিছু একটা হলেই ওর হলো । স্বামীকে বললে, ওরা যে বলে বিয়েটা হলো ফাঁকি । স্বামী বললেন, বিবাহ হল আমাদের শৈবমতে । কমল তাই শূনে খুশী হয়ে বললে, শিবের সঙ্গে বিয়ে যদি হয়ে থাকে আমার শৈবমতে ত সেই ভাল । কথাটি আমার কি যে মিষ্টি লাগলো অবিনাশবাবু ।

ভিতরে ভিতরে অবিনাশের মনাটিও ছিল ঠিক এই সুরেই বাঁধা, কহিলেন, আর সেই শিবনাথের মৃদুখের পানে চেয়ে হাসিমুখে জিজ্ঞাসা করা—হাঁ গা, করবে নাকি তুমি এইরকম । দেবে নাকি আমাকে ফাঁকি ? কত কথাই ত তার পরে হয়ে গেল আশুবাবু, কিন্তু এর রেশটুকু যেন আমার কানের মধ্যে এখনও বাজছে ।

প্রত্যুত্তরে আশুবাবু হাসিয়া শূদ্র একটুখানি মাথা নাড়িলেন ।

অবিনাশ বলিলেন, আর ওই শিবানী নামটুকু ? এই কি কম মিষ্টি আশুবাবু ?

অক্ষয় আর যেন সহিতে পারিল না, বলিল, আপনারা অবাধ করলেন অবিনাশবাবু ! তাঁদের যা-কিছু সমস্তই মিষ্টি-মধুর । এমন কি শিবনাথের নিজের নামের সঙ্গে একটা ‘নী’ যোগ করাতেও মধু বরে পড়লো !

হরেন্দ্র কহিল, শূদ্র ‘নী’ যোগ করাতেই হয় না অক্ষয়বাবু । আপনার স্ত্রীকে অক্ষয়নী বলে ডাকলেই কি মধু বরবে ?

তাঁহার কথা শূন্যিয়া সকলেই হাসিয়া উঠিলেন । এমন কি মনোরমাও পথের একধারে মৃদু ফিরাইয়া হাসি গোপন করিল ।

অক্ষয় ক্রোধে ক্ষিপ্ত হইয়া উঠিলেন । গর্জন করিয়া কহিলেন, হরেনবাবু, don't you go too far. কোন ভদ্রমহিলার সঙ্গে এ-সকল স্ত্রীলোকের ইঙ্গিতে তুলনা করাকেও আমি অত্যন্ত অপমানকর মনে করি, আপনাকে স্পষ্ট জানিয়ে দিলাম ।

হরেন্দ্র চুপ করিয়া রহিল । তর্ক করাও তাহার স্বভাব নয়, নিজের কথা বৃদ্ধি দিয়া সপ্রমাণ করাও তাহার অভ্যাস নয় । মাঝে হইতে হঠাৎ কিছু একটা বলিয়াই এমনি নীরব হইয়া থাকে যে, সহস্র খৌচাখুঁচিতেও মৃদু দিয়া তাহার কথা বাহির করা যায় না । হইলও তাই । অক্ষয় বাকী পথটা শিবানীকে ছাড়িয়া হরেন্দ্রকে লইয়া পাড়িলেন । সে যে ভদ্রমহিলাকে ভদ্রতাহীন কদর্য পরিহাস করিয়াছে, এবং শিবনাথের

শৈবমতে বিবাহ-করা স্ত্রীর বাক্যে ও ব্যবহারে যে আভিজাত্যের বাষ্পও নাই, বরঞ্চ, শিক্ষা ও সংস্কার জঘন্য হীনতারই পরিচায়ক, ইহাই অত্যন্ত রুঢ়তার সহিত বারংবার প্রতিপন্ন করিতে করিতে, গাড়ি আশুবাবুর দরজায় আসিয়া থামিল। অবিনাশ ও অন্যান্য সকলে নামিয়া গেলে হরেন্দ্র-অক্ষয়কে পৌঁছাইয়া দিতে গাড়ি চলিয়া গেল।

আশুবাবু উর্ষ্বগ্ন হইয়া কাহিলেন, গাড়ির মধ্যে এঁরা মারামারি না করেন।

অবিনাশ বলিলেন, না, সে ভয় নেই। এ প্রতিদিনের ব্যাপার, কিন্তু তাতে ঠুঁদের বন্ধুত্ব ক্ষুণ্ণ হয় না।

ঘরের মধ্যে চা খাইতে বসিয়া আশুবাবু আস্তে আস্তে বলিলেন, অক্ষয়বাবুর প্রকৃতিটো বড় কঠিন। ইহার চেয়ে কঠিন কথা তাঁহার মুখে আসিত না। সহসা মেয়ের প্রতি চাহিয়া জিজ্ঞাসা করিলেন, আচ্ছা মণি, কমলের সম্বন্ধে তোমার পূর্বের ধারণা কি আজ বদলায় নি?

কিসের ধারণা বাবা?

এই যেমন,—এই যেমন—

কিন্তু আমার ধারণা নিয়ে তোমাদের কি হবে বাবা?

পিতা বিবুদ্ধিত করিলেন না। তিনি জানিতেন এই মেয়েটির বিরুদ্ধে মনোরমার চিত্ত অতিশয় বিমূঢ়। ইহা তাঁহাকে পীড়া দিত, কিন্তু এ লইয়া নতুন করিয়া আলোচনা করিতে যাওয়া যেমন অপ্রীতিকর, তেমন নিষ্ফল।

অকস্মাৎ অবিনাশ বলিয়া উঠিলেন, কিন্তু একটা বিষয়ে আপনারা বোধ হয় তেমন কান দেননি। সে শিবনাথের শেষ কথাটা। কমলের সবটুকুই যদি আপনার প্রতিধর্মানমাত্রই হতো ত এ কথা শিবনাথের বলার প্রয়োজন হত না যে, সে যেন আপনাকে শ্রদ্ধা করতে শেখে। এই বলিয়া সে নিজেও গভীর শ্রদ্ধাভরে অশুবাবুর মুখের প্রতি দৃষ্টিপাত করিয়া কাহিল, বাস্তবিক, বলতে কি, আপনার মত ভক্তির পাত্রই বা সংসারে ক'জন আছে? এতটুকু সামান্য পরিচয়েই যে শিবনাথ এতবড় সত্যটা হৃদয়ঙ্গম করতে পেরেছে, কেবল, এরই জন্যে আমি তার বহু অপরাধ ক্ষমা করতে পারি, আশুবাবু।

শুনিয়া আশুবাবু বাস্ত হইয়া উঠিলেন। তাঁহার বিপুল কলেবর লজ্জায় যেন সঙ্কুচিত হইয়া উঠিল। মনোরমা কৃতজ্ঞতায় দুই চক্ষু পূর্ণ করিয়া বস্তুর মুখের প্রতি মুখ তুলিয়া বলিল, অবিনাশবাবু, এইখানে তাঁর সঙ্গে তাঁর স্ত্রীর সত্যকার প্রভেদ। আজ জানি, সোদিন কাপড় এবং সাবান চাওয়ার ছলে এই মেয়েটি আমাকে শূন্য উপহাস করেই গিয়েছিল,—তার সোদিনকার অভিনয় আমি বুঝতে পারিনি,—কিন্তু সমস্ত ছলাকলা, সমস্ত বিদ্বেষই বাথ' বাবা, তোমাকে যদি না সে আজ সবলের বড় বলে চিনতে পেরে থাকে।

আশুবাবু ব্যাকুল হইয়া উঠিলেন,—কি যে তোরা সব বলিস মা?

অবিনাশ কাহিলেন, অতিশরোক্তি এর মধ্যে কোথাও নেই আশুবাবু। সাবার সময়ে শিবনাথ এই কথাই তার স্ত্রীকে বলবার চেষ্টা করেছিল। আজ কথা সে ক'রনি,

‘কিন্তু তার ঐ একটি কথাতেই আমার মনে হয়েছে ওদের পরস্পরের মধ্যে এখানেই সন্ত মতভেদ আছে ।

আশ্দুবাবু বলিলেন, সে যদি থাকে ত শিবনাথেরই দোষ, কমলের নয় ।

মনোরমা হঠাৎ বলিয়া উঠিল, তুমি কি চোখে যে তাকে দেখেচো সে তুমিই জানো বাবা । কিন্তু তোমার মত মানুষকে যে শ্রদ্ধা করতে পারে না, তাকে কি কখনো ক্ষমা করা যায় ?

আশ্দুবাবু কন্যার মুখের দিকে চাহিয়া বলিলেন, কেন মা ? আমাকে অশ্রদ্ধা করার ভাব ত তার একটা আচরণেও প্রকাশ পায়নি !

কিন্তু শ্রদ্ধাও ত প্রকাশ পায়নি ?

আশ্দুবাবু কহিলেন, পাবার কথাও নয় মণি । বরঞ্চ, পেলেই তার মিথ্যাচার হতো । আমার মধ্যে যে বস্তুটাবে তোমরা শক্তির প্রাচুর্য মনে করে বিস্ময়ে মগ্ন হও, ওর কাছে সেটা নিছক শক্তির অভাব । দুর্বল মানুষকে স্নেহের প্রশ্নে ভালবাসা যায়, এই কথাই আমাকে সে বলেছে, কিন্তু আমার যে মূল্য তার কাছে নেই, জ্বরদস্তি তাই দিতে গিয়ে সে তোমাকেও খেলো করেনি, নিজেকেও অপমান করোনি । এই ত ঠিক, এতে ব্যথা পাবার ত কিছই নেই মণি ।

এতক্ষণ পর্যন্ত অজিত অনামনস্কের ন্যায় ছিল, এই কথায় সে চাহিয়া দেখিল । সে কিছই জানিত না, জানিয়া লইবার অবকাশও হয় নাই । সমস্ত ব্যাপারটাই তাহার কাছে ঝাপসা,—এখন আশ্দুবাবু যাহা বলিলেন তাহাতেও পরিষ্কার কিছই হইল না, তবুও মন যেন তাহার জাগিয়া উঠিল ।

মনোরমা নীরব হইয়া রহিল, কিন্তু অবিনাশবাবু উদ্ভেজনার সহিত জিজ্ঞাসা করিলেন, তা হলে স্বার্থত্যাগের মূল্য নেই বলুন ?

আশ্দুবাবু হাসিলেন, বলিলেন, প্রশ্নটা ঠিক অধ্যাপকের মত হল না । যাই হোক, —না, তার কাছে নেই ।

তা হলে আত্মসংযমেরও দাম নেই ?

তার কাছে নেই । সংযম যেখানে অর্থহীন, সে শব্দ নিষ্ফল আত্মপীড়ন । আর তাই নিয়ে নিজেকে বড় মনে করা কেবল আপনাকে ঠকানো নয়, পৃথিবীকে ঠকানো । তার মদুখ থেকে শব্দে মনে হলো, কমল এই কথাটাই কেবল বলতে চায় । এই বলিয়া তিনি ক্ষণকাল মৌন থাকিয়া কহিলেন, কি জানি সে কোথা থেকে এ ধারণা পেলে, কিন্তু হঠাৎ শব্দে ভারী বিস্ময় লাগে ।

মনোরমা বলিয়া উঠিল,—বিস্ময় লাগে ! সর্বশরীরে জ্বালা ধরে না ? বাবা, কখনো কোন কথাই কি তুমি জোর করে বলতে পারবে না ? যে যা বলবে তাতেই হাঁ দেবে ?

আশ্দুবাবু বলিলেন, হাঁ ত দিইনি মা । কিন্তু বিরাগ-বিশেষ নিয়ে বিচার করতে গেলে কেবল এক পক্ষই ঠকে না, অন্য পক্ষও ঠকে । যে-সব কথা তার মুখে আমার গুঞ্জে দিতে চাই, ঠিক সেই কথাই কমল বলেনি । সে যা বললে তার মোট কথাটা

বোধ হয় এই যে, স্দুর্দীর্ঘ সংস্কারে যে তত্ত্বকে আমরা রক্তের মধ্যে দিয়ে সত্য বলে পেরয়েছি, সে শৃদ্ধ প্রশ্নের একটা দিক। অপর দিকও আছে। কেবল চোখ বন্ধে মাথা নাড়লেই হবে কেন, মণি ?

মনোরমা বলিল, বাবা, ভারতবর্ষে এতকাল ধরে কি সে দিকটা দেখবার লোক ছিল না ?

তাহার পিতা একটুখানি হাসিরা কহিলেন, এ অত্যন্ত রাগের কথা মা। নইলে এ তুমি নিজেই ভাল করে জান যে, শৃদ্ধ কেবল আমাদের দেশেই নয়, কোন দেশেই মানুষের পূর্বগামীরা শেষ প্রশ্নের জবাব দিয়ে গেছেন এমন হতেই পারে না। তা হলে সৃষ্টি থেমে যেত। এর চলার আর কোন অর্থ থাকতো না।

হঠাৎ তাহার চোখে পড়িল অজিত একদৃষ্টিে চাহিয়া আছে। বলিলেন, তুমি বোধ করি কিছুই বুঝতে পারচো না,—না !

অজিত ঘাড় নাড়িলে আশুবাবু ঘটনাটা আনুপূর্বিক বিবৃত করিয়া কহিলেন, অক্ষয় কি যে পবিত্র হোমকুণ্ডের আগুন জ্বলে দিলেন, লোকে চেয়ে দেখবে কি, খুঁয়ার জ্বালায় চোখ খুলতেই পারলে না। অথচ, মজা হল এই যে, আমাদের মামলা হলো শিবনাথের বিরুদ্ধে, আর দণ্ড দিলাম কমলকে। তিনি ছিলেন এখানকার একজন অধ্যাপক, মদ খাবার অপরাধে গেল তাঁর চাকরি, রত্না স্ত্রীকে ত্যাগ করে ঘরে আনলেন কমলকে। বললেন, বিবাহ হয়েছে শৈবমতে,—অক্ষয়বাবু ভিতরে ভিতরে সংবাদ আনিয়া জানালেন, সব ফাঁকি। জিজ্ঞাসা করা হলো, মেয়েটি কি ভদ্রবরের ? শিবনাথ বললেন, সে তাঁদের বাড়ির দাসীর কন্যা। প্রশ্ন করা হলো, মেয়েটি কি শিক্ষিতা ? শিবনাথ জবাব দিলেন, শিক্ষার জন্যে বিবাহ করেন নি, করেছেন রূপের জন্যে। শোন কথা। কমলের অপরাধ আমি কোথাও খুঁজে পাইনে অজিত, অথচ তাকেই দূর করে দিলাম আমরা সকল সংসর্গ থেকে। আমাদের ঘণ্টাটা পড়লো গিয়ে তারপরেই সব চেয়ে বেশী। আর এই হলো সমাজের সূবিচার !

মনোরমা কহিল, তাকে কি সমাজের মধ্যে ডেকে আনতে চাও বাবা ?

আশুবাবু বলিলেন, আমি চাইলেই হবে কেন মা ? সমাজের অক্ষয়বাবুরাও ত আছেন, তাঁরই ত প্রবল পক্ষ ?

মেয়ে জিজ্ঞাসা করিল, তুমি একলা হলে ডেকে আনতে বোধ হয় ?

পিতা তাহার স্পষ্ট জবাব দিলেন না, কহিলেন, ডাকতে গেলেই কি সবাই আসে মা ?

অজিত বলিল, আশ্চর্য এই যে, আপনার মতের সঙ্গেই তাঁর সব চেয়ে বিরোধ, অথচ আপনারই স্নেহ পেয়েছেন তিনি সবচেয়ে বেশী।

অবিনাশ বলিলেন, তার কারণ আছে অজিতবাবু। কমলের আমরা কিছুই জানিনে, জানি শৃদ্ধ তার বিপ্লবের মতটাকে। আর জানি তার অখণ্ড মন্দ দিকটাকে। তাই তার কথা শুনলে আমাদের ভয়ও হয়, রাগও হয়। ভাবি, এইবার গেল বুঝি সব।

আশুদ্বাব্দকে উদ্দেশ্য করিয়া কহিলেন, ঠুঁর নিষ্পাপ দেহ, নিষ্কলুষ মন, সন্দেহের ছায়াও পড়ে না, ভয়েরও দাগ লাগে না। মহাদেবের ভাগ্যে বিষই বা কি, আর অমৃতই বা কি, গলাতেই আটকাবে, উদরস্থ হবে না। দেবতার দলই আসুক, আর দৈত্যদানোবেই ঘিরে ধরুক, নির্লিপ্ত নির্বিকার চিত্ত,—শুধু বাতে কাব্দ না করলেই উনি খুশী। কিন্তু আমাদের ত—

কথা শেষ হইল না, আশুদ্বাব্দ অকস্মাৎ দুই হাত তুলিয়া তাঁহাকে থামাইয়া দিয়া কহিলেন, আর দ্বিতীয় কথাটি উচ্চারণ করবেন না অবিনাশবাব্দ, আপনার পায়ে পড়ি। নিরবচ্ছিন্ন একটি যুগ বিলেতে কাটিয়ে এসেছি, সেখানে কি করেছি, না করেছি, নিজেরই মনে নেই, অক্ষয়ের কানে গেলে আর রক্ষা থাকবে না। একেবারে নাড়ী-নক্ষত্র টেনে বার করে আনবে। তখন ?

অবিনাশ সবিষ্ময়ে কহিলেন, আপনি কি বিলেতে গিয়েছিলেন নাকি ?

আশুদ্বাব্দ বলিলেন, হাঁ, সে দুঃস্বার্থ হয়ে গেছে।

মনোরমা কহিল, ছেলেবেলা থেকে বাবার সমস্ত এডুকেশনটাই হয়েছে ইয়োরোপে। বাবা ব্যারিস্টার। বাবা ডক্টর।

অবিনাশ কহিলেন, বলেন কি ?

আশুদ্বাব্দ তেমনিভাবেই বলিয়া উঠিলেন, ভয় নেই, ভয় নেই প্রফেসর, দগমস্ত ভুলে গেছি। দীর্ঘকাল যাবাবরবৃত্তি অবলম্বন করে মেয়ে নিয়ে এখানে সেখানে টোল ফেলে বেড়াই, ঐ যা বললেন সমস্ত চিত্ততলটা একেবারে ধুয়েমুছে নিষ্পাপ নিষ্কলুষ হয়ে গেছে। ছাপছোপ কোথাও কিছু বাকী নেই। সে যাই হোক, দন্না করে ব্যাপারটা যেন আর অক্ষয়বাবু'র গোচর করবেন না।

অবিনাশ হাসিয়া বলিলেন, অক্ষয়কে আপনার ভারী ভয় :

আশুদ্বাব্দ তৎক্ষণাৎ স্বীকার করিয়া কহিলেন, হাঁ। একে বাতের জ্বালায় বাঁচিলে, তাতে ঠুঁর কে তুহল জাগ্রত হলে একেবারে মারা যাব।

মনোরমা রাগিয়াও হাসিয়া ফেলিল, বলিল, বাবা, এ তোমার বড় অনায়াস।

বাবা বলিলেন, অনায়াস হোক মা, আত্মরক্ষায় সকলেরই অধিকার আছে।

শুনিয়া সকলেই হাসিতে লাগিল; মনোরমা জিজ্ঞাসা করিল, আচ্ছা বাবা, মানুষের সমাজে অক্ষয়বাবু'র মত লোকের কি প্রয়োজন নেই তুমি মনে কর ?

আশুদ্বাব্দ বলিলেন, তোমার ঐ প্রয়োজন শব্দটাই যে সংসারে সবচেয়ে গোলমালে বস্তু, মা। আগে ওর নিষ্পত্তি হোক, তবে তোমার প্রশ্নের যথার্থ উত্তর দেওয়া যাবে। কিন্তু সে ত হবার নয়, তাই চিরকালই এই নিম্নে তর্ক চলেছে, মীমাংসা আর হলো না।

মনোরমা ক্ষুব্ধ হইয়া কহিল, তুমি সব কথার জবাবই এমনি এড়িয়ে চলে যাও বাবা, কখনো স্পষ্ট করে কিছু বল না। এ তোমার বড় অনায়াস।

আশুদ্বাব্দ হাসিমুখে কহিলেন, স্পষ্ট করে বলবার মত বিদ্যে-বুদ্ধি তোমার বাপের নেই মণি,—সে তোমার কপাল। এখন খামকা আমার ওপর রাগ করলে চলবে কেন বল ত ?

অজিত হঠাৎ উঠিয়া দাঁড়াইয়া কহিল, মাথাটা একটু ধরেছে, বাইরে বাইরে খানিক ঘুরে আসি গে ।

আশুদ্বাব্দ ব্যস্ত হইয়া বলিলেন, মাথার অপরাধ নেই বাবা, কিন্তু এই হিমে ? এই অন্ধকারে ?

দক্ষিণের একটা খোলা জানালা দিয়া অনেকখানি স্নিগ্ধ জ্যোৎস্না নীচের কার্পেটের উপর ছড়াইয়া পড়িয়াছিল, অজিত সেইদিকে ভাঁহার দৃষ্টি আকৃষ্ট করিয়া কহিল, হিম হয়ত একটু পড়চে, কিন্তু অন্ধকার নেই । যাই, একটু ঘুরে আসি ।

কিন্তু হেঁটে বোড়ায়ো না ।

না, গাড়িতেই যাবো ।

গাড়ির ঢাকনাটা তুলে দিয়ো অজিত, যেন হিম লাগে না ।

অজিত সন্মত হইল । আশুদ্বাব্দ বলিলেন, তা হলে অবিনাশবাব্দকেও অর্মানি পেঁছে দিয়ো য়েয়ো । কিন্তু, ফিরতে যেন দেরি না হয় ।

আশুদ্বাব্দ, বলিয়া অজিত অবিনাশবাব্দকে সঙ্গে করিয়া বাহির হইয়া গেলে আশুদ্বাব্দ মৃদু হাস্য করিয়া কহিলেন, এ ছেলের মোটরে ঘোরা বাতিক দেখাচি এখনো য়ারনি । এ ঠাণ্ডায় চললো বেড়াতে ।

॥ আট ॥

দিন-পনেরো পরের কথা। সন্ধ্যা হইতে বিলম্ব নাই, অজিত আশুবাবু ও মনোরমাকে অবিনাশবাবুর বাটীতে নামাইয়া দিয়া একাকী শ্রমণে বাহির হইয়াছিলেন। এমন সে প্রায়ই করিত। যে পথটা শহরের উত্তর হইতে আসিয়া কলেজের সন্মুখ দিয়া কিছূদূর পর্যন্ত গিয়া সোজা পশ্চিমে চলিয়া গিয়াছে তাহারই একটা নিরালা জালগায় সহসা উচ্চ নারীকণ্ঠে নিজের নাম শুনিয়া অজিত চমকিয়া গাড়ি থামাইয়া দাঁড়িয়া, শিবনাথের স্ত্রী কমল। পথের ধারে ভাঙ্গাচোরা পুরাতন কালের একটা ম্বিতল বাড়ি, সন্মুখে একটুখানি তেমন শ্রীহীন ফুলের বাগান,—তাহারই একধারে দাঁড়াইয়া কমল হাত তুলিয়া ডাকিতেছে। মোটর থামিতে সে কাছে আসিল, কহিল, আর একদিন একলা যাচ্ছিলেন, আমি কত ডাকলাম, কিন্তু শুনতে পেলেন না। পাবেন কি করে? বাপ্ রে বাপ্! যে জোরে যান,—দেখলে মনে হয় যেন দম বন্ধ হয়ে যাবে। আপনার ভয় করে না?

অজিত গাড়ি হইতে নীচে নামিয়া দাঁড়াইল, কহিল, আপনি একলা যে? শিবনাথবাবু কৈ?

কমল বলিল, তিনি বাড়ি নেই। কিন্তু আপনিই বা একাকী বেরিয়েছেন কেন? সোদিনও দেখেছিলেন সঙ্গ কেউ ছিল না।

অজিত কহিল, না। এ কয়দিন আশুবাবুর শরীর ভাল ছিল না, তাই তাঁরা কেউ বার হননি। আজ তাঁদের অবিনাশবাবুর ওখানে নামিয়ে দিয়ে আমি বেড়াতে বেরিয়েছি। সন্ধ্যাবেলা কিছূতেই আমি ঘরে থাকতে পারিনে।

কমল কহিল, আমিও না। কিন্তু পারিনে বললেই ত হয় না,—গরীবদের অনেক কিছূই সংসারে পারতে হয়। এই বলিয়া সে অজিতের মূখের পানে চাহিয়া হঠাৎ বলিয়া উঠিল, নোবেন আমাকে সঙ্গ করে? একটুখানি ঘুরে আসবো।

অজিত মৃদুকলে পড়িল। সঙ্গ আজ সোফার পর্যন্ত ছিল না, শিবনাথবাবুও গৃহে নাই তাহা পূর্বেই শুনিয়াছে, কিন্তু প্রত্যাখ্যান করিতেও বাধিল। একটুখানি ম্বিধা করিয়া কহিল, এখানে আপনার সঙ্গী-সাথী বন্ধু কেউ নেই?

কমল কহিল, শোন কথা! সঙ্গী-সাথী পাব কোথায়? দেখুন না চেয়ে একবার পঞ্জীর দশা। শহরের বাইরে বললেই হয়,—সাহগজ না কি নাম, কোথাও কাছাকাছি বোধ করি একটা চামড়ার কারখানা আছে,—আমার প্রতিবেশী ত শূদ্র মূচিরা। কারখানায় যান আসে, মদ খায়, সারা রাত হল্পা করে,—এই ত আমার পাড়া।

অজিত জিজ্ঞাসা করিল, এদিকে ভুল্লোক বন্ধু নেই?

কমল বলিল, বোধ হয় না। আর থাকলেই বা কি—আমাকে তারা বাড়িতে যেতে

দেবে কেন ? তা হলে ত,—মাঝে মাঝে এখন বস্তু একলা মনে হয়,—তখন আপনাদের
স্থানেও যেতে পারতাম। বলিতে বলিতে সে গাড়ির খোলা দরজা দিয়া নিজেই
ভিতরে গিয়া বসিল ; কহিল, আসুন, আমি অনেকদিন মোটরে চাড়াইনি। আজ কিন্তু
আমাকে অনেকদূর পর্যন্ত বোঝিয়ে আনতে হবে।

কি করা উচিত অজিত ভাবিয়া পাইল না, সত্বে সত্বে কহিল, বেশী দূরে
গেলে রাগি হলে যেতে পারে। শিবনাথবাবু বাড়ি ফিরে আপনাকে দেখতে না গেলে
হয়ত কিছু মনে করবেন।

কমল বলিল, নাঃ,—মনে করবার কিছু নেই।

অজিত কহিল, তা হলে ড্রাইভারের পাশে না বসে ভেতরে বসুন না ?

কমল বলিল, ড্রাইভার ত আপনি নিজে। কাছে না বসলে গল্প করব কি করে ?
অতদূরে পিছনে বসে বন্ধি মধু বৃজে যাওয়া যায় ? আপনি উঠুন, আর দেরি
করবেন না।

অজিত উঠিয়া বসিয়া গাড়ি ছাড়িয়া দিল। পথ মৃদু এবং নির্জন, কদাচিত্ত
এক-আধজনের দেখা পাওয়া যায়,—এইমাত্র। গাড়ির দ্রুতবেগ ক্রমশঃ দ্রুততর হইয়া
উঠিল, কমল কহিল, আপনি জোরে গাড়ি চালাতেই ভালবাসেন, না ?

অজিত বলিল, হাঁ।

ভয় করে না ?

না। আমার অভ্যাস আছে।

অভ্যাসই সব। এই বলিয়া কমল একমুহূর্ত মৌন থাকিয়া কহিল, কিন্তু আমার
অভ্যাস নেই, তবু এই আমার ভাল লাগচে। বোধ হয়, স্বভাব, না ?

অজিত কহিল, তা হতে পারে।

কমল কহিল, নিশ্চয়। অথচ এর বিপদ আছে। যারা চড়ে তাদেরও, আর যারা
চাপা পড়ে তাদেরও,—না ?

অজিত কহিল, না, চাপা পড়বে কেন ?

কমল কহিল, পড়লেই বা অজিতবাবু ! দ্রুতবেগের ভারী একটা আনন্দ আছে।
গাড়িরই বা কি, আর এই জীবনেরই বা কি ! কিন্তু যারা ভীত লোক তারা পারে
না। সাবধানে ধীরে ধীরে চলে। ভাবে পথ হাঁটার দৃষ্টিতে যে বাঁচলো এই তাদের
চের। পথটাকে ফাঁকি দিলেই তারা খুশী, নিজেদের ফাঁকিটা টেরও পায় না। ঠিক
না অজিতবাবু ?

কথাটা অজিত বন্ধিতে পারিল না, বলিল, এর মানে ?

কমল তাহার মুখের পানে চাহিয়া একটুখানি হাসিল। ক্ষণেক পরে মাথা নাড়িয়া
বলিল, মানে নেই। এমনি।

কথাটা সে যে বঝাইয়া বলিতে চাহে না, এইটুকুই শব্দ বঝা গেল, আর
কিছু না।

অন্ধকার গাঢ়তর হইয়া আসিতেছে। অজিত ফিরিতে চাহিল, কমল কহিলেন, এরই মধ্যে? চলুন আর একটু যাই।

অজিত কহিল, অনেকদূরে এসে পড়েছি ফিরতে রাত হবে।

কমল বলিল, হলই বা।

কিন্তু শিবনাথবাবু হস্তত বিরক্ত হবেন।

কমল জবাব দিল, হলেনই বা।

অজিত মনে মনে বিস্মিত হইয়া বলিল, কিন্তু আশুবাবুদের বাড়ি ফিরিলে নিজে যেতে হবে, বিলম্ব হলে ভাল হবে না।

কমল প্রত্যুত্তরে কহিল, আগা শহরে ত গাড়ির অভাব নেই, তাঁরা অনায়াসে যেতে পারবেন। চলুন, আরো একটু। এমনি করিয়া কমল যেন তাহাকে জোর করিয়াই নিরন্তর সন্মুখের দিকে ঠেলিয়া লইয়া যাইতে লাগিল।

ক্রমশঃ লোকবিরল পথ একান্ত জনহীন ও রাত্রির অন্ধকার প্রগাঢ় হইয়া উঠিল, চারিদিকের দিগন্তাবস্থিত প্রান্তর। নিরাতশয় স্তম্ভ। অজিত হঠাৎ একসময়ে উষ্মগ চিত্তে গাড়ির গতিরোধ করিয়া বলিল, আর না, ফিরা চলুন।

কমল কহিল, চলুন।

ফিরবার পথে সে ধীরে ধীরে বলিল, ভাবিছিলাম, মিথ্যের সঙ্গে রফা করতে গিয়ে জীবনের কত অমূল্য সম্পদই না মানুষে নষ্ট করে। আমাকে একলা নিজে যেতে আপনার কত সঙ্গীতই না হলেছিল, আমিও যদি সেই ভয়েই পেঁছলে যেতাম, এমন আনন্দটি ত অদৃষ্টে ঘটত না।

অজিত কহিল, কিন্তু শেষ পর্যন্ত না দেখে নিশ্চয় করে ত কিছুই বলা যায় না। ফিরে গিয়ে আনন্দের পরিবর্তে নিরানন্দও ত অদৃষ্টে লেখা থাকতে পারে।

কমল কহিল, এই অন্ধকার নির্জন পথে একলা আপনার পাশে বসে উর্ধ্ববাসে কত দূরেই না বোঁড়য়ে এলাম। আজ আমার কি ভালই যে লেগেছে তা আর বলতে পারিনে।

অজিত বুঝিল কমল তাহার কথায় কান দেয় নাই,—সে যেন নিজের কথা নিজেকেই বলিয়া চলিতেছে। শূন্যতা লজ্জা পাইবার মতন হস্ত সত্যই ইহাতে কিছুই নাই। তবুও প্রথমটা সে সংকুচিত হইয়া উঠিল। ওই মেন্সেটির সম্বন্ধে বিরুদ্ধ কল্পনা ও অশুভ জনশ্রুতির আত্মবোধ হস্ত কেহই কিছু জানে না,—যাহা জানে তাহারও হস্ত অনেকখানি মিথ্যা,—এবং সত্য যাহা আছে তাহাতেও হস্ত অসত্যের ছায়া এমনি ঘোরালো হইয়া পড়িয়াছে যে চিনিয়া লইবার পথ নাই। ইচ্ছা করিলে যাচাই করিয়া বাহারা দিতে পারে তাহারা দেয় না, যেন সমস্তটাই তাহাদের কাছে একেবারে নিষ্ক পরিহাস।

অজিত চুপ করিয়া আছে, ইহাতেই কমলের যেন চেতনা হইল। কহিল, ভাল কথা, কি বলছিলেন, ফিরে গিয়ে আনন্দের বদলে নিরানন্দ অদৃষ্টে লেখা থাকতে পারে : পারে বৈ কি !

অজিত কহিল, তা হলে ?

কমল কহিল, তা হলেও এ প্রমাণ হয় না, যে আনন্দ আজ পেলাম, তা পাইনি।

এবার অজিত হাসিল। বলিল সে প্রমাণ হয় না, কিন্তু এ প্রমাণ হয় যে আপনি তর্কিক কম নয়। আপনার সঙ্গে কথায় পেরে ওঠা ভার।

অর্থাৎ যাকে বলে কুট-তর্কিক, তাই আমি।

অজিত কহিল, না, তা নয়, কিন্তু শেষ ফল যাব দঃখেই শেষ হয় তার গোড়ার দিকে যত আনন্দই থাক, তাকে সত্যকার আনন্দভোগ বলা চলে না। এ ত আপনি নিশ্চয়ই মানেন ?

কমল বলিল, না, আমি মানিনে। আমি মানি, যখন যেটুকু পাই তাকেই যেন সত্য বলে মেনে নিতে পারি। দঃখের দাহ যেন আমার বিগত সুখের শিশিরবিন্দু-গর্দালিকে শুষে ফেলতে না পারে। সে যত অল্পই হোক, পরিমাণ তার যত তুচ্ছই সংসারে গণ্য হোক, তবুও যেন না তাকে অস্বীকার করি। একদিনের আনন্দ যেন না আর একদিনের নিঃশব্দে কাছে লজ্জাবোধ করে। এই বলিয়া সে ক্ষণকাল স্তম্ভ খাঁকিয়া কহিল, এ জীবনে সুখ-দঃখের কোনটাই সত্য নয় অজিতবাবু, সত্যি শব্দ তার চঞ্চল মনুতর্গর্দালি, সত্যি শব্দ তার চলে যাওয়ার ছন্দটুকু। বর্ধাশ্ব এবং হৃদয় দিয়ে একে পাওয়াই ত সত্যিকার পাওয়া। এই কি ঠিক নয় ?

এ প্রশ্নের উত্তর অজিত দিতে পারিল না, কিন্তু তাহার মনে হইল অন্ধকারেও অপরের দৃষ্টি চক্ষু একান্ত আগ্রহে তাহার প্রতি চাহিয়া আছে। সে যেন নিশ্চিত কিছু একটা শুনিতে চায়।

কৈ জবাব দিলেন না ?

আপনার কথাগুলো বেশ স্পষ্ট বঝতে পারলাম না।

পারলেন না ?

না।

একটা চাপা নিঃশ্বাস পড়িল। তাহার পরে কমল ধীরে ধীরে বলিল, তার মানে স্পষ্ট বোঝবার এখনো আপনার সময় আসেনি। যদি কখনো আসে আমাকে কিছু মনে করবেন। করবেন ত ?

অজিত কহিল, করব।

গাড়ি আসিয়া সেই ভাঙ্গা ফুলবাগানের সম্মুখে থামিল। অজিত দ্বার খুলিয়া নিজে রাস্তায় আসিয়া দাঁড়াইল, বাটার দিকে চাহিয়া কহিল, কোথাও এতটুকু আলো নেই, সবাই বোধ হয় ঘুমিয়ে পড়েছে।

কমল নামিতে নামিতে কহিল, বোধ হয়।

অজিত কহিল, দেখুন ত আপনার অন্যান্য। কাউকে জানিয়ে গেলেন না, শিবনাথ-বাবু না জানি কত দুর্ভাবনাই ভোগ করেছেন।

কমল কহিল, হাঁ। দুর্ভাবনার ভায়ে ঘুমিয়ে পড়েছেন।

অজিত জিজ্ঞাসা করিল, এই অন্ধকারে যাবেন কি করে? গাড়িতে একটা হাত-লণ্ঠন আছে, সেটা ছেলে নিয়ে সঙ্গে যাবো?

কমল অত্যন্ত খুশী হইয়া কহিল, তা হলে ত বাঁচি অজিতবাবু। আসুন, আসুন, আপনাকে একটুখানি চা খাইয়ে দিই।

অজিত অনন্দনের কণ্ঠে কহিল, আর যা হুকুম করুন পালন করব, কিন্তু এত রাত্রে চা খাবার আদেশ করবেন না। চলুন, আপনাকে পৌঁছে দিয়ে আসিচি।

সদর দরজার হাত দিতেই খুলিয়া গেল; ভিতরের বারান্দায় একজন হিন্দুস্থানী দাসী ঘুমাইতেছিল, মানুষের সাড়া পাইয়া উঠিয়া বসিল। বাড়িটি ম্বিতল। উপরে চোট ছোট গাট-দুই ঘর। অতিশয় সংকীর্ণ সিঁড়ির নীচে মিটামিট করিয়া একটি হারিকেন লণ্ঠন জ্বলিতেছে, সেইটি হাতে করিয়া কমল তাহাকে উপরে আহ্বান করিতে অজিত সংকেতে ব্যাকুল হইয়া বলিল, না, এখন যাই। রাত অনেক হলো।

কমল জিদ করিয়া কহিল, সে হবে না, আসুন।

অজিত তথ্য ম্বিতা করিতেছে দেখিয়া সে বলিল, আপনি ভাবছেন এলে শিবনাথবাবুর কাছে ভারী লজ্জার কথা। কিন্তু না এলে যে আমার লজ্জা আরও ঢের বেশী এ ভাবছেন না কেন? আসুন। নীচে থেকে এমন অনাদরে আপনাকে যেতে দিলে রাত্রে আমি ঘুমোতো পারবো না।

অজিত উঠিয়া আসিয়া দেখিল ঘরে আসবাব নাই বলিলেই হয়। একখানি অল্প মূল্যের আরাম-কেন্দারা, একটি ছোট টেবিল, একটি টুল, গোটা-তিনেক ভোরঙ্গ, একধারে একখানি পুরানো লোহার খাচের উপর বিছানা-বালিশ গাদা করিয়া রাখা,— যেন, সাধারণতঃ, তাদের প্রয়োজন নাই এমনি একটা লক্ষ্মীড়াছা ভাব। ঘর শূন্য,— শিবনাথবাবু নাই।

অজিত বিস্মিত হইল; কিন্তু মনে মনে ভারী একটা স্বস্তি বোধ করিয়া কহিল, কৈ তিনি ত এখনো আসেন নি?

কমল কহিল, না।

অজিত বলিল, আজ বোধ হয় আমাদের গুণানে তাঁর গান-বাজনা খুব জোরেই চলচে।

কি করে জানলেন?

কাল-পরশু দুদিন বানানি। আজ হাতে পেয়ে আশুবাবু হস্ত সমস্ত ক্ষতিপূরণ করে নিচ্ছেন।

কমল প্রশ্ন করিল, রোজ যান, দুদিন বানানি কেন?

অজিত কহিল, সে খবর আমাদের চেয়ে আপনি বেশী জানেন। সম্ভবতঃ আপনি ছেড়ে বেরনি বলেই তিনি যেতে পারেন নি। নইলে স্বেচ্ছায় গরহাজির হইতেন এ ত তাঁকে দেখে কিছতেই মনে হয় না।

কমল করেক মূহূর্ত তাহার মূখের প্রতি চাহিয়া থাকিয়া অকস্মাৎ হাসিয়া

উঠিল। কহিল, কে জানে তিনি ওখানে যান গান-বাজনা করতে। বাস্তবিক, মানুষকে জ্বরদগ্ধিত ধরে রাখা বড় অন্যায, না ?

অজিত বলিল, নিশ্চয়।

কমল কহিল, উনি ভাল লোক তাই। আচ্ছা, আপনাকে যদি কেউ ধরে রাখতো, থাকতেন ?

অজিত বলিল, না। তা ছাড়া আমাকে ধরে রাখবার ত কেউ নেই।

কমল হাসিমুখে বার দুই-তিন মাথা নাড়িয়া বলিল, ঐ ত মর্শাকিল। ধরে রাখবার কে যে কোথায় লুকিয়ে থাকে জানবার জো নেই। এই যে আমি সন্ধ্যা থেকে আপনাকে ধরে রেখেছি তা টেরও পাননি। থাক থাক, সব কথাই তর্ক কলেই বা হবে কি ? কিন্তু কথায় কথায় ধীর হলে যাচ্ছে, যাই, আমি ও-ধর থেকে চা তৈরি করে আনি।

আর একলাটি আমি চুপ করে বসে থাকবো ? সে হবে না।

হবার দরকার কি। এই বলিয়া কমল সঙ্গে করিয়া তাহাকে পাশের ঘরে আনিয়া একখানি নতুন আসন পাতিয়া দিয়া কহিল, বসুন। কিন্তু বিচিত্র এই দুনিয়ার ব্যাপার অজিতবাবু। সেদিন এই আসনখানি পছন্দ করে কেনবার সময়ে ভেবেছিলাম একজনকে বসতে দিয়ে বলবো,—কিন্তু সে ত আর-একজনকে বলা যার না অজিতবাবু,—তবুও আপনাকে বসতে ত দিলাম। অথচ, কতটুকু সময়েরই বা ব্যবধান !

ইহার অর্থ যে কি ভাবিরা পাওয়া যায়। হয়ত অতিশয় সহজ, হয়ত ততোধিক দূরত্ব। তথাপি অজিত লজ্জায় রাক্ষ হইয়া উঠিল। বলিতে গিয়া তাহার মুখে বাধিল, তবুও কহিল, তাঁকেই বা বসতে দেননি কেন ?

কমল কহিল, এই ত মানুষের মস্ত ভুল। ভাবে সবই বদ্বি তাদের নিজের হাতে কিন্তু কোথায় বসে যে কে সমস্ত হিসেব ওলট-পালট করে দেয়, কেউ তার সন্ধান পায় না। আপনার চায়ে কি বেশী চিনি দেব ?

অজিত কহিল, দিন। চিনি আর দুধের লোভেই আমি চা খাই, নইলে ওতে আমার কোন স্পৃহা নেই।

কমল কহিল, আমিও ঠিক তাই। কেন যে মানুষে এগুলো খায় আমি ত ভেবেই পাইনে। অথচ এর দেশেই আমার জন্ম।

আপনার জন্মভূমি বদ্বি তা হলে আসামে ?

শুধু আসাম নয়, একেবারে চা-বাগানের মধ্যে।

তবুও চায়ে আপনার রুচি নেই ?

একেবারে না। লোকে দিলে খাই শুধু ভ্রুতার জন্যে।

অজিত চায়ের বাটি হাতে করিয়া চারিদিকে চািহিয়া দেখিয়া কহিল, এইটি বদ্বি আপনার রান্নাঘর ?

কমল বলিল, হাঁ।

অজিত জিজ্ঞাসা করিল, আপনি নিজেই রাখেন বন্ধি ; কিন্তু কৈ, আজকে রাখবার ত সময় পাননি ?

কমল কহিল, না ।

অজিত ইতস্ততঃ করিতে লাগিল । কমল তাহার মুখের প্রতি চাহিয়া হাসিমুখে বলিল, এবার জিজ্ঞাসা করুন—তা হলে আপনি খাবেন কি ? তার জবাবে আমি বলব, রাতে আমি খাইনে । সমস্তদিনে কেবল একটাবার মাত্র খাই ।

কেবল একটাবার মাত্র ?

কমল কহিল, হাঁ । কিন্তু এর পরেই আপনার মনে হওয়া উচিত, তাই যদি হলো, তবে শিবনাথবাবু বাড়ি এসে খাবেন কি ? তাঁর খাওয়া ত দেখেচি—সে ত আর এক-আধবারের ব্যাপার নয় ? তবে ? এর উত্তরে আমি বলব, তিনি ত আপনাদের বাড়িতেই থেয়ে আসেন—তাঁর ভাবনা কি ? আপনি বলবেন, তা বটে, কিন্তু সে ত প্রত্যহ নয় । শূনে আমি ভাববো এ কথার জবাব পরকে দিয়ে আর লাভ কি ? কিন্তু তাতেও আপনাকে নিরস্ত করা যাবে না । তখন বাধ্য হয়ে বলতেই হবে, অজিতবাবু, আপনাদের ভয় নেই, তিনি এখানে আর আসেন না । শৈব-বিবাহের শিবানীর মোহ বোধ হয় তাঁর কেটেছে ।

অজিত সত্য সত্যই এ কথার অর্থ বন্ধিতে পারিল না । গভীর বিস্ময়ে তাহার মুখের পানে চাহিয়া জিজ্ঞাসা করিল, এর মানে ? আপনি কি রাগ করে বলছেন ?

কমল কহিল, না, রাগ করে নয় । রাগ করবার বোধ হয় আজ আমার জোর নেই । আমি জানতাম পাথর কিনতে তিনি জয়পুরে গেছেন, আপনার কাছেই প্রথম খবর পেলাম আগ্রা ছেড়ে আজও তিনি যাননি । চলুন, ও-ঘরে গিয়ে বসি গে ।

এ ঘরে আনিয়া কমল বলিল, এ আমাদের শোবার ঘর । তখনও এর বেশী একটা জিনিসও এখানে ছিল না,—আজও তাই আছে । কিন্তু সোদিন এদের চেহারা দেখে থাকলে আজও আমাকে বলতেও হতো না যে আমি রাগ করিনি । কিন্তু আপনার যে ভয়ানক রাত হয়ে যাচ্ছে অজিতবাবু, আর ত দেরি বরা চলে না ।

অজিত উঠিয়া দাঁড়াইয়া কহিল, হাঁ, আজ তাহ'লে আমি যাই ।

কমল সঙ্গে সঙ্গে উঠিয়া দাঁড়াইল ।

অজিত কহিল, যদি অনুমতি করেন ত কাল আসি ।

হাঁ, আসবেন । এই বলিয়া সে পিছনে পিছনে নীচে নামিয়া আসিল ।

অজিত বার-কয়েক ইতস্ততঃ করিয়া কহিল, যদি অপরাধ না নেন ত একটা কথা জিজ্ঞাসা করে যাই । শিবনাথবাবু কতদিন হ'ল আসেন নি ?

হ'ল অনেকদিন । এই বলিয়া সে হাসিল । অজিত তাহার ল'ঠনের আলোকে স্পষ্ট দৌখতে পাইল এ হাসির জাতই আলাদা । তাহার পূর্বেকার হাসির স্হিত কোথাও ইহার কোন অংশেই সাদৃশ্য নাই ।

অজিত যখন বাড়ি ফিরিল তখন গভীর রাত্রি। পথ নীরব, দোকান-পাট বন্ধ,—কোথাও মানুষের চিহ্নমাত্র নাই। ঘড়ি খুলিয়া দেখিল তাহা দমের অভাবে আটটা বাজিয়া বন্ধ হইয়াছে। এখন হয়ত একটা, না-হয় ত দুইটা,—ঠিক যে কত কোন আন্দাজ করিতে পারিল না। আশুবাবুর গৃহে এতক্ষণ যে একটা অত্যন্ত উৎকণ্ঠার ব্যাপার চলিতেছে তাহা নিশ্চিত; শোওয়ার কথা দূরে থাক, হয়ত খাওয়া-দাওয়া পর্যন্ত বন্ধ হইয়া আছে। ফিরিয়া সে যে কি বলিবে ভাবিয়া পাইল না। সত্য ঘটনা বলা যায় না। কেন যায় না সে তর্ক নিষ্ফল, কিন্তু যায় না। বরঞ্চ, মিথ্যা বলা যায়। কিন্তু, মিথ্যা বলার অভ্যাস তাহার ছিল না, ন হইলে মোটের একাকী বাহির হইয়া বিলম্বের কারণ উদ্ভাবন করিতে ভাবিতে হয় না।

গেট খোলা ছিল। দরোয়ান সেলাম করিয়া জানাইল যে সোফার নাই, সে তাঁহাকে খুঁজিতে বাহির হইয়াছে। গাড়ি আস্তাবলে রাখিয়া অজিত আশুবাবুর বসিবার ঘরে গিয়া প্রবেশ করিতেই দেখিল তিনি তখনও শুইতে যান নাই, অসুস্থ দেহ লইয়াও একাকী অপেক্ষা করিয়া আছেন। উদ্বেগে সোজা উঠিয়া বসিয়া বলিলেন, এই যে! আমি বাব বার বল্ছি কি একটা গ্র্যাক্সিডেন্ট হয়েছে। কতবার তোমাকে বল্ছি, পথে-ঘাটে কখনো একলা বার হতে নেই। বড়োর কথা খাটলো ত? শিক্কে হ'ল ত?

অজিত সলশ্বেজ একটুখানি হাসিয়া কহিল, আপনাদের এতখানি ভাবিলে তোলবার জন্যে আমি অতিশয় দুঃখিত।

দুঃখ কাল করো। ঘড়ির পানে তাকিয়ে দ্যাখো দুটো বাজে। দুটি খেয়ে এখন শোও গে। কাল শুনবো সব কথা। যদ্! যদ্!—সে ব্যাটাও কি গেল নাকি তোমাকে খুঁজতে?

অজিত বলিল, দেখুন ত আপনাদের অন্যান্য। এত বড় শহরে কোথায় সে আমাকে পথে পথে খুঁজবে?

আশুবাবু বলিলেন, তুমি ত বললে অন্যান্য। কিন্তু আমাদের যা হাঁছিল তা আমরাই জানি। এগারোটোর সময় শিবনাথের গান-বাজনা বন্ধ হয়েছে, তখন থেকে—মিগই বা গেলো কোথায়? তাকেও ত তখন থেকে দেখাচি নে।

অজিত কহিল, বোধ হয় শুলেছেন।

শোবে কি হে? এখনো যে তার খাওয়াও হয়নি। বলিয়াই তাঁহার হঠাৎ একটা কথা মনে হইতে জিজ্ঞাসা করিয়া উঠিলেন, আস্তাবলে কোচম্যানকে দেখলে?

অজিত কহিল, কৈ না?

তবেই হয়েছে। এই বলিয়া আশুবাবু দৃষ্টিচ্যুত আর একবার সোজা হইয়া বসিয়া কহিলেন, যা ভেবেচি তাই। গাড়ীটা নিজে সেও দেখাচি খুঁজতে বেরিয়েছে। দ্যাখো দাঁকি অন্যান্য। পাছে বারণ করি, এই ভয়ে একটা কথাও বলেনি। চুপি চুপি চলে গেছে। কখন ফিরবে কে জানে। আজ রাতটা তাহলে জেগেই কাটলো।

আমি দেখাচি গাড়ীটা আছে কি না। এই বলিয়া অজিত ঘর হইতে বাহির হইয়া গেল। আস্তাবলে গিয়া দেখিল গাড়ি মজুত এবং ঘোড়া মাঝে মাঝে পা ঠুকিয়া ফ্ৰস্টাচন্তে ঘাস খাইতেছে। তাহার একটা দৃষ্টিচ্যুত কাটিল। নীচের বারান্দার উত্তর-প্রান্তে কয়েকটা বিলাতী ঝাউ ও পাম গাছ বহু অল্প মাথায় করিয়াও কোনমতে টিকিয়াছিল, তাহারই উপরে মনোরমার শয়নকক্ষ। তখনও আলো জ্বলিতেছে কিনা জানিবার জন্য অজিত সেই দিক দিয়া ঘুরিয়া আশুবাবুর কাছে যাইতোঁছিল, ঝোপের মধ্য হইতে মানুুষের গলা কানে গেল! অত্যন্ত পরিচিত কণ্ঠ। কথা হইতোঁছিল কি একটা গানের সুর লইয়া। দোষের কিছই নয়,—তাহার জন্য ছায়াচ্ছন্ন বৃক্ষতলের প্রয়োজন ছিল না। ক্ষণকালের জন্য অজিতের দুই পা অসাড় হইয়া রহিল। কিন্তু ক্ষণকালের জন্যই। আলোচনা চলিতেই লাগিল; সে যেমন নিঃশব্দে আসিয়াছিল, তেমন নিঃশব্দে প্রস্থান করিল। উভয়ের কেহ জানিতেও পারিল না তাহাদের এই নিশীথ বিশ্রমভালাপের কেহ সাক্ষী রহিল।

আশুবাবু ব্যগ্র হইয়া জিজ্ঞাসা করিলেন, খবর পেলে ?

অজিত কহিল, গাড়ি-ঘোড়া আস্তাবলেই আছে। মণি বাইরে যাননি।

বাঁচলে বাবা। এই বলিয়া আশুবাবু নিশ্চিন্ত পরিতৃপ্তির দীর্ঘনিশ্বাস মোচন করিয়া বলিলেন, রাত অনেক হল, সে বোধ হয় ক্রান্ত হয়ে ঘরে গিয়ে ঘুমিয়ে পড়েছে। আজ আর দেখাচি মেয়েটার খাওয়া হল না। যাও বাবা, তুমি দুটি খেয়ে নিজে শূদ্রে পড়ো গে।

অজিত বলিল, এত রাতে আমি আর খাবো না, আপনি শূদ্রে যান।

যাই! কিন্তু কিছই খাবে না? একটু কিছ মুখে দিয়ো—

না, কিছই না। আপনি আর বিলম্ব করবেন না। শূদ্রে যান।

এই বলিয়া সেই রুগ্ন মানুুষটিকে ঘরে পাঠাইয়া দিয়া অজিত নিজের ঘরে আসিয়া খোলা জানালায় সম্মুখে দাঁড়াইয়া রহিল। সে নিশ্চয় জানিত সুরের আলোচনা শেষ হইলে পিতার খবর লইতে এদিকে একবার মনোরমা আসিবেই আসিবে ?

মণি আসিল, কিন্তু প্রায় আধ-ঘণ্টা পরে। প্রথমে সে পিতার বসিবার ঘরের সম্মুখে গিয়া দেখিল ঘর অন্ধকার। যদু বোধ হয় নিকটেই কোথাও সজাগ ছিল, মনিবের ডাকে সাড়া দেয় নাই বটে, কিন্তু তিনি উঠিয়া গেলে আলো নিবাইয়া দিয়াছিল। মনোরমা ক্ষণকাল ইতস্ততঃ করিয়া মুখ ফিরাইতেই দেখিতে পাইলে অজিত তাহার খোলা জানালায় সম্মুখে চুপ করিয়া দাঁড়াইয়া আছে। তাহারো ঘরে আলো ছিল না, কিন্তু উপরের গাড়িবারান্দার ক্ষীণ রশ্মিরেখা তাহার জানালায় গিয়া পড়িয়াছিল।

কে ?

আমি অজিত ।

বাঃ ! কখন এলে ? বাবা বোধ হয় শূতে গেছেন । এই বলিয়া সে যেন একটু চুপ করিবার চেষ্টা করিল, কিন্তু অসমাপ্ত কথার বেগ তাহাকে খামিতে দিল না । বলিতে লাগিল, দ্যাখো ত তোমার অন্যায় । বাড়িন্দুধ লোক ভেবে সারা,—নিশ্চয় কিছু একটা হয়েছিল । তাই ত বাবা বার বার বারণ করেন একলা যেতে ।

এই সকল প্রশ্ন ও মন্তব্যের অজিত একটারও জবাব দিল না ।

মনোরমা কহিল, কিন্তু তিনি কখনই ঘুমুতে পারেন নি । নিশ্চয় জেগে আছেন । তাঁকে একটা খবর দিই গে ।

অজিত কহিল, দরকার নেই । তিনি আমাকে দেখেই তবে শূতে গেছেন ।

দেখেই শূতে গেছেন ? তবে আমাকে একটা খবর দিলে না কেন ?

তিনি মনে করেছিলেন তুমি ঘুমিয়ে পড়েছ ।

ঘুমিয়ে পড়ব কি রকম ? এখনো ত আমার খাওয়া হয়নি পর্যন্ত ।

তা হলে খেয়ে শোও গে । রাত আর নেই ।

তুমি খাবে না ?

না । এই বলিয়া অজিত জানালা হইতে সরিয়া গেল ।

বাঃ ! বেশ ত কথা ! ইহার অধিক কথা তাহার মুখে ফুটিল না । কিন্তু ভিতর হইতেও আর জবাব আসিল না । বাহিরে একাকী মনোরমা স্তম্ভ হইয়া দাঁড়াইয়া রহিল । পীড়াপীড়ি করিয়া, রাগ করিয়া, নিজের জিদ বজায় রাখিতে তাহার জোড়া নাই,—এখন কিসে যেন তাহার মুখ আঁটিয়া বন্ধ করিয়া রাখিল । অজিত রাত্র শেষ করিয়া গৃহে ফিরিয়াছে,—বাড়িন্দুধ সকলের দৃষ্টিসম্মত অস্ত্র নাই,—এতবড় অপরাধ করিয়াও সে-ই তাহাকে অপমানের একশেষ করিল, কিন্তু এতটুকু প্রতিবাদের ভাষাও তাহার মুখে আসিল না এবং শূধু কেবল জিহ্বাই নির্বাক নয়, সমস্ত দেহটাই যেন কিছুক্ষণের মত বিবশ হইয়া রহিল, জানালায় কেহ ফিরিয়া আসিল না, সে রহিল কি গেল এটুকু জানারও কেহ প্রশ্নোজন বোধ করিল না । গভীর নিশীথে এমনি নিঃশব্দে দাঁড়াইয়া মনোরমা বহুক্ষণ পরে ধীরে ধীরে চলিয়া গেল ।

সকালেই বেহারার মুখে আশুবাবু খবর পাইলেন কাল অজিত কিংবা মনোরমা কেহই আহার করে নাই । চা খাইতে বসিয়া তিনি উৎকণ্ঠার সহিত জিজ্ঞাসা করিলেন, কাল তোমার নিশ্চয়ই ভ্রম্মানক কিছু একটা এ্যাক্সিডেণ্ট ঘটেছিল, না ?

অজিত বলিল, না ।

তবে নিশ্চয় হঠাৎ তেল ফুরিয়ে গিয়েছিল ?

না, তেল যথেষ্ট ছিল ।

তবে এত দেরি হল যে ?

অজিত শূধু কহিল, এমনিই ।

মনোরমা নিজে চা খায় না ! সে পিতাকে চা তৈরি করিয়া দিয়া একবাট চা ও

খাবারের খালাটা অজিতের দিকে বাড়াইয়া দিল, কিন্তু প্রশ্নও করিল না, মুখ তুলিয়াও চাহিল না। উভয়ের এই ভাবান্তর পিতা লক্ষ্য করিলেন। আহার শেষ করিয়া অজিত স্নান করিতে গেলে তিনি কন্যাকে নিরালস্য পাইয়া উন্মত্ত-কণ্ঠে কহিলেন, না মা, এটা ভাল নয়। অজিতের সঙ্গে আমাদের সম্বন্ধ যত ঘনিষ্ঠই হোক, তবুও এ-বারিড্ডতে তিনি অতিথি। অতিথির যোগ্য মর্ষাদা তাঁকে দেওয়া চাই!

মনোরমা কহিল, দেওয়া চাইনে এ কথা ত আমি বলিনি বাবা!

না না, বলনি সত্যি, কিন্তু আমাদের আচরণে কোনরূপ বিরক্তি প্রকাশ পাওয়াও অপরাধ।

মনোরমা বলিল, তা মানি। কিন্তু আমার আচরণে অপরাধ হয়েছে এ তুমি কার কাছে শুনলে?

আশুবাবু এ প্রশ্নের জবাব দিতে পারিলেন না। তিনি শোনেন নি কিছুই, জানেন না কিছুই, সমস্তই তাঁহার অনুমান মাত্র। তথাপি মন তাঁহার প্রশ্ন হইল না। কারণ, এমন করিয়া তর্ক করা যায়, কিন্তু উৎকর্ষিত পিতৃ-চিন্তকে নিঃশব্দ করা যায় না। খানিক পরে তিনি ধীরে ধীরে বলিলেন, অত রাতে অজিত আর খেতে চাইলেন না, আমিও শূতে গেলাম; তুমি ত আগেই শূয়ে পড়েছিলে,—কি জানি, কোথায় হয়ত আমাদের একটা অবহেলা প্রকাশ পেয়েছে। গুঁর মনটা আজ তেমনি ভাল নেই।

মনোরমা বলিল, কেউ যদি সারা রাত পথে কাটাতে চায়, আমাদেরও কি তার জন্যে ঘরের মধ্যে জেগে কাটাতে হবে? এই কি অতিথির প্রতি গৃহস্থের কর্তব্য বাবা?

আশুবাবু হাসিলেন। নিজেকে ইজিতে দেখাইয়া বলিলেন, গৃহস্থ মানে যদি এই বেতো রুগীটি হয় মা, তা হলে তাঁর কর্তব্য আটটার মধ্যেই শূয়ে পড়া। নইলে স্নেহ বড় সম্মানিত অতিথি বাত-ব্যাধির প্রতি অসম্মান দেখানো হয়। কিন্তু সে অর্থে যদি অন্য কাউকে বোঝায় ত তাঁর কর্তব্য নির্দেশ করবার আমি কেউ নয়। আজ অনেকদিনের একটা ঘটনা মনে পড়ল মণি। তোমার মা তখন বেঁচে। গুপ্তিপাড়ায় মাছ ধরতে গিয়ে আর ফিরতে পারলাম না। শূধু একটা রাত মাত্রই নয়, তবু একজন তাই নিয়ে গোটা তিনটে রাত্রি জানালায় বসে কাটিয়ে দিলেন। তাঁর কর্তব্য কে নির্দেশ করেছিলেন তখন জিজ্ঞেস করা হয়নি, কিন্তু আর একদিন দেখা হলে এ কথা জেনে নিতে ভুলবো না। এই বলিয়া তিনি ক্ষণকালের জন্য মুখ ফিরাইয়া কন্যার দৃষ্টিপথ হইতে নিজের চোখ-দুটিকে আড়াল করিয়া লইলেন।

এ কাহিনী নতুন নয়। গল্পপছলে এ ঘটনা বহুবার মেয়ের কাছে উল্লেখ করিয়াছেন; কিন্তু তবু আর পুরাতন হয় না। যখনই মনে পড়ে তখনই নতুন হইয়া দেখা দেয়।

ঝি আসিয়া খাবারের কাছে দাঁড়াইল। মনোরমা উঠিয়া পড়িয়া কহিল, বাবা, তুমি একটু বসো, আমি রান্নার যোগাড়টা করে দিবে আসি। এই বলিয়া সে তাড়াতাড়ি

চলিয়া গেল। আলোচনাটা যে আর বেশী দূর গড়াইবার সময় পাইল না, ইহাতে সে স্বস্তি বোধ করিল।

দিনের মধ্যে আশুবাবু, কয়েকবার অজিতের খোঁজ করিয়া একবার জানিলেন সে বই পড়িতেছে, একবার খবর পাইলেন সে নিজের ঘরে বসিয়া চিঠিপত্র লিখিতেছে। মধ্যাহ্নভোজনের সময় সে প্রায় কথাই কহিল না এবং খাওয়া শেষ হইতেই উঠিয়া চলিয়া গেল। অন্যান্য দিনের তুলনায় তাহা যেমন রুঢ়, তেমন বিস্ময়কর।

আশুবাবুর স্কোভের পরিসীমা নাই, কহিলেন, ব্যাপার কি মর্গ ?

মনোরমা আজ বরাবরই পিতার দৃষ্টি এড়াইয়া চলিতেছিল, এখনও বিশেষ কোন-দিকে না চাহিয়াই কহিল, জানিনে ত বাবা ?

তিনি ক্ষণকাল নিজের মনে চিন্তা করিয়া যেন নিজেকেই বলিতে লাগিলেন, তার ফিরে আসা পর্যন্ত আমি ত জেগেই ছিলাম। খেতেও বললাম, কিন্তু অনেক রাতি হইলে বলে সে নিজেই খেলে না। তোমার শুরুর পড়াটা হয়ত ঠিক হয়নি, কিন্তু এতে এমন কি অন্যান্য হইলে আমি ত ভেবে পাই নে। এই তুচ্ছ কারণটাকে সে এত করে মনে নেবে এর চেয়ে আশ্চর্য আর কি ?

মনোরমা চুপ করিয়া রহিল। আশুবাবু, নিজেও কিছুক্ষণ মৌন থাকিয়া ভিতরের লজ্জাটা দমন করিয়া বলিলেন, কথাটা তাকে তুমি জিজ্ঞাসা করলে না কেন ?

মনোরমা জবাব দিল, জিজ্ঞাসা করবার কি আছে বাবা ?

জিজ্ঞাসা করবার অনেক আছে, কিন্তু করাও কঠিন—বিশেষতঃ মর্গের পক্ষে। ইহা তিনি জানিতেন। তথাপি কহিলেন, সে যে রাগ করে আছে এ ত খুব স্পষ্ট। বোধ হয় সে ভেবেছে তুমি তাকে উপেক্ষা কর। এ-রকম অন্যান্য ধারণা ত তার মনে রাখা যেতে পারে না।

মনোরমা বলিল, আমার সম্বন্ধে ধারণা যদি তিনি অন্যান্য করে থাকেন সে তাঁর দোষ। একজনের দোষ সংশোধনের গরজটা কি আর একজনকে গায়ে পড়ে দিতে হবে বাবা ?

পিতা এ প্রশ্নের উত্তর দিতে পারিলেন না। মেন্নেকে তিনি যেভাবে মানুষ করিয়া আঁসিয়াছেন, তাহাতে তাহার আত্মসম্মানে আঘাত পড়ে এমন কোন আদেশই করিতে পারেন, না। সে উঠিয়া গেলে এই কথাটাই নিজের মধ্যে অবিপ্রাম তোলাপাড়া করিয়া তিনি অত্যন্ত বিমর্ষ হইয়া রহিলেন। এরূপ কলহ ঘটিয়াই থাকে এবং এ ভ্রম ক্ষণিক মাত্র, এমন একটা কথা তিনি বহুবার মনে মনে আবৃত্তি করিয়াও জোর পাইলেন না। অজিতকে তিনি জানিতেন। শূধু কেবল সে সকল দিক দিয়া সুদীক্ষিতই নয়, তাহার মধ্যে এমন একটা চরিত্রের সত্যপরতা তিনি নিঃসংশয়ে উপলব্ধি করিয়াছিলেন যে, আঁজকার এই অহেতুক বিরাগের কোনমতেই সামঞ্জস্য হয় না। সকলের অপরিসীম উদ্বেগের হেতু হইয়াও সে লজ্জাবোধের পরিবর্তে রাগ করিয়া রহিল, এমন অসম্ভব সে কি করিয়া তাহাতে সম্ভবপর হইল মীমাংসা করা কঠিন।

বিকালের দিকে একখানা টান্ডা গাড়ি গেটের মধ্যে ঢুকিতে দেখিয়া আশুবাবু, খবর

কইয়া জানিলেন গাড়ি আসিরাছে অজিতের জন্য । অজিতকে ডাকিয়া পাঠাইলেন । সে আসিলে তিনি অতি কষ্টে একটুখানি হাসিয়া জিজ্ঞাসা করিলেন, টাঙ্গা কি হবে অজিত ?

একবার বেড়াতে বার হবে ।

কেন, মোটর কি হলো ? আবার বিগড়েচে নাকি ?

না । কিন্তু আপনাদের প্রয়োজন হতে পারে ত !

যদি হয়ও, জন্যে একটা ঘোড়ার গাড়ি আছে । এই বলিয়া তিনি একমুহূর্ত মৌন থাকিয়া কহিলেন, বাবা অজিত, আমাকে সত্যি বল । মোটর নিয়ে কোন কথা উঠেচে ?

অজিত কহিল, কৈ আমি ত জানিনে । তবে, আজও আপনাদের গান-বাজনার আয়োজন আছে । তাঁদের আনতে, বাড়ি পেঁাছে দিতে মোটরের আবশ্যকই বেশী । ঘোড়ার গাড়িতে ঠিক হয়ে উঠবে না ।

সকাল হইতে নানারূপ দৃশ্চিন্তায় কথাটা আশুবাবু ভুলিয়াই ছিলেন । এখন মনে পড়িল, কাল সভাভঙ্গের পরে আজিকার জন্যও তাঁহাদের আবদান করা হইয়াছিল এবং সম্ম্যার পরেই মজলিস বাসবে । একটা খাওয়ানোর কল্পনাও যে মনোরমার ছিল, এই সঙ্গে এ কথাও তাঁহার স্মরণ হইল । কিন্তু মনে মনে একটু হাসিলেন । কারণ প্রচ্ছন্ন কলহের মানসিক অস্বচ্ছন্দতার কথাটা তাঁহার নিজেই মনে নাই এবং মনে পড়িয়াও ভাল লাগিল না, তখন মেয়ের কাছে যে আজ এ-সকল কতদূরে বিরাজকের তাহা স্বতঃসিমেধর মত অনুমান করিয়া কহিলেন, আজ ও-সব হবে না অজিত ।

অজিত কহিল, কেন ?

কেন ? মণিকেই একবার জিজ্ঞেসা করে দেখ না । এই বলিয়া তিনি বেহারাকে উচ্চৈঃস্বরে ডাকাডাকি করিয়া কন্যাকে ডাকিতে পাঠাইয়া দ্বিঃ হাসিয়া কহিলেন, তুমি রাগ করে আছ বাবা, গান-বাজনা শুনবে কে ? মণি ? আচ্ছা, সে-সব আর একদিন হবে, এখন, যাও তুমি মোটর নিয়ে একটু ঘুরে এসো গে । কিন্তু বেশী দেরী করতে পারে না । আর তোমার একলা যাওয়া চলবে না তা বলে দিচ্ছি । ড্রাইভার ব্যাটা যে কুড়ে হয়ে গেল । এই বলিয়া তিনি একটা সুকঠিন সমস্যার অভাবনীয় সূমীমাংসা করিয়া উচ্ছল আনন্দে আরাম-কেদারায় চিত হইয়া পড়িয়া ফোঁস করিয়া পরিতৃপ্তির দীর্ঘশ্বাস মোচন করিলেন । সঙ্গে সঙ্গে বলিলেন, তুমি যাবে টাঙ্গা ভাড়া করে বেড়াতে ! হিঃ !

মনোরমা ঘরে পা দিয়া অজিতকে দেখিয়া ঘাড় বাঁকাইয়া দাঁড়াইল । সাড়া পাইয়া আশুবাবু সবার সোজা হইয়া বাসিলেন, সর্কোতুক স্নিন্থ-হাস্যে মুখ উজ্জ্বল করিয়া কহিলেন, বালি আজকের কথাটা মনে আছে ত মা ? না, একদম ভুলে বসে আছ ?

কি বাবা ?

আজ যে সকলের স্নেহজন্য ? তোমার গানের পালা শেষ হলে তাঁদের যে আজ খাওয়াবে,—বলি, মনে আছে ত ?

মনোরমা মাথা নাড়িয়া কহিল, আছে বৈ কি ! মোটর পাঠিয়ে দিওঁচি তাদের আনতে ।

মোটর পাঠিয়েছ আনতে ? কিন্তু খাওয়া-দাওয়া ?

মাণি কহিল, সমস্ত ঠিক আছে বাবা, দুটি হবে না ।

আচ্ছা, বলিরা তিন পুনরায় চেয়ারে হেলান দিয়া পড়িলেন । তাঁহার মূখের প'রে কে যেন কালি লেপিয়া দিল ।

মনোরমা চলিয়া গেল । অজিতও বাহির হইয়া যাইতেছিল, আশুদ্বাব্দ তাহাকে ইঙ্গিতে নিষেধ করিয়া বহুক্ষণ নীরব হইয়া রহিলেন । পরে উঠিয়া বসিয়া কহিলেন, অজিত, মেয়ের হয়ে ক্ষমা চাইতে আমার লজ্জা করে । কিন্তু ওর মা বেঁচে নেই, তিন থাকলে আমাকে এ কথা বলতে হতো না ।

অজিত চূপ করিয়া রহিল । আশুদ্বাব্দ বলিলেন, ওর প'রে তুমি কেন রাগ করে আছ, এ তিনই তোমার কাছ থেকে বার করে নিতেন,—কিন্তু তিন ত নেই,—আমাকে কি তা বলা যায় না ।

তাঁহার কণ্ঠস্বর এমনি সঙ্করূপ যে ক্রেশ বোধ হয় । তথাপি অজিত নির্বাক হইয়া রহিল ।

আশুদ্বাব্দ জিজ্ঞাসা করিলেন, ওর সঙ্গে কি তোমার কোন কথাবার্তা হয়নি ?

অজিত কহিল, হয়নি ।

আশুদ্বাব্দ ব্যগ্র হইয়া উঠিলেন, হয়েছিল ? কখন হল ? মাণি হঠাৎ যে কাল ঘুমিয়ে পড়িছিল এ কি তোমাকে সে বলেছিল ?

অজিত কিছুক্ষণ স্থির থাকিয়া বোধ হয় কি জবাব দিবে ইহাই ভাবিয়া লইল, তারপর ধীরে ধীরে কহিল, অত্যাধিক পর্যন্ত নিরর্থক জেগে থাকা সহজও নয়, উচিতও নয় । ঘুমুলে অন্যান্য হতো না, কিন্তু তিন ঘুমোন নি । আপনি শূতে যাবার খানিক পরেই তাঁর সঙ্গে দেখা হয়েছিল ।

তারপরে ?

তারপরে আর কোন কথা আপনাকে বলব না ? এই বলিয়া সে চলিয়া গেল । দ্বারের বাহির হইতে বলিয়া গেল, হয়ত কাল-পরশু আমি এখান থেকে যেতে পারি ।

আশুদ্বাব্দ কিছুই বুঝিলেন না, শূদু বুঝিলেন কি একটা ভয়ানক দুর্ঘটনা ঘটিয়া গেছে ।

অজিতকে লইয়া টাঙ্গা বাহির হইয়া গেল, সে তিন শূন্যে পাইলেন । মিনিট-কয়েক পরে প্রচুর কোলাহল করিয়া নিমন্ত্রিতদের লইয়া মোটর ফিরিয়া আসিল, সে-ও তাঁহার কানে গেল । কিন্তু তিন নাড়িলেন না, সেইখানেই মূর্তির মত নিশ্চল হইয়া

বসিয়া রহিলেন। বৈঠক্ বসিলে বেহারা গিয়া সংবাদ দিল, বাবুর শরীর ভাল নয়, তিনি শ্বইয়া পড়িয়াছেন।

সেদিন গান জমিল না, খাওয়ার উৎসাহ ম্লান হইয়া গেল,—সকলেরই বার বার করিয়া মনে হইতে লাগিল, বাড়ির একজন ভ্রমণের ছলে বাহির হইয়া গেছেন এবং আর একজন তাঁহার বিপদে দেহ ও প্রসন্ন নিঃস্বাস্য লইয়া সভার যে স্থানটি উজ্জ্বল করিয়া রাখিতেন আজ সেখানটা শূন্য পড়িয়া আছে।

এদিকে অজিতের গাড়ি আসিয়া কমলের বাটীর সম্মুখে থামিল। কমল পথের ধারের সঙ্কীর্ণ বারান্দার উপরে দাঁড়াইয়া ছিল, চোখাচোখি হইতেই হাত তুলিয়া নমস্কার করিল। গাড়টাকে ইঙ্গিতে দেখাইয়া চেঁচাইয়া বলিল, ওটা বিদেয় করে বিন। সম্মুখে দাঁড়িয়ে কেবল ফেরবার তাড়া দেবে।

সিঁড়ির মুখেই আবার দেখা হইল। অজিত কহিল, বিদেয় করে ত দিলেন, কিন্তু ফেরবার সমস্ত আর একটা পাওয়া যাবে ত ?

কমল বলিল, না। কতটুকুই বা পথ, হেঁটে যাবেন।

হেঁটে যাব ?

কেন, ভয় করবে নাকি ? না হয় আমি নিজে গিয়ে আপনাকে বাড়ি পর্যন্ত পৌঁছে দিবে আসব। আসুন। এই বলিয়া সে তাহাকে সঙ্গে করিয়া রান্নাঘরে আনিয়া বসিবার জন্য কল্যাণকার সেই আসনখানি পাতিয়া দিয়া কহিল, চেয়ে দেখুন সারাদিন ধরে আমি কত রান্না রেঁখিঁচি। আপনি না এলে রাগ করে আমি সমস্ত মূচীদের ডেকে দিবে দিতাম।

অজিত বলিল, আপনার রাগ ত কম নয়। কিন্তু তাতে এর চেয়ে খাবারগুলোর ঢের বেশী সদর্গিত হতো।

এ কথার মানে ? বলিয়া কমল ক্ষণকাল অজিতের মুখের প্রতি চাইয়া থাকিয়া শেষে নিজেই কহিল, অর্থাৎ আপনার অভাব নেই, হয়ত অধিকাংশই ফেলা যাবে,— কিন্তু তাদের অত্যন্ত অভাব। তারা খেয়ে বাঁচবে। সুতরাং, তাদের খাওয়ানোই খাবারের ষথার্থ সম্ভাবহার, এই না ?

অজিত ঘাড় নাড়িয়া বলিল, এ ছাড়া আর কি !

কমল বলিল, এ হলো সাধু লোকদের ভাল-মন্দের বিচার, পুণ্যাত্মাদের ধর্মবুদ্ধির যুক্তি। পরলোকের খাতায় তারা একেই সাধক ব্যয় বলে লিখিয়ে রাখতে চায়, বোঝে না যে আসলে ঐটেই হলো জুরো। আনন্দের সুধাপাত্র যে অপব্যয়ের অন্যায়েই পরিপূর্ণ হয়ে ওঠে এ কথা তারা জানবে কোথা থেকে ?

অজিত আশ্চর্য হইয়া কহিল, মানুষের কর্তব্য-বুদ্ধির ভেতরে আনন্দ নেই নাকি ?

কমল কহিল, না নেহ। কর্তব্যের মধ্যে যে আনন্দের ছলনা সে দুঃখেরই নামান্তর। তাকে বুদ্ধির শাসন দিবে জোর করে মানতে হয়। সেই ত বন্ধন। তা না হলে এই যে শিবনাথের আসনে এনে আপনাকে বসিয়েছি, ভালবাসার এই অপব্যয়ের মধ্যে আমি আনন্দ পেতাম কোথায় ? এই যে সারাদিন অভুক্ত থেকে কত কি বসে বসে রেঁখিঁচি—

আপনি এসে খাবেন বলে, এত বড় অকর্তব্যের ভেতরে আমি তৃপ্তি পেতাম কোন্‌খানে? অজিতবাবু, আজ আমার সকল কথা আপনি বদ্ব্যবহাৰ না, বোঝবার চেষ্টা করেও লাভ নেই, কিন্তু এতখানি উলটো কথাৰ অৰ্থ যদি কখনো আপনাকেই উপলব্ধ হয়, সোঁদিন কিন্তু আমাকে স্মরণ করবেন। কিন্তু এখন থাক, আপনি খেতে বসুন। এই বলিয়া সে পাত্র ভরিয়া বহুবিধ ভোজ্যবস্তু তাহার সম্মুখে রাখিল।

অজিত বহুব্ৰহ্মণ মৌন থাকিয়া কহিল, এ ঠিক যে আপনাব শেষ কথাগুলোর অৰ্থ আমি ভেবে পেলাম না, কিন্তু তবুও মনে হছে যেন একেবারে অবোধ্য ন্য। বদ্ব্যবহাৰে দিলে হয়ত বদ্ব্যবহাৰেও পারি।

কমল কহিল, কে বদ্ব্যবহাৰে দেবে অজিতবাবু, আমি? আমার দরকার? এই বলিয়া সে হাসিয়া বাকি পাত্রগুলো অগ্রসর করিয়া দিল।

অজিত আহাৰে মনোনিবেশ করিয়া বলিল, আপনি বোধ হয় জানেন না যে, কাল আমার খাওয়া হয়নি।

কমল কহিল, জানিনে বটে, কিন্তু আমার ভয় ছিল অত রাতে ফিরে গিয়ে হয়ত আপনি খাবেন না। তাই হয়েছে। আমার দোষেই কাল কষ্ট পেলেন।

কিন্তু আজ সুন্দ-সুন্দ আদায় হচ্ছে। কথাটা বলিয়াই তাহার স্মরণ হইল কমল এখনও অভুক্ত। মনে মনে লজ্জা পাইয়া কহিল, কিন্তু, আমি একেবারে জন্তুর মত স্বার্থপর। সারাদিন আপনি খাননি, অথচ সোঁদিকে আমার হৃৎশ নেই, দিব্যি খেতে বসে গেছি।

কমল হাসিমুখে জবাব দিল, এ যে আমার নিজের খাওয়ার চেয়ে বড়, তাই ত তাড়াতাড়ি আপনাকে বসিয়ে দিয়েছি অজিতবাবু। এই বলিয়া সে একটু থামিয়া কহিল, আর এ সব মাছ-মাংসের কাণ্ড। আমি ত খাইনে।

কিন্তু কি খাবেন আপনি?

ঐ যে। এই বলিয়া সে দূরে এনামেলের বাটিতে ঢাকা একটা বস্তু হাত দিয়া দেখাইয়া কহিল, ওর মধ্যে আমার চাল-ডাল আর আলু সেক হলে আছে। ঐ আমার রাজভোগ।

এ বিষয়ে অজিতের কৌতুহল নিবৃত্তি হইল না, কিন্তু তাহার সঙ্কেচে বাধিল। পাছে সে দারিদ্র্যের উল্লেখ করে, এই আশঙ্কায় সে অন্য কথা পাড়িল। কহিল, আপনাকে দেখে প্রথম থেকেই আমার কি যে বিস্ময় লেগেছিল তা বলতে পারিনে।

কমল হাসিয়া ফেলিয়া কহিল, সে ত আমার রূপ। কিন্তু সেও হার যেনেছে অক্ষয়বাবুর কাছে। তাঁকে পরাস্ত করতে পারিনে।

অজিত লজ্জা পাইয়াও হাসিল, কহিল, বোধ হয় না। তিনি গোলকুন্ডার মানিক। তাঁর গায়ে আঁচড় পড়ে না। কিন্তু সবচেয়ে বিস্ময় লেগেছিল আপনার কথা শুনে। হঠাৎ যেন ঋষি থাকে না,—রাগ হয়। মনে হয় কোন সত্যকেই যেন

আপনি আমল দিতে চান না। হাত বাড়িয়ে পথ আগলানোই যেন আপনার স্বভাব।

কমল হয়ত ক্ষুব্ধ হইল। বলিল, তা হবে। কিন্তু আমার চেয়েও বড় বিস্ময় সেখানে ছিল—সে আর একটা দিক! যেমন বিপুল দেহ, তেমনি বিরাট শাস্তি। ষেঁর্ষের যেন হির্মাণি। উত্তাপের বাষ্পও সেখানে পৌঁছয় না। ইচ্ছে হয়, আমি যদি তাঁর মেয়ে হতাম।

কথাটি অজিতের অত্যন্ত ভাল লাগিল। আশ্চর্য্যবশত সে অন্তরের মধ্যে দেবতার ন্যায় ভক্তিশ্রদ্ধা করে। তথাপি কহিল, আপনাদের উভয়ের এমন বিপরীত প্রকৃতি মিলতো কি করে?

কমল বলিল, তা জানিনে। আমার ইচ্ছের কথাই শুধু বললাম। মণির মত আমি যদি তাঁর মেয়ে হয়ে জন্মাতাম! এই বলিয়া সে ক্ষণকাল নিস্তব্ধ থাকিয়া কহিল, আমার নিজের বাবাও বড় কম লোক ছিলেন না! তিনিও এমনি ধীর, এমনি শাস্ত মানুষ্ট ছিলেন।

কমল দাসীর কন্যা, ছোটজাতের মেয়ে, সকলের কাছে অজিত এই কথাই শুনিয়াছিল। এখন কমলের নিজের মুখে তাহার পিতার গুণের উল্লেখ তাহার জন্মরহস্য জানিবার আকাঙ্ক্ষা প্রবল হইয়া উঠিল। কিন্তু জিজ্ঞাসাবাদের দ্বারা পাছে তাহার ব্যথার স্থানে অতর্কিত আঘাত করে এই ভয়ে প্রশ্ন করিতে পারিল না। কিন্তু মনটি তাহার ভিতরে ভিতরে গ্নেহে ও করুণায় পূর্ণ হইয়া উঠিল।

খাওয়া শেষ হইল। কিন্তু তাহাকে উঠিতে বলায় অজিত অস্বীকার করিয়া বলিল, আগে আপনার খাওয়া শেষ হোক। তার পরে।

কেন কষ্ট পাবেন অজিতবাবু, উঠুন। বরঞ্চ মুখ ধুয়ে এসে বসুন, আমি খাচ্ছি।

না, সে হবে না। আপনি না খেলে আমি আসন ছেড়ে এক পা-ও উঠবো না।

বেশ মানুষ ত! এই বলিয়া কমল হাসিয়া আহাৰ্য-দ্রব্যের ঢাকা খুলিয়া আহায়ে প্রবৃত্ত হইল। কমল লেশমাত্র অত্যাঁজ করে নাই। চাল-ডাল ও আলু-সিদ্ধই বটে। শুকাইয়া প্রায় বিবর্ণ হইয়া উঠিয়াছে। অন্যান্য দিন সে কি খায়, না খায়, সে জানে না। কিন্তু আজ এত প্রকার পর্যাঁপ্ত আয়োজনের মাঝেও এই স্বেচ্ছাকৃত আত্মপীড়নে তাহার চোখে জল আসিতে চাহিল। কাল শুনিয়াছিল দিনান্তে সে একটাবার মাত্র খায় এবং আজ দেখিতে পাইল তাহা এই। স্মরণ, যুক্তি ও তর্কের ছলনায় কমল মুখে যাহাই বলুক, বাস্তব ভোগের ক্ষেত্রে তাহার এই কঠোর আত্মসংযম অজিতের অভিজ্ঞত মন্থ চক্ষে মাধুর্য ও শ্রদ্ধায় অপূর্ণ হইয়া উঠিল এবং বর্ণনার, অসম্মানে ও অন্যায়ের যে কেহ ইহাকে লাঞ্ছিত করিয়াছে তাহাদের প্রতি তাহার ঘৃণার অবধি রহিল না। কমলের খাওয়ার প্রতি চাহিয়া চাহিয়া এই ভাবটাকে সে আর চাপিতে পারিল না, উচ্ছ্বাসিত আবেগে বলিয়া উঠিল, নিজেদের বড় মনে করে যারা অপমানে আপনাকে দূরে রাখতে চায়, যারা অকারণে গ্লানি করে বেড়ায়, তারা কিন্তু

আপনার পাদস্পর্শের যোগ্য নয়। সংসারের দেবীর আসন যদি কারও থাকে সে আপনার।

কমল অকৃত্রিম বিস্ময়ে মুখ তুলিয়া জিজ্ঞাসা করিল, কেন ?

কেন তা জানিনে, কিন্তু এ আমি শপথ করে বলতে পারি।

কমলের বিস্ময়ের ভাব কাটিল না, কিন্তু সে চুপ করিয়া রহিল।

অজিত বলিল, যদি ক্ষমা করেন ত একটা প্রশ্ন করি।

কি প্রশ্ন ?

পাপিষ্ঠ শিবনাথের কাছে এই অপমান ও বঞ্চনা পাবার পরেই কি এই কৃচ্ছ অবলম্বন করেছেন ?

কমল কহিল, না। আমার প্রথম স্বামী মরবার পর থেকেই আমি এমনি থাই। এতে আমার কষ্ট হয় না।

অজিতের মুখের উপরে যেন কে কালি ঢালিয়া দিল। সে কয়েক মুহূর্ত স্তম্ভ থাকিয়া নিজেকে সামলাইয়া লইয়া আস্তে আস্তে জিজ্ঞাসা করিল, আপনার আর একবার বিবাহ হয়েছিল নাকি ?

কমল কহিল, হাঁ। তিনি একজন অসমীয়া ক্রিশ্চান। তাঁর মৃত্যুর পরেই আমার বাবা মারা গেলেন হঠাৎ ঘোড়া থেকে পড়ে। তখন শিবনাথের এক খুড়ো ছিলেন বাগানের হেড ক্লার্ক। তাঁর স্ত্রী ছিল না, মাকে তিনি আশ্রয় দিলেন। আমিও তাঁর সংসারে এলাম। এইরকম নানা দুঃখে-কষ্টে পড়ে একবেলা খাওয়াই অভ্যাস হয়ে গেল। কৃচ্ছসাধনা আর কি, বরষ শরীর গন দুই-ই ভাল থাকে।

অজিত নিঃশ্বাস ফেলিয়া কহিল, আপনারা শুনেনিছ জাতে তাঁতী।

কমল কহিল, লোকে তাই বলে। কিন্তু মা বলতেন, তাঁর বাবা ছিলেন আপনাদের জাতেরই একজন কবিবরাজ। অর্থাৎ আমার সত্যিকার মাতামহ তাঁতী নয়, বৈদ্য। এই বলিয়া সে একটু হাসিয়া কহিল, তা তিনি যে-ই হোন, এখন রাগ করাও বৃথা আপসোস করাও বৃথা।

অজিত কহিল, সে ঠিক।

কমল বলিল, মার রূপ ছিল, কিন্তু রুচি ছিল না। বিয়ের পরে কি একটা দুর্নাম রটায় তাঁর স্বামী তাঁকে নিজে আসামের চা-বাগানে পালিয়ে যান। কিন্তু বাঁচলেন না, কয়েক মাসেই জ্বরে মারা গেলেন। বছর-তিনেক পরে আমার জন্ম হ'ল বাগানের বড় সাহেবের ঘরে।

তাহার বংশ ও জন্মগ্রহণের বিবরণ শুনিয়া অজিতের মুহূর্তকাল পূর্বের স্মৃতি ও শ্রদ্ধা-বিস্মারিত হৃদয় বিতুষা ও সঙ্কোচে বিন্দুবৎ হইয়া গেল। তাহার সবচেয়ে বাঁজিল এই কথাটা যে, নিজের ও জননীর এতবড় একটা লজ্জাকর বৃত্তান্ত বিবৃত করিতে ইহার লজ্জার লেশমাত্র নাই। অন্যায়সে বলিল, মায়ের রূপ ছিল, কিন্তু রুচি ছিল না। যে অপরাধে একজন মাটির সহিত মিশিয়া যাইত, সে ইহার কাছে রুচি বিকার মাত্র। তার বেশী নয়।

কমল বলিতে লাগিল, কিন্তু আমার বাপ ছিলেন সাধু লোক । চরিত্রে, পান্ডিত্যে, সততা—এমন মানুস খুব কম দেখেছি, অজিতবাবু । জীবনের উনিশটা বছর আমি তাঁর কাছেই মানুস হয়েছিলাম ।

অজিতের একবার সন্দেহ হইল, এ হয়ত উপহাস করিতেছে । কিন্তু এ কি উপহাস ? কাহিল, এ-সব কি আপনি সত্যি বলছেন ?

কমল একটু আশ্চর্য হইয়াই জবাব দিল, আমি ত কখনই মিথ্যে বলিনে অজিতবাবু । পিতার স্মৃতি পলকের জন্য তাহার মুখের পরে একটা স্নিগ্ধ দীর্ঘ ফেলিয়া গেল । কাহিল, এ জীবনে কখনো কোন কারণেই যেন মিথ্যা চিন্তা, মিথ্যা অভিমান মিথ্যা বাক্যের আশ্রয় না নিই, বাবা এই শিক্ষাই আমাকে বার বার দিয়ে গেছেন ।

অজিত তথাপি যেন বিশ্বাস করিতে পারিল না । বলিল, আপনি ইংরেজের কাছে যদি মানুস, আপনার ইংরাজ জানাটাও ত উচিত ।

প্রত্যুত্তরে, কমল শূন্য একটু মূর্চকিয়া হাসিল । বলিল, আমার খাওয়া হয়ে গেছে চলুন ও-ঘরে যাই ।

না, এখন আমি উঠব ।

বসবেন না ? আজ এত শীঘ্র চলে যাবেন !

হাঁ, আজ আর আমার সময় হবে না ।

এতক্ষণ পরে কমল মূখ তুলিয়া তাহার মুখের অত্যন্ত কঠোরতা লক্ষ্য করিল । হয়ত কারণটাও অনুমান করিল । কিছুক্ষণ নির্নিমেষ-চক্ষে চাহিয়া থাকিয়া ধীরে ধীরে বলিল, আচ্ছা যান !

ইহার পরে যে কি বলিবে অজিত খুঁজিয়া পাইল না, শেষে কাহিল, আপনি কি এখন আগ্রাতেই থাকবেন ?

কেন ?

ধরুন শিবনাথবাবু যদি আর না-ই আসেন । তাঁর 'পরে ত আপনার জোর নেই !

কমল, কাহিল না । একটু স্থির থাকিয়া বলিল, আপনাদের ওখানে ত তিনি রোজ যান, গোপনে একটু জেনে নিয়ে কি আমাকে জানাতে পারবেন না ?

তাতে কি হবে ?

কমল কাহিল, কি আর হবে । বাড়িভাড়াটা এ মাসের দেওয়াই আছে, আমি তা হলে কাল-পরশু চলে যেতে পারি !

কোথায় যাবেন ?

কমল এ প্রশ্নের উত্তর দিল না চুপ করিয়া রহিল ।

অজিত জিজ্ঞাসা করিল, আপনার হাতে বোধ করি টাকা নেই ?

কমল এ প্রশ্নেরও উত্তর দিল না ।

অজিত নিজেও কিছুক্ষণ মৌন থাকিয়া বলিল, আসবার সময় আপনার জন্যে কিছু টাকা সঙ্গে এনেছিলাম । নেবেন ?

না ।

না কেন? আমি নিশ্চয়ই জানি আপনার হাতে কিছ্‌দু নেই। যাও বা ছিল, আজ আমারই জন্য তা নিঃশেষ হয়েছে! কিন্তু উত্তর না পাইয়া সে পুনশ্চ কহিল, প্রয়োজনে বন্ধুর কাছে কি কেউ নেয় না?

কমল কহিল, কিন্তু বন্ধু ত আপনি নন।

না-ই হলাম। কিন্তু অ-বন্ধুর কাছেও ত লোকে ঝগ নেয়! আবার শোধ দেয়। আপনি তাই কেন নিন না?

কমল ঘাড় নাড়িয়া কহিল, আপনাকে বলেছি আমি কখনোই মিথ্যে বলিনে।

কথা মৃদু, কিন্তু ভীরের ফলার ন্যায় তীক্ষ্ণ। অজিত বর্নাবল ইহার অন্যথা হইবে না। চাহিয়া দেখিল প্রথম দিনে তাহার গায়ে সামান্য অলঙ্কার যাহা কিছ্‌দু ছিল আজ তাহাও নাই। সম্ভবতঃ বাড়িভাড়া ও এই কয়দিনের খরচ চালাইতে শেষ হইয়াছে। সহসা ব্যথার ভারে তাহার মনের ভিতরটুকু কাঁদিয়া উঠিল। জিজ্ঞাসা করিল, কিন্তু যাওয়াই কি স্থির?

কমল কহিল, তা ছাড়া উপায় কি আছে?

উপায় কি আছে সে জানে না এবং জানে না বলিয়াই তাহার কণ্ঠ হইতে লাগিল। শেষ চেষ্টা করিয়া কহিল, জগতে কি কেউ নেই যার কাছে এ সময়েও কিছ্‌দু সাহায্য নিতে পারেন?

কমল একটুখানি ভাবিয়া বলিল, আছেন। মেয়ের মত তাঁর কাছে গিয়েই শব্দ হাত পেতে নিতে পারি। কিন্তু আপনার যে রাত হয়ে যাচ্ছে। সঙ্গে গিয়ে এগিয়ে দেব কি?

অজিত ব্যস্ত হইয়া বলিল, না না, আমি একাই যেতে পারবো।

তা হলে আসুন, নমস্কার। এই বলিয়া কমল তাহার শোবার ঘরে গিয়া প্রবেশ করিল।

অজিত মিনিট-দুই সেইখানে স্থব্ধভাবে দাঁড়াইয়া রহিল। তার পরে নিঃশব্দে ধীরে ধীরে নামিয়া গেল।

॥ এগার ॥

বেলা তৃতীয় প্রহর। শীতের অবধি নাই। আশুবাবুর বসবার ঘরে সাসীগুলা সারাদিনই বন্ধ আছে, তিনি আরাম-কেদারার দুই হাতলের উপর দুই পা মেলিয়া দিয়া গভীর মনোযোগের সহিত কি একটা পড়িতেছিলেন। সেই কাগজের পাতার পিছনের দরজার দিকে একটা ছায়া পড়ায় বন্ধিলেন এতক্ষণে তাহার বেহারার দিবানিদ্রা সম্পূর্ণ হইয়াছে। কহিলেন, কাঁচা ঘুমে ওঠোনি ত বাবা, তা হলে আবার মাথা ধরবে। বিশেষ কষ্ট বোধ না করো ত গায়ের কাপড়টা দিয়ে গরীবের পা-দুটো একটু ঢেকে দাও।

নীচের কাপেটে একখানা মোটা বালাপোশ লুটাইতেছিল, আগস্কুক সেইখানা তুলিয়া লইয়া তাহার দুই পা ঢাকিয়া দিয়া পায়ের তলা পর্যন্ত বেশ করিয়া মর্ড়িয়া দিল।

আশুবাবু কহিলেন, হয়েছে বাবা, আর অতি-যত্নে কাজ নেই। এইবার একটা চুরটু দিয়ে আর একটুখানি গড়িয়ে নাও গো,—এখনো একটু বেলা আছে কিন্তু বন্ধবে বাবা কাল—

অর্থাৎ কাল তোমার চাকরি যাইবেই। কেন সাড়া আসিল না, কারণ প্রভুর এবং-বিধ মন্তব্যে ভৃত্য অভ্যস্ত। প্রতিবাদ করাও যেমন নিষ্প্রয়োজন, বিচলিত হওয়াও তেমনি বাহুল্য।

আশুবাবু হাত বাড়াইয়া চুরটু গ্রহণ করিলেন এবং দেশলাই জ্বালার শব্দে এতক্ষণে লেখা হইতে মুখ তুলিয়া চাহিলেন। কয়েক মনুহর্ত অতিভূতের মত স্তম্ভ থাকিয়া কহিলেন, তাই ত বলি, এঁকি ষোদোর হাত। এমন করে পা ঢেকে দিতে ত তার চৌন্দপদ্রুমে জানে না।

কমল বলিল, কিন্তু এঁদিকে যে হাত পড়ে যাচ্ছে।

আশুবাবু ব্যস্ত হইয়া জ্বলন্ত কাঠিটা তাহার হাত হইতে ফেলিয়া দিলেন এবং সেই হাত নিজের হাতের মধ্যে লইয়া তাহাকে জোর করিয়া সম্মুখে টানিয়া আনিয়া কহিলেন, এতদিন তোমাকে দেখতে পাইনি কেন মা ?

এই প্রথম তাহাকে তিনি মাতৃ-সম্বোধন করিলেন। কিন্তু তাহার প্রশ্নের যে কোন অর্থ নাই তাহা উচ্চারণ করিবামাত্র তিনি নিজেই টের পাইলেন।

কমল একখানা চৌকি টানিয়া লইয়া দূরে বসিতে যাইতেছিল, তিনি তাহা হইতে দিলেন না, বলিলেন, ওখানে নয় মা, তুমি আমার খুব কাছে এসে বসো। এই বলিয়া তাহাকে একান্ত স্নানকট অবসর্গ করিয়া বলিলেন, এমন হঠাৎ যে কমল ?

কমল কহিল, আজ ভারী ইচ্ছে হল আপনাকে একবার দেখে আসি, তাই চলে এলাম।

আশুদ্বাব্দ প্রত্যন্তরে শব্দ কহিলেন, বেশ করেছে। কিন্তু ইহার অধিক আর কিছু বলিতে পারিলেন না। অন্যান্য সকলের মতো তিনিও জানেন এদেশে কমলের সঙ্গী-সাথী নাই, কেহ তাহাকে চাহে না, কাহারও বাটীতে তাহার বাইবার অধিকার নাই,—নির্ভর নিঃশব্দ জীবনই এই মেরেটিকে অতিবাহিত করিতে হয়, তথাপি এমন কথাও তাঁহার মুখ দিয়া বাহির হইল না,—কমল, তোমার যখন খুশি স্বচ্ছন্দে আসিও। আর যাহার কাছেই হোক, আমার কাছে কোন সৎকাচ নাই। ইহার পরে বোধ করি কথার অভাবেই তিনি মিনিট দুই-তিন কেমন একপ্রকার অন্যমনস্কের মত মৌন হইয়া রহিলেন। তাঁহার হাতের কাগজগুলো নীচে খসিয়া পড়িতে হেঁট হইয়া তুলিয়া দিয়া কহিল, আপনি পড়াছিলেন, আমি অসময়ে এসে বোধ হয় বিঘ্ন করলাম।

আশুদ্বাব্দ বলিলেন, না। পড়া আমার হয়ে গেছে। যেটুকু বাকী আছে তা না পড়লেও চলে—পড়বার ইচ্ছেও নেই। একটুখানি থামিয়া বলিলেন, তা ছাড়া তুমি চলে গেলে আমাকে একলা থাকতেই ত হবে, তার চেয়ে বসে দুটো গল্প করো, আমি শুনি।

কমল কহিল, আমি ত আপনার সঙ্গে সারাদিন গল্প করতে পেলে বেঁচে যাই। কিন্তু আর-সকলে রাগ করবেন যে!

তাহার মুখের হাসি সত্ত্বেও আশুদ্বাব্দ ব্যথা পাইলেন, কহিলেন, কথা তোমার মিমধ্যে নয় কমল। কিন্তু যারা রাগ করবেন তারা কেউ উপস্থিত নেই। এখানকার নতুন ম্যাজিস্ট্রেট বাঙালী। তাঁর স্ত্রী হচ্ছেন মণির বন্ধু, একসঙ্গে কলেজে পড়ে-ছিলেন। দিন-দুই হল তিনি স্বামীর কাছে এসেছেন, মণি তাঁর ওখানেই বেড়াতে গেছেন, ফিরতে বোধ হয় রাগি হবে।

কমল সহাস্যে প্রশ্ন করিল, আপনি বললেন যারা রাগ করবেন। একজন ত মনোরমা, কিন্তু বাকী কারা?

আশুদ্বাব্দ বলিলেন, সবাই। এখানে তার অভাব নেই। আগে মনে হতো অর্জিতের হয়ত তোমার প্রতি রাগ নেই, কিন্তু এখন দেখি তার বিদ্বেষই যেন সবচেয়ে বেশী, যেন অক্ষয়বাবুকেও হার মানিয়েছে।

কমল চুপ করিয়া শুনিতোছে দেখিয়া বলিতে লাগিলেন, এসেও তাকে এমন দোখানি, কিন্তু হঠাৎ দিন দু-তিনের মধ্যে সে যেন বদলে গেল। এখন অবিনাশকেও দেখি তাই। এরা সবাই মিলে যেন তোমার বিরুদ্ধে চক্রান্ত করেছে।

এবার কমল হাসিল, কহিল, অর্থাৎ কুশাংকুরের উপর বজ্রাঘাত! কিন্তু আমার মত সমাজ ও লোকালয়ের বাইরের তুচ্ছ একজন মেরেমানুষের বিরুদ্ধে চক্রান্ত কিসের জন্যে? আমি ত কারও বাড়িতে যাইনে।

আশুদ্বাব্দ বলিলেন, তা যাও না সত্যি। শহরের কোথায় তোমাদের বাসা তাও কেউ জানে না, কিন্তু তাই বলে তুমি তুচ্ছ নয় কমল। তাই তোমাকে এরা

ভুলতেও পারে না মাপ করতেও পারে না। তোমার আলোচনা না করে, তোমাকে খোঁটা না দিয়ে এদের স্বস্তিতও নেই শান্তিও নেই। অকস্মাৎ হাতের কাগজগুলা তুলিয়া ধরিয়৷ কহিলেন, এটা কি জানো? অক্ষয়বাবুর রচনা। ইংরিজী না হলে তোমাকে পড়ে শোনাতাম। নাম-ধাম নেই, কিন্তু এর আগাগোড়া শব্দ তোমারই কথা, তোমাকেই আক্রমণ। কাল ম্যাজিস্ট্রেট সাহেবের বাড়িতে নাকি নারী-কল্যাণ-সমিতির উদ্বোধন হবে,—এ তারই মঙ্গল-অনুষ্ঠান। এই বলিয়া তিনি সেগুলো দূরে নিক্ষেপ করিলেন, কহিলেন, এ শব্দ প্রবন্ধ নয়, মাঝে মাঝে গল্পপছলে পাত্র-পাত্রীদের মূখ্য দিলে নানা কথা বার করা হয়েছে। এর মূল নীতির সঙ্গে কারও বিরোধ নেই—বিরোধ থাকতেই পারে না, কিন্তু এ ত সে নয়। ব্যক্তি-বিশেষকে পদে পদে আঘাত করতে পারাই যেন এব আসল আনন্দ। কিন্তু অক্ষয়ের আনন্দ আর আমার আনন্দ ত এক নয় কমল একে ত আমি ভাল বলতে পারিনে।

কমল কহিল, কিন্তু আমি ত অল্প এ লেখা শুনতে যাবো না,—আমাকে আঘাত করার সার্থকতা কি?

আশুবাবু বলিলেন, কোন সার্থকতাই নেই। তাই বোধ হয় ওরা আমাকে পড়তে দিয়েছে। ভেবেচে ওরাডুবির মর্দাটলাভ। বড়োকে দৃষ্টি দিয়ে ষতটুকু ক্ষোভ মেটে। এই বলিয়া তিনি হাত বাড়াইয়া কমলের হাতখানি আর একবার টানিয়া লইলেন। এই স্পর্শটুকুর মধ্যে যে কি কথা ছিল কমল তাহার সবটুকু বুঝিল না, তবু তাহার ভিতরটায় কি একরকম করিয়া উঠিল। একটু থামিয়া কহিল, আপনাদেবুলতটুকু তাঁরা ধরেচেন, কিন্তু আসল মানুুষটিকে তাঁরা চিনতে পারেননি।

তুমিই কি পেরেচো মা?

বোধ হয় ঠুঁদের চেয়ে বেশী পেরেচি।

আশুবাবু ইহার উত্তর দিলেন না, বহুক্ষণ নীরবে বসিয়া থাকিয়া আস্তে আস্তে বলিতে লাগিলেন, সবাই ভাবে এই সদানন্দ বড়োলোকটির মত সুখী কেউ নেই। অনেক টাকা, অনেক বিষয়-আশয়—

কিন্তু সে ত মিথ্যে নয়।

আশুবাবু বলিলেন, না, মিথ্যে নয়। অর্থ এবং সম্পত্তি আমার যথেষ্ট আছে। কিন্তু ও মানুুষের কতটুকু কমল?

কমল সহাস্যে কহিল, অনেকখানি আশুবাবু।

আশুবাবু ঘাড় ফিরাইয়া তাহার মুখের প্রতি চাহিলেন, পরে কহিলেন, যদি কিছু না মনে করো ত তোমাকে একটা কথা বলি—

বলুন।

আমি বড়োমানুষ, আর তুমি আমার মণির সমবয়সী। তোমার মূখ থেকে আমার নিজের নামটা আমার নিজের কানেই যেন বাধে কমল। তোমার বাধা না থাকে ত আমাকে বরণ কাকাবাবু বলে ডেকো।

— কমলের বিস্ময়ের সীমা রহিল না। আশুবাবু কহিতে লাগিলেন, কথায় আছে

নেই-মামার চেয়ে কানা-মামাও ভালো। আমি কানা নই বাটে, কিন্তু খোঁড়া— বাতে পঙ্গু। বাজারে আশু বদ্যার কেউ কানাকাড়ি দাম দেবে না। এই বলিয়া তিনি সহাস্য কৌতুকে হাতের বৃদ্ধাঙ্গুষ্ঠটি আন্দোলিত করিয়া কহিলেন, না-ই দিলে মা, কিন্তু যার বাবা বেঁচে নেই তার অত খুঁতখুঁতে হলে চলে না। তার খোঁড়া-কাকাই ভালো।

অন্য পক্ষ হইতে জবাব না পাইয়া তিনি পুনশ্চ কহিলেন, কেউ যদি খোঁড়াই দেয় কমল, তাকে বিনয় করে বলে, এই আমার চের। বলো গরীবের রাঙাই সোনা।

তাঁহার চেয়ারের পিছন দিকে বসিয়া কমল ছাদের দিকে চোখ তুলিয়া অশ্রু নিরোধের চেষ্টা করিতে লাগিল, উত্তর দিতে পারিল না। এই দু'জনের কোথাও মিল নাই; শব্দ অনাঅরি-অপরিচয়ের সন্দেহ ব্যবধানই নয়—শিক্ষা, সংস্কার, রীতি-নীতি সংসার ও সামাজিক ব্যবস্থায় উভয়ের রূত বড়ই না প্রভেদ! কোন সম্বন্ধই যেখানে নাই, সেখানে শব্দ কেবল একটা সম্বোধনের ছল করিয়া এই বাঁধিয়া রাখবার কৌশলে কমলের চোখে বহুকাল পরে জল আসিয়া পড়িল।

আশুবাবু জিজ্ঞাসা করিলেন, কেমন মা, পারবে ত বলতে ?

কমল উচ্ছ্বাসিত অশ্রু সামলাইয়া লইয়া শব্দ কহিল, না।

না! না কেন ?

কমল এ-প্রশ্নের উত্তর দিল না, অন্য কথা পাড়িল। কহিল, অজিতবাবু কোথায় ?

আশুবাবু ক্ষণকাল চুপ করিয়া থাকিয়া বলিলেন, কি জানি, হয়ত বাড়িতেই আছে। পুনরায় কিছুক্ষণ মৌন থাকিয়া ধীরে ধীরে বলিতে লাগিলেন, ক'দিন থেকে আমার কাছে বড় একটা সে আসে না! হয়ত সে এখান থেকে শীঘ্রই চলে যাবে।

কোথায় যাবেন ?

আশুবাবু হাসিবার প্রয়াস করিয়া কহিলেন, বড়োমানুষকে সবাই কি সব কথা বলে মা? বলে না। হয়ত প্রয়োজনও বোধ করে না। একটুখানি আমিরা কহিলেন, শুনোচো বোধ হয় মণির সঙ্গে তার বিবাহের সম্বন্ধ অনেকদিন থেকেই স্থির ছিল, হঠাৎ মনে হচ্ছে যেন ওরা কি নিয়ে একটা ঝগড়া করেছে। কেউ কারো সঙ্গে ভাল করে কথাই কল্প না।

কমল নীরব হইয়া রহিল। আশুবাবু একটা নিশ্বাস ফেলিয়া বলিলেন, জগদীশ্বর মালিক, তাঁর ইচ্ছে। একজন গান-বাজনা নিয়ে মেতে উঠেছে, আর একজন তার পুরোনো অভ্যাস সূদে-আসলে ঝালিয়ে তোলবার জোগাড় করছে। এই ত চলছে।

কমল আর চুপ করিয়া থাকিতে পারিল না, কৌতুহলী হইয়া প্রশ্ন করিল, কি তাঁর পুরোনো অভ্যাস ?

আশুবাবু বলিলেন, সে অনেক। ও গেরুয়া পরে সন্ন্যাসী হয়েছে, মণিকে ভালবেসেছে, দেশের কাজে হাজতে গেছে, বিলেতে গিয়ে ইঞ্জিনিয়ার হয়েছে, ফিরে এসে

সংসারী হবার ইচ্ছে, কিন্তু, সম্প্রতি বোধ হয় সেটা একটু বদলেছে। আগে মাছ-মাংস খেতো না, তার পরে খাচ্ছিলো, আবার দেখাছি পরশু থেকে বন্ধ করেছে। যদু বলে, বাবু ষাটখানেক ধরে ঘরে বসে নাক টিপে নাকি যোগাভ্যাস করেন।

যোগাভ্যাস করেন ?

হাঁ। চাকরটাই বলাছিল ফেরবার পথে কাশীতে নাকি সমুদ্রযাত্রার জন্যে প্রার্থীশক্ত করে যাবে।

কমল অত্যন্ত আশ্চর্য হইরা কহিল, সমুদ্রযাত্রার জন্যে প্রার্থীশক্ত করবেন ? অজিতবাবু ?

আশুবাবু ঘাড় নাড়িয়া বলিলেন, পারে ও। ওর হল সর্বতোমুখী প্রতিভা।

কমল হাসিয়া ফেলিল। কি একটা বলিতে যাইতেছিল, এমন সময় দ্বারপ্রান্তে মানুষের ছায়া পড়িল। এবং যে ভৃত্য এত বিভিন্ন প্রকারের সংবাদ মানবকে সরবরাহ করিয়াছে সে-ই আসিয়া সশরীরে দণ্ডায়মান হইল। এবং সবাপেক্ষা কঠিন সংবাদ এই দিল যে, অবিনাশ, অক্ষয়, হরেন্দ্র, অজিত প্রভৃতি বাবুদের দল আসিয়া পড়িলেন বলিয়া। শুনিয়া শব্দ কমল নয়, বন্ধুবর্গের অভাগমে উচ্ছ্বাসিত উল্লাসে অভ্যর্থনা করাই যাহার স্বভাব, সেই আশুবাবুর পর্যন্ত মুখ শুষ্ক হইয়া উঠিল। ক্রমেক পরে আগন্তুক ভদ্রব্যক্তির ঘরে ঢুকিয়া সকলেই আশ্চর্য হইলেন। কারণ এই মেয়েটির এখানে এভাবে দর্শন মিলিতে পারে তাহা তাঁহাদের কল্পনার অতীত। হরেন্দ্র হাত তুলিয়া কমলকে নমস্কার করিয়া কহিল, ভাল আছেন ? অনেকেদিন আপনাকে দেখিনি।

অবিনাশ হাসিবার মত মুখভঙ্গী করিয়া একবার দক্ষিণে ও একবার বামে ঘাড় নাড়িলেন—তাহার কোন অর্থ-ই নাই। আর সোজা মানুষ অক্ষয়। সে সোজা পথে সোজা মতলবে কাঠের মত ক্ষণকাল সোজা দাঁড়াইয়া দুই চক্ষু অবজ্ঞা ও বিরক্তি বর্ষণ করিয়া একখানা চেয়ার টানিয়া বসিয়া পড়িল। আশুবাবুকে জিজ্ঞাসা করিল, আমার আঁটকেলটা পড়লেন ? বলিয়াই তাহার নজরে পড়িল সেই খেলাটা মাটিতে লুটাইতেছে। নিজেই তুলিতে যাইতেছিল, হরেন্দ্র বাধা দিয়া কহিল, থাক না অক্ষয়বাবু, ঝাঁট দেবার সময় চাকরটা ফেলে দেবে অখন।

তাহার হাতটা ঠেঁলিয়া দিয়া অক্ষয় কাগজগুলা কুড়াইয়া আনিলেন।

হাঁ, পড়লাম, বলিয়া আশুবাবু উঠিয়া বসিলেন। চাহিয়া দেখিলেন, অজিত ওধারের সোফার বসিয়া সেইদিনের খবরের কাগজটার চোখ বুল্লাইতে শব্দ করিয়াছে। অবিনাশ কিছু একটা বালতে পাইয়া নিশ্বাস ফেলিয়া বাঁচিলেন, কহিলেন, আমিও অক্ষয়ের লেখাটা আগাগোড়া মন দিয়ে পড়েছি আশুবাবু। ওর অধিকাংশই সত্য, এবং মূল্যবান। দেশের সামাজিক ব্যবস্থার যদি সংস্কার করতেই হয় ত সুপরিচিত এবং সুপ্রতিষ্ঠিত পথেই তাদের চালনা করা কতব্য। ইউরোপের সংস্পর্শে আমরা অনেক ভাল জিনিস পেয়েছি, নিজেদের বহু গুটি আমাদের চোখে পড়েচে মানি।

কিন্তু আমাদের সংস্কার আমাদের নিজের পথেই হওয়া চাই। পরের অনুকরণের মধ্যে কল্যাণ নেই। ভারতীয় নারীর যা বিশিষ্টতা, যা তাঁদের নিজস্ব, সে থেকে যদি লোভ বা মোহের বসে তাঁদের দ্রষ্ট করি, আমরা সকল দিক দিয়েই ব্যর্থ হব। এই না অক্ষয়বাবু ?

কথাগুলি ভালো এবং সমস্তই অক্ষয়বাবুর প্রবন্ধের। বিনয়বশে তিনি মৃদুে কিছুই বলিলেন না, শুধু আত্মপ্রসাদের অনির্বচনীয় তৃপ্তিতে অর্ধনির্মীলিত নেত্রে বার-কয়েক শিরশ্চালন করিলেন।

আশুবাবু অকপটে স্বীকার করিয়া কহিলেন, এ নিম্নে ত তর্ক নেই অবিনাশবাবু। বহু মনসীষী বহুদিন থেকে এ কথা বলে আসছেন এবং বোধ হয় ভারতবর্ষের কোন লোকই এর প্রতিবাদ করে না।

অক্ষয়বাবু বলিলেন, করবার জো নেই এবং এ ছাড়া আরও অনেক বিষয় আছে যা প্রবন্ধে লিখিনি, কিন্তু কাল নারী-কল্যাণ-সমিতিতে আমি বক্তৃতায় বলব।

আশুবাবু ঘাড় ফিরাইয়া কমলের প্রতি চাহিলেন, কহিলেন, তোমার ত আর সমিতিতে নিমন্ত্রণ নেই, তুমি সেখানে যাবে না। আমিও বাতে কাবু। আমি না যাই, কিন্তু এ তোমাদেরই ভাল-মন্দর কথা। হাঁ কমল, তোমার ত এ-প্রস্তাবে আপত্তি নেই।

অন্য সময়ে হইলে আজকের দিনটায় কমল নীরব হইয়াই থাকিত, কিন্তু একে তার মন খারাপ, তাহাতে এই লোকগুলার এই পোরুবহীন সঙ্ঘবন্ধ, সদস্ত প্রতিকুলতার মনের মধ্যে যেন আগুন জ্বলিয়া উঠিল। কিন্তু আপনাকে যথাসাধ্য সংবরণ করিয়া সে মৃদু তুলিয়া হাসিয়া কহিল, কোনটা আশুবাবু? অনুকরণটা, না ভারতীয় বৈশিষ্ট্যটা ?

আশুবাবু বলিলেন, ধরো, যদি বলি দুটোই।

কমল কহিল, অনুকরণ জিনিসটা শুধু যখন বাইরের নকল তখন সে ফাঁকি। তখন আকৃতিতে মিললেও প্রকৃতিতে ফাঁকি থাকে। কিন্তু ভেতরে-বাইরে সে যদি এক হয়েই যায় তখন অনুকরণ বলে লজ্জা পাবার ত কিছু নেই।

আশুবাবু মাথা নাড়িতে নাড়িতে বলিলেন, আছে বৈ কি কমল, আছে। ও-রকম সর্বাঙ্গীণ অনুকরণে আমরা নিজের বিশেষত্ব হারাই। তার মানে আপনাকে নিঃশেষে হারানো। এর মধ্যে যদি দুঃখ এবং লজ্জা না থাকে ত কিসের মধ্যে আছে বলো ত।

কমল বলিল, গেলোই বা বিশেষত্ব আশুবাবু। ভারতের বৈশিষ্ট্য এবং ইয়েরোরোপের বৈশিষ্ট্য প্রভেদ আছে,—কিন্তু কোন দেশের কোন বৈশিষ্ট্যের জন্যেই মানুস নয়, মানুসের জন্যেই তার আদর। আসল কথা, বর্তমানকালে সে বৈশিষ্ট্য তার কল্যাণকর কি না। এ ছাড়া সমস্তই শুধু অন্ধ মোহ।

আশুবাবু ব্যথিত হইয়া কহিলেন, শুধুই অন্ধ মোহ কমল, তার বেশী নয় ?

কমল বলিল, না, তার বেশী নয়। কোন একটা জাতের কোন একটি বিশেষত্ব

বহুদিন চলে আসচে বলেই সেই ছাঁচে ঢেলে চিরদিন দেশের মানুষকে গড়ে তুলতে হবে তার অর্থ কৈ? মানুষের চেয়ে মানুষের বিশেষত্বটাই বড় নয়। আর তাই এখন ভুলি, বিশেষত্বও যায়, মানুষকেও হারাই। সেইখানেই সত্যিকার লজ্জা আশুবাবু!

আশুবাবু যেন হতবুদ্ধি হইয়া গেলেন, কহিলেন, তা হলে ত সমস্ত একাকার হয়ে যাবে? ভারতবর্ষীয় বলে ত আমাদের আর চেনাও যাবে না? ইতিহাসে যে এমনতর ঘটনা সাক্ষী আছে।

তাহার কুণ্ঠিত, বিক্ষুব্ধ মূখের প্রতি চাহিয়া কমল হাসিয়া বলিল, তখন মূর্খ-ঋষিদের বংশধর বলে হয়ত চেনা যাবে না, কিন্তু মানুষ বলে চেনা যাবে। আর আপনারা যাকে ভগবান বলেন তিনিও চিনতে পারবেন, তাঁর ভুল হবে না।

অক্ষয় উপহাসে মুখ কঠিন করিয়া বলিল, ভগবান শব্দ আমাদের? আপনার নয়?

কমল উত্তর দিল, না।

অক্ষয় বলিল, এ শব্দ শিবনাথের প্রতিধ্বনি, শেখানো বুলি!

হরেন্দ্র কহিল, ব্রুট্।

দেখুন হরেন্দ্রবাবু—

দেখিচি। বিস্ট।

আশুবাবু সহসা যেন শ্বশ্নোচ্ছিতের ন্যায় জাগিয়া উঠিলেন! কহিলেন, দ্যাখো কমল, অপরের কথা বলতে চাইনে, কিন্তু আমাদের ভারতীয় বৈশিষ্ট্য শব্দ কথার কথা নয়। এ যাওয়া যে কতবড় ক্ষতি তার পরিমাণ করা দুঃসাধ্য। কত ধর্ম, কত আদর্শ কত পুরাণ, ইতিহাস, কাব্য, উপাখ্যান, শিল্প, কত অমূল্য সম্পদ এই বৈশিষ্ট্যকে আশ্রয় করেই ত আজও জীবিত আছে। এর কিছই ত তা হলে থাকবে না?

কমল কহিল, থাকবার জন্যই বা এত ব্যাকুলতা কেন? যা যাবার নয় তা যাবে না। মানুষের প্রয়োজনে আবার তারা নতুন রূপ, নতুন সৌন্দর্য, নতুন মূল্য নিয়ে দেখা দেবে। সেই হবে তাদের সত্যিকার পরিচয়। নইলে, বহুদিন ধরে কিছই একটা আছে বলেই তাকে আরও বহুদিন আগলে রাখতে হবে এ কেমন কথা?

অক্ষয় বলিলেন, সে বোঝবার শক্তি নেই আপনার?

হরেন্দ্র কহিল, আপনার অভদ্র ব্যবহারে আমি আপত্তি করি অক্ষয়বাবু।

আশুবাবু বলিলেন কমল, তোমার যুক্তিতে সত্য যে নেই তা আমি বলিনে, কিন্তু যা তুমি অবজ্ঞা উপেক্ষা করচ, তার ভেতরেও বহু সত্য আছে। নানা কারণে আমাদের সামাজিক বিধি-ব্যবস্থার পরে তোমার অশ্রদ্ধা জন্মেছে। কিন্তু একটা কথা ভুলো না কমল, বাইরের অনেক উৎপাত আমাদের সহ্যেই হয়েছে, তবু যে আজও সমস্ত বিশিষ্টতা নিয়ে বেঁচে আছি সে কেবল আমাদের সত্য আশ্রয় ছিল বলেই। জগতের অনেক জাতিই একেবারে বিলুপ্ত হয়ে গেছে।

কমল বলিল, তাতে বা দ্বন্দ্ব কিসের ? চিরকাল ধরেই যে তাদের জায়গা জুড়ে
বসে থাকতে হবে তারই বা আবশ্যিকতা কি ?

আশুদ্বাব্দ বলিলেন, এ অন্য কথা কমল ।

কমল কহিল, তা হোক । বাবার কাছে শুনছিলাম আর্ষদের একটি শাখা
ইয়োরোপে গিয়ে বাস করেছিলেন, আজ তাঁরা নেই । কিন্তু তাঁদের বদলে যারা
আছেন তাঁরা আরও বড় । তেমনি যদি এদেশেও ঘটতো, ওদের মতই আমরা আজ
পূর্ব-পিতামহদের জন্যে শোক করতে বসতাম না, নিজেদের সনাতন বিশেষত্ব নিয়ে
দস্ত করেও দিনপাত করতাম না । আপনি বলছিলেন অতীতের উপদ্রবের কথা, কিন্তু
তার চেয়েও বড় উপদ্রব যে ভবিষ্যতে অদৃষ্টে নেই, কিংবা সমস্ত ফাঁড়াই আমাদের কেটে
নিঃশেষ হয়ে গেছে, তাও ত সত্য না হতে পারে । তখন আমরা বেঁচে যাবো কিসের
জোরে বলুন ত ?

আশুদ্বাব্দ এ প্রশ্নের উত্তর দিলেন না, কিন্তু অক্ষয়বাবু উদ্দীপ্ত হইয়া উঠিলেন,
বলিলেন, তখনও বেঁচে যাবো আমাদের আদর্শের নিত্যতার জোরে, যে আদর্শ বহু
সহস্র যুগ আমাদের মনের মধ্যে অবিচলিত হয়ে আছে । যে আদর্শ আমাদের দানের
মধ্যে, আমাদের পুণ্যের মধ্যে, আমাদের তপস্যার মধ্যে আছে । যে আদর্শ আমাদের
নারীজাতির অক্ষয় সতীত্বের মধ্যে নিহিত আছে । আমরা তারই জোরে বেঁচে যাব ।
হিন্দু কখনো মরে না ।

অক্ষয় হাতের কাগজ ফেলিয়া তাঁহার দিকে বিস্ফারিত চক্ষে চাহিয়া রহিল, এবং
মুহূর্তকালের জন্য কমলও নিবাক হইয়া গেল । তাহার মনে পড়িল প্রবন্ধ লিখিয়া
এই লোকটাই তাহাকে অকারণে আক্রমণ করিয়াছে, এবং ইহাই সে কাল নারীর কল্যাণ
উদ্দেশ্য বহু নারীর সমক্ষে দম্ভের সহিত পাঠ করিবে, এবং, এই শেষোক্ত ইঙ্গিত শুধু
তাহাকেই লক্ষ্য করিয়া । দুর্জয় ক্রোধে মুখ তাহার রাঙ্গা হইয়া উঠিল কিন্তু এবারও
সে আপনাকে সংবরণ করিয়া সহজকণ্ঠে কহিল, আপনার সঙ্গে কথা কহিতে আমার
ইচ্ছে হয় না অক্ষয়বাবু, আমার আত্মসম্মানে বাধে । বলিয়াই সে আশুদ্বাব্দের প্রতি
ফিরিয়া চাহিয়া কহিল, কোন আদর্শই বহুকাল স্থায়ী হয়েছে বলেই তা নিত্যকাল
স্থায়ী হয় না এবং তার পরিবর্তনের লক্ষ্য নেই,—এই কথাটাই আপনাকে আমি বলতে
চেষ্টা করিয়াছিলাম । তাতে জাতের বৈশিষ্ট্য যদি যায়, তবুও । একটা উদাহরণ দিই ।
আতিথ্যের আদর্শ । কত কাব্য, কত উপাখ্যান, কত ধর্ম-কাহিনী এই
নিঙ্গে রচিত হয়েছে । অতিথিকে খুশী করতে দাতাকর্ণ নিজেই পদগ্রহণ করিয়াছিলেন ।
এই নিঙ্গে কত লোকে কত চোখের জলই যে ফেলেছে তার সংখ্যা নেই । অথচ এ
কাহিনী আজ শুধু কুণ্ডলিত নয়, বীভৎস । সতী-স্ত্রী কুষ্ঠগ্রস্থ স্বামীকে কাঁধে নিয়ে
গণিকালয়ে পণীছে দিয়েছিল,—সতীত্বের এ আদর্শেরও একদিন তুলনা ছিল না, কিন্তু
আজ সে কথা মানুুষের মনে শুধু ঘৃণার উদ্রেক করে । আপনার নিজের জীবনের যে
আদর্শ, যে ত্যাগ লোকের মনে আজ শ্রদ্ধা ও বিশ্বাসের কারণ হয়ে আছে, একদিন নে

হয়ত শৃঙ্খল অন্তর্কম্পার ব্যাপার হবে। এই নিষ্ফল আত্মনিগ্রহের বাড়াবাড়িতে লোকে উপহাস করে চলে যাবে।

এই আঘাতের নির্মমতার পলকের জন্য আশ্রুবাবুর মৃৎ বেদনার পাণ্ডুর হইয়া গেল। বলিলেন, কমল, একে নিগ্রহ বলে নিচ্চো কেন, এ যে আমার আনন্দ। এ যে আমার উত্তরাধিকারসূত্রে পাওয়া বহুযুগের ধন!

কমল বলিল, হোক বহুযুগ। কেবল বৎসর গণনা করেই আদর্শের মূল্য ধার্য হয় না। অচল, অনট, ভুলে-ভরা সমাজের সহস্র বর্ষও হয়ত অনাগত দশটা বছরের গতিবেগে ভেসে যান্ন। সেই দশটা বছরই ঢের বড় আশ্রুবাবু।

অজিত অকস্মাৎ জ্যা-মুক্ত ধনুর ন্যায় সোজা দাঁড়াইয়া উঠিল, কহিল, আপনার বাক্যের উগ্রতায় এঁদের হয়ত বিস্ময়ের অবধি নেই, কিন্তু আমি বিস্মিত হইনি! আমি জানি এই বিজাতীয় মনোভাবের উৎস কোথায়। কিসের জন্যে আমাদের সমস্ত মঙ্গল-আদর্শের প্রতি আপনার এমন নির্বিড় ঘৃণা। কিন্তু চলুন, আর আমাদের মিথ্যা দেরি করবার সময় নেই,—পাঁচটা বেজে গেছে।

অজিতের পিছনে পিছনে সকলেই নিঃশব্দে বাহির হইয়া গেল। কেহ তাহাকে একটা অভিবাদন করিল না, কেহ তাহার প্রতি একবার ফিরিয়াও চাহিল না। যুক্তি যখন হার মানিল তখন এইভাবে পুরুষের দল নিজেদের জয় ঘোষণা করিয়া পৌরুষ বজায় রাখিল। তাহারা চলিয়া গেলে আশ্রুবাবু ধীরে ধীরে বলিলেন, কমল, আমাকেই আজ তুমি সকলের চেয়ে বেশী আঘাত করেচ, কিন্তু আমিই তোমাকে আজ যেন সমস্ত প্রাণ দিয়ে ভালবেসেচি। আমার মণির চেয়ে যেন তুমি কোন অংশেই খাটো নয় মা।

কমল বলিল, তার কারণ আপনি যে সত্যিকার বড়মানুষ কাকাবাবু। আপনি ত এঁদের মত মিথ্যে নয়। কিন্তু আমারও সময় বয়ে যায়, আমি চললাম। এই বলিয়া সে তাহার পায়ের কাছে আসিয়া হেঁট হইয়া প্রণাম করিল।

প্রণাম সে সচরাচর কাহাকেও করে না, এই অভাবনীয় আচরণে আশ্রুবাবু ব্যতিব্যস্ত হইয়া উঠিলেন। আশীর্বাদ করিয়া কহিলেন, আবার কবে আসবে মা?

আর হয়ত আমি আসব না কাকাবাবু। এই বলিয়া সে ঘরের বাহির হইয়া গেল। আশ্রুবাবু সেইদিকে চাহিয়া নিঃশব্দে বসিয়া রহিলেন।

॥ बार ॥

आग्रार नूतन म्याजिस्ट्रेट साहेबेर स्त्रीर नाम मालिनी । तीहारई बजे एवढ तीहारई गहे नारी-कल्याण-समिति प्रतिष्ठित हईल । प्रथम अधिवेशनेर उद्योगटा एकट्ट घटा करिग्याई हईग्याईछिल, किन्तु जिनिसटा सुसम्पन्न त हईलई ना, बरगु केमन बेंन विशुखल हईग्या गेल । व्यापारटम मनुष्यतः मेयेदेर जन्यई बटे, किन्तु पदुषुदेर षोग देग्लार निषेध छिल ना । वस्तुतः, ए आग्लोजने तीहारा एकट्ट विशेष करिग्याई निर्मान्त हईग्याईछिलेन । भार छिल अविनाशेर उपर । चिन्ताशील लेखक बलिग्या अक्खेर नाम छिल, लेखार दानिह तीनिई ग्रहण करिग्याईछिलेन । अतएव तीहारई परामर्शमत एका शिवनाथ व्यतीत आर काहाकेओ बाद देग्ला हय नाई । अविनाशेर छोट शाली निलीमा घरे घरे गिग्या धनी-दरिद्र-निर्विशेषे शहरेर समस्त बाङाली भद्र-महिलादेर आह्वान करिग्या आसिग्याईछिलेन । शुद्ध, बाग्लार इच्छा छिल ना आशुबावदर, किन्तु बातेर कन्कनानि आज तीहाके रक्षा करिल ना, मालिनी निजे गिग्या धरिग्या आनिल ! अक्ख लेखा-हाते प्रस्तुत छिलेन, प्रचलित दई-चारटा मामुलि बिनम-छावणेर परे सोजा ओ शक्त हईग्या उठिग्या दाँडिग्या प्रबन्ध-पाठे निषुक्त हईलेन । अल्पकण्ठेई बुद्धा गेल तीहार बक्तव्य-विषय येमन अरुचिकर तेमनि दीर्घ । सचराचर येमन हय, पदुराकालेर सीता-सावित्रीर उल्लेख करिग्या तीनि आधुनिक नारीजातिर आदर्श-निवहीनतार प्रति कटाक्ष करिग्याछेन । एकज्जन आधुनिक ओ शिक्षिता महिलार बाटीते बसिग्या ई'हादेरई 'तथाकथित' शिक्षार विरुद्धे कटुक्ति करिते तीहार बाधे नाई । कारण अक्खेर गर्व' छिल एई ये, तीनि अप्रिय सत्य बलिते भन्न पान ना । सुतरां लेखार मथो सत्य याहाई थाक, अप्रिय-बचनेर अभाव छिल ना । एव एई 'तथाकथित' शब्दटार व्याख्यार उद्देश्ये विशिष्ट उदाहरणेर नजिर बाहा छिल—से कमल । अनिर्मन्त्रित एई मेरोटिके अक्ख लेखार मथे अपमानेर एकशेष करिग्याछे । शेबेर दिके से गभरीर परितापेर सहित एई कथाटा ब्यक्त करिते बाध्य हईग्याछे ये, एई शहरेई ठिक एमनि एकज्जन स्त्रीलोक रहिग्याछे, ये भद्रसमाजे निरन्तर प्रश्नर पाईग्या आसितेछे । ये स्त्रीलोक निजेर दाम्पत्य-जीवनके अवैध जानिग्याओ लज्जित हग्ला दूरे थाक, शुद्ध उपेक्षार हासि हासिग्याछे, विवाह-अनुष्ठान बाहार काछे मार अर्धहीन संस्कार एव पति-पत्नीर एकान्त एकनिष्ठ प्रेम निहक मानसिक दुर्बलता । उपसंहारे अक्ख ए कथारओ उल्लेख करिग्याछेन ये, नारी हईग्याओ नारीर गभरीरतम आदर्शके ये अस्वीकार करे, तथाकथित सेई शिक्षिता नारीर उपयुक्त, विशेषण ओ बासन्धान निर्णये प्रबन्ध-लेखकेर निजेर कोन संश्लन ना थाकिलेओ शुद्ध सकेाठ-वशःतई बलिते पारेन नाई । एई द्वांटेर जन्य तीनि सकलेर काछे मार्जना भिक्षा चाहें ।

মহিলা-সমাজে মনোরমা ব্যতীত কমলকে চোখে কেহ দেখে নাই। কিন্তু তাহার রূপের খ্যাতি ও চরিত্রের অখ্যাতি পুরুষদের মূখে মূখে পরিব্যপ্ত হইতে অবশিষ্ট ছিল না। এমন কি, এই নব-প্রতিষ্ঠিত নারী-কল্যাণ-সমিতির সভানেত্রী মালিনী কানেও তাহা পৌঁছিয়াছে, এবং এ লইয়া নারী-মন্ডলে, পর্দার ভিতরে ও বাহিরে কোতুহলের অবাধ নাই। সুতরাং, রুচি ও নীতির সম্যক বিচারের উৎসাহে উদ্দীপ্ত প্রহ্মমালার প্রখরতার ব্যক্তিগত আলোচনা সতেজ হইয়া উঠিতে বোধ করি বিলম্ব ঘটিল না, কিন্তু লেখকের পরম বন্ধু হরেন্দ্রই ইহার কঠোর প্রতিবন্ধক হইয়া উঠিল। সে সোজা দাঁড়াইয়া উঠিয়া কহিল, অক্ষয়বাবু এই লেখার আমি সম্পূর্ণ প্রতিবাদ করি। কেবল অপরাঙ্গিক বলে নয়, কোন মহিলাকেই তাঁর অসাক্ষাতে আক্রমণ করার রুচি বিস্টল এবং তাঁর চরিত্রের অকারণ উল্লেখ অভদ্রোচিত ও হেয়। নারী-কল্যাণ-সমিতির পক্ষ থেকে এই প্রবন্ধ-লেখককে খস্কোর দেওয়া উচিত।

ইহার পরেই একটা মহামারী কান্ড বাধিল। অক্ষয় হিতাহিত জ্ঞানশূন্য হইয়া যা-খুশী তাই বলিতে লাগিলেন এবং প্রত্যুত্তরে স্বল্পভাষী হরেন্দ্র মাঝে মাঝে কেবল বিস্ট এবং ব্রুট বলিয়া তাহার জবাব দিতে লাগিল।

মালিনী নূতন লোক, সহসা এইপ্রকার বাক-বিতণ্ডার উগ্রতার বিপন্ন হইয়া পড়িলেন, এবং সেই উত্তেজনার মূখে স্ব স্ব মতামত প্রকাশ করিতে প্রায় কেহই কার্পণ্য করিলেন না। চূপ করিয়া রহিলেন শব্দ আশুবাবু। প্রবন্ধ-পাঠের গোড়া হইতেই সেই যে মাথা হেঁট করিয়া বসিয়া ছিলেন সভা শেষ না হইলে আর তিনি মূখ তুলিলেন না। আরও একটি মানুষ তর্কযুদ্ধে তেমন যোগ দিলেন না, ইনি হরেন্দ্র-অক্ষয়ের আলাপ-আলোচনার নিত্য-অভ্যস্ত অবিনাশ।

ব্যক্তি-বিশেষের চরিত্রের ভাল-মন্দ নিরূপণ করা এই সমিতির লক্ষ্য নয় এবং এ প্রকার আলোচনায় নর-নারী কাহারও কল্যাণ হয় না, মালিনী তাহা জানিত। বিশেষতঃ লেখার মধ্যে আশুবাবুকেও কটাক্ষ করা হইয়াছে, এই কথা কেমন করিয়া যেন বদ্বিতে পারিরা তাহার অতিশয় ক্রেশ বোধ হইল। সভা শেষ হইলে সে নিঃশব্দে নিজের আসন ছাড়িয়া আসিয়া এই প্রোচ ব্যক্তির পাশে বসিয়া লিঙ্গত মৃদুকণ্ঠে নিরর্থক আজ আপনার শাস্তি নষ্ট করার জন্যে আমি দঃখিত আশুবাবু।

আশুবাবু হাসিবার চেষ্টা করিয়া কহিলেন, বাড়িতেও ত আমি একাই বসে থাকতাম, তবু সময়টা কাটল।

মালিনী কহিল, সে এর চেয়ে ভাল ছিল। একটু খামিয়া কহিল, আজ উনি নেই, মগি এখান থেকে খেলে যাবে।

বেশ, আমি গিয়ে গাড়ি পাঠিয়ে দেব। কিন্তু আর সব মেয়েরা ?

তাঁরাও আজ এখানেই থাকেন।

অবিনাশ ও অজিতকে সঙ্গে লইয়া আশুবাবু গাড়িতে যাইতেছেন, হরেন্দ্র ও অক্ষয় আসিয়া উপস্থিত হইল। তাহাদেরও পৌঁছাইয়া দিতে হইবে। রাজী হইতে হইল, সমস্ত পথটা আশুবাবু নীরবে বলিয়া রহিলেন। কমলকে উপলক্ষ্য করিয়া মেয়েদের

মাঝখানেে অক্ষয় তাঁহাকে অশিষ্ট কটাক্ষ করিরাছে এই কথা তাঁহার নিরন্তর মনে পড়িতে লাগিল ।

গাড়ি আসিয়া বাসায় পৌঁছিল । নীচের বারান্দায় একজন অপরিচিত ভদ্রলোক বসিয়াছিল, বোম্বাইওয়ালার মত তাহার পোশাক, কাছে আসিয়া আশুবাবুকে ইংরাজীতে অভিবাদন করিল ।

কি ?

জবাবে সে এক টুকরা কাগজ তাঁহার হাতে দিয়া কহিল, চিঠি ।

চিঠিখানি তিনি অজিতের হাতে দিলেন, অজিত মোটরের ল্যাম্পের আলোকে পড়িয়া দোঁখিয়া কহিল, চিঠি কমলের ।

কমলের ? কি লিখেচে কমল ?

লিখেচে : , পত্রবাহকের মুখেই সমস্ত জানতে পারবেন ।

আশুবাবু জিজ্ঞাসু-মুখে তাহার প্রতি চাহিতেই সে কহিল, এ পত্র আর কাহারো হাতে পড়ে তাঁর ইচ্ছা ছিল না । আপনি তাঁর আশ্রয়ী—আমি কিছু টাকা পাই—

কথাটা শেষ হইতে পাইল না, আশুবাবু সহসা অত্যন্ত ক্রুদ্ধ হইয়া উঠিলেন, বলিলেন, আমি তাঁর আশ্রয়ী নই, বস্তুত, সে আমার কেউ নয় । তার হয়ে আমি টাকা দিতে যাব কিসের জন্যে !

গাড়ির উপর হইতে অক্ষয় কহিল, Just like her !

কথাটা সকলেরই কানে গেল । পত্রবাহক ভদ্রলোক অপ্রতিভ হইয়া কহিল, টাকা আপনাকে দিতে হবে না, তিনিই দেবেন । আপনি শ্রদ্ধে কিছুদিনের জন্যে জামিন হলে—

আশুবাবুর রাগ চাড়িয়া গেল—বলিলেন, জামিন হওয়ার গরজ আমার নয় । তাঁর স্বামী আছে, ধারের কথা তাঁকে জানাবেন ।

ভদ্রলোক অতিশয় বিস্মিত হইল, বলিল, তাঁর স্বামীর কথা ত শুনিনি ।

খোঁজ করলেই শুনতে পাবেন । Good night, এস অজিত, আর দেরি করো না । এই বলিয়া তিনি তাহাকে সঙ্গে করিয়া উপরে চলিয়া গেলেন । উপরের গাড়ি-বারান্দা হইতে মদ্য খাড়াইয়া আর একবার ড্রাইভারকে স্মরণ করাইয়া দিলেন যে, ম্যাজিস্ট্রেট-সাহেবের কুঠিতে গাড়ি পৌঁছিতে যেন বিলম্ব না হয় । অজিত সোজা তাহার ঘরে চলিয়া যাইতেছিল, আশুবাবু তাহাকে বসিবার ঘরে ডাকিয়া আনিয়া বলিলেন, বস । মজা দেখলে একবার ?

এ কথার অর্থ কি অজিত তাহা বুঝিল । বস্তুতঃ, তাঁহার স্বাভাবিক সহৃদয়তা, শাস্তিপ্রিয়তা ও চিরায়ত্ত সহিষ্ণুতার সহিত তাঁহার এই মদ্য-কাল পূর্বের অকারণ ও অভাবিত রুচতা একা অক্ষয় ব্যতীত আঘাত করিতে বোধ করি উপস্থিত কাহাকেও অবশিষ্ট রাখে নাই । কিছুই না জানিয়া একদিন এই রহস্যময়ী তরুণীর প্রতি অজিতের অন্তর সশ্রদ্ধ বিস্ময়ে পূর্ণ হইয়া উঠিয়াছিল । কিন্তু যেদিন কমল তাহার

নির্জন নিশীথ গৃহকক্ষে এই অপরিচিত পুরুষের ক্ষুধা-মুখে আপনার বিগত নারী-
 জীবনের অসংবৃত ইতিহাস একান্ত অবলীলায় উন্মোচিত করিয়া দিল, সন্ধ্যা-হইতেই
 অজিতের পূজিত বিরাগ ও বিতৃষ্ণার আর যেন অবধি ছিল না। এমনি করিয়া তাহার
 এই কয়টা দিন কাটিয়াছে। তাই নারী-কল্যাণ-সমিতি উদ্বোধন উপলক্ষে আদর্শ-পন্থী
 অক্ষয় নারীত্বের আদর্শ-নির্দেশের ছলনায় যত কটুক্তিই এই মেরোটিকে করিয়া থাক,
 অজিত দৃঃখবোধ করে নাই। এমনিই যেন সে আশা করিয়াছিল। তথাপি, অক্ষয়ের
 ক্রোধাম্বু বর্ষরতার যত তীক্ষ্ণ শূলই থাক, আশুবাবু এইমাত্র ঘাহা করিয়া বসিলেন,
 তাহাতে-কমলের যেন কান মলিয়া দেওয়া হইল। কেবল অভাবিত বলিয়া নয়,
 পুরুষের অযোগ্য বলিয়া। কমলকে ভাল সে বলে না। তাহার মতামত ও সামাজিক
 আচরণের সূত্রী নিন্দ্যায় অজিত অবিচার দেখে নাই। তাহার নিজের মধ্যে এই
 রমণীর বিরুদ্ধে কঠিন ঘৃণার ভাবই পরিপূর্ণ হইয়া চলিয়াছে। সে বলে, ভদ্রসমাজে
 যে অচল তাহাকে পরিত্যাগ করার অপরাধ স্পর্শে না। কিন্তু তাই বলিয়া এ কি
 হইল! দুর্দশাপন্ন, ঋণগ্রস্ত রমণীর দুঃসময়ে সামান্য কয়টা টাকার ভিক্ষার প্রত্যা-
 খ্যানে সে যে সমস্ত পুরুষের চরম অসম্মান অনুভব করিয়া অন্তরে মরিয়া গেল। সেই
 রাত্রের সমস্ত আলোচনা তাহার মনে পড়িল। তাহাকে যন্ত্র করিয়া খাওয়ানোর মাঝ-
 খানে সেই সকল চা-বাগানের অতীত দিনের ঘটনার বিবৃতি—তাহার মায়ের কাহিনী,
 তাহার নিজের ইতিহাস, ইংরাজ ম্যানেজার সাহেবের গৃহে তাহার জন্মের বিবরণ। সে
 যেমন অদ্ভুত তেমনি অর্চক। কিন্তু কি প্রয়োজন ছিল? গোপন করিলেই বা ক্ষতি
 কি হইত? কিন্তু, দুর্নিয়ার এই সহজ সুবুদ্ধির জমা-খরচের হিসাব বোধ করি কমলের
 মনে পড়ে নাই। যদি বা পড়িয়াছে, গ্রাহ্য করে নাই।

আর সবচেয়ে আশ্চর্য তাহার সুকঠিন ধৈর্য। দৈবক্রমে তাহারই মুখে সে প্রথম
 সংবাদ পাইল যে শিবনাথ কোথাও যায় নাই, এই শহরেই আত্মগোপন করিয়া আছে।
 শূন্য চূপ করিয়া রহিল। মুখের 'পরে না ফুটিল বেদনার আভাস, না আসিল
 অভিযোগের ভাষা। এতবড় মিথ্যাচারের সে কিছূমাত্র নালিশ পরের কাছে করিল
 না। সেদিন সন্ধ্যাতর্মিহবী মমতাজের স্মৃতিসৌধের তীরে বসিয়া যে কথা সে হাসি-
 মুখে হাসিচ্ছলে উচ্চারণ করিয়াছিল, তাহাই একেবারে অক্ষরে অক্ষরে প্রতিপালন
 করিল।

আশুবাবু নিজেও বোধ হয় ক্ষণকালের জন্য বিম্বনা হইয়া পড়িয়াছিলেন, হঠাৎ
 সচেতন হইয়া পূর্ব প্রশ্নের পুনরাবৃত্তি করিয়া কহিলেন, মজা দেখলে ত অজিত?
 আমি নিশ্চয় বলাচি এ ঐ শিবনাথ লোকটার কৌশল।

অজিত কহিল, না-ও হতে পারে। না জেনে বলা যায় না।

আশুবাবু বলিলেন, তা বটে! কিন্তু আমার বিশ্বাস, এ চাল শিবনাথের।
 আমাকে সে বড়লোক বলে জানে।

অজিত কহিল, এ খবর ত সবাই জানে। কমল নিজেও না জানে তা নয়।

আশুদ্বাব্দ বলিলেন, তা হলে ত চের বেশী অন্যান্য। স্বামীকে লুকোনো ত ভাল কাজ নয়।

অজিত চুপ করিয়া রহিল। আশুদ্বাব্দ কহিতে লাগিলেন, স্বামীর অগোচরে, হয়ত বা তাঁর মতের বিরুদ্ধে পরের কাছে টাকা ধার করতে যাওয়া স্বীলোকের কত বড় অন্যান্য বল ত? এ কিছদতে প্রশ্ন দেওয়া চলে না।

অজিত কহিল, তিনি টাকা ত চাননি, শুধু জামিন হতে অনুরোধ করেছিলেন।

আশুদ্বাব্দ বলিলেন, সে ঐ একই কথা। ক্ষণকাল মৌন থাকিয়া পুনশ্চ কহিলেন, আর ঐ আমাকে আত্মীয় পরিচয়ে লোকটাকে ছলনা করাই বা কিসের জন্য? সত্যিই ত আমি তার আত্মীয় নই।

অজিত বলিল, তিনি হয়ত আপনাকে সত্যিই আত্মীয় মনে করেন। বোধ হয় কাউকেই ছলনা করা তাঁর স্বভাব নয়।

না না, কথাটা ঠিক ওভাবে আমি বলিনি অজিত। এই বলিয়া তিনি নিজের কাছেই যেন জবাবদিহি করিলেন। সেই লোকটাকে হঠাৎ ঝোকের উপর বিদায় করা পৰ্ব্বস্ত মনের মধ্যে তাহার ভারী একটা গ্লানি চলিতেছিল, কহিলেন, সে আমাকে আত্মীয় বলেই যদি জানে, আর দূ-পাঁচশো টাকার যদি দরকারই পড়েছিল, সোজা নিজে এসে ত নিয়ে গেলেই হত। খামকা একটা বাইরের লোককে সকলের সামনে পাঠানোর কি আবশ্যিকতা ছিল? আর যাই বল, মেরেটির বৃদ্ধি-বিবেচনা নেই।

বেহারা আসিয়া খাবার দেওয়া হইয়াছে, জানাইয়া গেল। অজিত উঠিতে যাইতেছিল, আশুদ্বাব্দ কহিলেন, লোকটাকে মার্ক করেছিলে অজিত, বিস্ত্রী চেহারা—মনি-লেন্ডার কিনা। ফিরে গিয়ে হয়ত নানানখানা করে বানিয়ে বলবে।

অজিত হাসিয়া কহিল, বানানোর দরকার হবে না আশুদ্বাব্দ, সত্য বললেই যথেষ্ট হবে। এই বলিয়া সে যাইতে উদ্যত হইতেই তিনি বাস্তবিকই বিচলিত হইয়া উঠিলেন, কহিলেন, এই অক্ষয় লোকটা একেবারে নুইসেন্স। মানুষের সহ্যর সীমা অতিক্রম করে যায়। না হয় একটা কাজ কর না অজিত। বদুকে ডেকে ঐ দেবাজটা খুলে দেখ না কি লাছে। অন্ততঃ পাঁচ-সাতশো টাকা,—আপাততঃ যা আছে পাঠিয়ে দাও। আমাদের ড্রাইভার বোধ হয় তাদের বাসাটা চেনে—শিবনাথকে মাঝে মাঝে পৌছে দিয়ে এসেছে। এই বলিয়া তিনি নিজেই চাইকার করিয়া বেহ'রাকে ডাকাডাকি শুরূ করিয়া দিলেন।

অজিত বাধা দিয়া বলিল, যা হবার তা হয়েই গেছে, আজ রাতে থাক, কাল সকালে বিবেচনা করে দেখলেই হবে।

আশুদ্বাব্দ প্রতিবাদ করিলেন, তুমি বোধ না অজিত, বিশেষ প্রয়োজন না থাকলে সে রাতেই কখনো লোক পাঠাতো না।

অজিত কিছদক্ষণ স্থির হইয়া দাঁড়াইয়া রহিল। শেষে বলিল, ড্রাইভার বাড়ি নেই, মনোরমাকে নিয়ে কখন ফিরবে তারও ঠিকানা নেই। ইতিমধ্যে কমল সমস্তই শুনতে

পাবেন। তার পরে আর টাকা পাঠান উচিত হবে না আশুদ্বাব্দ। বোধ হয় আপনার হাত থেকে আর তিনি সাহায্য নেবেন না।

কিন্তু এ ত তোমার শব্দ অন্তর্মান মাত্র অজিত।

হাঁ, অন্তর্মান বৈ আর কি।

কিন্তু বিদেশে তার টাকার প্রয়োজন ত এর চেয়েও বড় হতে পারে ?

তা পারে, কিন্তু তাঁর আত্মমর্যাদার চেয়েও বড় না হতে পারে ?

আশুদ্বাব্দ বলিলেন, কিন্তু এ-ও ত শব্দ তোমার অন্তর্মান।

অজিত সহসা উত্তর দিল না। ক্ষণকাল অধোমুখে নিঃশব্দে থাকিয়া কহিল, না, এ আমার অন্তর্মানের চেয়ে বড়। এ আমার বিশ্বাস। এই বলিয়া সে ধীরে ধীরে ঘর হইতে বাহির হইয়া গেল।

আশুদ্বাব্দ আর তাহাকে ফিরিয়া ডাকিলেন না, কেবল বেদনাময় দুই চক্ষু প্রসারিত করিয়া সেই দিকে চাহিয়া রহিলেন। কামলের সম্বন্ধে এ বিশ্বাস অসম্ভবও নয়, অসঙ্গতও নয়। ইহা তিনি নিজেও জানিতেন। নিরুপায় অনুরোধোচনায় বৃক্ষের ভিতরটা যেন তাহার আঁচড়াইতে লাগিল।

॥ ভের ॥

নারী-কল্যাণ-সমিতি হইতে ফিরিয়া নীলিমা অবিনাশকে খরিয়া পড়িল, মদুখুযো মশাই, কমলকে আমি একবার দেখব আমার ভারী ইচ্ছে করে তাকে নেমতন্ন করে খাওয়াই ।

অবিনাশ আশ্চর্য হইয়া কহিলেন, তোমার সাহস ত কম নয় ছোটগিন্নী ; শব্দ আলাপ নয়, একেবারে নেমতন্ন করা !

কেন, সে বাধ না ভালদুক ? তাকে এত ভয়টা কিসের ?

অবিনাশ বলিলেন, বাঘ-ভালদুক এদেশে মেলে না, নইলে তোমার হুকুমে তাদেরও নেমতন্ন করে আসতে পারি, কিন্তু এঁকে নয় । অক্ষয় খবর পেলে আর রক্ষে থাকবে না । আমাকে দেশছাড়া করে ছাড়বে ।

নীলিমা কহিল, অক্ষয়বাবুকে আমি ভয় করিনে ।

অবিনাশ বলিলেন, তুমি না করলেও ক্ষতি নেই, আমি একা করলেই তাঁর কাজ চলে যাবে ।

নীলিমা হিন্দ করিয়া বলিল, না, সে হবে না । তুমি না যাও আমি নিজে গিয়ে তাঁকে আহ্বান করে আসব ।

কিন্তু আমি ত তাদের বাসাটা চিনিনে ।

নীলিমা কহিল, ঠাকুরপো চেনেন । আমি তাঁকে সঙ্গে নিয়ে যাব । তিনি তোমাদের মত ভীতু লোক নন ।

একটু ভাবিয়া বলিল, তোমাদের মদুখে যা শুনি তাতে শিবনাথবাবুরই দোষ,— তাঁকে ত আমি নেমতন্ন করতে চাইনে । আমি চাই কমলকে দেখতে তাঁর সঙ্গে আলাপ করতে ! কমল যদি আসতে রাজী হয়, ম্যাজিস্ট্রেট-সাহেবের স্ত্রী—তিনিও বলেচেন আসবেন । বদ্বলে ?

অবিনাশ বদ্বিলেন সমস্তই, কিন্তু স্পষ্ট করিয়া সম্মতি দিতে পারিলেন না । অথচ বাধা দিতেও ভরসা পাইলেন না । নীলিমাকে তিনি শব্দ মের ও শ্রদ্ধা করিতেন তাই নয়, মনে মনে ভয় করিতেন ।

পরদিন সকালে হরেন্দ্রকে ডাকাইয়া আনিয়া নীলিমা কহিল, ঠাকুরপো, তোমাকে আর একটি কাজ করে দিতে হবে । তুমি আইবুড়ো মানুষ হলে বৌ নেই যে সদাচারের নাম করে তোমার কান মলে দেবে । বাসায় ত থাকো শব্দ বাপ-মা-মরী একপাল ছাত্র নিয়ে—তোমার ভয়টা কিসের ?

হরেন্দ্র কহিল, ভয়ের কথা হবে পরে,—কিন্তু করতে হবে কী ?

নীলিমা কহিল, কমলকে আমি দেখব, আলাপ করব, ঘরে এনে খাওয়াব । তুমি

কি গুদের বাসা চেন ? আমাকে সঙ্গে করে নিয়ে গিয়ে তাঁকে নেমতন্ন করে আসতে হবে । কখন যেতে পারবে বল ত ?

হরেন্দ্র বলিল, বর্ধনই হুকুম করবেন । কিন্তু বাড়িওয়ালা ? সেজদা ? ঠাণ্ডা অভিপ্ৰায়টা কি ? এই বলিয়া সে বারান্দার ওধারে অবিনাশকে দেখাইয়া দিল । তিনি ইজিচেয়ারে শুইয়া পাইলোনিয়ার পড়িতেছিলেন, শুনিতো পাইলেন সমস্তই, কিন্তু সাড়া দিলেন না ।

নীলিমা বলিল, ঠাণ্ডা অভিপ্ৰায় নিয়ে উনিই থাকুন, আমার কাজ নেই । আমি ঠাণ্ডা শালী, শালীর বোন নই যে পতি-পরম-গুরুর গদা ঘুরিয়ে শাসন করবেন । আমার যাকে ইচ্ছা থাকবে । ম্যাজিস্ট্রেটের বৌ বলেছেন খবর পেলে তিনিও আসবেন । ঠাণ্ডা ভাল না লাগে তখন আর কোথাও গিয়ে যেন সময়টা কাটিয়ে আসেন ।

অবিনাশ কাগজ হইতে মুখ না তুলিয়াই বলিলেন, কিন্তু কাজটা সমীচীন হবে না হরেন । কালকের ব্যাপারটা মনে আছে ত ? আশুবাবুর মত সদাশিব ব্যক্তিকেও সাবধান হতে হয় ।

হরেন্দ্র জবাব দিল না । এবং, পাছে সেই লক্ষ্মীকর টাকার কথাটা উঠিয়া পড়ে এবং নীলিমার কানে যায়, সেই ভয়ে সে প্রসঙ্গটা তাড়াতাড়ি চাপা দিয়া বলিল, তার চেয়ে বরঞ্চ একটা কাজ করুন না বৌদি, আমার বাসাতে তাঁকে নিমন্ত্রণ করে আনুন । আপনি হবেন গৃহকর্তা । লক্ষ্মীছাড়ার গৃহে একদিন লক্ষ্মীর আবির্ভাব হবে । আমার ছেলেগুলোও দুটো ভালোমন্দ জিনিস মুখে দিয়ে বাঁচবে ।

নীলিমা অভিমানের সুরে বলিল, বেশ—তাই হোক ঠাকুরপো, আমিও ভবিষ্যতে খেঁটার স্থালা থেকে নিস্তার পাব ।

অবিনাশ উঠিয়া বসিয়া বলিলেন, অর্থাৎ কেলেঙ্কারী তা হলে আর অবশিষ্ট থাকবে না । কারণ, শিবনাথকে বাদ দিয়ে শুধু তাকে তোমার বাসায় আহ্বান করে নিয়ে যাবার কোন কৈফিয়তই দেওয়া যাবে না । তার চেয়ে বরঞ্চ মেয়েরা পরস্পরের সঙ্গে পরিচিত হতে চান, এই চের ভাল শোনাবে ।

কথাটা সত্যই যুক্তিসঙ্গত । তাই ইহাই স্থির হইল যে, কলেজের ছুটির পরে হরেন্দ্র গাড়ি করিয়া নীলিমাতে লইয়া গিয়া কমলকে নিমন্ত্রণ করিয়া আসিবে ।

বৈকালে হরেন্দ্র আসিয়া জানাইল যে, কষ্ট করিয়া আর যাবার প্রয়োজন নাই । কাল রাত্রে খাবার কথা তাঁকে বলা হইয়াছে—তিনি রাজী হইয়াছেন ।

নীলিমা উৎসুক হইয়া উঠিল । হরেন্দ্র কহিতে লাগিল, ফেরবার পথে হঠাৎ রাস্তার ওপরে দেখা । সঙ্গে মূর্টের মাথায় একটা মস্ত বাস্ক । জিজ্ঞাসা করলাম, কি গুটা ? কোথায় যাচ্ছেন ? বললেন, যাকি একটু কাজে । তখন আপনার পরিচয় দিয়ে বললাম, বৌদি যে কাল সন্ধ্যার পরে আপনাকে নেমতন্ন করেছেন । নিতান্তই মেয়েদের যে । একটুখানি চুপ করে থেকে বললেন, কথা আছে আমাকে সঙ্গে নিয়ে বৌদি নিজের ব্যাপার, যেতে হবে গিয়ে আপনাকে ষষ্ঠারীতি বলে আসবেন, কিন্তু তার আর প্রয়োজন

আছে কি? একটুখানি হোসে বললেন, না। জিজ্ঞেস করলাম, কিন্তু একলা ত যেতে পারবেন না, কাল কখন এসে আপনাকে নিলে যাব? শব্দে তেমনি হাসতে লাগলেন। বললেন, একলাই যেতে পারব,—অবিনাশবাবুর বাসা আমি চিনি।

নীলিমা আর্দ্র হইয়া কহিল, মেরেটি এদিকে কিন্তু খুব ভাল। ভারী নিরহঙ্কার।

পাশের ঘরে অবিনাশ-কাপড় ছাড়িতে ছাড়িতে সমস্ত কান পাতিয়া শব্দে-ছিলে, অন্তরাল হইতেই প্রশ্ন করিলেন, আর সেই মূর্টের মাথায় মোটা বাস্কাটা? তার ইতিহাস ত প্রকাশ করলে না ভায়া?

হরেন্দ্র বলিল, জিজ্ঞাসা করিনি।

করলে ভাল করতে। বোধ হয় বিক্রি কিংবা বন্ধক দিতে যাচ্ছিলেন।

হরেন্দ্র কহিল, হতেও পারে। আপনার কাছে বন্ধক দিতে এলে ইতিহাসটা জেনে নেবেন। এই বলিয়া সে চলিয়া যাইতেছিল, হঠাৎ ঘরের কাছে দাঁড়াইয়া ডাকিয়া কহিল, বৌদি, আপনাদের নারী-কল্যাণ-সমিতির অক্ষয়ের প্রবন্ধ শব্দেছেন ত? আমরা লোকটাকে রুট্টে বালি। কিন্তু, ও বেচারার আর একটুখানি ভণ্ডামি বৃদ্ধি থাকলে সমাজে অনায়াসেই সাধু-সম্মান বলে চলে যেতে পারত—কি বলেন সেজদা? ঠিক না?

অবিনাশ ঘরের মধ্যে হইতে গর্জন করিয়া উঠিলেন—হ্যাঁ হে, নিত্যানন্দ-শ্রীগোবিন্দ মহাপ্রভু! এ বিবয়ে আর সন্দেহ নেই। বন্ধুবরকে কৌশলটা শিখিয়ে দাও গে যাও।

চেষ্টা করব। কিন্তু চললাম বৌদি, কাল আবার যথাসময়ে হাজির হব। এই বলিয়া সে প্রস্থান করিল।

নীলিমা উদ্যোগ-আয়োজনের দ্রুতি রাখে নাই। মনোরমা গোড়া হইতেই কমলের অভ্যস্ত বিরুদ্ধে - সে কোনমতেই আসিবে না জানিয়া আশুবাবুদের কাহাকেও বলা হয় নাই। মালিনীকে খবর পাঠান হইয়াছিল, কিন্তু হঠাৎ অসদৃশ হইয়া পড়ান তিনি আসলেন না।

ঠিক সময়ে আসিল কমল। যান-বাহনে নয়, একাকী পায়ে হাঁটিয়া আসিয়া উপস্থিত হইল। গৃহকন্যা তাহাকে আদর করিয়া গ্রহণ করিল। অবিনাশ সন্মুখে দাঁড়াইয়া ছিলেন, কমলকে তিনি অনেকদিন দেখেন নাই, আজ তাহার চেহারা ও জামা কাপড়ের প্রতি চাহিয়া আশ্চর্য হইলেন। দৈন্যের ছাপ তাহাতে অত্যন্ত স্পষ্ট করিয়া পড়িয়াছে। বিস্ময় প্রকাশ করিয়া প্রশ্ন করিলেন, রাগে একাকী হেঁটে এলে যে কমল।

কমল বলিল, কারণ, খুবই সাধারণ অবিনাশবাবু, বোঝা একটুও শক্ত নয়।

অবিনাশ অপ্রীতিভ হইলেন তাহাই গোপন করিতে তাড়াতাড়ি বলিয়া উঠিলেন, না না, কি যে ভূমি বল। কাজটা ভাল হয়নি কিন্তু—ছোটগম্ভী, ইনিই কমল! আর একটা নাম শিবানী। এঁকে দেখবার জন্যেই এত ব্যস্ত হয়ে উঠেছিলে। এসো,

বাড়ির ভেতরে গিয়ে বসবে চল। যোগাড় বোধ হয় তোমার সমস্ত হবে গেছে? তা হলে অনর্থক দেবী করে লাভ হবে না,—ঠিক সময়ে আবার ও'র বাসার ফিরে যাওয়া চাই ত?

এ-সকল উপদেশ ও জিজ্ঞাসাবাদের অনেকটাই বাহুল্য। উত্তরের আবশ্যকও হয় না; প্রত্যাশাও থাকে না।

হরেন্দ্র আসিলা কমলকে নমস্কার করিল। কহিল, অধিতিকে অভ্যর্থনা করে নেবার সময়ে জুটতে পারিনি বৌদি, দুটি হলে গেছে। অক্ষয় এসেছিলেন, তাঁকে যথোচিত মিষ্টবাক্যে পরিতুষ্ট করে বিদায় দিতে বিলম্ব হল। এই বলিয়া সে হাসিতে লাগিল।

ভিতরে আসিলা কমল আহাৰ্য দ্রব্যের প্রাচুর্য দেখিয়া মনোহরতর কাল নীরবে থাকিয়া কহিল, আমার খাওয়াই হয়েছে, কিন্তু এ-সব আমি খাইনে।

সকলে ব্যস্ত হইয়া উঠিলে সে কহিল, আপনারা যাকে হবিষ্যাস বলেন—আমি তাই শব্দ খাই।

শুনিলিমা নিলিমা অবাধ হইল, কহিল, সে কি কথা! আপনি হবিষ্য খেতে যাবেন কিসের দ্বন্দ্ব?

কমল কহিল, সে ঠিক। দ্বন্দ্ব নেই তা নয়, কিন্তু এ-সব খাইনে বলেই অভাবটাও আবার কম। আপনি কিছু মনে করবেন না।

কিন্তু মনে না করিলে চল না। নিলিমা ক্ষম হইয়া কহিল, না খেলে এত জিনিস যে আমার নষ্ট হবে?

কমল হাসিল, কহিল, যা হবার তা হয়েছে,—সে আর ফিরবে না। তার ওপর খেলে আবার নিজে নষ্ট হই কেন?

নিলিমা কাতর হইয়া শেষ চেষ্টা করিয়া বলিল, শব্দ আজকের মত, কেবল একটা দিনের জন্যেও কি নিয়ম ভঙ্গ করতে পারেন না?

কমল মাথা নাড়িয়া বলিল, না।

তাহার হাসিমুখের একটিমাত্র শব্দ। শুনিলে হঠাৎ কিছুই মনে হয় না। কিন্তু ইহার দৃঢ়তা যে কত বড়—তাহা পেরিছিল হরেন্দ্রর কানে। শব্দ সে-ই বলাবলি ইহার ব্যতিক্রম নাই। তাই গৃহকর্তার দিক হইতে অনুরোধের পুনরাবৃত্তির সম্ভাব্যতা হইতেই সে বাধা দিয়া কহিল, থাক বৌদি, আর না। খাবার আপনার নষ্ট হবে না, আমার বাসার ছেলেদের এনে চেঁছে-পাঁছে খেয়ে যাব, কিন্তু গুঁকে আর নয়। বরষ, যা খাবেন, তার যোগাড় করে দিন।

নিলিমা রাগ করিয়া বলিল, তা দিচ্ছি। কিন্তু আমাকে আর সাম্বননা দিতে হবে না ঠাকুরপো, তুমি খাম? এ ঘাস নয় যে তোমার একপাল ভেড়া নিয়ে এসে চরিয়ে দেবে। আমি বরষ রাস্তায় ফেলে দেব—তবু তাদের খাওয়াব না।

হরেন্দ্র হাসিয়া কহিল, কেন, তাদের ওপর আপনার রাগ কিসের?

নিলিমা বলিল, তাদের জন্যেই ত তোমার যত দ্বন্দ্বগীত। বাপ টাকা রেখে গেছেন, নিজেও উপার্জন কম কর না। এতদিনে বৌ এলে ত ছেলেপুলের ঘর ভরে

যেত । এ হতভাগা কান্ড ত ঘটত না ! নিজেও যেমন আইবুড়ো কাঁতক, দলটিও তাঁর হচ্ছে তারই উপবৃত্ত । তাদের আমি কিছুতেই খাওয়াব না --এই তোমাকে আমি বলে দিলাম । যাক আমার নষ্ট হয়ে ।

কমল বদ্বিকিতে কিছুই পারিল না, আশ্চর্য হইয়া চাহিয়া রহিল । হরেন্দ্র লজ্জা পাইয়া কহিল, বৌদির অনেকদিন থেকে আমার ওপরে নালিশ আছে এ তারই শাস্তি । এই বলিয়া সে সংক্ষেপে জিনিসটা বিবৃত করিয়া কহিল, বাপ-মা-মরা নিরাশ্রয় গৃহীত-কয়েক ছাত্র আছে আমার, তার: আমার কাছে থেকে ইন্সকুল কলেজে পড়ে । তাদের ওপরেই গুঁর যত আক্রোশ ।

কমল অত্যন্ত বিস্ময়াপন্ন হইয়া কহিল, তাই নাকি ? কৈ, এ ত এতদিন শুনিনি !

হরেন্দ্র বলিল, শোনবার মত কিছুই নয় । কিন্তু চরিত্রবান ভাল ছেলে তারা । তাদের আমি ভালবাসি ।

নীলিমা ক্রুদ্ধকণ্ঠে কহিল, বড় হয়ে তারা দেশোদ্ধার করবে এই তাদের পণ । অর্থাৎ, গুরুর মত ব্রহ্মচারী হয়ে দিব্বজয়ী বীর হবে বোধ করি ।

হরেন্দ্র বলিল, যাবেন একবার তাদের দেখতে ? দেখলে খুশী হবেন ।

কমল তৎক্ষণাৎ সন্মত হইয়া বলিল, আমি কালই যেতে পারি—যদি নিয়ে যান ।

হরেন্দ্র বলিল, না কাল নয়, আর একদিন । আমাদের আশ্রমের রাজেন এবং সতীশ গেছে কাশী বেড়াতে ; তারা ফিরে এলে আপনাকে নিয়ে যাব । আমি নিশ্চয় বলতে পারি—তাদের দেখলে আপনি খুশী হবেন ।

অবিনাশ সেইমাত্র আসিয়া দাঁড়াইয়াছিলেন, শুনিয়া চক্ষু বিস্ফারিত করিয়া কহিলেন, কতকগুলো লক্ষ্মীছাড়ার আন্ডা বদ্বিক এরই মধ্যে আশ্রম হয়ে উঠল ? কত ভণ্ডামিই ছুই জানিস হরেন !

নীলিমা রাগ করিল । কহিল, এ তোমার অন্যান্য মৃৎস্থ্যেয়ামশায় । ঠাকুরপো ত তোমার কাছে আশ্রমের চাঁদা চাইতে আসেন নি যে ভণ্ড বলে গাল দিচ্ছ ? নিজের খরচে পনের ছেলে মানুস করাকে ভণ্ডামি বলে না । বরঞ্চ, যারা বলে—তাদেরই তাই বলে ডাকা উচিত ।

হরেন হাসিয়া বলিল, বৌদি, এইমাত্র যে আপনি নিজেই তাদের ভেড়ার পাল বলে তিরস্কার করি হরেন—এখন আপনারই কথার প্রতিধ্বনি করতে গিয়ে গেজদার ভাগ্যে এই পুরস্কার ?

নীলিমা কহিল, আমি বলেছিলাম রাগে । কিন্তু উনি বলেন কোন লজ্জায় ? ভণ্ডামির ধারণা আগে নিজের মধ্যে স্পর্শ হয়ে উঠুক, তার পরে যেন পরকে বলতে যান ।

কমল জিজ্ঞাসা করিল, আপনার ছেলেরা ত সবাই ইন্সকুলে-কলেজে পড়েন ?

হরেন বলিল, হাঁ, প্রকাশ্যে তাই বটে ।

অবিনাশ কহিলেন, আর অপ্রকাশ্যে কি-সব প্রাণায়াম, রেচক-কুস্তকের চর্চা করা হয়, সেটাও অম্নি খুলে বল ?

শ্রুতিন্দ্রা সবাই হাসিল। নীলিমা অনুনয়ের সুরে কমলকে কহিল, মন্থবো-
মশায়ের আজকের মেজাজ দেখে যেন ঠুর বিচার করে নেবেন না। মাঝে মাঝে মাথা
ঠুর অনেক ঠাণ্ডা থাকে। নইলে বহু পূর্বেই আমাকে পালিয়ে বাঁচতে হতো। এই
বলিয়া সে হাসিতে লাগিল।

কোথায় একটুখানি যেন উত্তাপের বাষ্প জমিয়া উঠিতেছিল, এই স্নিগ্ধ পরিহাস-
টুকুর পরে যেন তাহা মিলাইয়া গেল। বামনঠাকুর আসিয়া জানাইল, কমলের
খাবার তৈরি হইয়া গেছে। অতএব, এখনকার মত আলোচনা স্থগিত রাখিয়া সকলকে
উঠিতে হইল।

ঘণ্টা-দুই পরে আহারাদি সমাধা হইলে পুনরায় সকলে আসিয়া যখন বাহিরের
ঘরে বসিলেন—কমল তখন পূর্বে-প্রসঙ্গের সুর ধরিয়া প্রশ্ন করিল, ছেলেরা রেচক-
কুশুক না করুক, কলেজের পড়া মন্থস্থ করা ছাড়াও ত কিছু করে,—সে কি?

হরেন্দ্র বলিল, করে। ভবিষ্যতে যাতে সত্যিই মানুস হতে পারে সে চেষ্টাতেও
তাদের অবহেলা নেই। কিন্তু পায়ের ধুলো যোদিন পড়বে সোদিন সমস্ত বর্নাম্বয়ে বলব
আজ নয়।

এই মেয়েটির প্রতি সম্মানের আতিশয্যে অবিনাশের গা জ্বলিতে লাগিল, কিন্তু
ভিনি চুপ করিয়াই রহিলেন।

নীলিমা কহিল, আজ বলতেই বা বাধা কি ঠাকুরপো; তোমার শেখানোর
পদ্ধতি না হয় না-ই ভাঙলে কিন্তু পুরাকালের ভারতীয় আদর্শে নিজের মত করে যে
তাদের ব্রহ্মচর্য শিক্ষা দিচ্ছ এ কথা জানাতে দোষ কি? তোমার কাছে ত আমি
আভাসে একদিন এই কথাই শনেছিলাম।

হরেন্দ্র সবিদনে বলিল, মিথ্যে শুনেন তাত ত বলচি নে বোদি, বলিয়াই তাহার
সোদিনের তকের ব্যাপারটা স্মরণ হইল। কমলের প্রতি চাহিয়া বলিল, আপনারও
বোধ করি আমার কাজে সহানুভূতি নেই:

কমল কহিল, কাজটা আপনার ঠিক কি, না জানলে ত বলা যায় না হরেনবাবু।
কিন্তু পুরাকালের ছাঁচে তৈরি করে তোলাটাই যে সত্যিকারের মানুষের ছাঁচে গড়ে
তোলা এও ত যুক্তি নয়।

হরেন্দ্র বলিল, কিন্তু সেই যে আমাদের ভারতের আদর্শ?

কমল জবাব দিল, ভারতের আদর্শই যে চিরযুগের চরম আদর্শ—এই বা কে স্থির
করে দিলে বলুন?

অবিনাশ এতক্ষণ কথা কহেন নাই, রাগ চাপিয়া বলিলেন, চরম আদর্শ না হতে
পারে কমল, কিন্তু এ আমাদের পূর্বপিতামহগণের আদর্শ। ভারতবাসীর এই নিত্য-
কালের লক্ষ্য—এই তাদের একটিমাত্র চলবার পথ। হরেনের আশ্রমের ব্যাপার আমি
জানিনে, কিন্তু সে এই লক্ষ্যই যদি গ্রহণ করে থাকে আমি তাকে আশীর্বাদ করি।

কমল কিছুক্ষণ নিঃশব্দে তাহার মূখের দিকে চাহিয়া থাকিয়া কহিল, জানিনে
কেন মানুষের এ ভুল হয়। নিজেদের ছাড়া তারা যেন আর কোন ভারতবাসীকে

চোখে দেখতেই পায় না। আরও ত ঢের জ্ঞাত আছে—তারা এ আদর্শ নেবে কেন ?

অবিনাশ কুপিত হইয়া কহিলেন, চুল্লোয় যাক তারা। আমার কাছে এ আবেদন নিষ্পল। আমি শব্দ নিজেদের আদর্শ-ই স্পষ্ট করে দেখতে গেলে যথেষ্ট মনে করব।

কমল ধীরে ধীরে বলিল, এ আপনার অত্যন্ত রাগের কথা অবিনাশবাবু। নইলে এতবড় অশ্ব ভাবতে আপনাকে আমার প্রবৃত্তি হয় না। একটুখানি থামিয়া বলিল, কিন্তু কি জানি, পদ্রুসেরা সবাই বুদ্ধি শব্দ এমনি করেই ভাবে। সেদিন অন্ধিতবাবুর সম্মুখেও হঠাৎ এই প্রসঙ্গই উঠে পড়েছিল। ভারতের সনাতন বৈশিষ্ট্য, তার স্বাতন্ত্র্য নষ্ট হবার উল্লেখে তাঁর সমস্ত মুখ ব্যথার ফ্যাকাশে হয়ে গেল। এতদিন তিনি ছিলেন উৎকট স্বদেশী,—আজও মনে মনে হয়ত তাই আছেন,—এ সম্ভাবনা তাঁর কাছে কেবল প্রলয়ের নামাস্তর। এই বলিয়া সে একটা দীর্ঘনিশ্বাস মোচন করিল। অবিনাশ কি একটা বোধ হয় জবাব দিতেছিলেন, কিন্তু কমল সেদিকে দৃকপাত না করিয়াই বলিতে লাগিল, কিন্তু আমি ভাবি এতে ভয় কিসের? বিশেষ কোন একটা দেশে জন্মেছি বলে তারই নিজস্ব আচার-আচরণ চিরদিন আঁকড়ে থাকতে হবে কেন? গেলই বা তার বিশেষত্ব নিঃশেষ হয়ে। এতই কি মমতা? বিশ্বের সকল মানব যদি একই চিন্তা, একই ভাব, একই বিধি-নিষেধের ধ্বজা বসে দাঁড়ায়—কি তাতে ক্ষতি? ভারতীয় বলে চেনা যাবে না এই ত ভয়? না-ই বা গেল চেনা। বিশ্বের মানবজাতির একজন বলে পরিচয় দিতে ত কেউ বাধা দেবে না। তার গৌরবই বা কি কম?

অবিনাশ সহসা জবাব খুঁজিয়া না পাইয়া বলিলেন, কমল, তুমি যা বলচ, নিজে তার অর্থ বোঝ না। এতে মানুষের সর্বনাশ হবে।

কমল উত্তর দিল, মানুষের হবে না অবিনাশবাবু, যারা অশ্ব তাদের অহংকারের সর্বনাশ হবে।

অবিনাশ কহিল, এ-সব নিছক শিবনাথের কথা।

কমল কহিল, তা ত জানিনে—তিনিও এ কথা বলেন।

এবার অবিনাশ আত্মবিস্মৃত হইলেন। বিদ্রুপে মুখ কালো করিয়া বলিলেন, খুব জান। কথাগুলি মন্থস্থ করেচ। আর জান না কার?

তাহার এই কদম্ব দৃঢ়তার জবাব কমল দিল না, দিল নীলিমা। কহিল, কথা যারই হোক মন্থব্যোমশায়, মাস্টারগিরি কাজে কড়া কথার ধমক দিয়ে ছাত্রের মন্থ বশ্য করা যায়, কিন্তু তাতে সমস্যার সমাধান হয় না। প্রশ্নের জবাব না দিতে পারলে ত লজ্জা নেই, কিন্তু ভদ্রতা লঙ্ঘন করার লজ্জা আছে। কিন্তু ঠাকুরপো, একটা গ্যাড়্ ডাকতে পাঠাও না ভাই। তোমাকে কিন্তু গিয়ে পৌঁছে দিতে হবে। তুমি ব্রহ্মচারী মানুষ, তোমাকে সঙ্গে দিতে ত আর ভয় নেই। এই বলিয়া সে কটাক্ষে অবিনাশের প্রতি চাহিয়া বলিল, মন্থব্যোমশায়ের মন্থের চেহারা ষে-রকম মিষ্টি হয়ে উঠে—তাতে বিলম্ব করা আর সঙ্গত হবে না।

অবিনাশ গম্ভীর হইয়া কহিলেন, বেশ ত, তোমরা বসে গল্প কর না, আমি শব্দে চলেলাম। বলিয়া উঠিয়া গেলেন।

চাকর গাড়ি ডাকিতে গিয়াছিল, হরেন্দ্র কমলকে উদ্দেশ্য করিয়া বলিল, আমার আশ্রমে কিন্তু একদিন যেতে হবে। সেদিন আনতে গেলে কিন্তু না বলতে পারবেন না।

কমল সহাস্যে কহিল, ব্রহ্মচারীদের আশ্রমে আমাকে কেন হরেনবাবু? না-ই বা গেলাম?

না, সে হবে না। ব্রহ্মচারী বলে আমরা ভয়ানক কিছুর নই। নিভাঙ্কই সাদাসিধে গেরদুয়াও পরিণে, জটা-বল্কলও ধারণ করিনে। সাধারণের মাঝখানে আমরা তাদের সঙ্গেই মিশে আছি।

কিন্তু সেও ত ভাল নয়! অসাধারণ হলেও সাধারণের মধ্যে আত্মগোপনের চেষ্টা আর একরকমের জোচ্চারি। বোধ হয় অবিনাশবাবু একেই বলেছিলেন ভণ্ডামি। তার চেয়ে বরঞ্চ জটা-বল্কল-গেরদুয়া ঢের ভাল। তাতে মানদ্রব্যকে চেনবার সুবিধে হয়, ঠকবার সম্ভাবনা কম থাকে।

হরেন্দ্র কহিল, আপনার সঙ্গে তর্কে পারবার জো নেই—হটেতেই হবে। কিন্তু বাস্তবিক, আমাদের প্রতিষ্ঠানটিকে আপনি কি ভাল বলেন না? পারি, আর না পারি, এর আদর্শ কত বড়।

কমল কহিল, তা বলতে পারব না হরেনবাবু। সমস্ত সংঘের মত যৌন-সংঘমেও সত্য আছে। কিন্তু সে গোপ সত্য। ঘট করে তাকে জীবনের মুখ্য সত্য করে তুললে সে হয় আর একধরনের অসংঘম। তার দণ্ড আছে। আত্ম-নিগ্রহের উগ্র দৃষ্টি আধ্যাত্মিক ক্ষীণ হয়ে আসে। বেশ, আমি যাব আপনার আশ্রমে।

হরেন্দ্র বলিল, যেতেই হবে,—না গেলে আমি ছাড়ব না। কিন্তু একটা কথা বলে রাখি, আমাদের আড়ম্বর নেই—ঘটা করে আমরা কিছুর করিনে। সহসা নীলিমাকে দেখাইয়া কহিল, আমার আদর্শ উনি। গুঁর মতই আমরা সহজে পিথক। বৈধব্যের কোন বাহ্যপ্রকাশ গুঁতে নেই,—বাইরে থেকে মনে হবে যেন বিলাস-বাসনে মগ্ন হয়ে আছেন, কিন্তু জানি গুঁর দৃস্যা আচার-নিষ্ঠা, গুঁর কঠোর আত্মশাসন।

কমল মৌন হইয়া রহিল। হরেন্দ্র ভক্তি ও শ্রদ্ধায় বিগলিত হইয়া বলিতে লাগিল, আপনি ভারতের অতীত যুগের প্রীতি শ্রদ্ধাসম্পন্ন নন, ভারতের আদর্শ আপনাকে মন্থ করে না, কিন্তু বলুন ত—নারীত্বের এতবড় মহিমা, এতবড় আদর্শ আর কোন দেশে আছে? এই গৃহের উনি গৃহিণী, সেজদার মা-মরা সম্বন্ধের উনি জননীর ন্যায়। এ-বাড়ির সমস্ত দায়িত্ব গুঁর উপরে। অথচ, কোন স্বার্থ, কোন বন্ধন নেই। বলুন ত, কোন দেশের বিধবারা এমন পরের কাজে আপনাকে বিলিয়ে দিতে পেরেছে?

কমলের মন্থ স্মিতহাস্যে বিকশিত হইয়া উঠিল, বলিল, এর মধ্যে ভালটা কি আছে হরেনবাবু? অপরের গৃহের নিঃস্বার্থ গৃহিণী ও অপরের ছেলের নিঃস্বার্থ

জননী হবার দৃষ্টান্ত হয়ত জগতের আর কোথাও নেই। নেই বলে অশ্রুত হতে পারে, কিন্তু ভাল হয়ে উঠবে किसের জোরে ?

শূনিয়া হরেন্দ্র শতক হইয়া রহিল, এবং নীলিমা আশ্চর্য দুই চক্ষু মেলিয়া নির্দমে তাহার মূখের প্রতি তাকাইয়া রহিল। কমল তাহাকেই লক্ষ্য করিয়া বলিল, বাক্যের ছটায়, বিশেষণের চাতুর্যে লোকে একে যত গৌরবান্বিতই করে তুলুক, গৃহীণীপণার এই মিথো অভিনয়ের সম্মান নেই। এই গৌরব ছাড়াই ভাল।

হরেন্দ্র গভীর বেদনার সহিত কাঁহিল, একটা সদৃশ্বেল সংসার নষ্ট করে দিয়ে চলে যাবার উপদেশ—এ ত আপনার কাছে কেউ আশা করে না।

কমল বলিল, কিন্তু সংসার ত গুঁর নিজের নন্দ—হলে এ উপদেশ দিতাম না। অথচ, এমনি করেই কর্মভোগের নেশায় পুরুষেরা আমাদের মাতাল করে রাখে। তাদের বাহবার কড়া মদ খেয়ে চোখে আমাদের ঘোর লাগে, ভাবি, এই বৃদ্ধি নারী-জীবনের সার্থকতা। আমাদের চা-বাগানের হরিশবাবুর কথা মনে পড়ে। ষোল বছরের ছোট বোনটির যখন স্বামী মারা গেল—তাকে বাড়িতে এনে নিজের একপাল ছেলে-মেয়ে দেখিয়ে কেঁদে বললেন, লক্ষ্মী দিদি আমার, এখন এরাই তোর ছেলে-মেয়ে। তোর ভাবনা কি বোন, এদের মানুষ করে, এদের মায়ের মত হয়ে এ বাড়ির সর্বস্ব হলে আজ থেকে তুই সার্থক হ—এই আমার আশীর্বাদ। হরিশবাবু ভাল লোক, বাগানময় তার ধন্য ধন্য পড়ে গেল,—সবাই বললে, লক্ষ্মীর কপাল ভাল। ভাল ত বটেই। শূদ্ধ মেরেমানুবেই জানে এতবড় দুর্ভোগ, এতবড় কাঁক আর নেই, কিন্তু একদিন এ বিড়ম্বনা যখন ধরা পড়ে, তখন প্রতিকারের সময় বয়ে যায়।

হরেন্দ্র কাঁহিল, তার পরে ?

কমল বলিল, পরের খবর জানিনে, হরেনবাবু, লক্ষ্মীর সার্থকতার শেষ দেখে আসতে পারিনি, আগেই চলে আসতে হয়েছিল ; কিন্তু এ যে আমার গাড়ি এসে দাঁড়াল। চলুন, পথে যেতে যেতে বলব। নমস্কার। এই বলিয়া সে একমুহূর্তে উঠিয়া দাঁড়াইল।

নীলিমা নিঃশব্দে নমস্কার করিয়া দাঁড়াইয়া রহিল, তাহার দুই চক্ষের তারকা যেন অঙ্গারের নত জ্বলিতে লাগিল।

॥ চৌদ্দ ॥

‘আশ্রম’ শব্দটা কমলের সম্মুখে হরেন্দ্র মদ্য দিয়া হঠাৎ বাহির হইয়া গিয়াছিল। শূন্য আবির্ভাব ঘেঁঠাটা করিয়াছিলেন সে অন্যান্য হয় নাই। জনককে দরিদ্র ছাত্র ওখানে থাকিয়া বিনা-ধরচায় স্কুলে পড়াশুনা করিতে পায়—ইহাই লোকে জানে। বস্তৃতঃ নিজের এই বাসস্থানটাকে বাহিরের লোকের কাছে অতবড় একটা গৌরবের পদবীতে তুলিয়া ধরার সঙ্কল্প হরেন্দ্রের ছিল না। ও নিতান্তই একটা সাধারণ ব্যাপার এবং প্রথমে আরম্ভও হইয়াছিল সামান্যভাবে। কিন্তু এ-সকল জিনিসের স্বভাবই এই যে, দাতার দুর্বলতায় একবার জন্মগ্রহণ করিলে আর ইহাদের গতির বিরাম থাকে না। কঠিন আগাছার ন্যায় মৃত্তিকার সমস্ত রস নিঃশেষে আকর্ষণ করিয়া ডালে-মূলে ব্যপ্ত হইয়া পড়িতে ইহাদের বিলম্ব হয় না। হইলও তাই। এ বিবরণটাই প্রকাশ করিয়া বলি।

হরেন্দ্রর ভাই-বোন ছিল না। পিতা ওকালতি করিয়া অর্থ সংগ্ৰহ করিয়া গিয়াছিলেন। তাঁহার মৃত্যুর পরে সংসারে অবশিষ্ট ছিলেন শূন্য হরেন্দ্রের বিধবা মা! তিনিও পরলোকগমন করিলেন। ছেলের তখন লেখাপড়া সাজ হইল। অতএব, আপনার বলিতে এমন কেহই আর রহিল না যে তাহাকে বিবাহের জন্য পীড়াপীড়ি করে, কিংবা উদ্যোগ ও আয়োজন করিয়া পালে শৃঙ্খল পরায়। এতএব, পড়া যখন সমাপ্ত হইল তখন নিতান্ত কাজের অভাবেই হরেন্দ্র দেশ ও দেশের সেবার আত্মনিয়োগ করিল। সাধুসঙ্গ বিস্তর করিল, ব্যাংকের জমানে সুদ বাহির করিয়া দুর্ভিক্ষ-নিবারণী সমিতি গঠন করিল, বন্যালাবনে আচার্যদেবের দলে ভিড়িল, মন্ত্রিসঙ্ঘে মিলিয়া কানা-খোঁড়া নুলো-হাবা-বোব্য ধরিয়া আনিয়া সেবা করিল,—নান জাহির হইতেই দলে দলে ভালো লোকেরা আসিয়া তাহাকে বলিতে লাগিল, টাকা দাও, পরোপকার করি। বাড়তি টাকা শেষ হইয়াছে, পুঁজিতে হাত না দিলে আর চলে না,—এমনি যখন অবস্থা, তখন হঠাৎ একদিন আবির্ভাবের সঙ্গে তাহার পরিচয়। সম্বন্ধ যত দূরের হউক, পৃথিবীতে একটা লোকও যে তখনো বাকী আছে যাহাকে আত্মীয় বলা চলে, এ খবর সেইদিন সে প্রথম পাইল। আবির্ভাবের কলেজে তখন মাস্টারি একটা খালি ছিল, চেঁচা করিয়া সেই কর্মে তাহাকে নিষ্পত্ত করাইয়া সঙ্গে করিয়া আগ্রায় আনিলেন। এ দেশে আসিবার ইহাই তাহার ইতিহাস! পশ্চিমের মুসলমানী আমলের প্রাচীন শহর গুলার সাবেককালের অনেক বড় বড় বাড়ি এখনও অগ্ৰ ভাঙায় পাওয়া যায়, ইহারই একটা হরেন্দ্র যোগাড় করিয়া লইল। তাহার আশ্রম।

কিন্তু এখানে আসিয়া যে-করাদিন সে আবির্ভাবের গৃহে আতিথ্য করিল—

তাহারই অবকাশে নীলিমার সহিত তাহার পরিচয় । এই মের্সেচ অচেনা লোক বলিয়া একটা দিনের জন্যও আড়ালে থাকিয়া দাসী-চাকরের হাত দিয়া আত্মীয়তা করিবার চেষ্টা করিল না—একেবারে প্রথম দিনটিতেই সম্মুখে বাহির হইল । কহিল, তোমার কখন কি চাই, ঠাকুরপো, আমাকে জানাতে লজ্জা করো না । আমি বাড়ির গিন্নী নই—অথচ গিন্নীপনার ভার পরেছে আমার ওপর । তোমার দাদা বলিছিলেন, ভায়ার অবসর হলে মাইনে কাটা যাবে । গরীব মানুষের লোকসান করে দিলো না ভাই । দরকারগুলো খেন জানতে পারি ।

হরেন কি যে জবাব দিবে খুঁজিয়া পাইল না । লজ্জায় সে এমন জড়সড় হইয়া উঠিল যে, এই মিষ্ট কথাগুলি যিনি অবলীলাক্রমে বলিয়া গেলেন তাহার মূখের দিকেও চাহিতে পারিলে না । কিন্তু লজ্জা কাটিতেও তাহার দিন-দুয়ের বেশী লাগিল না । ঠিক যেন না কাটিয়া উপায় নাই,—এমনি । এই রমণীর যেমন স্বচ্ছন্দ অনাড়-স্বর প্রীতি, তেমনি সহজ সেবা । তিনি যে বিধবা, সংসারে তাঁহার যে সত্যকার আশ্রয় কোথাও নাই—তিনিও যে এ বাড়িতে পর—এই কথাটাও একদিকে যেমন তাঁহার মূখের চেহারায়, তাঁহার সাজসজ্জায়, তাহার রহস্য-মধুর আলাপ-আলোচনায় ধরিবার জো নাই, তেমনি এইগুলোই যে তাঁহার সবটুকু নহে এ কথাটাও না বঝিয়া উপায়ান্তর নাই ।

বয়স নিতান্ত কম নহে, বোধ করি বা গ্রিশের কাছাকাছি গিয়া পৌঁছিয়াছে । এই বয়সের সম্মুচিত গাম্ভীর্য হঠাৎ খুঁজিয়া পাওয়া যায়,—এমনি হালকা তাঁহার হাসি-খুঁশি মেলা, অথচ একটুখানি মনোনিবেশ করিলেই স্পষ্ট বুঝা যায়—এমন একটা অদৃশ্য আবেগের তাঁহাকে অহর্নিশি ঘিরিয়া আছে যাহার ভিতরে প্রবেশের পথ নাই । বাটীর দাসী-চাকরেরও না- বাটীর মনিবেরও না ।

এই গৃহে, এই আবহাওয়ার মাঝখানেই হরেন্দ্রের সপ্তাহ-দুই কাটিয়া গেল । হঠাৎ একদিন সে আলাদা বাসা ভাড়া করিয়াছে শুনিলে নীলিমা ক্ষুব্ধ হইয়া কহিল, এত তাড়াতাড়ি করতে গেলে কেন ঠাকুরপো, এখানে কি এমন তোমার আটকাছিল ?

হরেন্দ্র সলজ্জ কহিল, একদিন ত যেতেই হত বৌদি ।

নীলিমা জবাব দিল, তা হয়ত হত । কিন্তু দেশসেবার নেশার ঘোর তোমার এখনো চোখ থেকে কাটেনি ঠাকুরপো, আরও দিন-কতক না হয় বৌদির হেপাজতেই থাকতে ।

হরেন্দ্র বলিল, তাই থাকব বৌদি ! এই ত মিনিট-দশেকের পথ—আপনার দৃষ্টি এড়িলে যাব কোথায় ?

অবিনাশ ঘরের মধ্যে বসিয়া কাজ করিতেছিলেন ; সেইখান হইতেই কহিলেন, যাবে জাহান্নামে । অনেক বারণ করেছিলাম, হরেন, যাসনে আর কোথাও, এইখানে থাক । কিন্তু সে কি হয় ? ইচ্ছত বড়—না দাদার কথা বড় ! যাও আন্ডার গিলে দরিদ্র-নারায়ণের সেবা চড়াও গে । ছোটগিন্নী, ওকে বলা বৃথা । ও হল চড়কের সম্ম্যাসী—পট ঝুড়ে ঘুরতে না পেলে ওদের বাঁচাই মিথ্যে ।

নূতন বাসায় আসিয়া হরেন্দ্র চাকর বামুন রাখিয়া অতিশয় শাস্তিশিষ্ট নিরীহ মাস্টারের ন্যায় কলেজের কাজে মন দিল। প্রকাণ্ড বাড়িতে অনেক ঘর। গোটা-দুইঘর ছাড়া বাকী সমস্তই পড়িয়া রহিল। মাস-খানেক পরেই এই শূন্য ঘরগুলো তাহাকে পীড়া দিতে লাগিল। ভাড়া দিতে হয়, অথচ কাজে লাগে না। অতএব পত্র গেল রাজেনের কাছে। সে ছিল তাহার ধূর্ত-ক্ষ-নিবারণী-সীমিতর সেক্রেটারি। দেশোদ্ধারের আগ্রহাতিশয্যে বছর-দুই অস্ত্রাণী খাঙ্কিয়া মাস পাঁচ-ছয় ছাড়া পাইয়া সাবেক বন্ধু বান্ধবগণের সম্মানে ফিরিতেছিল। হরেনের চিঠি এবং ট্রেনের মাশুল পাইয়া তৎক্ষণাৎ চলিয়া আসিল। হরেন্দ্র কহিল, দেখি যদি তোমার একটা চাকরি-বাকরি করে দিতে পারি। রাজেন বলিল, আচ্ছা। তাহার পরম বন্ধু ছিল সতীশ। সে কোনমতে অস্ত্রাণীর দায় এড়াইয়া মেদিনীপুর জেলার কোন একটা গ্রামে বাসিয়া ব্রহ্মচর্যাশ্রম খুলিবার চেষ্টায় ছিল; রাজেনের পত্র পাওয়ার সপ্তাহকাল মধ্যেই তাহার সাধুসংকল্প মূলতবী রাখিয়া আগ্রায় আসিয়া উপস্থিত হইল। এবং একাকী আসিল না, অনুগ্রহ করিয়া গ্রাম হইতে একজন ভক্তকে সঙ্গে করিয়া আনিল। সতীশ একথা যুক্তি ও শাস্ত্রবচনের জোরে নির্বিশেষে প্রতিপন্ন করিয়া দিল যে, ভারতবর্ষই ধর্মভূমি। মূর্খ-খাঁষরাই ইহার দেবতা। আমরা ব্রহ্মচারী হইতে ভুলিয়া গিয়াছি বলিয়াই আমাদের সব গিয়াছে। এ দেশের সাহিত্য জগতের কোন দেশের তুলনা হয় না, কারণ আমরাই ছিলাম একদিন জগতের শিক্ষক, আমরাই ছিলাম মানুুষের গুরু। সুতরাং বর্তমানে ভারতবাসীর একমাত্র করণীয় গ্রামে গ্রামে নগরে নগরে অসংখ্য ব্রহ্মচর্যাশ্রম স্থাপন করা। দেশোদ্ধার যদি কখনো সম্ভব হয় ত এই পথেই হইবে!

শূন্য হরেন্দ্র মূগ্ধ হইয়া গেল। সতীশের নাম সে শূন্যিয়াছিল, কিন্তু পরিচয় হিল না; সুতরাং এই সোভাগ্যের জন্য সে মনে মনে রাজেনকে ধন্যবাদ দিল। এবং ইতিপূর্বে যে তাহার বিবাহ হইয়া যায় নাই, এজন্য সে আপনাকে ভাগ্যবান জ্ঞান করিল। সতীশ সর্ববাদিসম্মত ভাল ভাল কথা জানিত; কয়েকদিন ধরিয়া সেই আলোচনাই চলিতে লাগিল। এই পুণ্যভূমির মূর্খ-খাঁষদের আমরাই বংশধর, আমাদেরই পূর্ব-পিতামহগণ একদিন জগতের গুরু ছিলেন, অতএব আর একদিন গুরুগরি করিবার আমরাই উত্তরাধিকারী। আর্ষরক্ত-সম্ভূত কোন পাণ্ড ইহার প্রতিবাদ করিতে পারে? পারে না, এবং পারিবার মত দুর্মতিপরাণ লোকও কেহ দেখানে ছিল না।

হরেন্দ্র মাতিয়া উঠিল। কিন্তু, ইহা তপস্যা এবং সাধনার বস্তু বলিয়া সমস্ত ব্যাপারটাই সাধ্যমত গোপনে রাখা হইতে লাগিল, কেবল রাজেন ও সতীশ মাঝে মাঝে দেশে গিয়া ছেলে সংগ্রহ করিয়া আনিতে লাগিল। বাহারা বলসে ছোট তাহারা স্কুলে প্রবেশ করিল, বাহারা সে শিক্ষায় উত্তীর্ণ হইয়াছে তাহারা হরেন্দ্রের চেষ্টায় কোন একটা কলেজে গিয়া ভর্তি হইল,—এইরূপে, অল্পকালেই প্রায় সমস্ত বাড়িটাই নানা বলসের ছেলের দলে পরিপূর্ণ হইয়া উঠিল। বাহিরের লোকে বিশেষ কিছু জানিতও না, জানিবার চেষ্টাও করিত না। শূন্য এইটুকুই সকলে ভাসা-ভাসা রকমের শূন্যিতে

পাইল যে, হরেন্দ্রের বাসার থাকিয়া কতকগুলি দরিদ্র বাঙালীর ছেলেরা লেখাপড়া করে। ইহার অধিক অবিনাশও জানিত না, নীলিমাও না।

সতীশের কঠোর শাসনে বাসার মাছ-মাংস আসিবার জো নাই, ব্রহ্মমুহূর্তে উঠিয়া সকলকে স্নেহাত্মক, ধ্যান, প্রাণায়াম প্রভৃতি শাস্ত্রাবিহিত প্রক্রিয়া সম্পন্ন করিতে হয়, পরে লেখাপড়া ও নিত্যকর্ম। কিন্তু কতৃপক্ষদের ইহাতেও মন উঠিল না, সাধন-মার্গ ক্রমশঃ কঠোরতর হইয়া উঠিল। বামুন পলাইল, চাকরদের জবাব দেওয়া হইল,— অতএব এ কাজগুলোও পাল্য করিয়া ছেলেদের ঘাড়ে পাড়িল। কোনদিন একটা তরকারি হয়, কোনদিন বা তাহাও হইয়া উঠে না; ছেলেদের পড়াশুনা গেল—ইস্কুলে তাহারা বকুন খাইতে লাগিল, কিন্তু কঠিন বাধা-নিয়মের শৈথিল্য ঘটিল না—এমনি কড়াকড়ি। কেবল একটা অনিয়ম ছিল—বাহিরের কোথাও আহারের নিয়ন্ত্রণ জুটিলে। নীলিমার কি একটা বৃত-উদ্‌যাপন উপলক্ষে এই ব্যতিক্রম হরেন্দ্র জোর করিয়া বহাল করিয়াছিল। এছাড়া আর কোথাও কোন মার্জনা ছিল না। ছেলেদের খালি পা, রক্ষ মাথা, পাছে কোথাও কোনও ছিদ্রপথে বিলাসিতা অনর্থকার-প্রবেশ করে সৌন্দর্যকে সতীশের আভি-সতর্ক চক্ষু অনুরক্ষণ প্রহরা দিতে লাগিল। মোটামুটি এইভাবেই আশ্রমের দিন কাটিতেছিল। সতীশের ত কথাই নাই, হরেন্দ্রের মনের মধ্যেও শ্রাদ্ধের অবধি রহিল না। বাহিরে কাহারো কাছে তাহারা বিশেষ কিছুই প্রকাশ করিত না, কিন্তু নিজেদের মধ্যে হরেন্দ্র আত্মপ্রসাদ ত পরিভূক্তির উচ্ছ্বাসিত আবেগে প্রায়ই এই কথাটা বলিত যে, একটা ছেলেকেও যাঁদ সে মানুষ করিয়া তুলিতে পারে ত এ জীবনে চরম সার্থকতা লাভ করিয়াছে মনে করবে। সতীশ কথা কাঁহিত না। বিনয়ে মুখখানি শুধু আনিত করিত।

শুধু একটা বিষয়ে হরেন্দ্র এবং সতীশ উভয়েই পীড়া বোধ করিতেছিল। কিছুদিন হইতে উভয়েই অনুভব করিতেছিল যে, রাজেনের আচরণ পূর্বের মত আর নাই। আশ্রমের কোন কাজেই সে আর গা দেয় না, সকালের সাধন-ভজনের নিত্যকর্মে এখন সে প্রায়ই অনর্পস্থিত থাকে, জিজ্ঞাসা করিলে বলে, শরীর ভাল নাই। অথচ, শরীর ভাল না থাকার বিশেষ কোন লক্ষণও দেখা যায় না। কিন্তু তাহার নালিশ, কেন সে এমন হইতেছে প্রশ্ন করিয়াও জবাব পাওয়া যায় না। কোনদিন হয়ত প্রভাতেই কোথায় চলিয়া যায়, সারাদিন আসে না, রাতে যখন বাড়ি ফিরে তখন এমনি তাহার চেহারা যে, কারণ জিজ্ঞাসা করিতে হরেন্দ্রেরও সাহস হয় না। অথচ এ-সকল একান্তই আশ্রমের নিয়মবিরুদ্ধ। একা হরেন্দ্র ব্যতীত সম্প্রদায়ের পরে কাহারো বাহিরে থাকিবার জো নাই—এ কথা রাজেন ভাল করিয়াই জানে, অথচ গ্রাহ্য করে না। আশ্রমের সেক্রেটারি সতীশ, শৃঙ্খলাক্ষার ভার তাহারই উপরে। এই-সকল অন্যাচারের বিরুদ্ধে সে হরেন্দ্রের কাছে ঠিক যে অভিযোগ করিত তাহা নয়, কিন্তু মাঝে মাঝে আভাসে-ইঙ্গিতে এমন ভাব প্রকাশ করিত যে, ইহাকে আশ্রমে রাখা ঠিক সম্ভব হইতেছে না—ছেলেরা বিগড়াইতে পারে। হরেন্দ্র নিজেও যেন না বুদ্ধিত তাহা নহে, কিন্তু মদ্য ফুটিয়া বলিবার সাহস তাহার ছিল না। একদিন সমস্ত রাঁহই তাহার দেখা নাই,—

সকালে যখন সে বাড়ি ফিরিল তখন এই লইয়াই একটা রীতিমত আলোচনা চলিতেছিল। হরেন্দ্র বিস্মিত হইয়া কহিল, ব্যাপার কি রাজেন, কাল ছিল কোথায় ?

সে একটুখানি হাসিবার চেষ্টা করিয়া বলিল, একটা গাছতলায় পড়ে ছিলাম।

গাছতলায় ? গাছতলায় কেন ?

অনেক রাত হয়ে গেল—আর ডাকাডাকি করে আপনাদের ঘুম ভাঙালাম না।

বেশ। অত রাগিই বা হল কেন ?

এমনি ঘুরতে ঘুরতে। এই বলিয়া সে নিজের ঘরে চলিয়া গেল।

সতীশ নিকটে ছিল, হরেন জিজ্ঞাসা করিল, কি কাণ্ড বল ত ?

সতীশ বলিল, আপনাকেই কথা কাটিয়ে চলে গেল—গ্রাহ্য করলে না, আর আমি জানব কি করে ?

তাই ত হে, এতটা ত ভাল নয়।

সতীশ মৃদু ভাষী করিয়া খানিকক্ষণ চুপ করিয়া থাকিয়া বলিল, আপনি ত একটা কথা জানেন, পদ্মিশে ওকে দুই বছর জেলে রেখেছিল ?

হরেন বলিল, জানি, কিন্তু সে ত মিথ্যে সন্দেহের উপর। ওর তো কোন সত্যিকার দোষ ছিল না।

সতীশ কহিল, আমি শব্দ ওর বন্দু বলেই জেলে যেতে যেতে রয়ে গিয়েছিলাম। পদ্মিশের সন্দেহট ওকে আজও ছাড়েনি।

হরেন কহিল, অসম্ভব নয়।

প্রত্যুত্তরে সতীশ একটুখানি বিবাদের হাসি হাসিয়া কহিল, আমি ভাবি, ওর থেকে আমাদের আশ্রমের উপরে না তাদের মারা জন্মায়।

শুনিয়া হরেন চিন্তিতমুখে চুপ করিয়া রহিল। সতীশ নিজেও খানিকক্ষণ নীরবে থাকিয়া সহসা জিজ্ঞাসা করিল, আপনি বোধ হয় জানেন যে রাজেন ভগবান পরষু বিশ্বাস করে না ?

হরেন আশ্চর্য হইয়া বলিল, কৈ না !

সতীশ কহিল, আমি জানি সে করে না। আশ্রমের কাজকর্ম, বিধানিষেধের প্রতিও তার তিলার্থ শ্রদ্ধা নেই। আপনি বরং কোথাও তার একটা চাকরি-বাকরি করে দিন।

হরেন্দ্র কহিল, চাকরি ত গাছের ফল নয়, সতীশ, যে ইচ্ছে করলেই পেড়ে হাতে দেব। তার জন্যে চেষ্টা যথেষ্ট করতে হয়।

সতীশ বলিল, তা হলে তাই করুন। আপনি যখন আশ্রমের প্রতিষ্ঠাতা এবং প্রেসিডেন্ট এবং আমি এর সেক্রেটারি, তখন সকল বিষয় আপনার গোচর করাই আমার কর্তব্য। আপনি অভ্যস্ত স্নেহ করেন এবং আমারও সে বন্দু। তাই তার বিরুদ্ধে কোন কথা বলতে এতদিন আমার প্রবৃত্তি হয়নি, কিন্তু এখন আপনাকে সতর্ক করে দেওয়াও আমি কর্তব্য মনে করি।

হরেন মনে মনে ভীত হইয়া কহিল, কিন্তু আমি জানি তার নির্মল চরিত্র—

সতীশ ঘাড় নাড়িয়া বলিল, হ্যাঁ। এদিক দিগ্নে অতবড় শত্রুও তার দোষ দিতে পারে না। রাজেন আজীবন কুমার, কিন্তু সে ব্রহ্মচারীও নয়। আসল কারণ, শ্রীলোক বলে সংসারে যে কিছু আছে এ কথা ভাববারও তার সময় নেই। এই বলিয়া সে ক্ষণকাল মৌন থাকিয়া কহিল, তার চরিত্রের অভিযোগ আমি করিনি, সে স্বাভাবিক রকমের নির্মল, কিন্তু—

হরেন প্রশ্ন করিল, তবুও তোমার কিছুটা কি ?

সতীশ বলিল, কলকাতার বাসায় আমরা দুজনে এক ঘরে থাকতাম। ও তখন ক্যাম্বেল মেডিকেল স্কুলের ছাত্র এবং বাসায় বি. এস্-সি পড়ত। সবাই জানত ও-ই ফাস্ট হবে, কিন্তু একজামিনের আগে হঠাৎ কোথায় চলে গেল—

হরেন্দ্র বিশ্মিত হইয়া জিজ্ঞাসা করিল, ও কি ডাক্তারি পড়ত নাকি? কিন্তু আমাকে যে বলেছিল ও শিবপদ্র হাঁজনিয়ারিং কলেজে ভর্তি হইয়াছিল, কিন্তু পড়াশুনো ভগ্নানক শক্ত বলে ওকে পালিয়ে আসতে হইয়াছিল—

সতীশ কহিল, কিন্তু খোঁজ নিলে দেখতে পাবেন কলেজে থার্ড-ইয়ারে সে-ই হইয়াছিল প্রথম। অথচ বিনা কারণে চলে আসায় কলেজের সমস্ত মাস্টাররাই অত্যন্ত দুঃখিত হইয়াছিল। ওর পিসীমা বড়লোক, তিনিই পড়ার খরচ দিচ্ছিলেন। এই ব্যাপারে বিরক্ত হয়ে টাকা বন্ধ করলেন, তার পরেই বোধ হয় আপনার সঙ্গে ওর পরিচয়। বছর-দুই ঘরে ঘরে যখন ফিরে এলো তখন পিসীমা তারই মত নিয়ে তাকে ডাক্তারি স্কুলে ভর্তি করে দিলেন। ক্লাসে প্রত্যেক বিষয়েই ও ফাস্ট হিচ্ছিল, অথচ বছর-তিনেক পরে হঠাৎ একদিন ছেড়ে দিলে! ওই এক ছুতো—ভারী শক্ত, ও আমি পেরে উঠবো না। ছেড়ে দিয়ে আমার বাসায় আমার ঘরে এসে আড্ডা নিলে। বললে, ছেলে পড়িয়ে বি. এস্-সি, পাস করে কোথাও কোন গ্রামে গিয়ে মাস্টারি করে কাটাব। আমি বললাম, বেশ তাই কর। তার পরে দিন-পনের নাওয়া-খাওয়ার সময় নেই, চোখের ঘুম কোথায় গেল তার ঠিকানা নেই,—এমনি পড়াই পড়লে যে, সে এক আশ্চর্য ব্যাপার। সবাই বললে, এ না হলে কি আর কেউ প্রত্যেক বিষয়ে প্রথম হতে পারে।

হরেন এ-সব কিছুই জানিত না,—রত্নধনিঃস্বাসে কহিল, তার পরে!

সতীশ কহিল, তারপরে যা আরম্ভ করলে সেও এমনি অশ্রুত। বই আর ছুঁলে না। কোথায় রইল তার খাতা পেন্সিল, কোথায় রইল তার নোট-বুক—কোথায় যায়, কোথায় থাকে, পাত্তাই পাওয়া যায় না। যখন ফিরে আসে তার চেহারা দেখলে ভয় হয়। যেন এতদিন ওর স্নানাহার পর্যন্ত ছিল না।

তার পরে ?

তার পরে একদিন পদূলিশের দলবল এসে সকাল থেকে বাড়িময় যেন দক্ষযজ্ঞ শব্দ করলে। এটা ফেলে, সেটা ছড়ায়, ওটা খোলে, একে ধমকায়, তাকে আটকায়—সে বস্তু চোখে না দেখলে অনুধাবন করার জো নেই। বাসার সবাই কেরানী ভয়ে

দুজনের সর্দিগামি হয়ে গেল—সবাই ভাবলাম আর রক্ষে নেই, পদলিশের লোকে আজ আমাদের সবাইকে ধরে বোধ হয় ফাঁসি দেবে ।

তার পরে ?

তার পরে বিকেল নাগাদ রাজেনকে আর রাজেনের বন্ধু বলে আমাকে ধরে নিয়ে তারা বিদায় হল । আমাকে দিলে দিন-চারেক পরেই ছেড়ে, কিন্তু তার উদ্দেশ্য আর পাওয়া গেল না । ছাড়বার সময় সাহেব দয়া করে বার বার স্মরণ করিয়ে দিলেন যে, ওয়ান স্টেপ্ ! ওয়াল্ড ওয়ান্ স্টেপ্ ! তোমার বাসার ঘর আর এই জেলের ঘরের মধ্যে ব্যবধান রইলো শব্দ ওয়ান্ স্টেপ্ । গো । গঙ্গান্নান করে কালীঘাটে মা-কালীকে দর্শন করে বাসায় ফিরে এলাম । সবাই বললে, সতীশ, তুমি 'ভাগ্যবান । অফিসে গেলাম, সাহেব ডেকে পাঠিয়ে দু মাসের মাইনে হাতে দিয়ে বললেন, গো । শূন্যলাম ইতিমধ্যে আমার অনেক খোঁজ-তল্লাশিই হয়ে গেছে ।

হরেন্দ্র স্তম্ভ হইয়া রহিল । কিছুদ্ধল এইভাবে থাকিয়া শেষে ধীরে ধীরে কহিল, তা হলে কি তোমার নিশ্চয় বোধ হয় যে রাজেন—

সতীশ মিনতির স্বরে বলিল, আমাকে জিজ্ঞেস করবেন না । সে আমার বন্ধু ।

হরেন খুশী হইল না, কহিল, আমারও ত সে ভাইয়ের মত ।

সতীশ কহিল, একটা কথা ভেবে দেখবার যে, তারা আমাকে বিনা-দোষে লাঞ্ছনা করেচে সত্যি, কিন্তু ছেড়েও দিয়েছে ।

হরেন বলিল, বিনা-দোষে লাঞ্ছনা করাটাও ত আইন নয় । যারা তা পারে, তারা এ-ই বা পারবে না কেন ? এই বলিয়া সে তখনকার মত কলেজে চলিয়া গেল, কিন্তু মনের মধ্যে তাহার ভারী অশান্তি লাগিয়া রহিল । শব্দ কেবল রাজেনের ভবিষ্যৎ চিন্তা করিয়াই নয়, দেশের কাজে দেশের ছেলেদের মানুুষের মত মানুুষ করিয়া তুলিতে এই যে সে আয়োজন করিয়াছে, পাছে, তাহা অকারণে নষ্ট হইয়া যায় । হরেন স্থির করিল, ব্যাপারটা সত্যই হউক, বা মিথ্যাই হউক, পদলিশের চক্ষু অকারণে আশ্রমের প্রতি আকর্ষণ করিয়া আনা কোনমতেই সমীচীন নয় । বিশেষতঃ সে যখন স্পর্শই এখানকার নিয়ম লঙ্ঘন করিয়া চলিতেছে, তখন কোথাও চাকরি করিয়া দিয়া হোক বা যে-কোন অজুহাতে হোক, তাহাকে অন্যত্র সরাইয়া দেওয়াই বাঞ্ছনীয় ।

ইহার দিন-কয়েক পরেই মুসলমানদের কি একটা পর্বোপলক্ষে দুদিনের ছুটি ছিল । সতীশ কাশী যাইবার অনুমতি চাহিতে আসিল ! আগ্রা আশ্রমের অনুরূপ আদর্শ ভারতের সর্বত্র প্রতিষ্ঠান গড়িয়া তুলিবার বিরাট কল্পনা হরেন্দ্রের মনের মধ্যে ছিল এবং এই উদ্দেশ্যেই সতীশের কাশী যাওয়া । শূন্যলাম রাজেন আসিয়া কহিল, হরেনদা, ওয়ান স্টেপ্ আমিও দিন কতক বোড়িয়ে আসি গে ।

হরেন বলিল, তার কাজ আছে বলে সে যাচ্ছে ।

রাজেন বলিল, আমার কাজ নেই বলেই যেতে চাচ্ছি । যাবার গাড়ি ভাড়ার টাকাটা আমার কাছে আছে ।

হরেন জিজ্ঞাসা করিল, কিন্তু ফিরে আসবার ?

রাজেন চুপ করিয়া রহিল ।

হরেন বলিল, রাজেন, কিছুদিন থেকে তোমাকে একটা কথা বলি-বলি করণ্ড বলতে পারিনি ।

রাজেন একটুখানি হাসিয়া কহিল, 'বলবার প্রয়োজন নেই হরেনদা, সে আমি জানি । এই বলিয়া সে চলিয়া গেল ।

রাত্রির গাড়িতে তাহাদের যাইবার কথা । বাসা হইতে বাহির হইবার কালে হরেন্দ্র দ্বারের কাছে দাঁড়াইয়া হঠাৎ তাহার হাতের মধ্যে একটা কাগজের মোড়ক গর্জিয়া দিয়া চুপি চুপি বলিল, ফিরে না এলে বড় দুঃখ পাবো রাজেন । এবং বলিয়াই চক্ষের পলকে নিজের ঘরে গিয়া প্রবেশ করিল ।

ইহার দিন-দশেক পরে দুজনেই ফিরিয়া আসিল । হরেনকে নিভুতে ডাকিয়া সতীশ প্রফুল্ল মুখে কহিল, আপনার সৌদিনের ঐটুকু বলাতেই কাজ হয়েছে হরেনবাবু । কাশীতে আশ্রম স্থাপনের জন্যে এ কদিন রাজেন অমানুষিক পরিশ্রম করেছে ।

হরেন কহিল, পবিত্রম করলে ত সে অমানুষিক পরিশ্রমই করে সতীশ ।

হাঁ, তাই সে করেছে । কিন্তু এর সিকি ভাগ পরিশ্রমও যদি সে আমাদের এই নিজেদের আশ্রমটুকুর জন্যে করত !

হরেন আশান্ত্বিত হইয়া বলিল, করবে হে সতীশ করবে । এতদিন বোধ করি ও ঠিক জিনিসটি ধরতে পারেনি । আমি নিশ্চয় বলিচি, তুমি দেখতে পাবে এখন থেকে ওর কর্মের আর অবধি থাকবে না ।

সতীশ নিজেও সেই ভরসাই করিল ।

হরেন বলিল, তোমাদের ফিরে আসার অপেক্ষায় একটা কাজ স্থগিত আছে । আমি মনে মনে কি স্থির করছি জানো ? আমাদের আশ্রমের অস্তিত্ব এবং উদ্দেশ্য গোপন রাখলে আর চলবে না । দেশের এবং দশের সহানুভূতি পাওয়া আমাদের প্রয়োজন । এবং বিশিষ্ট কর্মপদ্ধতি সাধারণো প্রচার করা আবশ্যিক ।

সতীশ সন্দেহ-কণ্ঠে কহিল, কিন্তু তাতে কি কাজে বাধা পাবে না ?

হরেন বলিল, না । এই রবিবারে আমি কয়েকজনকে আহ্বান করিচি । তাঁরা দেখতে আসবেন । আশ্রমের শিক্ষা, সাধনা, সংস্কার ও বিশুদ্ধতার পরিচয়ে সৌদিন যেন তাঁদের আমরা মুগ্ধ করে দিতে পারি । তোমার উপরেই সমস্ত দায়িত্ব ।

সতীশ জিজ্ঞাসা করিল, কে কে আসবেন ?

হরেন বলিল, অজিতবাবু, অবিলাসদা, বোঠাকরুণ । শিবনাথবাবু সম্প্রতি এখানে নেই,--শুনলাম জয়পুরে গেছেন কার্যপলক্ষে, কিন্তু তাঁর স্ত্রী কমলের নাম বোধ করি শুনেনি--তিনিও আসবেন ; এবং শরীর সুস্থ থাকলে হয়ত আশুবাবুকেও ঘরে আনতে পারব । জান ত, কেউ এঁরা যে-সে লোক নন । সৌদিন এঁদের কাছ থেকে যেন আমরা সত্যিকার শ্রদ্ধা আদায় করে নিতে পারি । সে ভার তোমার ।

সতীশ সর্দিনয়ে মাথা নত করিয়া কহিল, আশীর্বাদ করুন, তাই হবে ।

রবিবার সন্ধ্যার প্রাক্কালে অভ্যাগতেরা আসিয়া উপস্থিত হইলেন,—আসিলেন না শূধু, আশুবাৰু। হরেন্দ্র দ্বার হইতে তাঁহাদের সম্মানে অভ্যর্থনা করিয়া আনিলেন। ছেলেরা তখন আশ্রমের নিতাপ্রয়োজনীয় কর্মে ব্যাপ্ত। কেহ আলো জ্বালিতেছে, কেহ ঝাঁট দিতেছে, কেহ উনান ধরাইতেছে, কেহ জল তুলিতেছে, কেহ রান্নার আয়োজন করিতেছে। হরেন্দ্র অবিনাশকে লক্ষ্য করিয়া সহাস্যে কহিল, সেজদা, এরাই সব আমাদের আশ্রমের ছেলে। আপনি যাঁদের লক্ষ্মীছাড়ার দল বলেন। আমাদের চাকর-বামদুন নেই, সমস্ত কাজ এদের নিজেদের করতে হয়। বৌদি, আসুন আমাদের রান্নাশালায়। আজ আমাদের পর্বদিন, সেখানকার আয়োজন একবার দেখে আসবেন চলুন।

নীলিমার পিছনে পিছনে সবাই আসিয়া রান্নাঘরের দ্বারের কাছে দাঁড়াইলেন। একটি বছর দশ-বারের ছেলে উনান জ্বালিতেছিল এবং সেই বয়সের আর একটি ছেলে বঁটিতে আলু কুটিতেছিল, উভয়েই উঠিয়া দাঁড়াইয়া নমস্কার করিল। নীলিমা ছেলোটিকে স্নেহের, কণ্ঠে সম্বোধন করিয়া প্রশ্ন করিল, আজ তোমাদের কি রান্না হবে বাবা?

ছেলোটি প্রফুল্লমুখে কহিল, আজ রবিবার আমাদের আলুর-দম হয়।

আর কি হয়?

আর কিছুর না।

নীলিমা ব্যাকুল হইয়া জিজ্ঞাসা করিল, শূধু আলুর-দম : ডাল কিংবা ঝোল, কিংবা আর কিছুর—

ছেলোটি শূধু কহিল, ডাল আমাদের কাল হয়েছিল।

সতীশ পাশে দাঁড়াইয়া ছিল, বুঝাইয়া বলিল, আমাদের আশ্রমে এবটার বেশী হবার নিয়ম নেই।

হরেন হাসিয়া কহিল, হবার জো নেই বৌদি, হবে কোথা থেকে? ভায়া এই ভাবেই পরের কাছে আশ্রমের গোরব রক্ষা করেন।

নীলিমা জিজ্ঞাসা করিল, দাসী-চাকরও নেই বুঝি?

হরেন কহিল, না। তাদের আমলে আলুর-দমকে বিদায় দিতে হবে। ছেলেরা সেটা পছন্দ করবে না।

নীলিমা আর প্রশ্ন করিল না, ছেলে দুটির মুখের পানে চাহিয়া তাহার দুই চক্ষু ছলছল করিতে লাগিল। কহিল, ঠাকুরপো, আর কোথাও চল।

সকলেই এ কথার অর্থ বুঝিল। হরেন্দ্র মনে মনে পূর্লুকিত হইয়া কহিল, চলুন। কিন্তু আমি নিশ্চয় জানতাম বৌদি, এ আপনি সহিতে পারবেন না। এই বলিয়া সে কমলের প্রতি চাহিয়া বলিল, কিন্তু আপনি নিজেই এতে অভ্যস্ত—শূধু আপনিই বুঝবেন এই সার্থকতা তাই সোদিন আমার এই ব্রহ্মচর্যাশ্রমে আপনাকে সমস্প্রমে আমন্ত্রণ করেছিলাম।

হরেন্দ্রের গভীর ও গভীর মূখের প্রতি চাহিয়া কমল হাসিয়া ফেলিয়া বলিল, আমার নিজের কথা আলাদা, কিন্তু এই-সব শিশুদের নিয়ে প্রচণ্ড আড়ম্বরে এই নিষ্ফল দারিদ্র্যচর্চার নাম কি মানব-গড়া হরেনবাবু? এরাই বুঝি সব রক্ষাচারী? এদের মানব করতে চান ত সাধারণ সহজ পথ দিয়ে করুন,—মধ্যে দুঃখের বোঝা নাথায় চাপিলে অসময়ে কুঁজো করে দেবেন না।

বাহার বাক্যের কঠোরতায় হরেন্দ্র বিব্রত হইয়া উঠিল। অবিনাশ বলিলেন, কমলকে ডেকে আনা তোমার ঠিক হয়নি হরেন।

কমল লজ্জা পাইল, কাঁহল, আমাকে সত্যিই কারো ডাকা উচিত নয়।

নীলিমা কাঁহল, কিন্তু সে কারণে মধ্যে আমি নই কমল। আমার ঘরের মধ্যে কখনো তোমার অনাদর হবে না। চল, আমরা ওপরে গিয়ে বসি গে। দেখি, ঠাকুরপোর আশ্রমে আরও কি কি আতসবাজী বাঁর হয়। এই বলিয়া সে স্নিগ্ধ হাস্যের আবরণ দিয়া কমলের লজ্জা ঢাকিয়া দিল।

ষিতলে আশ্রমের বসিবার ঘরখানি দিয়া প্রশস্ত। সাবেককালের কারুকার্য ছাদের নীচে ও দেওয়ালের গায়ে এখনও বিদ্যমান। বসিবার জন্য একখানা বেঞ্চ ও গোটা-চারেক চৌকি আছে, কিন্তু সাধারণতঃ কেহ তাহাতে বসে না। মেঝের উপর সতরঞ্চি পাতা। আজ বিশেষ উপলক্ষে সাদা চাদর বিছাইয়া প্রতিবেশী লালাজীর গৃহ হইতে কয়েকটা মোটা তাকিয়া চাহিয়া আনা হইয়াছে, মাঝখানে তাঁহারই বাড়ির লতাপাতা-কাটা বারো ডালের সেজ এবং তাঁহারই দেওয়া সবুজ রঙের ফানুসে ঢাকা দেওয়ালগিরি এক কোণে জ্বলিতেছে; নীচের অন্ধকার ও আনন্দহীন আবহাওয়ার মধ্য হইতে এই ঘরটিতে উপস্থিত হইয়া সকলেই খুশী হইলেন।

অবিনাশ একটা তাকিয়া আশ্রয় করিয়া পদদ্বয় সম্মুখে প্রসারিত করিয়া দিয়া তৃপ্তির নিঃশ্বাস ফেলিয়া বলিলেন, আঃ! বাঁচা গেল।

হরেন মনে মনে প্দূলিকিত হইয়া কাঁহল, আমাদের আশ্রমের এ ঘরখানি কেমন সেজদা?

অবিনাশ বলিলেন, এই ত মূর্খাকিলে ফেলিল হরেন। কমল উপস্থিত রয়েছেন, ঠুর সম্মুখে কোন-কিছুকে ভালো বলতে সাহস হয় না—হয়ত সম্মুখী প্রতিবাদের জোরে এখন সপ্রমাণ করে দেবেন যে, এর ছাদের নকশা থেকে মেঝের গালচে পর্যন্ত সবই মন্দ। এই বলিয়া তিনি তাহার মূখের প্রতি চাহিয়া একটুখানি হাসিয়া কাঁহলেন, আমার আর কোন সম্বল না থাক কমল, অন্ততঃ বয়সের পূঁজিটা যে জামিয়ে তুলেচি এ তুমিও মানবে। তারই জোরে তোমাকে একটা কথা আজ বলে রাখি, সত্য বাক্য অনেক ক্ষেত্রেই অপ্রিয় হয় তা অস্বীকার করিনে, কিন্তু তাই বলে অপ্রিয় বাক্য-মাত্রই সত্য নয় কমল। তোমাকে অনেক কথাই শিখিয়েছে, শিবনাথ কেবল এইটি দেখাচি সে সেখানে বাকী রেখেছে।

কমলের মূখ রাস্তা হইয়া উঠিল। কিন্তু ইহার জবাব দিল নীলিমা। কাঁহল, শিবনাথের হৃদি হয়েছে মূখবোমশাই, তাকে জরিমানা করে আমরা তার শোধ দেব।

কিন্তু গদ্বর্নগিরিতে কোন পদ্রব্বই ত কম নয় । তাই প্রার্থনা করি, তোমার বয়সের পদ্বর্জ থেকে আরও দ্ব-একটা প্রিয়বাক্য বার কর—আমরা সবাই শ্বনে ধন্য হই ।

অবিনাশ অঙ্করে ঞ্চলিয়া গেলেন । এত লোকের মাঝখানে শ্বদ্ব কবেল উপহাসের জন্যই নয়, এই বক্রোক্তির অভ্যঙ্করে যে তীক্ষ্ণ ফলাটুকু ল্দ্বকানো ছিল, তাহা বিষ্ করিয়াই নিরস্ত হইল না, অপমান করিল । কিছ্ কাল হইতে কি-একপ্রকার অসঙ্কোষের তপ্ত বাতাস কোথা হইতে বিহয়া আসিয়া উভয়ের মাঝখানে পর্ডিতোছিল । ঝড়ের মত ভীষণ কিছ্ হই নয়, কিন্তু খড়্ কুটা ধ্বলাবালি উড়াইয়া মাঝে মাঝে চোখে-মুখে আনিয়া ফেলিতোছিল । অল্প একটুখানি নড়া-দাঁতের মত, চিবানোর কাজটা চলিতোছিল, কিন্তু চিবানোর আনন্দে বাজিতোছিল । হরেন্দ্রকে উদ্দেশ্য করিয়া কহিলেন, রাগ করতে পারিনে, হরেন, তোমার বৌদি নিতান্ত মিথ্যে বলেন নি—আমাকে চিনতে ত তাঁর বাকী নেই—ঠিকই জানেন আমার পদ্বর্জপাটা সেই সেকলে সোজা ধরনের, তাতে বশ্চ থাকলেও রস-কস নেই ।

হরেন জিজ্ঞাসা করিল, এ কথার মানে সেজদা ?

অবিনাশ বলিলেন, তুমি সম্ভ্যাসী মান্দ্ব, মানেটা ঠিক বঝবে না । কিন্তু ছোটগন্নী হঠাৎ যে-রকম কমলের ভক্ত হয়ে উঠেচেন, তাতে আশা হয় তাঁর অভিজ্ঞতা কাজে লাগালে ধন্য হবার পথ ঞ্চর আপনি পরিস্কার হবে ।

এই ইঙ্কতের কদ্বর্ষতা তাঁহার নিজের কানেও লাগিয়াছিল, কিন্তু দ্বর্নবনের স্পর্ধায় আরও কি-একটা বলিতে বাইতোছিলেন, কিন্তু হরেন্দ্র থামাইয়া দিল । ক্ষ্দ্বরকণ্ঠে কহিল, সেজদা, আপনারা সকলেই আজ অতিথি । কমলকে আমি আশ্রমের পক্ষে সম্ভ্যানে নিমন্ত্রণ করে এনেছিলাম, এ কথা আপনারা ভুলে গেলে আমাদের দ্বঃখের সীমা থাকবে না ?

নীলমা বলিল, তা হলে আমার সম্বন্ধেও দ্বয়া করে ঞ্চকে স্মরণ করিয়ে দাও ঞ্চাকুরপো, যে কাউকে ছোটগন্নী বলে ডাকতে থাকলেই সে সত্যিকার গ্হর্শী হয়ে যায় না । তাকে শাসন করার মাত্রা-বোধ থাকা চাই । আমার দিক থেকে ম্ধ্বদ্ব্যমশায়ের অভিজ্ঞতার ভাঁড়ার ঘরে এইটুকু আজ বরণ জমা হয়ে থাক—ভবিষ্যতে কাজে লাগতে পারে ।

হরেন্দ্র হাত জোড় করিয়া বলিল, রক্ষে করদ্ব বৌদি, যত অভিজ্ঞতার লড়াই কি আজ আমার বাসায় এসে ? যেটুকু বাকী রইল এখন থাক, বাড়ি ফিরে গিয়ে সমাধা করে নেবেন, নইলে আমরা যে মারা যাই । যে ভয়ে অক্ষয়কে ডাকলাম না, তাই কি শেষে ভাগ্যে ঘটলো ?

শ্বনিয়া অজিত ও কমল উভয়েই হাসিয়া ফেলিল । হরেন জিজ্ঞাসা করিল, অজিত-বাবু, শ্বনলাম কাল ন্যাকি আপনি বাড়ি যাবেন ?

কিন্তু আপনি শ্বনলেন কার কাছে ?

আশ্ববাবুকে আনতে গিয়েছিলাম, তিনিই বললেন, কাল বোধ হয় আপনি বাড়ি চলে যাবেন ।

অজিত কহিল, বোধ হয়। কিন্তু সে কাল নয়, পরশু। এবং বাড়ি কি না তারও নিশ্চয়তা নেই। হয়ত, বিকেল নাগাদ স্টেশনে গিয়ে উপস্থিত হব,—উত্তর দক্ষিণ পূর্ব পশ্চিম যেকোন দিকের গাড়ি পারো তাতেই এ যাত্রা শুরুর করে দেব।

হরেন সহাস্যে কহিল, অনেকটা বিবাগী হওয়ার মত। অর্থাৎ গন্তব্য স্থানের নির্দেশ নেই।

অজিত বলিল, না।

কিন্তু ফিরে আসবার?

না, তারও আপাততঃ কোন নির্দেশ নেই।

হরেন কহিল, অজিতবাবু, আপনি ভাগ্যবান লোক। কিন্তু তল্লি বইবার লোকের দরকার হয় ত আমি একজনকে দিতে পারি, বিদেশে এমন বন্ধু আর পাবেন না।

কমল কহিল, আর রাঁধবার নোকের দরকার হয়ত আমিও একজনকে দিতে পারি, রাঁধতে যার জোড়া নেই। আপনিও স্বীকার করবেন. হাঁ, অহংকার করতে পারে বটে।

অবিনাশের কিছুই আর ভাল লাগিতোছিল না, বলিলেন, হরেন, আর দেরি কিসের, এবার ফেরবার উদ্যোগ করা যাক না, কি বল?

হরেন সর্বিনয়ে কহিল, ছেলেরদের সঙ্গে একটু পরিচয় করবেন না? দুটো উপদেশ তাদের দিলে যাবেন না সেজদা?

অবিনাশ কহিলেন, উপদেশ দিতে ত আমি আসিনি, এসেছিলাম শুধু গুঁদের সঙ্গী হিসেবে। তার বোধ হয় আর দরকার নেই।

সতীশ অনেকগুলি ছেলে সঙ্গে লইয়া উপস্থিত হইল! দশ-বারো বছরের বালক হইতে উনিশ-কুড়ি বছরের যুবক পর্যন্ত তাহাতে আছে। শীতের দিন। গায়ে শুষু একটি জামা। কিন্তু কাহারও পায়ে জুতা নাই,—জীবনধারণের পক্ষে অতি প্রয়োজনীয় নয় বলিয়াই। আহারের ব্যবস্থা পূর্বেই দেখানো হইয়াছে। ব্রহ্মচর্যাশ্রমে এ-সকল শিক্ষার অঙ্গ। হরেন্দ্র আজ একটা সুন্দর বক্তৃতা রচনা করিয়া রাখিয়াছিল, মনে মনে তাহাই আবৃত্তি করিয়া লইয়া যথোচিত গাঞ্জীর্যের সহিত কহিল, এই ছেলেরা স্বদেশের কাজে জীবন উৎসর্গ করেছে। আশ্রমের এই মহৎ আদর্শ যাতে নগরে, নগরে গ্রামে গ্রামে প্রচার করতে পারে, আজ এদের সেই আশীর্বাদ আপনারা কবুল।

সকলে মূক্তকণ্ঠে আশীর্বাদ করিলেন।

হরেন কহিল, যদি সময় থাকে আমাদের বক্তব্য আমি পরে নিবেদন করব। এই বলিয়া সে কমলকে উদ্দেশ করিয়া কহিল, আপনাকেই আজ আমরা বিশেষভাবে আমন্ত্রণ করে এনিচ্ছ কিছু শুনবো বলে। ছেলেরা আশা করে আছে আপনার মত থেকে আজ তারা এমন কিছু পাবে যাতে জীবনের রত তাদের অধিকতর উজ্জ্বল হয়ে উঠবে।

কমল সশ্বেচ্চ ও দ্বিধায় আরক্ত হইয়া উঠিল। কহিল. আমি ত বক্তৃতা দিতে পারিনে, হরেনবাবু।

উত্তর দিল সতীশ, কহিল, বস্তু নয়, উপদেশ । দেশের কাজে যা তাদের সবচেয়ে বেশী কাজে লাগবে, শুধু তাই

কমল তাহাকেই প্রশ্ন করিল, দেশের কাজ বলতে আপনারা কি বোঝেন. আগে বলুন ।

সতীশ কহিল, যাতে দেশের সর্বাঙ্গীণ কল্যাণ হয় সেই তো দেশের কাজ ।

কমল বলিল, কিন্তু কল্যাণের ধারণা ত সকলের এক নয় ! আপনার সঙ্গে আমার ধারণা যদি না মেলে আমার উপদেশ ত আপনাদের কাজে লাগবে না ।

সতীশ মূর্খাকলে পড়িল । এ কথাই ঠিক উত্তর সে খুঁজিয়া পাইল না । তাহাকে এই বিপদ হইতে উদ্ধার করিতে হরেন কহিল, দেশের মুক্তি যাতে আসে সেই হল দেশের একমাত্র কল্যাণ । দেশে এমন কে আছে যে এ সত্য স্বীকার করবে না ?

কমল বলিল, না বলতে ভয় হয় হরেনবাবু, সবাই ক্ষেপে যাবে । নইলে আমিই বলতাম, এই মুক্তি শব্দটার মত ভোলবুঝ এবং ভোলাবার এতবড় ছল আর নেই । কার থেকে মুক্তি, হলেনবাবু ? ত্রিবিধ দুঃখ থেকে. না ভাববন্ধন থেকে ? কোনটাকে দেশের একমাত্র কল্যাণ স্থির করে আশ্রম-প্রতিষ্ঠান নিযুক্ত হয়েছেন বলুন ত ? এই কি আপনার স্বদেশ-সেবার আদর্শ ?

হরেন ব্যস্ত হইয়া বলিয়া উঠিল, না না না, এ-সব নয় এ-সব নয় । এ গামাদের কামা নয় ।

কমল কহিল, তাই বলুন এ আমাদের কামা নয়, বলুন আমাদের আদর্শ স্বতন্ত্র । বলুন, সংসারত্যাগ ও বৈরাগ্য-সাধনা আমাদের নয়, আমাদের সাধনা পৃথিবীর সমস্ত ঐশ্বর্য, সমস্ত প্রাণ নিয়ে বেঁচে থাকা । কিন্তু তার শিক্ষা কি ছেলেদের এই ? গায়ে একটা মোটা জামা নেই, পায়ে জুতো নেই, পরনে জীর্ণবস্ত্র, মাথায় রুম্বকেশ. একবেলা অর্ধশনে যারা কেবল অস্বীকারের মধো দিয়েই বড় হয়ে উঠে, পাওয়ার আনন্দ যার নিজের মধোই নিশ্চয় হয়ে গেল, দেশের লক্ষ্মী কি পাঠিয়ে দেবেন শেষে তাদের হাত দিয়ে তাঁর ভাঁড়ারের চাবি ? হরেনবাবু পৃথিবীর দিকে একবার চেয়ে দেখুন । যারা অনেক পেয়েছে, তারা সহজেই দিয়েছে, এমন অকিঞ্চনতার ইস্কুল খুলে তাদের ত্যাগের প্র্যাজ্জুয়েট তৈরী করতে হয়নি ।

সতীশ হতবুদ্ধি হইয়া প্রশ্ন করিল, দেশের মুক্তি-সংগ্রামে কি ধর্মের সাধনা. ত্যাগের দীক্ষা প্রয়োজনীয় নয় আপনি বলেন ?

কমল কহিল, মুক্তি-সংগ্রামের অর্থাৎ আগে পরিষ্কার হোক ।

সতীশ ইতস্ততঃ করিতে লাগিল ; কমল হাসিয়া বলিল, ভাবে বোধ হয় আপনি বিদেশী রাজশাস্তির বস্তু-মোচনকেই দেশের মুক্তি-সংগ্রাম বলছেন । তা যদি হয় সতীশ-বাবু, আমি নিজে ত ধর্মের সাধনাও করিনি, ত্যাগের দীক্ষাও নিহিনি, তবুও আমাকে ঠিক সামনের দলেই পাবেন এ আপনাকে আমি কথা দিলাম । কিন্তু আপনাদের খুঁজে পাব ত ?

সতীশ কথা কহিল না, কেমন একপ্রকার যেন ব্যস্ত হইয়া উঠিল এবং তাহারই চঞ্চল

দাঁষ্ট অনন্দসরণ করিতে গিয়া কমল কিছুক্ষণের জন্য চক্ষু ফিরাইতে পারিল না। এই লোকটিই রাজেন্দ্র। কখন নিঃশব্দে আসিয়া দ্বারের কাছে দাঁড়াইয়াছিল সতীশ ভিন্ন আর কেহ লক্ষ্য করে নাই। সে আচ্ছন্নের ন্যায় নিঃশব্দকক্ষে এতক্ষণ তাহারই প্রতি চাহিয়াছিল, এখনও ঠিক তেমন করিয়াই চাহিয়া রহিল। ইহার চেহারা একবার দেখিলে ভোলা কঠিন। বয়স বোধ করি পঁচিশ-ছাত্তিশ হইবে, রং অতিশয় ফরসা, হঠাৎ দেখিলে অস্বাভাবিক বলিয়া মনে হয়। প্রকাশ কপাল, সমুদ্রের দিকটার এই বয়সেই টাকের মত হইয়া চের বড় দেখাইতেছে, চোখ গভীর এবং অতিশয় ক্ষুদ্র—অন্ধকার গর্ত হইতে ইন্দুরের চোখের মত জ্বলিতেছে, নীচেকার পুরু মোটা ঠোঁট সমুদ্রে বর্ধিকিয়া যেন অন্তরের স্ককঠোর সংকল্প কোনমতে চাপা দিয়া আছে। হঠাৎ দেখিলে ভয় হয়, এই মানুষটাকে এড়াইয়া চলাই ভাল।

হরেন্দ্র কাহিল, ইনিই আমার বন্ধু,—শুধু বন্ধু নয়, ছোটভাইয়ের মত, রাজেন্দ্র। এতবড় কম্মী, এতবড় স্বদেশভক্ত, এতবড় ভয়শূন্য সাধু-চিন্তু পুরুষ আমি আর দেখিনি। বৌদি, এ'র গল্পই সোদিন আপনার কাছে করেছিলাম। ও যেমন অবলীলায় পায়, তেমনই অবহেলায় ফেলে দেয়। আশ্চর্য মানুষ! অজিতবাবু, একেই আপনার ত্রিপি বইতে সঙ্গে দিতে চেয়েছিলাম।

অজিত কি একটু বলিতে যাইতেছিল, একটি ছেলে আসিয়া খবর দিল, অক্ষয়বাবু আসিয়াছেন।

হরেন্দ্র বিস্মিত হইয়া কাহিল, অক্ষয়বাবু ?

অক্ষয় ঘরে প্রবেশ করিতে করিতে কাহিল, হাঁ হে হাঁ—তোমার পরমবন্ধু অক্ষয়কুমার। সহসা চমকিয়া বলিল, অ্যাঁ! ব্যাপার কি আজ? সবাই উপস্থিত যে! আশুবাবুর সঙ্গে গাড়িতে বেড়াতে বেরিয়েছিলাম, পথে নাবিয়ে দিলেন! সামনে দিলে যাচ্ছিলাম, হঠাৎ মনে হল, হরি ঘোবের গোয়ালটা একটু তদারক করেই যাই না! তাই আসা, তা বেশ।

এ-সকল কথা'র কেহ জবাব দিল না, কারণ, জবাব দিবারও কিছু নাই, বিশ্বাসও কেহ করিল না। অক্ষয়ের এটা পথও নয়, এ বাসায় সে সহজে আসেও না।

অক্ষয় কমলের প্রতি চাহিয়া বলিল, তোমার ওখানে কাল সকালেই যাব ভেবেছিলাম, কিন্তু বাড়িটা ত চিনি—ভালই হল যে দেখা হয়ে গেল। একটা সদৃসংবাদ আছে।

কমল নিঃশব্দে চাহিয়া রহিল। হরেন্দ্র জিজ্ঞাসা করিল, সদৃসংবাদটা কি শুনি? খবরটা যখন শূভ তখন গোপনীয় নয় নিশ্চয়ই।

অক্ষয় কাহিল, গোপন করবার আর কি আছে। পথের মধ্যে আজ সেই সেলাইয়ের কল বিক্রি-আলা পাশা' বেটার সঙ্গে দেখা। সেই সোদিন যে কমলের হয়ে টাকা ধার চাইতে গিয়েছিল। গাড়ি খামিয়ে ব্যাপারটা শোনা গেল। কমলকে দেখাইয়া কাহিল, ডান ধারে একটা কল কিনে ফতুরা-টতুরা শেলাই করে খরচ চালাচ্ছিলেন,—শিবনাথ ত দ্বিবি গা-ঢাকা দিয়েছেন, কিন্তু কড়ার মত দাম দেওয়া চাই ত! তাই সে কলটা কেড়ে

নিঙ্গে গেছে,—আশুবাবু আজ পুরো দাম দিঙ্গে সেটা কিনে নিলেন। কমল, কাঙ্ক সফালেই লোক পাঠিঙ্গে কলটা আদায় করে নিঙ্গে। খাওয়া-পরা চলছিল না, আমাদেব ত সে কথা জানালেই হত।

তাহার বলার বব্বর নিষ্ঠুরতায় সকলেই মমাহত হইল। কমলের লাষণ্যহীন শীর্ণ মূখের একটা হেতু দেখিতে পাইয়া লঙ্জায় অবিনাশের পর্যন্ত মূখ রাঙ্গা হইয়া উঠিল।

কমল মূদুক্ণেঠ কহিল, আমার কৃতজ্ঞতা জানিঙ্গে তাঁকে সেটা ফিরিঙ্গে দিতে বলবেন। আর আমার প্রয়োজন নেই।

কেন? কেন?

হরেন্দ্র কহিল, অক্ষয়বাবু, আপনি যান এ বাড়ি থেকে। আপনাকে আমি আহবান করিনি—ইচ্ছে করিনি যে আপনি আসেন, তবু এসেছেন। মানদ্বের ব্রুট্যালিটির কি কোথাও কোন সীমা থাকাবে না?

কমল হঠাৎ মূখ তুলিয়া দেখিল অজিতের দুই চক্ষু যেন জলভারে ছলছল করিতেছে। কহিল, অজিতবাবু, আপনার গাড়ি সঙ্গে আছে, দয়া করে আমাকে পেঁছে দেবেন?

অজিত কথা কহিল না, শুধু মাথা নাড়িয়া সায় দিল।

কমল নীলমাকে নমস্কার করিয়া বলিল, আর বোধ হয় শীঘ্র দেখা হবে না, আমি এখন থেকে যাচ্ছি।

কোথায়, এ কথা কেহ জিজ্ঞাসা করিতেও সাহস করিল না। নীলমা শুধু তাহার হাতখানি হাতের মধ্যে লইয়া একটুখানি চাপ দিল এবং পক্ষণেই সে হরেন্দ্রকে নমস্কার করিয়া অজিতের পিছনে পিছনে ঘর হইতে বাহির হইয়া গেল।

॥ পনের ॥

মোটরে বসিয়া কমল আকাশের দিকে চাহিয়া অন্যমনস্ক হইয়া ছিল, গাড়ি থামিতে ইতস্ততঃ দৃষ্টিপাত করিয়া জিজ্ঞাসা করিল, এ কোথায় এলেন অজিতবাবু, আমার বাসার পথ ত নয় ?

অজিত উত্তর দিল, না, এ পথ নয় ।

নয় ? তা হলে ফিরতে হবে বোধ করি ?

সে আপনি জানেন । আমাকে হুকুম করলেই ফিরব ।

শুনিয়া কমল আশ্চর্য হইল । এক অশুভ উত্তরের জন্য যতটা না হোক, তাহার কণ্ঠস্বরের স্বাভাবিকতা তাহাকে বিচলিত করিল । ক্ষণকাল মৌন থাকিয়া সে আপনাকে দৃঢ় করিয়া হাসিয়া কহিল, পথ ভোলবার অনুরোধ ত আমি করিনি অজিতবাবু, যে সংশোধনের হুকুম আমাকেই দিতে হবে । ঠিক জারগার পেঁাছে দেবার দায়িত্ব আপনার—আমার কর্তব্য শব্দ আপনাকে বিশ্বাস করে থাকা ।

কিন্তু দায়িত্ববোধের ধারণায় যদি ভুল করে থাকি কমল ?

যদির ওপর ত বিচার চলে না অজিতবাবু । ভুলের সম্বন্ধে আগে নিঃসংশয় হই, তার পরে এর বিচার করব ।

অজিত অশুভ-স্বরে বলিল, তা হলে বিচারই করুন, আমি অপেক্ষা করে রইলাম । এই বলিয়া সে মৃদুত কয়েক স্তম্ভ থাকিয়া হঠাৎ বাঁলয়া উঠিল, কমল, আর একদিনের কথা মনে আছে তোমার ? সেদিন ত ঠিক এমনি অশ্বকারই ছিল ।

হাঁ, এমনি অশ্বকারই ছিল । এই বাঁলয়া সে গাড়ির দরজা খুলিয়া নামিয়া আসিয়া সম্মুখের আসনে অজিতের পাশে গিয়া বসিল । জনপ্রাণীহীন অশ্বকার রাত্রি একান্ত নীরব । কিছুদ্ধক্ষণ পর্যন্ত কেহই কথা কহিল না ।

অজিতবাবু !

হুঁ ।

আজতে, বৃকের মধ্যে বড় বাঁহতেছিল, জবাব দিতে গিয়া কথা তাহার মূখে বাধিয়া রহিল ।

কমল পুনরায় প্রশ্ন করিল, কি ভাবচেন বলুন না শুনি ?

অজিতের গলা কাঁপতে লাগিল, বলিল, সেদিন আশুবাবুর বাড়িতে আমার আচরণটা তোমার মনে পড়ে ?

সেদিন পর্যন্ত ভেবেছিলাম তোমার অতীতটাই বৃষ্টি তোমার বড় অংশ, তার সঙ্গে আপস করব আমি কি করে ? পিছনের ছায়াটাকেই সামনে বাড়িয়ে দিয়ে তোমার মন্থ ফেলোছিলাম ঢেকে, সূর্যি যে ঘোরে এই কথাটাই গিয়েছিলাম ভুলে । কিন্তু—থাক । কিন্তু, আমি আজ কি ভাবিচ তুমি বৃষ্টিতে পার না ?

কমল বলিল, মেয়েমানুষ হয়ে এর পরেও বুঝতে পারব না আমি কি এতই নির্বোধ? পথ ঘাটনি ভুলেচেন, আমি তখনই বুঝেছি।

অজিত ধীরে ধীরে তাহার কাঁধের উপর বাঁ হাতখানি রাখিয়া চুপ করিয়া রহিল। খানিক পরে বলিল, কমল, মনে হচ্ছে আজ বুঝি আর নিজেকে আমি সামলাতে পারবো না।

কমল সরিয়া বসিল না। তাহার আচরণে বিস্ময় বা বিহ্বলতার লেশমাত্র নাই। সহজ শাস্তকণ্ঠে কহিল, এতে আশ্চর্যের কিছুই নেই অজিতবাবু, এমনিই হয়। কিন্তু আপনি তো কেবল পুরুষমানুষই নয়, ন্যায়নিষ্ঠ ভদ্র পুরুষমানুষ। এর পরে ঘাড় থেকে আমাকে নাবাবেন কি করে? ততখানি ছোট কাজ ত আপনি পেয়ে উঠবেন না।

অজিত গাঢ়কণ্ঠে কহিল, পারতেই হবে এ আশঙ্কা তুমি কেন করচ কমল!

কমল হাসিল, কহিল, আশঙ্কা আমার নিজের জন্যে করেন অজিতবাবু, করি শূদ্ধ আপনার জন্যে। পারলে ভয় ছিল না, পারবেন না বলেই ভাবনা। শূদ্ধ একটা রাগের ভুলের বদলে এতবড় শাস্ত আপনার মাথায় চাপাতে আমার মায়া হয়। আর না, চলুন ফিরে যাই।

কথাগুলো অজিতের কানে গেল, কিন্তু অন্তরে পৌঁছিল না। চক্ষুর পলকে তাহার শিরার রক্ত পাগল হইয়া গেল,—বক্ষের পলিকটে তাহাকে সবলে আকর্ষণ করিয়া লইয়া মস্তকণ্ঠে কহিয়া উঠিল, আমাকে বিশ্বাস করতে কি তুমি পার না কমল?

মহুর্ভূতের তরে কমলের নিঃশ্বাস রুদ্ধ হইয়া আসিল, কহিল, পারি।

তবে কিন্নের জন্যে ফিরতে চাও কমল, চল আমরা চলে যাই।

চলুন।

গাড়ি চালাইতে গিয়া অজিত হঠাৎ থামিয়া কহিল, বাসা থেকে সঙ্গে নেবার কি কিছুই নেই?

না। কিন্তু আপনার?

অজিতকে ভাবিতে হইল। পকেটে হাত দিয়া কহিল, টাকাকাড়ি কিছুই সঙ্গে নেই—তার ত দরকার।

কমল কহিল, গাড়িখানা বেচে ফেললেই ফনারাসে টাকা পাওয়া যাবে।

অজিত বিস্মিত হইয়া বলিল, গাড়ি বেচবো? কিন্তু এ ত আমার নয়,—আশুবাবুর।

কমল কহিল, তাতে কি! আশুবাবু লজ্জায় ঘৃণায় গাড়ির নাম কখনও মূখে আনবেন না। কোন চিন্তা নেই চলুন।

শুনিয়া অজিত স্তম্ভ হইয়া রহিল। তাহার বাঁ হাতখানা তখনও কমলের কাঁধের উপর ছিল, স্থলিত হইয়া নীচে পড়িল। বহুক্ষণ নিঃশব্দে থাকিয়া বলিল, তুমি কি আমাকে উপহাস করচ?

না, সত্যিই বলচি ।

সত্যিই বলচ এবং সত্যিই ভাবচ পরের জিনিস আমি চুরি করতে পারি ? এ কাজ তুমি নিজে পার ?

কমল বলিল, আমার পারা না-পারার ওপর যদি নির্ভর করতেন অজিতবাবু, তখন এর জবাব দিতাম । পরের জিনিস আত্মসাৎ করার সাহস আপনার নেই । চলুন, গাড়ি ঘুরিয়ে নিয়ে আমাদের বাসায় পৌঁছে দেবেন ।

ফিরবার পথে অজিত ধীরে ধীরে জিজ্ঞাসা করিল, পরের জিনিস আত্মসাৎ করার সাহসটা কি খুব বড় জিনিস বলে তোমার ধারণা ?

কমল কহিল, বড়-ছোটর কথা বলিনি । এ সাহস আপনার নেই তাই শব্দ বলেছি ।

না নেই এবং সেজন্যে লজ্জা বোধ করিনে । এই বলিয়া অজিত একটু থামিয়া কহিল, বরঞ্চ থাকলেই লজ্জাবোধ করতাম । আর আমার বিশ্বাস, সমস্ত ভদ্রব্যক্তিই এই কথায় সায় দেবেন ।

কমল কহিল, সায় দেওয়া সহজ । তাতে বাহবা পাওয়া যায় ।

শব্দই বাহবা ? তার বেশী নয় ? শিক্ষিত ভদ্র-মন বলে কি কখনো কিছুর দেখানি ?

যদি দেখেও থাকি, সে আলোচনা আর একদিন করব যদি সময় আসে, আজ নয় । এই বলিয়া সে একমুহূর্ত মৌন থাকিয়া বলিল, আপনার তর্কের উত্তরে আর কেউ হলে বিদ্রূপ করে বলত যে, কমলকে আত্মসাৎ করার চেষ্টায় ত ভদ্র-মনের সৎকাচ বাধিনি ? আমি কিন্তু তা বলতে পারব না, কারণ কমল কারও সম্পত্তি নয় । সে কেবল তার নিজেরই, আর কারও নয় ।

কোনদিন বোধ করি হতেও পার না :

এ ত ভবিষ্যতের কথা অজিতবাবু, আজ কি করে এর জবাব দেব ?

জবাব বোধ হয় কোনদিনই দিতে পারবে না । মনে হয়, এই জন্যই শিবনাথের এতবড় নির্মমতাও তোমাকে বাজেনি । অতান্ত সহজেই সে তুমি বেড়ে ফেলে দিয়েছে । এই বলিয়া সে নিঃশ্বাস ফেলিল ।

মোটরের আলোকে দেখা গেল কয়েকখানা গরুর গাড়ি । পাশেই বোধ হয় গ্রাম, কৃষকেরা যেমন-তমনভাবে গাড়িগদা রাস্তায় ফেলিয়া গরু লইয়া ঘরে গিয়াছে । অজিত সাবধানে এই স্থানটা পার হইয়া কহিল, কমল, তোমাকে বোঝা শক্ত ।

কমল হাসিয়া কহিল, শক্ত কিসে ? ঠিক ত বোধেছিলেন পথ ভুলিলেই আমাকে ভুলিয়ে নিয়ে যাওয়া যায় ।

হয়ত, সে বোঝা আমার ভুল ।

কমল পদশ্চ হাসিয়া কহিল, পথ ভোলা ভুল, আমাকে ভোলাবার চেষ্টা ভুল, আবার নিজেরও ভুল ? এত ভুলের বোঝা আপনার সংশোধন হয়ে যাবে কবে ?

অজিতবাবু, নিজেকে একটুখানি প্রহ্লা করাতে শিখুন ? অমন করে আপনার কাছে আপনাকে খাটো করবেন না ।

কিন্তু নিজের ভুল অস্বীকার করলেই কি নিজেকে প্রহ্লা করা হয় কমল ?

না, তা হয় না । কিন্তু অস্বীকার করারও রীতি আছে । সংসার ত কেবল আপনাকে নিলেই নয়,—তা হলে ত সব গোলাই চুকে যেত । এখানে আরো দশজনের বাস, তাদেরও ইচ্ছে অনিচ্ছে, তাদেরও কাজের খারা গায়ে এসে লাগে । তাই, শেষ ফলাফল যদি নিজের মনোমত নাও হয়, তাকে ভুল বলে খিঙ্কার দিতে থাকলে আপনাকেই অপমান করা হয় । নিজের প্রতি এর চেয়ে বড় অপ্রহ্লা-প্রকাশ আর কি আছে বলুন ত ?

অজিত ক্ষণকাল চুপ করিয়া থাকিয়া জিজ্ঞাসা করিল, কিন্তু যেখানে সত্যকার ভুল হয় ? শিবনাথের সম্পর্কেও কি তোমার আত্মানুশোচনা হয়নি কমল ? এই কি আমাকে তুমি বিশ্বাস করতে বল ?

কমল এ প্রশ্নের বোধ হয় ঠিকমত উত্তর দিল না, কাঁহল, বিশ্বাস করা না-করার গরজ আপনার । কিন্তু তাঁর বিরুদ্ধে কারও কাছে ফোনদিন ত আমি নালিশ জানাই নি ।

নালিশ জানাবার লোক তুমি নও । কিন্তু ভুলের জন্যে নিজের কাছেও কি কখনো নিজেকে খিঙ্কার দাওনি ?

না ।

তা হলে এইটুকু মাত্র বলতে পারি, তুমি অশুভ, তুমি অসাধারণ স্ত্রীলোক ।

এ মন্তব্যের কোন জবাব কমল দিল না, নীরব হইয়া রহিল ।

মিনিট-দশেক নিঃশব্দে কাটিবার পরে অজিত সহসা প্রশ্ন করিয়া বসিল, কমল, এমন ভুল যদি আবার কালও করে তখনো কি তোমার দেখা পাব ?

কিন্তু, যদিও উত্তর ত যদি দিয়েই হয় অজিতবাবু । অনিশ্চিত প্রস্তাবের নিশ্চিত মীমাংসা আশা করতে নেই ।

অর্থাৎ এ মোহ আমার কাল পর্বস্ত টিকবে না এই তোমার বিশ্বাস ?

অস্তুতঃ, অসম্ভব নয় এই আমার মনে হয় ।

অজিত মনে মনে আহত হইয়া বলিল, আমি আর যাই হই, কমল, শিবনাথ নই ।

কমল উত্তর করিল, সে আমি জানি অজিতবাবু । আর হয়ত আপনার চেয়েও বেশী করে জানি ।

অজিত কাঁহল, জানলে কখনো এ বিশ্বাস করতে না যে, আজ তোমাকে আমি মিথ্যে দিয়ে ভোলাতে চেয়েছিলাম ; এর মধ্যে সত্য কিছুই ছিল না ।

কমল কাঁহল, মিথ্যের কথা ত হয়নি অজিতবাবু, মোহের কথাই হয়েছিল । ও দুটো এক বস্তু নয় । আর মোহের বসে যদি কাউকে ভোলাতে চেয়ে থাকেন ত নিজেকেই চেয়েছেন । আমাকে বঞ্চনা করতে চাননি তা জানি ।

কিন্তু শেষ পর্যন্ত বঞ্চিত ত তুমিই হতে কমল। আমার রাগের মোহ দিনের আলোতে কেটে যাবে এ নিশ্চয় বন্ধুও ত সঙ্গে যেতে অসম্মত হওনি। একি শব্দই উপহাস ?

কমল একটুখানি হাসিল, যাচাই করে দেখলেন না কেন ? পথ খোলা ছিল, একবারও ত নিবেদন করিনি।

অজিত নিশ্বাস ফেলিয়া বলিল, যদি না করে থাকো তবে এই কথাই বলব যে তোমাকে বোঝা বাস্তবিকই কঠিন। একটা কথা তোমাকে বলি কমল। নারীর ভালবাসায় যেমন হৃদয়কে আচ্ছন্ন করে, তার রূপের মোহও বন্ধুকে তেমনি অচেতন করে। করুণ, কিন্তু একটা যত বড় সত্য, আর একটা তত বড়ই মিথ্যে। তুমি ত জানতে এ আমার ভালবাসা নয়, এ শব্দ আমার ক্ষণিকের মোহ। কি করে একে তুমি প্রশ্ন দিতে উদ্যত হয়েছিলে ? কমল, কুহেলিকা যত বড় ঘটা করেই সূর্যালোক ঢেকে দিক তবু সে-ই মিথ্যে। সূর্যই ধুব।

অন্ধকারে ক্ষণকাল কমল নির্নিমেবে তাহার প্রতি চাহিয়া রহিল, তার পরে শান্ত কণ্ঠে কহিল, ওটা কবির উপমা অজিতবাবু, যুক্তি নয়। সত্যও নয়। কোন আদিম কালে কুহেলিকার সৃষ্টি হয়েছিল, আজও সে তেমনি বিদ্যমান আছে। সূর্যকে সে বার বার আবৃত করেছে এবং বার বার আবৃত করবে। সূর্য ধুব কিনা জানিনে, কিন্তু কুহেলিকাও মিথ্যে বলে প্রমাণিত হয়নি। ও দুটোই নশ্বর, হয়ত, ও দুটোই নিত্যকালের। তেমনি, হোক মোহ ক্ষণিকের, কিন্তু ক্ষণও ত মিথ্যে নয়। ক্ষণকালের আনন্দ নিয়েই সে বার বার ফিরে আসে। মালতীফুলের আর সূর্য-মুখীর মত দীর্ঘ নয় বলে তাকে মিথ্যে বলে কে উড়িয়ে দেবে ? আজ একটা রাগের মোহকে প্রশ্ন দিতে চেয়েছিলাম এই যদি আপনার অভিযোগ হয় অজিতবাবু, আর কালের দীর্ঘতাই কি জীবনে এতবড় সত্য ?

কথাগুলো যে অজিত বুঝিতে পারিল না, তাহা বুঝিয়েই সে বলিতে লাগিল, আমার কথা আজও বোঝবার দিন আপনার আসেনি। তাই শিবনাথের প্রতি আপনাদের ক্রোধের অবধি নেই, কিন্তু আমি তাঁকে ক্ষমা করেছি। যা পেরোঁচ তার বেশী কেন পাইনি, এ নিয়ে আমার এতটুকু নালিশ নেই।

অজিত বলিল, অর্থাৎ মনটাকে এমনিই নির্বিকার করে তুলেচ। আচ্ছা, সংসারে কারও বিরুদ্ধে কি তোমার কোন নালিশ নেই ?

কমল তাহার মৃদুখপানে চাহিয়া কহিল, আছে শব্দ একজনের বিরুদ্ধে।

কার বিরুদ্ধে শব্দই না কমল ?

কি হবে আপনার অপরের কথা শব্দে ?

অপরের কথা ? বাই হোক, তবু ত নিশ্চিত হতে পারব, অন্ততঃ আমার ওপর ডোমার রাগ নেই।

কমল কহিল, নিশ্চিত হলেই কি শব্দী হবেন ? কিন্তু তার এখন আর সময় নেই, আমরা এসে পড়েছি, গাড়ি থামান, আমি নেবে বাই।

গাড়ি থামিল। অন্ধকারে রাস্তার ধারে কে একজন ঘাঁড়াইয়া ছিল, কাছে আসিতেই উভয়ে চমকিয়া উঠিল। অজিত সভয়ে প্রশ্ন করিল, কে ?

আমি রাজেন। আজ হরেনদার আশ্রমে দেখেছেন।

ওঃ—রাজেন; এত রাতে এখানে কেন ?

আপনাদের জন্যেই অপেক্ষা করে আছি। আপনারা চলে আসার পরেই আশু-বাবুর বাড়ি থেকে লোক গিয়েছিল আপনাকে খুঁজতে। এই বলিয়া সে কমলের প্রতি চাহিল।

কমল কাঁহিল, আমাকে খুঁজতে যাবার হেতু ?

লোকটি কাঁহিল, আপনি বোধ হয় শুনেনচেন চারিদিকে অত্যন্ত ইনসুরেন্সা হচ্ছে এবং অনেক ক্ষেত্রেই মারা যাচ্ছে। শিবনাথবাবু অতিশয় পীড়িত। হঠাৎ ডুলি করে তাঁকে আশুবাবুর বাড়িতে নিয়ে এসেছে। আশুবাবু ভেবেছিলেন আপনি আশ্রমে আছেন, তাই ডাকতে পাঠিয়েছিলেন।

রাত এখন কত ?

বোধ হয় তিনটে বেজে গেছে।

কমল হাত বাড়াইয়া গাড়ির দরজা খুলিয়া দিয়া কাঁহিল, ভিতরে আসুন, পথে আপনাদের আশ্রমে পৌঁছে দিয়ে যাব।

অজিত একটা কথাও কাঁহিল না। কাঠের পদতুলের মত নিঃশব্দে গাড়ি চালাইয়া হরেন্দ্রের বাসার সম্মুখে আসিয়া থামিল। রাজেন অবতরণ করিলে কমল কাঁহিল, আপনাকে ধন্যবাদ। আমাকে খবর দেবার জন্যে আজ আপনি অনেক দৃঃখ ভোগ করলেন।

এ আমার কাজ। প্রয়োজন হলেই সংবাদ দেবেন। এই বলিয়া সে চলিয়া গেল। ভূমিকা নাই, আড়ম্বর নাই, সোজা কথায় জানাইয়া গেল—এ তাহার কর্তব্যের অন্তর্গত। আজই সন্ধ্যাকালে হরেন্দ্রের মুখে এই ছেলোটর সম্বন্ধে বতকিছু সে শুনিয়াছিল সমস্তই মনে পড়িল। একদিকে তাহার একজামিন পাস করিবার অসাধারণ দক্ষতা, আর একদিকে সফলতার মুখে তাহা ত্যাগ করিবার অপারিসীম উদাসীনা। বয়স তাহার অল্প সবেমাত্র যৌবনে পা দিয়াছে, এই বয়সেই নিজের বলিয়া কিছই হাতে রাখে নাই, পরের কাজে বিলাইয়া দিয়াছে।

অজিত সেই অবাধ নীরব হইয়া ছিল। রাত্রি তিনটা বাজিয়া গেছে শোনার পরে। কোনকিছতেই মন দেবার শক্তি তাহার ছিল না। শব্দ একটা কাল্পনিক, অসংবন্ধ প্রশ্নান্তরমালার আঘাত-অভিঘাতের নীচে এই নিশীথ অভিযানের নিরবচ্ছিন্ন কুশ্রীতার অন্তর তাহার কালো হইয়া রহিল। খুব সম্ভব কেহই কিছ করবে না, হয়ত জিজ্ঞাসা করিবার ভরসাও কেহ পাইবে না, শব্দ আপন আপন ইচ্ছা, অভির্দাচি ও বিশ্বেষের ডুলি দিয়া অজ্ঞাত ঘটনার আদ্যোপান্ত কাহিনী বর্ণে বর্ণে সৃজন করিয়া লইবে। আর ইহার চরেও বেশী ব্যাকুল করিয়াছিল পৃথিবীসৃষ্ণ সকলকে শব্দ অপমান করা।

এদিকে শিবনাথের পীড়ার উপলক্ষে কে এবং কাহারো উপস্থিত হইয়াছে সে জানে না। এই মেরোটিকে তাঁহারা প্রশ্ন করিতেছেন মনে করিয়াও অজিতের গানের রক্ত শীতল হইয়া আসিল। হঠাৎ তাহার মনে হইল, কমলকে সে ঘৃণা করে এবং ইহারই লক্ষ্য আশ্বাসে সে যে আত্মবিস্মৃত উন্মাদের ন্যায় মদহৃতের জন্যও জ্ঞান হারাইয়াছে ইহার কঠিন শাস্তি যেন তাহার হয়, এই বলিয়া সে বার বার করিয়া আপনাকে আপনি অভিষাপ দিল।

গেটের মধ্যে প্রবেশ করিয়াই তাহার চোখে পড়িল সম্মুখের খোলা জানালায় আশুবাবু স্বয়ং। বোধ হয় তাহারই প্রতীক্ষায় উদ্বিগ্ন হইয়া আছেন। গাড়ির শব্দে নীচে চাহিয়া বলিলেন, অজিত এলে? সঙ্গে কে, কমল?

হ্যাঁ।

যদু, কমলকে শিবনাথের ঘরে নিয়ে যাও। শব্দে বোধ হয় তাঁর অসুখ? বলিতে বলিতে তিনি নিজেই নামিয়া আসিলেন, কহিলেন, এই ঋতু-পরিবর্তনের কালটা এমনই বড় খারাপ, তাতে ব্যারাম-স্যারাম হঠাৎ বা শব্দ হইয়াছে, লোকে মারা পড়তেও বিস্তর। আমার নিজের দেহটাও সকাল থেকে ভাল নয়, যেন জরভাব করে রেখেছে।

কমল উদ্বিগ্ন হইয়া কহিল, তবে আপনি কেন জেগে রয়েছেন? এখানে দেখবার লোকের ত অভাব নেই!

কে আর আছে বল? ডাক্তার এসে দেখে শব্দে গেছেন, আমাকে শব্দে পাঠিয়ে মণি নিজেই জেগে বসে আছে। কিন্তু ঘুমোতে পারলাম না। তোমার আসতে দেরি হতে লাগল—কমল, মানুষের রোগের সময়েও কি অভিমান রাখতে আছে? ঝগড়াঝাঁটি যে হয় না তা নয়, কিন্তু তিন-চারদিন কোথায় কোন বাসায় গিয়ে সে যে করে পড়েছে একটা খবর পর্যন্ত ত নাওনি? ছি, এ কাজ ভাল হয়নি, এখন একলা তোমাকেই ত ভুগতে হবে।

শব্দনিয়া কমল বিস্মিত হইল, কিন্তু বুঝিল, এই সরল চিত্ত ব্যক্তিটি ভিতরের কোন কথাই জানেন না। স্নেহ চূপ করিয়া রহিল। আশুবাবু তাহার অভিমান শাস্ত করবার বাসনায় বলিতে লাগিলেন, হরেনবাবুর মুখে শব্দলাম তুমি বাড়ি নেই, তখনই বুঝিচি অজিত তোমাকে ছাড়েনি। নিজে সে ভয়ানক ঘুরতে ভালবাসে, তোমাকেও ধরে নিয়ে গেছে। কিন্তু ভাবে ত অশুকারে হঠাৎ একটা দুর্ঘটনা হলে তোমরা কি বিপদেই পড়তে।

অজিতের বুদ্ধির উপর হইতে যেন পাষণ্ড নামিয়া গেল। কোন-কিছুর মন্দ দিকটা যেন এই মানুুষটির মধ্যে টুকিতেই চায় না, নিষ্কলুষ অন্তর অনুক্ষণ অকলঙ্ক শূন্যতায় ধপধপ করিতেছে। স্নেহ ও শ্রদ্ধার সে মনে মনে তাঁহাকে নমস্কার করিল। কিন্তু, কমল তাঁহার সকল কথায় কান দেয় নাই, হয়ত প্রয়োজন বোধ করে নাই। জিজ্ঞাসা করিল, উনি হাসপাতালে না গিয়ে এখানে এলেন কেন?

আশ্চর্য হইয়া কহিলেন, হাসপাতাল ? তবেই ত তোমার রাগ এখনো পড়েনি ।

রাগের জন্যে বলচি না আশ্চর্য, যেটা সঙ্গত এবং স্বাভাবিক তাই শব্দ বলচি ।

ওটা স্বাভাবিক নয়, সঙ্গত ত নয়ই । তবে, এটা স্বীকার করি, এখানে না এনে তোমার কাছে পাঠানোই মণির উচিত ছিল ।

কমল কহিল, না, উচিত ছিল না । মণি জানতেন চিকিৎসা করবার সাধ্য নেই আমার ।

এই কথায় তাহার আর একটা কথা মনে পড়ায় তিনি অত্যন্ত অপ্রতিভ হইলেন । কমল বলিতে লাগিল, কেবল মনোরমাই নয়, শিবনাথবাবু নিজেও জানতেন শব্দ সেবা দিলেই রোগ সারে না, ওষুধ পথ্যেরও প্রয়োজন । হয়ত এ ভালই হয়েছে যে, খবর আমার কাছে না পৌঁছে মণির কাছে পৌঁছেছে । তার পরমায়ুর জোর আছে ।

আশ্চর্যবাবু লজ্জায় স্তব্ধ হইয়া মাথা ন্যাড়িয়া বার বার করিয়া বলিতে লাগিলেন, এ কথাই নয় কমল,—সেবাই সব । যত্নই সবচেয়ে বড় ঔষধ । নইলে ডাক্তার-বাঁদ্য উপলক্ষ্যে তাহার পরলোকগত পত্নীকে মনে পড়ায় বলিলেন, আমি যে ভুলভোগী কমল, রোগে ভুগে ভুগে সে শিক্ষা হইয়া গেছে । ঘরে চল, তোমার জিনিস তুমি বা ভাল বদ্বাবে তাই হবে । আমি থাকতে ওষুধ-পাথ্যের দ্রুতি হবে না । এই বলিয়া তাহাকে পথ দেখাইয়া লইয়া চলিলেন । অজিত কি করবে না বুদ্ধিগোচর তাহাদের রোগীর গৃহ পাছে গোলমালে বিশ্বাসের বিলুপ্তি ঘটে এই আশঙ্কায় পা টিপিয়া নিঃশব্দে সকলে প্রবেশ করিলেন । শয্যার পার্শ্বে চৌকিতে বসিয়া মনোরমা রাগিত জাগরণের ক্রান্তিতে, রোগীর বন্ধুর 'পরে অবসন্ন মাথাটা রাখিয়া বোধ করি এইমাত্র ঘুমাইয়া পড়িয়াছে, তাহার গ্রীবীর 'পরে পরস্পর সম্বন্ধ দুই হাত ন্যস্ত রাখিয়া শিবনাথও সুস্থ । স্বপ্নাতীত এই দৃশ্যের সম্মুখে অকস্মাৎ পিতার দুই চক্ষু ব্যাপিয়া যেন ঘনাম্বকারের জাল নামিয়া আসিল কিন্তু মূহূর্তকাল মাত্র । মূহূর্ত পরেই তিনি ছুটিয়া পলাইলেন । অজিত ও কমল চোখ তুলিয়া উভয়ে উভয়ের মূখের প্রতি চাহিল, তাহার পরে যেমন আসিয়াছিল তেমন নিঃশব্দে বাহির হইয়া গেল ।

॥ ঝোল ॥

যাতায়াতের পথের পাশেই একটা ঢাকা বারান্দা, রোগীর গৃহ হইতে বাহিরে আসিয়া অজিত ও কমল সেইখানে থামিল। একটা খর্বকৃতি ঘষা-কাঁচের লণ্ঠন বদলিতেছিল, তাহার অস্পষ্ট আলোকেও স্পষ্ট দেখা গেল অজিতের মূখ ফ্যাকাশে। আচম্বিতে থাক্কা লাগিয়া সমস্ত রক্ত যেন সরিয়া গেছে। সেখানে তৃতীয় ব্যক্তি কেহ নাই, তথাপি সে অনাস্থায়ী ভদ্রমহিলার উপযুক্ত সম্ভ্রমের সহিত জিজ্ঞাসা করিল, আপনি কি এখন বাসায় ফিরে যেতে চান? চাইলে আমি তার ব্যবস্থা করে দিতে পারি।

কমল তাহার মূখের প্রতি চাহিয়া চূপ করিয়া রহিল। অজিত বলিল, এ বাড়িতে আর ত আপনার এক মূহূর্ত্ থাক্কা চলে না।

আপনার থাক্কা চলে ?

না, আমারও না। কাল সকালেই আমি অন্যত্র চলে যাব।

কমল কাঁহল, সেই ভাল, আমিও তখনই যাব। আপাততঃ এই চেয়ারটায় বসে বাকী রাতটুকু কাটাই, আপনি বিশ্রাম করুন গে।

সেই ক্ষুদ্রায়তন চৌকিটার প্রতি দৃষ্টিপাত করিয়া অজিত ইতস্ততঃ করিয়া কাঁহল কিন্তু—

কমল বলিল, কিন্তুতে কাজ নেই অজিতবাবু, ওর অনেক ঝঞ্জাট। এখন বাসায় যাওয়াও সম্ভব নয়, আপনার ঘরে গিয়ে ওটাও সম্ভব নয়। আপনি যান, দেরি করবেন না।

সকালে বেহারা আসিয়া অজিতকে আশুবাবুর শয়নকক্ষে ডাকিয়া লইয়া গেল। তিনি শয্যা ছাড়িয়া তখনও উঠেন নাই, অদূরে চৌকিতে বসিয়া কমল,—ইতিপূর্বেই তাহাকে ডাকাইয়া আনা হইয়াছে।

আশুবাবু বলিলেন, শরীরটা কাল থেকেই ভাল ছিল না, আজ মনে হচ্ছে যেন,—আচ্ছা, বস অজিত।

সে উপবেশন করিলে কাঁহলেন, শুনলাম আজ সকালেই তুমি চলে যাবে, তোমাকে থাকতে বলতেও পারিনে, বেশ, গুডবাই। আর কখনো যদি দেখা না হয়, নিশ্চয় জেনো, তোমাকে স্বর্গান্তঃকরণে আমি আশীর্বাদ করেচি,—যেন, আমাদের ক্ষমা করে তুমি জীবনে সুখী হতে পার।

অজিত তাহার মূখের প্রতি তখনও চাহিয়া দেখে নাই, এখন জ্বাব দিতে গিয়া নির্বাক হইয়া গেল। নির্বাক বলিলে ঠিক বলা হয় না, সে যেন অকস্মাৎ কথা ভুলিয়া গেল। একটা রাত্রির কয়েক ঘণ্টা মাত্র সময়ে কাহারও এতবড় পরিবর্তন সে কল্পনা করিতেও পারিল না।

আশুদ্বাব্দ নিজেও মিনিট দুই-তিন মৌন থাকিয়া এবার কমলকে উদ্দেশ্য করিয়া কহিলেন, তোমাকে ডেকে আনিরোঁছি, কিন্তু তোমার সঙ্গে চোখাচোখি করতেও আমার মাথা হেঁট হয়। সারারাত্রি মনের মধ্যে যে কি করেছে, কত-কি যে ভেবেচি, সে আমি কাকে জানাব ?

একটু ধামিয়া কহিলেন, অক্ষয় একদিন বলোঁছিলেন, শিবনাথ নাকি তোমার ওখানে প্রায়ই থাকেন না। কথাটার কান দিইনি, ভেবেছিলাম, এ তাঁর অত্যাক্তি, তাঁর বিশ্বেষের স্নাতশয্য। তুমি টাকার অভাবে কষ্টে পড়োঁছিলে, তখন তার হেতু বদ্বিকনি, কিন্তু আজ সমস্তই পরিষ্কার হয়ে গেছে—কোথাও কোন সন্দেহ নেই।

উভয়েই নীরব রহিল ; তিনি বলিতে লাগিলেন, তোমার প্রতি অনেক ব্যবহারই আমি ভাল করতে পারিনি, কিন্তু সেই প্রথম পরিচয়ের দিনটিতেই তোমাকে ভালবেসে-ছিলাম, কমল। আজ তাই আমার কেবল মনে হচ্ছে, আগ্রায় যদি আমরা না আসতাম। বলিতে বলিতে চোখের কোণে তাঁহার একফোঁটা জল আসিয়া পড়িল, হাত দিয়া মর্দছিয়া ফেলিয়া শূদ্র কহিলেন, জগদীশ্বর !

কমল উঠিয়া আসিয়া তাঁহার শিয়রে বসিল, কপালে হাত দিয়া বলিল, আপনার যে ক্ষর হয়েছে আশুদ্বাব্দ।

আশুদ্বাব্দ তাহার হাতখানি নিজের হাতের মধ্যে টানিয়া লইয়া কহিলেন, তা হোক। কমল, আমি জানি তুমি অতি বুদ্ধিমতী, আমার কিছু একটা তুমি উপায় করে দাও। আমার বাড়িতে ঐ লোকটার অস্তিত্ব যেন আমার সর্বাঙ্গে আগুন জ্বলে দিয়েছে।

কমল চাহিয়া দেখিল, অজিত অধোমুখে বসিয়া আছে। তাহার কাছে কোন ইঙ্গিত না পাইয়া সে ক্ষণকাল মৌন থাকিয়া বলিল, আমাকে আপনি কি করতে বলেন, বলুন। কিন্তু জবাব না পাইয়া সে নিজেও কিছুক্ষণ নিঃশব্দে বসিয়া রহিল ; পরে কহিল, শিবনাথবাবুকে আপনি রাখতে চান না, কিন্তু তিনি পীড়িত। এ অবস্থায় হয় তাঁকে হাসপাতালে পাঠান, নয় তাঁর নিজের বাসাটা যদি জানেন পাঠাতে পারেন ; আর যদি মনে করেন আমার ওখানে পাঠিয়ে দিলে ভাল হয়, তাও দিতে পারেন। আমার আপত্তি নেই, কিন্তু জানেন ত, চিকিৎসা করাবার শক্তি নেই আমার ; আমি প্রাণপণে শূদ্র সেবা করতেই পারি, তার বেশী পারিনে।

আশুদ্বাব্দ কৃতজ্ঞতায় পরিপূর্ণ হইয়া কহিলেন, কমল কেন জানিনে, কিন্তু এমনি উত্তরই ঠিক তোমার কাছে আশা করেছিলাম। পাষাণের জবাব দিতে গিয়ে যে তুমি নিজে পাম্বাণ হতে পারবে না এ আমি জানতাম। তোমার জিনিস তুমি ঘরে নিয়ে যাও, চিকিৎসার খরচের জন্যে ভয় করে না, সে ভার আমি নিলাম।

কমল কহিল, কিন্তু এই ব্যাপারে একটা কথা সকলের আগে পরিষ্কার হওয়া দরকার।

আশুদ্বাব্দ তাড়াতাড়ি কহিয়া উঠিলেন, তোমার বলবার দরকার নেই কমল, সে

আমি জানি। একদিন সমস্ত আবর্জনা দূর হয়ে যাবে। তোমার কোন চিন্তা নেই, আমি বেঁচে থাকতে এতবড় অন্যান্য অত্যাচার তোমার ওপরে ঘটতে দেব না।

কমল তাহার মৃৎখের প্রতি চাহিয়া শ্বির হইয়া রহিল, কথা কহিল না।

কি ভাবলে কমল ?

ভাবিছিলাম আপনাকে বলবার প্রয়োজন আছে কি না। কিন্তু মনে হচ্ছে প্রয়োজন আছে, নইলে পরিষ্কার কিছই হবে না, বরঞ্চ ময়লা বেড়ে যাবে। আপনার টাকা আছে, হৃদয় আছে, পরের জন্যে খরচ করা আপনার কঠিন নয়, কিন্তু আমাকে দয়া করবেন এ ভুল যদি আপনার থাকে সেটা দূর হওয়া চাই। কোন ছলেই আপনার ভিক্ষে আমি গ্রহণ করব না।

আশুবাবুর সেই সেলাইয়ের কলের ব্যাপারটা মনে পড়িল, ব্যথিত হইয়া কহিলেন, ভুল যদি একটা করেই থাকি কমল, তার কি ক্ষমা নেই ?

কমল কহিল, ভুল হয়ত তখন তত করেন নি, যেমন এখন করতে যাচ্ছেন। ভাবচেন শিবনাথবাবুকে বাঁচানোটা প্রকারান্তরে আমাকেই বাঁচানো,—আমাকেই অনুগ্রহ করা। কিন্তু তা নয়। এর পরে আপনি যেমন ইচ্ছে ব্যবস্থা করুন আমার আপত্তি নেই।

আশুবাবু মাথা নাড়িতে নাড়িতে বলিলেন, এমনি রাগই হয় বটে কমল ; এ তোমার অস্বাভাবিকও নয়, অন্যান্যও নয়। বেশ, আমি শিবনাথকেই বাঁচাতে যাচ্ছি, তোমাকে অনুগ্রহ করিচি নে। এ হলে হবে ত ?

কমলের মৃৎখে বিরক্ত প্রকাশ পাইল। কহিল, না, হবে না। আপনাকে যখন আমি বোঝাতে পারব না তখন আমার উপায় নেই। ঠুঁকে হাসপাতালে পাঠাতে না চান, হরেন্দ্রবাবুর আশ্রমে পাঠিয়ে দিন। তাঁরা অনেকের সেবা করেন, এঁরও করবেন। আপনার যা খরচ করবার তা সেখানেই করবেন। আমি নিজেও বড় ক্লান্ত, এখন উঠি। এই বলিয়া সে মধ্যার্থই উঠিবার উপক্রম করিল।

তাহার কথায় ও আচরণে আশুবাবু মনে মনে ক্রুদ্ধ হইলেন, বলিলেন, এ তোমার বাড়াবাড়ি কমল। উভয়ের কল্যাণের জন্যে যা করতে যাচ্ছি তাকে তুমি অকারণে বিকৃত করে দেখচ ? একদিনক দিনে যে আমার লজ্জার অবধি নেই এবং এ কদাচার অঙ্কুরে বিনাশ না করলে যে আমার গ্লানির সীমা থাকবে না সে আমি জানি, কিন্তু আমার কন্যা সংশ্লিষ্ট বলেই যে আমি কোনমতে একটা পথ খুঁজে বেড়াচ্ছি তাও সত্য নয়। শিবনাথকে আমি নানামতেই বাঁচাতে পারি, কিন্তু কেবল সেটুকুই আমি চাইনি। যাতে মৃৎখের দিনে তোমার অন্তরের সেবা দিয়ে তাঁকে তেমনি করেই আবার ফিরে পাও, সেই কামনা করেই আমি এ প্রস্তাব করেছি, নিছক স্বার্থপরতাবশেই করিনি।

কথাগুলি সত্য, সক্রোধ এবং আন্তরিকতার পূর্ণ। কিন্তু কমলের মনের উপর দাগ পড়িল না। সে প্রত্যুত্তরে কহিল, ঠিক এই কথাই আপনাকে আমি বোঝাতে চাছিলাম আশুবাবু। সেবা করতে আমি অসম্মত নই, চা-বাগানে থাকতে অনেকের অনেক সেবা করিচি, এ আমার অভ্যাস আছে। কিন্তু ফিরে পেতে ঠুঁকে আমি

চাইনে। সেবা করেও না, সেবা না করেও না। এ আমার অভিমানের জ্বালা নয়, মিথ্যে দর্প করাও নয়,—সম্বন্ধ আমাদের ছিঁড়ে গেছে, তাকে জোড়া দিতে আমি পারব না।

তাহার বলার মধ্যে উষ্মাও নাই, উচ্ছ্বাসও নাই, নিতান্তই সাদাসিধা কথা। ইহাই আশুদ্বাবদকে এখন স্তব্ধ করিয়া দিল। মৃদুত পরে কহিলেন, ঐক কথা কমল? এই সামান্য কারণে স্বামী ত্যাগ করতে চাও? এ শিক্ষা তোমাকে কে দিলে?

কমল নীরব হইয়া রহিল। আশুদ্বাবদ বলিতে লাগিলেন, ছেলোবেলায় এ শিক্ষা তোমাকে যে-ই কেননা দিয়ে থাক, সে ভুল শিক্ষা দিয়েছে। এ অন্যায়, এ অসঙ্গত, এ গভীর অপরাধের কথা। যে গৃহেই তুমি জন্মে থাকো তুমি বাঙলাদেশেরই মেয়ে, এ পথ তোমার আমার নয়,—এ তোমাকে ভুলতেই হবে। জান কমল, এক দেশের ধর্ম আর এক দেশের অধর্ম। আর স্বধর্মে মৃত্যুও শ্রেয়ঃ। বলিতে বলিতে তাহার দুই চক্ষু দীপ্ত হইয়া উঠিল এবং, কথা শেষ করিয়া যেন তিনি হাঁপাইতে লাগিলেন। কিস্তু, যাহাকে উদ্দেশ্য করিয়া বলা হইল সে লেশমাত্র বিচলিত হইল না।

আশুদ্বাবদ কহিতে লাগিলেন, এই মোহই একদিন আমাদের রসাতলের পানে টেনে নিয়ে চলোছিল। কিস্তু, দ্রাষ্টি ধরা পড়ে গেল জন-কয়েক মনীষীর চক্ষে। দেশের লোককে ডেকে তাঁরা বার বার শূদ্র এই কথাই বলতে লাগিলেন, তোমরা উন্মাদের মত চলছ কোথায়? তোমাদের কোন দৈন্য, কোন অভাব নেই, কারণ কাছে তোমাদের হাত পাততে হবে না, কেবল ঘরের পানে একবার ফিরে চাও। পূর্বপিতামহরা সবই রেখে গেছেন, শূদ্র একবার হাত বাড়িয়ে তুলে নাও। বিলেতের সমস্তই ত স্বচক্ষে দেখে এসেছি, এখন ভাবি, সময়ে সে সতর্কবাণী যদি না তাঁরা উচ্চারণ করে যেতেন, আজ দেশের কি হত! ছেলোবেলার কথা সব মনে আছে ত—উঃ—শিক্ষিত লোকদের সে কি দশা? এই বলিয়া তিনি স্বর্গগত মনীষীগণের উদ্দেশে যত্নকরে নমস্কার করিলেন।

কমল মৃদু তুলিয়া দাঁখল অজিত মৃৎশচক্ষে তাঁহার দিকে চাহিয়া আছে। কম্পনার আবেশে যেন তাহার সংজ্ঞা নাই,—এমনি অবস্থা।

আশুদ্বাবদর ভাবাবেগ তখনও প্রশমিত হয় নাই, কহিলেন, কমল, আর কিছই যদি তাঁরা না করে যেতেন, শূদ্র কেবল এইজন্যেই দেশের লোকের কাছে তাঁরা চিরদিন প্রাতঃস্বরণীয় হয়ে থাকতেন।

শূদ্র কেবল এই জন্যেই তাঁরা প্রাতঃস্বরণীয়?

হাঁ, শূদ্র কেবল এইজন্যেই। বাইরে থেকে ঘরের পানে তাঁরা চোখ ফেলতে বলোছিলেন।

কমল জিজ্ঞাসা করিল বাইরে যদি আলো জ্বলে, যদি পূর্বদিগন্তে সূর্যোদয় হয়, তবুও পিছন ফিরে পশ্চিমের স্বদেশের পানেই চেয়ে থাকতে হবে? সেই হবে দেশপ্রীতি?

কিস্তু এ প্রশ্ন বোধ করি আশুদ্বাবদর কানে গেল না, তিনি নিজের ঠোঁকে বলিতে

লাগিলেন, আজ দেশের ধর্ম, দেশের পুরাণ-হীতহাস, দেশের আচার-ব্যবহার, রীতি-নীতি যা বিদেশের চাপে লোপ পেতে বসেছিল, তার প্রতি যে বিশ্বাস এবং শ্রদ্ধা ফিরে এসেছে এ ত শব্দ তাঁদেরই ভবিষ্যৎ-দৃষ্টির ফল। জাতি হিসেবে আমরা যে ধর্মসেৱার স্মৃতি চর্চা করছিলাম কমল, এ বাঁচা কি সোজা বাঁচা? আবার সমস্ত ফিরিয়ে আনতে না পারলে আমরা যে কোন মতেই রক্ষা পাব না, এ বোধশক্তি আমাদের দিলে কে বলত?

অজিত উত্তেজনায় অকস্মাৎ উঠিয়া দাঁড়াইল, কহিল, এ-সব চিন্তাও যে আপনার মনে স্থান পেতে পারে এ কখনো কল্পনাও করিনি। আমার ভারী দুঃখ যে এককালে আপনাকে চিনতে পারিনি, আপনার পায়ের নীচে বসে উপদেশ গ্রহণ করিনি। সে আরও কত কি বলিতে বাইতেছিল, কিন্তু বাধা পড়িল। বেহারা ঘরে ঢুকিয়া জানাইল যে, হরেন্দ্রবাবু প্রভৃতি দেখা করিতে আসিয়াছেন, এবং পরক্ষণেই তিনি সতীশ ও রাজেশ্বরকে লইয়া প্রবেশ করিলেন। কহিলেন, খবর নিয়ে জানলাম শিবনাথবাবু ঘুমোচ্ছেন। আসবার সময় ডাক্তারের বাড়ীটা অর্মান ঘরে এলাম; তাঁর বিশ্বাস অসুখ সিরিয়াস নয়, শীঘ্রই সেৱে উঠবেন। এই বলিয়া তিনি কমলকে একটা নমস্কার করিয়া সঙ্গীদের লইয়া আসন গ্রহণ করিলেন।

আশুবাবু ঘাড় নাড়িয়া সায় দিলেন, কিন্তু তাঁহার দৃষ্টি ছিল অজিতের প্রতি। এবং তাহারই উদ্দেশ্যে বলিলেন, আমার সমস্ত যৌবনকালটা যে বিদেশেই কেটেছে এ তোমরা ভোল কেন? এমন অনেক বস্তু আছে যা কাছে থেকে দেখা যায় না, যাহা শব্দ দ্বারা গিয়ে দাঁড়ালে। আমি যে স্পষ্ট দেখতে পেলোঁচি শিক্ষিত মনের পরিবর্তন। এই যে হরেন্দ্রের আশ্রম, এই যে নগরে নগরে এর ডাল-পালা ছড়াবার আয়োজন; এ কি শব্দ এইজন্যেই নয়? বিশ্বাস না হয় ঠিকই জিজ্ঞাসা করে দেখ। সেই ব্রহ্মচর্য, সেই সংযম-সাধনা, সেই পুরনো রীতি-নীতির প্রবর্তন—এসবই কি আমাদের সেই অতীত দিনটির পুনঃপ্রতিষ্ঠার উদ্যম নয়? তাই যদি ভুলি, তারই প্রতি যদি আস্থা হারাই, আশা করবার আর আমাদের বাকী থাকে কি? তপোবনের যে আদর্শ কেবল আমাদেরই ছিল, পৃথিবী খুঁজলেও কি আর কোথাও এর জোড়া মিলবে অজিত? আমাদের সমাজকে যাঁরা একদিন গড়েছিলেন, আমাদের সেই প্রাচীন শাস্ত্রকর্তারা ব্যবসায়ী ছিলেন না, ছিলেন সন্ন্যাসী; তাঁদের দান নিঃসংশয়, নতশিরে নিতে পারাই হল আমাদের চরম সার্থকতা; এই হল আমাদের কল্যাণের পথ, কমল, এ ছাড়া আর পথ নাই।

অজিত স্তম্ভ হইয়া রহিল, সতীশ ও হরেন্দ্রের বিস্ময়ের পরিসীমা নাই,—এই সাহেবী চাল-চলনের মানুষ্যটি আজ বলে কি! এবং রাজেশ্বর ভাবিয়া পাইল না, অকস্মাৎ কিসের জন্য আজ এই প্রসঙ্গের অবতারণা। সকলের মূখের পরেই একটি অকপট শ্রদ্ধার ভাব নিবিড় হইয়া উঠিল।

বস্তুর নিজের বিস্ময়ও কম ছিল না। শব্দ বলবার শক্তির জন্যই নয়, এমন করিয়া কাহাকেও বলবার সুযোগও তিনি কখনও পান নাই,—তাঁহার মনের মধ্যে

অনিবর্তনীয় পরিভূঁপ্তর হিল্লোল বাহিতে লাগিল। ক্ষণকালের জন্য ক্ষণকালের পূর্বেইর দৃশ্ব যেন ভুলিয়া গেলেন। কহিলেন, বন্ধুজে কমল, কেন তোমাকে এ অনুরোধ করেছিলাম ?

কমল মাথা নাড়িয়া বলিল, না।

না ? না কেন ?

কমল কহিল, বিদেশী শিক্ষার প্রভাব কাটিয়ে আবার সাবেক ব্যবস্থায় ফিরে যাবার চেষ্টা শিক্ষিতদের মধ্যে প্রচলিত হচ্ছে, এই খবরটাই আপনি পরমানন্দে শোনাচ্ছিলেন। আপনার বিশ্বাস এতে দেশের কল্যাণ হবে, কিন্তু কারণ কিছুই দেখান নি। অনেক প্রাচীন রীতি-নীতি লোপ পেতে বসেছিল, তাদের পুনরুদ্ধারের যত্ন চলেচে। এ হয়ত সত্য, কিন্তু তাতে ভালই যে হবে তার প্রমাণ কি আশুবাবু ? কে, সে ত বলেন নি ?

বলিনি কি রকম ?

না, বলেন নি। যা বলাছিলেন তা সংস্কার-বিরোধী পুরাতনের অন্ধ স্তাবক-মায়েই ঠিক এমনি করে বলে। লুপ্ত বস্তুর পুনরুদ্ধারমায়েই যে ভাল তার প্রমাণ নেই। মোহের ঘোরে মন্দ বস্তুরও পুনঃপ্রতিষ্ঠা সংসারে ঘটতে দেখা যায়।

আশুবাবু উত্তর খুঁজিয়া পাইলেন না, কিন্তু অজিত কহিল, মন্দকে উদ্ধার করবার জন্যে কেউ শক্তি ক্ষয় করে না।

কমল কহিল, করে। মন্দ বলে নয়, পুরাতন মায়েকেই স্বতঃসিদ্ধ ভাল মনে ক'রে করে। একটা কথা আপনাকে প্রথমেই বলতে চেয়েছিলাম আশুবাবু, কিন্তু আপনি কান দেননি। লৌকিক আচার-অনুষ্ঠানই হোক বা পারলৌকিক ধর্ম-কর্মই হোক, কেবলমাত্র দেশের বলেই আঁকড়ে থাকায় স্বদেশ-প্রীতির বাহবা পাওয়া যায়, কিন্তু স্বদেশের কল্যাণের দেবতাকে খুশী করা যায় না। তিনি ক্ষম হন।

আশুবাবু অবাক হইয়া শূধু কহিলেন, তুমি কি বল কমল ? দেশের আচার-অনুষ্ঠান ত্যাগ করে বাইরে থেকে ভিক্ষে নিতে থাকলে নিজের বলতে আর বাকী থাকবে কি ? জগতে মানুষ বলে দাবী জানাতে যাব কোন পরিচয়ে ?

কমল কহিল, দাবী আপনি এসে ঘরে পেঁছবে, পরিচয়ের প্রয়োজন হবে না। বিশ্বজগৎ বিনা পরিচয়েই চিনতে পারবে।

আশুবাবু ব্যাকুল হইয়া কহিলেন, তোমাকে ত বন্ধুতে পারলাম না কমল !

বোঝবার কথাও নয় আশুবাবু। এমনিই হয়। এই চলমান সংসারে গতিশীল মানব-চিত্তে পদে পদে যে সত্য নিত্য-নতনরূপ দেখা দেয়, সবাই তাকে চিনতে পারে না। ভাবে এ কোন আপদ কোথা থেকে এল। সেদিন তাজমহলের ছায়ার নীচে শিবানীকে মনে পড়ে ? আজ কমলের মাঝখানে তাকে আর চিনতে পারাও যাবে না। মনে হবে সে যাকে দেখেছিলাম কোথায় গেল সে ! কিন্তু এই মানুষের সত্য পরিচয়,—এমনিভাবেই লোকের কাছে যেন চিরদিন পরিচিত হতে পারি আশুবাবু।

একটুখানি খামিরা বলিল, কিন্তু তর্ক-বিতর্কের ঝড়ো হাওয়ার আমাদের খেই হারিয়ে গেল,—আসল ব্যাপার থেকে সবাই সরে গেছি। আমি কিন্তু অত্যন্ত ক্লান্ত, এখন উঠি।

আশুদ্বাব্দ নিরুত্তরে বিহ্বলের ন্যায় চাহিয়া রহিলেন। এই মেরুটিকে কোথাও তিনি অস্পষ্ট বুদ্ধিলেন, কোথাও বা একেবারেই বুদ্ধিলেন না। শব্দ ইহাই মনে হইতে লাগিল, এইমাত্র সে যে ঝোড়ো-হাওয়ার উল্লেখ করিয়াছিল, সেই প্রচণ্ড ঝঞ্ঝামুখে তৃণখণ্ডের ন্যায় তাঁহার সর্বপ্রকার আবেদন-নিবেদন ভাসিয়া গেছে।

কমল উঠিয়া দাঁড়াইল। অজিতকে ইঙ্গিতে আহ্বান করিয়া কহিল, সঙ্গে করে এনোছিলেন, চলুন না পেঁছে দেবেন।

কিন্তু আজ সে সশ্কেচে যেন মূখ তুলিতেই পারিল না। কমল মনে মনে একটু হাসিয়া আগাইয়া আসিয়া সহসা রাজেন্দ্রের কাঁথের উপর একটা হাত রাখিয়া বলিল, রাজেন্দ্রাব্দ, তুমি চল না ভাই আমাকে রেখে আসবে।

এই আকস্মিক আত্মীয় সম্বোধনে রাজেন বিস্মিত হইয়া একবার তাহার প্রতি চাহিল তাহার পরে কহিল, চলুন।

ঘরের কাছে আসিয়া কমল হঠাৎ ফিরিয়া দাঁড়াইয়া বলিল, আশুদ্বাব্দ, আমার প্রস্তাব কিন্তু প্রত্যাহার করিনি। এ সত্বে ইচ্ছা হয় পাঠিয়ে দেবেন, আমি যথাসাধ্য করে দেখব। বাঁচেন ভালই, না বাঁচেন অদৃষ্ট। এই বলিয়া চলিয়া গেল। ঘরের মধ্যে স্তব্ধ হইয়া সকলে বসিয়া রহিলেন,—অসুস্থ গৃহস্বামীর চোখের সম্মুখে প্রভাতের আলোটা পর্যন্ত বিবর্ণ ও বিস্বাদ হইয়া উঠিল।

অর্ধেক পথে রাজেন্দ্র বিদায় হইল, বলিয়া গেল ঘণ্টা-কয়েকের মধ্যেই সে কাজ সারিয়া ফিরিয়া আসিবে। কমল অন্যান্যমস্কতাবশতঃই বোধ করি আপত্তি করিল না, কিংবা হয়ত আর কোন কারণ ছিল। দ্রুতপদে বাসায় আসিয়া দেখিল সিঁড়ির দরজায় তখনো তালা বন্ধ, ঘর খোলা হয় নাই। যে নীচ-জাতীয়া দাসীটি তাহার কাজ-কর্ম করিয়া দিত সে আসে নাই। পথের ওধারে মূদীর দোকানে সন্ধান করিয়া জানিল দাসী পীড়িত, তাহার ছোট নাতনী সকালে আসিয়া ঘরের চাবি রাখিয়া গেছে। ঘব খুলিয়া কমল গৃহকর্মে নিযুক্ত হইল। একরকম কাল হইতেই সে অভুক্ত ; স্থির করিয়া আসিয়াছিল তাড়াতাড়ি কোনমতে কিছুর রাখিয়া খাইয়া লইয়া বিপ্রান করবে, বিশ্রামের তাহার একান্ত প্রয়োজন ; কিন্তু আজ ঘরের কাজ আর তাহার কিছুর তেই সারা হয় না। চারিদিকে এত যে আবর্জনা জমা হইয়াছিল, এতদিনে এমনি বিশৃঙ্খলার মাঝে যে তাহার দিন কাটিতেরিছিল, সে লক্ষ্যও করে নাই। আজ যাহাতে চোখ পড়িল সে-ই যেন তাহাকে তিরস্কার করিল—ছাদের পুরানো চুলবাঁল আসিয়া খাটের খাঁজে খাঁজে জমিয়াছে—মুক্ত করা চাই ; চড়াই পাখির বাসা তৈরির অতিরিক্ত মাল-মসলা বিছানায় পড়িয়াছে, চাধর বদলানো প্রয়োজন ; বালিশের অড় অভ্যস্ত মালিন, খুলিয়া ফেলা দরকার ; চেয়ারের টেবিল স্থানভ্রষ্ট, দরজার পাশেপাশের কাঁদা জমাট বাঁধিয়াছে, আমনাটার এমনি অবস্থা যে পণ্ডেকার করিতে একটা বেলা লাগিবে ;

দোয়াভের কালি শব্দকাইয়াছে, কলমগুলো খুঁজিয়া পাওয়া যায়, প্যাডের ব্রাউং কাগজ-
 গুলোর চিহ্নমাত্র নাই—এরূপধারা বোধকে চাহিয়া দেখিল অপরিচ্ছন্নতার আতিশয্যে
 তাহার নিজেরই মনে হইল এতকাল এখানে যেন মানুষ বাস করে নাই। নাওয়া-খাওয়া
 পড়িয়া রহিল, কোথা দিয়া যে বেলা কাটিল ঠাহর রহিল না। সমস্ত শেষ করিয়া
 গায়ের খুলামাটি পরিষ্কার করিতে যখন সে নীচে হইতে স্নান করিয়া আসিল তখন
 সন্ধ্যা হইয়াছে। এতদিন সে নিশ্চয় জানিত এখানে সে থাকিবে না। থাকা সম্ভবও
 নয়, উচিতও নয়। মাসের পর মাস বাসার ভাড়া যোগাইবেই বা কোথা হইতে? যাইতেই
 হইবে, শব্দ যাপ্যার দিনটারই যেন সে কেমন করিয়া নাগাল পাইতেনিছিল না,—রাত্রির
 পর প্রভাত ও প্রভাতের পর রাত্রি আসিয়া তাহাকে পা বাড়াইবার সময় দিতেনিছিল না।

গৃহের প্রতি মমতা নাই, অথচ আজ কিসের জন্য যে এতটা খাটিয়া মরিল, অকস্মাৎ
 কি ইহার প্রয়োজন হইল, এমনি একটা ঘোলাটে জিজ্ঞাসায় মনের মধ্যে যখনই আবর্ত
 উঠিতেনিছিল, কাজ ছাড়িয়া বারান্দায় আসিয়া সে শূন্যচক্ষে রাস্তায় চাহিয়া কি যেন
 ভুলিবার চেষ্টা করিয়া আবার গিয়া কাজে লাগিতেনিছিল। এমনি করিয়াই আজ
 তাহার কাজ এবং বেলা দুই-ই শেষ হইয়াছে। কিন্তু বেলা ত রোজই শেষ হয়, শব্দ
 এমনি করিয়াই হতে পায় না। সন্ধ্যার পর সে আলো জ্বালিয়া রান্না চড়াইয়া দিল
 এবং কেবল সময় কাটাইবার জন্যই একখানা বই লইয়া বিছানায় ঠেস দিয়া পাতা
 উল্টাইতে বসিল। কিন্তু শ্রান্তির আজ আর তাহার অবধি ছিল না—কখন বইয়ের এবং
 চোখের পাতা দুই-ই বদ্বিজয়া আসিল সে টের পাইল না। যখন টের পাইল তখন
 ঘরে দীপের আলো নিবিয়াছে এবং খোলা জানালার ভিতর দিয়া বাহিরের অরুণা-
 লোকে সমস্ত গৃহ আরক্ত হইয়া উঠিয়াছে। বেলা হইল, কিন্তু দাসী আসিল না।
 অএতব বাসাটা খোঁজ করিয়া তাহার অসুখের সংবাদ লওয়া প্রয়োজন, এই মনে করিয়া
 কমল কাপড় ছাড়িয়া প্রস্তুত হইয়া বাহির হইতেনিছিল, এমনি সময়ে নীচের সিঁড়িতে
 পায়ের শব্দ পাইয়া তাহার বৃকের মধ্যে খড়াস করিয়া উঠিল।

ডাক আসিল, ঘরে আছেন? আসতে পারি?

আসুন।

যিনি প্রবেশ করিলেন তিনি হরেন্দ্র। চৌকি টানিয়া উপবেশন করিয়া বলিলেন,
 কোথাও বেরনুইছিলেন নাকি?

হাঁ। যে বড়ো স্ত্রীলোকটি আমার কাজ করে তার অসুখের খবর পেয়েছি।
 তাকেই দেখতে যাচ্ছিলাম।

বেশ খবর। ও ইনফ্লুয়েঞ্জা ছাড়া কিছন্ন নয়। আগ্রাতেও এপিডেমিক ফর্মই
 বোধ করি শব্দ হল। বস্তুগুলোতে মরতে আরম্ভ করেছে। মথুরা-বন্দাবনের মত
 শব্দ হলে হয় পালাতে হবে, না হয় মরতে হবে। এ বড়ুী থাকে কোথায়?

ঠিক জানিনে। শব্দেচি কাছাকাছি কোথায় থাকে, খোঁজ করে নিতে হবে।

হরেন্দ্র কহিল, বস্তু ছোঁয়াচে, একটু সাবধান হবেন। এদিকের খবর পেয়েছেন বোধ
 হয়?

কমল ষাড় নাড়িয়া বলিল, না ।

হরেন্দ্র তাহার মূখের প্রতি চাহিয়া একমুহূর্ত চূপ করিয়া থাকিয়া বলিল, ভয় পাবেন না, ভয় পাবার মত কিছ্ছ নহ্ন । কাল আস্তাম, কিন্তু সময় করে উঠতে পারিনি । আমাদের অক্ষয়বাবু কলেজে আসেন নি, শূন্যলাম তাঁর শরীর খারাপ, আশুবাবু, বিছানা নিয়েছেন সে ত কাল দেখেই এসেছেন—ওঁরকে অধিনাশদার কাল বিকেল থেকে স্বর, বৌদির মূখটিও দেখলাম শূকনো-শূকনো । তিনি নিজে না পড়লে বাঁচি ।

কমল চূপ করিয়া চাহিয়া রহিল । এ-সকল খবরে সে যেন ভাল করিয়া মন দিতেই পারিল না ।

হরেন্দ্র কাঁহল, এ-ছাড়া শিবনাথবাবু । ইন্ডুয়েঞ্জার ব্যাপার—বলা কিছ্ছ যায় না । অথচ হাসপাতালে যেতেও চাইলেন না । কাল বিকেলে তাঁর নিজের বাসাতেই তাঁকে রিমূভ করা হল । আজ খবরটা একবার নিতে হবে ।

কমল জিজ্ঞাসা করল, সেখানে আছে কে ?

একটা চাকর আছে । উপরের ঘরগুলোতে জন-কয়েক পাঞ্জাবী আছে,—ঠিকেকদার করে । শূন্যলাম তারা লোক ভাল ।

কমল নিশ্বাস ফেলিয়া চূপ করিয়া রহিল । খানিক পরে কাঁহল, রাজেনবাবুকে আমার কাছে একবার পাঠিয়ে দিতে পারেন ?

পারি, কিন্তু তাকে পাব কোথায় ? আজ ভোর থাকতেই বেরিয়ে পড়েছে । ঐদিকের কোন একটা মূচীদের মহঞ্জার নাকি জোর ব্যারাম চলেছে, সে গেছে সেবা করতে । আশ্রমে খেতে যদি আসে ত খবর দেব ।

তাকে রিমূভ করলে কে ? আপনি ?

না, রাজেন । তার মূখেই জানতে পারলাম পাঞ্জাবীরা যত্ন নিচ্ছে । তবে, তারা যাই করুক, ও যখন ঠিকানা পেয়েচে তখন সহজে মূচি হতে দেবে না,—হরত নিজেই লেগে যাবে । একটা ভরসা—ওকে রোগে ধরে না । পূর্লিশে না ধরলে ও একাই এক শ' । ভায়া ওদের কাছেই শূখ, জন্ম, নইলে ও কাবু করে দুর্নিয়ায় এমন ত কিছ্ছ দেখলাম না ।

ধরার আশংকা আছে নাকি !

আশা ত করি । অন্ততঃ আশ্রমটা তা হলে বাঁচে ।

ওঁকে চলে যেতে বলে দেন না কেন ?

ঐটি শক্ত । বললে এমনি চলে যাবে যে মাথা খুঁড়লেও আর ফিরবে না ।

না ফিরলেই বা ক্ষতি কি ?

ক্ষতি ? ওঁকে ত জানেন না, না জানলে সে ক্ষতির পরিমাণ বোঝা যায় না ।

আশ্রম না থাকে, সেও সহিবে, কিন্তু ও-ক্ষতি আমার সহিবে না । এই বলিয়া হরেন্দ্র মিনিট-খানেক চূপ করিয়া প্রসঙ্গটা হঠাৎ বদলাইয়া দিল । কাঁহল, একটা মজার কাণ্ড ঘটেছে । কারও সাধ্য নেই সে কল্পনা করে । কাল সেজখার ওখান থেকে অনেক

রাগ্রে ফিরে গিয়ে দেখি অজিতবাবু উপস্থিত। ভয় পেয়ে গেলাম, ব্যাপার কি ? অসুখ বাড়ল নাকি ? না, সে-সব কিছু নয়, বাস্তু-বিদ্যানা নিয়ে তিনি এসেছেন আশ্রমবাসী হতে। ইতিমধ্যে সতীশের সঙ্গে কথা পাকা হয়ে গেছে,—আশ্রমের নিয়মে আশ্রমের কাজে জীবন কাটাবেন—এই তাঁর পণ, এর আর নড়চড় নেই। বড়লোক পেলে আমাদের ভালই হয়, কিন্তু শঙ্কা হল ভেতরে কি একটা গোলযোগ আছে। সকালে আশুবাবুর কাছে গেলাম, তিনি শূনে বললেন, সংকল্প অতিশয় সাধ, কিন্তু ভারতে আশ্রমের ত অভাব নেই, সে আগ্রা ছাড়া আর কোথাও গিয়ে এ বৃত্তি অবলম্বন করলে আমি দিন-কতক টিকতে পারতাম। আমাকে দেখাচি তাল্প বাঁধতে হল।

কমল কোনরূপ বিস্ময় প্রকাশ করিল না, চুপ করিল।

হরেন্দ্র কহিল, তাঁর ওখান থেকেই এখানে আসাচি। ভাবাচি ফিরে গিয়ে অজিতবাবুকে বলব কি ?

কমল বৃক্ষল শিবনাথকে স্থানান্তরিত করার উপলক্ষে অনেক কঠিন বাদ-প্রতিবাদ হইয়া গেছে। হয়ত প্রকাশ্যে এবৎস্পষ্ট কবিতা একটা কথাও উচ্চারিত হয় নাই, সমস্তই নিঃশব্দে ঘটিয়াছে, তথাপি ককশতায় সে যে সর্বপ্রকার কলহকে ছাপাইয়া গেছে ইহাতে সন্দেহ করিবার কিছু নাই। কিন্তু একটা কথারও সে উত্তর করিল না, তেমনিই নীরবে বাসিয়া রহিল।

হরেন্দ্র কহিতে লাগিল, মনে হয় আশুবাবু সমস্তই শূনেছেন। শিবনাথের আপনার প্রতি আচরণে তিনি মমাহিত। একরকম জোর করেই তাকে বাড়ি থেকে বিদায় করেছেন। মনোরমার বোধ হয় এ ইচ্ছা ছিল না, শিবনাথ তাঁর গানের গুরু, কাছে রেখে চিকিৎসা করবার সংকল্পই ছিল, কিন্তু সে হতে পেলে না। অজিতবাবু বোধ হয় এ-পক্ষ অবলম্বন করেই ঝগড়া করে ফেলেছেন।

কমল একটুখানি হাসিল, কহিল, আশ্চর্য নয়। কিন্তু শূনলেন কার কাছে ? রাজেন্দ্র বললে ?

সে ? সে পারেই ও নয়। জানলেও বলবে না। এ আমার অনূমান। তাই ভাবাচি, মিটমাট ত হবেই, মাঝে থেকে অজিতকে চটিয়ে লাভ কি ? চুপচাপ থাকাই ভাল। যতদিন সে আশ্রমে থাকে যত্নের হ্রাটি হবে না।

কমল কহিল, সেই ভাল।

হরেন্দ্র কহিল, কিন্তু এখন উঠি। সেজদার জনোই ভাবনা, ভারী অল্পে কাতর হন। সমস্ত পাই ত কাল একবার আসব।

আসবেন। কমল উঠিয়া দাঁড়াইয়া নমস্কার করিল, কহিল, রাজেন্দ্রকে পাঠাতে ভুলবেন না। বলবেন, বস্ত দ্বায়ে পড়ে তাঁকে ডেকেচি।

দ্বায়ে পড়ে ডাকছেন ? হরেন্দ্র বিস্ময়াপন্ন হইয়া বলিল, দেখা পেলে তৎক্ষণাৎ পাঠিয়ে দেব, কিন্তু আমাকে বলা যায় না ? আমাকেও আপনার অর্ক্যম বন্ধু বলেই জানবেন।

তা জানি। কিন্তু তাঁকে পাঠিয়ে দেবেন।

দেব, নিশ্চয় দেব, এই বলিয়া হরেন্দ্র আর কথা না বাড়াইয়া বাহির হইয়া গেল ।

অপরাহ্নবেলার রাজেন্দ্র আসিয়া উপস্থিত হইল ।

রাজেন, আমার একটা কাজ করে দিতে হবে ।

তা দেব । কিন্তু কাল নামের সঙ্গে একটুখানি 'বাবু' ছিল, আজ তাও খসল ।

বেশ ত হালকা হয়ে গেল । না চাও ত বল জুড়ে দিই ।

না, কাজ নেই । কিন্তু আপনাকে আমি কি বলে ডাকবো ?

সবাই ডাকে কমল বলে, তাতে আমার সম্মানের হানি হয় না । নামের আগে-পিছে ভার বেঁধে নিজেকে ভারী করে তুলতে আমার লজ্জা করে । 'আপনি' বলবারও দরকার নেই, আমাকে আমার সহজ নাম খরে ডেকো ।

ইহার স্পষ্ট জবাবটা রাজেন এড়াইয়া গিয়া কহিল, কি আমাকে করতে হবে ?

আমার বন্ধু হতে হবে । লোকে বলে তুমি বিপ্লবপন্থী, তা যদি সত্যি হয় আমার সঙ্গে বন্ধুত্ব তোমার অক্ষয় হবে ।

এই অক্ষয়-বন্ধুত্ব আমার কি কাজে লাগবে ?

কমল বিস্মিত হইল, ব্যাধিত হইল । একটা সংশয় ও উপেক্ষার সুস্পষ্ট সূত্র তাহার কানে বাজিল, কহিল, অমন কথা বলতে নেই । বন্ধুত্ব বস্তুটা দুর্লভ, আর আমার বন্ধুত্ব তার চেয়েও দুর্লভ । যাকে চেনো না তাকে অশ্রদ্ধা করে নিজেকে খাট করে না ।

কিন্তু এ অনুযোগ লোকটিকে কুণ্ঠিত করিল না, সে স্মিতমুখে সহজভাবেই বলিল অশ্রদ্ধার জন্যে নয়,—বন্ধুত্বের প্রয়োজন, বন্ধুত্বের, তাই শব্দ জানিরোঁছিলাম । আর যদি মনে করেন এ বস্তু আমার কাজে লাগবে, আমি অস্বীকার করব না । কিন্তু কি কাজে লাগবে তাই ভাবিছি ।

কমলের মুখ রাস্তা হইয়া উঠিল । কে যেন তাহাকে চাবুকের ব্যাড়া মারিয়া অপমান করিল । সে অতি শিক্ষিতা, অতি সুন্দরী ও প্রখর বুদ্ধিশালিনী । সে পুরুষের কামনার খন, এই ছিল তাহার ধারণা, তাহার দৃষ্ট তেজ অপরাঙ্ক, ইহাই ছিল অকপট বিশ্বাস । সংসারে নারী তাহাকে ঘৃণা করিয়াছে, পুরুষে আতঙ্ক আগুন জ্বালিয়া দগ্ধ করিতে চাহিয়াছে, অবহেলার ভান করে নাই তাহাও নয়, কিন্তু এ সে নয় । আজ এই লোকটির কাছে যেন সে তুচ্ছতার মাটির সঙ্গে মিশিয়া গেল । শিবনাথ তাহাকে বশ্ণা করিয়াছে, কিন্তু এমন করিয়া দীনতার চীরবস্ত্র তাহার অঙ্গে জড়াইয়া দেয় নাই ।

কমলের একটা সন্দেহ প্রবল হইয়া উঠিল, জিজ্ঞাসা করিল, আমার সম্বন্ধে তুমি বোধ হয় অনেক কথাই শুনচ ?

রাজেন বলিল, ওঁরা প্রায়ই বলেন বটে ।

কি বলেন ?

সে একটুখানি হাসিবার চেষ্টা করিয়া বলিল, দেখুন, এ-সব ব্যাপারে আমার স্মরণশক্তি বড় খারাপ, কিছই প্রায় মনে নেই।

সত্যি বলচ ?

সত্যিই বলচি।

কমল জেরা করিল না, বিশ্বাস করিল। বুদ্ধিমান শ্রীলোকের জীবনযাত্রা-সম্বন্ধে এই মানুষটির আজও কোন কৌতুহল জাগে নাই। সে যেমন শুনিয়েছে তেমনি ভুলিয়াছে। আরও একটা জিনিস বুদ্ধিমান। 'তুমি' বলিবার অধিকার দেওয়া সত্ত্বেও কেন সে গ্রহণ করে নাই, 'আপনি' বলিয়া সম্বোধন করিতেছে। তাহার অকলংক পুরুষ-চিন্ততে আজও নারীমূর্তির ছায়া পড়ে নাই,—'তুমি' বলিয়া ঘনিষ্ঠ হইয়া উঠিবার লক্ষ্যতা তাহার অপরিজ্ঞাত। কমল মনে মনে যেন একটা স্বস্থির বিশ্বাস ফেলিল। খানিক পরে কাঁহল, শিবনাথবাবু আমাকে পরিত্যাগ করেছেন জান ?

জানি।

কমল কাঁহল, সেদিন আমাদের বিয়ের অনুষ্ঠানে ফাঁকি ছিল, কিন্তু মনের মধ্যে ফাঁকি ছিল না। সবাই সন্দেহ করে নানা কথা কইলে, বললে, এ বিবাহ পাকা হইল না। আমার কিন্তু ভয় হল না, বললাম, হোক গে কাঁচা, আমাদের মন যখন মনে নিয়োগে তখন বাইরের গ্রন্থিতে ক' পাক পড়ল আমার দেখবার দরকার নেই। বরষ, ভাবলাম এ ভালই হল যে স্বামী বলে যাকে নিলাম তাঁকে আশ্চর্যে আশ্চর্যে বাঁধিনি। তাঁর মনুষ্য আগল যদি একটু আলগাই থাকে ত থাক না। মনই যদি দেউলে হয়, পুরুষের মনকে মহাজন খাড়া করে সন্দেহ আদায় হতে পারে, কিন্তু আসল ত ডুবল। কিন্তু এ-সব তোমাকে বলা বৃথা, তুমি বুঝবে না।

রাজেন চুপ করিয়া রহিল। কমল কাঁহল, তখন এই কথাটাই শুন্য জানিনে যে তাঁর টাকার লোভটা এত ছিল। জানলে অন্ততঃ লাঞ্চার দাম এড়াতে পারতাম।

রাজেন্দ্র জিজ্ঞাসা করিল, এর মানে ?

কমল সহসা আপনাকে সংবরণ করিয়া লইল, বলিল, থাক গে মানে। এ তোমার শূনে কাজ নেই।

কিছুক্ষণ সূর্য অস্ত গিয়াছে, ঘরের মধ্যে বাহিরে সন্ধ্যা ঘন হইয়া আসিল। কমল আলো জ্বালিয়া টেবিলের একধারে রাখিয়া দিয়া স্বস্থানে ফিরিয়া আসিয়া কাঁহল, তা হোক, আমাকে গুঁর বাসায় একবার নিয়োগ চল।

কি করবেন গিয়ে ?

নিজের চোখে একবার দেখতে চাই। যদি প্রয়োজন হয় থাকবে। না হয়, তোমার ওপরে তাঁর ভার রেখে আমি নিশ্চিত হব। এইজন্যই তোমাকে ডেকে পাঠিয়েছিলাম। তুমি ছাড়া এ আর কেউ পারবে না। তাঁর প্রতি লোকের বিভ্রম সীমা নেই। বলিতে বলিতে সে সহসা বাতটা বাড়াইয়া দিবার জন্য উঠিয়া পিছন ফিরিয়া দাঁড়াইল।

রাজেন কহিল, বেশ, চলুন। আমি একটা গাড়ি ডেকে আনি গে। এই বলিয়া সে বাহির হইয়া গেল।

গাড়িতে উঠিয়া বসিয়া রাজেন্দ্র বলিল, শিবনাথবাবুর সেবার ভার আমাকে অর্পণ করে আপনি নিশ্চিন্ত হতে চান, আমিও নিতে পারতাম। কিন্তু, এখানে আমার থাকা চলবে না, শীঘ্রই চলে যেতে হবে। আপনি আর কোন ব্যবস্থার চেষ্টা করুন।

কমল উদ্বিগ্ন হইয়া জিজ্ঞাসা করিল, পদলিখ বোধ করি পিছনে লেগে অতিষ্ঠ করেছে ?

তাদের আত্মীয়তা আমার অভ্যাস আছে—সেজন্যে নয়।

কমল হরেন্দ্রের কথা স্মরণ করিয়া বলিল, তবে আশ্রমের এঁরা বন্ধি তোমাকে চলে যেতে বলেচেন ? কিন্তু পদলিখের ভয়ে যারা এমন আতঙ্কিত, ঘটা করে তাঁদের দেশের কাজে না নামাই উচিত। কিন্তু, তাই বলে তোমাকে চলে যেতেই বা হবে কেন ? এই আগ্রা শহরেই এমন লোক আছে যে স্থান দিতে এতটুকু ভয় পাবে না।

রাজেন্দ্র কহিল, সে বোধ করি আপনি স্বয়ং। কথাটা শুনে রাখলাম, সহজে ভুলব না। কিন্তু এ দৌরাত্মে ভয় পায় না ভারতবর্ষে তেমন লোকের সংখ্যা বিরল। থাকলে দেশের সমস্যা চের সহজ হয়ে যেত।

একটুখানি থামিয়া বলিল, কিন্তু আমার যাওয়া সেজন্যে নয়। আশ্রমকেও দোষ দিতে পারিনে। আর যারই হোক আমাকে যাও বলা হরেন্দ্রের মুখে আসবে না।

তবে যাবে কেন ?

যা নিজেরই জন্যে। দেশের কাজে বটে, কিন্তু তাঁদের সঙ্গে আমার মতেও মেলে না, কাজের ধারাতেও মেলে না। মেলে শুধু ভালবাসা দিয়ে। হরেন্দ্রের আমি সহোদরের চেয়ে প্রিয়, তার চেয়েও আত্মীয়, কোনকালে এর ব্যতিক্রম হবে না।

কমলের দুর্ভাবনা গেল। কহিল, এর চেয়ে আর বড় কি আছে রাজেন ? মন যেখানে মিলেচে, থাক না সেখানে মতের অমিল, হোক না কাজের ধারা বিভিন্ন ; কি যান্ন আসে তাতে ? সবাই একই রকম ভাবে, একই রকম কাজ করবে, তবেই একসঙ্গে বাস করা চলবে এ কেন ? আর পরের মতকে যদি শ্রদ্ধা করতেই না পারা গেল ত সে কিসের শিক্ষা ? মত এবং কর্ম দুই-ই বাইরের জিনিস রাজেন, মনটাই সত্য। অথচ এদেরই বড় করে যদি তুমি দূরে চলে যাও, তোমাদের যে ভালবাসার ব্যতিক্রম নেই বলাছিলে তাকেই অস্বীকার করা হয়। সেই যে কেতাবে লেখে ছান্নার জন্য কাগা ত্যাগ, এ ঠিকই তাই হবে।

রাজেন্দ্র কথা কহিল না, শুধু হাসিল।

হাসলে যে ?

হাসলাম তখন হাসিনি বলে। আপনার নিজের বিবাহের ব্যাপারে মনের ঝলটা-

কেই একমাত্র সত্য স্থির করে বাহ্যিক অনুষ্ঠানের গরমিলটাকে কিছ্‌দ না বলে উড়িয়ে দিয়েছিলেন। সেটা সত্য নয় বলেই আজ আপনাদের সমস্ত অসত্য হয়ে গেল।

তার মানে ?

রাজেন্দ্র বলিল, মনের মিলনটাকে আমি তুচ্ছ করিনে, কিন্তু ওকেই অধিকতর বলে উচ্চেশ্বরে ঘোষণা করাটাও হয়েছে আজকালকার একটা উচ্চাঙ্গের পদ্ধতি। এতে ঐদার্য এবং মহত্ত্ব দুই-ই প্রকাশ পায়, কিন্তু সত্য প্রকাশ পায় না। সংসারে যেন কেবল মনটাই আছে, আর তার বাইরে সব মায়া, সব ছায়াবাজি। এটা ভুল।

একটুখানি খামিয়া কহিল, আপনি বিভিন্ন মতবাদকে শ্রদ্ধা করতে পারাটাকে মস্তবড় শিক্ষা বলাছিলেন, কিন্তু সর্বপ্রকার মতকেই শ্রদ্ধা করতে পারে কে জানেন ? যার নিজের কোন মতের বালাই নেই। শিক্ষার দ্বারা বিরুদ্ধ-মতকে নিঃশব্দে উপেক্ষা করা যায়, কিন্তু শ্রদ্ধা করা যায় না।

কমল অতি বিস্ময়ে নির্বাক হইয়া রহিল। রাজেন্দ্র বলিতে লাগিল, আমাদের সেনীতি নয়, মিথ্যা শ্রদ্ধা দিয়ে আমরা সংসারে সর্বনাশ করিনে,—বন্ধুর হলেও না—তাকে ভেঙ্গে গুঁড়িয়ে দিই। এই আমাদের কাজ।

কমল কহিল, একেই তোমরা কাজ বল ?

রাজেন্দ্র কহিল, বল। কি হবে আমার মনের মিল নিয়ে মতের অমিলের বাধা যদি আমার কর্মকে প্রতিহত করে ? আমরা চাই মতের ঐক্য, কাজের ঐক্য—ও ভাববিলাসের মূল্য আমাদের কাছে নেই। শিবানী—

কমল আশ্চর্য হইয়া পড়িল, আমার এ নামটাও তুমি শুনচ ?

শুনেনিচ। কর্মের জগতে মানষের ব্যবহারের মিলটাই বড় হৃদয় নয়। হৃদয় থাকে থাক, অন্তরের বিচার অতর্কীয় করুন, আমাদের ব্যবহারিক ঐক্য নইলে চলে না। ওই আমাদের কষ্টপাথর—ঐ দিয়ে যাচাই করে নিই ! কৈ, দুঃজনের মনে মিল দিয়ে ত সঙ্গীত সৃষ্টি হয় না, বাইরে তাদের সুরের মিল না যদি থাকে ! সে শব্দ কোলাহল। রাজার যে সৈন্যদল যুদ্ধ করে, তাদের বাইরের ঐক্যটাই রাজার শক্তি, হৃদয় নিয়ে তাঁর গরজ নেই। নিয়মের শাসন সংযম,—এই আমাদের নীতি। একে খাটো করলে হৃদয়ের নেশার খোরাক যোগানো হয়। সে উচ্ছ্বলতারই নামাস্তর।

গাড়োয়ান রোকো রোকো,—শিবানী, এই তাঁর বাসা।

সম্মুখে জীর্ণ প্রাচীন গৃহ। উভয়ে নিঃশব্দে নামিয়া আসিয়া নিচের একটা ঘরে প্রবেশ করিল। পদশব্দে শিবনাথ চোখ মেলিয়া চাহিল, কিন্তু দীপের স্বল্পপালোকে বোধ হয় চিনিতে পারিল না। মূহূর্ত পরেই চোখ বৃজিয়া তন্দ্রাচ্ছন্ন হইয়া পড়িল।

॥ সতের ॥

চারিদিকে চাহিয়া কমল স্তম্ভ হইয়া রহিল। ঘরের এক চেহারা! এখানে যে মানুষ্যে বাস করিয়া আছে সহজে যেন প্রত্যয় হয় না। লোকের সাড়া পাইয়া সতেরো-আঠোরো বছরের একটি হিন্দুস্থানী ছোকরা আসিয়া দাড়াইল; রাজেন্দ্র তাহার পরিচয় দিয়া কহিল, এইটি শিবনাথবাবুর চাকর। পথ্য তৈরি করা থেকে ওষুধ খাওয়ানো পর্যন্ত এরই ডিউটি। সদ্যাস্ত হতেই বোধ করি ঘুমতে শরু করিয়াছিল, এখন উঠে আসচে। রোগীর সম্বন্ধে কোন উপদেশ দেবার থাকে ত একেই দিন, বন্ধুতে পারবে বলেই মনে হয়। নেহাত বোকা নয়। নামটা কাল জেনে গিয়েছিলাম, কিন্তু ভুলে গেছি। কি নাম রে?

ফগুয়া।

আজ ওষুধ খাইয়েছিলি?

ছেলেটা বাঁ হাতের দুটা আঙুল দেখাইয়া কহিল, দো খোরাক খিলায়া!

আউর কুছ খিলায়া?

হ,—দুধ ভি পিলায়া।

বহুত আচ্ছা কিয়া। ওপরের পাঞ্জাবীবাবুরা কেউ এসেছিল?

ছেলেটা ক্ষণকাল চিন্তা করিয়া বলিল, শায়ের দো পহরমে একঠো বাবু আয়া রহা।

শায়ের? তখন তুমি কি করছিলে বাবা, ঘুমুচ্ছিলে?

কমল জিজ্ঞাসা করিল, ফগুয়া, তোর এখানে ঝাড়ুটাড়ু কিছু আছে?

ফগুয়া ঝাড়ু নাড়িয়া ঝাটা আনিতে গেল, রাজেন্দ্র কহিল, ঝাটা কি করবেন? ওকে পিটবেন নাকি?

কমল গম্ভীর হইয়া কহিল, এ কি তামাশার সমস্যা? মায়া-মমতা কি তোমার শরীরে কিছু নেই?

আগে ছিল। ফ্লাড, আর ফ্যামিন রিলিফে সেগুলো বিসর্জন দিয়ে এসেছি।

ফগুয়া ঝাটা আনিয়া হাজির করিল। রাজেন্দ্র বলিল, আমি ক্ষিপ্তের জ্বালায় মরি, কোথাও থেকে দুটো খেয়ে আসি গে। ততক্ষণ ঝাটা আর এই ছেলেটাকে নিয়ে যা পারেন করুন, ফিরে এসে আপনাকে বাসায় পৌঁছে দিয়ে যাব। ভয় পাবেন না, আমি ঘণ্টা-দুয়ের মধ্যেই ফিরবো। এই বলিয়া সে উত্তরের অপেক্ষা না করিয়াই বাহির হইয়া গেল।

শহরের প্রান্তস্থিত এই স্থানটা অল্পকাল মধ্যে নিঃশব্দ ও নির্জন হইয়া উঠিল। যাহার উপরে বাস করে তাহাদের কলরব ও চলাচলের পায়ের শব্দ থামিল। বন্ধু

পেল তাহার শব্যাপ্রসন্ন করিয়াছে। শিবনাথের সংবাদ লইতে কেহ আসিল না। বাহিরে অশ্রুকার রাহি গভীর হইয়া আসিতেছে, মেঝের কম্বল পাতিয়া ফগুয়া বিম্বাইতেছে, সদর দরজা বন্ধ করিবার সময় হইয়া আসিল, এমনি সময়ে রাস্তার সাইকেলের ঘণ্টা শব্দনা গেল এবং পরক্ষণেই দ্বার ঠেলিয়া রাজেন্দ্র প্রবেশ করিল। ইতস্ততঃ দৃষ্টিপাত করিয়া এই অম্পকালের মধ্যে গৃহের সমস্ত পরিবর্তন লক্ষ্য করিয়া সে কিছুদ্ধক্ষণ চুপ করিয়া দাঁড়াইয়া রহিল পরে হাতের ছোট পট্টুটিলাটা পাশের টিপয়ের উপর রাখিয়া দিয়া কাঁহল, অন্যান্য মেয়েদের মত আপনাকে যা ভেবেছিলাম তা নয়। আপনার পরে নির্ভর করা যায়।

কমল নিঃশব্দে ফিরিয়া চাহিল। রাজেন্দ্র কাঁহল, ইতিমধ্যে দেখিছি, বিছানাটা পর্যন্ত বদলে ফেলেছেন। খুঁজে পেতে না হয় বার করলেন,। কিন্তু কুলে শোয়ালেন কি করে?

কমল আস্তে আস্তে বলিল, জানলে শক্ত নয়।

কিন্তু জানলে কি করে? জানার ত কথা নয়।

কমল বলিল, জানার কথা কি কেবল তোমাদেরই? ছেলেবেলায় চা-বাগানে আমি অনেক রত্নগীর সেবা করেছি।

তাই ত বলি! এই বলিয়া সে আর একবার চারিদিকে চাহিয়া দেখিয়া কাঁহল, আসবার সময় সঙ্গে করে সামান্য কিছু খাবার এনেচি। কুঁজোয় জল আছে দেখে গিয়েছিলাম। খেয়ে নিন, আমি বসচি।

কমল তাহার মূখের পানে চাহিয়া একটু হাসিল, কাঁহল, খাবার কথা ত তোমাকে বলিনি, হঠাৎ এ খেয়াল হল কেন?

রাজেন্দ্র বলিল, খেয়াল হঠাৎই হল সত্যি। নিজের যখন পেট ভরে গেল, তখন কি জানি কেন মনে হল আপনারও হয়ত খিদে পেয়ে থাকবে। আসবার পথে দোকান থেকে কিছু কিনে নিয়ে এলাম। দেরি করবেন না, বসে যান। এই বলিয়া সে নিজে গিয়া জলের কুঁজাটা তুলিয়া আনিল। কাছে কলাই-করা একটা গ্লাস ছিল, কাঁহল, সব্দর করুন, বাইরে থেকে এটা মেজে আনি। এই বলিয়া সেটা হাতে করিয়া চলিয়া গেল। এ বাড়ির কোথায় কি আছে সে কালই জানিয়া গিয়াছিল। ফিরিয়া আসিয়া সন্ধান করিয়া একটুকরা সাবান বাহির করিল, কাঁহল, অনেক ঘাঁটাঘাঁটি করেছেন, একটু সাবধান হওয়া ভাল। আমি জল ঢেলে দিচ্ছি, খাবার আগে হাতটা ধুয়ে ফেলুন।

কমলের পিতার কথা মনে পড়িল। তাহারও এমনি কথার মধ্যে বিশেষ রস-কস ছিল না, কিন্তু আন্তরিকতার ভরা। কাঁহল, হাত ধুতে আপত্তি নেই, কিন্তু খেতে পারব না ভাই। তুমি হয়ত জান না যে, আমি নিজে রোঁধে খাই, আর এই-সব দামী ভাল ভাল খাবারও খাইনে। আমার জন্যে ব্যস্ত হবার আবশ্যিক নেই, অন্যান্য দিন যেমন হয়, তেমন বাসায় ফিরে গিয়েই খাব।

তা হলে আর রাত না করে বাসাতেই ফিরে চলুন, আপনাকে পেঁছে দিয়ে আসিগে।

তুমি এখানেই আবার ফিরে আসবে ?

আসব।

কতক্ষণ থাকবে ?

অন্ততঃ কাল সকাল পর্যন্ত। ওপরের পাঞ্জাবীদের হাতে কিছ টাকা দিয়ে গেছি, একটা মোকাবিলা না করে নড়ব না। এবটু ক্লাস্ত, তা হোক। এতটা অস্বস্তি হবে ভারি। উঠুন, এদিকে গাড়ি পাওয়া যাবে না, হাঁটতে হবে। ফেরবার পথে মূচীদের বস্ততীটা একবার ঘুরে আসা দরকার? দু'ব্যাটার মরবার কথা ছিল, দেখি তারা কি করলে ?

কমলের আবার সেই কথাই মনে পড়িল, এ-লোকটার অনুভূতি বলিয়া কোন বলাই নেই। অনেকটা যন্ত্রের মত। কি একটা অজ্ঞাত প্রেরণা ইহাকে বারংবার কর্মে নিযুক্ত করে—কর্ম করিয়া যায়। নিজের জন্য নয়, হয়ত কোন-কিছ আশা করিয়াও নয়। কাজ ইহার রস্তের মধ্যে, সমস্ত দেহের মধ্যে জলবায়ুর মতই যেন সহজ হইয়া আছে। স্রষ্টা, অনেক বিস্ময়ের অবধি থাকে না, ভাবে, কেমন করিয়া এমন হয়। জিজ্ঞাসা করিল, আচ্ছা রাজেন, তুমি নিজেও ত ডাক্তার ?

ডাক্তার? না। ওদের ডাক্তার-স্কুলে সামান্য কিছুদিন শিক্ষানবীশ করেছিলাম।

তা হলে ওদের দেখে কে ?

যম।

তবে তুমি কর কি ?

আমি করি তাঁর তদবির। তাঁর গুণমুগ্ধ পরম ভক্ত আমি। এই বলিয়া সে কমলের বিস্ময়-অভিভূত মুখের প্রতি ক্ষণকাল চাহিয়া থাকিয়া একটু হাসিল, কহিল যম নয়, তিনি যমরাজ। বলিহারি তাঁর প্রতিভাকে যিনি রাজা বলে একে প্রথমে অভিবাদন করেছিলেন। রাজাই বটে। যেমন দয়া, তেমনই স্নেহবোধনা। বিশ্ব-ভুবনে সৃষ্টিকর্তা যদি কেউ থাকে, এ তাঁর সেরা সৃষ্টি আমি বাজি রেখে বলতে পারি।

কমল আস্তে আস্তে জিজ্ঞাসা করিল, তুমি কি পরিহাস করচ রাজেন ?

একবারে না। শূনে সতীশদা মুগ্ধ গম্ভীর করে, হেরেনদা রাগ করে বলেন আমাকে সিনিক, তাঁদের আশ্রমে সকলে মিলে তাঁরা কৃষ্ণতা, সংখম, ত্যাগ ও নানাবিধ অদ্ভুত কঠোরতার অস্ত্রশস্ত্র শানিয়ে যমরাজের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করেছেন। অগ্রএব, মনে করেন আমি তাঁদের উপহাস করি। কিন্তু তা করিনে। দুঃখীদের পঞ্জীতে তাঁরা যান না, গেলে আমার ধারণা—আমারই মত পরম রাজভক্ত হয়ে উঠেন। শ্রদ্ধাবনত-চিন্তে মৃত্যুরাজার গুণগান করতেন এবং অকল্যাণ মনে করে তাঁকে গাল দিয়ে আর বেড়াতেন না।

কমল কহিল, এই যদি তোমার সত্যিকার মত হয় তোমাকে সিনিক্ বলাটা কি দোষের ?

দোষের বিচার পরে হবে। যাবেন একবার আমার সঙ্গে মূর্খীদের পাড়ায় ? গড়াগড়া পড়ে আছে—আজকের ইনফ্লুয়েঞ্জা বলেই শব্দ নষ্ট—কলেরা, বসন্ত, প্লেগ, যে-কোন একটা উপলক্ষ তাদের জুটলেই হল। ওষুধ নেই, পথিা নেই, শোবার বিছানা নেই, চাপা দেবার কাপড় নেই, মূর্খে জল দেবার লোক নেই,—দেখে হঠাৎ ঘাবড়ে যেতে হয় এর কিনারা আছে কোথায় ? তখনি কুল দেখতে পাই, চিন্তা দূর হয়, মনে মনে বালি ভয় নেই গুরে ভয় নেই,—সমস্যা যতই গুরুতর হোক, সমাধান করবার ভার যার হাতে তিনি এলেন বলে। অন্যান্য দেশের অন্যান্য ব্যবস্থা, কিন্তু আমাদের এ দেব-ভূমির সমস্ত ভার নিয়েছেন একেবারে রাজার রাজা স্বয়ং। এক হিসেবে আমরা ঢের বেশী সৌভাগ্যবান্। কিন্তু কোথা থেকে কি সব কথা এসে পড়ল। চলুন, রাত হয়ে যাচ্ছে। তুনেকটা পথ হাঁটতে হবে।

কিন্তু তোমাকে ত আবার এই পথটা হেঁটেই ফিরতে হবে ?

তা হবে।

তোমার মূর্খীদের পাড়া কতদূরে ?

কাছেই। অর্থাৎ এখান থেকে মাইল-খানেকের মধ্যে।

তা হলে তোমার পা-গাড়ি করে ঘুরে এসো গে—আমি বসিচ।

রাজেন বিস্ময়াপন্ন হইয়া কহিল, সে কি কথা ! আপনার যে দুর্দিন খাওয়া হয়নি।

কে দিলে তোমাকে এ খবর ?

ওই যে খেলালের কথা হিছিল, তাই। কিন্তু খবরটা আমি নিজেই সংগ্রহ করেচি। আসবার সময়ে আপনার রান্নাঘরটা একবার উঁকি মেরে এসেছিলাম, রান্না ভাত মজুদ, পাত্রটির চেহারা দেখলে সন্দেহ থাকে না যে সে গত রাত্রির ব্যাপার। অর্থাৎ দিন-দুই চলেছে নিছক উপবাস। হয় চলুন, না হয় যা এনোঁছ আহার করুন। আজ স্বপাকের অজুহাত অবৈধ।

অবৈধ ? কমল একটু হাসিয়া কহিল,—কিন্তু আমার জন্যে তোমার এত মাথা-বাথা কেন ?

তা জানিনে। কারণ নিজেই অনুসন্ধান করিচি, সংবাদ পেলে আপনাকে জানাব।

কমল কিছুদ্ধক্ষণ ধরিয়া কি ভাবিল, তাহার পরে কহিল, জানিয়ে, লজ্জা করো না। পুনরায় কিছুদ্ধক্ষণ মৌন থাকিয়া বলিল, রাজেন, তোমার আশ্রমের দ্বারা তোমাকে অল্পই চিনেছেন, তাই তাঁরা তোমাকে উপদ্রব মনে করেন। কিন্তু তোমাকে চিনি। সুতরাং আমাকে চিনে রাখা তোমার দরকার। অথচ, তার জন্যে সময় চাই, সে পরিচয় কথা-কাটাকাটি করা হবে না। একটুখানি স্থির থাকিয়া পুনরায় কহিল,

আমি নিজে রেঁধে খাই, একবেলা খাই, অতি দরিদ্রের বা আহার,—সে একমুঠো ভাত-ডাল কিন্তু এ আমার ব্রত নয়, তাই ভঙ্গ করতেও পারি। কিন্তু দিন-দুই খাইনি বলেই নিয়ম লঙ্ঘন আমি করব না। তোমার স্নেহটুকু আমি ভুলব না, কিন্তু কথা রাখতেও তোমার পারব না রাজেন। তাই বলে রাগ করো না যেন।

না।

কি ভাবচ বল ত ?

ভাবাচি, পরিচয়-পত্রের ভূমিকা অংশটুকু মন্দ হল না। আমি দেখাচি, সহজে ভুলতে পারব না।

সহজে ভুলতেই বা আমি তোমাকে দেবো কেন ? এই বলিয়া কমল হঠাৎ হাসিয়া ফেলিল। কিহল, কিন্তু আর দাঁড় করো না, খাও। যত শীঘ্র পার ফিরে এস। ঐ বড় আরাম-চৌকিটার একটা কস্বল পেতে রাখব—দু'চার ঘণ্টা ঘুমোবার পরে যখন সকাল হবে, তখন আমরা বাসায় চলে যাব, কেমন ?

রাজেন্দ্র মাথা নাড়িয়া কিহল, আচ্ছা। ভেবেছিলাম রাগিটা বোধ হয় আমাকে আজও জেগে কাটাতে হবে। কিন্তু ছদ্ম মঞ্জুর হলে গেল, স্বামীর শত্রুশ্রমের ভার নিজের হাতেই নিলেন। ভালই। ফিরতে বোধ করি আমার দাঁড় হবে না, কিন্তু ইতিমধ্যে ঘুমিয়ে পড়বেন না যেন।

কমল বলিল, না। কিন্তু এই লোকটি যে আমার স্বামী এ খবর তোমাকে দিল কে ? এখানকার ভুললোকেরা বোধ করি ? যে-ই দিলে থাক, সে তামাশা করেছে। বিশ্বাস না হয়, একদিন একে জিজ্ঞাসা করলেই খবর পাবে।

রাজেন্দ্র কোন কথা কিহল না। নিঃশব্দে বাহির হইয়া গেল।

শিবনাথ ঠিক যেন এই জন্যই অপেক্ষা করিয়া ছিল। পাশ ফিরিয়া চোখ মেলিয়া চাহিল, জিজ্ঞাসা করিল, এই লোকটি কে ?

শুনিয়া কমল চমকিত হইল। কণ্ঠস্বর স্পষ্ট, জড়তার চিহ্নমাত্র নাই। চোখের চাহনিতে তখনো অল্প একটুখানি ঘোর আছে বটে, কিন্তু মূখের চেহারা প্রায় স্বাভাবিক। অসমাপ্ত নিদ্রা ভাঙ্গিয়া জাগিয়া উঠিলে যেমন একটু আচ্ছন্ন ভাব থাকে তাহার অধিব নয়। এতবড় রোগের এত সহজে ও এত শীঘ্র যে সমাপ্ত ঘটিয়াছে, কমল হঠাৎ তাহা বিশ্বাস করিতে পারিল না। তাই উত্তর দিতে তাহার বিলম্ব হইল। শিবনাথ আবার প্রশ্ন করিল, এ লোকটি কে শিবানী ? তোমাকে সঙ্গে করে ইনিই এনেছেন !

হাঁ। আমাকেও এনেছেন এবং তোমাকেও সঙ্গে করে যিনি কাল রেখে গিয়েছেন, তিনি।

নাম ?

রাজেন্দ্র।

তোমরা দু'জনে কি এখন এক বাড়িতে থাকো ?

সেই চেষ্টাই ত করাচি। যদি থাকেন আমার ভাগ্য।

হৃদ। ওকে এখানে এনেছ কেন ? আমাকে দেখাতে ?

কমল এ প্রশ্নের জবাব দিল না। শিবনাথও আর কোন প্রশ্ন করিল না, চোখ বদ্বিজয়া পড়িয়া রহিল। বহুক্ষণ নিঃশব্দে কাটার পরে শিবনাথ জিজ্ঞাসা করিল, আমার সঙ্গে তোমার আর কোন সম্পর্ক নেই এ কথা তুমি কার মুখে শুনলে ? আমি বলেছি, এই কি লোকেরা বলে নাকি ?

কমল ইহার জবাব দিল না, কিন্তু এবার সে নিজেই প্রশ্ন করিল, আমাকে যে তুমি বিয়ে করনি সে আমি না বিশ্বাস করে থাকি, তুমি ত করতে ? চলে আসবার সময় এ কথাটা বলে এলে না কেন ? তোমাকে আটকাতে পারি, কেঁদেকেটে মাথা খুঁড়ে অনর্থ ঘটাতে পারি, এই কি তুমি ভেবেছিলে ? এ যে আমার স্বভাব নয়, সে ত ভাল করেই জানতে ? তবে, কেন করনি তা ?

শিবনাথ বললে মনঃহৃত নীরব থাকিয়া বলিল, কাজের ঝঞ্জাটে, ব্যবসার ষ্টিতিরে দিনকতক একটা আলাদা বাসা করলেই কি ত্যাগ করা হয় ? আমি ত ভেবেছিলাম—

শিবনাথের মুখের কথা অসমাপ্ত রহিয়া গেল। কমল থামিয়া দিয়া বলিল, থাক থাক, ও আমি জানতে চাইনি। কিন্তু বলিয়া ফেলিয়াই সে নিজের উদ্বেজনায় নিজেই লজ্জা পাইল। কিছুক্ষণ নীরবে থাকিয়া আপনাকে শাস্ত করিয়া লইয়া অবশেষে জিজ্ঞাসা করিল, তোমার কি সত্যিই অসুখ করেছিল ?

সত্যি না ত কি ?

সত্যিই যদি এই আমার ওখানে না গিয়ে আশুবাবুর বাড়িতে গেলে কিসের জন্যে। তোমার একটা কাজ আমাকে বাধা দিচ্ছে, কিন্তু অন্যটা আমাকে অপমানের একশেষ করেছে। আমি দুঃখ পেয়েছি শুনলে তুমি মনে মনে হাসবে জানি, কিন্তু এই জানাটাই আমার সাম্বনা। তুমি এত ছোট বলেই কেবল নিজের দুঃখ আমি সহিতে পারলাম, নইলে পারতাম না।

শিবনাথ চুপ করিয়া রহিল ; কমল তাহার মুখের প্রতি নির্নিমেষে চাহিয়া কহিল, জান তুমি আমার সব সহিল, কিন্তু তোমাকে বাড়ি থেকে বার করে দেওয়াটা আমার সহিল না, তাই এসেছিলাম তোমাকে সেবা করতে, তোমার মন ভোলাতে আসিনি।

শিবনাথ ধীরে ধীরে কহিল, তোমার এই দয়ার জন্য আমি কৃতজ্ঞ শিবানী।

কমল কহিল, তুমি আমাকে শিবানী বলে ডেকো না, কমল বলে ডেকো।

কেন ?

শুনলে আমার ঘৃণা বোধ হয়, তাই।

কিন্তু একদিন ত তুমি এই নামটিই সবচেয়ে ভালবাসতে ! এই বলিয়া সে ধীরে ধীরে কমলের হাতখানি লইয়া নিজের হাতের মধ্যে গ্রহণ করিল। কমল চুপ করিয়া রহিল। নিজের হাত লইয়া টানাটানি করিতেও কুণ্ঠা বোধ হইল।

চুপ করে রইলে, উত্তর দিলে না যে বড় ?

কমল তেমনিই নির্বাক হইয়া রহিল।

কি ভাবচ বল ত শিবানী ?

কি ভাবচি জ্ঞান ? ভাবচি, মানুস কত বড় পাবণ্ড হলে তবে এ কথা মনে করে দিতে পারে ।

শিবনাথের চোখ ছলছল করিতে লাগিল, বলিল, পাবণ্ড আমি নই শিবানী । একদিন তোমার ভুল তুমি নিজেই জানতে পারবে, সেদিন তোমার পরিতাপের সীমা থাকবে না । কেন যে একটা আলাদা বাসা ভাড়া করেছি—

কিন্তু আলাদা বাসা ভাড়ার কারণ ত আমি একবারও জিজ্ঞাসা করিনি ? আমি শুধু এইটুকুই জানতে চেয়েছিলাম, এ কথা আমাকে তুমি জানিয়ে আসনি কেন ? তোমাকে একদিনের জন্যেও আমি ধরে রাখতাম না ।

শিবনাথের চোখ দিয়া জল গড়াইয়া পড়িল, কহিল, জানাতে আমার সাহস হয়নি শিবানী ।

কেন ?

শিবনাথ জামার হাতায় চোখ মূছিয়া বলিল, একে টাকার টানাটানি তাতে প্রত্যাহী বাইরে যেতে হতে লাগল—পাথর কিনতে, চালান দিতে, স্টেশনের কাছে একটা কিছ—

কমল বিছানা হইতে উঠিয়া আসিয়া দূরে একটা চৌকিতে বসিল, কহিল, আমার নিজের জন্যে আর দুঃখ হয় না, হয় আর একজনের জন্যে । কিন্তু আজ তোমার জন্যেও দুঃখ হচ্ছে শিবনাথবাবু—

অনেকদিনের পরে আবার সে এই প্রথম তাহাকে নাম ধরিয়্যা ডাকিল । কহিল, দ্যাখ, নিছক বন্ধুত্বকেই মূলধন করে সংসারে বাণিজ্য করা যায় না । আমার সঙ্গে হয়ত তোমার আর দেখা হবে না, কিন্তু আমাকে তোমার মনে পড়বে । যা হবার তা ত হয়ে গেছে, সে আর ফিরবে না, কিন্তু ভবিষ্যতে জীবনটাকে আর একাদিক থেকে দেখবার চেষ্টা করো, হয়ত সুখী হতেও পারবে । লক্ষ্মীটি, ভুলো না । তোমার ভাল হোক, তুমি ভাল থাকো, এ আমি আজও সত্যি সত্যিই চাই ।

কমল কণ্ঠে অশ্রু সংবরণ করিল । আশ্রুদাবু যে কেন তাহাকে সরাইয়া দিলেন, কি যে তাহার যথার্থ হেতু এত কথার পরেও সে এতবড় আঘাত শিবনাথকে দিতে পারিল না ।

বাহিরে পা-গাড়ির ঘণ্টার শব্দ শুন্য গেল । শিবনাথ কোন কথা না কহিয়া পুনর্বার পাশ ফিরিয়া শূইল ।

ঘরে ঢুকিয়া রাজেন্দ্র চাপা-গলায় কহিল, এই যে সত্যিই জেগে আছেন দেখাচি ! রুগী কেমন ? ওষুধ-টষুধ আর খাওয়ালেন ?

কমল ঘাড় নাড়িয়া বলিল, না, আর কিছ খাওয়ানি ।

রাজেন্দ্র অঙ্গুলি-সংকেতে কহিল, চুপ । ঘুম ভেঙ্গে যাবে, সেটা ভাল না ।

না । কিন্তু তোমার মনুচীরা করলে কি ?

তারা লোক ভাল, কথা রেখেচে । আমান্ন যাবার আগেই যমরাজের মহিষ এসে আত্ম-দুটো নিয়ে গেছে, সকালে খড়-দুটো তাদের মিউনিসিপ্যালিটির মহিষের

হাবালা করে দিতে পারলেই খালাস। আরও গোটা-আষ্টক শৃষচে, কাল একবার
দেখিয়ে আনব। আশা করি প্রচুর জ্ঞানলাভ করবেন। কিন্তু আরাম-চৌকির ওপর
আমার কস্বলের বিছানা কৈ? ভুলে গেছেন?

কমল বিছানা পাতিয়া দিল। আঃ—বাঁচলাম, বলিয়া দীর্ঘশ্বাস ফেলিয়া
হাতলের উপর দুই পা ছড়াইয়া দিয়া রাজেন শূইয়া পড়িল। কহিল, ছুটোছুটিতে
ঘেমে গেছি একটা পাখা-টাখা আছে নাকি?

কমল পাখা হাতে করিয়া চৌকিটা তার শিয়রের কাছে টানিয়া আনিয়া বলিল,
আমি বাতাস করিচি, তুমি ঘুমোও। রুগীর জন্যে দর্শিচক্ষার কারণ নেই, তিনি ভাল
আছেন।

বাঃ—সবদিকেই সুখবর। এই বলিয়া সে চোখ বন্ধিল।

॥ আঠার ॥

ইনফ্লুয়েঞ্জা এদেশে সম্পূর্ণ নতুন ব্যাধি নহে, 'ডেঙ্গু' বলিয়া মানুষে কতকটা অবজ্ঞা ও উপহাসের চক্ষেই দেখিত। দিন দুই-তিন দুঃখ দেওয়া ভিন্ন ইহার আর কোন গভীর উদ্দেশ্য নাই, ইহাই ছিল লোকের ধারণা। কিন্তু সহসা এমন দুর্দিনবার মহামারীরূপে সে যে দেখা দিতে পারে এ কেহ কল্পনাও করিত না সুতরাং এবার অকস্মাৎ ইহার অপরিমেয় শক্তির সূনিশ্চিত কঠোরতায় প্রথমটা লোকে হতবুদ্ধি হইল, তাহার পরেই যে পারিল পলাইতে শুরু করিল। আশ্বায়-পরে বিশেষ প্রভেদ রহিল না, রোগে শূন্যে করবে কি, মৃত্যুকালে মুখে জল দিবার লোকও অনেকের ভাগ্যে জুটিল না। শহর ও পল্লী সর্বত্র একই দশা, আগ্রার অদূরেও ইহার অন্যথা ঘটিল না,—এই সম্বন্ধ জনবহুল প্রাচীন নগরীর মূর্তি যেন দিন-কয়েকের মধ্যেই একেবারে বদলাইয়া গেল। স্কুল-কলেজ বন্ধ, হাটে-বাজারে দোকানে কবাট অবরুদ্ধ, নদীতীর শূন্যপ্রায় শূন্য হিন্দু ও মুসলমান, শূন্য হিন্দু ও মুসলমান শব-বাহকের শঙ্কাকুলগ্রস্ত পদক্ষেপ ব্যতিরেকে রাজপথ নিঃশব্দ জনহীন। যে-কোনদিকে চাহিলেই মনে হয় শূন্য কেবল মানুষ-জনই নয়, গাছপালা বাড়ি-ঘর-দ্বারের চেহারা পর্যন্ত যেন ভয়ে বিবর্ণ হইয়া উঠিয়াছে। এমনি যখন শহরের অবস্থা, তখন চিন্তা, দুঃখ ও শোকের দাহনে অনেকের সঙ্গেই অনেকের একটা রফা হইয়া গেছে। চেষ্টা করিয়া, আলোচনা করিয়া, মধ্যস্থ মানিয়া নয়,—যেন আপনি হইয়াছে। আজও যাহারা বাঁচিয়া আছে এখনও ধরাপৃষ্ঠ হইতে বিলুপ্ত হয় নাই, তাহারা সকলেই যেন সকলের পরমাত্মীয়; বহুদিন ধরিয়া যেখানে বাক্যালাপ বন্ধ ছিল, সহসা পথে দেখা হইতে উভয়ের চোখেই জল ছলছল করিয়া আসিয়াছে—কাহারও ভাই, কাহারও পুত্র-কন্যা, কাহার বা স্ত্রী ইতিমধ্যেই মরিয়াছে—রাগ করিয়া মুখ ফিরাইবার মত জোর আর মনে নাই,—কখনও কথা হইয়াছে, কখনও তাহাও হয় নাই—নিঃশব্দে পরস্পরের কল্যাণ-কামনা করিয়া বিদায় লইয়াছে।

মুচীদের পাড়ায় লোক আর বেশী নাই। যত বা মরিয়াছে, তত বা পলাইয়াছে। অবশিষ্টদের জন্য রাজেন একাই যথেষ্ট। তাহাদের গতি-মুক্তির ভার সেই গ্রহণ করিয়াছে। সহকারিণী হিসাবে কমল যোগ দিতে আসিয়াছিল। ছেলবয়সে চা-বাগানে সে পীড়িত কুলীদের সেবা করিয়াছিল, সেই ছিল তার ভরসা। কিন্তু দিন দুই-তিনেই বদ্বিল সে সম্বল এখানে চলে না। মুচীদের সে কি অবস্থা! ভাষায় বর্ণনা করিয়া বিবরণ দিতে যাওয়া বৃথা। কুটীরে পা দেওয়া অবধি সর্বান্তে কাঁটা দিয়া উঠিত,

কোথাও বাসবার দাঁড়াইবার স্থান নাই, এবং আবর্জনা যে কিরূপ ভয়াবহ হইয়া উঠিতে পারে এখানে আসিবার পূর্বে কমল জানিত না। অথচ, এই সকলেরই মাঝখানে অহরহ থাকিয়া আপনাকে সাবধানে রাখিয়া কি করিয়া যে রোগীর সেবা করা সম্ভব এক্ষণে সে মনে স্থান দিতেও পারিল না। অনেক দীর্ঘ করিয়া সে রাজেনের সঙ্গে আসিয়াছিল, দুঃসাহসিকতায় সে কাহারও ন্যূন নয়, জগতে কোনকিছুকেই সে ভয় করে না, মৃত্যুকেও না। নিতান্ত মিথ্যা সে বলে নাই, কিন্তু আসিয়া বন্ধুকে, ইহারও সীমা আছে। দিন কয়েকেই ভয়ে তাহার দেহের রক্ত শুকাইয়া উঠিবার উপক্রম করিল। তথাপি সম্পূর্ণ দেউলিয়া হইয়া ঘরে ফিরিবার প্রাক্কালে রাজেন্দ্র তাহাকে আশ্বাস দিয়া বার বার বলিতে লাগিল, এমন নিভীকতা আমি জন্মে দেখিনি। আসল ঋতুর মূখটাই আপনি সামলে দিয়ে গেলেন! কিন্তু আর আবশ্যক নেই,—আপনি দিন কতক বাসায় গিয়ে বিশ্রাম করুন গে। এদের যা করে গেলেন সে ঋণ এরা জীবনে শোধতে পারবে না।

আর তুমি ?

রাজেন বলিল, এই ক'টাকে যাত্রা করিয়ে দিয়ে আমিও পালাব। নইলে কি মরণ বলতে চান ?

কমল জবাব খুঁজিয়া পাইল না, ক্ষণকাল চাহিয়া থাকিয়া নিঃশব্দে চলিয়া আসিল। কিন্তু তাই বলিয়া এমন নয় যে সে এ কয়দিন একেবারে বাসায় আসিতে পারে নাই। রাখিয়া সঙ্গে করিয়া খাবার লইয়া যাইতে প্রত্যহ একবার করিয়া তাহাকে বাসায় আসিতেই হইত। কিন্তু আজ আর সেই ভয়ানক জায়গায় ফিরিতে হইবে না মনে করিয়া একদিকে যেমন স্বস্তি অনুভব করিল, আর একদিকে তেমনি অব্যক্ত উদ্বেগে তাহার সমস্ত পূর্ণ হইয়া রহিল। কমল রাজেন্দ্রের খাবার কথাটা জিজ্ঞাসা করিয়া আসিতে ভুলিয়াছিল। কিন্তু এই এন্ট ষতই হোক, যেখানে তাহাকে সে ফেলিয়া রাখিয়া আসিল তাহার সমতুল্য কিছুই তাহার মনে পড়িল না।

স্কুল-কলেজ বন্ধ হওয়ার সময় হইতে হরেন্দ্রের ব্রহ্মচার্যপ্রমণ্ড বন্ধ হইয়াছে।

ব্রহ্মচার্যী-বালকদিগকে কোন নিরাপদ স্থানে পৌঁছাইয়া দিয়া তাহাদের তত্ত্বাবধানের ভার লইয়া সতীশ সঙ্গে গিয়াছে। হরেন নিজে যাইতে পারে নাই অবিনাশের অসুখের জন্য। আজ সে আসিয়া উপস্থিত হইল। নমস্কার করিয়া কহিল, পাঁচ-ছ দিন রোজ সকালে আসি, আপনাকে ধরতে পারিনে। কোথায় ছিলেন ?

কমল মূচীদের পঞ্জীর নাম করিলে হরেন্দ্র অতিশয় বিস্মিত হইয়া কহিল ? সেখানে ত ভয়ানক লোক মরতে শুনতে পাই। এ মতলব আপনাকে দিলে কে ? যেই দিয়ে থাক কাজটা ভাল করুন।

কেন ?

কেন কি ? সেখানে যাওয়া মানে ত প্রায় আত্মহত্যা করা। বরষ, আমরা ত ভেবেছিলাম শিবনাথবাবু আগ্রা থেকে চলে যাবার পরে আপনিও নিশ্চয় অন্যত্র গেছেন। অবশ্য দিনকয়েকের জন্যে—নইলে বাসাটা রেখে যেতেন না,—আজ্ঞা

রাজেনের খবর কিছু জানেন ? সে কি শহরে আছে, না আর কোথাও চলে গেছে ? হঠাৎ এমন ডুব মেরেছে যে, কোন সন্ধান পাবার জো নেই ।

তাঁকে কি আপনার বিশেষ প্রয়োজন ?

না, প্রয়োজন বলতে সচরাচর লোকের যা বোঝে তা নেই । তবুও প্রয়োজনই বটে । কারণ আমিও যদি তার খোঁজ নেওয়া বন্ধ করি ত একা পদলিখ ছাড়া আর তার আত্মীয় থাকে না । আমার বিশ্বাস আপনি জানেন সে কোথায় আছে ।

কমল বলিল, জানি । কিন্তু আপনাকে জানিয়ে লাভ নেই । বাড়ি থেকে যাকে তাড়িয়ে দিয়েছেন, বেরিয়ে গিয়ে সে কোথায় আছে সন্ধান নেওয়া শব্দ অন্যায় কৌতুহল ।

হরেন্দ্র ক্ষণকাল চুপ করিয়া থাকিয়া কহিল, কিন্তু সে আমার বাড়ি নয়, আমাদের আশ্রম । সেখানে স্থান দিতে তাকে পারিনি, কিন্তু তাই বলে সে নালিশ আর একজনকে মূখ থেকেও আমার নয় । বেশ, আমি চললাম । তাকে পূর্বেও অনেকবার খুঁজে বার করেছি, এবারও বার করতে পারব, আপনি ঢেকে রাখতে পারবেন না ।

তাহার কথা শুনিয়া কমল হাসিয়া কহিল, তাঁকে ঢেকে যে রাখব হরেনাবাবু, রাখতে পারলে কি আমার দুঃখ ঘুচবে আপনি মনে করেন ?

হরেন নিজেও হাসিল, কিন্তু সে হাসির আশেপাশে অনেকখানি ফাঁক রহিল । কহিল, আমি ছাড়া এ প্রশ্নের জবাব দেবার লোক আগ্রায় অনেকে আছেন । তাঁরা কি বলবেন জানেন ? বলবেন, কমল, মানুষের দুঃখ ত একটাই নয়, বহু প্রকারের । তার প্রকৃতও আলাদা, ঘোচাবার পন্থাও বিভিন্ন । সুতরাং তাঁদের সঙ্গে যদি সাক্ষাৎ হয়, আলোচনার দ্বারা একটা মোকাবিলা করে নেবেন । এই বলিয়া সে একটুখানি থাকিয়া কহিল, কিন্তু আসলেই আপনার ভুল হচ্ছে । আমি সে দলের নই । অথবা উত্থাপন করতে আমি আসিনি, কারণ, সংসারে যত লোকে আপনাকে যথার্থ শ্রদ্ধা করে আমি তাদেরই একজন ।

কমল তাহার মুখের দিকে চাহিয়া থাকিয়া ধীরে ধীরে জিজ্ঞাসা করিল, আমাকে যথার্থ শ্রদ্ধা করেন আপনি কোন নীতিতে ? আমার মত বা আচরণ কোনটার সঙ্গেই ত আপনাদের মিল নেই ।

হরেন্দ্র উৎসাহে উত্তর দিল, না, নেই । কিন্তু তবুও গভীর শ্রদ্ধা করি । আর এই আশ্চর্য কথাটাই আমি নিজেকে বারংবার জিজ্ঞাসা করি ।

কোন উত্তর পান না ?

না । কিন্তু ভরসা হয় একদিন নিশ্চয় পাব । একটুখানি থাকিয়া কহিল, আপনার ইতিহাস কতক আপনার নিজের মূখ থেকেও শুনেনি, কতক অজিতবাবুর কাছে শুনেনি—ভালো কথা, জানেন বোধ হয় তিনি এখন আমাদের আশ্রমে গিয়ে আছেন ?

কমল ঘাড় নাড়িয়া বলিল, এ সংবাদ ত আগেই দিয়েছেন ।

হরেন বলিল, আপনার জীবন-ইতিহাসের বিচিত্র অধ্যায়গুলি এমন অকুণ্ঠ ঋজুতায়

সন্মুখে এসে দাঁড়াল যে তার বিরুদ্ধে সরাসরি রায় দিতে ভয় হয়। এতকাল যা-কিছু মন্দ বলে বিশ্বাস করতে শিখেছে, আপনার জীবনটা যেন তার প্রতিবাদে মামলা রুজু করেছে। এর বিচারক কোথায় মিলবে, কবে মিলবে, তার ফলই বা কি হবে কিছুই জানিনে, কিন্তু এমন করে যে নির্ভয়ে এলো, অবগুণ্ঠনের কোন প্রয়োজনই সে অনুভব করলে না, তাকে শ্রদ্ধা না করেই বা পারা যায় কি করে ?

কমল বলিল, নির্ভয়ে এসে দাঁড়ানোটাই কি একটা বড় কাজ নাকি ? দু-কানকাটার গল্প শোনেন নি ? তারা পথের মাঝখান দিয়ে চলে। আপনি দেখেন নি, কিন্তু আমি চা বাগানে সাহেবদের দেখেছি। তাদের নির্ভয়, নিঃসংকোচ বেহায়াপনা জগতের কোন লজ্জাকেই আমল দেয় না, যেন গলা খাঙ্কায় দূর করে তাড়ায়। তাদের দুঃ-সাহসের সীমা নেই ; কিন্তু সে কি মানুষের শ্রদ্ধার বস্তু ?

হরেন এরূপ প্রত্যুত্তর আর যাহার কাছেই হোক এই স্ত্রীলোকটির কাছে আশা করে নাই। ইঠাৎ কোন কথা খঁজিয়া না পাইয়া শূন্য কহিল সে আলাদা জিনিস।

কমল কহিল, কি করে জানলেন আলাদা ? বাইরে থেকে আমার বাবাকেও লোকে এদেরই একজন বলে ভাবত। অথচ, আমি জানি তা সত্য নয়। কিন্তু সত্যি ত কেবল আমার জানার পরেই নির্ভর করে না,—জগতের কাছে তার প্রমাণ কৈ ?

হরেন্দ্র এ প্রশ্নেরও জবাব দিতে না পারিয়া নিরুত্তর হইয়া রহিল।

কমল বলিতে লাগিল, আমার ইতিহাস আপনারা সবাই শুনেন, খুব সম্ভব সে কাহিনী পরমানন্দে উপভোগ করেছেন ! কাজগুলো আমার ভাল কি মন্দ, জীবনটা আমার পবিগ্র কি কলুষিত সে-বিষয়ে আপনি নির্বাক, কিন্তু সে যে গোপনে না হয়ে লোকের চোখের সন্মুখ সকলকে উপেক্ষা করেই ঘটে চলছে এই হয়েছে আমার প্রতি আপনার শ্রদ্ধা আকর্ষণ। হরেনবাবু, পৃথিবীতে মানুষের শ্রদ্ধা আমি এত বেশী পাইনি যে, অবহেলায় না বলে অপমান করতে পারি, কিন্তু আমার সম্বন্ধে যেমন অনেক জেনেছেন, তেমনি এটাও জেনে রাখুন যে, অক্ষয়বাবুদের অশ্রদ্ধার চেয়েও এ শ্রদ্ধা আমাকে পীড়া দেয়। সে আমার নয়, কিন্তু এর বোঝা দুঃসহ।

হরেন্দ্র পূর্বের মতই ক্ষণকাল মৌন হইয়া রহিল। কমলের বাক্য, বিশেষ করিয়া তাহার কণ্ঠস্বরের শান্ত-কঠোরতায় সে অন্তরের অপমান বোধ করিল। খানিক পরে জিজ্ঞাসা করিল, মত এবং আচরণের অনৈক্য সত্ত্বেও যে একজনকে শ্রদ্ধা করা যায়, অন্ততঃ, আমি পারি, এ আপনার বিশ্বাস হয় না ?

কমল অতিশয় সহজে তখনই জবাব দিল, বিশ্বাস হয় না এ ত আমি বলিনি হরেনবাবু ! আমি বলিচি, এ শ্রদ্ধা আমাকে পীড়া দেয়। এই বলিয়া একটুখানি থামিয়া কহিতে লাগিল, মত এবং নীতির দিক দিয়ে অক্ষয়বাবুদের সঙ্গে আপনারা বিশেষ কোন প্রভেদ নেই। তাঁর বহু স্থলে অনাবশ্যক ও অত্যাধিক রুঢ়তা না থাকলে আপনারা সকলেই এক, অশ্রদ্ধার দিক দিয়েও এক। শূন্য, আমি যে নিজের লজ্জায় সঙ্কোচে লুকিয়ে বেড়াই নে এই সাহসটুকুই আমার আপনাদের সমাদর লাভ করেছে।

এর কতটুকু দাম হরেনবাবু? বরঞ্চ, ভেবে দেখলে মনের মধ্যে বিত্বক্বাই আসে যে, এর জন্যেই আমাদের এতদিন বাহবা দিয়ে আসাছিলেন।

হরেন্দ্র বলিল, বাহবা যদি দিয়েই থাকি সে কি অসঙ্গত? সাহস জিনিসটা কি সংসারে কিছই নয়?

কমল কহিল, আপনারা সকল প্রস্নকেই এমন একান্ত করে জিজ্ঞাসা করেন কেন? কিছই নয় এ কথা ত বলিনি। আমি বলছিলাম, এ-বস্তু সংসারে দুর্লভ এবং দুর্লভ বলেই চোখে ধাঁধা লাগিয়ে দেয়। কিন্তু এর চেয়েও বড় বস্তু আছে। বাইরে থেকে হঠাৎ তাকে সাহসের অভাব বলেই দেখতে লাগে।

হরেন্দ্র মাথা নাড়িয়া কহিল, বদ্বতে পারলাম না। আপনার অনেক কথাই অনেক সময়ে হেঁয়ালির মত ঠেকে, কিন্তু আজকের কথাগুলো যেন তাদেরও ডিঙ্গিয়ে গেল। মনে হচ্ছে যেন আজ আপনি অত্যন্ত বিমনা। কার জবাব কাকে দিয়ে যাচ্ছেন খেয়াল নেই।

কমল কহিল, তাই বটে। ক্ষণকাল স্থির থাকিয়া কহিল, হবেও বা। সত্যকার শ্রদ্ধা পাওয়া যে কি জিনিস সে হয়ত এতকাল নিজেও জানতাম না। সেদিন হঠাৎ যেন চমকে গেলাম। হরেনবাবু, আপনি বন্ধু করবেন না, কিন্তু তার সঙ্গে তুলনা করলে আর সমস্তই আজ পরিহাস বলে মনে লাগে। বলিতে বলিতে তাহার চোখের প্রখর দৃষ্টি ছায়াছন্ন হইয়া আসিল, এবং সমস্ত মুখের পরে এমনই একটা স্নিগ্ধ সজলতা ভাসিয়া আসিল যে, কমলের সে মূর্তি হরেন্দ্র কোনদিন দেখে নাই। আর তাহার সংশয়মাত্র রহিল না যে, অনুদ্বন্দ্বিত আর কাহাকে উদ্দেশ্য করিয়া কমল এই-সকল বলিতেছে। সে শুধু উপলক্ষ্য, এবং এইজন্যই আগাগোড়া সমস্তই তাহার হেঁয়ালির মত ঠৌকতেছে।

কমল বলিতে লাগিল, আপনি এইমাত্র আমার দুর্দম নিভীকতার প্রশংসা করছিলেন—ভাল কথা, শুনেছেন, শিবনাথ আমাকে ছেড়ে দিয়ে চলে গেছেন?

হরেন্দ্র লজ্জায় মাথা হেঁট করিয়া জবাব দিল হাঁ।

কমল কহিল, আমাদের মনে মনে একটা শর্ত ছিল, ছাড়বার দিন যদি কখনো আসে যেন আমরা সহজেই ছেড়ে যেতে পারি। নানা, চুক্তিপত্র লেখাপড়া করে নয়, এমনিই।

হরেন্দ্র কহিল, ব্রুট।

কমল কহিল, সে ত আপনার বন্ধু অক্ষয়বাবু। শিবনাথ গুণী মানুষ, তাঁর বিরুদ্ধে আমার কিন্তু নিজের খুব বেশী নালিশ নেই। নালিশ করেই বা লাভ কি? স্বদেশের আদালতে একতরফা বিচারই একমাত্র বিচার, তার তো আর আপীল-কোর্ট মেলে না।

হরেন্দ্র জিজ্ঞাসা করিল, তার মানে ভালোবাসার আত্মরিক্ত আর কোন বাঁধনই আপনি স্বীকার করেন না?

কমল কহিল, একে ত আমাদের ব্যাপারে আর কোন বাঁধন ছিল না, আর থাকলেই

বা তাকে স্বীকার করিয়ে ফল কি? দেহের বে অঙ্গ পক্ষাঘাতে অবশ হয়ে যায় তার বাইরের বাঁধনই মস্ত বোঝা। তাকে দিয়ে কাজ করাতে গেলে সবচেয়ে বেশী বাজে। এই বলিয়া একমুহূর্ত নীরব থাকিয়া পুনরায় কহিতে লাগিল, আপনি ভাবচেন সত্যিকার বিবাহ হয়নি বলেই এমন কথা মুখে আনতে পারিচি, হলে পারতাম না। হলেও পারতাম, শব্দ এত সহজে এ সমস্যার সমাধান পেতাম না। বিবশ অঙ্গটা হয়ত এ দেহে সংলগ্ন হয়েই থাকত এবং অধিকাংশ রমণীর যেমন ঘটে, আমরা তার দুঃখের বোঝা বয়েই এ জীবন কাটত। আমি বেঁচে গেছি হরেনবাবু, দৈবাৎ নিষ্কৃতির দোর খোলা ছিল বলে আমি মুক্তি পেয়েছি।

হরেন্দ্র কহিল, আপনি হয়ত মুক্তি পেয়েছেন, কিন্তু এমনিধারা মুক্তির দ্বার যদি সবাই খোলা রাখতে চাইত, জগতে সমাজ-ব্যবস্থার বোনেন্দ পর্যন্ত উপড়ে ফেলতে হত। তার ভয়ঙ্কর মূর্তি কল্পনায় আঁকতে পারে এমন কেউ নেই। এ সম্ভাবনা ভাবাও যায় না।

কমল বলিল, যায় এবং যাবেও একদিন। তার কারণ মানুষের ইতিহাসের শেষ অধ্যায় লেখা শেষ হয়ে যারনি। একদিনের একটা অনুষ্ঠানের জোরে তার অব্যাহতির পথ যদি সারা জীবনের মত অবরুদ্ধ হয়ে আসে, তাকে শ্রেয়ের ব্যবস্থা বলে মেনে নেওয়া চলে না। পৃথিবীতে সকল ভুলচুকের সংশোধনের বিধি আছে, কেউ তাকে মন্দ বলে না, কিন্তু যেখানে দ্রাস্তির সম্ভাবনা সবচেয়ে বেশী, আর তার নিরাকরণের প্রয়োজনও তেমনই অধিক, সেইখানেই লোকে সমস্ত উপায় যদি শ্বেচ্ছায় বন্ধ করে থাকে, তাকে ভাল বলে মানি কি করে বলুন?

এই মেয়েটির নানাবিধ হৃদ'শায় হরেন্দ্রর মনের মধ্যে গভীর সমবেদনা ছিল; বিরুদ্ধ-আলোচনায় সহজে যোগ দিত না এবং বিপক্ষ দল যখন নানাবিধ সাক্ষ্যপ্রমাণের বলে তাহাকে হীন প্রতিপন্ন করিবার চেষ্টা করিত, সে প্রতিবাদ করিত। তাহারা কমলের প্রকাশ্য আচরণ ও তেমনি নিলম্বর্জ উক্তিগুলোর নজির দেখাইয়া যখন কিল্লার দিতে থাকিত, হরেন তর্ক-যুদ্ধে হারিয়াও প্রাণপণে ব'ঝাইবার চেষ্টা করিত যে কমলের জীবনে কিছুতেই ইহা সত্য নয়। কোথায় একটা নিগঢ় রহস্য আছে, একদিন তাহা ব্যক্ত হইবেই হইবে। তাহারা বিদ্রুপ করিয়া কহিত, দয়া করে সেইটে তিনি ব্যক্ত করলে প্রবাসী বাঙালী-সমাজে আমরা যে বাঁচি। অক্ষয় উপস্থিত থাকিলে ক্রোধে ক্ষিপ্ত হইয়া বলিত, আপনারা সবাই সমান। আমার মত আপনাদের কারও বিশ্বাসের জোর নেই। আপনারা নিতেও পারেন না ফেলতেও চান না। আধুনিক কালের কতকগুলো বিলিতি চোখা-চোখা ব'লি যেন আপনাদের ভূতগ্রস্ত করে রেখেছে।

অবিনাশ বলিতেন, ব'লিগুলো কমলের কাছ থেকে নতুন শোনা গেল তা নয় হে অক্ষয়, প'র্বে থেকেই শোনা আছে। আজকালের খান-দুই-তিন ইংরেজি তর্জ'মার বই পড়লেই জানা যায়। ব'লির জৌলুস নয়।

অক্ষয় কঠিন হইয়া প্রশ্ন করিত, তবে কিসের জৌলুস? কমলের রূপের? অবিনাশবাবু, হরেন অববাহিত, ছোকরা—ওকে মাপ করা যায়, কিন্তু ব'ড়োবয়সে

আপনাদের চোখেও যে ঘোর লাগিয়েছে এই আশ্চর্য! এই বলিয়া সে কটাক্ষে আশ্দুবাবুর প্রতিও একবার চাহিয়া লইয়া বলিত, কিন্তু এ আলোয় আলো অবিনাশ-বাবু, পচা পাকের মধ্যে এর জন্ম। পাকের মধ্যেই একদিন অনেককে টেনে নামাবে তা স্পষ্ট দেখতে পাই। শব্দ অক্ষয়কে এ-সব ভোলাতে পারে না—সে আসল-নকল চেনে।

আশ্দুবাবু মূখ টিপিয়া হাসিতেন, কিন্তু অবিনাশ ক্রোধে জ্বলিয়া যাইতেন। হরেন্দ্র বলিত, আপনি মস্ত বাহাদুর অক্ষয়বাবু, আপনার জয়-জয়কার হোক। আমরা সবাই মিলে পাকের মধ্যে পড়ে যেদিন হাবুডুবু খাব, আপনি সোদন তাঁরে দাঁড়িয়ে বগল বাজিয়ে নৃত্য করবেন, আমরা কেউ নিন্দে করব না।

অক্ষয় জবাব দিত, নিন্দের কাজ আমি করিনে হরেন। গৃহস্থ মানুষ, সহজ সোজা বুদ্ধিতে সমাজকে মেনে চলে। বিবাহের নতুন ব্যাখ্যা দিতেও চাইনে, বিশ্ব-বধাটে একপাল ছেলে জুটিয়ে ব্রহ্মচারী-গাঁর করেও বেড়াইনে। আশ্রমে পায়ে খুলোর পরিমাণটা আর একটু বাড়িয়ে নেবার ব্যবস্থা কর গে ভায়া, সাধন-ভজনের জন্যে ভাবতে হবে না। দেখতে দেখতে সমস্ত আশ্রম বিশ্বামিত্র ঋষির তপোবন হয়ে উঠবে। এবং হরত চিরকালের মত তোমার একটা কীর্তি থেকে যাবে।

অবিনাশ ক্রোধে জ্বলিয়া উচ্চহাস্য করিয়া উঠিতেন এবং নির্মল চাপা-হাসিতে আশ্দুবাবুর মূখখানিও উজ্জ্বল হইয়া উঠিত। হরেন্দ্রর আশ্রমের প্রতি কাহারও আস্থা ছিল না, ও একটা ব্যক্তিগত খেলার বলিয়াই তাঁহারা খরিয়া লইয়াছিলেন।

প্রত্যুত্তরে হরেন্দ্র ক্রোধে আরক্ত হইয়া কহিত, জানোয়ারের সঙ্গে ত যুক্তি-তর্ক চলে না, তার অন্য বিধ আছে। কিন্তু, সে ব্যবস্থা হয়ে ওঠে না বলেই আপনি যাকে তাকে গর্দিত্তে বেড়ান। ইতর-ভদ্র মহিলা-পুরুষ কিছই বাদ যায় না। এই বলিয়া সে অপর দু'জনকে লক্ষ্য করিয়া কহিত, কিন্তু আপনারা প্রশ্ন দেন কি বলে? এতবড় একটা কুৎসং ইঙ্গিতও যেন ভারী এক পরিহাসের ব্যাপার!

অবিনাশ অপ্রতিভ হইয়া কহিতেন, না না, প্রশ্ন দেব কেন, কিন্তু জানই ত অক্ষয়ের কাণ্ডজ্ঞান নেই।

হরেন্দ্র কহিত, কাণ্ডজ্ঞান ওর চেয়ে আপনাদের আরও কম। মানুষের মনের চেহারা ত দেখতে পাওয়া যায় না সেজদা, নইলে হাসি তামাশা কম লোকের মুখেই শোভা পেত। বিবাহের ছলনায় কমলকে শিবনাথ ঠকিয়েছেন, কিন্তু আমার নিশ্চয় বিশ্বাস সেই ঠকাটাই কমল সত্যের মতই মনে নিয়োছিলেন, সংসারের দেনা-পাওনার লাভ-ক্ষতির বিবাদ বাগিয়ে তাঁকে লোকচক্ষে ছোট করতে চাননি। কিন্তু তিনি না চাইলেই বা আপনারা ছাড়বেন কেন? শিবনাথ তাঁর ভালবাসার ধন, কিন্তু আপনাদের সে কে? ক্ষমার অপব্যবহার আপনাদের সহই না। এই ত আপনাদের ঘৃণার মূলধন? একে ভাঙ্গিয়ে যতকাল চালানো যায় চালান, আমি বিদায় নিলাম। এই বলিয়া হরেন্দ্র সোদন রাগ করিয়া চলিয়া গিয়াছিল। তাহার মনের মধ্যে প্রত্যয় সদ্যে

ছিল যে, কমলের মন্থ দিয়ারাই একদিন এ কথা ব্যক্ত হইবে, যে শৈব-বিবাহকে সত্যাকার বিবাহ জানিয়াই সে প্রতারণা হইয়াছে, স্বেচ্ছায়, সমস্ত জানিয়া গণিকার মত শিবনাথকে আশ্রয় করে নাই। কিন্তু আজ তাহার বিশ্বাসের ভিত্তিটাই ধূলিসাৎ হইল। হরেন্দ্র, অক্ষয় বা অবিনাশ নহে, নর-নারী-নির্বিশেষে সকলের পরেই তাহার একটা বিস্তৃত ও গভীর উদারতা ছিল,—এই জন্যই দেশের ও দেশের কল্যাণে সর্ব-প্রকার মঙ্গল অনুষ্ঠানেই সে ছেলেবেলা হইতে নিজেকে নিযুক্ত রাখিত। এই যে তাহার ব্রহ্মচর্য আশ্রম, এই যে তাহার অকুপণ দান, এই যে সকলের সাথে তাহার সব-কিছুর ভাগ করিয়া লওয়া, এ-সকলের মূলেই ছিল ঐ একটিমাত্র কথা। তাহার এই প্রবৃত্তিই তাহাকে গোড়া হইতে কমলের প্রতি শ্রদ্ধান্বিত করিয়াছিল। কিন্তু সে যে আজ তাহারই মন্থের পরে, তাহারই প্রহের উত্তরে এমন ভয়ানক জবাব দিবে তাহা ভাবে নাই। ভারতের ধর্ম নীতি, আচার, ইহার স্বতন্ত্র ও বিশিষ্ট সভ্যতার প্রতি হরেনের অচ্ছেদ্য স্নেহ ও অপরিমেয় ভক্তি ছিল। অথচ, সূদীর্ঘ অধীনতা ও ব্যক্তিগত চারিত্রিক দুর্বলতার ইহার ব্যতিক্রমগুলাকেও সে অস্বীকার করিত না; কিন্তু এমন স্পর্ধিত অবজ্ঞায় ইহার মূলসূত্রকেই অস্বীকার করায় তাহার বেদনার পীমা রহিল না। এবং কমলের পিতা ইউরোপীয়, মাতা কুলটা,—তাহার শিরার রক্তে ব্যাভিচার প্রবহমান, এ কথা স্মরণ করিয়া তাহার বিতৃষ্ণায় মন কালো হইয়া উঠিল। মিনিট দুই-তিন নিঃশব্দে থাকিয়া ধীরে ধীরে কহিল এখন তা হলে যাই—

কমল হরেন্দ্রের মনের ভাবটা ঠিক অনুমান করিতে পারিল না, শুধু একটা সুস্পষ্ট পরিবর্তন লক্ষ্য করিল। আস্তে আস্তে জিজ্ঞাসা করিল, কিন্তু যেজন্যে এসেছিলেন তার ত কিছুর করলেন না।

হরেন্দ্র মন্থ তুলিয়া কহিল, কি সে ?

কমল বলিল, রাজেনের খবর জানতে এসেছিলেন, কিন্তু না জেনেই চলে যাচ্ছেন। আচ্ছা, এখানে তার থাকা নিয়ে আপনাদের মধ্যে কি খুব বিশ্রী আলোচনা হয় ? সত্যি বলবেন ?

হরেন্দ্র বলিল, যদিও হয় আমি কখনও যোগ দিইনে। সে পুর্লিঙ্গের জিম্মায় না থাকলেই আমার যথেষ্ট। তাকে আমি চিনি।

কিন্তু আমাকে ?

কিন্তু আপনি ত সে-সব কিছুর মানে না।

অনেকটা তাই বটে। অর্থাৎ মানতেই হবে এমন কোন কঠিন শপথ নেই আমার। কিন্তু বন্ধুকে শুধু জানলে হয় না হরেনবাবু, আর একজনকেও জানা দরকার।

বাহুল্য মনে করি। বহুদিনের বহু কাজে-কর্মে যাকে নিঃসংশয়ে চিনেছি বলেই জানি, তার সম্বন্ধে আমার আশঙ্কা নেই। তার যেখানে অভিরূচি সে থাক, আমি নিশ্চিত।

কমল তাহার মন্থের প্রতি ক্ষণকাল চুপ করিয়া চাহিয়া থাকিয়া কহিল, মানদ্রুকে অনেক পরীক্ষা দিতে হয় হরেনবাবু। তার একটা দিনের আগের প্রপ্ন হয়ত অন্য

দিনের উত্তরের সঙ্গে মেলে না। কারও সম্বন্ধেই বিচার অমন শেষ করে রাখতে নেই, ঠকতে হয়।

কথাগুলো যে শূদ্ধ তত্ত্ব হিসাবেই কমল বলে নাই, কি-একটা ইঙ্গিত করিগ্লাছে হরেন তাহা অনুমান করিল। কিন্তু জিজ্ঞাসাবাদের দ্বারা ইহাকে স্পষ্টতর করিতেও তাহার ভরসা হইল না। রাজেন্দ্রর প্রসঙ্গটা বন্ধ করিয়া হঠাৎ অন্য কথার অবতারণা করিল। কহিল, আমরা স্থির করৈছি শিবনাথকে যথোচিত শাস্তি দেব।

কমল সত্যই বিস্মিত হইল। জিজ্ঞাসা করিল, আমরা কারা ?

হরেন্দ্র বলিল, যারাই হোক, তার আমি একজন। আশুবাবু পীড়িত, ভাল হয়ে তিনি আমাকে সাহায্য করবেন প্রতিশ্রুতি দিয়েছেন।

তিনি পীড়িত ?

হাঁ, সাত-আট দিন অসুস্থ। এর পূর্বেই মনোরমা চলে গেছেন। আশুবাবুর খুড়ো কাশীবাসী, তিনি এসে নিয়ে গেছেন।

শূন্যিয়া কমল চূপ করিয়া রহিল।

হরেন্দ্র বলিতে লাগিল, শিবনাথ জানে আইনের দড়ি তার নাগাল পাবে না, এই জোরে সে তার মৃত-বন্ধুর পত্নীকে বশিত করেছে, নিজের রুদ্রা স্ত্রীকে পরিত্যাগ করেছে এবং নিভয়ে আপনার সর্বনাশ করেছে। আইন সে খুবই জানে, শূদ্ধ জানে না যে দুর্নিয়াই এই-ই সব নয়, এর বাইরেও কিছু বিদ্যমান আছে। কমল সহাস্য কৌতুকে প্রশ্ন করিল। কিন্তু শাস্তিটা তাঁর কি স্থির করেছেন ? ধরে এনে আর একবার আমার সঙ্গে জুড়ে দেবেন ? এই বলিয়া সে একটু হাসিল।

প্রসঙ্গটা হরেন্দ্রের কাছেও হঠাৎ এমনি হাস্যকর ঠেকিল যে সেও না হাসিয়া পারিল না। কহিল, কিন্তু দায়িত্বটা যে এইভাবে নিজের খেয়াল-মত নির্বিশ্নে এড়িয়ে যাবে সেও ত হতে পারে না ? আর আপনার সঙ্গে জুড়েই যে দিতে হবে তারও ত মানে নেই ?

কমল কহিল, তা হলে হবে কি এনে ? আমাকে পাহারা দেবার কাজে লাগাবেন, না, ঘাড়ে ধরে খেসারত আদায় করে আমাকে পাইয়ে দেবেন ? প্রথমতঃ টাকা আমি নেবো না। দ্বিতীয়তঃ সে বস্তু তাঁর নেই। শিবনাথ যে কত গরীব সে আর কেউ না জানে আমি ত জানি।

তবে কি এতবড় অপরাধের কোন দণ্ডই হবে না ? আর কিছু না হোক বাজারে যে আজও চাবুক কিনতে পাওয়া যায় এ খবরটা তাঁকে ত জানান দরকার।

কমল ব্যাকুল হইয়া বলিল, না না, সে করবেন না। ওতে আমার এতবড় অপমান যে সে আমি সহিতে পারব না। কহিল, এতদিন এই রাগেই শূদ্ধ জ্বলে মরাছিলাম যে, এমন চোরের মত পালিয়ে বেড়াবার কি প্রয়োজন ছিল ? স্পষ্ট করে জানিয়ে গেলে কি বাধা দিতাম ? তখন এই লুকোচুরির অসম্মানটাই যেন পর্বতপ্রমাণ হয়ে দেখা দিত। তার পরে হঠাৎ একদিন মৃত্যুর পত্নী থেকে আহ্বান এল। সেখানে কত মরণই চোখে দেখলাম তার সংখ্যা নেই। আজ ভাবনার দ্বারা আমার আর একপথ

দিনে নেমে এসেছে। এখন ভাবি, তাঁর বলে যাবার সাহস যে ছিল না সেই ত আমার সম্মান। লুকোচুরি, ছলনা, তাঁর সমস্ত মিথ্যাচার আমাকেই যেন মর্ষাদা দিয়ে গেছে। পাবার দিনে আমাকে ফাঁকি দিয়েই পেরোছিলেন, কিন্তু যাবার দিনে আমাকে সুদে-আসলে পরিশোধ করে যেতে হয়েছে। আর আমার নালিশ নেই, আমার সমস্ত আদায় হয়েছে। আশুদ্বাবকে নমস্কার জানিয়ে বলবেন, আমার ভাল করার বাসনায় আর আমার যের ক্ষতি না করেন।

হরেন্দ্র একটা কথাও বদ্বিকল না, অবাক হইয়া চাহিয়া রহিল।

কমল কহিল, সংসারের সব জিনিস সকলের বোঝবার নয়, হরেন্দ্রবাবু। আপনি ক্ষম হবেন না। কিন্তু আমার কথা আর না। দর্শনায়ার কেবল শিবনাথ আর কমল আছে তাই নয়। আরও পাঁচজন বাস করে, তাদেরও সুখ-দুঃখ আছে। এই বলিয়া সে নির্মল ও প্রশান্ত হাসি দিয়া যেন দুঃখ ও বেদনার ঘন বাষ্প এক মনুহুর্তে দূর করিয়া দিল। কহিল, কে কেমন আছে খবর দিন।

হরেন্দ্র কহিল, জিজ্ঞাসা করুন।

বেশ। আগে বলুন অবিনাশবাবুর কথা। তিনি অসুস্থ শুনোঁছিলেন, ভাল হয়েছেন ?

হাঁ। সম্পূর্ণ না হলেও অনেকটা ভাল। তাঁর এক জাটতুতো দাদা থাকেন লাহোরে, আরোগ্যলাভের জন্য ছেলেকে নিয়ে সেইখানে চলে গেছেন। ফিরতে বোধ করি দু-এক মাস দেরি হবে।

আর নীলিমা ? তিনিও কি সঙ্গে গেছেন ?

না, তিনি এখানেই আছেন।

কমল আশ্চর্য হইয়া প্রশ্ন করিল, এখানে ? একলা ঐ খালি বাসায় ?

হরেন্দ্র প্রথমে একটু ইতস্ততঃ করিল, পরে কহিল, বৌদির সমস্যাটা সত্যিই একটু কঠিন হয়ে উঠেছিল, কিন্তু ভগবান রক্ষে করেছেন, আশুদ্বাবুর শত্রুতার জন্যে এখানে তাঁকে রেখে যাবার সুযোগ হয়েছে।

এই খবরটা এমনি খাপছাড়া যে কমল আর প্রশ্ন করিল না, শুধু বিস্তারিত বিবরণের আশায় জিজ্ঞাসা-মুখে চাহিয়া রহিল। হরেন্দ্রের দ্বিধা কাটিয়া গেল এবং বলিতে গিয়া কণ্ঠস্বরে গঢ় ক্রোধের চিহ্ন প্রকাশ পাইল। কারণ, এই ব্যাপারে অবিনাশের সহিত তাহার সামান্য একটু কলহের মতও হইয়াছিল। হরেন্দ্র কহিল, বিদেশে নিজের বাসায় যা ইচ্ছে করা যায়, কিন্তু তাই বলে বয়স্কা বিধবা শালী নিয়ে ত জাটতুতো ভায়ের বাড়ি গুঁটা যায় না। বললেন, হরেন, তুমিও ত আত্মীয়, তোমার বাসাতে কি,—আমি জবাব দিলাম, প্রথমতঃ, আমি তোমারই আত্মীয়, তাও অত্যন্ত দূরের,—কিন্তু তাঁর কেউ নয়। দ্বিতীয়তঃ, গুঁটা আমার বাসা নয়, আমাদের আশ্রম ; ওখানে রাখবার বিধি নেই। তৃতীয়তঃ, সম্প্রতি ছেলেরা অন্যত্র গেছে, আমি একাকী আছি। শুনে সেজদার ভাবনার অবধি রইল না। আগ্রাতেও থাকা যায় না, লোক মরছে

চারিদিকে, দ্বার বাড় থেকে চিঠি এবং টেলিগ্রাফে ঘন ঘন তাগিদ আসচে—সেজদার সে কি বিপদ !

কমল জিজ্ঞাসা করিল, কিন্তু নীলিমার বাপের বাড়ি ত আছে শুনোচি ?

হরেন্দ্র মাথা নাড়িয়া বলিল, আছে। একটা বড় রকম শব্দরবাড়িও আছে শুনোচি, কিন্তু সে সকলের কোন উল্লেখই হল না। হঠাৎ একদিন অশুভ সমাধান হয়ে গেল। প্রস্তাব কোন পক্ষ থেকে উঠেছিল জানিনে, কিন্তু, পীড়িত আশুবাবুর সেবার ভার নিলেন বৌদি।

কমল চুপ করিয়া রহিল।

হরেন্দ্র হাসিয়া বলিল, তবে আশা আছে বৌদির চাকরিটা যাবে না। তাঁরা ফিরে এলেই আবার গৃহীণীপনার সাবেক কাজে লেগে যেতে পারবেন।

কমল এই শ্লেষেরও কোন উত্তর দিল না, তেমনই মৌন হইয়া রহিল।

হরেন্দ্র বলিতে লাগিল, আমি জানি, বৌদি সত্যিই সংচরিত্রের মেয়ে। সেজদার দারুণ দুর্দিনে ছেড়ে যেতে পারেন নি, এই থাকার জন্যই হয়ত ওঁদিবের সকল পথ বন্ধ হয়েছে। অথচ এঁদিকেরও দেখলাম বিপদের দিনে পথ খোলা নেই। তাই ভাবি, বিনা দোষেও এ দেশের মেয়েরা কত বড় নিরুপায়।

কমল ভেমনি নিঃশব্দে বসিয়া রহিল, কিছই বলিল না।

হরেন্দ্র কহিল, এই-সব শুন্যে আপনি হয়ত মনে মনে হাসছেন, না ?

কমল শব্দ মাথা নাড়িয়া জানাইল, না।

হরেন্দ্র বলিল, আমি প্রায়ই যাই আশুবাবুকে দেখতে। গুঁরা দুজনেই আপনার খবর জানতে চাইছিলেন। বৌদির ত আগ্রহের সীমা নেই—একদিন যাবেন ওখানে ?

কমল তৎক্ষণাৎ সম্মত হইয়া কহিল, আজই চলুন না হরেনবাবু, তাঁদের দেখে আসি।

আজই যাবেন ? চলুন। আমি একটা গাড়ি নিয়ে আসি। অবশ্য যদি পাই। এই বলিয়া সে ঘর হইতে বাহির হইয়া যাইতেছিল, কমল তাহাকে ফিরিয়া ডাকিয়া বলিল, গাড়িতে দুজনে একসঙ্গে গেলে আগ্রহের বন্ধুরা হয়ত রাগ করবেন। হেঁটেই যাই চলুন।

হরেন্দ্র ফিরিয়া দাঁড়াইয়া কহিল, এর মানে ?

মানে নেই,—এমনি। চলুন যাই।

॥ উনিশ ॥

হরেন্দ্র ও কমল আশুদ্বাবদুর গৃহে আসিয়া যখন উপস্থিত হইল তখন বেলা অপরাহ্ন প্রায়। শয্যার উপরে অর্ধশায়িতভাবে বসিয়া অসুস্থ গৃহস্বামী সেদিনের পাইলোনিয়ার কাগজখানা দেখিতেছিলেন। দিনকয়েক হইতে আর ক্ষর ছিল না, অন্যান্য উপসর্গও সারিয়া আসিতেছিল, শব্দ শরীরের দুর্বলতা যায় নাই। ইহারা ঘরে প্রবেশ করিতে আশুদ্বাবদু কাগজ ফেলিয়া উঠিয়া বসিলেন, কি যে খুশী হইলেন সে তাহার মুখ দেখিয়া বুঝা গেল। তাহার মনের মধ্যে ভয় ছিল কমল হয়ত আর আসিবে না। তাই হাত বাড়াইয়া তাহাকে গ্রহণ করিয়া কহিলেন, এস আমার কাছে এসে বস। এই বলিয়া তাহাকে খাটের কাছেই যে চৌকিটা ছিল তাহাতে বসাইয়া দিলেন, বলিলেন, কেমন আছ বল ত কমল ?

কমল হাসি মুখে জবাব দিল, ভালই ত আছি।

আশুদ্বাবদু কহিলেন, সে কেবল ভগবানের আশীর্বাদ। নইলে যে দুর্দিন পড়েচে তাতে কেউ যে ভাল আছে তা ভাবতেই পারা যায় না। এতদিন কোথায়ে ছিলে বল ত ? হরেন্দ্রকে রোজই জিজ্ঞাসা করি, সে রোজই এসে একই উত্তর দেয়, বাসায় তালাবন্ধ, তাঁর সন্ধান পাইনে। নীলিমা সন্দেহ করছিলেন হয়ত বা তুমি দিন কয়েকের তরে কোথাও চলে গেছ।

হরেন্দ্রই ইহার জবাব দিল, কহিল, আর কোথাও না,— এই আগ্রাতেই মূঢ়ীদের পাড়ায় সেবার কার্যে নিযুক্ত ছিলেন। আজ দেখতে পেয়ে ঘরে এনেছি।

আশুদ্বাবদু ভয়ব্যাকুলকণ্ঠে কহিলেন, মূঢ়ীদের পাড়ায় ? কিন্তু কাগজে লিখচে যে পাড়াটা উজোড় হয়ে গেল। এতদিন তাদের মধ্যেই ছিলে ? একা ?

কমল ঘাড় নাড়িয়া বলিল, না, একলা নয়, সঙ্গে রাজেন্দ্র ছিলেন।

শুনিয়া হরেন্দ্র তাহার মুখের প্রতি চাহিল, কিছু বলিল না। তাহার তাৎপর্য এই যে, তুমি না বলিলেও আমি অনুমান করিয়াছিলাম। যেথায় দৈবের এতবড় নিগ্রহ শব্দ হইয়াছে সে দুর্ভাগাদের ত্যাগ করিয়া সে যে কোথাও এক পা নিড়িবে না এ আমি জানিব না ত জানিবে কে ?

আশুদ্বাবদু কহিলেন, অদ্ভুত মানুষ এই ছেলোট। ওকে দুর্দিনদিনের বেশী দেখিনি, কিছই জানিনে, তবু মনে হয় কি যেন এক সৃষ্টছাড়া ধাতুতে ও তৈরী। তাকে নিয়ে এলে না কেন, ব্যাপারগুলো জিজ্ঞাসা করতাম। খবরের কাগজ থেকে ত সব বোঝা যায় না !

কমল বলিল, না। কিন্তু তাঁর ফিরতে এখনও দেরি আছে।

কেন ?

পাড়াটা এখনো নিঃশেষ হয়নি। যারা অবশিষ্ট আছে তাদের রওনা করে দিয়ে তিনি ছদ্মটি নেবেন না, এই তাঁর পণ।

আশুদ্বাব্দ তাহার মৃত্যুর দিকে চাহিয়া প্রপন্ন করিলেন, তা হলে তোমারই বা কি করে ছদ্মটি হলো? আবার কি সেখানে ফিরতে হবে? নিবেদন করতে পারিনে, কিন্তু সে যে বড় ভাবনার কথা কমল!

কমল মাথা নাড়িয়া বলিল, ভাবনার জন্যে নয় আশুদ্বাব্দ, ভাবনা আর কোথায় নেই? কিন্তু আমার ঘাড়েরে যেটুকু দম ছিল সমস্ত শেষ করে দিলেই এসেছি। সেখানে ফিরে যাবার সাধ্য আমার নেই। শূদ্র রয়ে গেলেন রাজেন্দ্র। এক-একজনের দেহ-যন্ত্রে প্রকৃতি এমনি অফুরন্ত দম দিয়ে পৃথিবীতে পাঠিয়ে দেয় যে, সে না হয় কখনো শেষ, না যায় কখনো বিগড়ে। এই লোকটি তাদেরই একজন। প্রথম প্রথম মনে হতো এই ভয়ানক পল্লীর মাঝখানে এ বাঁচবে কি করে? ক'দিনই বা বাঁচবে? সেখান থেকে একলা যখন চলে এলাম কিছুতেই যেন আর ভাবনা ঘোচে না, কিন্তু আর আমার ভয় নেই। কেমন করে যেন নিশ্চয় বুদ্ধিতে পেরেছি প্রকৃতি আপনার গরজেই এদের বাঁচিয়ে রাখে। নইলে দুঃখীর কুটীরে বন্যার মত যখন মৃত্যু ঢোকে তখন তার ধুংসলীলার সাক্ষী থাকবে কে? আজই হরেন্দ্রাবাদের কাছে আমি এই গল্পই করছিলাম। শিবনাথবাবুর ঘর থেকে রাত্রিশেষে যখন লক্ষ্যায় মাথা হেঁট করে বেরিয়ে এলাম—

আশুদ্বাব্দ এ বৃত্তান্ত শুনিয়েছিলেন, বলিলেন, এতে তোমার লজ্জার কি আছে কমল? শূদ্রের তাকে সেবা করার জন্যেই তুমি অযাচিত তাঁর বাসায় গিয়ে উপস্থিত হয়েছিলে—

কমল কহিল, লজ্জা সেজন্যে নয় আশুদ্বাব্দ। যখন দেখতে পেলাম তাঁর কোন অসুখই নেই—সমস্তই ভান, কোন একটা ছলনায় আপনাদের দয়া পাওয়াই ছিল তাঁর উদ্দেশ্য, কিন্তু তাও সফল হতে পারিনি, আপনি বাড়ি থেকে বার করে দিয়েছেন—তখন কি যে আমার হলো সে আপনাকে বোঝাতে পারব না। যে সঙ্গে ছিল তাকেও এ কথা জানাতে পারিনি,—শূদ্র কোনমতে রাত্রির অন্ধকারে সেদিন নিঃশব্দে বেরিয়ে এলাম। পথের মধ্যে বার বার করে কেবল এই একটা কথাই মনে হতে লাগল, এই অতি ক্ষুদ্র কাঙাল লোকটাকে রাগ করে শাস্তি দিতে যাওয়ার না আছে ধর্ম, না আছে সম্মান।

আশুদ্বাব্দ বিস্ময়াপন্ন হইয়া কহিলেন, বল কি কমল, শিবনাথের অসুখটা কি শূদ্র ছলনা? সত্য নয়?

কিন্তু জবাব দিবার পূর্বেই ঘরের কাছে পদশব্দ শুনিয়া সবাই চাহিয়া দেখিল নীলমা প্রবেশ করিয়াছে। তাহার হাতে দুধের বাটি। কমল হাত তুলিয়া নমস্কার করিল। সে পাঠটা শয্যার শিয়রে তেপায়ার উপরে রাখিয়া দিয়া প্রতিভনমস্কার করিল এবং অপরের কথার মাঝখানে বাধা দিয়াছে মনে করিয়া নিজে কোন কথা না কহিয়া অদূরে নীরবে উপবেশন করিল।

আশুদ্বাব্দ বলিলেন, কিন্তু এ যে দুর্বলতা কমল ! এ জর্জিনস ত তোমার স্বভাবের সঙ্গে মেলে না । আমি বরাবর ভাবতাম, যা অন্যায়, যা মিথ্যাচার, তাকে তর্ক মাপ কর না ।

হরেন্দ্র কাহিল, গুঁর স্বভাবের খবর জানিনে, কিন্তু মদুচীদের পাড়ায় মরণ দেখে গুঁর ধারণা বদলেছে, এ সংবাদ গুঁর কাছেই পেলাম । আগে মনের মধ্যে যে ইচ্ছাই থাক, এখন কারও বিরুদ্ধেই নালিশ করতে উঁনি নারাজ ।

আশুদ্বাব্দ বলিলেন, কিন্তু সে যে তোমার প্রতি এতখানি অত্যাচার করলে তার কি ?

কমল মদুখ তর্কিলতেই দৌখল নীলিমা একদৃষ্টে চাঁহিয়া আছে । জবাবটা শূন্যনিবার জন্য সে-ই যেন সবচেয়ে উৎসুক । না হইলে হয়ত সে চূপ করিয়াই থাকিত, হরেন্দ্র যতটুকু বলিয়াছে তার বেশী একটা কথাও কহিত না । কাহিল, এ প্রশ্ন আমার কাছে এখন অসংলগ্ন ঠেকে । যা নেই তা কেন নেই বলে চোখের জল ফেলতেও আজ আমার লজ্জা বোধ হয় ; যেটুকু তিনি পেরেছেন, কেন তার বেশী পারলেন না বলে রাগারাগি করতেও আমার মাথা হেঁট হয় । আপনাদের কাছে প্রার্থনা শূন্য এই যে, আমার দুর্ভাগ্য নিয়ে তাঁকে আর টানাটানি করবেন না । এই বলিয়া সে যেন হঠাৎ শ্রান্ত হইয়া চেয়ারের পিঠে মাথা ঠেকাইয়া চোখ বদ্বিজল ।

ঘরের নীরবতা ভঙ্গ করিল নীলিমা, সে চোখের ইঞ্জিতে দুধের বাটিটা নির্দেশ করিয়া আস্তে আস্তে বলিল, ওটা যে একেবারে ভুড়িয়ে গেল । দেখুন ত খেতে পারবেন, না আবার গরম করে আনতে বলব :

আশুদ্বাব্দ বাটিটা মূখে তুলিয়া খানিকটা খাইয়া রাখিয়া দিলেন । নীলিমা মূখ বাড়াইয়া দেখিয়া কাহিল, পড়ে থাকলে চলবে না—ডাক্তারের ব্যবস্থা ভাঙতে আমি দেবো না ।

আশুদ্বাব্দ অবসন্নের মত মোটা তাকিয়াটার হেলান দিয়া কাহিলেন, তার চেয়েও বড় ব্যবস্থাপক নিজের দেহ । এ কথা তোমারও ভোলা উচিত নয় !

আমি ভুলিনে, ভুলে যান আপনি নিজে ।

ওটা বয়সের দোষ নীলিমা—আমার নয় ।

নীলিমা হাসিয়া বলিল, তাই বৈ কি ! দোষ চাপাবার মত বয়স পেতে এখনো আপনার অনেক—অনেক বাকী । আচ্ছা কমলকে নিয়ে আমরা একটু ও ঘরে গিয়ে গল্প করি গে, আপনি চোখ বদ্বজে একটুখানি বিশ্রাম করুন, কেমন ? যাই ?

আশুদ্বাব্দের এ ইচ্ছা বোধ হয় ছিল না, তর্থাপি সম্মতি দিতে হইল ; কাহিলেন, কিন্তু একেবারে তোমরা চলে যেও না, ডাকলে যেন পাই ।

আচ্ছা । চল ঠাকুরপো, আমরা পাশের ঘরে গিয়ে বসি গে । এই বলিয়া সকলকে লইয়া চলিয়া গেল । নীলিমার কথাগুলি স্বভাবতই মধুর, বলিবার ভঙ্গীটিতে এমন একটা বিশিষ্টতা আছে যে সহজেই চোখে পড়ে, কিন্তু তাহার

আজকার এই গাটী-কয়েক কথা যেন তাহাদেরও ছাড়াইয়া গেল। হরেন্দ্র লক্ষ্য করিল না, কিন্তু লক্ষ্য করিল কমল। পদ্রুবেশ চক্ষে যাহা এড়াইল, ধরা পড়িল রমণীর দৃষ্টিতে। নীলিমা শূন্যে করিতে আসিয়াছে, এই পীড়িত লোকটির স্বাস্থ্যের প্রতি সাবধানতার আশ্চর্যের কিছদ্ব নাহি, সাধারণের কাছে এ কথা বলা চলে, কিন্তু সেই সাধারণের একজন কমল নয়। নীলিমার এই একান্ত সতর্কতার অপরূপ স্নিহুতায় সে যেন এক অভাবিত বিস্ময়ের সাক্ষাৎ লাভ করিল। বিস্ময় কেবল এক দিক দিয়া নয়, বিস্ময় বহু দিক দিয়া। সম্পদের মোহ এই বিধবা মেরেটিকে মুগ্ধ করিয়াছে এমন সন্দেহ কমল চিন্তায়ও ঠাই দিতে পারিল না। নীলিমার ততটুকু পরিচয় সে পাইয়াছে। আশুবাবুর যৌবন ও রূপের প্রশ্ন এক্ষেত্রে শূন্য অসঙ্গত নয়, হাস্যকর। তবে, কোথায় যে ইহার সম্বন্ধ মিলবে ইহাই কমল মনের মধ্যে খাঁজতে লাগিল। এ ছাড়া আরও একটা দিক আছে যে। সৈদিক আশুবাবুর নিজের। এই সরল ও সর্দাশিব মানুুষটির গভীর চিন্ততলে পত্নীপ্রেমের যে আদর্শ অচঞ্চল নিষ্ঠায় নিত্য পূজিত হইতেছে, কোনদিনের কোন প্রলোভনই তাহার গারে দাগ ফেলিতে পারে নাই। ইহাই ছিল সকলের একান্ত বিশ্বাস। মনোরমার জননীর মৃত্যুকালে আশুবাবুর বয়স বেশী ছিল না—তখনও যৌবন অতিক্রম করে নাই; কিন্তু সেইদিন হইতেই সেই লোকান্তরিত পত্নীর স্মৃতি উন্মূলিত করিয়া নতনের প্রতিষ্ঠা করিতে আত্মীয়-অনাত্মীয়ের দল উদাম-আয়োজনের দ্বারি রাখে নাই, কিন্তু সে দ্বর্ভেদ্য দ্বর্গের দ্বার ভাঙ্গিবার কোন কোশলই কেহ খাঁজিয়া পায় না। এ-সকল কমলের অনেকের মুখে শোনা কাহিনী। এ ঘরে আসিয়া অন্যমনস্কের মত নীরবে বসিয়া সে কেবল ইহাই ভাবিতে লাগিল, নীলিমার মনোভাবের লেশমাত্র আভাসও এই মানুুষটির চোখে পড়িয়াছে কি না। যদি পড়িয়াই থাকে, দাম্পত্যের সূকঠোর নীতি অত্যাচার ধর্মের ন্যায় একাগ্র সতর্কতার তিনি আজীবন যাহা রক্ষা করিয়া আসিয়াছেন, আসক্তির এই নবজাগৃত চেতনায়, সে ধর্ম লেশমাত্রও বিক্ষুব্ধ হইয়াছে কি না।

চাকর চা, রুটি, ফল প্রভৃতি দিয়া গেল। তীর্থাঙ্কদের সম্মুখে সেই-সমস্ত আগাইয়া দিয়া নীলিমা নানা কথা বলিয়া যাইতে লাগিল। আশুবাবুর অসুখ, তাঁহার স্বাস্থ্য, তাঁহার সহজ ভদ্রতা ও শিশুর ন্যায় সরলতার ছোটোখাটো বিবরণ যাহা এই কহিদিনেই তাহার চোখে পড়িয়াছে,—এমনি অনেক কিছদ্ব। শ্রোতা হিসাবে হরেন্দ্র শ্রীলোকের লোভের বস্ত্র এবং তাহারই সাগ্রহ প্রশ্নের উত্তরে নীলিমার বাক-শক্তি উচ্ছ্বাসিত আবেগে শতমুখে ফুটিয়া বাহির হইতে লাগিল। বলার আন্তরিকতায় মুগ্ধ হরেন্দ্র লক্ষ্য করিল না যে, বৌদিদিকে সে এতদিন অবিবাহের বাসায় দেখিয়া আসিয়াছে সেই এই কিনা। এই পরিণত যৌবনের স্নিহু গাশ্বীর্ষ, সেই কৌতুক-রসোচ্ছল পরিমিত পরিহাস, বৈধব্যের সীমাবন্ধ সংঘত আলাপ-আলোচনা, সেই সূ-পরিচিত সমস্ত-কিছদ্বই এই করিদিনে বিসর্জন দিয়া আকস্মিক বাচালতায় বালিকার ন্যায় যে প্রগল্ভ হইয়া উঠিয়াছে, সেই এই কি না।

বলিতে বলিতে নীলিমার হঠাৎ দৃষ্টি পড়িল, চায়ের বাটিতে দ্ব-একবার চুমুক

দেওয়া ছাড়া কমল কিছই খায় নাই। ক্ষুধম্বরে সেই অনুরোধ করিতেই কমল সহাস্যে কহিল, এর মধ্যেই আমাকে ভুলে গেলেন ?

ভুলে গেলাম ? তার মানে ?

তার মানে এই যে, আমার খাওয়ার ব্যাপারটা আপনার মনে নেই। অসময়ে আমি ত কিছই খাইনে এবং সহস্র অনুরোধেও এর ব্যতিক্রম হবার জো নেই,—এই কথাটা হরেন্দ্র যোগ করিয়া দিল।

প্রত্যুত্তরে কমল তেমনিই হাসিমুখে বলিল, অর্থাৎ এ এক গুরুত্বপূর্ণ পরিবর্তন নেই। কিন্তু অত দর্প আমি করিনে, হরেন্দ্রবাবু, তবে সাধারণতঃ এই নিয়মটাই অভ্যাস হয়ে গেছে তা মানি।

পথে বাহির হইয়া কমল জিজ্ঞাসা করিল, আপনি এখন কোথায় চলেছেন বলুন ত ?

হরেন্দ্র বলিল, ভয় নেই আপনার বাড়ির মধ্যে ঢুকবো না, কিন্তু যেখান থেকে এনেচি সেখানে পৌঁছে না দিলে অন্যায় হবে।

তখন রাত্রি হইয়াছে, পথে লোক-চলাচল বিবল হইয়া আসিতেছে, অকস্মাৎ অতি ঘনিষ্ঠের ন্যায় কমল তাহা^{স্বাক্ষর} একটা হাত নিজের হাতের মধ্যে টানিয়া বলিল, চলুন আমার সঙ্গে। ন্যায় অন্য^{স্বাক্ষর} বিচারবোধ আপনার কত সুক্ষ্ম দাঁড়িয়েছে তার পরীক্ষা দেবেন।

হরেন্দ্র সতর্কভাবে শব্দবাস্ত^{স্বাক্ষর} হইয়া উঠিল। ইহা যে ভাল হইল না, এমন করিয়া পথ চলায় বিপদ আছে এবং পরিচিত কেহ কোথা হইতে সম্মুখে আসিয়া পড়িলে লজ্জার একশেষ হইবে হরেন্দ্র তাহা স্পষ্ট দেখিতে লাগিল, কিন্তু না বলিয়া হাত ছাড়াইয়া লওয়ার অশোভন রূঢ়তাকেও সে মনে স্থান দিতে পারিল না। ব্যাপারটা বিস্তীর্ণ ঠেকিল এবং এই সংকটাপন্ন অবস্থা মানিয়া লইয়াই তাহারা বাসার দরজার সম্মুখে আসিয়া পৌঁছিল। বিদায় লইতে চাহিলে কমল কহিল, এত তাড়াতাড়ি কিসের ? আশ্রমে অজিতবাবু ছাড়া ত কেউ নেই ?

হরেন্দ্র কহিল, না আজ তিনিও নেই, সকালের গাড়িতে দিল্লী গেছেন, সম্ভবতঃ কাল ফিরবেন।

কমল জিজ্ঞাসা করিল, গিয়ে থাকেন কি ? আশ্রমে পাচক রাখবার ত ব্যবস্থা নেই।

হরেন্দ্র বলিল, না, আমরা নিজেরাই রাখি।

অর্থাৎ আপনি আর অজিতবাবু ?

হাঁ। কিন্তু হাসচেন যে ? নিতান্ত মন্দ রাখিনে আমরা।

তা জানি এবং পরক্ষণে সতাই গম্ভীর হইয়া বলিল, অজিতবাবু নেই, সতরাং ফিরে গিয়ে আপনাকে নিজেই রেখে খেতে হবে। আমার হাতে খেতে যদি যুগা বোধ না করেন ত আমার ভারী ইচ্ছে ? আপনাকে নিমন্ত্রণ করি। থাকেন আমার হাতে ?

হরেন্দ্র অত্যন্ত ক্ষুব্ধ হইয়া বলিল, এ বড় অন্যায়া। আপনি কি সত্যিই মনে করেন আমি ঘৃণায় অস্বীকার করতে পারি? এই বলিয়া সে একমুহূর্ত চূপ করিয়া থাকিয়া বলিল, আপনাকে জানাতে চাই যে যারা আপনাকে বাস্তবিক শ্রদ্ধা করে আমি তাদেরই একজন। আমার আপত্তি শুধু, অসময়ে দ্বন্দ্ব দিতে আপনাকে চাইনে।

কমল বলিল, আমি দ্বন্দ্ব বিশেষ পাবো না তা নিজেই দেখতে পাবেন। আসুন।

রাঁধিতে বসিয়া কহিল, আমার আয়োজন সামান্য, কিন্তু আশ্রমে আপনাদেরও যা দেখে এসেছি তাহাকেই প্রচুর বলা চলে না! সতরাং, এখানে খাবার কষ্ট যদি বা হয়, অন্যের মত অসহ্য হবে না এইটুকুই আমার ভরসা।

হরেন্দ্র খুশী হইয়া উত্তর দিল, আমাদের খাবার ব্যবস্থা যা দেখে এসেছেন তাই বাটে। সত্যিই সত্যিই আমরা খুব কষ্ট করে থাকি।

কিন্তু থাকেন কেন? অজিতবান্ বড়লোক, আপনার নিজের অধস্থাও অসচ্ছল নয়,—কষ্ট পাওয়ার ত কারণ নেই।

হরেন্দ্র কহিল, কারণ না থাক, প্রয়োজন আছে। আমার বিশ্বাস এ আপনিও বোঝেন বলে নিজের সম্বন্ধেও এমনি ব্যবস্থাটাই করিয়া গিয়াছেন। অথচ বাইরে থেকে কেউ যদি আশ্চর্য হয়ে প্রশ্ন করে বসে, তাহাকে কি এ দ্বন্দ্ব দিতে পারেন?

কমল বলিল, বাইরের লোককে না পারি, ভিতরের লোককে দিতে পারব। আমি সত্যিই বড় দারিদ্র, নিজেকে ভরণ-পোষণ করবার যতটুকু শক্তি আছে তাতে এর বেশী চলে না। বাবা আমাকে দিয়ে যেতে পারেন নি কিছুই, কিন্তু পরের অনগ্রহ থেকে মুক্তি পাবার এই বীজমন্ত্রটুকু দান করে গিয়েছিলেন।

হরেন্দ্র তাহার মতের প্রতি নিঃশব্দে চাহিয়া রহিল। এই বিদেশে কমল যে কিরূপ নিরুপায় তাহা সে জানিত। শুধু অর্থের জন্যই নয়,—সমাজ, সন্মান, সহানুভূতি কোন দিক দিয়াই তাহার তাকাইবার কিছু নাই। কিন্তু, এ সত্যও সে স্মরণ না করিয়া পারিল না যে, এতবড় নিঃসহায়তাও এই রমণীকে লেশমাত্র দুর্বল করিতে পারে নাই। আজও সে ভিক্ষা চাহে না—ভিক্ষা দেয়। যে শিবনাথ তাহার এতবড় দুর্গতির মূল তাহাকেও দান করিবার সম্বল তাহার শেষ হয় নাই এবং বোধ করি সাহস ও সাধুনা দিবার আভিপ्राয়েই কহিল, আপনার সঙ্গে আমি তর্ক করিচি নে কমল, কিন্তু এ ছাড়া আর কিছু ভাবতেও পারিনে যে, আমাদের মত আপনার দারিদ্রও প্রকৃত নয়, একবার ইচ্ছে করলেই এ দ্বন্দ্ব মরীচিকার মত মিলিয়ে যাবে। কিন্তু সে ইচ্ছে আপনার নেই, কারণ আপনিও জানেন স্বেচ্ছায় নেওয়া দ্বন্দ্বকে ঐশ্বর্ষের মতই ভোগ করা যায়।

কমল বলিল, যায়। কিন্তু কেন জানেন? ওটা অপয়োজনের দ্বন্দ্ব,—দ্বন্দ্বের অভিনয় বলে। সকল অভিনয়ের মধ্যেই খানিকটা কৌতুক থাকে, তাকে উপভোগ করার বাধা নেই! এই বলিয়া সে নিজেও কৌতুকভরে হাসিল।

সহসা ভারী একটা বেসদ্রা বাঁজল। খোঁচা খাইয়া হরেন্দ্র ক্ষণকাল মৌন-
 থাকিয়া জবাব দিল, কিন্তু এটা ত মানেন যে, প্রাচুর্যের মাঝেই জীবন তুচ্ছ হয়ে আসে,
 অথচ, দৃষ্টি-দৈন্যের মধ্যে দিয়ে মানুষের চরিত্র মহৎ ও সত্য হয়ে গড়ে ওঠে ?

কমল স্টোভের উপর হইতে কড়াটা নামাইয়া রাখিল এবং আর একটা কি
 চড়াইয়া দিয়া বলিল, সত্য হয়ে গড়ে ওঠার জন্যে ওদিকেও খানিকটা সত্য থাকা চাই
 হরেনবাবু। বড়লোক, বাস্তবিক অভাব নেই, তবু ছশ্ম-অভাবের আরোজনে ব্যস্ত।
 আবার যোগ দিয়েছেন অজিতবাবু। আপনার আশ্রমের ফিলজফি আমি বদ্বিধনে,
 কিন্তু এটা বদ্বিধ, দৈন-ভোগের বিড়ম্বনা দিয়ে কখনো বৃহৎকে পাওয়া যায় না।
 পাওয়া যায় শূন্য খানিকটা দম্ভ আর অহমিকা। সংস্কারে অন্ধ না হয়ে একটুখানি
 চেষ্টা থাকলেই এ বস্তু দেখতে পাবেন,—দৃষ্টিান্তের জন্যে ভারত পর্যটন করে বেড়াতে
 হবে না। কিন্তু তর্ক থাক, রান্না শেষ হয়ে এল, এবার খেতে বসুন।

হরেন্দ্র হতাশ হইয়া বলিল, মর্শ্বকল এই যে ভারতবর্ষের ফিলজফি বোঝা
 আপনার সাধ্য নয়। আপনার শিরার মধ্যে স্নেহ-রক্তের টেউ বয়ে যাচ্ছে—হিন্দুর
 আদর্শ ও চোখে তামাশা বলেই ঠেকবে। দিন, কি রান্না হয়েছে খেতে দিন।

এই যে দিই, বলিয়া কমল আসন পাতিয়া ঠাই করিয়া দিল। একটুও রাগ করিল
 না।

হরেন্দ্র সেইদিকে চাইয়া হঠাৎ বলিয়া উঠিল, আচ্ছা ধরুন, কেউ যদি যথার্থ-ই
 সমস্ত বিলিয়ে দিয়ে সত্যকার অভাব ও দৈন্যের মাঝেই নেমে আসে তখন ত অভিনব
 বলে তাকে তামাশা করা চলবে না! তখন ত—

কমল বাধা দিয়া কাঁহিল, না, তখন আর তামাশা নয়, তখন সত্যকার পাগল বলে
 মাথা চাপড়ে কাঁদবার সময় হবে। হরেনবাবু কিছুকাল পূর্বে আমিও কতকটা
 আপনার মত করেই ভেবেছি, উপবাসের নেশার মত আমাকেও তা মাঝে মাঝে আচ্ছন্ন
 করেচে, কিন্তু এখন সে সংশয় আমার ঘুচেচে। দৈন্য এবং অভাব ইচ্ছাতেই আসুক
 বা ইচ্ছার বিরুদ্ধেই আসুক, ও নিয়ে দর্প করবার কিছু নেই। ওর মাঝে আছে
 শূন্যতা, ওর মাঝে আছে দুর্বলতা, ওর মাঝে আছে পাপ,—অভাব যে মানুষকে কত
 ছোট করে আনে, সে আমি দেখে এসেছি মহামারীর মধ্যে,—মুচীদের পাড়ায় গিয়ে।
 আরও একজন দেখেছেন, তিনি আপনার বন্ধু রাজেন। কিন্তু তাঁর কাছ থেকে ত
 কিছু পাওয়া যাবে না,—আসামের গভীর অরণ্যের মত কি যে সেখানে লুকিয়ে আছে
 কেউ জানে না। আমি প্রায় ভাবি, আপনারা তাঁকেই দিলেন বিদায় করে। সেই
 যে কথাই আছে—মণি ফেলে অঞ্জলে কাঁচখণ্ড গেরো দেওয়া,—আপনারা ঠিক কি
 তাই করলেন! ভেতর থেকে কোথাও নিষেধ পেলেন না? আশ্চর্য!

হরেন্দ্র উত্তর দিল না, চুপ করিয়া রহিল।

আরোজন সামান্য, তথাপি কি যত্ন করিয়াই না কমল অর্থাধিকে খাওয়াইল।
 খাইতে বসিয়া হরেন্দ্র বার বার করিয়া নীলমাকে স্মরণ হইল; নারীদের শাস্ত
 মাধুর্য ও শূচিতার আদর্শে ইঁহার চেষ্টা বড় সে কাহাকেও ভাবিত না। মনে মনে

বলিল, শিক্ষা, সংস্কার, রূঢ়ি ও প্রবৃত্তিতে বিভেদ ইহাদের মধ্যে যত বেশীই থাক, সেবা ও মমতায় ইহারা একেবারে এক। ওটা বাহিরের বস্তু বলিয়াই ঐবশ্যমোরও অবধি নাই, তর্কও শেষ হয় না, কিন্তু নারীর যৌটি নিজস্ব আপন, সর্বপ্রকার মতামতের একান্ত বহির্ভূত, সেই গঢ় অস্তদে'শের রূপটি দেখিলে একেবারে চোখ জুড়াইয়া যায়। নানা কারণে আজ হরেন্দ্রের ক্ষুধা ছিল না, শূ'ধু একজনকে প্রসন্ন করিতেই সে সাধোর অতিরিক্ত ভোজন করিল। কি একটা তরকারী ভাল লাগিয়াছে বলিয়া পাত্র উজাড় করিয়া ভক্ষণ করিল, কহিল, অনেকদিন অসময়ে হাজির হয়ে বৌদিদিকেও ঠিক এমনি করেই জ্বদ করেচি, কমল।

কাকে, নীলিমাকে ?

হাঁ।

তিনি জ্বদ হতেন ?

নিশ্চয়। কিন্তু স্বীকার করতেন না।

কমল হাসিয়া বলিল, কেবল আপনি নয়, সমস্ত পদ্রু'সমানদ্রু'ষেরই এমনি মোটা বুদ্ধি।

হরেন্দ্র তর্ক করিয়া বলিল, আমি চোখে দেখেচি যে।

কমল কহিল, সেও জানি। আর ঐ চোখে-দেখার অহংকারেই আপনারা গেলেন।

হরেন্দ্র কহিল, অহংকার আপনাদেরও কম নয়। সে-বেলা বৌদিদির খাওয়া হতো না,—উপবাস করে কাটাতেন, তবু হার মানতে চাইতেন না।

কমল চূপ করিয়া তাহার মূ'খের প্রতি চাহিয়া রহিল।

হরেন্দ্র বলিল, আপনাদের আশীর্বাদে মোটা বুদ্ধিই আমাদের অক্ষয় হয়ে থাক— এতেই লাভ বেশী। আপনাদের সূ'ক্ষ্ম-বুদ্ধির অভিমানে উপোস করে মরতে আমরা নারাজ।

কমল এ কথাও জবাব দিল না।

হরেন্দ্র কহিল, এখন থেকে আপনার সূ'ক্ষ্ম-বুদ্ধিটাকেও মধ্যে মধ্যে যাচাই করে দেখব।

কমল বলিল, সে আপনি পারবেন না, গরীব বলে আপনার দয়া হবে।

শূ'নিয়া হরেন্দ্র প্রথমটায় অপ্রতিভ হইল, তাহার পরে বলিল, দেখুন, এ কথাও জবাব দিতে বাধে। কেন জানেন। মনে হয় যেন রাজরাণী হওয়াই যাকে সাজে, বাঙালপনা তাকে মানায় না। মনে হয় যেন আপনার দারিদ্র্য পৃ'থিবীর সমস্ত বড়লোকের মেয়েকে উপহাস করচে।

কথাটা তীরের মত গিয়া কমলের বদকে বাজিল।

হরেন্দ্র পদ্রু'রায় কি একটা বলিতে যাইতোছিল, কমল থামাইয়া দিয়া বলিল, আপনার খাওয়া হয়ে গেছে, এবার উঠুন। ও ঘরে গিয়ে সারা রাত গল্প শুনবো, এ ঝরের কাজটা ততক্ষণে সেরে নিই।

খানিক পরে শোবার ঘরে আসিয়া কমল বাসিল, কহিল, আজ আপনার বৌদিদির সমস্ত ইতিহাস না শুনে আপনাকে ছাড়বো না, তা যত রাতিই হোক। বলুন।

হরেন্দ্র বিপদে পড়িল, কহিল, বৌদিদির সমস্ত কথা ত আমি জানিনে। তাঁর সঙ্গে প্রথম পরিচয় আমার এই আগ্রায়, অবিনাশ দাদার বাসায়। বস্তুতঃ তাঁর সম্বন্ধে কিছুই প্রায় জানিনে। যেটুকু এখানকার অনেকেই জানে, আমিও ততটুকুই জানি। কেবল একটা বোধ করি সংসারে সকলের চেয়ে বেশী জানি, সে তাঁর অকলঙ্ক শুদ্ধতা। স্বামী যখন মারা যান, তখন বয়স ছিল ঠাঁর উনিশ-কুড়ি,—তাকে সমস্ত হৃদয় দিয়েই পেয়েছিলেন। সে মোছোনি, মোছবার নয়,—জীবনের শেষ দিনটি পর্যন্ত সে স্মৃতি অক্ষয় হয়ে থাকবে। পদ্রুঘ্নহলে আশুবাবুর কথা যখন ওঠে,— তাঁর নিষ্ঠাও অনন্য-সাধারণ—আমি অস্বীকার করিনে, কিন্তু—

হরেনবাবু, রাতি অনেক হ'লো, এখন ত আর বাসায় যাওয়া চলে না,—এই ঘরেই একটা বিছানা করে দিই ?

হরেন্দ্র বিস্ময়প্রাপ্ত হইয়া জিজ্ঞাসা করিল, এই ঘরে ? কিন্তু আপনি ?

কমল কহিল, আমিও এইখানেই শোব। আর তো ঘর নেই।

হরেন্দ্র লজ্জায় পাংশু হইয়া উঠিল।

কমল হাসিয়া বলিল, আপনি ত ব্রহ্মচারী। আপনারও ভয়ের কারণ আছে নাকি ?

হরেন্দ্র স্তব্ধ নির্নিমেষ চক্ষে শূন্য চাহিয়া রহিল। এ যে কি প্রস্তাব সে কল্পনা করিতেও পারিল না। স্ত্রীলোক হইয়া এ কথা উচ্চারণ করিল কি করিয়া !

তাহার অপরিসীম বিহ্বলতা কমলকেও ধাক্কা দিল। সে কয়েক মূহূর্ত স্থির থাকিয়া বলিল, আমারই ভুল হয়েছে হরেনবাবু, আপনি বাসায় যান। তাইতেই আপনার অশেষ শ্রদ্ধার পাত্রী নীলিমার আশ্রমে ঠাই মেলেনি, মিলেছিল আশুবাবুর বাড়ি। নিজর্জন গৃহে অনাত্মীয় নরনারীর একটিমাত্র সম্বন্ধই আপনি জানেন—পদ্রুঘ্নের কাছে মেয়েমানুষ যে শূন্যই মেয়েমানুষ, এর বেশী খবর আপনার কাছে আজও পৌঁছায় নি। ব্রহ্মচারী হলেও না। যান, আর দেরি করবেন না, আশ্রমে যান। এই বলিয়া সে নিজেই বাহিরের অন্ধকার বারান্দায় অদৃশ্য হইয়া গেল।

হরেন্দ্র মূঢ়ের মত মিনিট দুই-তিন দাঁড়াইয়া থাকিয়া ধীরে ধীরে নীচে নামিয়া আসিল।

॥ কুড়ি ॥

প্রায় মাসাধিক-কাল গত হইয়াছে। আগ্রায় ইনক্লুয়েঞ্জার মহামারী মূর্তিটা শাস্ত হইয়াছে; স্থানে স্থানে দুই-একটা নূতন আক্রমণের কথা না শুনা যায় তাহা নয়, তবে, মারাত্মক নয়। কমল ঘরে বসিয়া নির্বিঘ্নাচিন্তে সেলাই করিতেছিল, হরেন্দ্র প্রবেশ করিল। তাহার হাতে একটা পদ্মটুলি, নিকটে মেঝের উপর রাখিয়া দিয়া কহিল, খেরকম খাটছেন তাতে ভাগাদা করতে লজ্জা হয়। কিন্তু লোকগুলো এমনি বেহায়া যে দেখা হলেই জিজ্ঞেস করবে, হলো? আমি কিন্তু স্পষ্টই জবাব দিই যে, ঢের দেরি। জরুরী থাকে ত না হয় বলুন, কাপড় ফিরিয়ে নিলে যাই। কিন্তু মজা এই যে, আপনার হাতের তৈরী জিনিস যে একবার ব্যবহার করেচে, সে আর কোথাও যেতে চায় না। এই দেখুন না লালাদের বাড়ি থেকে, আবার এক থান গরদ, আর নমুনার জামাটা দিয়ে গেল—

কমল সেলাই হইতে মুখ তুলিয়া কহিল, নিলেন কেন?

নিই সাথে? বললাম ছ মাসের আগে হবে না,—তাতেই রাজী। বললে, ছ মাসের পরে ত হবে তাতেই চলবে। এই দেখুন না মজুরির টাকা পৰ্বস্তু হাতে গুঞ্জে দিয়ে গেল। এই বলিয়া সে পকেট হইতে একখানা নোটের মধ্যে মোড়া কয়েকটা টাকা ঠক্ করিয়া কমলের সম্মুখে ফেলিয়া দিল।

কমল কহিল, অর্ডার এত বেশী আসতে থাকলে দেখাচি আমাকে লোক রাখতে হবে। এই বলিয়া সে পদ্মটুলিটা খুলিয়া ফেলিয়া পুরানো পাঞ্জাবি জামাটা নাড়িয়া চাড়িয়া দেখিয়া কহিল, কোন বড় দোকানের বড় মিস্ত্রীর তৈরী,—আমাকে দিয়ে এ রকম হবে না। দামী কাপড়টা নষ্ট হয়ে যাবে, তাঁকে ফিরিয়ে দেবেন।

হরেন্দ্র বিস্ময় প্রকাশ করিয়া বলিল, আপনার চেয়ে বড় কারিগর এখানে কেউ আছে নাকি?

এখানে না থাকে কলকাতায় আছে। সেইখানেই পাঠিয়ে দিতে বলবেন।

না না, সে হবে না। আপনি যা পারেন তাই করে দেবেন, তাতেই হবে।

হবে না হরেনবাবু, হলে দিতাম। এই বলিয়া সে হঠাৎ হাসিয়া ফেলিয়া কহিল, অজিতবাবু বড়লোক, শোখিন মানুষ, যা-তা তৈরী করে দিলে তিনি পরতে পারবেন কেন? কাপড়টা মিথো নষ্ট করে লাভ নেই, আপনি ফিরিয়ে নিলে যান!

হরেন্দ্র অতিশয় আশ্চর্য হইয়া প্রশ্ন করিল, কি করে জানলেন এটা অজিতবাবুর?

কমল কহিল, আমি হাত গুণতে পারি। গরদের কাপড়, অগ্রিম মূল্য, অথচ ছ'মাস বিলম্ব হলেও চলে,—হিন্দুস্থানী লালাজিরা অত নির্বোধ নয়, হরেনবাবু।

ত্রীকৈ জানাবেন—তঁৱৰ জামা তৈৰী কৰবাৰ যোগ্যতা আমাৰ নেই, আমি শব্দ গৱীবেৰ সস্তা গালৈৰ কাপড়ই সেলাই কৰতে পাৰি। এ পাৰিনে।

হৰেন্দ্ৰ বিপদে পড়িল। শেষে কহিল, এ তাৰ ভাৱী ইচ্ছে। কিন্তু পাছে আপনি জানতে পাবেন, পাছে আপনাৰ মনে হয় আমাৰা কোনমতে আপনাকে কিছু দেবাৰ চেষ্টা কৰিচি, সেই ভয়ে অনেকদিন আমি স্বীকাৰ কৰিনি। তাকে বোলোঁছলাম অপমূল্যে সাধাৰণ একটা কোন কাপড় কিনে দিতে। কিন্তু সে ৰাজী হ'লো না। বললে, এ ত আমাৰ নিতাবাবহাৰেৰ মেৰজাই নয়, এ কমলেৰ হাতেৰ তৈৰী জামা, এ শব্দ বিশেষ উপলক্ষ্যে পৰ্বদিনে পৰবাৰ। এ আমাৰ তোলা থাকবে। এ জগতে তাৰ চেয়ে বেশী শ্ৰদ্ধা বোধ কৰি আপনাকে কেউ কৰে না।

কমল বলিল, কিছুকাল পূৰ্বে ঠিক এৰ উল্টো কথাই তঁৱৰ মত্থ থেকে বোধ কৰি অনেকই শুনোঁছিল। নয় কি? একটু চেষ্টা কৰলে আপনাৰও হয়ত স্মৰণ হবে। মনে কৰে দেখুন ত?

এই সোঁদনেৰ কথা, হৰেন্দ্ৰেৰ সমস্তই মনে ছিল; একটু লজ্জা পাইয়া বলিল, মিথো নয়; কিন্তু এ ধাৰণা ত একদিন অনেকেই ছিল। বোধ হয় ছিল না শব্দ আশুবাবুৰ, কিন্তু তঁকেও একদিন বিচলিত হতে দেখোঁচি। আমাৰ নিজের কথাটাই ধৰুন না, আজ ত প্ৰমাণ দিতে হবে না, কিন্তু সোঁদনেৰ কৰ্ণটপাথৰে ঘষে ভিক্ত-শ্ৰদ্ধা যাচাই কৰতে চাইলে আমিই বা দাঁড়াই কোথায়?

কমল জিজ্ঞাসা কৰিল, ৰাজেনেৰ খোঁজ পেলেন?

হৰেন্দ্ৰ বুবিল, এই-সকল হৃদয়-সম্পৰ্কিত আলোচনা আৰ একদিনেৰ মত আভাও স্থগিত ৰহিল। বলিল, না এখনো পাইনি। ভৱসা আছে এসে উপস্থিত হ'লই পাবো।

কমল বলিল, সে আমি জানতে চাইনি, পুঁলিসেৰ জিম্মায় গিল্পে পড়েচে কিনা এই খোঁজটাই আপনাকে নিতে বোলোঁছলাম।

হৰেন্দ্ৰ কহিল, নিয়োঁচি। আপাততঃ তাঁদেৰ আশ্ৰয়ে নেই।

শুনিয়া কমল নিশ্চিন্ত হইতে পাৰিল না বটে, কিন্তু স্বাস্থ্যবোধ কৰিল। জিজ্ঞাসা কৰিল, তিনি কোথায় গেলেন এবং কবে গেলেন, মূচীদেব পাড়ায় চেষ্টা কৰে একটু খোঁজ নিলে কি বাৰ কৰা যায় না? হৰেনবাবু, তঁৰ প্ৰতি আপনাৰ স্নেহেৰ পৰিমাণ জানি, এ-সকল প্ৰশ্ন হয়ত বাহুল্য মনে হবে, কিন্তু কৰ্ণদিন থেকে এ-ছাড়া কিছু আৰ আমি ভাবতেই পাৰিনে, আমাৰ এমনি দশা হয়েছে। এই বলিয়া সে এমনি ব্যাকুল-চক্ষু চাহিল যে, হৰেন্দ্ৰ অত্যন্ত বিস্মিত হইল। কিন্তু পৰক্ষণেই সে মত্থ নামাইয়া পূৰ্বেৰ মতই সেলাইয়েৰ কাজে আপনাকে নিযুক্ত কৰিয়া দিল।

হৰেন্দ্ৰ নিঃশব্দে দাঁড়াইয়া ৰহিল! এই সময়ে এক-একটা প্ৰশ্ন তাহাৰ মনে আসে, কৌতূহলেৰ সীমা নাই—মত্থ দিয়া কথাটা বাহিৰ হইয়া পড়িতো চায়, কিন্তু নিজেকে সামলাইয়া লয়। কিছুতেই স্থিৰ কৰিতে পাৰে না, এ জিজ্ঞাসাৰ ফল কি হইবে। এইভাবে পাঁচ-সাত মিনিট কাটাৰ পৰে কমল নিজেই কথা কহিল। সেলাইট,

পাশে নামাইয়া রাখিয়া একটা সমাপ্তির নিঃশ্বাস ফেলিয়া বলিল, থাক আজ আর না। এই বলিয়া মৃদু তুলিয়া আশ্চর্য হইয়া কহিল, এ কি, দাঁড়িয়ে আছেন যে? একটা চৌকি টেনে নিজে বসতেও পারেন নি?

বসতে আপনি ত বলেন নি।

বেশ যা হোক। বলিনি বলে বসবেন না?

না। না বললে বসা উচিতও নয়।

কিন্তু দাঁড়িয়ে থাকতে ত বলিনি—দাঁড়িয়ে বা আছেন কেন?

এ যদি বলেন ত আমার না দাঁড়ানই উচিত ছিল। হুঁটি স্বীকার করিচি।

শূন্য কামল হাসিল। বলিল, তা হলে আমিও দোষ স্বীকার করিচি। এতক্ষণ অন্যান্যনস্ক থাকা আমার অপরাধ। এখন বসুন।

হরেন্দ্র চৌকি টানিয়া লইয়া উপবেশন করিলে কামল হঠাৎ একটুখানি গম্ভীর হইয়া উঠিল। একবার কি একটু চিন্তা করিল, তাহার পরে কহিল, দেখুন হরেন্দ্রবাবু, আসলে এর মধ্যে যে কিছই নেই এ আমিও জানি আপনিও জানেন। তবু লাগে। এই যে বসতে বসতে ভুলেচি, যে আদরটুকু অতিথিকে করা উচিত ছিল, করিনি,—হাজার ধনিষ্ঠতার মধ্যে দিয়েও সে হুঁটি আপনার চোখে পড়েছে। না না, রাগ করেছেন বলিনি, তবুও কেমন যেন মনের মধ্যে একটু লাগে। এ সংস্কার মানুষের গিয়েও যেতে চায় না—কোথায় একটুখানি থেকেই যায়। না?

হরেন্দ্র ইহার তাৎপর্য বুঝিল না, একটু আশ্চর্য হইয়া চাহিয়া রহিল। কামল বলিতে লাগিল, এর থেকে সংসারে কত অনর্থপাতই না হয়। অথচ, এইটাই লোকে সবচেয়ে বেশি ভোলে। না?

হরেন্দ্র জিজ্ঞাসা করিল, এ-সব আমাকে বলছেন, না আপনাকে আপনি বলছেন? যদি আমার জন্যে হয়, ত আর একটু খোলসা করে বলুন। এ হেঁয়ালি আমার মাথায় ঢুকচে না।

কামল হাসিয়া বলিল, হেঁয়ালিই বটে। সহজ সরল রাস্তা, মনেই হয় না যে বিপত্তি চোখ রাঙিয়ে আছে। চলতে হোঁচট লেগে আঙুল দিয়ে যখন রক্ত ঝরে পড়ে, তখন কেবল চৈতন্য জাগে—আর একটুখানি চোখ মেলে চলা উচিত ছিল। না?

হরেন্দ্র কহিল, পথের সম্বন্ধে হাঁ। অন্ততঃ আগ্রার রাস্তায় একটু হুঁশ করে চলা ভাল,—ও দুর্ঘটনা আগ্রমের ছেলেদের প্রায়ই ঘটে। কিন্তু হেঁয়ালি ত হেঁয়ালিই রয়ে গেল, মর্মার্থ উপলব্ধি হ'ল না।

কামল কহিল, তার উপায় নেই হরেন্দ্রবাবু। বললেই সকল কথার মর্ম বোঝা যায় না। এই দেখুন, আমাকে ত কেউ বলে দেয়নি কিন্তু অর্থ বুঝতেও বাধেনি।

হরেন্দ্র বলিল, তার মানে আপনি ভাগ্যবতী, আমি দুর্ভাগা। হয় সাধারণ মানুষের মাথায় ঢোকে এখনি ভাষায় বলুন, না হয় থামুন। চিনে-বাজির মত এ বত চাচ্ছি খুলতে, তত যাচ্ছে জড়িয়ে। অজ্ঞাত অথবা অজ্ঞের বাধা থেকে বস্তব্য আরম্ভ

যে যে কোথায় এসে দাঁড়াল তার কুল-কিনারা পাচ্ছিলে। এ-সমস্ত কি আপনি রাজেনকে স্মরণ করে বলছেন? তাকে আমিও ত চিনি, সহজ করে বললে হয়ত কিছু কিছু বুঝতেও পারবো। নইলে এভাবে ধর্মস্ত মানুষের বক্তৃতা শুনতে থাকলে নিজের দৃষ্টির পরে আস্থা থাকবে না।

কমল হাসিমুখে বলিল, কার বুদ্ধির পরে? আমার না নিজের?
বুদ্ধিরই।

কমল বলিল, শূন্য রাজেনকেই নয়, কি জানি কেন, সকাল থেকে আজ আমার কলকেই মনে পড়চে। আশুদ্বাব্দ মনোরমা, অক্ষয়, অবিনাশ, নীলিমা, শিবনাথ,— এমন কি আমার বাবা—

হরেন্দ্র বাধা দিল, ও চলবে না। আপনি আবার গম্ভীর হয়ে উঠছেন। আপনার বাপ-মা স্বর্গে গেছেন, তাঁদের টানাটানি আমার সইবে না। বরঞ্চ, যারা বেঁচে আছেন তাঁদের কথা, আপনি রাজেনের কথা বলতে চাচ্ছিলেন—তাই বলুন আমি শুন। সে আমার বন্ধু, তাকে চিনি, জানি, ভালবাসি,—আমাকে বিশ্বাস করুন, আমি আশ্রমই করি আর যাই করি, আপনাকে ঠকাণো না, সংসারে আরও পাঁচজনের মত ভালবাসার গল্প শুনতে আমিও ভালবাসি।

কমলের গাম্ভীর্য সহসা হাসিতে ভরিয়া গেল, প্রশ্ন করিল, শূন্য পরের কথা শুনতেই ভালবাসেন? তার বেশিতে লোভ নেই?

হরেন্দ্র বলিল, না। আমি ব্রহ্মচারীদের পাণ্ডা—অক্ষয়ের দল শুনতে পেলে আমার খেয়ে ফেলবে।

শূন্যই কমল পুনশ্চ হাসিয়া কহিল, না তারা খাবে না, আমি উপায় করে দেবো।

হরেন্দ্র ঘাড় নাড়িয়া বলিল, পারবেন না। আশ্রম ভেঙ্গে দিয়ে পালিয়ে গিয়েও আর আমার নিস্তার নেই। অক্ষয় একবার যখন আমাকে চিনেছে, যেখানেই যাই সংপথে আমাকেই সে রাখবেই। বরঞ্চ, আপনি নিজের কথা বলুন। রাজেনকে যে ভুলে থাকতে পারেন না—আবার সেইখান থেকে আরম্ভ করুন। কি করে সেই লক্ষ্মীছাড়া ছোঁড়াটাকে এতখানি ভালবাসলেন আমার শুনতে সাধ হয়।

কমল কহিল, ঠিক এই প্রশ্নটাই আমি বারে বারে আপনাকে আপনি করি।

সম্ভান পান না?

না।

পাবার কথাও না এবং সত্যি বলে আমার বিশ্বাসও হয় না।

কেন বিশ্বাস হয় না?

সে যাক। মনে হচ্ছে আগে একবার বলিছি। কিন্তু আরও ভাল ক্যান্ডিডেট আছে। মীমাংসা চূড়ান্ত করবার আগে তাদের কেসগুলো একটুখানি নজর করে নেখবেন। এইটুকু নিবেদন।

কিন্তু কেস ত অনুমানে ভর করে বিচার করা যায় না, হরেনবাবু, রীতিমত সাক্ষ্য-প্রমাণ হাজির করতে হয়। সে করবে কে ?

তারা নিজেরাই করবে। সাক্ষ্য-প্রমাণ নিয়ে প্রস্তুত হয়েই আছে, হাঁক দিলেই হাজির হয়।

কমল জবাব দিল না, মদুখ তুলিয়া চাহিয়া একটুখানি হাসিল। তাহার পরে সমাপ্ত ও অসমাপ্ত সেলাইয়ের কাজগুলো একে একে পরিপাটি ভাঁজ করিয়া একটা বেতের টুকরিতে তুলিয়া রাখিয়া উঠিয়া দাঁড়াইল। কাহিল, আপনার বোধ করি চা খাবার সময় হয়েছে হরেনবাবু, একটুখানি তৈরি করে আনি, আপনি বসুন।

হরেন্দ্র কাহিল, বসেই ত আছি। কিন্তু জানেন ত চা খাবার আমার সময় অসময় নেই, কারণ পেলেই খাই, না পেলে খাইনে। ওর জন্যে কষ্ট পাবার প্রয়োজন নেই। একটা কথা জিজ্ঞাসা করব ?

স্বচ্ছন্দে।

অনেকদিন আপনি কোথাও যাননি। ওটা কি ইচ্ছে করেই বন্ধ কবেছেন ?

কমল আশ্চর্য হইয়া বলিল, না। এ আমার মনেও হয়নি।

তা হলে চলুন না আজ আশুবাবুর বাড়ি থেকে একটু ঘুরে আসি। তিনি সত্যিই খুব খুশী হবেন। সেই অসুখের মধ্যে একবার গিয়েছিলেন; এখন ভাল হয়েছেন। শর্ধু ডাক্তারের নিবেদন বলে বাইরে আসেন না, নইলে হয়ত একদিন নিজেই এসে উপস্থিত হতেন।

কমল বলিল, তাঁর পক্ষে আশ্চর্য নয়। যাওয়া আমারই উচিত ছিল, কিন্তু কাজের ব্যস্তিতে যেতে পারিনি। অন্যায় হয়ে গেছে।

তা হলে আজই চলুন না ?

চলুন। কিন্তু সন্ধ্যোটা হোক। আপনি বসুন, চট করে এক বাটি চা নিয়ে আসি। এই বলিয়া সে বাহির হইয়া গেল।

সন্ধ্যার প্রারম্ভিকারে উভয়ে পথে বাহির হইয়া হরেন্দ্র বলিল, একটু বেণা থাকতে গেলেই ভাল হতো।

কমল কাহিল, হতো না। চেনা লোক কেউ হয়ত দেখে ফেলতো।

দেখলেই বা। ও-সব আমি আর গ্রাহ্য করিনে।

কিন্তু আমি এখন গ্রাহ্য করি।

হরেন্দ্র মনে করিল, পরিহাস, কাহিল, কিন্তু ওই চেনা লোকেরাই যদি শোনে আপনি আমার সঙ্গে একলা বার হতে আজকাল সৎকাচবোধ করেন, কি তারা ভাবে ?

বোধ হয় ভাবে ঠাট্টা করিচি।

কিন্তু আপনাকে যে চেনে সে কি অন্য কিছু ভাবতে পারে ? বলুন ? এবার কমল রূপ করিয়া রহিল।

জবাবুনা পাইয়া-হরেন্দ্র বলিল, আজ আপনার যে কি হয়েছে জানিলে, সমস্তই দূর্বেদ্য।

কমল বলিল, যা বোঝবার নয় সে না বোঝাই ভাল। রাজনেক যে ভুলতে পারিলে—এ সবচেয়ে বেশী টের পাই আপনি এলে। তার আশ্রমে স্থান হ'লো না, কিন্তু গাছতলায় থাকলেও তার চলে যেতো, শব্দ আমিই থাকতে দিইনি। আদর করে ডেকে এনেছিলাম। ঘরে এলো, কিন্তু কোথাও মন বাধা পেলো না। হাওয়া-আলোর মত সব দিক খালি পড়ে রইলো, পদ্মরবের যেন একটা নতুন পরিচয় পেলাম। এ ভাল কি মন্দ, ভেবে দেখবার সময় পাইনি,—হয়ত বুঝতে দেরি হবে।

হরেন্দ্র কহিল, এ মস্ত সান্দ্রনা।

সান্দ্রনা? কেন?

তা জানিনে।

কেহই আর কথা কহিল না—উভয়েই কেমন একপ্রকার বিম্বনা হইয়া রহিল।

হরেন্দ্র ইচ্ছা করিয়াই বোধ করি একটু ঘর-পথ লইয়াছিল, আশুবাবুর বাটীতে আসিয়া যখন তাহারা পৌঁছিল তখন সন্দ্রনা অনেকক্ষণ উত্তীর্ণ হইয়া গেছে। খবর দিয়া ঘরে ঢুকবার প্রয়োজন ছিল না, কিন্তু দিন পাঁচ-ছয় হরেন্দ্র আসিতে পারে নাই বলিয়া বেনারাতাকে সন্দ্রনা পাইয়া জিজ্ঞাসা করিল বাবু ভাল আছেন?

সে প্রশ্ন করিয়া কহিল, হ্যাঁ, ভালই আছেন।

ভাঁর ঘরেই আছেন?

না, উপরে সামনের ঘরে বসে সবাই গল্প করছেন।

সিঁড়িতে উঠিতে উঠিতে কমল জিজ্ঞাসা করিল, সবাইটা কারা?

হরেন্দ্র কহিল, বৌদি—আর বোধ হয় কেউ—কি জানি।

পর্দা সরাইয়া ঘরে ঢুকিয়া দৃষ্টিতেই একটু আশ্চর্য হইল। এসেন্স ও চুরটের কড়া গন্ধ একত্রে মিশিয়া ঘরের বাতাস ভারী হইয়া উঠিয়াছে। নীলিমা উপস্থিত নাই, আশুবাবু বড় চেয়ারের হাতলে দৃষ্টি পাইয়া ছড়াইয়া দিয়া চুরট টানিতেছেন এবং অন্ধরে সোফার উপরে সোজা হইয়া বসিয়া একজন অপরিচিতা মহিলা। ঘরের কড়া আবহাওয়ার মতই কড়া ভাব—বাঙালীর খেয়ে, কিন্তু বাংলা বলার রুচি নাই। হয়ত, অভ্যাসও নাই। হরেন্দ্র ও কমল ঘরে পাইয়াই শূন্য হইয়াছিল তিনি অনর্গল ইংরাজি বলিয়া বাহিতেছেন।

আশুবাবু মৃদু ফিরিয়া চাহিলেন। কমলের প্রতি চোখ পড়িতেই সমস্ত মৃদু তাহার আনন্দে উজ্জ্বল হইয়া উঠিল? বোধ করি একবার উঠিয়া বসিবার চেষ্টাও করিলেন, কিন্তু হঠাৎ পারিয়া উঠিলেন না। মৃদুখের চুরটটা ফেলিয়া দিয়া শব্দ বলিলেন, এসো কমল, এসো। অপরিচিতা রূপীকে নির্দেশ করিয়া কহিলেন, ইনি আমার একজন আত্মীয়া। পরশু এসেছেন, খুব সম্ভব এখানে কিছুদিন ধরে রাখতে পারব।

একটু থামিয়া বলিলেন, বেলা, ইনি কমল। আমার মেয়ের মত।

উভয় উভয়কে হাত তুলিয়া নমস্কার করিল।

হরেন্দ্র কহিল, আর আমি?

ওহো—তাও ত বটে। ইনি হরেন্দ্র—প্রফেসর অক্ষরের পরম বন্দু। বাকী পরিচয় সখাসময়ে হবে,—চিন্তার হেতু নেই হরেন্দ্র। কমলকে ইঙ্গিতে আহ্বান করিয়া কহিলেন, কাছে এসো ত কমল, তোমার হাতখানি নিয়ে খানিকক্ষণ চুপ করে বসি এইজন্যে প্রাণটা যেন কিছদিন থেকে ছটফট করছিল।

কমল হাসিমুখে তাঁহার কাছে গিয়া বসিল এবং দুই হাত বাড়াইয়া তাঁহার মোট ভারী হাতখানি কোলের উপর টানিয়া লইল।

আশ্দবাব্দ সম্মেহে জিজ্ঞাসা করিলেন, খেয়ে এসেচো ত ?

কমল মাথা নাড়িয়া বলিল, না।

আশ্দবাব্দ ছোট্ট একটু নিশ্বাস ফেলিয়া কহিলেন, জেনেই বা লাভ কি ? এ বাড়িতে খাওয়াতে পারবো না ত।

কমল চুপ করিয়া রহিল।

॥ একুশ ॥

বেলার মূখের প্রতি চাহিয়া আশুবাবু একটু হাসিলেন, কহিলেন, কেমন বর্ণনা আমার মিলিলো তো? বড়বয়সে extravagant বলে উপহাস করা যে উচিত হয়নি, মানলে ত?

মহিলাটি নির্বাক হইয়া রহিলেন। আশুবাবু কমলের হাতখানি বার-কয়েক নাড়াচাড়া করিয়া বলিতে লাগিলেন, এই মেয়েটির বাইরেটা দেখেও মানুষের যেমন আশ্চর্য লাগে, ভেতরটা দেখতে পেলেও তেমন অবাক হতে হয়। কেমন হরেন্দ্র, ঠিক নয়?

হরেন্দ্রও চুপ করিয়া রহিল; কমল হাসিয়া জবাব দিল, এ ঠিক কি না তাতে সন্দেহ আছে কিন্তু কেউ যদি আপনাকে extravagant বলে তামাশা করে থাকেন, তিনি যে বোঁঠক নন তাতে সন্দেহ নেই। মাত্রাঙ্কনটা আপনার এ সংসারে অচল।

ইস, তাই বৈ কি! বলিয়াই আশুবাবু গভীর স্নেহের সুরে কহিলেন, এ বাড়িতে খাওয়ার তোমাকে কিছুতেই পারবো না জানি, কিন্তু নিজের বাসাতে আজ কি খেলে বল ত?

রোজ যা খাই, তাই?

তবু কি শুনাই না? বেলা ভাবিছিলেন, এও আমি বাড়িয়ে বলিচি।

কমল কহিল, অর্থাৎ আমার সম্বন্ধে আমার অসাম্বন্ধে অনেক আলাচনাই হয়ে গেছে?

তা হয়েছে—অস্বীকার করবো না।

রৌপ্য-পাত্র একখানা ছোট কার্ড লইয়া বেহারা ঘরে ঢুকিল। লেখাটা সকলেরই চোখে পড়িল এবং সকলেই আশ্চর্য হইলেন। এ গৃহে অজিত একদিন বাড়ির ছেদের মতই ছিল, কিন্তু আগ্রায় থাকিয়াও আর সে আসে না। হয়ত ইহাই স্বাভাবিক। তথাপি এই না আসার লক্ষ্য ও সঙ্কেচ উভয় পক্ষেই এমনিই একটা ব্যবধান সৃষ্টি করিয়াছে যে তাহার এই অপ্রত্যাশিত আগমনে শূন্য আশুবাবুই নয়, উপস্থিত সকলেই একটু চমকিত হইলেন। তাহার মূখের পরে ভারী একটা উদ্বেগের ছায়া পড়িল, কহিলেন, তাঁকে এই ঘরেই নিয়ে আস।

খানিক পরে অজিত ঘরে ঢুকিল। পরিচিত ও অপরিচিত এতগুলি লোকের উপস্থিতির সম্ভাবনা সে আশঙ্কা করে নাই।

আশুবাবু কহিলেন, ব'সো অজিত। ভাল আছে?

অজিত মাথা নাড়িয়া কহিল, আশ্বে, হাঁ। আপনার শরীরটা এখন কেমন আছে? ভাল মনে হচ্ছে ত?

আশুদ্বাব্দ বলিলেন, অসুখটা সেরেচে বলেই ভরসা পাচ্ছি ।

পরস্পর কুশল প্রশ্নোত্তর এইখানে থাকিল । কমল না থাকিলে হয়ত আরও দুই-একটা কথা চলিতে পারিত, কিন্তু চোখাচোখি হইবার ভয়ে অজিত সের্দিকে মুখ তুলিতে সাহস করিল না । মিনিট দুই-তিন সকলেই চুপ করিয়া থাকার পরে হরেন্দ্র প্রথমে কথা কহিল । জিজ্ঞাসা করিল, আপনি কি সোজা-বাসা থেকেই এখন আসছেন ?

কিছু একটা বলিতে পাইয়া অজিত বাঁচিয়া গেল । বলিল, না, ঠিক সোজা আসতে পারিনি, আপনার সন্ধানে একটু ঘুর-পথেই আসতে হয়েছে ।

আমার সন্ধানে ? প্রশ্নোত্তর ?

প্রয়োজন আমার নয়, আর একজনের । তিনি রাজেনের খোঁজে দু'পন্থর থেকে বোধ করি বার-চারেক উঁকি মেরে গেলেন । বসতে বলেছিলাম, কিন্তু রাজী হলেন না । শ্মির হয়ে অপেক্ষা করাটা হয়ত খাতে নয় না ।

হরেন্দ্র শঙ্কিত হইয়া জিজ্ঞাসা করিল, লোকটিকে দেখতে কেমন ? বললেন না কেন সে এখানে নেই ?

অজিত কহিল, সে সংবাদ তাঁকে দিয়েছি ।

আশুদ্বাব্দ বলিলেন, কমল, এই রাজেন ছেলোটিকে আমি দু'-তিনবারের বেশী ঘেঁষিনি—বিপদে না পড়লে তার সাক্ষাৎ মেলে না, কিন্তু মনে হয় তাকে অভ্যস্ত ভালবাসি । কি যেন একটা মহামূল্য জিনিস সে সঙ্গে নিষে বেড়ায় । অথচ, হরেন্দ্রর মুখে শুনিন সে ভারী wild,—পুলিসে তাকে সন্দেহের চোখে দেখে, ভয় হয় কোথায় কি একটা বিজ্রাট ঘটিলে বসবে, হয়ত খবরও একটা পাবে না,—এই দেখ না হঠাৎ কোথায় যে অদৃশ্য হয়েছে কেউ খুঁজে পাচ্ছে না ।

কমল প্রশ্ন করিল, হঠাৎ যদি খবর পান সে বিপদে পড়েছে, কি করেন ?

আশুদ্বাব্দ বলিলেন, কি করি সে জবাব শুধু তখনই দেওয়া যায়, এখন নয় । অসুখের সময় নীলিমা আর আমি বহু কাহিনীই তার হরেনের কাছ থেকে শুনোঁচি । পরার্থে আপনাকে সত্যি করে বিলিয়ে দেওয়ার স্বল্পপটা যে কি, শুনতে শুনতে যেন তার ছবি দেখতে পেতাম । ভগবানের কাছে প্রার্থনা করি যেন না তার কোন বিপদ ঘটে ।

প্রকাশ্যে কেহ কিছু বলিল না, কিন্তু মনে মনে সকলেই বোধ হয় এ প্রার্থনায় যোগ দিল ।

কমল জিজ্ঞাসা করিল, নীলিমাকে আজ ত দেখতে পেলাম না ? বোধ করি কাজে ব্যস্ত আছেন ?

আশুদ্বাব্দ কহিলেন, কাজের লোক, দিনরাত বাজেই ব্যস্ত থাকেন সত্যি, কিন্তু আজ শুনতে পেলাম মাথা ধরে বিছানা নিয়েছেন । শরীরটা বোধ হয় একটু বেশী রকমই খারাপ হয়েছে, নইলে এ তাঁর স্বভাব নয় । কোন মানুসই যে অবিশ্রান্ত

এত সেবা, এত পরিশ্রম করতে পারে, নিজের চোখে না দেখলে বিশ্বাস করা যায় না ।

ক্ষণকাল চুপ করিয়া থাকিয়া বলিলেন, অবিনাশের সঙ্গে আলাপ আগ্রায় । মাঝে মাঝে আসি যাই—কতটুকুই বা পরিচয়, অথচ, আজ ভাবি সংসারে আপন-পর বলে যে একটা কথা আছে সে কত অর্থহীন । দুনিয়ার আপনার পর কেউ নেই কমল, স্রোতের টানে কে যে কখন কাছে আসে, আর কে যে ভেসে দূরে যায় তার কোন হিসাব কেউ জানে না ।

কথাটা যে কাহাকে উদ্দেশ্য করিয়া কিসের দৃষ্টিতে বলা হইল তাহা শুধু সেই অপরিচিত রমণী বেলা ব্যতীত অপর সকলেই বুঝিল । আশুবাণ্ডু কতকটা যেন নিজের মনেই বলিতে লাগিলেন, এই রোগ থেকে উঠে পৰ্ব্বন্ত সংসারে অনেক জিনিসই যেন আর একরকম চেহারায় চোখে ঠেকে । মনে হয়, কিসের জনাই বা এত টানাটানি, এত বাঁধাবাঁধি, এত ভালমন্দ বাদানুবাদ,—মানুষে অনেক ভুল, মানুষে অনেক ফাঁকি নিজের চারপাশে জমা করে স্বেচ্ছায় কনা হয়ে গেছে । আজও তাকে বহু যুগ ধরে অনেক অজানা সত্য আবিষ্কার করতে হবে, তবে যদি একদিন সে সত্যিকার মানুষ হয়ে উঠতে পারে । আনন্দ ত নয়, নিরানন্দই যেন তার সভ্যতা ও ভদ্রতার চরম লক্ষ্য হয়ে উঠেছে ।

কমল বিস্ময়ে চাহিয়া রহিল । তাহার বাক্যের তাৎপর্য যে নিঃসংশয়ে বুঝিতেছে তাহা নয়,—যেন কুয়াশার মধ্যে আগলুকের মুখ দেখা । কিন্তু পায়ের চলন অত্যন্ত চেনা ।

আশুবাণ্ডু আপনিই থামিলেন । বোধ হয় কমলের বিস্মিত দৃষ্টি তাঁহাকে নিজের দিকে সচেতন করিল, বলিলেন, তোমার সঙ্গে আমার আরও কথা আছে কমল, আর একদিন এসো ।

আসবো । আজ যাই ।

এসো । গাড়িটা নীচেই আছে, তোমাকে পৌঁছে দেবে বলেই বাসদেওকে এখনো ছুটি দিইনি । অজিত, তুমিও কেন সঙ্গে যাও না, ফেরবার পথে তোমাদের আশ্রমে তোমাকে নামিয়ে দিয়ে আসবো ।

উভয়ে তাঁহাকে নমস্কার করিয়া বাহির হইয়া আসিল । বেলা সঙ্গে সঙ্গে গাড়ির কাছে আসিয়া কহিল, আপনার সঙ্গে আলাপ করবার আজ সময় হলো না, কিন্তু এবার যেদিন দেখা হবে আমি ছাড়বো না ।

কমল হাসিয়া ঘাড় নাড়িয়া কহিল, সে আমার সৌভাগ্য । কিন্তু ভয় হয় পরিচয় পেয়ে না আপনার মত বদলায় ।

গাড়ির মধ্যে দৃষ্টিতে পাশাপাশি বসিয়া । রাস্তায় মোড় ফিরিলে কমল কহিল, এমনি অন্ধকার ছিল মনে পড়ে ?

পড়ে ।

সোদিনের পাগলামি ?

তাও মনে পড়ে !

আমি রাজী হয়েছিলাম সে মনে আছে ?

অজিত হাসিয়া কহিল, না। কিন্তু আপনি যে বিদ্রূপ করেছিলেন সে মনে আছে।

কমল বিশ্বাস প্রকাশ করিয়া কহিল, বিদ্রূপ করেছিলাম ? কৈ না।

নিশ্চয় করেছিলেন।

কমল বলিল, তা হলে আপনি ভুল বুঝেছিলেন। সে যাক, আজ ত আর তা করিচি নে—চলুন না, আজই দরজনে চলে যাই ?

দ্বাং ! আপনি ভারী দৃষ্ট।

কমল হাসিয়া ফেলিল, কহিল, দৃষ্ট কিসের ? আমার মত এমন শাস্ত্র সুবোধ কে আছে বলুন ত ? হঠাৎ হুকুম করলেন, কমল, চল যাই,—তক্ষণি রাজী হয়ে বললাম, চলুন।

কিন্তু সে ত শূদ্র পরিহাসই।

কমল বলিল, বেশ, না হয় পরিহাসই হলো, কিন্তু হঠাৎ অপরাধটা কি করেছি বলুন ত ? ডাকতেন তুমি বলে, আরম্ভ করেছেন আপনি বলতে। কত দৃষ্টে কষ্টে দিন চলে—আপনাদেরই জামা-কাপড় সেলাই করে ফোন মতে হরত দৃষ্টি খেতে পাই, অথচ, আপনার টাকার অর্ধি নেই,—একটা দিনও কি খবর নিয়েছেন ? মনোরমা এ দৃষ্টে পড়লে কি আপনি সহিতেন ? দিনরাত খেটে খেটে কত রোগা হয়ে গেছি দেখুন ত ? এই বলিয়া সে নিজের বাঁ হাতখানি অজিতের হাতের উপর রাখিতেই আর্চিস্বতে তাহার সর্বশরীর শিহরিয়া উঠিল। অক্ষুটে কি একটা বলিতে চাইল, কিন্তু সহসা হাত টানিয়া লইয়া চেঁচাইয়া উঠিল, ড্রাইভার, রোকো রোকো,—এ যে পাগলা-গারদের সামনে এসে পড়েচি। গাড়ি ঘুরিয়ে নাও। অন্ধকারে ঠিক ঠাণ্ড করতে পারা যায়নি।

অজিত কহিল, হাঁ, দোষ অন্ধকারের। শূদ্র সান্ফনা এই যে, হাজার অবিচারেও ও-বেচারার প্রতিবাদ করার জো নেই। সে অধিকারে ও বশিত। এই বলিয়া সে এবটু হাসিল। শূনিয়া কমলও হাসিল, কহিল, তা বটে। কিন্তু বিচার জিনিসটাই ত সংসারে সব নয় ; এখানে অবিচারেরও স্থান আছে বলে আজও দুনিয়া চলচে, নইলে কোনকালে সে থেমে যেতো। ড্রাইভার, থামাও।

অজিত কবট খুলিয়া দিতে কমল রাস্তার নামিয়া আসিয়া কহিল, অন্ধকারের ওর চেনেও বড় অপরাধ আছে অজিতবাবু, একটা যেতে ভয় করে।

এই ইঙ্গিতে অজিত নিঃশব্দ পাশে নামিয়া দাঁড়াইতেই কমল ড্রাইভারকে বলিল, এবার তুমি বাড়ি যাও, এঁর ফিরে যেতে দেরি হবে।

সে কি কথা ! এত রাত্রে এ-দৃষ্টে আমি গাড়ি পাব কোথায় ?

তার উপায় আমি করে দেব।

গাড়ি চলিয়া গেল। অজিত কহিল, কোন ব্যবস্থাই হবে না জানি, অন্ধকারে

তিন-চার মাইল হাঁটতে হবে। অথচ, আপনাকে পেঁছে দিয়ে আমি অনায়াসে ফিরে যেতে পারতাম।

পারতেন না। কারণ আপনাকে না খাইয়ে ওই আগ্রমের অনিশ্চয়তার মধ্যে আমি যেতে দিতে পারতাম না। আসুন।

বাসায় দাসী আলো জ্বালিয়া আজ অপেক্ষা করিয়া ছিল, ডাকিতেই দ্বার খুলিয়া দিল। উপরে গিয়া কমল সেই সুন্দর আসনখানি পাতিল্লা রান্নাঘরে বসিতে দিল। আরোজন প্রস্তুত ছিল, স্টেভ জ্বালিয়া রান্না চড়াইয়া দিয়া অদূরে উপবেশন করিয়া জিজ্ঞাসা করিল, এমনি আর একদিনের কথা মনে পড়ে?

নিশ্চয় পড়ে।

আচ্ছা, তার সঙ্গে আজ কোথায় তফাত বলতে পারেন? বলুন ত দেখি?

অজিত ঘরের মধ্যে ইতস্ততঃ দৃষ্টিপাত করিয়া কোনখানে কি ছিল এবং নই, মনে করিবার চেষ্টা করিতে লাগিল।

কমল হাসিমুখে কহিল, ওদিকে সারারাত খুঁজলেও পাবেন না; আর একদিকে সম্বন্ধ করিতে হবে।

কোন দিকে বলুন তো?

আমার দিকে।

অজিত হঠাৎ কি একপ্রকার লঙ্কায় সংকুচিত হইয়া গেল। আশ্বে আশ্বে বলিল, কোনদিনই আপনার মূখের পানে আমি খুব বেশী করে চেয়ে দেখিনি। অন্য সবাই পেরেছে, শুধু আমিই কি জানি কেন পেরে উঠিনি।

কমল কহিল, অপরের সঙ্গে আপনার প্রভেদ ওইখানে। তারা যে পারতো তার কারণ, তাদের দৃষ্টির মধ্যে আমার প্রতি সম্ভ্রম-বোধ ছিল না।

অজিত চুপ করিয়া রহিল। কমল বলিতে লাগিল, আমি স্থির করেছিলাম যেমন করে হোক আপনাকে খুঁজে বার করবোই। আশুবাবদুর বাড়িতে আজই যে দেখা হবে এ আশা ছিল না, কিন্তু নৈবাৎ দেখা হয়ে যখন গেল, তখনই জানি ধরে আনবোই। খাওয়ানো একটা ছোট উপলক্ষ্য—তাই ওটা শেষ হলেই ছুটি পাবেন না। আজ রাত্রে আপনাকে আমি কোথাও যেতে দেবো না—এই বাড়িতেই বন্ধ করে রাখবো।

কিন্তু তাতে আপনার লাভ কি?

কমল কহিল, লাভের কথা পরে বলবো, কিন্তু আমাকে 'আপনি' বললে আমি সত্যিই ব্যথা পাই। একদিন 'ভূমি' বলে ডাকতেন, সেদিনও বলতে আমি সার্থিন, নিজে ইচ্ছে করেই ডেকেছিলেন। আজ সেটা বদলে দেবার মত কোন অপরাধও করিনি। অভিমান করে সাড়া যদি না দিই, আপনি নিজে কষ্ট পাবেন।

অজিত ঘাড় নাড়িয়া বলিল, তা বোধ হয় পাবো।

কমল কহিল, বোধ হয় নয়, নিশ্চয় পাবেন। আপনি আগ্রায় এসেছিলেন মনোরমার জন্যে। কিন্তু সে যখন অমন করে চলে গেল, তখন সবাই ভাবলে আর

একদণ্ডও আপনি এখানে থাকবেন না। কেবল আমি জানতাম আপনি যেতে পারবেন না। আচ্ছা, আমিও যে ভালবাসি এ কথা আপনি বিশ্বাস করেন ?

না, বরিনে।

নিশ্চয় বরেন। তাহিতে আপনার বিরুদ্ধে আমার অনেক নালিশ আছে।

অজিত কৌতুহলী হইয়া বলিল, অনেক নালিশ ? একটা শুন।

কমল বলিল, শোনাবো বলেই ত যেতে দিইনি। প্রথমে নিজের কথাটা বলি। উপায় নেই বলে দঃখী-গরীবদের কাপড় সেলাই করে নিজের খাওয়া-পরা চালাই—এ আমার সয়। কিন্তু দায়ে পড়াঁচ বলে আপনারও জামা সেলাই করার দাম নেবো—এও কি সয় ?

কিন্তু তুমি ত কারও দান নাও না !

না দান আমি কারও নিইনে, এমন কি আপনারও না। কিন্তু দান করা ছাড়া দেবার কি সংসারে আর কোন পথ খোলা নেই ? কেন এসে জোর করে বললেন না, কমল; এ কাজ তোমাকে আমি করতে দেবো না। আমি তার কি জবাব দিতাম। আজ যদি কোন দুর্বিপাকে আমার খেটে খাবার শক্তি যায়, আপনি বেঁচে থাকতে কি আমি পথে পথে ভিক্ষে করে বেড়াবো ?

কথাটা বাথায় তাহাকে ব্যাকুল করিয়া দিল, বলিল, এমন হতেই পারে না কমল, আমি বেঁচে থাকতে এ অসম্ভব। তোমার সম্বন্ধে আমি একটা দিনও এমন করে ভেবে দেখিনি। এখনো যেন বিশ্বাস হতে চায় না যে, যে কমলকে আমরা সবাই জানি সেই তুমি।

কমল কাঁহিল, সবাই যা ইচ্ছে জানুক, কিন্তু আপনি কি কেবল তাদেরই একজন ? তার বেশি নয় ?

এ প্রশ্নের উত্তর আসিল না, বোধ করি অত্যন্ত কঠিন বলিয়াই এবং ইহার পরে উভয়েই নীরব হইয়া রহিল। হয়ত অপরকে প্রশ্ন করার চেয়ে নিজেকে জিজ্ঞাসা করার প্রয়োজন দু'জনেই বেশি করিয়া অনুভব করিল।

কি-ই বা রাগ্না, শেষ হইতে বিলম্ব হইল না ! আহায়ে বসিয়া অজিত গম্ভীর হইয়া বলিল, অথচ মজা এই যে, যার যত টাকাকড়ি থাকুক তোমার উপার্জনের অল্প হাত পেতে না খেয়ে কারও পরিচালনা নেই। অথচ, নিজে তুমি কারও নেবে না, কারও খাবে না। মাথা ঝুঁড়ে মরে গেলেও না।

কমল হাসিয়া কাঁহিল, আপনারা খান কেন ? তা ছাড়া কবেই বা আপনি মাথা ঝুঁড়লেন ?

অজিত বলিল, মাথা খোঁড়বার ইচ্ছে বহুবারই হয়েছে। আর, তোমার খাই শব্দ, তোমার জ্বরদাঁস্তের সঙ্গে পেরে উঠিনে বলে। আজ আমি যদি বলি, কমল, এখন থেকে তোমার সমস্ত ভার নিলাম, এ উজ্জ্বলিত আর ক'রো না, তুমি তখনি হয়ত এমনি কটু কথা বলে উঠবে যে আমার মূখ দিয়ে আর দ্বিতীয় বাক্য বার হবে না।

কমল জিজ্ঞাসা করিল, এ কথা কি বলিছিলেন কোনদিন ?

মনে হয় যেন বলেছিলাম।

আর আমি শূন্যনি সে কথা ?

না।

তা হলে শোনবার মত করে বলেন নি ! হয়ত, মনের মধ্যে শুধু ইচ্ছে হয়েই ছিল—মুখ দিয়ে তা প্রকাশ পায়নি।

আচ্ছা, ধর আজই যদি বলি ?

তা হলে আমিও যদি বলি,—না।

অজিত হাতের গ্রাস নামাইয়া রাখিয়া কাঁহল, এই ত ! তোমাকে একটা দিনও আমার বদ্বতে পারলাম না। যেদিন তাদের সম্মুখে প্রথম দেখি সেদিনও যেমন তোমার কথা বদ্বিনি, আজও তেমনি আমাদের সকলের কাছে তুমি রহসাই রয়ে গেলে। এইমাত্র নিজেই বললে আমার ভার নিন—আবার তখনি বললে, না।

কমল হাসিয়া কাঁহল, এমনি ধারা একটা 'না' আপনি বলুন ত দেখি ? বলুন ত যা খেয়েছেন আর কোনদিন খাবেন না, কেমন আপনার কথা থাকে।

অজিত কাঁহল, থাকবে কি করে ? না খাইয়ে তুমি ত ছেড়ে দেবে না।

কিন্তু এবার কমল আর হাসিল না। শান্তভাবে বলিল, আমার ভার নেবার সমস্ত আজও আপনার আসেনি। যেদিন আসবে, সেদিন আমার মুখ দিয়ে 'না' বেরুবে না। রাত হয়ে যাচ্ছে, আপনি খেয়ে নিন।

নেই। সেদিন কখনো আসবে কিনা বলে দিতে পার ?

কমল মাথা নাড়িয়া কাঁহল, সে আমি পারিনে। জবাব আপনাকে নিজেই একদিন খুঁজে নিতে হবে।

সে শক্তি আমার নেই। একদিন অনেক খুঁজোঁচ কিন্তু পাইনি। জবাব তোমার কাছে পাবো, এই আশা করে আজ থেকে হাত পেতে থাকব।

এই বলিয়া অজিত নিঃশব্দে খাইতে লাগিল। খানিক পরে কমল জিজ্ঞাসা করিল, এত জায়গা থাকতে আপনি হঠাৎ হরেন্দ্রর আশ্রমে গিয়ে উপস্থিত হলেন কেন ?

অজিত কাঁহল, কোথাও ত থাকা চাই। তুমি নিজেই ত জানো আগ্রা ছেড়ে আমার ঘাবার জো ছিল না।

জানি তা হলে ?

হাঁ, জানো বৈ কি।

আর তাই যদি সত্য, সোজা আমার কাছে চলে এলেন না কেন ?

যদি আসতাম, সত্যিই কি স্থান দিতে ?

সত্যি ত আর আসেন নি ? সে যাক, কিন্তু হরেন্দ্রর আশ্রমে ত কন্টের সীমা নেই,—সেই ওদের সাধনা—কিন্তু অত কষ্ট আপনার সইল কি করে ?

জানিনে কি করে সইল, কিন্তু আজ আর আমার ও-কথা মনেও হয় না। এখন ওদেরই আমি একজন। হয়ত, এই আমার সমস্ত ভবিষ্যতের জীবন। এতদিন চূপ

করেও ছিলাম না। লোক পাঠিয়ে স্থানে স্থানে আশ্রম প্রতিষ্ঠার চেষ্টা করেচি—তিন চারটি আশ্রমের আশাও পেরেচি—ইচ্ছে আছে নিজে একবার বার হব।

এ পরামর্শ আপনাকে দিলে কে? হরেন্দ্র বোধ হয়?

অজিত কহিল, যদি দিলেও থাকেন নিষ্পাপ হয়েই দিয়েছেন।' দেশের সর্বনাশ যারা চোখে দেখেচে—এর দারিদ্র্যের নিষ্ঠুর দৃশ্য, এর ধর্মহীনতার গভীর গ্লানি, এর দৌর্বল্যের একান্ত ভীরুতা—

কমল বাধা দিয়া বলিল; হরেন্দ্র এ-সব দেখেছেন অস্বীকার করিনে, কিন্তু আপনার ত শৃঙ্খল শোনা কথা। নিজের চোখে কোন কিছু দেখবার ত আজও সুযোগ পাননি।

কিন্তু এ সবই ত সত্য?

সত্য নয় তা বলিনি, কিন্তু তার প্রতিকারের উপায় কি এই আশ্রম প্রতিষ্ঠা?

নয় কেন? ভারতবর্ষ বলিতে ত শৃঙ্খল উত্তরে হিমালয় এবং অপর তিনদিকে সমুদ্র-ঘেরা কতকটা ভূখণ্ড মাত্র নয়? এর প্রাচীন সভ্যতা, এর ধর্মের বিশিষ্টতা, এর নীতির পাবিত্রতা, এর ন্যায়-নিষ্ঠার মহিমা,—এই ত ভারত, তাই ত এর নাম দেবভূমি—একে নিরতিশয় হীনতা থেকে বাঁচবার তপস্যা ছাড়া আর কি কোন পথ আছে? ব্রহ্মচার্যব্রত-খারী নিষ্কলুষ ছেলেদের—জীবনে সার্থক হবার—খ্যা হবার—

কমল বাধা দিয়া বলিয়া উঠিল, আপনার খাওয়া হয়েছে, হাত-মুখ ধুয়ে ও-ঘরে চলুন—আর না।

তুমি খাবে না?

আমি কি দুবেলা খাই যে আজ খাব? উঠুন।

কিন্তু আশ্রমে আমাকে ত ফিরে যেতে হবে।

না হবে না, ও-ঘরে চলুন। অনেক কথা আমার শোনবার আছে।

আচ্ছা চলো। কিন্তু বাইরে থাকবার আমাদের বিধি নেই, যত রাতিই হোক আশ্রমে আমাকে ফিরতেই হবে।

কমল বলিল, সে বিধি দীক্ষিত আশ্রমবাসীদের, আপনার জন্য নয়।

কিন্তু লোকে বলবে কি?

লোকের উল্লেখে কোনদিনই কমলের ঋষি থাকে না, কহিল, লোকেরা আপনাকে শৃঙ্খল নিষেধই করবে, রক্ষা করতে পারবে না। যে পারবে তার কাছে আপনার ভয় নেই,—তাদের চেয়ে আমি ঢের বেশি আপনার! সেদিন সঙ্গে যেতে আমাকে ডেকে-ছিলেন—কিন্তু পারিনি, আজ আর না পারলে আমার চলবে না। চলুন ও-ঘরে, আমাকে ভয় নেই। পদুর্ঘের ভোগের বস্তু যারা আমি তাদের জাত নই। উঠুন।

এ ঘরে সানিয়া কমল সম্পূর্ণ নতুন শয্যা-বস্তু দিয়া খাটের উপর পরিপাটি করিয়া বিছানা করিয়া দিল এবং নিজের জন্য মেঝের উপর যেমন-তেমন গোছের আর একটা পাতিল্লা রাখিয়া কহিল, আসাচি। মিনিট-দশেকের বেশী দৌর হবে না, কিন্তু ঘুমিয়ে পড়বেন না যেন।

না।

তা হলে ঠেলে তুলে দেব।

তার দরকার হবে না কমল, ঘুম আমার চোখ থেকে উবে গেছে।

আচ্ছা, সে পরীক্ষা পরে হবে—এই বলিয়া সে ঘর হইতে বাহির হইয়া গেল। রাম্মার পাঠগদুলি যখন স্থানে তুলিয়া রাখা, উচ্ছ্বিত বাসন বারান্দায় বাহির করিয়া দেওয়া, দাসী বহুক্ষণ চলিয়া গেছে,—নীচে সিঁড়ির কবাট বন্ধ করা—গৃহস্থালীর এমনি সব ছোটখাটো কাজ তখনো বাকী, সে-সব সারিয়া তবে তাহার ছুটি।

কমলের সহজে-রচিত শব্দ সন্দ্বন্দর শস্যটির 'পরে' বসিয়া একাকী ঘরের মধ্যে হঠাৎ তাহার দীর্ঘনিশ্বাস পড়িল। বিশেষ কোন গভীর হেতু যে ছিল তাহা নব, শব্দ মনের মধ্যে একটা ভালো-লাগার তৃপ্ত। হয়ত একটু কোঁতুল মিশানো, কিন্তু আগ্রহের উত্তাপ নাই—শব্দ একটি শাস্ত আনন্দের মধুর স্পর্শ যেন নিঃশব্দে সর্বত্র পরিব্যাপ্ত করিয়াছে।

অজিত ধনীর সন্তান, আজন্ম বিলাসের মধ্যেই প্রতিপালিত; কিন্তু হরেশ্বর ব্রহ্মচর্যাশ্রমে ভর্তি হওয়া অবধি দৈন্য ও আশ্র-নিগ্রহের সন্দর্ভগম পথে ভারতীয় বৈশিষ্ট্যের মর্মোপলব্ধির একাগ্র সাধনা এদিক হইতে দৃষ্টি তাহার অপসারিত করিয়াছিল। হঠাৎ চোখে পড়িল হলদে রঙের সূতা দিয়া তৈরী বালিশের অড়ের চারিধারে ছোট গুলি-কয়েক চন্দ্রমালিকা ফুল। বিছানার চাদরের যে কোণটি ঝুলিয়া আছে তাহাতে সাদা রেশম দিয়া বোনা কোন একটি অজানা লতার একটুখানি ছবি। একটুকু শিল্পকর্ম—সামান্যই ব্যাপার। কত লোকের ঘরেই তা আছে। অবসরকালে কমল নিজের হাতে সেলাই করিয়াছে। দেখিয়া অজিত মুগ্ধ হইয়া গেল। হাতে করিয়া সেইটি নাড়াচাড়া করিতেছিল, কমল বাহিরের কাজ সারিয়া ঘরে আসিয়া দাঁড়াইতে তাহার মূখের পানে চাহিয়া বলিয়া উঠিল, বাঃ—বেশ ত!

কমল একটু আশ্চর্য হইল—কি বেশ? ঐ লতাটুকু?

হাঁ, আর এই হলদে রঙের ফুলগুলি। তুমি নিজে করেচ, না?

কমল হাসিমুখে বলিল, চমৎকার প্রশ্ন। নিজে নয় ত কি কারিগর ডেকে তৈরি করিয়েছি? আপনার চাই ঐ-রকম?

না না না—আমার চাইনে। আমি কি করব?

তাহার এই ব্যাকুল ও সলঞ্জ প্রত্যাখ্যানে কমল হাসিয়া কহিল, আশ্রমে নিজে গিয়ে শোবেন। কেউ জিজ্ঞেস করলে বলবেন, কমল রাত জেগে তৈরি করে দিয়েছে।

দ্বাঃ!

দ্বাঃ কেন? নিজের জন্য এ-সব জিনিস কেউ তৈরি করে না; করে আর-একজনের জন্যে। কষ্ট করে ঐ ফুলগুলি যে সেলাই করেছিলেন সে কি আপনি শোবো বলে? একদিন একজন আসবেই,—শব্দ তারই জন্যে এ-সব তোলা ছিল। সকালে যখন চলে যাবেন, সমস্ত আপনার সঙ্গে দেব।

এবার অজিত নিজেও হাসিল, কহিল, আচ্ছা, কমল, আমি কি এতই বোকা?

কেন ?

তুমি আমাকেই মনে করে এ-সব তৈরি করেছিলে এও বিশ্বাস বরব ?

কেন করবেন না ?

করব না সত্যি নয় বলে ।

কিন্তু সত্যি বললে বিশ্বাস করবেন বলুন ?

নিশ্চয় করব । তোমার পরিহাসের কোন সীমা নেই—কোথাও বাখে না । সেই মোটরে বেড়াবার কথা মনে হলে আমার লজ্জার অবধি থাকে না সে আলাদা । কিন্তু যা পরিহাস নয়, সে যে তুমি কোন কিছুর জন্যেই মিথ্যে বলতে পারো না, এ আমি জানি ।

তা হলে যদি বলি বাস্তবিক পরিহাস করিনি, সত্যি কথাই বলিচি, বিশ্বাস করবেন ?
নিশ্চয় করব ।

কমল কহিল, তা যদি করেন আজ আপনাকে সত্যি কথাই বলব । তখনো রাজেন আসেনি । অর্থাৎ আশ্রম স্থান না পেয়ে তখনো সে আমার গৃহে আশ্রয় নেয়নি । আমরাও ত সেই দশা । আপনারা সবাই যখন আমাকে ঘণার দূর করে দিলেন, এই বিদেশে কারো কাছে গিয়ে দাঁড়াবার যখন আর পথ রইল না,—সেই গভীর দুঃখের দিনের ঐ শিল্পকাজটুকু । সেদিন ঠিক কাকে স্মরণ করে যে করেছিলাম আমি কোন-দিন হয়ত জানতে পারতাম না । প্রায় ভুলেই গিয়েছিলাম । কিন্তু আজ বিছানা পাততে এসে হঠাৎ মনে হ'লো, না না, ওতে নয় । যাতে কেউ কোনদিন শব্দেছে তাতে আপনাকে আমি কোনমতে শব্দে দিতে পারিনে ।

কেন পারো না ?

কি জানি, কে যেন ধাক্কা দিয়ে ঐ কথা বলে দিয়ে গেল । এই বলিয়া সে ক্ষণকাল মৌন থাকিয়া কহিল, হঠাৎ স্মরণ হলো, ঐগুঁলি বাঞ্জে তোলা আছে । আপনি তখন বাইরে মুখ ধুঁছিলেন, এখনি এসে পড়বেন, তাড়াতাড়ি খুলে এনে পাততে গিয়ে আজ প্রথমে টের পেলাম, সেদিন যাকে ভেবে রাগি জেগে ফুল-লতা-পাতা এঁকেছিলাম সে আপনি ।

অজিত কথ কহিল না । শব্দ একটা আরক্ত আভা তাহার মুখের 'পরে দেখা দিয়া চক্ষের নিমিষে নিবিয়া গেল ।

কমল নিজেও কিছুক্ষণ নীরব থাকিয়া জিজ্ঞাসা করিল, চূপ করে কি ভাবচেন বলুন ত ?

অজিত কহিল, শব্দ চূপ করেই আছি, ভাবতে পারছি নে ।

তার কারণ ?

কারণ ! তোমার কথা শুনে আমার বন্ধুর ভিতর যেন ঝড় বয়ে গেল । শব্দই ঝড়,—না এলো আনন্দ, না এলো আশা ।

কমল নিঃশব্দে চাহিয়া রহিল । অজিত ধীরে ধীরে বলিতে লাগিল, কমলা একটা গল্প বলি শোনো । আমার মাকে একবার আমাদের গৃহদেবতা রাখাবল্লভজীউ

পূজোর ঘরে মূর্তি ধরে দেখা দিয়েছিলেন, তাঁর হাত থেকে খাবার নিয়ে সন্মুখে বসে থেকেছিলেন,—এ তাঁর নিজের চোখে দেখা। তবুও বাড়ির কেউ আমরা বিশ্বাস করতে পারিনি। সবাই বন্ধলে এ তাঁর স্বপ্ন, কিন্তু এই অবিশ্বাসের দ্বন্দ্ব তঁার মৃত্যুকাল পর্যন্ত যায়নি। আজ তোমার কথা শুনে আমার সেই কথা মনে পড়চে। তুমি তামাশা করোনি জানি, কিন্তু আমার মায়ের মতো তোমারো কোথাও মস্ত ভুল হয়েছে। মানুষের জীবনে এমন বহুকাল যায় নিজের সম্বন্ধে সে অন্ধকারেই থাকে। হয়ত ঠাৎ একদিন চোখ খোলে। আমারও তেমনি। এতদিন পৃথিবীর কত জায়গাতেই ত ঘুরেচি, শূদ্ধ এই আগ্রায় এসে আমি নিজেকে দেখতে পেলাম। আমার থাকার মধ্যে আছে শূদ্ধ টাকা, বাবার দেওয়া। এ ছাড়া এমন কিছুই নিজের নেই যে আমারও অজ্ঞাতসারে তুমি আমাকেই ভালবাসতে পার।

কমল কহিল, টাকার জন্যে ভাবনা নেই, আশ্রমবাসীরা একবার যখন সন্ধান পেয়েছে তখন সে বাবস্থা তরাই করবে, এই বলিয়া সে হাসিয়া কহিল, কিন্তু অন্য সকল দিকেই যে আপনি এমন নিঃস্ব এ খবর কি ছাই আগে পেয়েছি? তা ছাড়া, ভাল-মন্দ বুঝে দেখবার সময় পেলাম কৈ? মনের মধ্যে শূদ্ধ একটা সন্দেহের মতই ছিল,—ঠিকানা পেতাম না,—কেবল এই ত মিনিট-দশেক হ'লো একলা ঘরে বিছানার সন্মুখে দাঁড়িয়ে অকস্মাৎ ঠিক খবরটি কে এসে আমার কানে ফানে দিয়ে গেল।

অজিত গভীর বিস্ময়ে প্রশ্ন করিল, সত্যি বলচো মাত্র মিনিট-দশেক? কিন্তু সত্যি হলে এ ত পাগলামি।

কমল বলিল, পাগলামিই ত! তাই ত আপনাকে বলেছিলাম, আমাকে তার কোথাও নিয়ে চলুন। বিবাহ করে ঘর-সংসার করুন এ ভিক্ষে ত চাইনি?

অজিত অত্যন্ত কুণ্ঠিত হইল, কহিল, ভিক্ষে বলচ কেন কমল, এ ভিক্ষে চাওয়া নয়, এ তোমার ভালবাসার অধিকার। কিন্তু অধিকারের দাবী তুমি করলে না, চাইলে শূদ্ধ তাই যা বৃদ্ধবৃদ্ধের মত স্বল্পপায় এবং তারই মত মিথ্যে।

কমল কহিল, হতেও পারে এর পরমায়ু কম, কিন্তু তাই বলে মিথ্যে হবে বেন? আয়ুর দীর্ঘতাকে যাবা সত্য বলে আঁকড়ে ধরতে চায়, আমি তাদের কেউ নয়।

কিন্তু এ আনন্দের যে কোন স্থায়িত্ব নেই কমল!

না-ই থাক। কিন্তু গাছের ফুল শুকোবে বলে সন্মুখস্থায়ী শোলার ফুলের তোড়া বেঁধে যারা ফুলদানীতে সাজিয়ে রাখে, তাদের সঙ্গে আমার মতে মেটে; না। আপনাকে আরও একবার ঠিক এই কথাই বলেছিলাম যে, কোন আনন্দেরই স্থায়িত্ব নেই। আছে শূদ্ধ তার ক্ষণস্থায়ী দিনগাঢ়ি! সেই ত মানব-জীবনের চরম সঞ্জয়। তাকে বাঁধতে গেলেই সে মরে। তাই ত বিবাহের স্থায়িত্ব আছে, নেই তার আনন্দ। দুঃসহ স্থায়িত্বের মোটা দড়ি গলায় বেঁধে সে আত্মহত্যা করে মরে।

অজিতের মনে পড়িল ঠিক এই কথাই সে ইহারই কাছে পূর্বে শুনিয়াছে। শূদ্ধ মূখের কথা নয়, ইহাই তাহার অন্তরের বিশ্বাস। বিশ্বনাথ তাহাকে বিবাহ করে নাই

ফাঁকি দিরাছে, কিন্তু এ লইয়া কমল একটা দিনের জন্যও অভিযোগ করে নাই। কেন করে নাই? আজ এই প্রথম দিনের জন্য অজিত নিঃসংশয়ের বদ্বিল, এই ফাঁকির মধ্যে তাহার নিজেরও সার ছিল। পৃথিবী জুড়িয়া সমস্ত মানব-জাতির এই প্রাচীন ও পবিত্র অনন্ধানের প্রতি এতবড় অবজ্ঞার অজিতের মন খিকারে পূর্ণ হইয়া গেল।

মদুর্ভাগ্যময় মৌন থাকিয়া কহিল, তোমার কাছে গর্ব করা আমার সাজে না। কিন্তু তোমার কাছে আর আমি কিছই গোপন করব না। এরা বলেন, সংসারে কামিনী-কাণ্ডন ত্যাগ করাই পুরুষের সবচেয়ে বড় পুরুষার্থ। বৃদ্ধির দিক দিলে এ আমি বিশ্বাস করি এবং এ সাধনার সিদ্ধিলাভের চেয়ে মহত্তর কিছই নেই এ বিষয়েও আমি নিঃসংশয়। কাণ্ডন আমার যথেষ্ট আছে, তাতে লোভ নেই, কিন্তু সমস্ত জীবনে ভালবাসার কেউ নেই, বেউ কখনো থাকবে না, মনে হলে বৃদ্ধ হেন শূন্যে ওঠে। ভয় হয়, অন্তরের এ দুর্বলতা হয়ত আমি মরণকাল পর্যন্ত জয় করতে পারবো না। অদৃষ্টে তাই যদি কখনো ঘটে, আশ্রম ত্যাগ করে আমি চলে যাবো। কিন্তু, তোমার আহ্বান তার চেয়েও মিথ্যে! ও ডাকে সাড়া দিতে আমি পারব না।

এক মিথ্যে বলচেন কেন?

মিথ্যেই ত। মনোরমা সত্যই কখনো আমাকে ভালোবাসে নি, তার আচরণ যোকা যায়, কিন্তু শিবনাথের প্রতি শিবানীর ভালবাসা ত আমি নিজের চোখেই দেখেছি। সোদিন তার যেন আর সীমা ছিল না, কিন্তু আজ তার চিহ্ন পর্যন্ত বিলুপ্ত হয়ে গেছে।

কমল কহিল, আজ যদি তা গিয়েই থাকে, সোদিন কি শুধু আমার ছলনাই আপনার চোখে পড়েছিল?

অজিত বলিল, সে তুমিই জানো, কিন্তু আজ মনে হয় নারী-জীবনে এর চেয়ে মিথ্যে বৃদ্ধি তার নেই।

কমলের চোখের দৃষ্টি প্রখর হইয়া উঠিল, কহিল, নারী-জীবনের সত্যাসত্য নির্দেশের ভার নারীর পুরেই থাক। সে বিচারের দায়িত্ব পুরুষের গিলে কাজ নেই—মনোরমাও না, কমলেরও না। এমনি করেই সংসারে চিরদিন ন্যায় বিভ্রান্ত, নারী অসম্মানিত এবং পুরুষের চিন্ত সৎকীর্ত, কলুষিত হয়ে গেছে। তাই এই মিথ্যে-মামলার আর নিঃসংশয় হতে পেল না। অবিচারে কেবল একপক্ষই ক্ষতিগ্রস্ত হয় না, অজিতবাবু, দু'পক্ষেরই সর্বনাশ করে। সোদিন শিবনাথ যা পেয়েছিলেন, দুনিয়ার কম পুরুষের ভাগেই তা জোটে, কিন্তু আজ তা নেই। কেন নেই এই তর্ক তুলে পুরুষের মোটা হাতে মোটা দণ্ড ধরিয়ে শাসন করা চলে, কিন্তু ফিরে পাওয়া যায় না। সোদিনের থাকার যেমন সত্য, আজকের না-থাকাটাও ঠিক তত বড়ই সত্য। শঠতার হেঁড়া-কাঁথা মূড়ে একে ঢাকা দিতে লজ্জাবোধ করছি বলে পুরুষের বিচারে এই হলো নারী-জীবনের সবচেয়ে বড় মিথ্যে? এই সন্দিগ্ধতার আশাতেই আমরা আপনার মনু চেরে থাকি?

অজিত উত্তর দিল, কিন্তু উপায় কি? যা এমন ক্ষণস্থায়ী, এমন ভঙ্গুর, তাকে এ বংশী সম্মান মানুসে বেবে কেন?

কমল বলিল, দেবে না জানি। আমার উঠানের ধারে যে ফুল ফোটে তার জীবন একবেলার বেশী নয়। তার চেয়ে ওই মসলা-পেশা নোড়াটা ঢের টিকসই, ঢের দীর্ঘস্থায়ী। সত্য যাচাই করার এর চেয়ে মজবুত মানদণ্ড আপনারা পাবেন কোথায় ?

কমল, এ বন্ধু নয়, এ শত্রু তোমার রাগের কথা।

রাগ কিসের অজিতবাবু? কেবল স্থায়ী নিজেই যাদের কারবার, তারা এমনি করেই মূল্য ধার্ষ করে। আমার আহ্বানে যে আপনি সাড়া দিতে পারেন নি তার মূলেও এই সংশয়। চিরদিনের দাসখত লিখে যে বন্ধন নেবে না, তাকে বিশ্বাস করবেন আপনি কি দিয়ে? ফুল যে বোঝে না তার কাছে ঐ পাথরের নোড়াটাই ঢের বেশী সত্য। শূন্যে ঝরে যাবার শঙ্কা নেই, ওর আয়ু একটা বেলার নয়, ও নিত্যকালের। রোগের প্রয়োজনে ও চিরদিন রগড়ে রগড়ে মসলা পিষে দেবে—ভাত গেলবার তরকারির উপকরণ—ওর প্রতি নির্ভর করা চলে। ও না থাকলে সংসার বিস্বাদ হয়ে ওঠে।

অজিত তাহার মুখের দিকে চাহিয়া কাহিল, এ বিদ্রূপ কিসের কমল ?

কমলের কানে বোধ করি এ প্রশ্ন গেল না, সে যেন নিজের মনেই বলিতে লাগিল, মানুষে বোঝে না যে হ্রস্ব-বস্তুটা লোহার তৈরী নয়। অমন নিশ্চিত নির্ভয়ে তাতে ভর দেওয়া চলে না। দৃষ্টি যে নেই তা নয়, কিন্তু এই তার ধর্ম, এই তার সত্য। তথ্য এ কথা বলাও চলে না, স্বীকার করাও যায় না। এর চেয়ে বড় দুর্নীতি সংসারে আর আছে কি? তাই ত কেউ ভেবেই পেলো না শিবনাথকে কি করে আমি নিঃশেষে ক্ষমা করতে পারি। কে'দে কে'দে ঘোবনে যোগিনী হওয়াটা তাঁরা বঝতেন, কিন্তু এ তাঁদের সইল না। অরুচি ও অবহেলার সমস্ত মন তাঁদের তিতো হয়ে গেল। গাছের পাতা শূন্যে ঝরে যায়, তার ক্ষত নতুন পাতায় পূর্ণ করে তোলে। এই হলো মিথো, আর বাইরের শূন্যে লতা মরে গিয়েও গাছের সর্বাস জড়িয়ে কামড়ে এ'ট থাকে, সেই হলো সত্য ?

অজিত একমনে শূন্যে তাকাইল, শেষ হইলে সহসা একটা দীর্ঘশ্বাস ত্যাগ করিয়া কাহিল, একটা কথা আমরা প্রায় ভুলে যাই যে, আসলে তুমি আমাদের আপনার নয়। তোমার রক্ত, তোমার সংস্কার, তোমার সমস্ত শিক্ষা বিদেশের। তার প্রচণ্ড সংঘাত তুমি কিছুরেই কাটিয়ে উঠতে পারো না। বরং এইখানেই আমাদের সঙ্গে তোমার অহরহ খান্না লাগে। রাত অনেক হলো কমল, এ নিষ্ফল বলহ বন্ধ করো,—এ আদর্শ তোমার জন্য নয়।

কোন আদর্শ? আপনার ব্রহ্মচর্য-আশ্রমের ?

অজিত খোঁচা খাইয়া মনে মনে রাগ করিল, কাহিল, বেশ তাই। কিন্তু এ গুটতত্ত্ব বিদেশীদের জন্য নয়। এ তুমি বঝবে না।

আপনার শাগরোদি করলেও পারবো না।

না।

এবার কমল হাসিয়া উঠিল। যেন সে-মানুষ আর নয়। কাঁহিল, আচ্ছা বলুন ত, কি হলে ঐ সাধুদের আশ্রা থেকে আপনার নাম কাটিয়ে দিতে পারি? বাস্তবিক, ঐ আশ্রমটা হয়েছে যেন আমার চক্ষুশূল।

অজিত বিছানার শূইয়া পড়িয়া বলিল, রাজেন্দ্রকে ডেকে এনে তুমি অনায়াসে আশ্রয় দিলে,—তোমার কিছই বোধ হয় মনে হলো না,—না?

কি আবার মনে হবে?

এ-সব বোধ করি তুমি গ্রাহ্যই করো না?

কি গ্রাহ্য করিনে, আপনাদের মতামত? না!

নিজের সম্বন্ধেও বোধ করি কখনো ভয় করো না?

কমল বলিল, কখনো করিনে তা বলতে পারিনে, কিন্তু ব্রহ্মচারীদের ভয় किसের?

হঁ, বলিয়া অজিত চুপ করিয়া রহিল।

হঠাৎ একসময়ে বলিয়া উঠিল, কেঁচো মাটির নীচে অন্ধকারে থাকে, সে জানে বাইরের আলোতে বার হলে তার রঞ্জে নেই—তাকে গিলে খাবার অনেক মদুখ হাঁ করে আছে। লুকানো ছাড়া আত্মরক্ষার কোন উপায় সে জানে না। কিন্তু তুমি জানো মানুুষ কেঁচো নয়। এমন কি মেয়েমানুষ হলেও না। শাস্ত্রে আছে, নিজের স্বরূপটিকে জানতে পারাই পরম শক্তি,—এই জানাটাই তোমার আসল শক্তি, না কমল?

কমল কিছই না বলিয়া শূধু চাহিয়া রহিল।

অজিত কাঁহিল, মেয়েরা যে বস্তুটিকে তাদের ইহজীবনের যথাসর্বস্ব বলে জানে সেইখানে তোমার এমন একটি সহজ ঔদাসীন্য যে, যত নিশ্চই করি, সে-ই যেন আগুনের বেড়ার মতো তোমাকে অনুক্ষণ আগলে রাখে। গায়ে লাগবার আগেই পুড়ে ছাই হয়ে যায়। এইমাত্র আমাকে বলিছিলে পদ্রুঘের ভোগের বস্তু যারা তাদের জাত তুমি নও। আজ রাতে তোমার সঙ্গে মদুখোমদুখি বসে এই কথাটার মানে স্পষ্ট হয়ে আসচে। আমাদের নিশ্চই-সদুখ্যাতিতে অবজ্ঞা করার সাহস যে তুমি কোথায় পাও তাও বুঝতে পারিচি।

কমল কৃষ্ণমুখে মদুখ তুলিয়া কাঁহিল, ব্যাপার কি অজিতবাবু, কথাগুলো যে অনেকটা স্ত্রীবানের মত শোনাচ্ছে?

অজিত কাঁহিল, আচ্ছা কমল, সত্যি বলো, আমার মতামতও কি অন্য সকলের মতো? তোমার কাছে এমনি তুচ্ছ?

কিন্তু এ কথা জেনে আপনার হবে কি?

কমল, নিজেকে শক্তিমানে বলে আমি তোমার কাছে কোনদিন অহংকার করিনি। বাস্তবিক, ভিতরে ভিতরে আমি যেমন দুর্বল, তেমনি অসহায়। কোন কিছই জোর করে করার সামর্থ্য নেই আমার।

কমল হাসিয়া কাঁহিল, সে আমি আপনার নিজের চেয়েও ঢের বেশি জানি।

অজিত কাঁহিল, আমার কি মনে হয় তোমাকে পাওয়াও আমার যেমন সহজ, হারানোও আবার তেমন সহজ।

কমল বলিল, আমি তাও জানি ।

অজিত নিজের মনে মাথা নাড়িয়া বলিল, সেই ত । তোমাকে আজ পাওলাই ত
শুধু নয়, একদিন যদি এমনি করে হারাতেই হয় তখন কি হবে ?

কমল শাস্তকণ্ঠে কহিল, কিছই হবে না । সেদিন হারানোও ঠিক এমনি সহজ
হলে যাবে । যতদিন কাছে থাকবে আপনাকে সেই বিদ্যাই দিয়ে যাবে ।

অজিত অস্তরে চমকিয়া উঠিল । বলিল, বিলেতে থাকতে দেখেছি, ওরা কত সহজে,
কত সামান্য কারণেই না চিরদিনের মত বিচ্ছিন্ন হয়ে যায় । মনে ভাবি, কিছই কি
বাজে না ? আর এই যদি তাদের ভালবাসার পরিচয়, তারা সভ্যতার গর্ব করে
কিসের ?

কমল কহিল, অজিতবাবু, বাইরে থেকে খবরের কাগজে যত সহজ দেখেছেন, হলত
তত সহজ নয়, কিন্তু তবুও কামনা করি নরনারীর এই পরিচয়ই যেন একদিন জগতে
আলো-বাতাসের মত সহজ হয়ে যায় ।

অজিত নিঃশব্দে তাহার মুখের প্রতি চাহিয়া রহিল, কথা কহিল না । তারপর
ধীরে ধীরে অন্যদিকে মুখ ফিরাইয়া শূইতেই তাহার কি কারণে কোথা দিয়া চোখে
জল আসিয়া পড়িল ।

হলত কমল বদ্বিতে পারিল । উঠিয়া আসিয়া শয্যার একপ্রান্তে বসিয়া তাহার
মাথার মধ্যে হাত বুলাইয়া দিতে লাগিল, কিন্তু শাস্ত্রনার একটা কথাও উচ্চারণ
করিল না ।

সম্মুখের খোলা জানালা দিয়া দেখা গেল পূর্বের আকাশ স্বচ্ছ হইয়া আসিয়াছে ।

অজিতবাবু, মৃগমোবার বোধ করি আর সম্ময় নেই ।

না, এইবার উঠি । এই বলিয়া সে চোখ মুছিয়া উঠিয়া বসিল ।

॥ বাইশ ॥

সংসারে সাধারণের একজন মাত্র,—এর বেশী দাবী আশুদাব্দ বোধ করি তাঁর সৃষ্টিকর্তার কাছে একদিনও করেন নাই। পৈতৃক বিপদে ধন-সম্পদও যেমন শাস্ত আনন্দের সহিত গ্রহণ করিয়াছিলেন, বিরাট দেহ-ভার ও আনুষ্ঠানিক বাত-ব্যায়িটাও তেমন সাধারণ দৃষ্টির মতই স্বীকার করিয়া লইয়াছিলেন। জগতের সুখ-দুঃখে যে বিধাতা তাঁহাকেই লক্ষ্য করিয়া গড়েন নাই, তাহারা স্ব স্ব নিয়মেই চলে—এ সত্য শ্রদ্ধা বৃদ্ধি দিয়া নয়, হৃদয় দিয়া উপলব্ধি করিতেও তাঁহাকে তপস্যা করিতে হয় নাই; সহজাত সংস্কারের মতই পাইয়াছিলেন। একদিন আকস্মিক স্ত্রী-বিয়োগের দুঃখটানায় সমস্ত পৃথিবী যখন চোখের সম্মুখে শূন্য হইয়া দেখা দিল, সেদিনও যেমন ভাগ্য-দেবতাকে অজ্ঞ প্রকারণে লালিত করেন নাই, একান্ত স্নেহের ধন মনোরমাও যেদিন তাঁহার সমস্ত আশা-ভরসায় আগুন ধরাইয়া দিল, সেদিনও তেমন মাথা খুঁড়িয়া কাঁদিতে বসেন নাই। ক্ষোভ ও দুঃসহ নৈরাশ্যের মাঝখানেই তাঁহার মনের মধ্যে কে যেন অত্যন্ত পরিচিত কণ্ঠে বার বার করিয়া বলিতে থাকিত যে, এমনি হয়। এমনি দুঃখ বহু মানবের ভাগ্যে বহুবার ঘটিয়াছে, এবং এমনি করিয়াই সংসার চলে। ইহার কোথাও নূতনত্ব নাই, ইহা সৃষ্টির মতই সুপ্রাচীন। উচ্ছ্বাসিত শোকের তরঙ্গ তুলিয়া ইহাকে নবীন করিয়া সংসারে পরিব্যাপ্ত করায় না আছে পৌরুষ, না আছে প্রয়োজন। তাই সর্ববিধ দুঃখই তাহাতে আপনিই শাস্ত হইয়া চারিদিকে এমন একটি স্নিগ্ধ-প্রসন্নতার বেগুনি সঞ্জন করিত যে, ভিতরে আসিলে সকলের সকল বোঝাই যেন আপনা হইতে লঘু ও অকিঞ্চিৎকর হইয়া যাইত।

এইভাবে আশুদাব্দের চিরদিন কাটিয়াছে। আগ্রায় আসিয়াও নানা বিপর্যয়ের মধ্যে ইহার ব্যত্যয় ঘটে নাই, অথচ এই ব্যতিক্রমটুকুই চোখে পড়িতে লাগিল আজকাল অনেকেরই। হঠাৎ দেখা যায় তাঁহার আচরণে ধৈর্যের অভাব বহুস্থলেই যেন চাপা পড়িতে চাহে না, মনে হয় আলাপ-আলোচনা অকারণে রক্ততার ধার ঘেঁষিয়া আসে, মন্তব্য প্রকাশের অহেতুক তীক্ষ্ণতা চাকর-বাকরদের কানে অশ্রুত শুনায়—কিন্তু কেন যে এমন ঘটতেছে তাহাও ভাবিয়া পাওয়া দুষ্কর। রোগের বাড়াবাড়ির মধ্যেও এ বিকৃত তাহাতে অবিশ্বাস্য মনে হইত, এখন ত সারিয়া আসিতেছে। কিন্তু হেতু বাই হোক, একটু লক্ষ্য করিলেই বঝা যায় তাঁহার নিভৃত চিন্ত-তলে যেন একটা দাহ চলিতেছে; তাহারই অগ্নিস্থলিঙ্গ মাঝে মাঝে বাহিরে ফাটিয়া পড়ে।

প্রকাশ করিয়া আজও বলেন নাই বটে, কিন্তু আভাস পাওয়া যায় যে, আগ্রাবাসের দিন তাঁহার ফুরাইয়া আসিল। হয়ত আর একটুখানি সুস্থ হওয়ার বিলম্ব। তার পরে হঠাৎ যেমন একদিন আসিয়া উপস্থিত হইয়াছিলেন, তেমন হঠাৎ আর একদিন নিঃশব্দে অন্তর্হিত হইয়া যাইবেন।

বিকেলবেলাটায় আজকাল পদস্থ বাঙালীদের অনেকেই দেখা করিয়া খেঁজ লইতে আসেন। সপ্তমীক ম্যাজিস্ট্রেট সাহেব, রায়বাহাদুর সদরআলা, কলেজের অধ্যাপক-মণ্ডলী—নানা কারণে স্থানত্যাগের সুযোগ যাহারা পান নাই তাহারা—হরেন্দ্র, অজিত এবং বাঙালীপাড়ার যাহারা আনন্দের দিনে বহু পোলাও-মাংস উদরস্থ করিয়া গেছেন, তাহাদের কেহ কেহ। আসে না শব্দ অক্ষয়, এখানে সে নাই বলিয়া। মহামারীর সূচনাতেই সন্দীক বাড়ি গিয়াছে, বোধ হয় দেশ ঠান্ডা হওয়ার সংবাদ পেঁয়িছবার প্রতীক্ষা করিতেছে। আর আসে না কমল। সেই যে আসিয়াছিল, আর তাহার দেখা নাই।

আশুদ্বাব্দ মজলিসী লোক, তথাপি তেমন করিয়া মজলিসে আর যোগ দিতে পারেন না, উপস্থিত থাকিলেও প্রায় নীরবে থাকেন,—তাহার স্বাস্থ্যহীনতা স্মরণ করিয়া লোকে সানন্দে ক্ষমা করে। একদিন যে সকল কর্তব্য মনোরমা করিত, আত্মীয় বলিয়া এখন বেলাকে তাহা করিতে হয়। আতিথেয়তার কোথাও হ্রদটি ঘটে না, বাহিরের লোকে বাহির হইতে আসিয়া ইহার রসটুকুই উপভোগ করে, হয়ত বা সভাশেষে পরি-তৃপ্তিভুক্ত এই নিরাভিমান গৃহস্বামীকে মনে মনে ধনাবাদ জানাইয়া সর্বিস্থলে ভাবে, অভ্যর্থনার এমন নিখুঁত ব্যবস্থা এই পীড়িত মানু্যটিকে দিয়া নিতাই কি করিয়া সম্ভবপর হয়।

সম্ভব কি করিয়া যে হয় এই ইতিহাসটুকুই গোপনে থাকে। নীলিমা সকলের সম্মুখে বাহির হইত না, অভ্যাসও ছিল না, ভালও বাসিত না। কিন্তু অন্তরাল হইতে তাহার জাপ্রত দৃষ্ট সর্বক্ষণ এই গৃহের সর্বত্রই পরিব্যাপ্ত থাকে। তাহা যেমন নিগূঢ়, তেমন নীরব। শিরায় সঞ্চারিত রক্তধারার ন্যায় এই মনঃশব্দ প্রবাহ একাকী আশুদ্বাব্দ ভিন্ন আর বোধ করি কেহ অনুভবও করে না।

হিম-ধাতুর প্রথমার্ধ প্রায় গত হইতে চলিল, কিন্তু যে-কারণেই হোক, এ বৎসর শীত এখনো তেমন কড়া করিয়া পড়ে নাই। আজ কিন্তু সকাল হইতে টিপটিপ বৃষ্টি নামিয়াছিল; বিকেলের দিকে সেটা চাপিয়া আসিল। বাহিরের কেহ যে আসিতে পারিবে এমন সম্ভাবনা রহিল না। ঘরের সাসীগুলো অসময়েই বন্ধ হইয়াছে। আশুদ্বাব্দ আরাম-কেন্দারায় তেমনি পা ছড়াইয়া একটা শাল চাপা দিয়া কি-একখানা বই পড়িতেছেন, বেলা হয়ত কতকটা বিরক্তির জন্য বলিয়া বাসিল, এ পোড়া-দেশের সবই উলানো। কিছুকাল আগে এ অঞ্চলে একবার এসেছিলাম—জুন কিংবা জুলাই হয়ত হবে, এই জলের জন্য যে দেশ জুড়ে এতবড় হাহাকার ওঠে, না এলে এ কখনো আমি ভাবতেও পারতুম না। তাই ভাবি, এ কঠিন দেশে লোকে তাজমহল গড়তে গিয়েছিল কোন্ বিবেচনায়?

নীলিমা অন্ধুরে একটা চৌকিতে বাসিয়া সেলাই করিতেছিল, মৃদু না তুলিয়াই বাঁহিল, এর কারণ কি সকলে টের পায়? পায় না।

বেলা সরলীচক্রে প্রস্থ করিল কেন?

নীলিমা বলিল, সমস্ত বড় জিনিসই যে মানবের হাহাকারের মধ্যেই জন্মলাভ করে, পৃথিবীর আমোদ-আহলাদেই যারা মগ্ন, এ তাদের চোখে পড়বে কোথা থেকে ?

জবাবটা এমনি অভাবিতরূপে কঠোর যে শব্দ বেলা নিজে নয়, আশুবাব্দ পৰ্বন্ত বিস্ময়াপন্ন হইলেন। বই হইতে মুখ সরাইয়া দেখিলেন, সে তের্মনি একমনে সেলাই করিয়া ষাইতেছে, যেন এ কথা তাহার মুখ দিয়া একেবারেই বাহির হয় নাই।

বেলা কলহাপ্রিয় রমণী নয় এবং মোটের উপর সে সুশিক্ষিতা। দেখিয়াছে শূন্যস্নাছে অনেক এবং বলসুও বোধ করি পশ্চিমশের উপরের দিকেই গেছে, কিন্তু সযন্ত্র-সতর্কতার যৌবনের লাষণা আজও পশ্চিমে হেলে নাই,—অবস্মাৎ মনে হয় বৃষ্টি বা তের্মনি আছে। রঙ উজ্জ্বল, মুখের একাটি বিশিষ্ট রূপ আছে, কিন্তু একটু লক্ষ্য করিলেই দেখা যায় স্নিক কোমলতার অভাবে তাহাকে যেন রুদ্ধ করিয়া রাখিয়াছে। চোখের দৃষ্টি হাস্য-কৌতুকে চপল, চঞ্চল,—নিরন্তর ভাসিয়া বেড়ানোই যেন তাহার কাজ—কোথাও কোন-কিছুর্তে স্থিত হইবার মত তাহাতে ভারও নাই, গভীর তলদেশে কোন মূল্যও নাই। আনন্দ উৎসবেই তাহাকে মানায়; দুঃখের মাঝখানে হঠাৎ আশ্রয় পড়িলে গৃহস্থামীকে লক্ষ্য পড়িতে হয়।

বেলার হৃৎকর্ষ ভাবটা কাটিয়া গেলে ক্ষণেকের জন্য মুখ ক্রোধে রক্তিম হইয়া উঠিল। কিন্তু রাগ করিয়া ঝগড়া করিতে তাহার শিক্ষা ও সৌজন্যে বাধে। সে আপনাকে সংবরণ করিয়া কহিল, আমাকে কটাক্ষ করে কোন লাভ নেই। শব্দ অনধিকারচর্চা বলেই নয়, হাহাকার করে বেড়ানো যত উচ্চাঙ্গের ব্যাপারই হোক, সে আমি পারিনে এবং তার কোন অভিজ্ঞতা সঙ্গ করতেও আমি অক্ষম। আমার আত্মসম্মান বোধ বজায় থাক, তার বড় আমি কিছুর্তই চাইনে।

নীলিমা কাজ করিতেই লাগিল, জবাব দিল না।

আশুবাব্দ অন্তরে ক্ষুব্ধ হইয়াছিলেন, কিন্তু আর না বাড়ে এই ভয়ে বাস্ত হইয়া বলিলেন, না না, তোমাকে কটাক্ষ নয় বেলা, কথাটা নিশ্চয়ই উনি সাধারণভাবেই বলেছেন। নীলিমার স্বভাব জানি, এমন হতেই পারে না—কখনো পারে না তা বলিচি।

বেলা সংক্ষেপে শব্দ কহিল, না হলেই ভাল। এতদিন একসঙ্গে আছি, এ ত আমি ভাবতেই পারতুম না।

নীলিমা হাঁ না একটা উত্তরও দিল না, যেন ঘরে কেহ নাই এমনভাবে নিজের মনে সেলাই করিয়াই ষাইতে লাগিল। গৃহে সম্পূর্ণ নিস্তক হইয়া রহিল।

বেলার জীবনের একটু ইতিহাস আছে, এইখানে সেটা বলা আবশ্যিক। তাহার পিতা ছিলেন আইন-ব্যবসায়ী, কিন্তু ব্যবসায়ে ষণঃ বা অর্থ কোনটাই আয়ত্ত করিতে পারেন নাই। ধর্মমত কি ছিল কেহ জানে না, সমাজের দিক দিয়াও হিন্দু, ব্রাহ্ম বা খ্রীষ্টান কোন সমাজই মানিয়া চলিতেন না। মেলেকে অত্যন্ত ভালবাসতেন এবং সামর্থের অতিরিক্ত ব্যয় করিয়া শিক্ষা দিবার চেষ্টাই করিয়াছিলেন। সেই চেষ্টা সম্পূর্ণ নিষ্ফল

হয় নাই তাহা পূর্বেই বলিয়াছিল। বেলা নামটি শখ করিয়া তাহারই দেওয়া। সম্রাজ না মানিলেও দল একটা ছিল। বেলা সুন্দরী ও শিক্ষিতা বলিয়া দলের মধ্যে নাম রটিয়া গেল, অতএব ধনী পাঠ জুটিতেও বিলম্ব হইল না। তিনিও সম্প্রতি বিলাত হইতে আইন পাস করিয়া আসিয়াছিলেন, দিনকতক দেখাশুনা ও মন-জানাজানির পালা চলিল, তাহার পরে বিবাহ হইল আইন-মতে রেজেন্স্ট্রী করিয়া। আইনের প্রতি গভীর অনুরাগের এক অঙ্ক সারা হইল। দ্বিতীয় অংশে বিলাস-ব্যসন, একত্রে দেশ-ভ্রমণ, আলাদা বাস-পরিবর্তন, এমনি অনেক কিছুর উভয় পক্ষেই নানাবিধ জনরব শুনা গেল, কিন্তু সে আলোচনা অপ্রাসঙ্গিক। কিন্তু প্রাসঙ্গিক অংশে ষেটুকু, তাহা অচিরে প্রকাশ হইয়া পড়িল। বরপক্ষ হাতে হাতে ধরা পড়িলেন এবং কন্যাপক্ষ বিবাহ-বিচ্ছেদের মামলা রুজু করিতে চাহিলেন। বন্ধু-মহলে আপসের চেষ্টা হইল, কিন্তু শিক্ষিতা বেলা নর-নারীর সমানাধিকার-তত্ত্বের বড় পাণ্ডা, এই অসম্মানের প্রস্তাবে সে কণপাত করিল না। স্বামী-বেচারার চরিত্রের দিক দিয়া যাই হোক, মানুষ হিসাবে মন্দ লোক ছিল না, স্ত্রীকে সে শক্তি এবং সাধ্যমত ভাসাই বাসিত। অপরাধ সলঞ্জ স্বীকার করিয়া আদালতের দৃষ্টি হইতে নিষ্কৃতি দিতে করজোড়ে প্রার্থনা করিল, কিন্তু স্ত্রী ক্ষমা করিল না। শেষে বহুদুঃখে নিঃসঙ্গ একটা হইল। নগদে ও গ্রাসাচ্ছাদনের মাসিক বরাদ্দে অনেক টাকা ঘাড় পাতিয়া লইয়া সে মামলার দায় হইতে রক্ষা পাইল এবং দাম্পত্য-যুদ্ধে জয়লাভ করিয়া বেলা ভাঙা-স্বাস্থ্য জোড়া দিতে সিমলা, মুনোর, নইন প্রভৃতি পর্বতশ্রেণীতে সদর্পে প্রস্থান করিল। সে আজ প্রায় ছয়-সাত বৎসর কথা। ইহার অন্যতকাল পরেই তাহার পিতার মৃত্যু হয়। এই ব্যাপারে তাহার সম্মতি ত ছিলই না, বরঞ্চ অতিশয় মর্মপীড়া ভোগ করিয়াছিলেন। আশুবাবুর পরলোকত পত্নীর সহিত তাহার কি একটা দূর-সম্পর্ক ছিল; সেই সম্বন্ধেই বেলা আশুবাবুর আশ্রয়। তাহার বিবাহ-উপলক্ষেও নিমন্ত্রিত হইয়া তিনি উপস্থিত হইয়াছিলেন এবং তাহার স্বামীর সহিতও পরিচয় ষ্টিবার তাহার সুযোগ হইয়াছিল। এইরূপে নানা আশ্রয়তা-সুখে আপনার জন বলিয়াই বেলা অগ্রায় আসিয়া উঠিয়াছিল। নিতান্ত পরের মতও সে ভাসে নাই, নিরাশ্রয় হইয়াও বাড়িতে ঢুকে নাই। এ তুলনার নীলমার সহিত তাহার যথেষ্ট প্রভেদ।

অথচ, অবস্থাটা দাঁড়াইয়াছিল একেবারে অন্যরূপ। এ গৃহে কাহার স্থান যে কোথায়, এ বিষয়ে বাটীর কাহারও মনে তিলান্দ্র সন্দেহ ছিল না। কিন্তু হেতুও ছিল যেমন অপ্রত্য, বর্ত্তও ছিল তেমন অবিদ্যমান।

বহুক্ষণ মৌন থাকার পরে বেলাই প্রথমে কথা কহিল। বলিল, স্পষ্ট মন মানি, কিন্তু আমাকে ধিক্কার দেবার জন্যেই যে ও-কথা নীলমা বলেছেন, এ বিষয়ে আমার সন্দেহ নাই।

আশুবাবুর মনের মধ্যেও হয়ত সন্দেহ ছিল না, তথাপি বিস্ময়ের কণ্ঠে জিজ্ঞাসা করিলেন, ধিক্কার? ধিক্কার বিস্ময়ের জন্যে বেলা?

বেলা কাঁহল, আপনি ত সমস্তই জানেন । নিল্বে করবার লোকের সোঁদিনও অভাব হরানি, আজও হবে না । কিন্তু নিজের সম্মান, সমস্ত নারী-জাতির সম্মান রাখতে সোঁদিনও গ্রাহ্য করিনি, আজও করব না । নিজের মৰ্যাদা খুঁইয়ে স্বামীর ঘর করতে চাইনি বলে সোঁদিন গ্রানি প্রচার করেছিল মেয়েরাই সবচেয়ে বোঁশ, আজও তাদেরই হাত থেকে আমার নিস্তার পাওয়া সবচেয়ে কঠিন । কিন্তু অনায়া করিনি বলে সোঁদিনও যেমন ভয় পাইনি, আজও আমি তেমন নিভয় । নিজের বিবেকবুদ্ধির কাছে আমি সম্পূর্ণ খাটী ।

নীলিমা সেলাই হইতে মুখ তুলিল না, কিন্তু আস্তে আস্তে কাঁহল, একদিন কমল বলছিলেন যে, বিবেকবুদ্ধিটাই সংসারের মস্তবড় বস্তু নয় । বিবেকের দোহাই দিয়েই সমস্ত ন্যায্য-অন্যায়েয় মীমাংসা হয় না ।

আশুবাৰু আশ্চর্য হইয়া কাঁহলেন, সে বলে নাকি ?

নীলিমা কাঁহল, হাঁ । বলেন, ওটা শব্দ নির্বোধের হাতের অস্ত্র । সামনে পিছনে দুঁদিকেই কাটে—ওর কোন ঠিক-ঠিকানা নেই ।

আশুবাৰু কাঁহলেন, যে বলে বলুক, ও কথা তুমি মুখে এনা না নীলিমা ।

বেলা কাঁহল, এতবড় দুঃসাহসের কথাও ত কখনো শুনিনি ।

আশুবাৰু মূহূর্তকাল মৌন থাকিয়া ধীরে ধীরে কাঁহলেন, দুঃসাহসই বটে । তার সাহসের অস্ত্র নেই । আপন নিয়মে চলে । তার সব কথা সব সময়ে বোঝাও যায় না, মানাও চলে না ।

বেলা কাঁহল, আপন নিয়মে আমিও চলি আশুবাৰু । তাই বাবার নিষেধও মানতে পারিনি—স্বামী পরিত্যাগ করলাম, কিন্তু হেঁট হতে পারলাম না ।

আশুবাৰু বললেন, গভীর পরিত্যাপের ব্যাপার সন্দেহ নেই, কিন্তু তোমার বাবা মত দিতে না পারলেও আমি না দিয়ে পারিনি ।

বেলা কাঁহল, Thanks, সে আমার মনে আছে আশুবাৰু ।

আশুবাৰু বললেন, তার কারণ স্ত্রী-পুরুষের সমান দায়িত্ব এবং সমান অধিকার আমি সম্পূর্ণ বিশ্বাস করি । আমাদের হিন্দু-সমাজের এটা মস্ত দোষ যে, শত অপরাধেও স্বামীর বিচারের ভয় নেই ; কিন্তু তুচ্ছ দোষেও স্ত্রীকে শাস্তি দেবার তার সহস্র পথ খোলা । এ বিধি আমি কোনদিনই ন্যায্য বলে মনে নিতে পারিনি । তাই বেলার বাবা যখন আমার মতামত চেয়ে চিঠি লিখেছিলেন, তখন উত্তরে এই কথাই জানিয়েছিলাম যে, জিনিসটা শোভনও নয়, সুখেরও নয় ; কিন্তু সে যদি তার অসচ্চারিত্ব স্বামীকে সতাই বর্জন করতে চায়, তাকে অনায়া বলে আমি নিষেধ করতে পারবো না ।

নীলিমা অকৃত্রিম বিস্ময়ে চোখ তুলিয়া প্রশ্ন করিল, আপনি সতাই এই অভিমত জ্বাবে লিখেছেন ?

সত্যি বৈ কি ।

নীলিমা নিস্তম্ব হইয়া রহিল ।

সেই স্তম্ভতার সম্মুখে আশুদ্বাব্দ কেমন একপ্রকার অশ্বস্তি বোধ করিতে লাগিলেন, বলিলেন, এতে আশ্চর্য হবার ত কিছু নেই নীলিমা, বরঞ্চ না লিখলেই আমার পক্ষে অন্যান্য হ'তো ।

একটুখানি খামিরা কাহিলেন, তুমি ত কমলের একজন বড় ভক্ত ; বল ত সে নিজে এ ক্ষেত্রে কি করতো ? কি জবাব দিত ? তাহিত সৌদিন যখন ওদের দুজনের আলাপ করিয়ে দিই, তখন এই কথাটাই জোর দিয়ে বলেছিলাম, কমল, তোমার মত করে ভাবতে, তোমার মত সাহসের পরিচয় দিতে কেবল একটি মেয়েকেই দেখেছি, সে এই বেলা ।

নীলিমার দুই চক্ষু সহসা ব্যাথায় ভরিয়া আসিল, কাহিল, সে বেচারী ভদ্র সমাজের বাইরে, লোকালয়ের বাইরে পড়ে আছে, তাকে আপনাদের টানাটানি করা কেন ?

আশুদ্বাব্দ ব্যস্ত হইয়া উঠিলেন, না না, টানাটানি নয় নীলিমা, এ শব্দ একটা উদাহরণ দেওয়া ।

নীলিমা কাহিল, ওই ত টানাটানি । এইমাত্র বলিছিলেন, তার সকল কথা বোঝাও যায় না, মানাও চলে না । চলে না কিছুই, চলে কি শব্দ উদাহরণ দেওয়া ?

তাহার কথার মধ্যে দোষের কি আছে আশুদ্বাব্দ ভাবিয়া পাইলেন না । ক্ষুব্ধকণ্ঠে বলিলেন, যে জনোই হোক, আজ তোমার মন বোধ হয় খুব খারাপ হইয়াছে । এ সময়ে আলোচনা করা ভাল নয় ।

নীলিমা এ কথা কানে তুলিল না, বলিল, সৌদিন আপনি ওদের বিবাহ-বিচ্ছেদের মত দির্শোছিলেন এবং আজ অসংকোচে কমলের দৃষ্টান্ত দিলেন । গুর অবস্থায় কমল কি করত তা সে-ই জানে, কিন্তু তার দৃষ্টান্ত সত্য করে অনুসরণ করতে গেলে আজ শুঁকে কুলী-মজুরের জামা সেলাই করে আহার সংগ্রহ করতে হতো—তাও হয়ত সর্বাদিন জুটতো না । কমল আর যাই করুক, যে-স্বামীকে সে লাঞ্ছনা দিয়ে ঘৃণায় ত্যাগ করেছে, তারই দেওয়া অম্নের গ্রাস মুখে তুলে, তারই দেওয়া বস্ত্রে লম্বা নিবারণ করে বাঁচতে চাইতো না । নিজেকে এতখানি ছোট করার আগে সে আত্মহত্যা করে মরতো ।

আশুদ্বাব্দ জবাব দিবেন কি, অভিভূত হইয়া পড়িলেন, এবং বেলা ঠিক ঘেন বজ্রাহতের ন্যায় নিশ্চল হইয়া রহিল । নীলিমার হাসি-তামাশা করিয়াই দিন কাটে, সকলের মুখ চাহিয়া থাকাই যেন তাহার কাজ ; সে যে সহসা এমন নির্মম হইয়া উঠিতে পারে, দুজনের কেহই তাহা উপলব্ধি করিতেও পারিলেন না ।

নীলিমা ক্ষণকাল স্থির থাকিয়া বলিল, আপনাদের মজলিসে আমি বসিনে, কিন্তু যাদের দিলে যে-সকল প্রসঙ্গের আলোচনা চলে, সে আমার কানে আসে । নইলে কোন কথা হয়ত আমি বলতাম না । কমল একটা দিনের জন্যেও শিবনাথের নিষেধ করেনি, একটি লোকের কাছেও তার দুঃখের নাশিলা জানায় নি,—কেন জানেন ?

আশুদ্বাব্দ বিমূঢ়ের ন্যায় শব্দ প্রশ্ন করিলেন, কেন ?

নীলিমা কহিল, কেন তা বলা বৃথা। আপনারা বৃথাতে পারবেন না। একটু থামিয়া বলিল, আশুবাবু, স্বামী-স্ত্রীর তুল্য অধিকার—এ একটা অত্যন্ত ক্ষুদ্র কথা। কিন্তু তাই বলে এমন ভাববেন না যে, মেয়েমানুষ হলে আমি মেয়েদের দাবীর প্রতিবাদ করি। প্রতিবাদ আমি করিনে; আমি জানি এ সত্য, কিন্তু এ কথাও জানি যে সত্য-বিলাসী একদল অবদূর নর-নারীর মধ্যে মধ্যে, আন্দোলনে আন্দোলনে এ সত্য এমনি ঘুলিয়ে গেছে যে আজ একে মধ্যে বলতেই সাধ যায়। আপনার কাছে করজোড়ে প্রার্থনা, সকলের সঙ্গে জুটে কমলকে নিলে আর চর্চা করবেন না।

আশুবাবু জবাব দিতে গেলেন, কিন্তু কথা বলবার পূর্বেই সে সেলাইয়ের ড্যানিস-পত্রগুলো তুলিয়া লইয়া ঘর হইতে চলিয়া গেল।

তখন ক্ষুধার্তস্বপ্নে নিশ্বাস ফেলিয়া শূদ্ধ বলিলেন, ও কবে কি শুনেনে জানিনে, কিন্তু আমার সম্বন্ধে এ অত্যন্ত অথবা দোষারোপ।

বাহিরে কিছুক্ষণের জন্য বৃষ্টি থামিয়াছিল, কিন্তু উপরের মেঘাচ্ছন্ন আকাশ ঘরের মধ্যে অসময়ে অন্ধকার সঞ্চারিত করিল। ভূত আলো দিয়া গেলে তিনি চোখের সম্মুখে বইখানা আর একবার তুলিয়া ধরিলেন। ছাপার অক্ষরে মনঃসংযোগ করা সম্ভবপর নয়, কিন্তু বেলার সঙ্গে মূখ্যমুখি বসিয়া বাক্যালোপে প্রবৃত্ত হওয়া আরও অসম্ভব বলিয়া মনে হইল।

ভগবান দয়া করিলেন। একটা ছাতার মধ্যে সমস্ত পথ ঠেলাঠেলি করিয়া ক্ষুধার্তধারী হরেন্দ্র-অজিত ঝড়ের বেগে আসিয়া ঘরে ঢুকিল। দু'জনেই অর্ধেক-অর্ধেক ভিজিয়াছে,—বৌদি কৈ ?

আশুবাবু চাঁদ হাতে পাইলেন। আজিকার দিনে কেহ যে আসিয়া জুটবে এ ভরসা তাহার ছিল না; সাগ্রহে উঠিয়া আসিয়া অভ্যর্থনা করিলেন—এসো অজিত, বসো হরেন্দ্র—

বসি। বৌদি কোথায় ?

ইস। দু'জনেই যে ভারী ভিজে গেছে দেখি—

আজ্ঞে হাঁ। তিনি কোথায় গেলেন ?

ডেকে পাঠাচ্ছি, বলিয়া আশুবাবু একটা হুকুর ছাড়বার উদ্যোগ করিতেই ভিতরের দিকের পর্দা সরাইয়া নীলিমা আপনিই প্রবেশ করিল। তাহার হাতে দুখানি শূকর বস্ত্র এবং জামা।

অজিত কহিল, একি ? আপনি হাত গুণতে জানেন নাকি ?

নীলিমা বলিল, গোণা-গাধার দরকার হয়নি ঠাকুরপো, জানালা থেকেই দেখতে পেলোছিলাম। একটা ভাঙ্গা পর্দার মধ্যে যেভাবে তোমরা পরস্পরের প্রতি দরদ দেখিয়ে পথ চলোছিলে, সে শূদ্ধ আমি কেন, বোধ করি দেশসুদ্ধ লোকের চোখে পড়েছে।

আশুবাবু বলিলেন, একটা ছাতার মধ্যে দু'জনে ? তাইতে দু'জনকেই ভিজতে হয়েছে। এই বলিয়া তিনি হাসিলেন।

নীলিমা কহিল, ঠাৱা বোধ হয় সমানাধিকার-ওত্বে বিশ্বাসী, অন্যান্য করেন না। তাই চুলাচিৱে ছাতি ভাগ কৰে পথ হাটীছিলে। নাও ঠাকুৱপো কাপড় ছাড়ো। এই বালিয়া সে জামাকাপড় হৱেন্দ্র হাতে দিল।

আশুৱাব্দ চূপ কৰিৱা ৱহিলে। হৱেন্দ্র কহিল, কাপড় দিলে দূটো, কিন্তু জামা ষে একটি।

জামাটা মস্ত বড় ঠাকুৱপো, একটাতেই হৰে, বালিয়া গম্ভীৰ হইয়া পাশেৰ চৌকিটোৰ উপবেশন কৰিল।

হৱেন্দ্র বালিল, জামাটা আশুৱাব্দৰ, সদুৱাং দৃজনেৰ মেন, আৰও জন-চাৱেকেৰ হতে পাৱে, কিন্তু সে মশাৱিৰ মত খাটাতে হৰে, গাৱে দেওৱা চলবে না।

বেলা এতক্ষণ শুদ্ধক বিষমমুখে নীৱবে বসিয়াছিল, হাসি চাৰিপতে না পাৱিৱা উঠিয়া গেল এবং নীলিমা জানালাৰ বাহিৰে চাহিয়া চূপ কৰিৱা ৱহিল।

আশুৱাব্দ ছম্ম-গাম্ভীৰ্যেৰ সহিত কহিলে, ৰোগে ভুগে আখখানি হৱে গেছি হে হৱেন, আৰ খুঁড়ো না। দেখ্চে না মেয়েদেৰ কি-ৰকম ব্যথা লাগলো। একজন সহিতে না পেৰে উঠে গেলে, আৰ একজন ৰাগে মূখ ফিৰিয়ে ৱয়েছে।

হৱেন্দ্র কহিল, খুঁড়িৰ আশুৱাব্দ, বিৱাটেৰ মহিমা কীৰ্তন কৰেছি। খেঁড়াখুঁড়িৰ দুঃপ্ৰভাৱ শুদ্ধ আমাদেৰ মত নৱ-জাতিকেই বিপন্ন কৰে, আপনাদেৰ স্পৰ্শ কৰতেও পাৱে না। অতএৱ চিৱশুৱমান হিমাচলেৰ ন্যায় ও দেহ অক্ষয় হোক, মেয়েৱা নিঃশঙ্ক হোন এবং জল-বৃষ্টিৰ ছুতানাতায় ইতৰ-জনেৰ ভাগ্যে দৈনন্দিন মিষ্টামেৰ বৰাশ্বেদ আজও যেন তাদেৰ বিন্দুমাত্ৰও নূনতা না ঘটে।

নীলিমা মূখ তুলিয়া হাসিল, কহিল, বড়দেৰ শুৰ্ভিৱাদ ত আবহমানকাল চলে আসচে ঠাকুৱপো, সেইটেই নিৰ্দিষ্ট ধাৱা এবং তাতে তুমি সিন্ধস্ত। কিন্তু আজ ভাগ্যে একটু নিয়মেৰ ব্যতিক্ৰম কৰতে হৰে। আজ ছোটৰ খোশামোদ না কৰলে ইতৰ-জনেৰ মিষ্টামেৰ অণেক একেৱাৰে শূন্য পড়বে।

বেলা বাৱান্দা হইতে ফিৰিৱা আসিৱা বসিল।

হৱেন্দ্র জিজ্ঞাসা কৰিল, কেন বোঁদি ?

গম্ভীৰ স্নেহে নীলিমাৰ চোখ সজল হইয়া উঠিল, কহিল, অমন মিষ্টকথা অনেকদিন শূনিনি ভাই, তাই শূনতে একটু লোভ হয়।

তবে, আৱম্ব কৰব নাঁকি ?

আছা এখন থাক। তোমৱা ও-ঘৰে গিৱে কাপড় ছাড় গে, আমি জামা পাঠিয়ে দিছি।

কিন্তু কাপড় ছাড়া হলে ? তাৰ পৰে ?

নীলিমা সহাস্যে কহিল, তাৰ পৰে চেষ্টি কৰে দেখি গে ইতৰ-জনেৰ ভাগ্যে যদি কোথাও কিছূ জোটাতে পাৰি।

হরেন্দ্র বলিল, কষ্ট করে চেষ্টা করতে হবে না বৌদি, শব্দ একবার চোখ মেলে
চাইবেন। আপনার অক্ষপূর্ণার দৃষ্টি যেখানে পড়বে, সেখানেই আমার ভাঁড়ার উৎস
যাবে। চলো অজিত, আর ভাবনা নেই, আমরা তত্তক্ষণ ভিজ্ঞে কাপড় ছেড়ে
আসি গে, এই বলিয়া সে অজিতের হাত ধরিয়া টানিতে টানিতে পাশের ঘরে প্রবেশ
করিল।

॥ ভেইশ ॥

অজিত কাহিল, জল খামবার ত কোন লক্ষণ নেই ।

হরেন্দ্র কাহিল, না । অভএব আবার দৃজনে সেই ভাঙ্গা ছাতির মধ্যে মাথা গুঁজে সমানাধিকার-তত্ত্বের সত্যতা সপ্রমাণ করতে করতে অন্ধকারে পথ চলা এবং অবশেষে আশ্রমে পৌঁছানো । অবশ্যা, তার পরের ভাবনাটা নেই,—এখানে তা চুকিয়ে নেওয়া গেছে, স্দতরাং আর একবার ভিজে কাপড় ছাড়া ও শূদ্রে পড়া ।

আশুদ্বাব্দ ব্যগ্র হইয়া বলিলেন, তা হলে তোমরা দৃজনে একেবারে পেট ভরেই খেয়ে নিলে না কেন ?

হরেন্দ্র বলিয়া উঠিল, না, না, থাক, তাতে আর কি হয়েছে, আপনি সেজন্য ব্যস্ত হবেন না আশুদ্বাব্দ ।

নীলিমা প্রথমটা খিলাখিল করিয়া হাসিয়া উঠিল, পরে অনুযোগের কণ্ঠে বলিল, ঠাকুরপো, কেন মিছে রোগা মানুষের উৎকণ্ঠা বাড়াও । আশুদ্বাব্দকে কাহিল, উনি সম্যাসী মানুষ, বৈরাগীগিরিতে পেকে গেছেন,—এ দিক থেকে ঔর চুটি কেউ দেখতে পাবে না । ভাবনা শূদ্র অজিতবাব্দের জন্যে । এমন সংসর্গেও যে উনি তাড়াতাড়ি সুপক্ক হয়ে উঠতে পারছেন না, সে ঔর আজকের খাওয়া দেখলেই ধরা যায় ।

হরেন্দ্র বলিল, বোধ হয় মনের মধ্যে পাপ আছে তাই । ধরা পড়বে একদিন ।

অজিত লজ্জায় আরম্ভ হইয়া কাহিল, আপনি কি যে বলেন হরেনবাব্দ ।

নীলিমা ক্ষণকাল তাহার মুখের প্রতি চাহিয়া কাহিল, তোমার মুখে ফুল-চন্দন পড়ুক ঠাকুরপো, তাই যেন হয় । ঔর মনের মধ্যে একটুখানি পাপই থাক, উনি ধরাই পড়ুন একদিন,—আমি কালীঘাটে গিয়ে ঘটা করে পূজো দেব ।

তা হলে আলোজন করুন ।

অজিত অত্যন্ত বিরম্ভ হইয়া বলিল, আপনি কি বাজে বকচেন হরেনবাব্দ, ভারী বিস্ত্রী বোধ হয় ।

হরেন্দ্র আর কথা কাহিল না । অজিতের মূখের দিকে চাহিয়া নীলিমার কোঁতুল তীক্ষ্ণ হইয়া উঠিল, কিম্বু সেও চুপ করিয়া রহিল ।

অজিতের কথাটা চাপা পড়িলে কিছূক্ষণ পরে হরেন্দ্র নীলিমাকে লক্ষ্য করিয়া বলিল, আমাদের আশ্রমের ওপর কমলের ভারী রাগ । আপনার বোধ করি মনে আছে বৌদি ?

নীলিমা মাথা নাড়িয়া বলিল, আছে । এখনো তার সেই ভাব নাকি ?

হরেন্দ্র কাহিল, ঠিক সেই ভাব নয়, আর একটুখানি বেড়েছে ; এইমাত্র প্রভেদ । পরে

কহিল, শূদ্র আমাদের উপরেই নয়, সর্বাধিক ধর্ম-প্রতিষ্ঠানের প্রতিই তাঁর অত্যন্ত অনুরাগ। ব্রহ্মচর্যই বলুন, বৈরাগ্যের কথাই বলুন আর ঈশ্বর সম্বন্ধেই আলোচনা হোক, শোণামাত্রই অহেতুক ভক্তি ও প্রীতির প্রাবল্যে অগ্নিবৎ হয়ে উঠেন। মেজাজ ভাল থাকলে মৃত্ত বড়ো-খোকাদের ছেলেখেলায় আবার কৌতুকবোধ করতেও অপারগ চমৎকার।

বেলা চূপ করিয়াই শূর্নিতোঁছিল, কহিল, ঈশ্বরও তাঁর কাছে ছেলেখেলা? আর ঐরই সঙ্গে আমার তুলনা করেছিলেন, আশুবাবু? এই বলিয়া সে পর্যায়ক্রমে সকলের মূখের দিকেই চাহিল, কিন্তু কাহারও কাছে কোন উৎসাহ পাইল না। তাহার রুদ্ধস্বর ইহাদের কানে গেল না।

হরেন্দ্র বলিতে লাগিল, অথচ নিজের মধ্যে এমনি একটি নির্ব্বন্দ্ব সংঘম, নীরব নিমিত্তাচার ও নির্ব্বাক্ত তীর্নিতক্ষা আছে যে, দেখে বিস্ময় লাগে। আপনার শিবনাথের ব্যাপারটা মনে আছে আশুবাবু? সে আমাদের কে, তবুও এতবড় অন্যায়া সহ্য হলো না, দণ্ড দেবার আশংকায় বন্ধুর মধ্যে যেন আগুন ধরে গেল। কিন্তু কমল বললে, না। তার সৌদিনের মূখের চেহারা আমার স্পষ্ট মনে আছে। সে 'না'-এর মধ্যে বিবেচ্য নেই, জ্বালা নেই, উপর হইতে হাত বাড়িয়ে দান করবার শ্লাঘা নেই, ক্ষমার দৃষ্ট নেই—দাক্ষিণ্য যেন অবিকৃত করুণায় ভরা। শিবনাথ যত অন্যায়াই করে থাক, আমার প্রস্তাবে কমল চমকে উঠে শূদ্র বললে, ছি ছি—না না, সে হয় না। অর্থাৎ একদিন যাকে সে ভালবেসেছিল তার প্রতি নির্ব্বমতার হীনতা কমল ভাবতেই পারলে না এবং সকলের চোখের আড়ালে সব দোষ তার নিঃশব্দে নিঃশেষ করে মুছে ফেলে দিলে। চেণ্টা নয়, চণ্ডলতা নয়, শোকাচ্ছন্ন হা-হতাশ নয়,—যেন পাহাড় থেকে জলের ধারা অবলীলাক্রমে নীচে গাড়িয়ে বয়ে গেল।

আশুবাবু নিঃশ্বাস ফেলিয়া কেবল বলিলেন, সত্যি কথা।

হরেন্দ্র বলিতে লাগিল, কিন্তু আমার সবচেয়ে রাগ হয় ও যখন শূদ্র কেবল আমার নিজের আইডিয়ালটাকেই নয়, আমাদের ধর্ম, ঐতিহ্য, রীতি নৈতিক-অনুশাসন সর্বাঙ্ককেই উপহাস করে উড়িয়ে দিতে চায়। বৃদ্ধি, ওর দেহের মধ্যে উৎকট বিদেশী রক্ত, মনের মধ্যে তেমন উগ্র পরধর্মের ভাব বয়ে যাচ্ছে, তবুও ওর মূখের সামনে দাঁড়িয়ে জবাং দিতে পারিনে। ওর বলার মধ্যে কি যে একটা সূর্নিতচিত জোরের দ্বীপ্ত ফুটে বার হতে থাকে যে, মনে হয় যেন ও জীবনের মানে খুঁজে পেয়েছে। শিক্ষা দ্বারা নয়, অননুভব-উপলব্ধি দিয়ে নয়, যেন চোখ দিয়ে অথটাকে সোজা দেখতে পাচ্ছে।

আশুবাবু খুশী হইয়া বলিলেন, ঠিক এই জিনিষটি আমারও অনেকবার মনে মনে হয়েছে। তাই ওর যেমন কথা, তেমন কাজ। ও যদি মিথ্যে বুদ্ধিও থাকে, তবু সে মিথ্যের গৌরব আছে। একটু খামিয়া বলিলেন, দেখ হরেন, এ একপ্রকার ভালই হয়েছে যে, পাষাণ চলে গেছে। ওকে চিরদিন আচ্ছন্ন করে থাকলে ন্যায়ের অর্থাধা থাকতো না। শূদ্রের গলায় মূর্ত্তোর মালার মত অপরাধ হতো।

হরেন্দ্র বলিল, আবার আর একদিকে এমনি মান্না-মমতা যে, একা বৌদি ছাড়া কোন মেয়েকে তার সমান দেখিনি। সেবার যেন লক্ষ্মী। হয়ত পূর্বদৃষ্টির চেয়ে অনেকদিকে অনেক বড় বলেই নিজেকে তাদের কাছে এমনি সামান্য করে রাখে যে, সে এক আশ্চর্য ব্যাপার। মন গলে গিয়ে যেন পারে পড়তে চায়।

নীলিমা সহাস্যে কহিল, ঠাকুরপো, তুমি বোধ হয় পূর্বজন্মে কোন রাজমানীর শ্রুতিপাঠক ছিলে, এ জন্মে তার সংস্কার ঘোচেনি। ছেলে-পড়ানো ছেড়ে এ ব্যবসা ধরলে যে চের সুরাহা হতো।

হরেন্দ্র হাসিল, কহিল, কি করব বৌদি, আমি সরল সোজা মানুষ, যা ভাবি তাই লে ফেলি। কিন্তু জিজ্ঞেসা করুন দিকি অজিতবাবুকে, একদিন উনি হাতের আঙিন গদাটিকে মারতে উদ্যত হবেন। তা হোক, কিন্তু বেঁচে থাকলে দেখতে পাবেন একদিন।

অজিত ব্রহ্মকণ্ঠে বলিয়া উঠিল, আঃ, কি করেন হরেনবাবু। আপনার আশ্রম থেকে দেখাচি যেতে হবে একদিন।

হরেন্দ্র বলিল, হবে একদিন সে আমি জানি। কিন্তু ইতিমধ্যে দিন-কটা একটু সহ্য করে থাকুন।

তা হলে বলুন আপনার যা ইচ্ছা হয়। আমি উঠে যাই।

নীলিমা বলিল, ঠাকুরপো, তোমার ব্রহ্মচার্য আশ্রমটা ছাই তুলেই দাও না ভাই। তুমিও বাঁচো, ছেলেগুলোও বাঁচে।

হরেন্দ্র বলিল, ছেলেগুলো বাঁচতে পারে বৌদি, কিন্তু আমার বাঁচার আশা নেই; সম্ভবঃ অক্ষয়টা বেঁচে থাকতে নয়। সে আমাকে যমের বাড়ি রওনা করে দিয়ে ছাড়বে।

আশুবাবু কহিলেন, অক্ষয়কে দেখাচি তোমরা তা হলে ভয় করো।

আজ্ঞে, করি। বিব খাওয়া সহজ, কিন্তু তার টিটকারি হজম করা অসাধ্য। ইনফ্লুয়েঞ্জার এত লোক মারা গেল, কিন্তু সে ত মরল না। দিব্যি পালালো।

সকলেই হাসিতে লাগিলেন! নীলিমা বলিল, অক্ষয়বাবুর সঙ্গে কথা কইনে বটে, কিন্তু এবার তোমার জন্যে বার হয়ে তাঁর কাছে ক্ষমা ভিক্ষা চেয়ে নেবো। ভেতরে ভেতরে জ্বলেপুড়ে যে একেবারে কয়লা হয়ে গেলে!

হরেন্দ্র কহিল, আমরাই ধরা পড়ে গেছি বৌদি, আপনারা সব জ্বালা-পোড়ার অতীত। বিধাতা আগুন শোধন আমাদের জনোই সৃষ্টি করেছিলেন, আপনারা তার এলাকার বাইরে।

নীলিমা লক্ষ্যের আরম্ভ হইয়া শোধন কহিল, তা নয় ত কি!

বেলা কহিল, সত্যই ত ভাই।

ক্ষণকাল নীরবে কাটিল। অজিত কথা কহিল, বলিল, সোদন ঠিক এই নিজে আমি একটা চমৎকার গল্প পড়েছি। আশুবাবুর দিকে চাইয়া জিজ্ঞাসা করিল, আপনি পড়েন নি?

কৈ মনে ত হয় না ।

যে মাসিপত্রগুলো আপনার বিলেত থেকে আসে, তারই একটাতে আছে । ফরাসী গল্পের অনূবাদ, স্ট্রীলোকের লেখা । বোধ করি ডাক্তার । একটুখানি নিজের পরিচয় বলেছেন যে, তিনি যৌবন পার হয়ে সবে পৌঁড়য়ে পা দিয়েছেন । ঐ ত সন্দেহের শেল্ষেই রয়েছে । এই বলিয়া সে বইখানি পাড়িয়া আনিয়া বাসিল ।

আশদুবাবু প্রশ্ন করিলেন, গল্পের নামটা কি ?

অজিত কহিল, নামটা একটু অস্ফুট—একদিন যৌবন আমি নারী ছিলাম ।

বেলা কহিল, তার মানে ? লেখিকা কি এখন পদুস্বের দলে গেছে নাকি ?

অজিত বলিল, লেখিকা হয়ত নিজের কথাই বলে গেছেন এবং হয়ত নিজে ডাক্তার বলেই নারীদের ক্রমশঃ বিবর্তনের যে ছবি দিয়েছেন তা স্থানে স্থানে রূচিতে আঘাত করে । যথা—

নারীলমা তাড়াতাড়ি বাধা দিয়া বলিয়া উঠিল, যথায় কাজ নেই অজিতবাবু, ও থাক ।

অজিত কহিল, থাক । কিন্তু অস্তরের, অর্থাৎ নারী-স্বভাবের যে রূপটি এঁকেছেন তা ঠিক মন্দুর না হলেও বিস্ময়কর ।

আশদুবাবু কৌতূহলী হইয়া উঠিলেন,—অজিত বাদ-সাদ দিলে পড়া না শুন । জলও খামোনি, রাতও তেমনি হয়নি ।

অজিত কহিল, বাদ-সাদ দিয়েই পড়া চলে ! গল্পটা বড়, ইচ্ছে হলে সবটা পরে পড়তে পারবেন ।

বেলা কহিল, পড়ুন না শুন । অন্ততঃ সময়টা কাটুক ।

নারীলমার ইচ্ছা হইল সে উঠিয়া যায়, কিন্তু উঠিয়া সাইবার কোন হেতু না থাকায় সসম্প্রদেহে বাসিয়া রহিল ।

বাতের সম্মুখে বাসিয়া অজিত বই খুলিয়া কহিল, গোড়ায় একটু ভূমিকা আছে, তা সংক্ষেপে বলা আবশ্যিক । এ যার আত্মকাহিনী, তিনি সূচীশিক্ষিতা, সূন্দরী এবং বড়বরের মেয়ে । চরিত্র নিষ্কলঙ্ক কিনা গল্পে স্পষ্ট উল্লেখ নেই, কিন্তু নিঃসংশয়ে বোঝা যায়, দাগ যদি বা কোনদিন কোন ছলে লেগেও থাকে সে যৌবনের প্রারম্ভে—সে বছরদিন পূর্বে ।

সৌন্দর্য তাকে ভালবেসেছিল অনেকে ; একজন সমস্যার মীমাংসা করলে আত্মহত্যা করে এবং আর একজন চলে গেল সাগর পার হয়ে ক্যানাডায় । গেল বটে, কিন্তু আশা ছাড়তে পারলে না । - দুয়ের থেকে দয়া ভিক্ষে চেয়ে সে এত চিঠি লিখেচে যে, জামিয়ে রাখলে একখানা জাহাজ বোঝাই হতে পারতো । জবাবের আশা করেনি, জবাব পায়ও নি । তার পরে পনেরো বছর পরে দেখা । দেখা হতে হঠাৎ সে যেন চমকে উঠলো । ইতিমধ্যে যে পনেরো বছর কেটে গেছে,—যাকে পঁচিশ বৎসরের যুবতী দেখে বিদেশে গিয়েছিল তার যে বয়স আজ চাঁচিশ হয়েছে, এ যারগাই যেন তার ছিল না । কুশল প্রশ্ন অনেক হলো, অভিব্যক্তি-অনুব্যক্তিও কম হলো না ; কিন্তু সৌন্দর্য দেখা হলে যার

চোখের কোণ দিলে আগুন ঠিকবে বার হতো, উদ্ভট-কামনার ঝঞ্ঝাবর্ত সমস্ত হিন্দুরের
 অবরুদ্ধ-বার ভেঙ্গে বাইরে আসতে চাইত, আজ তার কোন চিহ্নই কোথাও নেই। এ
 যেন কবেকার এক স্বপ্ন দেখা। মেয়েদের আর সব ঠকানো যায়, কিন্তু এ যায় না।
 এইখানে গল্পের আরম্ভ। এই বালিয়া অজিত বইয়ের পাতার উপর ঝুঁকিয়া
 পড়িল।

আশুদ্বাব্দ বাধা দিলেন, না না, ইংরেজি নয় অজিত, ইংরেজি নয়। তোমার মূখ
 থেকে বাংলায় গল্পের সহজ ভাবটুকু বড় মিষ্টি লাগল, তুমি এমনি করেই বাকীটুকু
 বলে যাও।

আমি পারব কেন ?

পারবে, পারবে। যেমন করে বলে গেলে তেমন করেই বল।

অজিত কহিল, হরেন্দ্রবাবুর মত আমার জ্ঞান নেই ; বলার দোষে যদি সমস্ত কষ্ট
 হয়ে ওঠে সে আমারই অক্ষমতা। এই বালিয়া সে কখনো বা বইয়ের প্রতি চাহিয়া,
 কখনো বা না চাহিয়া বলিতে লাগিল—

“মেরেটি বাড়ি ফিরে এলো। ঐ লোকটিকে যে সে কখনো ভালবেসেছিল বা
 কোনদিন চেয়েছিল তা নয়, বরং একাক্ষমানে চিরদিন এই প্রার্থনাই করে এসেছে, ঈশ্বর
 যেন ঐ মানুষটিকে একদিন মোহমুক্ত করেন,—এই নিষ্ফল প্রণয়ের দাহ থেকে
 অব্যাহতি দান করেন। অসম্ভব বস্তুর লুক্ক আশ্বাসে আর যেন না সে যন্ত্রণা পায়।
 দেখা গেল, এতদিনে ভগবান সেই প্রার্থনাই মঞ্জুর করেছেন। কোন কথাই হ’লো না,
 তবু নিঃসন্দেহে বদ্বা গেল, সে ক্যানাডায় ফিরে যাক বা না যাক, সকাতে প্রণয়-
 ভিক্ষা চেয়ে আর সে নিরন্তর নিজেও দুঃখ পাবে না, তাকেও দুঃখ দেবে না। দুঃসাধ্য
 সমস্যার আজ শেষ মীমাংসা হয়ে গেছে। চিরদিন ‘না’ বলে মেরেটি অস্বীকার করেই
 এসেছে, আজও তার ব্যতিক্রম হয়নি, কিন্তু সেই শেষ ‘না’ এলো আজ একেবারে উলটো
 দিক থেকে। দুয়ের মধ্যে যে এতবড় বিভেদ ছিল, মেরেটি স্বপ্নেও ভাবেনি। মানবের
 লোলুপ-দৃষ্টি চিরদিন তাকে বিরত করেছে, লজ্জার পীড়িত করেছে ; আজ ঠিক সেই-
 দিক থেকেই যদি তার মৃগ্ধি ঘটে থাকে, শরীরধর্ম-বশে অবসিত প্রাণ যৌবন যদি তার
 শব্দবৃষের উদ্দীপ্ত কামনা, উদ্ভাদ আসক্তির আজ গতিরোধ করে থাকে, অভিযোগের কি
 আছে ? অথচ বাড়ি ফেরার পথে সমস্ত বিশ্ব-সংসার আজ যেন চোখে তার সম্পূর্ণ
 মপরিচিত মূর্তি নিলে দেখা দিলে। ভালবাসা নয়, আশ্রয় একান্ত মিলনের ব্যাকুলতা
 নয়—এ-সব অন্য কথা। বড় কথা। কিন্তু যা বড় নয়—যা রূপজ, যা অশুদ্ধ,
 অসুন্দর, যা অত্যন্ত ক্ষণস্থায়ী,—সেই কুৎসিতের জন্যেও যে নারীর অবিজ্ঞাত চিন্ত-
 তলে এতবড় আসন পাতা ছিল, পদবৃষের বিমুখতা যে তাকে এমন নির্মম অপমান
 সাহত করতে পারে আজকের পূর্বে সে তার কি জানত ?

হরেন্দ্র কহিল, অজিত কেশ ত বলেন। গল্পটা খুব মন দিলে পড়েছেন।

মেরেরা চুপ করিয়া শব্দ চাহিয়া রহিল, কোন মন্তব্যই প্রকাশ করিল না।

আশুদ্বাব্দ বলিলেন, হাঁ। তার পরে অজিত ?

অজিত বলিতে লাগিল,—মহিলাটির অকস্মাৎ মনে পড়ে গেল যে, কেবল ঐ মানুবাটাই ত নয়, বহু লোকে বহুদিন ধরে তাকে ভালবেসেছে, প্রার্থনা করেছে,—সেদিন তার একটুখানি হাসিমুখের একটিমাত্র কথা জন্মে তাদের আকুলতার শেষ ছিল না। প্রতিদিনের প্রতি পদক্ষেপেই যে তারা কোন্ মাটি ফর্ড়ে এসে দেখা দিতো, তার হিসেব মিলতো না। তারাই আজ গেল কোথায়? কোথাও ত যার্নি, এখনো ত মাঝে মাঝে তারা চোখে পড়ে। তবে গেছে কি তার নিজের কণ্ঠের সুর বিগড়ে? তার হাসির রূপ বদলে? এই ত সেদিন—দশ-পনেরো বছর, কতদিনই বা, এরই মাঝখানে কি তার সব হারালো?

আশুদাব্দ সহসা বলিয়া উঠিলেন, যার্নি কিছুর্তেই অজিত, হস্তত শূদু তার য়ৌবন—তার মা হবার শক্তিটুকু হারিয়ে।

অজিত তাঁর প্রতি চাহিয়া বলিল, ঠিক তাই। গল্পটা আপনি পড়েছিলেন? না।

নইলে ঠিক। এই কথাটিই জানলেন কি করে?

আশুদাব্দ প্রত্যুত্তরে শূদু একটুখানি হাসিলেন, কহিলেন, তুমি তার পরে বল।

অজিত বলিতে লাগিল, তিনি বাড়ি ফিরে শোবার ঘরের মস্ত বড় আরশির সন্মুখে আলো জ্বলে দাঁড়ালেন। বাইরে ঝড়ের পোশাক ছেড়ে রাগিবাসের কাপড় পরতে পরতে নিজের ছায়ার পানে চেয়ে আজ এই প্রথম তাঁর চোখের দৃষ্টি যেন একেবারে বদলে গেল। এমন করে ধাক্কা না খেলে হয়তো এখনো চোখে পড়তো না যে, নারীর যা সবচেয়ে বড় সম্পদ,—আপনি যাকে বলাছিলেন তার মা হবার শক্তি,—সে শক্তি আজ নিস্তেজ, স্নান; সে আজ সূদানীশ্চত মৃত্যুর পথে পা বাড়িয়ে দাঁড়িয়েছে; এ জীবনে আর তাকে ফিরিয়ে আনা যাবে না। তার নিশ্চতন দেহের উপর দিয়ে অবিচ্ছিন্ন জলধারার ন্যায় সে সম্পদ প্রতিদিন ব্যর্থতার ক্ষয় হয়ে গেছে। কিন্তু এতবড় ঐশ্বর্য যে এমন স্বল্পপায়, এ বার্তা পৌঁছিল তাঁর কাছে আজ শেষ বেলায়।

আশুদাব্দ নিঃস্বাস ফেলিয়া কহিলেন, এমনিই হয় অজিত, এমনিই হয়। জীবনের অনেক বড় বস্তুকেই চেনা যায় শূদু তাকে হারিয়ে। তার পরে:

অজিত বলিল, তার পরে সেই আরশির সন্মুখে দাঁড়িয়ে যৌবনান্ত দেখে সূক্ষ্মাতি-সূক্ষ্ম বিশ্লেষণ আছে। একদিন কি ছিল এবং আজ কি হতে বসেছে। কিন্তু সে বিবরণ আমি বলতেও পারবো না, পড়তেও পারবো না।

নীলিমা পূর্বের মতই ব্যস্ত হইয়া বাধা দিল, না না না, অজিতবাবু, ও থাক। ঐ জালগাটা বাদ দিয়ে আপনি বলুন।

অজিত কহিল, মহিলাটি বিশ্লেষণের শেষের দিকে বলেছেন, নারীর দৈহিক সৌন্দর্যের মত সূদুর বস্তুও যেমন সংসারে নেই, এর বিকৃতি; মত অসূদুর বস্তুও হয়ত পৃথিবীতে আর দ্বিতীয় নেই।

আশুদাব্দ বলিলেন, এটা কিন্তু বাড়াবাড়ি অজিত।

নীলিমা মাথা নাড়িয়া প্রতিবাদ করিল, না, একটুও বাড়াবাড়ি নয়। এ সত্য।
আশুদ্বাব্দ বলিলেন, কিন্তু মেরেটির যা বলস, তাকে তো বিকৃত্তর বলস বলা চলে
না নীলিমা।

নীলিমা কহিল, চলে। কারণ ও তো কেবলমাত্র বছর গুণে মেরেদের বেঁচে
থাকবার হিসেব নয়, এর আন্দুল্কালা যে অত্যন্ত কম, এ কথা আর যেই ভুলুক মেরেদের
ভুললে ত চলবে না।

অজিত ঘাড় নাড়িয়া খুশী হইয়া বলিল, ঠিক এই উত্তরটি। তিনি নিজে দিলেছেন।
বলেছেন—“আজ থেকে সমাপ্তির শেষ প্রতীক্ষা করে থাকাই হবে অবশিষ্ট জীবনের
একটি মাত্র সত্য। এতে সান্দনা নেই, আনন্দ নেই, আশা নেই জানি, তবু তো
উপহাসের লজ্জা থেকে বাঁচবো। ঐশ্বর্যের ভগ্নরূপ হয়ত আজও কোনো দুর্ভাগ্যার
মনোহরণ করতে পারে, কিন্তু সে মনুজতা তার পক্ষেও যেমন বিড়ম্বনা, আমার নিজের
পক্ষেও হবে তেমনি মিথ্যে। যে রূপের সত্যকার প্রয়োজন শেষ হয়েছে, তাকেই নানা-
ভাবে, নানা সজ্জার সাজিয়ে ‘শেষ হয়নি’ বলে ঠিকিয়ে বেড়াতে আমি নিজেকেও পারবো
না, পরকেও না।

আর কেহ কিছু কহিল না, শুধু নীলিমা কহিল, সুন্দর। কথাগুলি আমার
ভাবী সুন্দর লাগলো অজিতবাবু।

সকলের মত হরেন্দ্রও একমনে শুনিতোঁছিল; সেই মন্তব্যে খুশী হইল না, কহিল,
এ আপনার ভাবাতিশস্যের উচ্ছ্বাস বোঁদি, খুব ভেবে বলা নয়। উঁচু ডালে শিমূল
ফুলও হঠাৎ সুন্দর ঠেকে, তবু ফুলের দরবারে তার নিমন্ত্রণ পৌঁছায় না। রমণীর
দেহ কি এমনিই তুচ্ছ জিনিস যে, এ ছাড়া আর তার কোন প্রয়োজনই নেই।

নীলিমা কহিল, নেই এ কথা তো লেখিকা বলেন নি। দুর্ভাগ্য মানুষগুলোর
প্রয়োজন যে সহজে মেটে না, এ আশঙ্কা তাঁর নিজেরও ছিল। একটুখানি হাসিয়া
কহিল, উচ্ছ্বাসের কথা বলাছিলে ঠাকুরপো, অক্ষয়বাবু উপস্থিত নেই, তিনি থাকলে
বুঝতেন ওর আতিশয়াটা আজকাল কোন দিকে চেপেছে।

হরেন্দ্র জবাব দিল, আপানি গালাগালি দিতে থাকলেই যে পচে যাবো তাও নয়
বোঁদি।

শুনিলিয়া আশুদ্বাবু নিজেও একটু হাসিলেন, কহিলেন, বাস্তবিক হবেন, আমারও
মনে হয় গল্পটিতে লেখিকা মেরেদের রূপের সত্যকার প্রয়োজনকেই ঈঙ্গিত করেছেন,—

কিন্তু এই কি ঠিক?

ঠিক নয়, এ কথা জগৎ সংসারের দিকে চেয়ে মনে করা কঠিন।

হরেন্দ্র উত্তোজিত হইয়া উঠিল, বলিল, জগৎ-সংসারের দিকে চেয়ে যাই কেননা মনে
করুন, মানুষের দিকে চেয়ে একে স্বীকার করা আমার পক্ষেও কঠিন। মানুষের
প্রয়োজন জীবজগতের সাধারণ প্রয়োজনকে অতিক্রম করে বহুদূরে চলে গেছে,—তাই
ত সমস্যা তার এমন বিচিত্র, এত দুর্ভূহ। একে চালুনিতে ছেঁকে বেছে ফেলা যায় না
বলেই ত তার মর্যাদা আশুদ্বাবু।

তাও বটে, গল্পের বাকীটা শুনি অজিত !

হরেন্দ্র ক্ষত্র হইল, বাধা দিয়া কাঁহল, সে হবে না আশুবাবু, তুচ্ছতাজ্জ্বল্য করে উত্তরটা এাড়িলে যেতে আপনাকে আমি দেখো না, হয় আমাকে সত্যিই স্বীকার করুন, না হয় আমার ভুলটা দেখিলে দিন। আপনি অনেক দেখেছেন, অনেক পড়েছেন—প্রকাশ পান্ডিত মানুষ,—আপনার এই অনির্দিষ্ট চিলেঢালা কথা ফাঁক দিলে যে বোধি জিতে যাবেন, সে আমার সঙ্গীবে না। বলুন।

আশুবাবু হাসিমুখে কাঁহলেন, তুমি ব্রহ্মচারী মানুষ,—রূপের বিচারে হারলে ও তোমার লজ্জা নেই হরেন।

না, সে আমি শুনবো না।

আশুবাবু ক্ষণকাল মৌন থাকিয়া ধীরে ধীরে বলিলেন, তোমার কথা অপ্রমাণ করার জন্যে কোমর বেঁধে তর্ক করতে আমার লজ্জা করে। বস্তুতঃ, নারী-রূপের নিগূঢ় অর্থ অপারিস্ফুট থাক সেই ভাল হরেন। পুনরায় একটুখানি চূপ করিয়া বলিতে লাগিলেন, অজিতের গল্প শুনতে শুনতে আমার বহুকাল পূর্বের একটা দুঃখের কাহিনী মনে পড়াছিল। ছেলেবেলার আমার এক ইংরেজ বন্ধু ছিলেন; তিনি একটি পোলিশ রমণীকে ভালবেসেছিলেন। মেয়েটি ছিল অপরূপ সুন্দরী; ছাত্রীদের পিয়ানো বাজনা শিখিলে জীবিকা-নির্বাহ করতেন। শুবু রূপে নয়, নানা গুণে গুণবতী,—আমরা সবাই তাঁদের শুবুকামনা করতাম। নিশ্চিত জানতাম, এদের বিবাহে কোথাও কোন বিষয় ঘটবে না।

অজিত প্রশ্ন করিল, বিষয় ঘটলো কিসে ?

আশুবাবু বলিলেন, শুবু বয়সের দিক দিলে। দেশ থেকে একদিন মেয়েটির মা এসে উপস্থিত হলেন, তাঁরই মুখে কথায় কথায় হঠাৎ খবর পাওয়া গেল কনের বয়স তখন পল্লতাল্লিশ পার হয়ে গেছে।

শুনিলেই সকলেই চমকিয়া উঠিল। অজিত জিজ্ঞাসা করিল, মহিলাটি কি আপনাদের কাছে বয়স লুকিয়েছিলেন ?

আশুবাবু বলিলেন, না। আমার বিশ্বাস, জিজ্ঞাসা করলে তিনি গোপন করতেন না, সে প্রকৃতিই তাঁর নয়, কিন্তু জিজ্ঞাসা করার কথা কারও মনেও উদয় হয়নি। এমনি তাঁর দেহের গঠন, এমনি মুখের সুকুমার স্ত্রী, এমনি মধুর কণ্ঠস্বর যে কিছুতেই মনে হয়নি বয়স তাঁর গ্রিশের বেশী হতে পারে।

বেলা কাঁহল, আশ্চর্য ! আপনাদের কারও কি চোখ ছিল না ?

ছিল বৈ কি। কিন্তু জগতের সকল আশ্চর্যই কেবল চোখ দিয়েই ধরা যায় না, এ তারই একটা দৃষ্টান্ত।

কিন্তু পায়ের বয়স কত ?

তিনি আমারই সমবয়সী—তখন বোধ করি আটাশ-উনিশের বেশী ছিল না।

তার পরে ?

আশুবাবু বলিলেন, তার পরের ঘটনা খুবই সংক্ষিপ্ত। ছেলেটির সমস্ত মন এক

নিমেষেই কেন এই প্রোটা রমণীর বিরুদ্ধে পাবাণ হয়ে গেল। কতদিনের কথা, তবু আজও মনে পড়লে ব্যথা পাই। কত চোখের জল, কত হা-হুতাশ, কত আসা-যাওয়া, কত সাধাসাধি, কিন্তু সে বিড়ম্বাকে মন থেকে তার বিস্ময় পরিমাণও নড়ানো গেল না। এ বিবাহ যে অসম্ভব, এর বাইরে সে আর কিছু ভাবতেই পারলে না।

ক্ষণকাল সকলেই নীরব রহিল। নীলিমা প্রশ্ন করিল, কিন্তু ব্যাপারটা ঠিক উলটো হলে বোধ করি অসম্ভব হতো না ?

বোধ হয় না।

কিন্তু ও-রকম বিবাহ কি ওদের দেশে একটিও হয় না ? তেমন পদার্থ কি সেদেশে নেই ?

আশুদ্বাব্দ হাসিমা কহিলেন, আছে। অজিতের গল্পের গ্রন্থকার বোধ করি দূর্ভাগা বিশেষণটা বিশেষ করে সেই পদার্থদেরই স্বরণ করে লিখেছেন। কিন্তু রাত্রি ত অনেক হয়ে গেল অজিত, এর শেষটা কি ?

অজিত চাকিত হইয়া মৃদু তুলিয়া চাহিল, কহিল, আমি আপনার গল্পের কথাই ভাবিছিলাম। অত ভালবেসেও ছেলোটি কেন যে তাঁকে গ্রহণ করতে পারলে না, এতবড় সত্য বস্তুটাও কোথা দিয়ে যে একনিমিষে মিথ্যের মধ্যে গিয়ে দাঁড়ালো, সারাজীবন হয়ত মহিলাটি এই কথাই ভেবেছেন,—একদিন বোধিন আমি নারী ছিলাম। নারীত্বের সত্যকার অবসান যে নারীর অজ্ঞাতসারে কবে ঘটে এর পূর্বে হয়ত সেই বিগত-যৌবনা নারী চিন্তাও করেন নি।

কিন্তু তোমার গল্পের শেষটা ?

অজিত শ্রান্তভাবে কহিল, আজ থাক। যৌবনের ঐ শেষটাই যে এখনো নিঃশেষ হয়ে যায়নি—নিজেব এবং পরের কাছে মেয়েদের এই প্রতারণার করুণ কাহিনী ধীরেই গল্পের শেষটুকু সমাপ্ত হয়েছে। সে বরণ অন্যান্য বলব।

নীলিমা ঘাড় নাড়িয়া বলিল, না না, তার চেয়ে ওটুকু বরণ অসমাপ্তই থাক।

আশুদ্বাব্দ সায় বিলেন, ব্যথার সহিত কহিলেন, বাস্তবিক এই সময়টাই মেয়েদের নিঃসঙ্গ জীবনের সবচেয়ে দুঃসময়। অসহিষ্ণু, কপট, পরহিদ্ভ্রাস্বেষী, এমন কি নিষ্ঠুর হয়ে,—তাই বোধ হয় সকল দেশেই মানুষে এদের এড়িয়ে চলতে চায় নীলিমা।

নীলিমা হাসিমা কহিল, মেয়েদের বলা উচিত নয় আশুদ্বাব্দ, বলা উচিত তোমাদের মত দূর্ভাগা মেয়েদের এড়িয়ে চলতে চায়।

আশুদ্বাব্দ ইহার জবাব দিলেন না, কিন্তু ইজিতটুকু গ্রহণ করিলেন। বলিলেন, অঞ্চ, স্বামী-পুত্র সৌভাগ্যবতী যারা, তারা মেছে, প্রেমে, সৌন্দর্যে, মাধুর্যে এমনি পরিপূর্ণ হয়ে ওঠেন যে, জীবনের এতবড় সংকটকাল যে কবে কোন পথে অতিবাহিত হয়ে যায়, টেরও পান না।

নীলিমা বলিল, ভাগ্যবতীদের ঈর্ষা করিনে আশুদ্বাব্দ, সে প্রেরণা মনের মধ্যে আজও এসে পৌঁছায় নি, কিন্তু ভাগ্যদোষে যারা আমাদের মত ভবিষ্যতের সকল

আশার জলাঞ্জলি দিয়েছেন তাঁদের পথের নির্দেশ কোন্ দিকে আমাকে বলে দিতে পারেন ?

আশুবাবু কিছুক্ষণ স্তম্ভভাবে বসিয়া রহিলেন, পরে কহিলেন, এর জ্বাবে আমি শব্দ বড়দের কথার প্রতিধ্বনিমাত্রই করতে পারি নীলিমা, তার বেশী শক্তি নেই। তাঁরা বলেন, পরার্থে আপনাকে উৎসর্গ করে দিতে। সংসারে দুঃখেরও অভাব নেই, আশ্ব-নিবেদনের দৃষ্টান্তেরও অসম্ভাব নেই। এ-সব আমিও জানি, কিন্তু এর মাঝে নারীর অবিরুদ্ধ কল্যাণময় সত্যকার আনন্দ আছে কি না আজও আমি নিঃসংশয়ে জানিনে নীলিমা।

হরেন্দ্র জিজ্ঞাসা করিল, এ সন্দেহ কি আপনার বরাবর ছিল ?

আশুবাবু মনে মনে যেন কুণ্ঠিত হইলেন, একটু থামিয়া বলিলেন, ঠিক স্মরণ করতে পারিনে হরেন। তখন, দিন দুই-তিন হ'লো মানারমা চলে গেছেন, মন ভারাতুল, দেহ বিবশ, এই চৌকিটাতেই চুপ করে পড়ে আছি, হঠাৎ দোঁখ কমল এসে উপস্থিত। আদর করে ডেকে কাছে বসালাম। আমার ব্যথার জায়গাটা সে সাবধানে পাশ কাটিয়ে যেতেই চাইল, কিন্তু পারলে না। কথায় কথায় এই ধরনের কি একটা প্রসঙ্গ উঠে পড়ল, তখন আর তার হুঁশ রইলো না। তোমরা জানোই ত তাকে, প্রাচীন যা-কিছু তার 'পরেই তার প্রবল বিতৃষ্ণা। নাড়া দিয়ে ভেঙ্গে ফেলাই যেন তার Passion। মন সায় দিতে চায় না, চিরদিনের সংস্কার ভয়ে কাঠ হয়ে ওঠে, তবু কথা খুঁজে মেলে না, পরাভব মানতে হয়। মনে আছে সৌন্দর্য তার কাছে মেয়েদের আত্মোৎসর্গের উল্লেখ করেছিলাম, কিন্তু কমল স্বীকার করলে না, বললে না, বললে, মেয়েদের কথা আপনার চেয়ে আমি বেশি জানি। ও প্রবৃত্তি ত তাদের পূর্ণতা থেকে আসে না, আসে শব্দ শূন্যতা থেকে—ওঠে বুক খালি করে দিয়ে। ও তো স্বভাব না—অভাব। অভাবের আত্মোৎসর্গে আমি কানাকাড়ি বিশ্বাস করিনে আশুবাবু। কি যে জ্বাবে দেবো ভেবে পেলাম না, তবু বললাম, কমল, হিন্দু-সভ্যতার মর্মবস্তুটির সঙ্গে তোমার পরিচয় থাকলে আজ হয়ত বদ্বিগ্নে দিতে পারতাম যে, ত্যাগ ও বিসর্জনের দীক্ষায় সিঁছলাভ করাই আমাদের সবচেয়ে বড় সফলতা এবং এই পথ ধরেই আমাদের কত বিধবা মেয়েই একদিন জীবনের সর্বোত্তম সার্থকতা উপলব্ধি করে গেছেন।

কমল হেসে বললে, করতে দেখেছেন ? একটা নাম করুন তো ? সে এ-রকম প্রশ্ন করবে, ভাবিনি, বরঞ্চ ভেবেছিলাম কথাটা হয়ত সে মেনে নেবে। কেমনধারা যেন ঘুটিলে গেল—

নীলিমা বলিল, বেশ। আপনি আমার নামটা করে দিলেন না কেন ? মনে পড়েনি বদ্বি ?

কি কঠোর পরিহাস ! হরেন্দ্র ও অজিত মাথা হেঁট করিল এবং বেলা আর এক-দিকে মদুখ ফিরাইয়া রহিল।

আশুবাবু অপ্রতিভ হইলেন; কিন্তু প্রকাশ পাইতে দিলেন না; কহিলেন, না,

মনেই পড়েনি সত্যি। চোখের সামনের জিনিস যেমন দৃষ্টি এড়িয়ে যায়,—তেমনি। তোমার নামটা করতে পারলে সত্যিই তার মস্ত জবাব হতো, কিন্তু সে যখন মনে এলো না, তখন কমল বললে, আমাকে যে-শিক্ষার খোঁটা দিলেন আশুদ্বাব্দ, আপনাদের নিজের সম্বন্ধেও কি তাই বোল-আনার খাটে না? সার্থকতার যে আইডিয়া শিশুকাল থেকে মেয়েদের মাথায় ঢুকিয়ে এসেছেন, সেই মুখস্থ-বুদ্বিই ত তারা সদর্পে আবর্তিত করে ভাবে, এই বুদ্বি সত্যি! আপনারাও ঠকেন, আত্মপ্রদানের ব্যর্থ অভিমানে তারা নিজেরাও মরে।

বলেই বললে, সহমরণের কথা ত আপনার মনে পড়া উচিত। যারা পড়ে মরত এবং তাদের যারা প্রবৃত্তি দ্বিত, দুঃপক্ষের দস্তই ত সোদিন এই ভেবে আকাশে গিয়ে ঠেকত যে, বৈধব্য-জীবনের এতবড় আদর্শের দৃষ্টান্ত জগতে আর আছে কোথায়?

এর উত্তর যে কি আছে খুঁজে পেলাম না। কিন্তু সে অপেক্ষাও করলে না, নিজেই বললে, উত্তর ত নেই, দেবেন কি? একটু থেমে আমার মুখের পানে চেয়ে বললে, প্রায় সকল দেশেই এই আত্মত্যাগের কথাটায় একটু বহুবাপু ও বহুপ্রাচীন পারমাণ্বিক মোহ আছে, তাতে নেশা লাগে, পরলোকের অসামান্য-অবস্থা ইহলোকের সংকীর্ণ সামান্য বস্তুকে সমাচ্ছন্ন করে দেয়, ভাবতেই দেয় না ওর মাঝে নরনারী কারও জীবনেরই শ্রেয়ঃ আছে কি না। সংস্কার-বুদ্ধি যেন স্বতঃস্ফূর্ত সত্যের মত কানে ধরে স্বীকার করিয়ে নেয়,—অনেকটা ঐ সহমরণের মতই, কিন্তু আর না, আমি উঠি।

সে সত্যিই চলে যায় দেখে ব্যস্ত হয়ে বললাম, কমল, প্রচলিত নীতি এবং প্রতিষ্ঠিত সমস্ত সত্যকে অবজ্ঞার চূর্ণ করে দেওয়াই যেন তোমার রত। এ শিক্ষা তোমাকে যে দিয়েছে জগতের সে কল্যাণ করেনি।

কমল বললে, আমার বাবা দিয়েছেন।

বললাম, তোমার মুখেই শূন্যে চিহ্নিত জ্ঞানী ও পাপিত লোক ছিলেন। এ কথা কি তিনি কখনো শেখান নি যে, নিঃশেষে দান করেই তবে মানুষ্যে সত্য করে আপনাকে পায়? স্বেচ্ছায় দুঃখ-বরণের মধ্যোই আত্মার যথার্থ প্রতিষ্ঠা?

কমল বললে, তিনি বলতেন, মানুষ্যকে শূন্যে নেবার দুঃখভস্মিখ যাদের তারা অপারকে নিঃশেষে দান করার দুঃখই যোগায়। দুঃখের উপলক্ষি যাদের নেই, তারা দুঃখ-বরণের মহিমায় পঞ্চমুখ হয়ে ওঠে। জগতের দুঃখী শাসনের দুঃখ ত ও নয়—ওকে যেন স্বেচ্ছায় যেচে ধরে ডেকে আনা। অর্থহীন শৌখীন জিনিসের মত ও শূন্য ছেলেখেলা। তার বড় নয়!

বিশ্বাসে হতবুদ্ধি হয়ে গেলাম। বললাম, কমল, তোমার বাবা কি তোমাকে কেবল নিছক ভোগের মস্তই দিয়ে গেছেন? এবং অগতের যা-কিছু মহৎ তাকেই অজ্ঞতার তাচ্ছল্য করতে?

কমল এ অনুরোধ বোধ করি আশা করেনি, ক্ষুব্ধ হয়ে উত্তর দিলে, এ আপনার অসহিষ্ণুতার কথা আশুদ্বাব্দ। আপনি নিশ্চয় জানেন, কোন বাপই তার মেয়েকে

এমন মন্ত্র দিলে যেতে পারেন না। আমার বাবাকে 'আপনি' অবিচার করছেন। তিনি সাধু লোক ছিলেন।

বললেন, তুমি যা বলচো, সত্যিই এ শিক্ষা যদি তিনি দিলে গিয়ে থাকেন তাঁকে সর্বাধিকার করাও শক্ত। মনোরমার জননীর মৃত্যুর পরে অন্য কোন স্ত্রীলোককে আমি যে ভালবাসতে পারিনি শুনে তুমি বলেছিলে; এ চিন্তের অক্ষমতা, এবং অক্ষমতা নিয়ে গোরব করা চলে না। মৃত-পত্নীর স্মৃতির সম্মানকে তুমি নিষ্ফল আত্ম-নিগ্রহ বলে উপেক্ষার চোখে দেখেছিলে। সংস্রমের কোন অর্থই সৌধিন তুমি দেখতে পাওনি—

কমল বললে, আজও পাইনে আশুদাব্দ, সংস্রম যেখানে উদ্ধৃত আশ্ফালনে জীবনের আনন্দকে ম্লান করে আনে। ও ত কোন বস্তু নয়, ও একটা মনের লীলা,—তাকে বাঁধার দরকার। সীমা মেনে চলাই তো সংস্রম—শক্তির স্পর্ধার সংস্রমের সীমাকেও ডিক্রিয়ে যাওয়া সম্ভব। তখন আর তাকে সে মর্ষাধা দেওয়া চলে না। অতিসংস্রম যে আর-এক ধরনের অসংস্রম, এ কথা কি কোনাধিন ভেবে দেখেন নি আশুদাব্দ ?

ভেবে দোঁধনি সত্যি। তাই; চিরদিনের ভেবে-আসা কথাটাই খপ করে মনে পড়ল। বললাম, ও কেবল তোমার কথার ভোজবাজি। সেই ভোগের ওকালতিতেই পরিপূর্ণ। মানব যতই আঁকড়ে ধরে গ্রাস করে ভোগ করতে চায় ততই সে হারায়। তার ভোগের ক্ষুধা ত মেটে না,—অতৃপ্তি নিরন্তর বেড়েই চলে। তাই আমাদের শাস্ত্রকারেরা বলে গেছেন, ও পথে শাস্ত্র নেই, তৃপ্তি নেই, মৃত্তির আশা বৃথা। তাঁরা বলেছেন, —ন জ্ঞাতুকামঃ কামানাম্‌পভোগেন শাম্যতি। হবিষা কৃষ্ণবর্ষেণ ভূয় বাবাভিবর্ষতে ? আগুনে ঘি দিলে যেমন বেশী জ্বলে উঠে, তেমনি উপভোগের দ্বারা কামনা বাড়ে বৈ কোনাধিন কমে না।

হরেন্দ্র উঁধয় হইয়া কহিল, তার কাছে শাস্ত্রবাক্য বলতে গেলেন কেন ? তার পরে ?

আশুদাব্দ কহিলেন, ঠিক তাই। শুনে হেসে উঠে বললে, শাস্ত্রে ঐ-রকম আছে নাকি ? থাকবেই ত। তাঁরা জানতেন জ্ঞানের চর্চার জ্ঞানের ইচ্ছে বাড়ে, ধর্মের সাধনার ধর্মের পিপাসা উত্তোরোত্তর বেড়ে চলে, পুণ্যের অনুশীলনে পুণ্যালোভ ক্রমশঃ উন্নয়ন হয়ে উঠে, মনে হয় যেন এখনো ঢের বাকী—এও ঠিক তেমনি। শাম্যতি নেই বলে এক্ষেত্রে তাঁরা আক্ষেপ করে যাননি। তাঁদের বিবেচনা ছিল।

হরেন্দ্র, অজিত, বেলা ও নীলমা চারজনই হাসিয়া উঠিল।

আশুদাব্দ বলিলেন, হাসির কথা নয়। মেয়েটার স্পর্ধার যেন হতবাক হয়ে সেলাম, নিজেকে সামলে নিয়ে বললাম, না, এ তাঁদের অভিজ্ঞতা নয়, ভোগের মধ্যে তৃপ্তি নেই, কামনার নিবৃত্তি হয় না, এই ইচ্ছিতই তাঁরা করে গেছেন।

কমল একটুখানি থেমে বললে, জানি, এমন বাহুল্য ইচ্ছিত তাঁরা কেন করে গেলেন। এ কি হাটের মাঝখানে বসে যাত্রা-শোনা, না প্রীতিবেশীর গৃহের গ্রামোচ্ছানের বাজনা যে, মাঝখানেই মনে হবে, থাক, যথেষ্ট তৃপ্তিলাভ করা গেছে—আর না। এর

আসল সম্ভা ত বাইরের ভোগের মধ্যে নেই—উৎস ওর জীবনের মূলে, ত্রুথান থেকে ও নিত্যকাল জীবনের আশা, আনন্দ ও রসের যোগান বেশ। শাস্ত্রের খিকার ব্যর্থ হয়ে দরজার পাড়ে থাকে, তাকে স্পর্শ করতেও পারে না।

বললাম, তা হতে পারে, কিন্তু ও যে রিপদ, ওকে ত মানুষের জয় করা চাই।

কমল বললে, কিন্তু, রিপদ বলে গাল দিলেই ত সে ছোট হয়ে যাবে না। প্রকৃতির পাকা খালিলে সে দখলদার—তাদের কোন, সম্ভাটা কে কবে শব্দ, বিদ্রোহ করেই সংসারে ওড়াতে পেরেছে? দৃষ্টির জ্বালায় আত্মহত্যা করাই ত দৃষ্টিতে জয় করা নয়? অথচ ঐ ধরনের বৃষ্টির জ্বালাই মানুষে অকল্যাণের সংস্থার শাস্ত্রের পথ হাতড়ে বেড়ায়? শাস্ত্রও মেলে না, শাস্ত্রও যাচে।

শব্দে মনে হলো, ও বৃষ্টি কেবল আমাকেই খোঁচা দিলে। এই বলিয়া তিনি ক্ষণকাল মৌন থাকিয়া কাহিলেন, কি যে হ'লো মূখ দিয়ে হঠাৎ বেরিয়ে গেল,—কমল, তোমার নিজের জীবনটা একবার ভেবে দেখ'দিক। কথাটা বলে ফেলে কিন্তু নিজের কানেই বি'খলো, কারণ কটাঙ্ক করার মত কিছুই ত তার 'নেই,—কমল নিজেরও বোধ হয় আশ্চর্য হ'লো, কিন্তু রাগ অভিমান কিছুই করলে না। শান্তমূখে আমার পানে চলে বললে, আমি প্রতিদিনই ভেবে দেখি আশুবাবু, দৃষ্টি যে পাইনি তা বলিনে, কিন্তু তাকেই জীবনের শেষ সত্য বলে মেনেও নিইনি। শিবনাথের মধ্যে আমার মণি-মাণিক্যের মত সীমিত হয়ে আছে। নিষ্ফল চিন্তাধায়ে পড়া'ড়িয়ে তাদের ছাই করেও ফেলিনি, শব্দক্লেষের নীচে গিয়ে ভিক্ষে দাও বলে শব্দ্য দৃ'হাত পেতে দাঁড়িয়েও থাকিনি। তাঁর ভালবাসার আনন্দ যখন ফুরলো, তাকে শান্তমনেই বিদায় দিলাম, আক্ষেপ ও অভিযোগের খোঁসায় আকাশ কালো করে তুলতে আমার প্রব'ত্তাই হলো না। তাই তাঁর সম্বন্ধে আমার সৌন্দর্যের আচরণ আপনাদের কাছে এমন অশুভ স্ট্রেকছিল। আপনারা ভাবলেন এতবড় অপরাধ কমল মাপ করলেন কি করে? কিন্তু অপরাধের কথা'র চেয়ে মনে এসেছিল সৌন্দর্য নিজেরই দৃ'র্ভাগ্যের কথা।

মনে হলো যেন তার চোখের কোণে জল দেখা দিলে। হরত সত্য, হরত আমারই ভুল, বৃষ্টির ভেতরটা যেন ব্যাখ্যায় মূচড়ে উঠল—এর সঙ্গে আমার প্রভেদ কতটুকু! বললাম, কমল, এমনি মণি-মাণিক্যের সমস্ত আমারো আছে—সেই ত সাতরাজার ধন—আর আমরা লোভ করতে যাবো কিসের তরে বলো ত?

কমল চুপ করে চেয়ে রইল। জিজ্ঞাসা করলাম, এ জীবনে তুমিই কি আর কাউকে কখনো ভালবাসতে পারবে কমল? এমনি ধারা সমস্ত দেহ-মন দিয়ে তাকে গ্রহণ করতে?

কমল অবিচলিত-কণ্ঠে জবাব দিলে, অন্ততঃ সেই আশা নিজেই ত বেঁচে থাকতে হবে আশুবাবু। অসময়ে মেঘের আড়ালে আজ সূর্য অস্ত গেছে বলে সেই অন্ধকারটাই হবে সত্য, আর কাল প্রভাতে আলোর আলোর আকাশ যদি ছেঁশে যায়, দৃ'চোখ বৃষ্টি তাকেই বলবে এ আলো নয়, এ মিথো? জীবনটাকে নিয়ে এমনি ছেলে-খেলা করেই কি সাজ করে দেবো?

বললাম, রাগিত ত কেবল একটি মাত্রই নয় কমল, প্রভাতের আলো শেষ করে সে ত আবার ফিরে আসতে পারে ?

সে বললে, আসুক না । তখনও ভোরের বিশ্বাস নিয়েই আবার রাগিত স্থাপন করব ।
বিশ্বাসে আচ্ছন্ন হয়ে বসে রইলাম,—কমল চলে গেল ।

ছেলেখেলা ! মনে হরোঁছিল শোকের মধ্যে দ্বিগুণে আমাদের উভয়ের ভাবনার ধারা বৃষ্টি গিয়ে একস্রোতে মিশেছে । দেখলাম, না তা নয় । আকাশ-পাতাল প্রভেদ । জীবনের অর্থ ওর কাছে স্বতন্ত্র,—আমাদের সঙ্গে তার কোথাও মিল নেই । অদৃষ্ট ও মানে না, অতীতের স্মৃতি ওর সম্মুখে পথ রোধ করে না । ওর অনাগত তাই,—যা আজও এসে পৌঁছায় নি । তাই ওর আশাও যেমন দুর্বল, আনন্দও তেমন অপরাধের । আর একজন কেউ ওর জীবনকে ফাঁকি দিয়েছে বলে সে নিজের জীবনকে ফাঁকি দিতে কোনমতেই সম্মত নয় ।

সকলেই চূপ করিয়া রহিল ।

উগত দীর্ঘশ্বাস চাপিয়া আশ্রুবাবু পুনশ্চ কহিলেন, আশ্চর্য মেয়ে ! সেদিন বিরাক্ত ও আক্ষেপের অব্যক্তি রইলো না, কিন্তু এ কথাও ত মনে মনে স্বীকার না করে, পারলাম না যে, এ ত কেবল বাপের কাছে শেখা মূখস্থ বুলিই নয় । যা শিখেছে, কতটুকুই বা বয়স, কিন্তু নিজের মনটাকে যেন ও এই বয়সেই সম্যক উপলব্ধি করে নিয়েছে ।

একটু খামিয়া বলিলেন, সত্যিই ত । জীবনটা সত্যিই ত আর ছেলেখেলা নয় । ভগবানের এতবড় দান ত সেজন্য আসেনি । আর একজন কেউ আর একজনের জীবনে বিফল হলো সেই শূন্যতারই চিরজীবন জয় ঘোষণা করতে হবে, একথাই বা তাকে বলব কি করে ?

বেলা আস্তে আস্তে বলিল, সুন্দর কথাটি ।

হরেন্দ্র নিঃশব্দে উঠিয়া দাঁড়াইয়া কহিল, রাত অনেক হলো, বৃষ্টিও কমেছে—
আজ আসি ।

অজ্ঞে উঠিয়া দাঁড়াইল, কিছই বলিল না—উভয়ে নমস্কার করিয়া বাহির হইয়া গেল ।

বেলা শূন্য হইতে গেল । ছোটখাটো দুই-একটা কাজ নীলিমার তখনও বাকী ছিল, কিন্তু আজ সে-সকল তেমনই অসম্পূর্ণ পড়িয়া রহিল,—অন্যমনস্কের মত সেও নীরবে প্রস্থান করিল ।

ভূতোর অপেক্ষার আশ্রুবাবু চোখের উপর হাত চাপা দিয়া পড়িয়া রহিলেন ।

প্রকাশড অট্টালিকা । বেলা ও নীলিমার শয়নকক্ষ পরস্পরের ঠিক বিপরীত মুখে । ঘরে আলো জ্বলিতোঁছিল,—এত কথা ও আলোচনার সমস্তটাই যেন নির্জন নিঃসঙ্গ গৃহের মধ্যে আসিয়া তাহাদের কাছে ঝাপসা হইয়া গেল ; অথচ পরামার্শ্ব এই যে, কাপড় ছাড়িবার পূর্বে দর্পনের সম্মুখে দাঁড়াইয়া এই দুটি নারীর একই সময়ে ঠিক একটি কথাই কেবল মনে পড়িল—একদিন যেদিন নারী ছিলাম ।

॥ চব্বিশ ॥

দশ-বারো দিন কমল আগ্রা ছাড়িয়া কোথায় চলিয়া গেছে, অথচ আশুদাবদুর তাহাকে অত্যন্ত প্রয়োজন। কম-বোশ সকলেই চিন্তিত, কিন্তু উদ্বেগের কালো মেঘ সবচেয়ে জমাট বাঁধিল হরেন্দ্র ব্রহ্মচর্য্যপ্রমের মাথার উপর। ব্রহ্মচারী হরেন্দ্র-অজিত উৎকণ্ঠার পাল্লা দিয়া এমনিই শূকাইয়া উঠিতে লাগিল যে, তাদের ব্রহ্ম হারাইলেও বোধ করি এতটা হইত না। অবশেষে তাহারাই একদিন খুঁজিয়া বাহির করিল। অথচ, ঘটনাটা অতিশয় সামান্য। কমলের চা-বাগানের ঘনিষ্ঠ পরিচিত একজন ফিরঙ্গী বাগানের কাজ ছাড়িয়া রেলের চাকুরি লইয়া সম্প্রতি টুনডলায় আসিয়াছে; তাহার স্ত্রী নাই, বছর-দুয়েকের একটি ছোট মেয়ে, অত্যন্ত বিব্রত হইয়া সে কমলকে লইয়া গেছে, তাহারই ঘর সংসার গৃহস্থাইয়া দিতে তাহার এত বিলম্ব। আজ সকালে সে বাসার ফিরিয়াছেন। অপরাহ্নে মোটর পাঠাইয়া দিয়া আশাবাদু সাগ্রহে প্রতীক্ষা করিয়া আছেন।

বেলার ম্যাজিস্ট্রেটের বাটীতে নিমন্ত্রণ, কাপড় পরিয়া প্রস্তুত হইয়া সে-ও গাড়ির অপেক্ষা করিতেছে।

সেলাই করিতে করিতে নীলিমা হঠাৎ বলিয়া উঠিল, সে লোকটার পরিবার নেই, একটি কচি মেয়ে ছাড়া বাসায় আর, কোন স্ত্রীলোক নেই, অথচ তারই ঘরে কমল স্বচ্ছন্দে দশ-বারোদিন কাটিয়ে দিলে।

আশুদাবদু অনেক কষ্টে ঘাড় ফিরাইয়া তাহার প্রতি চাহিলেন, এ কথাই তাৎপর্য্য যে কি ঠাহর করিতে পারিলেন না।

নীলিমা যেন আপন মনেই বলিতে লাগিল, ও যেন ঠিক নদীর মাছ। জলে-ভেজা প্রস্রাই ওঠে না; খাওয়া-পরার চিন্তা নেই, শাসন করার অভিভাবক নেই, চোখ রাজ্যবার সমাজ নেই—একবারে স্বাধীন।

আশুদাবদু মাথা নাড়িয়া মৃদুকণ্ঠে কাঁহলেন, অনেকটা তাই বটে।

ওর রূপ-স্বাভাবের সীমা নেই, বুদ্ধিও যেন তেমনি অফুরন্ত। সেই রাজেশ্বর ছেলোটর সঙ্গে ক'দিনের বা জানা-শোনা, কিন্তু উৎপাতের ভরে কোথাও যখন তাঁর ঠাই হলো না, ও তাকে অসৎকাচে ঘরে ডেকে নিলে। কারণ মতামতের মূখ্য চেয়ে তাকে নিজের কর্তব্য বাধা দিলে না। কেউ যা পারলে না, ও তাই অনায়াসে পারলে। শূনে মনে হলো সবাই যেন ওর চেয়ে ছোট হয়ে গেছে,—অথচ মেয়েদের কত কথাই ত ভাবতে হয়!

আশু বলিলেন, ভাবাই ত উচিত নীলিমা?

বেলা কাঁহিল, ইচ্ছা করলে ও-রকম বেপরোয়া স্বাধীন হয়ে উঠতে ত আমরাও পারি!

নীলিমা বলিল, না পারিনে। ইচ্ছে করলে আপনিও না। কারণ জগৎ-সংসার যে-কালি গানে ঢেলে দেবে, সে তুলে ফেলবার শক্তি আমাদের নেই।

একটুখানি ধামিলা কাঁহল, ও ইচ্ছে একদিন আমারও হরোছিল, তাই অনেকদিন থেকেই এ কথা ভেবে দেখেছি। পদ্রুবেসের তৈরি সমাজের আঁবিচারে জলে জলে মরেচি,—কত যে জলেচি সে জানাবার নয়। শদুখ্ জলদাঁই সার হরোছে,—কিন্তু কমলকে দেখবার আগে এর আসল রূপটি কখনো চোখে পড়েনি; মেয়েদের মূর্তি, মেয়েদের স্বাধীনতা আজকাল নরনারীর মূখে মূখে, কিন্তু ঐ মূখের বেশী আর এক-পা এগোয় না। কেন জানেন? এখন দেখতে পেরোচি স্বাধীনতা তঙ্ক-বিচারে মেলে না, ন্যায়-ধর্মের দোহাই পেড়ে মেলে না, সভায় দাঁড়িয়ে দল বেঁধে পদ্রুবেসের সঙ্গে কৌদল করে মেলে না—এ কেউ কাউকে দিতে পারে না,—দেনা-পাওনার বস্ত্রই এ নয়। কমলকে দেখলেই দেখা যায়, এ নিজের পদ্রুর্গতায়, আস্থার আপন বিশ্বাসে আপনি আসে। বাইরে থেকে ডিমের খোলা ঠুকরে ভিতরের জীবকে মূর্তি দিলে যে মূর্তি পায় না,—মরে। আমাদের সঙ্গে তার তফাত ঐখানে।

বেলাকে কাঁহল, এই যে সে দশ-বারোদিন কোথায় চলে গেল, সকলের ভয়ের সীমা রইল না, কিন্তু এ আশঙ্কা কারও স্বপ্নেও উদয় হলো না যে, এমন কিছু কাজ কমল করতে পারে যাতে তার মর্দাবা হানি হয়। বলুন ত, মানুষের মনে এতখানি বিশ্বাসের জোর আমরা হলে পেতাম কোথায়? এ গৌরব আমাদের দিত কে? পদ্রুবেসেও না, মেয়েরাও না।

আশুবাবু সর্বিস্ময়ে তাহার মূখের প্রীতি ক্ষণকাল চাঁহিয়া থাকিয়া বলিলেন, বাস্তবিকই সত্যি নীলিমা। বেলা প্রসন্ন করিল, কিন্তু তার স্বামী থাকলে সে কী করত?

নীলিমা বলিল, তাঁর সেবা করতো, রাখতো-বাড়তো, ঘর-দোর পরিষ্কার-পরিচ্ছন্ন করতো, ছেলে হলে তাদের মানুষ করতো; বস্ত্রতঃ একলা মানুষ, টাকাকাড়ি কম, আমার বোধ হয় সময়ের অভাব তখন আমাদের সঙ্গে হয়ত একবার দেখা করতেও পারত না।

বেলা কাঁহল, তবে?

নীলিমা বলিল, তবে কি? বলিয়াই হাসিয়া ফেলিয়া, কাঁহল, কাজকর্ম করব না শোক-দুঃখ অভাব-আঁভযোগ থাকবে না, হরধম ঘুরে বেড়াবো এই কি মেয়েদের স্বাধীনতার মানদণ্ড নাকি? স্বয়ং বিখাতার ত কাজের অবধি নেই, কিন্তু কেউ কি তাঁকে পরাধীন ভাবে নাকি? এই সংসারে আমার নিজের খাটুঁনিই কি সামান্য?

আশুবাবু গভীর বিস্ময়ে মূচ্ছক্কে তাহার প্রীতি 'চাঁহিয়া রহিলেন। বস্ত্রতঃ এই ধরনের কোন কথা এতদিন তাহার মূখে তিনি শোনে নাই।

নীলিমা বলিতে লাগিল, কমল বসে থাকতে ত জানে না, তখন স্বামী-পদ্রু-সংসার নিলে সে কর্মের মধ্যে, একেবারে তাঁলিলে যেতো—আনন্দের ধারার মত সংসার তার

কপরে ধিরে বয়ে যেতো—ও টেরও পেতো না। কিন্তু বেঁধিন বদ্বতো স্বামীর কাজ বোকা হলে তার খাড়ে চেপেচে, আমি দ্বিব্য করে বলতে পারি, কেউ একটা দিনও সে সঙ্গারে তাকে ধরে রাখতে পারত না।

আশুদ্বাব্দ আস্তে আস্তে বলিলেন,—তাই বটে, তাই মনে হয়।

অধ্বরে পরীচিত মোটরের হনের আওরাজ শোনা গেল। বেলা জানালা দ্বিয়া মদ্ব বাড়াইয়া দেখিয়া কহিল, হাঁ, আমাধেরই গাড়ি।

অনাতকাল পরে ভূত্য আলো দ্বিতে আসিয়া কমলের আগমন-সংবাব দিল।

কন্নাদিন বাবৎ আশুদ্বাব্দ এই প্রতীক্ষা করিয়াই ছিলেন, অথচ খবর পাওরা মাত্র তাঁহার মদ্ব অতিশয় স্নান ও গন্তীর হইয়া উঠিল। এইমাত্র আরাম-কেদ্বারার সোজা হইয়া বসিয়াছিলেন, পদ্বনরার হেলান দ্বিয়া শূইয়া পাড়িলেন।

ধরে চুকিয়া কমল সকলকে নমস্কার করিল এবং আশুদ্বাব্দর পাশের চৌকিতে গিয়া বসিয়া পাড়িয়া বলিল, শূদ্বনলাম আমার জন্য ড্বারি বাস্ত হইলেছেন। কে জানতো আমাকে আপনারা এত ভালবাসেন,—তা হলে যাবার আগে নিশ্চয়ই একটা খবর দ্বিয়ে যেতাম। এই বলিয়া সে তাঁহার সূপরিপদ্বষ্ট শিথিল হাতখানি সন্নেহে নিজের হাতের মধ্যে টানিয়া লইল।

আশুদ্বাব্দর মদ্ব অন্যান্যদ্বিকে ছিল, ঠিক তেমনই রহিল একটি কথারও উত্তর দ্বিতে পারিলেন না।

কমল প্রথমে মনে করিল তিনি সম্পূর্ণ সূদ্ব হইবার পূবেই সে চলিয়া গিয়াছিল এবং এতদিন কোন খোঁজ লয় নাই—তাই অভিমান। তাঁহার মোটা আঙুলগদ্বলির মধ্যে নিজের চাপার কলির মত আঙুলগদ্বলি প্রবিষ্ট করাইয়া দ্বিয়া কানের কাছে মদ্ব আনিয়া চুপি চুপি কহিল, আমি বলচি আমার দ্বোষ হইলেছে, আমি ঘাট মানাচি। কিন্তু ইহারও উত্তরে যখন তিনি কিছুই বলিলেন না, তখন সে সত্যই ভারী আশ্চর্য হইল এবং ভয় পাইল।

বেলা যাইবার জন্য পা বাড়াইয়াছিল, উঠিয়া দাঁড়াইয়া বিনয়-বচনে কহিল, আপনি আসবেন জানলে মালিনীর নিমন্ত্ণটা আজ কিছুতেই নিতাম না, কিন্তু এখন না গেলে তাঁরা ভারী হতাশ হবেন।

কমল জিজ্ঞাসা করিল, মালিনী কে?

নীলিমা জবাব দিল, বলিল, এখানকার ম্যাজিস্ট্রেট-সাহেবের স্ত্রী,—নামটা বোধ হয় তোমার স্মরণ নেই। বেলাকে উদ্দেশ্য করিয়া কহিল, সাতাই আপনার যাওরা উচিত। না গেলে তাঁদের গানেধ আসরটা একেবারে মাটি হয়ে যাবে।

না না, মাটি হবে না,—তবে ভারী ক্ষয় হবেন তাঁরা। শূদ্বনেচি আরও দ্ব-চার দিনকে আহ্বান করেছেন। আচ্ছা, আজ তাহলে আসি, আর একদিন আলাপ হবে। নিমস্কার। এই বলিয়া সে একটু ব্যগ্রপদ্বেই বাহির হইয়া গেল।

নীলিমা কহিল, ভালই হইলেছে যে আজ ঔর বাইরে নিমন্ত্ণ ছিল, নইলে সব কথা

খুলে বলতে বাধত। হাঁ কমল, তোমাকে আমি আপনি বলতাম, না তুমি বলে ডাকতাম ?

কমল কহিল, তুমি বলে। কিন্তু এমন নির্বাসনে যাইনি যে এর মতোই তা ভুলে গেলেন।

না ভুলিনি, শব্দ একটা খটকা বোধেছিল। বাধবারই কথা। সে থাক। সাত-আটদিন থেকে তোমাকে আমরা খুঁজছিলাম। আমার কিছু ঠিক খোঁজা নয়, পাবার জন্য যেন মনে মনে তপস্যা করছিলাম।

কিন্তু তপস্যার শব্দ গাশ্বীর্ষ তাহার মুখে নাই, তাই। অকৃত্রিম স্নেহের মিস্ট একটুখানি পরিহাস কম্পনা করিয়া কমল হাসিয়া কহিল, এ সৌভাগ্যের হেতু? আমি ত সকলের পরিত্যক্ত দ্বিধ, ভদ্রসমাজের কেউ ত আমাকে চায় না।

এই সম্ভাষণটি নতুন। নীলিমার দুই চোখ হঠাৎ ছলছল করিয়া আসিল। কিন্তু সে চুপ করিয়া রহিল।

আশুবাবু থাকিতে পারিলেন না, মুখ ফিরাইয়া বলিলেন, ভদ্রসমাজের প্রয়োজন হয়ত এ অনুযোগের জবাব তারাই দেবে, কিন্তু আমি জানি জীবনে কেউ যদি তোমাকে সত্যি করে চেনে থাকে ত এই নীলিমা। এতখানি ভালবাসা হয়ত তুমি কারও কখনো পাওনি কমল।

কমল কহিল, সে আমি জানি।

নীলিমা চঞ্চলপদে উঠিয়া দাঁড়াইল। কোথাও যাইবার জন্য নহে, এই ধরনের আলোচনায় ব্যাক্তিগত ইঙ্গিতে চিরদিনই সে যেন আশ্রয় হইয়া পড়িত। বহুকক্ষত্রে প্রিয়জনে তাহাকে ভুল বুঝিয়াছে, তথাপি এমনিই ছিল তাহার স্বভাব। কথাটা তাড়াতাড়ি চাপা দিয়া কহিল, তোমাকে আমাদের দুটো খবর দেবার আছে।

কমল তাহার মনের ভাব বুঝিল, হাসিয়া কহিল, বেশ ত, দেবার থাকে দিন।

নীলিমা আশুবাবুকে দেখাইয়া বলিল, উনি লজ্জায় তোমার কাছে মুখ লুকিয়ে আছেন, তাই, আমিই ভার নিয়োঁছ বলবার। মনোরমার সঙ্গে শিবনাথের বিবাহ স্থির হয়ে গেছে—পিতা ও ভাবী শ্বশুরের অনুজ্ঞা ও আশীর্বাদ প্রার্থনা করে দুজনেই পর দিয়েছেন।

শুনিলে কমলের মুখ পাংশু হইয়া গেল, কিন্তু তৎক্ষণাৎ আত্মসংবরণ করিয়া কহিল, তাতে গুর লজ্জা কিসের ?

নীলিমা কহিল, সে গুর মেয়ে বলে। এবং চিঠি পাবার পরে এই কটা দিন কেবল একটি কথাই বার বার বলেছেন, আগ্রায় এত লোক মারা গেল, ভগবান তাঁকে দয়া করলেন না কেন? জ্ঞানভঃ, কোনদিন কোন অন্যান্য করেননি, তাই একান্ত বিশ্বাস ছিল ঈশ্বর গুর প্রতি সদয়। সেই অভিমানের ব্যথাই যেন গুর সকল বেদনার বড় হয়ে উঠেছে। আমি ছাড়া কাউকে কিছু বলতে পারেন নি এবং রাত্রিদিন মনে মনে কেবল তোমাকেই ডেকেছেন। বোধ হয় ধারণা এই যে, তুমিই শব্দ এর থেকে পরিচারণের পথ বলে দিতে পার।

কমল উঁকি দিয়া দৌঁখল, আশুদ্বাবদুর মর্দিত দুই চক্ষুর কোণ বাহিয়া ফৌটা-করেক জল গড়াইয়া পাড়িয়াছে, হাত বাড়াইয়া সেই অশ্রু নিঃশব্দে মুছাইয়া দিয়া সে নিজেও শুক হইয়া রহিল ।

বহুকণ পরে জিজ্ঞাসা করিল, একটা খবর ত এই, আর একটা ?

নীলিমা রহস্যচ্ছলে কথটা বলিতে চাহিলেও ঠিক পারিয়া উঠিল না, কাঁহিল, ব্যাপারটা অভাবিত, নইলে গদরুতর কিছ্ নয় । আমাদের মুখুদ্বো-মশায়ের স্বাস্থ্যের জন্য সকলেরই দর্শিত্ব ছিল, তিনি আরোগ্যলাভ করেছেন এবং পরে দাদা এবং বৌদি তাঁর একান্ত অনিচ্ছাসত্ত্বেও জোর-জবরদাস্তি একটি বিয়ে দিয়ে দিয়েছেন । লজ্জার সঙ্গে খবরটি তিনি আশুদ্বাবদুরকে চিঠি লিখে জানিয়েছেন,—এইমাত্র । এই বলিয়া এবার সে নিজেই হাসিতে লাগিল ।

এ হাসির মধ্যে স্খও নাই, কোঁতুকও নাই । কমল তাহার মুখের প্রতি চাহিয়া বলিল, এ দুটোই বিশ্বের ব্যাপার । একটা হয়ে গেছে, আর একটা হবার জন্যে স্থির হয়ে আছে । কিন্তু আমাকে খুঁজছিলেন কেন ? এর কোনটাই ত আমি ঠেকাতে পারিনে ।

নীলিমা কাঁহিল, অথচ ঠেকাবার কল্পনা নিয়েই বোধ করি উনি তোমাকে খুঁজছিলেন । কিন্তু আমি ত তোমাকে খুঁজিনি ভাই, কামরুনে ভগবানকে ডাকাছিলাম যেন দেখা পেয়ে তোমার প্রসন্ন-দৃষ্টি লাভ করতে পারি । বাঙ্গালাদেশে মেয়ে হয়ে জন্মে অদৃষ্টকে দোষ দিতে গেলে খেই খুঁজে পাবো না ; কিন্তু বন্ধুর দোষে বাপের বাড়ি শ্বশুরবাড়ি দুটোই ত খুঁজিয়েছি—এর ওপর উপরি-লোকসান যা ভাগ্যে ঘটেছে সে বিবরণ দিতে পারবো না,—এখন ভগ্নীপতির আগ্রহটাও ঘুচল । আশুদ্বাবদুরকে ইঙ্গিতে দেখাইয়া বলিল, দয়া-দাঁকণ্যের সীমা নেই,—ষে-কটা দিন এখানে আছেন মাথা গোঁজবার স্থান পাবো, কিন্তু তার পরে অন্ধকার ছাড়া চোখের সামনে আর কিছুই দেখতে পাইনে । ভেবেচি, এবার তোমাকে ঠাই দিতে বলব, না পাই মরব । পদুদ্বোর কৃপা ভিক্ষে চেয়ে স্রোতের আবর্জনার মত আর ঘাটে ঘাটে ঠেকতে ঠেকতে আমদুর শেষ দিনটা পর্যন্ত অপেক্ষা করতে পারবো না । বলিতে বলিতে তাহার গলায় শ্বরটা ভারী হইয়া আসিল কিন্তু চোখের জল জোর করিয়া দমন করিয়া রাখিল ।

কমল তাহার মুখের পানে চাহিয়া শব্দ একটু হাসিল ।

হাসলে যে ?

হাসাটা জবাব দেওয়ার চেয়ে সহজ বলে ।

নীলিমা বলিল, সে জানি । কিন্তু আজকাল মাঝে মাঝে কোথায় যে অদৃশ্য হয়ে যাও, সেই ত আমার ভয় ।

কমল কাঁহিল, হলাম বা অদৃশ্য । কিন্তু দরকার হলে আমাকে খুঁজতে যেতে হবে না দিদি, আমিই পৃথিবীময় আপনাকে খুঁজে বেড়াতে বার হবো । এ সম্বন্ধে নিশ্চিত হোন ।

আশুদ্বাবদুর কাঁহিলেন, এবার এমনি করে আমাকেও অভয় দাও কমল, আমিও যেন ওঁর মতই নিঃসংশয় হতে পারি ।

আদেশ করুন আমি কি করতে পারি ।

তোমাকে কিছই করতে হবে না কমল, যা করবার আমি নিজেই করব । আমাকে শূদ্ধ এইটুকু উপদেশ দাও, পিতার কর্তব্যে অপরাধ না করি । এ বিবাহে কেবল যে মত দিতে পারিলে তাই নয়, ঘটতে দিতেও পারিলে ।

কমল বলিল, মত আপনার, না দিতেও পারেন । কিন্তু বিবাহ ঘটতে যেন না কি করে ? মেয়ে ত আপনার বড় হয়েছে ।

আশুদ্বাব্দ উত্তেজনা চাপিতে পারিলেন না, কারণ, অস্বীকার করার জো নাই বলিয়া এই কথাটাই মনের মধ্যে তাহার অহনির্নিশি পাক খাইয়াছে । বলিলেন, তা জানি, কিন্তু মেয়েরও জানা চাই যে বাপের চেয়ে বড় হয়ে ওঠা যায় না । শূদ্ধ মতামতটাই আমার নিজের নয় কমল, সম্প্রতিটাও নিজের । আশুদ্বাব্দীয় দর্বেলতার পরিচয়টাই লোকের অভ্যাস হয়ে গেছে, কিন্তু তার আরও একটা দিক আছে,—সেটা লোকে ভুলেছে ।

কমল তাহার মুখের পানে চাহিয়া স্নিগ্ধকণ্ঠে বলিল, আপনার সে দিকটা যেন লোকে ভুলেই থাকে আশুদ্বাব্দ । কিন্তু তাও যদি না হয়, সে পরিচয়টা কি সর্বাগ্রে দিতে হবে নিজের মেয়ের কাছেই ?

হাঁ, অবশ্য মেয়ের কাছে । এই বলিয়া তিনি একমুহূর্ত নীরব থাকিয়া বলিলেন, মা-মরা আমার ঐ একমাত্র সন্তান, কি করে মানুষ করেছি সে শূদ্ধ তিনিই জানেন যিনি পিতৃহৃদয় সৃষ্টি করেছেন । এর ব্যাধা যে কি তা মুখে ব্যক্ত করতে গেলে তার বিকৃতি কেবল আমাকে নয়, সকল পিতার পিতা যিনি তাঁকে পৰ্ব্বস্ত উপহাস করবে । তা ছাড়া তুমি বুঝবেই বা কি করে ? কিন্তু পিতার মেহই ত শূদ্ধ নয়, কমল, তার কর্তব্যও ত আছে ? শিবনাথকে আমি চিনতে পেরেছি । তার সর্বলেশে গ্রাস থেকে মেয়েকে রক্ষা করতে পারি এ-ছাড়া আর কোন পথই আমার চোখে পড়ে না । কাল তাদের চিঠি লিখে জানাবো, এর পরে মণি যেন না আমার কাছে একটু কপর্দকও আশা করে ।

কিন্তু এ চিঠি যদি তারা বিশ্বাস করতে না পারে ? যদি ভাবে এ রাগ বাবার বেশী দিন থাকবে না,—সেদিন নিজে অবিচার তিনি নিজেই সংশোধন করবেন তা হলে ?

তা হলে তারা তার ফল ভোগ করবে । লেখার দায়িত্ব আমার, কিন্তু বিশ্বাস করার দায়িত্ব তাদের ।

এই কি আপনি সত্যিই স্থির করেছেন ?

হ্যাঁ ।

কমল নীরবে বসিয়া রহিল । উদ্‌গ্রীব-প্রতীক্ষার আশুদ্বাব্দ নিজেও কিছুক্ষণ নিঃশব্দে থাকিয়া মনে মনে ব্যাকুল হইয়া উঠিলেন । বলিলেন, চুপ করে রইলে যে কমল, জবাব দিলে না ?

কৈ, প্রশ্ন ত কিছই করেন নি ? সংসারে একের সঙ্গে অপরের মতের মিল না হলে

যে শক্তিমান, দুর্বলকে সে দশু দেয়। এ ব্যবস্থা প্রাচীনকাল থেকে চলে আসছে।
এতে বলবার কি আছে ?

আশুদ্বাবুর ক্ষোভের সীমা রহিল না, বলিলেন, এ তোমার কি কথা কমল ?
সন্তানের সঙ্গে পিতার ত শক্তি-পরীকার সম্বন্ধ নয় যে দুর্বল বলেই তাকে শাস্তি
দিতে চাইচি। কঠিন হওয়া যে কত কঠিন, সে কেবল পিতাই জানে, তবু যে এতবড়
কঠোর সংকল্প করোঁছ সে শব্দ তাকে ভুল থেকে বাঁচাবো বলেই ত ? সত্যিই কি এ
তুমি বন্ধুতে পারোঁনি ?

কমল মাথা নাড়িয়া বলিল, পেরোঁছি। কিন্তু কথা আপনার না শব্দে যদি সে
ভুলই করে, তার দ্বংখ সে পাবে। কিন্তু দ্বংখ নিবারণ করতে পারলেন না বলে কি
রাগ করে তার দ্বংখের বোঝা সহস্র-গুণে বাড়িয়ে দেবেন ?

একটুখানি খামিয়া বলিল, আপনি তার সকল আত্মীয়ের পরমাত্মীয়। যে লোকটাকে
অত্যন্ত মন্দ বলে জেনেছেন তারই হাতে নিজের মেরেকে চিরদিনের মত নিঃশ্ব নিরুপায়
করে বিসর্জন দেবেন,— ফেরবার পথ তার কোনদিন কোন দিক থেকেই খোলা রাখবেন
না ?

আশুদ্বাবু বিহ্বল-চক্ষে চাহিয়া রহিলেন, একটা কথাও তাঁর মুখে আসিল না—
শব্দে দোঁখতে দোঁখতে দুই চক্ষু অশ্রুপ্লাবিত হইয়া বড় বড় ফোঁটার জল গড়াইয়া
পড়িল।

কিছুক্ষণ এমনিভাবে কাটিবার পরে তিনি জামার হাতায় চোখ মুঁছিয়া রুদ্ধকণ্ঠ
পরিষ্কার করিয়া ধীরে ধীরে মাথা নাড়িলেন,—ফেরবার পথ এখানি আছে কমল, পরে
নেই। স্বামী ত্যাগ করে যে-ফেরা, জগদীশ্বর করুন সে যেন না আমাকে চোখে দেখতে
হয়।

কমল কাঁহল, এ অন্যায়। বরষ, আমি কামনা করি, ভুল যদি কখনো তার নিজের
চোখে ধরা পড়ে, সেদিন যেন না সংশোধনের পথ অবরুদ্ধ থাকে। এমনি করেই
মানুষে আপনাকে শোধরাতে শোধরাতে আজ মানুষ হতে পেরেছে। ভুলকে ত ভয়
নেই আশুদ্বাবু, যতক্ষণ তার অন্যদিকে পথ খোলা থাকে। সেই পথটা চোখের সম্মুখে
বন্ধ ঠেকচে বলেই আজ আপনার আশঙ্কার সীমা নেই।

মনোরমা কন্যা না হইয়া আর কেহ হইলে এই সোজা কথাটা তিনি সহজেই
বুঝিতেন, কিন্তু একমাত্র সন্তানের নিদারণ ভবিষ্যতের নিঃসংশয় দৃষ্টি কমলের
সকল আবেদন বিফল করিয়া দিল, শব্দে অসংলগ্ন মিনতির স্বরে কাঁহিলেন, না কমল,
এ বিবাহ বন্ধ করা ছাড়া আর কোন রাস্তাই আমার চোখে পড়ে না। কোন উপায়ই
কি তুমি বলে দিতে পারো না ?

আমি ? হাঁকতটা কমল এতক্ষণে বুঝিল। এবং ইহা স্পষ্ট করিতে গিয়া তাহার
মিষ্ককণ্ঠ মৃহুতের জন্য গম্ভীর হইয়া উঠিল, কিন্তু সে ওই মৃহুতের জন্যই।
নীলমার প্রতি চোখ পড়িতেই আত্মসংবরণ করিয়া কাঁহিল, না, এ ব্যাপারে কোন
সাহায্যই আপনাকে আমি করতে পারবো না। উত্তরাধিকারে বশিত করার ভয় দেখালে

সে ভয় পাবে কি না জানিনে, যদি পার তখন এই কথাই বলবো যে খাইলে পরিণে ইক্ষুল-কলেজে বই মুদ্রিত করিয়ে মোয়েকে বড়ই করেছেন, কিন্তু মানুষ করতে পারেন নি। সেই অভাব পূর্ণ করার সদ্ব্যোগটুকু তার যদি দৈবাৎ এসে পড়ে থাকে, আমি হস্তারক হতে যাব কিসের জন্যে ?

কথাটা আশুবাবুর ভাল লাগিল না, কহিলেন, তুমি কি তা হলে বলতে চাও বাধা দেওয়া আমার কর্তব্য নয় ?

কমল কহিল, অন্ততঃ ভয় দেখিয়ে নয়—এইটুকুই বলতে পারি। আমি আপনার মেয়ে হলে বাধা হয়ত পেতাম, কিন্তু এ জীবনে আর কখনো আপনাকে শ্রদ্ধা করতে পারতাম না। আমার বাবা আমাকে এইভাবেই গড়ে গিয়েছিলেন।

আশুবাবু বলিলেন, অসম্ভব নয় কমল, তোমার কল্যাণের পথ তিনি এদিকেই দেখতে পেরেছিলেন। কিন্তু আমি পাইনে। তবু, আমিও পিতা। আমি স্পষ্ট দেখতে পাচ্ছি শিবনাথকে কেউ যথার্থ ভালবাসা দিতে পারে না,—এ তার মোহ। এ মিথো। এই ক্ষণস্থায়ী নেশার ঘোর ঘোঁড়ন কেটে যাবে সৈদিন মণির দৃষ্টির অন্ত থাকবে না। কিন্তু তখন তাঁকে বাঁচাবে কিসে ?

কমল কহিল, নেশার মধ্যেই বরণ ভাবনা ছিল, কিন্তু সে ঘোর কেটে গিয়ে যখন সে সুস্থ হয়ে উঠবে তখন তার আর ভয় নেই। তার স্বাস্থ্যই তখন তাকে রক্ষা করবে।

আশুবাবু অস্বীকার করিয়া বলিলেন, এ-সব কথা মারপ্যাঁচ কমল, যুক্তি নয়। সত্য এর থেকে অনেক দূরে। ভুলের দণ্ড তাকে বড় করেই পেতে হবে,—ওকালতিতর জোরে তার থেকে অব্যাহতি মিলবে না।

কমল কহিল, অব্যাহতির ইঙ্গিত আমি করিনি আশুবাবু। ভুলের দণ্ড পেতে হয়, এ আমি জানি। তার দৃষ্টি আছে, কিন্তু লজ্জা নেই। মণি কাউকে ঠকাতে যায়নি, ভ্রাতৃভেদে সে যদি ফিরে আসে, তাকে মাথা হেঁট করে আসতে হবে না—এই ভরসাই আপনাকে আমি দিতে চেয়েছিলাম।

তবু ত ভরসা পাইনে কমল। জানি, ভুল তার ভাঙ্গবেই কিন্তু তার পরেও যে তাকে দ্বিহীন বাঁচতে হবে, তখন সে থাকবে কি নিজে ? বাঁচবে কোন অবলম্বনে ?

অমন কথা আপান বলবেন না। মানুষের দৃষ্টিটাই যদি দৃষ্টি পাওয়ার শেষ কথা হ'তো, তার মূল্য ছিল না। সে একদিকের ক্ষতি আর একদিকের মস্ত সমৃদ্ধি দিয়ে পূর্ণ করে তোলে, নইলে, আমিই বা আজ বেঁচে থাকতাম কি করে ? বরণ, আপান আশীর্বাদ করুন, ভুল যদি ভাঙ্গে তখন যেন সে নিজেকে মুক্ত করে নিতে পারে, তখন যেন কোন লোভ, কোন ভয় না তাকে রাহুগ্রস্ত করে রাখে।

আশুবাবু চুপ করিয়া রহিলেন ! জবাব দিতে বাধিল, কিন্তু স্বীকার করিতেও চেষ্টা বেশী বাধিল। বহুক্ষণ পরে বলিলেন, পিতার দৃষ্টি দিয়ে আমি মণির ভবিষ্যৎ-জীবন অন্ধকার দেখতে পাই। তুমি কি তবুও সত্যিই বল যে আমার বাধা দেওয়া উচিত নয়, নীরবে মেনে নেওয়াই কর্তব্য ?

আমি মা হলে মেনেই নিতাম। তার ভবিষ্যতের আশঙ্কায় হয়ত আপনারই মত

কুট পেতাম, তবু এই উপায়ে বাধা দেবার আয়োজন করতাম না। মনে মনে বলতাম, এ জীবনে যে রহস্যের সামনে এসে আজ সে দাঁড়িয়েছে, সে আমার সমস্ত দৃষ্টিস্তর চেয়েও বৃহৎ। একে স্বীকার করতেই হবে।

আশুদ্বাব্দ আবার কিছুক্ষণ মৌন থাকিয়া কাঁহিলেন, তবু বৃদ্ধিতে পারলাম না কমল। শিবনাথের চরিত্র, তার সকল দৃষ্টিভিত্তিক বিবরণ মগ্ন জানে। একদিন এ বাড়িতে আসতে দিতেও তার আপত্তি ছিল, কিন্তু আজ যে সম্মোহনে তার হিতাহিত-বোধ, তার সমস্ত নৈতিক-বুদ্ধি আচ্ছন্ন হয়ে গেছে, সে ত যথার্থ ভালবাসা নয়, সে দাদু, সে মোহ; এ মিথ্যে যেমন করে হোক নিবারণ করাই পিতার কর্তব্য।

এইবার কমল একেবারে স্তম্ভ হইয়া গেল এবং এতক্ষণ পরে উভয়ের চিন্তার প্রকৃতি-গত প্রভেদ তাহার চোখে পড়িল। ইহাদের জাতিই আলাদা এবং প্রমাণের বস্তু নয় বলিয়াই এতক্ষণের এত আলোচনা একেবারে সম্পূর্ণ বিফল হইল। বৌদ্ধকে তাহার দৃষ্টি আবদ্ধ সৈদিকে সহস্র বর্ষ চোখ মেলিয়া থাকিলেও এ সত্যের সাক্ষাৎ মিলিবে না, কমল তাহা বুঝিল। সেই বুদ্ধির যাচাই, সেই হিতাহিত-বোধ, সেই ভাল-মন্দ সুখ-দুঃখের অতি-সতর্ক হিসাব, সেই মজবুত বুদ্ধিনিয়ত গড়ার ইঞ্জিনীয়ার ডাকা—অঙ্ক কবিতা ইহারা ভালবাসার ফল বাহির করিতে চায়। নিজের জীবনে আশুদ্বাব্দ পত্রীকে একান্তভাবে ভালবাসিয়াছিলেন। বহুদিন তিনি লোকান্তারিত তথ্য আপ আজিও হয়ত তাহার মূল অন্তরে শিথিল হয় নাই,—সংসারে ইহার তুলনা বিরল, এ সবই সত্য, তবুও ইহারা ভিন্ন-জাতীয়।

ইহার ভাল-মন্দ প্রশ্ন তুলিয়া তর্ক করার মত নিষ্ফলতা আর নাই। দাম্পত্য-জীবনে একটা দিনের জন্যও পত্রীর সহিত আশুদ্বাব্দের মতভেদ ঘটে নাই, অন্তরে মালিন্য স্পর্শ করে নাই। নির্বিঘ্ন শান্তি ও অবিচ্ছিন্ন আরামে যাহাদের দীর্ঘ বিবাহিত-জীবন কাটিয়াছে তাহার গোরব ত মাহাত্ম্যকে খর্ব করিবে কে? সংসার মূঢ়-চিত্তে ইহার স্তবগান করিয়াছে; এমনি দুর্লভ কাহিনী লিপিবদ্ধ করিয়া কবি অমর হইয়াছে, স্বকীয় জীবনে ইহাকেই লাভ করিবার ব্যাকুলিত বাসনায় মানুুষের লোভের অন্ত নাই। যাহার নিঃসন্দেহ মহিমা স্বেচ্ছাসিদ্ধ প্রাতিষ্ঠান চিরদিন অবিচলিত, তাহাকে তুচ্ছ করিবে কমল কোন স্পর্ধায়? কিন্তু মগ্ন? যে দুঃশীল দুর্ভাগার হাতে আপনাকে বিসর্জন দিতে সে উদ্যত, তাহার সব-কিছু জানিয়াও সমস্ত জানার বাহিরে পা বাড়াইতে আজ তাহার ভয় নাই। দুঃসময় পরিণাম-চিন্তার পিতা শক্তিকত বন্ধুগণ বিষয়, কেবল সেই শব্দ একাকী শঙ্কাহীন। আশুদ্বাব্দ জানেন এ-বিবাহে সম্মান নাই, শব্দ নাই, বঞ্চার, পরে ইহার ভিত্তি, এই স্বল্পকালব্যাপী মোহ বৌদ্ধ টুটিবে তখন আজীবন লক্ষ্মা ও দুঃখ রাখিবার ঠাই রহিবে না,—হয়ত এ সবই সত্য, কিন্তু সব গিল্লাও এই প্রবঞ্চিত মেয়েটির ঘে-বস্তু বাকী থাকিবে সে যে পিতার শান্তি-সুখময় দীর্ঘস্থায়ী দাম্পত্য-জীবনের চেয়ে বড়, এ কথা আশুদ্বাব্দকে সে কি বিয়া বুঝাইবে? পরিণামটা ইহাচার কাছে মূল্য-নিরূপণের একমাত্র মানদণ্ড, তাহার সঙ্গে তর্ক চলিবে কেন? কমলের একবার ইচ্ছা হইল বলে, আশুদ্বাব্দ, মোহমাত্রই মিথ্যা নয়, কন্যার

চিত্তাকাশে মূহূর্ত উল্ভাসিত তাড়ৎ-রেখাও হয়ত পিতার অনির্বাপিত দীপ-শিখাকেও দীপ্তির পরিমাপে অতিক্রম করিতে পারে,—কিন্তু কিছই না বলিয়া সে নীরবে বাসিয়া রহিল ।

পিতার কৰ্তব্য সম্বন্ধে অত্যন্ত স্পষ্ট অভিমত প্রকাশ করিয়া আশুবাবু উত্তরের অপেক্ষায় অধীর হইয়া ছিলেন, কিন্তু কমল নিরন্তর নতমুখে তেমনি বাসিয়া আছে ; বেশ বদ্বা গেল, এ লইয়া সে আর বাদানুবাদ করিতে চাহে না । কথা নাই বলিয়া নয়, প্রয়োজন নাই বলিয়া । কিন্তু এমন করিয়া একজন মৌনাবলম্বন করিলে ত অপরের মন শান্তি মানে না । বস্তুতঃ, এই প্রোঢ় মানুস্বিটির গভীর অন্তরে সত্যের প্রতি একটি সত্যকার নিষ্ঠা আছে, একমাত্র সন্তানের দুর্দিনের আশংকার লঙ্ঘিত, উদ্ভ্রান্ত চিত্ত তাহার, মূখে যাই কেন না বলুক, জোর আছে বলিয়াই উরুত স্পর্ধায় জোর খাটানোর প্রতি তাহার গভীর বিতৃষ্ণা । কমলকে তিনি যত দোঁখিয়াছেন ততই তাহার বিস্ময় ও শ্রদ্ধা বাড়িয়াছে । লোকচক্ষু সে হয়, নিন্দিত ; ভদ্রসমাজে পরিত্যক্ত, সভায় ইহার নিমন্ত্রণ জুটে না, অথচ, এই মেয়েটির নিঃশব্দ অবস্থাকেই তাহার সবচেয়ে ভয়, ইহার কাছেই তাহার সঙ্কোচ ছুচে না ।

বলিলেন, কমল, তোমার বাবা য়ুরোপিয়ান, তবু তুমি কখনো দেশে যাওনি । কিন্তু তাদের মধ্যে আমার বহুদিন কেটেছে, তাদের অনেক-কিছু চোখে দেখেছি । অনেক ভালবাসার বিবাহ উৎসবে যখন ডাক পড়েছে, আনন্দের সঙ্গে যোগ দিয়েছি, আবার সে বিবাহ যখন অনাদরে উপেক্ষায় অনাচারে অত্যাচারে ভেঙ্গেছে তখনও চোখ মূছেছি । তুমি গেলেও ঠিক এমনি দেখতে পেতে ।

কমল মুখ তুলিয়া বলিল, না গিয়েও দেখতে পাই আশুবাবু । ভাঙ্গার নাজির সে দেশে প্রত্যহ পূর্জিত হয়ে উঠেছে, উঠবারই কথা,—এও যেমন সত্যি, ওর থেকে তার স্বরূপ বদ্বতে যাওয়াও তেমনি ভুল । ওটা বিচারের পদ্ধতিই নয় আশুবাবু ।

আশুবাবু নিজের ভ্রম বুঝিয়া কিছু অপ্রতিভ হইলেন, এমন করিয়া ইহার সহিত তর্ক চলে না, বলিলেন, সে যাক, কিন্তু আমাদের এই দেশটার পানে একবার ভাল করে চেয়ে দেখ দিকি যে প্রথা আবহমানকাল ধরে চলে আসচে তার সৃষ্টিকর্তাদের দুর্দর্শিতা ! এখানে দারিদ্র্য পাত্র-পাত্রীদের' পরে নেই, আছে বাপ-মা গুরুজনদের' পরে । তাই বিচারবুদ্ধি এখানে আকুল-অসংঘমে ঝুলিয়ে গুঠে না, একটা শান্ত আবির্ভাবিত মঙ্গল তাদের চির-জীবনের সঙ্গী হয়ে যায় ।

কমল কহিল, কিন্তু মণি ত মঙ্গলের হিসেব করতে বসেনি, আশুবাবু, সে চেয়েছে ভালবাসা । একটার হিসেব গুরুজনের স্মৃষ্টি দিয়ে মেলে, কিন্তু অন্যটার হিসেব হৃদয়ের দেবতা ছাড়া আর কেউ জানে না । কিন্তু তর্ক করে আপনাকে আমি মিথো উল্লেখ করছি ; যার ঘরে পশ্চিমের জানালা ছাড়া আর সকল দিকই বন্ধ, সে সূর্যের প্রভৃষ্ণের আবির্ভাব দেখতে পায় না, দেখতে পায় শুধু তার প্রদোষের অবসান ! কিন্তু সেই চেহারা আর রঙের সাদৃশ্য মিলিয়ে তর্ক করতে থাকলে শুধু কথাই বাড়বে. মীমাংসায় পৌঁছবে না । আমার কিন্তু রাত হয়ে যাচ্ছে, আজ আসি ।

নীলিমা বরাবর চূপ করিয়া ছিল, এতক্ষণে এত কথাই মথ্যে একটি কথাও যোগ করে নাই। এখন কহিল, আমিও সব কথা তোমার স্পষ্ট বন্ধুতে পারিনি কমল, কিন্তু এটুকু অনুভব করাচি যে, ঘরের অন্যান্য জানালাগুলোও খুলে দেওয়া চাই। এ ত চোখের দোষ নয়, দোষ বন্ধ বাতায়নের। নইলে যে-দিকটা খোলা আছে সেদিকে দাঁড়িয়ে আমরণ চেয়ে থাকলেও এ-ছাড়া কোন-কিছই কোনদিন চোখে পড়বে না।

কমল উঠিয়া দাঁড়াইতে আশুবাবু ব্যাকুলকণ্ঠে বলিয়া উঠিলেন, যেয়ো না কমল, আর একটুখানি বসো। মৃত্যু অন্ত নেই, চোখে ধুম নেই,—অবিপ্রাম বন্ধুর ভেতরটায় যে কি করেছে সে তোমাকে আমি বোঝাতে পারবো না। তবু আর একবার চেষ্টা করে দেখি তোমার কথাগুলো যদি সত্যিই বন্ধুতে পার। তুমি কি যথার্থই বলছ? আমি চূপ করে থাকি, আর এই কুশ্রী ব্যাপারটা হয়ে যাক?

কমল বলিল, যদি তাঁকে ভালবেসে থাকে আমি তা কুশ্রী বলতে পারিনে।

কিন্তু এইটেই যে তোমাকে একশো বার বোঝাতে চাচ্ছি কমল, এ মোহ, এ ভালবাসা নয়, এ ভুল তার ভাঙ্গবেই।

কমল কহিল, শব্দ ভুলই যে ভাঙ্গে তা নয়, আশুবাবু, সত্যিকার ভালবাসাও সংসারে এমনি ভেঙ্গে পড়ে। তাই, অধিকাংশ ভালবাসার বিবাহই হয়ে যায় ক্ষণস্থায়ী। এই জন্যই ও-দেশের এত দুর্নীতি, এত বিবাহ ছিন্ন করার মামলা।

শুনিয়া আশুবাবু সহসা যেন একটা আলো দেখিতে পাইলেন, উচ্ছ্বাসিত আগ্রহে কহিয়া উঠিলেন, তাই বল কমল, তাই বল। এ যে আমি স্বচক্ষে অনেক দেখে এসেছি।

নীলিমা অবাক হইয়া চাহিয়া রহিল।

আশুবাবু জিজ্ঞাসা করিলেন, কিন্তু আমাদের এ দেশের বিবাহ-প্রথা? তাকে তুমি কি বলো? সে যে সমস্ত জীবনে ভাঙ্গে না কমল?

কমল কহিল; ভাঙ্গবার কথাও নয় আশুবাবু। সে ত অনাভিজ্ঞ যৌবনের ক্যাপামি নয়, বহুদর্শী গুরুজনের হিসেব-করা কারবার। স্বপ্নের মূলধন নয়—চাখ চেয়ে, পাকা-লোকের যাচাই-বাছাই করা খাঁটি জিনিস। আঁকের মধ্যে মারাত্মক গলদ না থাকলে তাতে সহজে ফাটল ধরে না। এদেশ-ওদেশ সব দেশেই সে ভারী মজবুত, সারাজীবন বন্ধের মত টিকে থাকে।

আশুবাবু নিশ্বাস ফেলিয়া স্থির হইয়া রহিলেন, মৃত্যু তাঁর উত্তর যোগাইল না।

নীলিমা নিঃশব্দে চাহিয়াই ছিল, ধীরে ধীরে প্রশ্ন করিল, কমল, তোমার কথাই যদি সত্যি হয়, সত্যিকার ভালবাসাও যদি ভুলের মতই সহজে ভেঙ্গে পড়ে, মানুষ্যে তবে দাঁড়াবে কিসে? তার আশা করবার বাকী থাকবে কি?

কমল বলিল, যে স্বর্গবাসের মিল্লাদ ফুরলো, থাকবে তারই একান্ত মধুর স্মৃতি, আর তারই পাশে ব্যথার সমুদ্র। আশুবাবুর শান্তি ও সুখের সীমা ছিল না, কিন্তু তার বেশী ঠাণ্ড পর্দা নেই। ভাগ্য যাকে এটুকুমাত্র দিয়েই বিদায় করেছে আমরা তাঁকে ক্ষমা করা ছাড়া আর কি করতে পারি যদি?

একটুখানি খামিলা বলিল, লোকে বাইরে থেকে হঠাৎ ভাবে—বুঝি সব গেলো। বন্ধুজনের ভয়ের অন্ত থাকে না, দু'হাত দিয়ে পথ আগলতে চায়, নিশ্চয় জানে, তার হিসেবের বাইরে বুঝি সবই শূন্য। শূন্য নয় দাঁদি। সব গিয়েও যা হাতে থাকে মণিকোর মত তা হাতের মূঠোর মধ্যেই ধরে। বস্ত্র-বাহুদ্যে পথ-জুড়ে তা দিয়ে শোভাযাত্রা করা যায় না বলেই দর্শকের দল হতাশ হয়ে ধিক্কার দিয়ে ঘরে ফেরে— বলে ঐ ত সর্বনাশ।

নীলিমা বলিল, বলা হেতু আছে কমল। মণি-মাণিকা সকলের জন্যে নয়, সাধারণের জন্যেও নয়। আপাদমস্তক সোনা-রূপোর গয়না না পেলে যাদের মন ওঠে না, তারা তোমার ঐ একফোঁটা হীরে-মানিক্যের কদর বুঝবে না। যাদের অনেক চাই, তারা গেরোর ওপর অনেক গেরো লাগিয়েই তবে নিশ্চিত হতে পারে। অনেক ভার, অনেক আলোজন, অনেক জায়গা দিয়েই তবে জিনিসের দামের আন্দাজ তারা পায়। পশ্চিমের দরজা খুলে সূর্যোদয় দেখানোর চেষ্টা বৃথা হবে কমল, এ আলোচনা বন্ধ থাক।

আশুবাবুর মূখ দিয়ে আবার একটা দীর্ঘশ্বাস বাহির হইয়া আসিল, আশু আশুে বলিলেন, বৃথা হবে কেন নীলিমা, বৃথা নয়। বেশ চুপ করেই না হয় থাকবো।

নীলিমা কহিল, না, সে আপনি করবেন না। সত্যি কি শব্দ কমলের চিন্তাতেই আছে, আর পিতার শব্দভবন্বিতে নেই? এমন হতেই পারে না। ওর পক্ষে যা সত্যি মণির পক্ষে তা সত্যি না-ও হতে পারে। দৃশ্চরিত্র স্বামীকে পরিত্যাগ করার মধ্যে যত সত্যিই থাক, বেলাস স্বামী-ত্যাগের মধ্যে একবিশ্বাস সত্যি নেই, আমি জোর করে বলতে পারি। সত্য স্বামীকে ত্যাগ করার মধ্যেও নেই স্বামীর দাসীবাঁধি করার মধ্যেও নেই, ও-দুটো শব্দ ডাইনে-বায়ের পথ গন্তব্য স্থানটা আপনি খুঁজে নিতে হয়, তর্ক করে তার ঠিকানা মেলে না।

কমল নীরবে চাহিয়া রহিল।

নীলিমা বলিতে লাগিল, সূর্যের আসাটাই তার সবখানি নয়, তার চলে-যাওয়াটাও এমনি বড়। রূপ-যৌবনের আকর্ষণটাই যদি ভালবাসার সবটুকু হতো, মেয়ের সম্বন্ধে বাপের দৃশ্চস্তার কথাই উঠত না—কিন্তু তা নয়। আমি বই পড়িনি, জ্ঞান-বুদ্ধি কম, তর্ক করে তোমাকে বোঝাতে পারব না কিন্তু মনে হয়, আসল জিনিসটির সম্বন্ধ তুমি আজও পার্গনি ভাই। শ্রদ্ধা, ভক্তি, স্নেহ, বিশ্বাস,—কাড়াকাড়ি করে এদের পাওয়া যায় না—অনেক দুঃখে, অনেক বিলম্বে এরা দেখা দেয়। যখন দেয়, তখন রূপ-যৌবনের প্রশ্নটা যে কোথায় মূখ লুকিয়ে থাকে, কমল, খোঁজ পাওয়াই দায়।

তীক্ষ্ণ-ধী কমল একনিমেষে বুঝিল উপস্থিত আলোচনার ইহা অগ্রাহ্য। প্রতিবাদও নয়, সমর্থনও নয়, নীলিমার নিজস্ব আপন কথা। চাহিয়া দেখিল উন্মুল্ল দীপালোক নীলিমার এলোমেলো ঘন-কৃষ্ণ চুলের শ্যামল ছায়ার সন্দ্বন্দর মূখখানি অভাবিত শ্রী ধারণ করিয়াছে, এবং প্রশান্ত চোখের সজল দৃষ্টি সঙ্করণ স্নিহতার কুসে কুলে ভরিয়া

গিয়াছে। কমল মনে মনে কাঁহিল, ইহা নবীন সূৰ্যোদয় অথবা শ্রান্ত রবির অন্তগমন, এ জিজ্ঞাসা বৃথা,—আরক্ত আভার আকাশের যে দিকটা আজ রাত্রি হইয়া উঠিয়াছে— পূর্ব-পশ্চিম দিক্‌নির্ণয় না করিয়াই সে ইহারই উদ্দেশ্যে সশ্রদ্ধ নমস্কার জানাইল।

মিনিট দুই-তিন পরে আশুবাবু সহসা চকিত হইয়া কাঁহিলেন, কমল, তোমার কথাগুলি আমি আর একবার ভাল করে ভেবে দেখব, কিন্তু আমাদের কথাগুলোকেও তুমি এভাবে অবজ্ঞা করো না। বহু বহু মানবেই এক সত্য বলে স্বীকার করেছে; মিথ্যে দিলে কখন এত লোককে ভোলানো যায় না।

কমল অন্যমনস্কের মত একটুখানি হাসিয়া ঘাড় নাড়িল, কিন্তু জবাব দিল সে নীলিমাঝে। কাঁহিল, যা দিলে একটা ছেলেকে ভোলানো যায়, তাই দিলে লক্ষ ছেলেকেও ভোলানো যায়। সংখ্যা বাড়ীটাই বৃদ্ধি বাড়ার প্রমাণ নয় দিদি। একদিন যারা বলেছিল নর-নারীর ভালবাসার ইতিহাসটাই হচ্ছে মানব-সভ্যতার সবচেয়ে সত্য ইতিহাস, তারাই সত্যের খোঁজ পেয়েছিল সবচেয়ে বেশী, কিন্তু যারা ঘোষণা করেছিল, পৃথিবীর জনাই ভাষার প্রয়োজন, তারা মেয়েদের শৃঙ্খল অপমান করেই ক্ষান্ত হইলেন, নৈজের বড় হবার পথটাও বন্ধ করেছিল এবং সেই অসত্যের পরেই ভিত পড়েছিল বলে আজও এ দুঃখের কিনারা হলো না।

কিন্তু এ কথা আমাকে কেন কমল ?

কারণ, আপনাকে জানানোই আজ আমার সবচেয়ে প্রয়োজন যে, চাটুবাকোর নানা অলঙ্কার গানে আমাদের জড়িয়ে দিলে যারা প্রচার করে ছিল মাতৃস্নেহই নারীর সার্থকত, সমস্ত নারী জাতিতে তারা বণ্ডনা করেছিল। জীবনে যে-কোন অবস্থাই অঙ্গীকার করুন দিদি, এই মিথ্যে নীতিটাকে কখনো ঘেন মনে নেবেন না। এই আমার শেষ অনুরোধ। কিন্তু আর তর্ক নয়, আমি যাই।

আশুবাবু শ্রান্তকণ্ঠে কাঁহিলেন, এসো। নীচে তোমার জন্য গাড়ি দাঁড়িয়ে আছে, পেঁছে দিলে আসবে।

কমল ব্যথার সহিত বলিল, আপনি আমাকে মনে করেন, কিন্তু কোথাও আমাদের মিল নেই।

নীলিমা কাঁহিল, আছে বৈ কি কমল। কিন্তু সে ত মনিবের ফরমাস মত কাটা-ছাঁটা মানন-করা মিল নয়, বিধাতা সৃষ্টির মিল। চেহারা আলাদা, কিন্তু রক্ত এক, চোখের আড়ালে শিরের মধ্যে দিলে বয়। তাই, বাইরের অনেকা যতই গণ্ডগোল বাধাক, ভিতরের প্রচণ্ড আকর্ষণ কিছুতেই ঘোচে না।

কমল কাছে আসিয়া আশুবাবুর কাঁধের উপর একটা হাত রাখিয়া আস্তে আস্তে বলিল, মেয়ের বদলে আমার ওপর কিন্তু রাগ করতে পারবেন না তা বলে দিচ্ছি।

আশুবাবু কিছুই বলিলেন না, শৃঙ্খল শুক হইয়া বসিয়া রহিলেন।

কমল কাঁহিল, ইংরাজিতে emancipation বলে একটা কথা আছে, আপনি ত জানেন, পুরাকালে পিতার কঠোর অধীনতা থেকে সন্তানকে মুক্তি দেওয়া তার একটা

বড় অর্থ ছিল। সেদিনের ছেলে-মেয়েরা মিলে কিন্তু এই শব্দটা তৈরি করেনি, করোঁছিল আপনাদের মত যারা মস্ত বড় পিতা, নিজেদের বাঁধন-দাঁড়ি আলগা করে যারা সন্তানকে মুক্তি দিয়েছিলেন, তাঁরাই। আজকের দিনেও ইম্যানুশিপেশনের জন্যে যত কৌদলই মেয়েরা করিলে দেন, দেবার আসল মালিক যে আপনারা, আমরা মেয়েরা নই, জগৎব্যবস্থায় এ সত্যটা আমি একটি দিনও ভুলিনে আশুবাবু। আমার নিজের বাবা প্রায়ই বলতেন, পৃথিবীর ক্রীতদাসদের স্বাধীনতা দিয়েছিল একদিন তাদের মনিবেরাই, তাদের হয়ে লড়াই করেছিল মনিবের জাতেরাই, নইলে দাসের দল কৌদাল করে, যুক্তির জোরে নিজেদের মুক্তি অর্জন করেনি। এমনিই হয়। বিশ্বের এমনিই নিয়ম; শক্তির বন্ধন থেকে শক্তিমানেরাই দুর্বলকে গ্রাণ করে। তেমনি, নারীর মুক্তি আজও শুধু পুরুষেরাই দিতে পারে। দায়িত্ব ত তাদেরই। মনোরমাকে মুক্তি দেবার ভার আপনার হাতে। মণি বিদ্রোহ করতে পারে, কিন্তু পিতার অভিশাপের মধ্যে ত সন্তানের মুক্তি থাকে না, থাকে তাঁর অকুণ্ঠ আশীর্বাদের মধ্যে।

আশুবাবু এখনও কথা কহিতে পারিলেন না। উচ্ছ্বল-প্রকৃতির মেয়েটি সংসারে অসম্মান, অমর্যাদার মধ্যেই জন্মলাভ করিয়াছে, কিন্তু জন্মের সেই লজ্জাকর দুর্গাটিকে অন্তরে সম্পূর্ণ বিলুপ্ত করিয়া লোকাঙ্করিত পিতার প্রতি তাহার ভক্তি ও স্নেহের সীমা নাই।

যে লোকটি তাহার পিতা, তাহাকে তিনি দেখেন নাই, নিজের সংস্কার ও প্রকৃতি অনুসারে সেই মানদ্বাটিকে শ্রদ্ধা করাও কঠিন, তথাপি ইহারই উদ্দেশ্যে দুই চক্ষু তাঁহার জলে ভরিয়া গেল। নিজের মেয়ের বিচ্ছেদ ও বিরুদ্ধতা তাঁহাকে শুলের মত বিধিরাছে, কিন্তু সকল বন্ধন কাটিয়া দিয়াও যে কি করিয়া মানুষকে সর্বকালের মত বাঁধিয়া রাখা যায়, এই পরের মেয়েটির মুখের পানে চাহিয়া যেন তাহার একটা আভাস পাইলেন এবং কাঁধের উপর হইতে তাহার হাতখানি টানিয়া লইয়া ক্ষণকাল চুপ করিয়া রহিলেন।

কমল কহিল, এবার আমি যাই—

আশুবাবু হাত ছাড়িয়া দিলেন, বলিলেন, এসো।

ইহার অধিক আর কিছু মন্থ দিয়া তাঁহার বাহির হইল না।

॥ পঁচিশ ॥

শীতের সুখ অস্ত গেল। সন্ধ্যা-ছায়ার ঘরের মধ্যেটা ঝাপসা হইয়াছে, একটা জরুরী সেলাইয়ের বাকীটুকু কমল আলো জ্বালার পূর্বেই সারিয়া ফেলিতে চায়। অদূরে চৌকিতে বসিয়া অজিত। ভাবে বোধ হয় কি একটা বলিতে বলিতে যেন হঠাৎ ধামিলা গিন্না সে উত্তরের আশায় উৎকর্ষিত আগ্রহে অপেক্ষা করিতেছে।

মনোরমা শিবনাথের ব্যাপারে বন্ধুত্বমহলে জানাজানি হইয়াছে। আজিকার প্রসঙ্গটা শূন্য হইয়াছে সেই লইয়া। অজিতের গোড়ার বস্ত্রবাটা ছিল এই যে, এমনিই একটা-কিছু যে শেষ পর্যন্ত গড়াইবে, তাহা সে আগ্রহ আসিয়াই সন্দেহ করিয়াছিল।

কিন্তু সন্দেহের কারণ সম্বন্ধে উৎসুকা প্রকাশ করিল না।

তাহার পরে হইতে অজিত অনর্গল বাকিয়া বাকিয়া অবশেষে এমন জ্ঞানগায় আসিয়া ধামিলাছে সেখানে অপর পক্ষের সাড়া না পাইলে আর অগ্রসর হওয়া চলে না।

কমল অত্যন্ত মনোযোগে সেলাই করিতেই লাগিল, যেন মাথা তুলিবার সময়টুকুও নাই।

মিনিট দুই-তিন নিঃশব্দে কাটিল। আরো কতক্ষণ কাটিবে স্থিরতা নাই, অতএব অজিতকে পুনরায় চেষ্টা করিতে হইলে, বলিল, আশ্চর্য এই যে শিবনাথের আচরণ তোমার কাছে ধরাই পড়ল না।

কমল মুখ তুলিল না, কিন্তু ঘাড় নাড়িয়া বলিল, না।

অর্থাৎ তুমি এতই সাধাসাধি যে কোন সন্দেহই করনি, এ কি কেউ বিশ্বাস করতে পারে ?

কেউ কি পারে-না-পারে জানিনে, কিন্তু আপনিও কি পারবেন না ?

অজিত বলিল, হয়ত পারি,—কিন্তু তোমার মুখের পানে চেয়ে, এমনি পারিনে।

এইবার কমল মুখ তুলিয়া হাসিল, কাঁহল, তা হলে চেয়ে দেখুন, বলুন পারেন কিনা।

অজিতের চোখের দৃষ্টি জ্বলিয়া উঠিল; কাঁহল, তোমার কথাই সত্য, তাকে অবিশ্বাস করনি বলেই তার ফল দাঁড়াল এই।

দাঁড়িয়েছে মানি, কিন্তু আপনার তরফে সন্দেহ করা সুফল কি পরিমাণে হাতে পেলেন সেটাও খুলে বলুন ? এই বলিয়া সে পুনরায় একটুখানি হাসিয়া কাজে মন দিল।

ইহার পরে অজিত সংলগ্ন-অসংলগ্ন নানা কথা মিনিট দশ-পনের অবিচ্ছেদে বলিয়া শেষে শ্রান্ত হইয়া কহিল, কখনো হাঁ, কখনো না। হেঁয়ালি ছাড়া তুমি কথা বলতে জানো না ?

কমল হাতের সেলাইটা সোজা করিতে করিতে কহিল, মেয়েরা হেঁয়ালিই ভালবাসে, ওটা স্বভাব।

তা হলে সে স্বভাবের প্রশংসা করতে পারিনে। স্পষ্ট বলতে একটু শেখো, নইলে সংসারে কাজ চলে না।

আপনিও হেঁয়ালি বন্ধুতে একটু শিখুন, নইলে ও-পক্ষের অসুবিধেও এমনি হয়। এই বলিয়া সে হাতের কাজটা পাট করিয়া টুকুরিতে রাখিয়া বলিল, স্পষ্ট করার লোভ যাদের বন্ধ বেশী, বস্তা হলে তারা খবরের কাগজে বস্তুতা ছাপায়, লেখক হলে লেখে নিজের গ্রন্থের ভূমিকা, আর নাট্যকার হলে তারাই সাজে নিজের নাটকের নামক। ভাবে, অক্ষরে যা প্রকাশ পেলো না, হাত-পা নেড়ে তাকে বাস্তব করা চাই। তারা ভালবাসলে যে কি করে সেইটে শব্দে জানিনে। কিন্তু একটু বসুন, আমি আলোটা জ্বলে আনি। এই বলিয়া সে দ্রুত উঠিয়া ও-ঘরে চলিয়া গেল।

মিনিট পাঁচ-ছয় পরে করিয়া আসিয়া সে আলোটা টেবিলের উপর রাখিয়া নীচে মঝেতে বসিল।

অজিত বলিল, বস্তা বা লেখক বা নাট্যকার কোনটাই আমি নই, সন্তরাং, তাদের হতে কৈফিয়ত দিতে পারব না, কিন্তু তারা ভালবাসলে কি করে জানি। তারা শৈব-বিবাহের ফন্দি আঁটে না—স্পষ্ট পরিচিত রাস্তায় পা দিয়ে হাঁটে। তাদের অবস্থানে অন্যে খাওয়া-পরাই কষ্ট না হয়, আশ্রয়ের জন্যে বাড়িওয়ালার শরণাপন্ন না হতে হয়, অসম্মানের আঘাত যেন না—

কমল মাঝখানে থামাইয়া দিয়া কহিল, হয়েছে হয়েছে। হাসিয়া বলিল, অর্থাৎ তারা আগাগোড়া ইমারত এমন ভরানক নিরেট মজবুত করে গড়ে তোলে যে মড়ার কবর ছাড়া তাতে জ্যান্ত মানুষের দম ফেলবার ফাঁকটুকু পর্যন্ত রাখে না। তারা সাধু লোক।

হঠাৎ দ্বারপ্রান্তে অনুরোধ আসিল, আসিল, আমরা ভেতরে আসতে পারি ?

কণ্ঠস্বর হরেন্দ্রর। কিন্তু আমরা কারা ?

আসুন, আসুন, বলিয়া অভ্যর্থনা করিতে কমল দরজার কাছে গিয়া দাঁড়াইল।

হরেন্দ্র এবং সঙ্গে আর একটি যুবক। হরেন্দ্র বলিল, সতীশকে আমাদের আশ্রমে তুমি একটি দিন মাত্র দেখেছ, তবু আশা করি তাকে ভোলনি ?

কমল হাসিমুখে কহিল, না। শব্দে সৌন্দর্য ছিল কাপড়টা সাদা, আজ হয়েছে হলদে।

হরেন্দ্র বলিল, ওটা উচ্চতর ভূমিতে আরোহণের বাহ্যিক ঘোষণামাত্র আর কিছুর না! ওঁ কাশীধাম থেকে সদা-প্রত্যাগত—ঘণ্টা দুয়ের বেশী নয়। ক্লাস্ত, তদুপরি, ও তোমার প্রতি প্রসন্ন হয়; তথাপি আমি আসিছি শব্দে ও আবেগ সংবরণ করতে

পারলে না। ওটা আমাদের ব্রহ্মচারীদের মনের ঔদার্য, আর কিছুর না। এই বলিয়া সে ঘরের মধ্যে উঁকি মারিয়া কাঁহিল, এই যে! আর একটি নৈশটক ব্রহ্মচারী পূর্বাচ্ছেই সমুপস্থিত। যাক আর আশংকার হেতু নেই, আমার আশ্রমটি ত ভাঙচে, কিন্তু আর একটা গাঞ্জলে উঠল বলে! এই বলিয়া সে ভিতরে প্রবেশ করিল এবং দ্বিতীয় চৌকীটা সতীশকে দেখাইয়া দিয়া বলিল, বসো এবং নিজ গিন্না খাটের উপর বেষ করিয়া জাঁকিয়া বসিল। কমল দাঁড়াইয়া, গৃহে তৃতীয় আসন নাই দেখিয়া সতীশ বসিতে দ্বিধা করিতেছিল, হরেন্দ্র বন্ধু নাই তাহা নয়, তবুও সহাস্যে কাঁহিল, বসো হে সতীশ। জ্ঞাত যাবে না কাশী-ফেরত যত উঁচুতেই উঠে থাকো, তার চেয়েও উঁচু জায়গা সংসারে আছে এ কথাটা ভুলো না।

না, সেজন্যে নয়, বলিয়া সতীশ অপ্রতিভ হইয়া বাঁসিয়া পড়িল।

তাহার মন্থ দেখিয়া কমল হাসিল, বলিল, খোঁচা দেওয়া আপনার মুখে সাত্তে না হরেন্দ্রবন্ধু। আশ্রমের প্রতিষ্ঠাতাও অপনি, মোহান্ত মহারাজও আপনি। গুঁরা বয়সেও ছোট, পাণ্ডাগিরিতেও খাটো গুঁদের কাজ শব্দ আপনার উপদেশ ও আদেশ মেনে চলা, স্মৃতরাং—

হরেন্দ্র কাঁহিল, স্মৃতরাংটা সম্পূর্ণ অনাবশ্যক। আশ্রমের প্রতিষ্ঠাতা হয়ত আমিই, কিন্তু মোহান্ত ও মহারাজ ছেঁচন দুই বন্ধু সতীশ ও রাজেন। একজনের কাজ আমাকে উপদেশ দেওয়া এবং অন্যের ছিল সাধ্যমত আমাকে না-মেনে চলা। একজনের ত পান্তা নেই, অন্যজন ফিরে এলেন ঢের বেশী তত্ত্ব সঞ্চয় করে। ভয় হচ্ছে ওর সঙ্গে সমান ভালে পা ফেলে চলতে হয়ত আর পেয়ে উঠবো না। এখন ভাবনা কেবল ঐ অর্ধ-অভুক্ত ছেলের পাল নিয়ে। কাশী-কাণ্ডী ঘুরিয়ে সেগুলোকে ও ফিরিয়ে এনেচে। ইতিমধ্যে আচার্যনিষ্ঠার যে লেশমাত্র ব্রূটি ঘটেনি তা তাদের পানে চেয়েই বন্ধুবাঁচ; শব্দ স্কোভ এই যে, আর একটুখানি চেপে তপস্যা করলে ফিরে আসার গাড়ি ভাড়াটা আমার আর লাগতো না।

কমল ব্যথার সহিত প্রশ্ন করিল, ছেলেরা বন্ধি খুব রোগা হয়ে গেছে?

হরেন্দ্র কাঁহিল, রোগা! আশ্রম-পরিভাষায় হয়ত তাব কি-একটা নাম আছে— সতীশ জ্ঞানতেও পারে, কিন্তু আধুনিককালের আঁকা শব্দক্যাচার্যের তপোবনে কচের ছবি দেখেচ? দেখনি? তা হলে ঠিকটি উপলব্ধি করতে পারবে না। দোতলায় বারান্দার দাঁড়িয়ে আমার ত হঠাৎ মনে হয়েছিল একদল কচ সার বেঁধে বন্ধি স্বর্গ থেকে আশ্রমে এসে ঢুকচে। একটা ভরসা পেলাম, আমাদের আশ্রমটা ভেঙ্গে গেলে তারা না খেয়ে মারা যাবে না, দেশের কোন একটা কলা-ভবনে গিয়ে মডেলের কাজ নিতে পারবে।

কমল কাঁহিল, লোকে বলে আপনি আশ্রম তুলে দিচ্ছেন, এ কি সত্যি?

সত্যি। তোমার ব্যাকবাণ আমার সঙ্গ হয় না। সতীশের এখানে আসার সেও একটা হেতু। ওর ধারণা তুমি আসলে ভারতীয় রমণী নও, তাই ভারতের নিগদুত সত্য-বস্তুটিকে তুমি চিনতেই পারো না। সেইটি তোমাকে ও বন্ধিয়ে দিতে চায়। বন্ধুবে

কিনা সে তুমিই জানো ; কিন্তু ওকে আশ্বাস দিয়েছি যে, আমি যাই করি না কেন ওদের ভয় নেই। কারণ চতুর্বিধ আশ্রমটি অজিতকুমার নিজে গ্রহণ করবেন সঠিক সংবাদ না পেলেও, পরম্পরায় এ খবরটুকু পাওয়া গেছে যে, তিনি বহু অর্থব্যয়ে এমন দশ-বিশটা আশ্রমে নানা স্থানে খুলে দেবেন। ঠাণ্ডা অর্থও আছে, দেবার সামর্থ্যও আছে। তার একটার নামকরণ সতীশের জুটবেই।

কমল মুখ টীপল্লা হাসিয়া কহিল, দানশীলতার মত দৃষ্কৃতি চাপা দেবার এমন আচ্ছাদন আর নেই। কিন্তু ভারতের সত্য বস্তুটি আমাকে বুঝিয়ে দিয়ে সতীশবাবুর লাভ কি হবে? আশ্রম তুলে দিতেও আমি হরেনবাবুকে বলিনি, টাকার জোরে ভারতবর্ষময় আশ্রম খুলতেও আমি অজিতবাবুকে নিষেধ করব না। আমার আপত্তি শুধু ঐটিকে সত্য বলে মেনে নেওয়ায়। তাতে কার কি ক্ষতি?

সতীশ বিনীতকণ্ঠে বলিল, ক্ষতির পরিমাণ বাইরে দেখা যাবে না। কিন্তু তর্কের জন্যে নয়, শিক্ষার্থী হিসেবে গোটা কয়েক প্রশ্ন যদি করি তার কি উত্তর পাবো না?

কিন্তু আজ আমি বড় শ্রান্ত সতীশবাবু।

সতীশ এ আপত্তি কানে তুলিল না, বলিল হরেনদা এইমাত্র তামাশা করে বললেন আমি কাশী-ফেরত, বত উঁচুতেই উঠে থাকি, তার চেয়েও উঁচু জায়গা সংসারে আছে! সে এই ঘর। আমি জানি আপনার প্রতি ঠাণ্ডা শ্রদ্ধার অবধি নেই—আশ্রম ভাঙ্গলে ক্ষতি হবে না। কিন্তু আপনার কথায় ঠাণ্ডা মন যদি ভাঙ্গে সে লোকসান পূর্ণ হওয়া কঠিন।

কমল চুপ করিয়া রহিল। সতীশ বলিতে লাগিল, রাজেনকে আপনি ভাল করেই জানেন, সে আমার বন্ধু। মূল বিষয়ে মতের মিল না থাকলে আমাদের বন্ধুত্ব হতে পারত না। তার মত ভারতের সর্বাঙ্গীন মন্দির মধ্যে দিয়ে স্বজাতির পরম কল্যাণ আমারও কাম্য! এরই আশায় ছেলেদের সম্বন্ধ করে আমরা গড়ে তুলতে চাই। নইলে মৃত্যুর পরে কম্প-কাল বৈকুণ্ঠবাসের লোভ আমাদের নেই। কিন্তু নিঃশেষ কঠোর বন্ধন ছাড়া ত রাখেনা সম্বন্ধ সৃষ্টি হয় না। আর শৃঙ্খল ছেলেরাই ত নয়, সে বন্ধন আমরা নিজেরাও যে গ্রহণ করেছি। কষ্ট ওখানে আছে,—থাকবেই ত। বহু কম করে বহু বস্তু লাভ করার স্থানকেই ত আশ্রম বলে। তাতে উপহাসের ত কিছু নেই।

জবাব না পাইয়া সতীশ বলিতে লাগিল, হরেনদার আশ্রম যাই হোক না কেন, সে সম্বন্ধে আমি আলোচনা করব না, কারণ, সেটা ব্যক্তিগত হয়ে পড়ায় ভয় আছে। কিন্তু ভারতীয় আশ্রমের মধ্যে যে ভারতের অতীতের প্রতিই নিষ্ঠা ও পরম শ্রদ্ধা আছে এ ত অস্বীকার করা যায় না। ত্যাগ, ব্রহ্মচর্য, সংযম এ-সকল শক্তিহীন অক্ষমের ধর্ম নয়; জাতিগঠনের প্রাণ ও উপাদান সেদিন এর মধ্যেই নিহিত ছিল, আজ এ যুগেও সে উপাদান অবহেলার সামগ্রী নয়। মরণোন্মুখ ভারতকে শুধু কেবল এই পথেই আবার বাঁচিয়ে তোলা যায়। আশ্রমের আচার ও অন্তর্ভুক্তানের মধ্যে দিয়ে আমরা এই

বিশ্বাস এই শ্রদ্ধাকেই জাগিয়ে রাখতে চাই। একদিন মন্ত্র-মুখরিত হোমায়-প্রকালিত, তপস্যা-কঠোর ভারতের এই আশ্রমই জাতি-জীবনের একটা মৌলিক কল্যাণ সফল করবার উদ্দেশ্যেই উদ্ভূত হয়েছিল; সে প্রয়োজন আজও যে বিলুপ্ত হয়ে যাবার এ সত্য কোন মূর্খ অস্বীকার করতে পারে ?

সতীশের বস্তুতন্ত্র আন্তরিকভাবে একটা জোর ছিল। কথাগুলি ভাল এবং নিরন্তর বলিয়া বলিয়া একপ্রকার মূর্খ হইয়া গিয়াছিল। শেষের দিকে তাহার মূর্খ-কণ্ঠ সতেজ উদ্দীপনার কালো-মুখ বেগুনে হইয়া উঠিল। সেইদিকে নিঃশব্দ ও নিম্পলক-বক্ষে চাহিয়া সুপারিত ভাবাবেগে অজিতের আপাদমস্তক রোমাঞ্চিত হইয়া উঠিল এবং হরেন্দ্র তাহার আশ্রমের বিরুদ্ধে হীতপূর্বে যত মৌখিক আশ্ফালনই করিয়া থাক, আশ্রমের বিগত গোরবের বিবরণে বিশ্বাসের মাঝখানে সে ঝড়ের বেগে দোল খাইতে লাগিল। তাহারই মূর্খের প্রতি সতীশ তীক্ষ্ণ দৃষ্টি রাখিয়া বলিল, হরেন্দ্র, আমরা মরোঁছি, কিন্তু আশ্রমের মধ্যে দিয়েই যে আমাদের নবজন্ম-লাভের বিজ্ঞান আছে, এ সত্য ভুলতে যাচ্ছেন আপনি কোন যুক্তিতে : আপনি ভাঙতে চাচ্ছেন, কিন্তু ভাঙাটাই কি বড়? গড়ে তোলা কি তার চেয়ে ঢের বেশী বড় নয়? আপনিই বলুন !

কমলের মূর্খের প্রতি চাহিয়া জিজ্ঞাসা করিল, জীবনে ক'টা আশ্রম আপনি নিজের চোখে দেখেছেন? ক'টার সঙ্গে আপনার যথার্থ নিগূঢ় পরিচয় আছে?

কঠিন প্রশ্ন। কমল বলিল, বাস্তবিক একটাও দেখিনি এবং আপনাদেরটা ছাড়া কোনটার সঙ্গে কোন পরিচয়ই নেই।

তবে ?

কমল হাসিমুখে কহিল, চোখে কি সমস্তই দেখা যায়? আপনাদের আশ্রমে শ্রম করাটাই চোখে দেখে এলাম, কিন্তু বহু বস্তু লাভের ব্যাপারটা যে আড়ালেই রয়ে গেল।

সতীশ কহিল, আপনি আবার উপহাস করছেন।

তাহার ক্ষুদ্র মূর্খের চেহারাটা দেখিয়া হরেন্দ্র স্নিগ্ধভাবে বলিল, না না সতীশ উপহাস নয়, উনি রহস্য করছেন মাত্র। ওটা ঠুঁ স্বভাব।

সতীশ কহিল, স্বভাব! স্বভাব বললেই ত কৈফিয়ত হয় না হরেন্দ্র। ভারতের অতীত দিনের যা নিত্য-পূজনীয়, নিত্য-আচরণীয় ব্যাপার তাকেই অবমাননা, তাকেই অপ্রসন্ন দেখান হয়। একে ত উপেক্ষা করা চলে না।

হরেন্দ্র কমলকে দেখাইয়া কহিল, এ বিতর্ক ওর সঙ্গে বহুবার হয়ে গেছে। উনি বলেন, অতীতের কোন দায় নেই। বস্তু অতীত হয় কালের ধর্মে, কিন্তু তাকে ভাল হতে হয় নিজের গুণে। শূন্য মাত্র প্রাচীন বলেই সে পূজ্য হয়ে ওঠে না। যে বর্ষর জাত একদিন তার বৃদ্ধো বাপ-মাকে জ্যান্ত পড়ে ফেলতো, আজও যদি সেই প্রাচীন অনুষ্ঠানের দোহাই দিয়ে সে কর্তব্য নির্দেশ করতে চায় তাকে ত ঠেকান যাব না সতীশ।

সতীশ ব্রহ্ম উচ্চশ্রেণী বালিকা উঠিল, প্রাচীন ভারতীয়ের সঙ্গে ত বর্ষের ভুলনা হয় না হরেনদা ।

হরেন্দ্র বলিল, সে আমি জানি । কিন্তু ওটা যুক্তি নয় সতীশ, ওটা গলার জোরের ।

সতীশ অধিকতর উত্তেজিত হইয়া কাহিল, আপনাকেও যে একদিন নাস্তিকতার ফাঁদে পড়তে হবে এ আমরা ভাবিনি হরেনদা ।

হরেন্দ্র কাহিল, তুমি জান আমি নাস্তিক নই । কিন্তু গাল দিয়ে শূদ্র অপমান করাই হায় সতীশ, মতের প্রতিষ্ঠা করা যায় না । শক্তি কথাই সংসারে সবচেয়ে দুর্বল ।

সতীশ লজ্জা পাইল । হেট হইয়া হাত দিয়া তাহার পা ছুঁইয়া মাথায় ঠেকাইয়া কাহিল অপমান করিনি হরেনদা । আপনি ত জানেন, আপনাকে কত ভক্তি করি আমরা ; কিন্তু কষ্ট পাই যখন শূদ্র ভারতের শাস্বত তপস্যাকেও আপনি অবিশ্বাস করেন । একদিন স্নেহ উপাদান যে সাধনা দিয়ে তাঁরা এই ভারতের বিরাট জাতি, বিরাট সভ্যতা গড়ে তুলেছিলেন, সে সত্য কখনো বিলুপ্ত হয়নি । আমি সোনার অক্ষরে স্পষ্ট দেখতে পাই, সেই ভারতের মঙ্গলাগত ধর্ম,—সে আমাদের আপন জিনিস । সেই ধর্মসাম্রাজ্য বিরাট জাতটাকে আবার সেই উপাদান দিয়েই বাঁচিয়ে তোলা যায় হরেনদা, আর কোন পথ নাই ।

হরেন্দ্র কাহিল, না-ও যেতে পারে সতীশ । ও তোমার বিশ্বাস এবং তার দাম শূদ্র তোমার নিজের কাছে । একদিন ঠিক এই-রকম কথার উত্তরেই কমল বলেছিলেন অগস্ত্যের আদিম যুগে একদিন বিরাট অশ্বি, বিরাট দেহ, বিরাট ক্ষুধা দিয়ে বিরাট জীব সৃষ্টি হয়েছিল ; তাই নিয়ে সে পৃথিবী জয় করে বেড়িয়েছিল—সেদিন সেই ছিল তার সত্য উপাদান । কিন্তু আর একদিন সেই দেহ, সেই ক্ষুধায় এনে দিলে তাকে মৃত্যু । একদিনের সত্য উপাদান আর একদিনের মিথ্যা উপাদান হয়ে তাঁকে নিশ্চিহ্ন করে মছে দিল । এতটুকু বিধা করলে না । সেই অশ্বি আজ পাথরে রূপান্তরিত প্রজ্ঞাতত্ত্বকেব গবেষণার বস্তু ।

সতীশ হঠাৎ জবাব খুঁজিয়া না পাইয়া বলিল, তবে কি আমাদের পূর্ব-পিতামহদের আদর্শ ভ্রান্ত । তাঁদের তত্ত্ব-নিরূপণে সত্য ছিল না ?

হরেন্দ্র বলিল, সৌন্দর্য ছিল হয়ত, কিন্তু আজ না থাকায় বাধা নেই । সৌন্দর্যের স্বর্ণের পথ আজ যদি যমের দক্ষিণ দোরে এনে হাজির করে দেয়, মৃত্যু ভার করবার হেতু পাইনে সতীশ ।

সতীশ গঢ়ে ক্রোধ প্রাণপণে দমন করিয়া কাহিল, হরেনদা এ-সব শূদ্র আপনাদের আধুনিক শিক্ষার ফল ; আর কিছু নয় ।

হরেন্দ্র বলিল অসম্ভব নয় । কিন্তু আধুনিক শিক্ষা যদি আধুনিককালের কল্যাণের পথ দেখাতে পারে, আমি লজ্জায় দেখিনে সতীশ ।

সতীশ বহুক্ষণ নির্বাক স্তব্ধভাবে বসিয়া পরে ধীরে ধীরে কাহিল, লজ্জার, সহস্র

লজ্জার কারণ কিন্তু আমি দেখি করেনদা। ভারতের জ্ঞান, ভারতেরই বিশেষত্ব এবং প্রাণ। সেই ভাব, সেই তত্ত্ব বিসর্জন দিয়ে দেশকে যদি স্বাধীনতা অর্জন করতে হয়, তবে সে স্বাধীনতায় ভারতের ত জন্ম হবে শৃঙ্খল পাশ্চাত্য নীতি ও পাশ্চাত্য সভ্যতার। সে পরাজয়ের নামান্তর। তার চেয়ে মৃত্যু ভাল।

তাহার বেদনা আত্মিক। সেই ব্যথার পরিমাণ অনুভব করিয়া হরেশ্বর মৌন হইয়া রহিল, কিন্তু জবাব দিল এবার কমল। মুখে সুপরিচিত পরিহাসের চিহ্নমাত্র নাই, কণ্ঠস্বর সংযত, শাস্ত ও মৃদু; বলিল, সতীশবাবু, নিজের জীবনে যেমন নিজেকে বিসর্জন বিয়েছেন, সংস্কারের দিক দিয়েও যদি তাকে এমনি পরিত্যাগ করতে পারতেন, এ কথা উপলব্ধি করা আজ কঠিন হতো না যে ভাবের জন্যে, বিশেষত্বের জন্যে মানুষ নয়, মানুষের জন্যেই তার সমাদর, মানুষের জন্যেই তার নাম? মানুষই যদি তালিয়ে যায়, কি হবে তার তত্ত্বের মহিমা প্রতিষ্ঠায়? নাই বা হলো ভারতের মতের জয়, মানুষের জয়ও হবে। তখন মুক্তি পেয়ে এতগুলি নরনারী ধনা হয়ে যাবে। চেয়ে দেখুন ত নবীন তুর্কীর দিকে। যতদিন সে তার প্রাচীন রীতি-নীতি, আচার-অনুষ্ঠান, পুরুষ-পরম্পরাগত পুরানো পথটাকেই সত্য জেনে আঁকড়ে ধরে ছিল, ততদিনই তার হয়েছে বারংবার পরাজয়। আজ বিপ্লবের মধ্যে সে সত্যকে পেয়েছে,—তার সমস্ত আবর্জনা ভেঙ্গে গেছে; আজ তাকে উপহাস করে সাধ্য কার? অথচ, সেই প্রাচীন মত ও পথই একদিন দিয়েছিল তারে বিজয়, দিয়েছিল ঐশ্বর্য, কল্যাণ, দিয়েছিল মনুষ্যত্ব। ভেবেছিল, সেই বৃদ্ধি চিরস্থান সত্য। ভেবেছিল, তাকেই প্রাণপণে আঁকড়ে ধরে বিগত গৌরব আবার ফিরিয়ে আনতে পারবে। মনেও করেনি তারও বিবর্তন আছে। আজ সেই মোহ গেল মরে, কিন্তু ওদের মানুষগুলো উঠলো বেঁচে। এমন দৃষ্টান্ত আরও আছে, আরও হবে। সতীশবাবু, অজ্ঞানবিশ্বাস এবং আত্ম-অহংকার এক বস্তু নয়।

সতীশ বলিল, জানি। কিন্তু পশ্চিমের লোকেরাই যে মানুষের প্রশ্নের শেষ জবাব দিয়েছে—এত ত না হতে পারে? তাদের সভ্যতাও একদিন ধ্বংস হয়ে যাবে, এও ত সম্ভব?

কমল মাথা নাড়িয়া কহিল, হাঁ সম্ভব। আমার বিশ্বাস হবেও।

তবে?

কমল বলিল, তাতে ধিক্কার দেবার কিছু নেই। সতীশবাবু মন্দ ত ভালর শত্রু নয়, ভালর শত্রু তার চেয়ে যে আরও ভাল,—সে। এইখানেই ভারতের ভয়। এবং সেই আরও ভাল ঐশ্বর্য উপাসিত হয়ে প্রশ্নের জবাব চাইবে সেদিন ভারই হাতে রাজদণ্ড তুলে দিয়ে ওকে সরে যেতে হবে। একদিন শক, হুন, তাতারের দল ভারতবর্ষ গায়ের জোরে জয় করেছিল, কিন্তু এর সভ্যতাকে বাঁধতে পারেনি বাঁধা পড়েনি। এর কারণ কি জানেন? আসল কারণ তারা নিজেরাই ছিল ছোট। কিন্তু মোগল-পাঠানের পরীক্ষা বাকী রয়ে গেল, ফরাসী-ইংরেজ এসে পড়ল বলে। সে মিল্লাদ আজও বাজেয়াপ্ত হয়নি। ভারতের কাছে এর জবাব একদিন তাদের দিতেই হবে।

সে প্রশ্ন থাক, কিন্তু পশ্চিমের জ্ঞান-বিজ্ঞান-সভ্যতার কাছে ভারতবর্ষ আজ যদি ধরা দেয়, দশে আঘাত লাগবে, কিন্তু তার কল্যাণে যা পড়বে না, আমি নিশ্চর বলতে পারি ।

সতীশ সববেগে মাথা নাড়িয়া কহিল, না, না, না । যাদের আস্থা নেই, শ্রদ্ধা নেই, বিশ্বাসের ভিত্তি যাদের বালির ওপর, তাদের কাছে এমনি করে বলতে থাকলেই হবে সর্বনাশ । এই বলিয়া হরেন্দ্র প্রতি কটাক্ষে চাহিয়া কহিল, ঠিক এই-ভাবেই একদিন বাঙলায়—সে বংশীদিন নয়, বিদেশের বিজ্ঞান, বিদেশের দর্শন বিদেশের সভ্যতাকে মস্ত মনে করে সত্যদ্রষ্ট, আদর্শদ্রষ্ট জন-কলেক অসম্পূর্ণ শিক্ষার বিজ্ঞাতীয় স্পর্ধায় স্বদেশের যা-কিছু আপন তাকে তুচ্ছ করে দিয়ে দেশের মনকে বিক্ষিপ্ত, কদাচারী করে তুলেছিল । কিন্তু এতবড় অকল্যাণ বিধাতার সহিল না । প্রতিক্রিয়ায় বিবেক ফিরে এলো । ভুল ধরা পড়ল । সেই বিষম দুর্দিনে মনস্বী বীর স্বজাতির কেন্দ্রবিন্দু উদ্ভাস্ত চিত্তকে স্ব-গৃহের পানে আবার ফিরিয়ে নিয়ে এলেন, তাঁরা শব্দ দেশের নয়, সমস্ত ভারতের নমস্যা । এই বলিয়া সে দুই হাত জোর করিয়া মাথায় ঠেকাইল ।

কথাটা যে সত্য তাহা সবাই জানে । সুতরাং হরেন্দ্র অজিত উভয়েই তাহাকে অনুসরণ করিয়া নমস্যাদের উদ্দেশে যখন নমস্কার জানাইল তাহাতে বিস্ময়ের কিছুই ছিল না । অজিত মৃদুকণ্ঠে বলিল, নইলে খুব বেশী লোকে হয়ত সে সমস্ত ক্রীড়ান হয়ে যেতো । শব্দ তাঁদের জন্যেই সেটা হতে পারেনি । কথাটা বলিয়াই সে কমলের মূখের পানে চাহিয়া দেখিল চোখে তাহার অনুমোদন নাই, আছে শব্দ তিরস্কার । অথচ, চুপ করিয়াই আছে । হয়ত, জবাব দিবার ইচ্ছাও ছিল না । অজিতকে সে চিনিত,—কিন্তু হরেন্দ্রও যখন ইহারই অক্ষুট প্রতিধ্বনি করিল তখন তাহার অনতিকালপূর্বের কথাগুলোর সহিত এই সসঙ্কেচ জড়িয়া এমনি বিসদৃশ শুনাইল যে, সে নীরবে থাকিতে পারিল না । কহিল, হরেন্দ্রবাবু, এক-ধরনের শ্লোক আছে তারা ভুল মানে না কিন্তু ভুলের ভয় করে । একেই বলে ভাবের ঘরে চুরি । এমন অন্যান্য আর কিছু হতেই পারে না । এদেশে আশ্রমের জন্যে টাকার অভাব হবে না, ছেলের দুর্ভিক্ষও ঘটবে না ; অতএব, সতীশবাবুর চলে যাবে, কিন্তু ঠিক পরিত্যাগ করার মিথ্যাচার আপনাকে চিরদিন দুঃখ দেবে ।

একটু ধামিয়া কহিল, আমার বাবা ছিলেন ক্রীড়ান, কিন্তু আমি যে কি সে খোঁজ তিনিও করেন নি, আমিও করিনি । তাঁর প্রয়োজন ছিল না, আমার মনে ছিল না । কামনা করি, ধর্মকে যেন আমরণ এমনি ভুলেই থাকতে পারি, কিন্তু উচ্ছ্বল অনাচারী বলে এইমাত্র যাদের গঞ্জনা দিলেন, এবং নমস্যা বলে যাদের নমস্কার করলেন, সর্বনাশের পাল্লায় কার দান ভারী, এ প্রশ্নের জবাব একদিন লোক চাইতে ভুলবে না ।

সতীশের গায়ে কে যেন চাবুকের ঘা মারিল । তাঁর বেদনায় অকস্মৎ উঠিয়া দাঁড়াইয়া জিজ্ঞাসা করিল, আপনি জানেন এদের নাম? কখনো শুনছেন কারো কাছে ?

কমল ঘাড় নাড়িয়া বলিল, না ।

তাহলে সেইটে আগে জেনে নিন ।

কমল হাসিয়া কহিল, আচ্ছা । কিন্তু নামের মোহ আমার নেই । নাম জানাটাকেই
জানার শেষ বলে আমি ভাবতে পারিনে ।

প্রত্যুত্তরে সতীশ দুই চক্রে শব্দ অবজ্ঞা ও ঘৃণা বর্ষণ করিয়া ত্বরিতপদে ঘর হইতে
বাহির হইয়া গেল ।

সে যে রাগ করিয়া গেছে তাহা নিঃসন্দেহ । এই অপ্রীতিকর ব্যাপারটাকে কথঞ্চিৎ
স্বন্দ করিবার মানসে হরেন্দ্র হাসির ভান করিয়া খানিক পরে বলিল, কমলের অকৃত্যতা
প্রাচ্যের, কিন্তু প্রকৃত্যতা প্রতীচ্যের । একটা পড়ে চোখে, কিন্তু অপরটা থাকে সম্পূর্ণ
আড়ালে । এইখানে হয় মানবের ভুল । গুর পরিবেশন করা খাবার গেলা যায়,
কিন্তু হজম করতে গোল বাধে, পেটের বহিঃশ নাড়ীতে যেন মোচড় ধরে । আমাদের
প্রাচীন কোন-কিছুর প্রতি গুর না আছে বিশ্বাস, না আছে দয়দ । অকেজো বলে
হাতিল করে দিতে গুর বাথা নেই । কিন্তু স্কন্ধ নিক্তি হাতে পেলেই যে স্কন্ধ ওজন
করা যায় না—এ কথাটা ও বদ্বতেই পারে না ।

কমল কহিল, পারি, শব্দ দাম নেবার বেলাতেই একটার বদলে অন্যটা নিতে
পারিনে । আমার আপত্তি ঐখানে ।

হরেন্দ্র বলিল, আশ্রমটা তুলে দেবো আমি স্থির করেচি । ও শিক্ষায় মানব হরে
ছেলেরা দেশের মূর্ত্তি—পরম কল্যাণকে ফিরিয়ে আনতে পারবে, আমার সন্দেহ
জন্মেচে । কিন্তু, দীন হীন ঘরের যে-সব ছেলেকে সতীশ ঘরছাড়া করে এনেছে তাদের
দিয়ে যে কি করব আমি তাই ভেবে পাইনে । সতীশের হাতে তুলে দিতেও ত তাদের
পারব না ।

কমল কহিল, পেরেও কাজ নেই । কিন্তু এদের নিয়ে অসাধারণ অলৌকিক কিছদ
একটা করে তুলতেও চাইবেন না । দীন-দুঃখীর ঘরের ছেলে সকল দেশেই আছে ;
তারা যেমন করে তাদের বড় করে তোলে, তেমনি করেই এদের মানব করে তুলুন ।

হরেন্দ্র বলিল, ঐখানে এখনো নিঃসংশয় হতে পারিনি কমল । মাস্টার-পাণ্ডিত
লাগিয়ে তাদের লেখাপড়া শেখাতে হয়ত পারব, কিন্তু যে সংঘম ও ত্যাগের শিক্ষা
তাদের আরম্ভ হরৈছিল তার থেকে বিচ্ছিন্ন করে গুরের মানব করা বাবে কিনা, সেই
আমার ভয় ।

কমল বলিল, হরেনবাবদ, সকল জিনিসকেই অমন একান্ত করে আপনারা ভাবেন
বলেই কোন প্রশ্নের আর সোলা জবাবটা পান না । সন্দেহ আসে, হয় গুরা দেবতা
গড়ে উঠবে, না হয়, একেবারে উচ্ছৃঙ্খল পশু হয়ে দাঁড়াবে । জগতের সহজ, সরল
স্বাভাবিক শ্রী আর চোখের সামনে থাকে না । পরাম্ভ মনগড়া অন্যান্যের বোধের দ্বারা
সমস্ত মনকে শক্তির দ্রষ্ট মলিন করে রাখেন । সৌদীন আশ্রমে যা দেখে এসেচি সে কি
সংঘম ও ত্যাগের শিক্ষা ? গুরা পেয়েছে কি ? পেয়েছে অপরের দেওয়া দঃখের
বোঝা, পেয়েছে অনাধিকার, পেয়েছে প্রবীণতের ক্ষুধা । চীনাাদের দেশে জন্ম থেকে

মেন্নেদের পা ছোট করা হয়। পন্নরুবেরাও তাকে বলে সন্দ্রর—সে আমার সন্ন, কিন্তু মেন্নেদের সেই নিজেদের পন্ন, বিকৃত পানের সৌন্দর্বে যখন নিজেরাই মোহিত হয়, তখন আশা করার কিছু থাকে না। আপনাদের নিজেদের কৃতিত্বে মগ্ন হয়ে রইলেন, আমি জিজ্ঞাসা করলাম, বাবারা কেমন আছ বল ত? ছেলেরা একবাক্যে বললে, খুব সুখে আছি। একবার ভাবলেও না। ভাবাটাও তাদের শেষ হয়ে গেছে,—এদনি শাসন। নীলিমাধিদি আমার পানে চেয়ে বোধ করি উত্তর চাইলেন, কিন্তু বুক চাপড়ে কীদা ভিন্ন আমি আর এ কথাই জবাব খুঁজে পেলাম না। মনে মনে ভাবলাম, ভবিষ্যতে এরাই আনবে দেশের স্বাধীনতা ফিরিয়ে।

হরেন্দ্র কহিল, ছেলের কথা যাক, কিন্তু রাজেন-সতীশ এরা ত শুবক? এরাও ত সর্বভ্যাগী?

কমল বলিল, রাজেনকে আপনারা চেনেন না, সন্নতরাং সেও যাক। কিন্তু বৈরাগ্য যৌবনকেই ত বেশী পেয়ে বসে। ও যেখানে শক্তি, সেখানে বিরুদ্ধ-শক্তি ছাড়া তাকে বশ করতে কে?

হরেন্দ্র বলিল, রাগ করো না কমল, কিন্তু তোমার রক্তে ত বৈরাগ্য নেই। তোমার বাবা সন্নরোপিয়ান, তাঁর হাতেই তোমার শিশু-জীবন গড়ে উঠেছে। মা এদেশের, কিন্তু তাঁর কথা না তোলাই ভাল। দেহের রূপ ছাড়া বোধ হয় সৈদিক থেকে কিছুই পাওনি। তাই, পশ্চিমের শিক্ষার ভোগটাকেই জীবনের সবচেয়ে বড় বলে জেনেচ।

কমল কহিল, রাগ করিনি হরেন্দ্রবাবু। কিন্তু এমন কথা আপনি বলবেন না। কেবলনাগ ভোগটাকেই জীবনের বড় করে নিয়ে কোন জাত কখনো বড় হয়ে উঠতে পারে না। মুসলমানেরা যখন এই ভুল করলে তখন তাদের ত্যাগও গেলো, ভোগও হুটলো। এই ভুল করলে ওরাও মরবে। পশ্চিম ত আর জগৎ-ছাড়া নয়, সে বিধান উপেক্ষা করে কারও বাঁচবার জো নেই। এই বলিয়া সে একমুহূর্ত মৌন থাকিয়া কহিল, তখন কিন্তু মুচুক হেসে আপনারাও বলবার দিন পাবেন,—কেমন! বলিছিলাম ত! দিন-কয়েকের নাচন-কৌদন ওদের যে ফুরাবে সে আমরা জানতাম। কিন্তু চেয়ে দেখো, আমরা আগাগোড়া টিকে আছি। বলিতে বলিতে সন্নবিলহাসে তাহার সমস্ত মুখ বিকশিত হইয়া উঠিল।

হরেন্দ্র কহিল, সেইদিনই যেন আসে।

কমল কহিল, এমন কথা বলতে নেই হরেন্দ্রবাবু। অতবড় জাত যদি মাথা নীচু করে পড়ে, তার খুলোর জগতের অনেক আলোই স্নান হয়ে যাবে। মানুষের সেটা দুর্দর্শন।

হরেন্দ্র উঠিয়া দাঁড়াইল। বলিল, তার এখনো দোর আছে, কিন্তু নিজের দুর্দারের আভাস পাচ্ছি। অনেক আলোই নিব-নিব হয়ে আসচে। পিতার কাছে নেবানোর কৌশলটাই জেনেছিলে কমল, জ্বালাবার বিদ্যে শেখোনি। আচ্ছা, চললাম! অজিতবাবুর কি বিলম্ব আছে?

অজিত উঠি-উঠি করিল, কিন্তু উঠিল না।

কমল বলিল, হরেনবাবু, আলো পথের ওপর না পড়ে চোখের ওপর পড়লে খানার পড়তে হয়। সে আলো যে নেভায় তাকে বন্ধ বলে জানবেন।

হরেন্দ্র নিশ্বাস ফেলিল, কাঁহিল, অনেক সময়ে মনে হয়, তোমার সঙ্গে পরিচয় কৃষ্ণে হয়েছিল। সে প্রত্যয়ের জোর আমার আর নেই, তবু বলতে পারি, যত বিদ্যা; বুদ্ধি, জ্ঞান ও পদ্রুপকারের জৌলুস ওরা দেখাক, ভারতের কাছে সে-সমস্তই অর্কিষ্ণংকর।

কমল বলিল, এ যেন ক্রাসে প্রমোশন না-পাওয়া ছেলের এম. এ. পাস করাকে খিঙ্কার দেওয়া। হরেনবাবু, আত্ম-মর্ষাদাবোধ বলে যেমন একটা কথা আছে, বড়াই করা বলেও তেমন একটা কথা আছে।

হবেন্দ্র ক্রুদ্ধ হইল, কাঁহিল, কথা অনেক আছে। কিন্তু এই ভারতই একদিন সকল দিক দিলেই জগতের গুরু ছিল, তখন অনেকের পূর্ব-পদ্রুপ হস্ত গাছের ডালে ডালে বেড়াতে। আবার এই ভারতবর্ষই আর একদিন জগতে সেই শিক্ষকের আসনই অধিকার করবে। করবেই করবে।

কমল রাগ করিল না, হাসিল। বলিল, আজ তারা ডাল ছেড়ে মাটিতে নেবেছে। কিন্তু কোন মহা-অতীতে একজনের পূর্ব-পদ্রুপ পৃথিবীর গুরু ছিল এবং কোন মহা-ভবিষ্যতে আবার তার বংশধর পৈতৃক পেশা ফিরে পাবে এ আলোচনায় সুখ পেতে হলে অজিতবাবুকে ধরুন। আমার অনেক কাজ।

হরেন্দ্র বলিল, আচ্ছা, নমস্কার। আজ আসি। বলিয়া বিব্র-গম্ভীরমুখে নিষ্ক্রান্ত হইয়া গেল।

॥ ছািবিশ ॥

আট-দশ দিন পরে কমল আশুবাবুর বাটীতে দেখা করিতে আসিল। বাঁহাদের লইয়া এই আখ্যায়িকা তাঁহাদের জীবনে এই কল্পদিনে একটা বিপর্ষয় ঘটয়া গেছে। অথচ, আকস্মিকও নহ্ন, অপ্রত্যাশিতও নহ্ন। কিছুকাল হইতে এলোমেলো বাতাসে ভাসিয়া টুকরা মেঘের রাশি আকাশে নিরন্তর জমা হইতেছিল; ইহার পরিণতি সম্বন্ধে বিশেষ সংশয় ছিল না,—ঘটিলও তাই।

ফটকের দরোয়ান অনঙ্গপস্থিত। বাটীর নীচের বারান্দার সাধারণতঃ কেহ বসিত না, তথাপি খানকয়েক চৌকি, সেজ ও দেওয়ালের গায়ে কয়েকটা বড়লোকের ছবি টাঙান ছিল, আজ সেগুলা অস্বর্হিত। শব্দ, ছাদ হইতে লম্বমান কালি-মাখান লণ্ঠনটা এখনও ঝুলিতেছে। স্থানে স্থানে আবর্জনা জমিয়াছে, সেগুলা পরিষ্কার করিবার আর বোধ হয় আবশ্যিক ছিল না। কেমন একটা শ্রীহীন ভাব; গৃহস্বামী যে পলারনোম্মুখ তাহা চাহিলেই বদ্বা যায়। কমল উপরে উঠিয়া আশুবাবুর বসিবার ঘরে গিয়া প্রবেশ করিল। বেলা অপরাহ্নের কাছাকাছি, তিনি আগেকার মতই চেয়ারে পা ছড়াইয়া শুইয়া ছিলেন, ঘরে আর কেহ ছিল না, পর্দা সরানোর শব্দে তিনি চোখ মেলিয়া উঠিয়া বসিলেন। কমলকে বোধ হয় তিনি আশা করেন নাই; একটু বেশীমাট্যর খুশী হইয়া অভ্যর্থনা করিলেন—কমল যে! এসো মা, এসো।

তাঁহার মুখের পানে চাহিয়া কমলের বদ্বকে ঘা লাগিল, এ কি? আপনাকে যে বদ্বোর মত দেখাচ্ছে কাকাবাবু?

আশুবাবু হাসলেন, বদ্বো? সে ত ভগবানের আশীর্বাদ কমল। ভেতরে ভেতরে বয়স যখন বাড়ে, বাইরে তখন বদ্বো না-দেখানোর মত দর্ভোগ আর নেই। ছেলেবেলায় টাক পড়ার মতই করুণ।

কিন্তু শরীরটাও ত ভাল দেখাচ্ছে না।

না।

কিন্তু আর বিস্তারিত প্রশ্নের অবকাশ দিলেন না, জিজ্ঞাসা করিলেন, তুমি বেমন আছ কমল?

ভাল আছি। আমার ত কখনো অসুখ করে না কাকাবাবু।

তা জানি। না দেহের, না মনের। তার কারণ, তোমার লোভ নেই। কিছুই চাও না বলে ভগবান দ্বহাতে ঢেলে দেন।

আমাকে? দিতে কি দেখলেন বলুন ত?

আশুবাবু কাহিলেন, এ ত ডেপুটির আদালত নহ্ন মা, যে ধমক দিলে মাগলা জিতে নেবে? তা সে বাই হোক, তবু মানি যে দুদিনয়ার বিচারে নিজেও বড় কম পাইনি।

তাই ত আজই সকালে খলি বেড়ে ফর্দ মিলিয়ে দেখছিলাম। দেখলাম, শূন্যের অংকগুলোই এতদিন তহবিল ফাঁপিয়ে দেখেচে—অন্তঃসারহীন খলিটার মোটা চেহারা মানুুষের চোখকে কেবল নিছক ঠকিয়েছে,—ভেতরে ফোন বস্ত্র নেই। লোকে শূন্য ভুল করেই ভাবে, মা, গণিত-শাস্ত্রের নির্দেশে শূন্যের দাম আছে। আমি ত দেখি কিছুর নেই। একের ডানদিকে ওরা সার বেঁধে দাঁড়ালে একই এককোটী হয়, শূন্যের সংখ্যাগুলো ভিড় করার জোরে শূন্য কোটী হয়ে ওঠে না। পদার্থ যেখানে নেই, ওগুলো সেখানে শূন্য মাত্র। আমার পাওয়াটাও ঠিক তাই।

কমল তর্ক করল না, তাহার কাছে গিয়া চৌকি টানিয়া বসিল। তিনি ডান হাতটি কমলের হাতের উপর রাখিয়া বলিলেন, মা, এবার সত্যি ত যাবার সময় হলো, কাল-পরশু যে চললাম। বড়ো হয়েছি, আবার যে কখনো দেখা হবে ভাবতে ভরসা পাইনে। কিন্তু এটুকু ভরসা পাই যে আমাকে তুমি ভুলবে না।

কমল কহিল, না, ভুলব না। হৃদযাও আবার হবে। আপনার খলিটা শূন্য ঠেকচে বলে, আমার খলিটা শূন্য দিয়ে ভারি রাখনি কাকাবাবু, তারা সত্যি সত্যিই পদার্থ,— মাত্রা নয়।

আশুবাবু এ কথা জবাব দিলেন না, কিন্তু মনে মনে বুঝিলেন, এই মেয়েটি একবিন্দুও মিথ্যা বলে নাই।

কমল কহিল, আপনি এখনো আছেন বটে, কিন্তু আপনার মনটা যে এদেশ থেকে বিদেশ নিয়েছে তা বাড়িতে ঢুকেই টের পয়েছি। এখানে আর আপনাকে ধরে রাখা যাবে না। কোথায় যাবেন? কলকাতায়?

আশুবাবু ধীরে ধীরে মাথা নাড়িলেন, বলিলেন, না, ওখানে নয়। এবার এণ্ট্র-খানি দূরে যাবো কল্পনা করিচি। পূর্বনো বন্ধুদের কথা দিয়েছিলাম, যদি বেঁচে থাকি আর একবার দেখা করে যাবো। এখানে তোমারো ত কোন কাজ নেই কমল, যাবে মা আমার সঙ্গে বিলেতে? আর যদি ফিরতে না পারি, তোমার মত থেকে কেউ কেউ খবরটা পেতেও পারবে।

এই অনন্দিন্দিত্য সর্বনামের উদ্দেশ্যে যে কে কমলের বুঝিতে বিলম্ব হইল না, কিন্তু এই অস্পষ্টতাকে স্পষ্ট করিয়া বেদনা দেওয়াও নিঃপ্রয়োজন।

আশুবাবু বলিলেন, ভয় নেই মা, বড়োকে সেবা করতে হবে না। এই অকর্মণ্য দেহটার দাম ত ভারী, এটাকে বয়ে বেড়াবার অজুহাতে আমি মানুুষের কাছে ঋণ আর বাড়াবো না। কিন্তু কে জানত, কমল, এই মাংস-পিণ্ডটাকে অবলম্বন করেও প্রশ্ন জটিল হয় উঠতে পারে। মনে হয় যেন লজ্জার মাটির সঙ্গে মিশে যাই। এতবড় বিশ্বাসের ব্যাপারও যে জগতে ঘটে, এ কে কবে ভাবতে পেরেছে।

কমল সন্দেহে চমকিয়া উঠিল, জিজ্ঞাসা করিল, নীলমাদিককে দেখাচি নে বোঁ কাকাবাবু, তিনি কোথায়?

আশুবাৰু বলিলেন, বোধ হয় তাঁর ঘরেই আছেন—কাল সকাল থেকেই আর দেখতে পাইনি। শুনলাম হরেন্দ্র এসে তার বাসায় নিয়ে যাবে।

তাঁর আশ্রমে ?

আশ্রম আর নেই। সতীশ চলে গেছে, কয়েকটি ছেলেকেও সঙ্গে নিয়ে গেছে। শব্দ চার-পাঁচজন ছেলেকে হরেন্দ্র ছেড়ে দেয়নি, তারাই আছে। এদের মা-বাপ, আত্মীয়-স্বজন কেউ কোথাও নেই, এদের সে নিজের আইডিয়া দিয়ে নতুন করে গড়ে তুলবে এই তার কল্পনা। ভূমি শোননি বৃষ্টি ? আর কার কাছেই বা শুনবে।

একটুখানি থামিয়া কহিতে লাগিলেন, পরশু সন্ধ্যাবেলায় ভদ্রলোকেরা চলে গেলে অসমাপ্ত চিঠিখানা শেষ করে নীলিমাকে পড়ে শোনালাম। ক’দিন থেকে সে সদ্যই যেন অনামনস্ক, বড় একটা দেখাও পাইনে। চিঠিটা ছিল আমার কলকাতার কর্মচারীর ওপর, আমার বিলেত যাবার সকল আয়োজন শীঘ্র সম্পূর্ণ করে ফেলবার তাগিদ। একটা নতুন উইলের খসড়া পাঠিয়েছিলাম,—হয়ত এই আমার শেষ উইল,—এটানকে দেখিয়ে নাম সইয়ের জন্যে এটাও ফিরে পাঠাতে বলেছিলাম। অন্যান্য আদেশও ছিল। নীলিমা কি-একটা সেলাই করছিল, ভাল-মন্দ কোন সাড়া পাইনে দেখে মূখ তুলে চেয়ে দেখি তার হাতের সেলাইটা মাটিতে পড়ে গেছে, মাথাটা চোঁকির বাজুতে লুটিয়ে পড়েছে, চোখ বোজা, মুখখানা একেবারে ছাইয়ের মত সাদা। কি যে হ’লো হঠাৎ ভেবে পেলাম না। তাড়াতাড়ি উঠে মেঝেতে শোয়ালাম, গ্লাসে জল ছিল—চোখেমুখে ঝাপটা দিলাম, পাখার অভাবে খবরের কাগজটা দিয়ে বাতাস করতে লাগলাম,—চাকরটাকে ডাকতে গেলাম, খলা দিয়ে আওয়াজ বেরুলো না। বোধ করি মিনিট দুই-তিনের বেশী নয়, সে চোখ চেয়ে শশব্যস্তে উঠে বসলো, একবার সমস্ত দেহটা তার কোঁপে উঠল, তারপরে উপড় হলে আমার কোলের ওপর মূখ চেপে হুঁদু করে কোঁদে উঠল। সে কি কান্না ? মনে হলো বৃষ্টি তার বুক ফেটে যান্ন বা ! অনেকক্ষণ পরে তুলে বসালাম,—কর্তাদিনের কত কথা, কত ঘটনাই মনে পড়ল,—আমার বৃষ্টিতে কিছুই বাকী রইল না।

কমল নিঃশব্দে তাঁহার মূখের পানে চাহিল।

আশুবাৰু একমুহূর্ত নিজেকে সংবরণ করিয়া বলিলেন, খুব সম্ভব মিনিট দুই-তিন। এ অবস্থায় তারে কি যে বলব আমি ভেবে পাবার আগেই নীলিমা তাঁরের মত উঠে দাঁড়াল, একবার চাইলেও না,—ঘর থেকে বার হয়ে গেল। না বললে সে একটা কথা, না বললাম আমি। তার পরে আর দেখা হয়নি।

কমল জিজ্ঞাসা করিল, এ কি আপনি আগে বৃষ্টিতে পাবেন নি ?

আশুবাৰু বলিলেন, না। স্বপ্নেও ভাবিনি। আর কেউ হলে সন্দেহ হতো এ শব্দ ছলনা,—শব্দ স্বার্থ। কিন্তু এ’র সম্বন্ধে এমন কথা ভাবাও অপরাধ। এ কি আশ্চর্য মেয়েদের মন ! এই রোগাতুর জীর্ণদেহ, এই অক্ষম অবসন্নচিত্ত, এই জীবনের অপরাহবেলায় জীবনের দাম যার কানাকড়িও নয়, তারও প্রতি যে সন্দরী যুবতীর মন আকৃষ্ট হতে পারে, এতবড় বিস্ময় জগতে কি আছে ! অথচ, এ সত্য, এর এতটুকুও

মিথ্যে নয়। এই বলিয়া সেই সদাচারী প্রৌঢ় মানুষটি ক্ষোভে, বেদনার ও অকপট লজ্জায় নিশ্বাস ফেলিয়া নীরব হইলেন। কিছুক্ষণ এইভাবে থাকিয়া পুনশ্চ কহিলেন, কিন্তু আমি নিশ্চয় জানি এই বুদ্ধিমতী নারী আমার কাছে কিছুই প্রত্যাশা করে না। ও শূদ্র চায় আমাকে বন্ধ করতে, শূদ্র চায় সেবার অভাবে জীবনের নিঃসঙ্গ বাকী দিন-কটা যেন না আমার দৃঃখে শেষ হয়। শূদ্র দয়া আর অকৃগ্রিম করুণা।

কমল চূপ করিয়া আছে দেখিয়া তিনি বলিতে লাগিলেন, বেলা বিবাহ-বিচ্ছেদের যখন মামলা আনে আমি সম্মতি দিইয়াছিলাম। কথায় কথায় সৌদিন এই প্রসঙ্গ উঠে পড়ায় নীলিমা অত্যন্ত রাগ করিয়াছিল। তারপর থেকে বেলাকে ও যেন কিছুতেই সহ্য করতে পারাছিল না। নিজের স্বামীকে এমনি করে সর্বসাধারণের কাছে লাজ্জিত অপদস্থ করে এই প্রতিহিংসার ব্যাপারটা নীলিমা কিছুতেই অন্তরে মেনে নিতে পারলে না। ও বলে, তাঁকে ত্যাগ করাটাই তু বড় নয়, তাঁকে ফিরে পাবার সাধনাই স্ত্রীর পরম সার্থকতা। অপমানের শোধ নেওয়াতেই স্ত্রীর সত্যকার মৰ্যাদা নষ্ট হয়, নইলে ও ত কাঁটপাথর, ওতে যাচাই করেই ভালবাসার মূল্য ধার্য হয়। আর এ কেমনভর আত্মসম্মান-জ্ঞান? যাকে অসম্মানে দূর করেছি, তারই কাছে হাত পেতে নেওয়া নিজের খাওয়া-পারার দাম? কেন, গলায় দেবার দাঁড়ি জড়ুলো না? শূদ্রে আমি ভাবতাম নীলিমার এ অন্যায়,—এ বাড়াবাড়ি। কিন্তু আজ ভাবি ভালবাসায় পারে না কি? রূপ, যৌবন, সম্মান, সম্পদ কিছুই নয় মা, ক্ষমাটাই সত্যিকার প্রাণ। ও যেখানে নেই, সেখানে শূদ্র বিড়ম্বনা। সেখানেই ওঠে রূপ-যৌবনের বিচার-বিতর্ক, সেখানেই আসে আত্মমৰ্যাদা-বোধের টগ-অফ-ওয়ার!

কমল তাঁহার মুখের পানে চাহিয়া চূপ করিয়া রহিল।

আশুদ্বাব্দ বলিলেন, কমল, তুমিই ওর আদর্শ,—কিন্তু, চাঁদের আলো যেন সূর্য-কিরণকে ছাঁপিয়ে গেল। তোমার কাছে ও যা পেয়েছে, অন্তরের রসে ভিজিয়ে ম্লক্স মাধুর্যে কতদিকেই না ছাড়িয়ে দিলে। এই দুটো দিনে আমি দু'শো বছরের ভাবনা ভেবেচি, কমল। স্ত্রীর ভালবাসা আমি পেয়েছিলাম, তার স্বাদ চিনি, স্বরূপ জানি, কিন্তু নারীর ভালবাসার সে কেবল একটিমাত্র দিক,—এই নতুন ভদ্রটি আমাকে যেন হঠাৎ আচ্ছন্ন করেছে। এর কত বাধা, কত ব্যথা, আপনাকে বিসর্জন দেবার কতই না অজানা আয়োজন। হাত পেতে নিতে পারলাম না বটে, কিন্তু কি বলে যে একে আজ নমস্কার জানাবো আমি ভেবেই পাইনে, মা।

কমল বুদ্ধি, পল্লী-প্রেমের সুদীর্ঘ ছায়া এতদিন যে সকল দিক আঁধার করিয়া ছিল তাহাই আজ ধীরে ধীরে স্বচ্ছ হইয়া আসিতেছে।

আশুদ্বাব্দ বলিলেন, ভাল কথা। মণিকে আমি ক্ষমা করেচি। বাপের অভিমানকে আর তাকে চোখ রাঙ্গাতে দেব না। জানি সে দৃঃখ পাবেই, জগতের বিধিবদ্ধ শাসন তাকে অব্যাহতি দেবে না। অননুমতি দিতে ত পারব না, কিন্তু যাবার সমস্ত এই আশীর্বাদটুকু রেখে যাবো, দৃঃখের মধ্যে দিলে সে আপনাকে একদিন যেন আবার খুঁজে

পায় । তার ভুল-ভ্রান্তি-ভালবাসা,— ভগবান তাদের যেন সর্বাচার করেন । বলিতে বলিতে তাঁহার কণ্ঠস্বর ভারী হইয়া আসিল ।

এমনিভাবে অনেকক্ষণ নিঃশব্দে কাটিল । তাঁহার মোটা হাতটি উপর কমল ধীরে ধীরে হাত বুলাইয়া দিতেছিল, অনেক পরে মৃদুকণ্ঠে জিজ্ঞাসা করিল, কাকাবাবু, নীলিমাদিদির সম্বন্ধে কি স্থির করলেন ?

আশুবাবু অকস্মাৎ সোজা হইয়া উঠিয়া বসিলেন, কিসে যেন তাঁহাকে ঠেলিয়া তুলিয়া দিল ; বলিলেন, দেখ মা, তোমাকে আগেও বোঝাতে পারিনি, এখনো পারব না । হয়ত আজ আমার সামর্থ্যও নেই । কিন্তু কখনো এ সংশয় আসেনি যে একনিষ্ঠ প্রেমের আদর্শ মানুষ্যের সত্য আদর্শ নয় । নীলিমার ভালোবাসাকে সন্দেহ করিনি, কিন্তু সেও যেমন সত্য, তাকে প্রত্যাখ্যান করাও আমার তেমন সত্য । কোনমতেই একে নিষ্ফল আশ্ব-বঞ্চনা বলতে পারব না । এ তর্কে মিলবে না, কিন্তু এই নিষ্ফলতার মধ্যে দিয়েই মানুষ এগিয়ে যাবে । কোথায় যাবে জানিনে, কিন্তু যাবেই । সে আমার কম্পনার অতীত, কিন্তু এতবড় ব্যথার দান মানুষে একদিন পাবেই পাবে । নইলে জগৎ মিথ্যা, সৃষ্টি মিথ্যা ।

তিনি বলিতে লাগিলেন, এই যে নীলিমা—কোন মানুষেরই যে অমূল্য সম্পদ—কোথাও তার আজ দাঁড়াবার স্থান নেই । তার ব্যর্থতা আমার বাকী দিনগুলোকে শুলের মত বিধবে । ভাবি, সে আর যদি কাউকে ভালবাসত । এ তার কি ভুল !

কমল কাঁহিল, ভুল-সংশোধনের দিন ত তার শেষ হয়ে যাবনি কাকাবাবু ।

কি রকম ? সে কি আবার কাউকে ভালবাসতে পারে তুমি মনে করো ?

অসম্ভব, অসম্ভব ত নয় । আপনার জীবনে যে এমন ঘটতে পারে তাই কি কখনো সম্ভব মনে করেছিলেন ?

কিন্তু নীলিমা ? তার মত মেয়ে ?

কমল কাঁহিল, তা জানিনে । কিন্তু যাকে পেলে না, পাওয়া যাবে না, তাকেই স্মরণ করে সারাজীবন ব্যর্থ নিরাশায় কাটুক এই কি তার জন্যে আপনি প্রার্থনা করেন ।

আশুবাবুর মূখে দীপ্তি অনেকখানি মিলন হইয়া গেল । বলিলেন, না, সে প্রার্থনা করেনি । ক্ষণকাল স্তব্ধ থাকিয়া কাঁহিলেন, কিন্তু আমার কথাও তুমি বুঝবে না, কমল । আমি যা পারি, তুমি তা পার না । সত্যের মূলগত সংস্কার তোমার এবং আমার জীবনের এক নয়, একান্ত বিভিন্ন । এই জীবনটাকেই যারা মানব-আত্মার চরম প্রাপ্তি বলে জেনেছে তাদের অপেক্ষা করা চলে না,—balance of yearning—তুষ্কার শেষবিন্দু জল তাদের নিঃশেষে পান করে না নিলেই নয় ; কিন্তু আমরা জন্মান্তর মানি, প্রতীক্ষা করার সময়ে আমাদের অনন্ত,—উপদ্রুত হয়ে শূন্যে খাবার প্রয়োজনই হয় না ।

কমল শান্তকণ্ঠে কাঁহিল, এ কথা মানি কাকাবাবু । কিন্তু তাই বলে ত আপনার সংস্কারকে হৃদয় বলেও মানতে পারব না । আকাশকুসুমের আশায় বিধাতার দোরে

হাত পেতে জন্মান্তরকাল প্রতীক্ষা করবারও আমার ধৈর্য থাকেন না। যে জীবনকে সবার মান্যখানে সহজ-বন্দীকৃত পাই, এই আমার সত্য, এই আমার মহৎ। ফুলে-ফুলে শোভার-সম্পদে এই জীবনটাই যেন আমার ভরে ওঠে, পরকালের বৃহত্তর লাভের আশায় ইহকালকে যেন না আমি অবহেলায় অপমান করি। কাকাবাবু, এমনি করেই আপনারা আনন্দ থেকে, সৌভাগ্য থেকে স্বেচ্ছায় বশিত। ইহকালকে তুচ্ছ করেছেন বলে ইহকালও আপনাদের সমস্ত জগতের কাছে আজ তুচ্ছ করে দিয়েছে। নীলিমা-দিদির দেখা পাবো কিনা জানিনে, যদি পাই তাঁকে এই কথাই বলে যাবো।

কমল উঠিয়া দাঁড়াইল। আশুবাবু সহসা জোর করিয়া তাহার হাতটা ধরিয়া ফেলিলেন—যাচ্ছো মা? কিন্তু তুমি যাবে মনে হলেই বৃকের ভিতরটা যেন হাহাকার করে ওঠে।

কমল বসিয়া পড়িল, বলিল, কিন্তু আপনাকে ত আমি কোন দিক থেকেই ভরসা দিতে পারিনে। দেহে-মনে যখন আপনি অত্যন্ত পীড়িত, সান্ত্বনা দেওয়াই যখন সবচেয়ে প্রয়োজন, তখন সকল দিক দিয়েই আমি যেন কেবলি আঘাত দিতে থাকি। তবুও কারও চেয়ে আপনাকে আমি কম ভালবাসিনে কাকাবাবু।

আশুবাবু নীরবে স্বীকার করিয়া বলিলেন, তা ছাড়া নীলিমা,—এই কি সহজ বিস্ময়। কিন্তু এর কারণ কি জানো কমল?

কমল স্মিত-মুখে কহিল, বোধ হয় আপনার মধ্যে চোরাবালি নেই, তাই। চোরাবালি নিজের দেহেরও ভার বহিতে পারে না, পায়ের তলা থেকে আপনাকে সরিয়ে দিলে আপনাকেই ডোবার। কিন্তু নিরেট মাটি লোহা-পাথরেরও বোঝা বয়, ইনারত গড়া তার ওপরেই চলে। নীলিমাদিদিকে সব মেয়েতে বুঝবে না কিন্তু নিজেকে নিয়ে খেলা করবার যাদের দিন গেছে, মাথার ভার নাবিয়ে দিয়ে যারা এবারের মত সহজ নিশ্বাস ফেলে বাঁচতে চায়, তারা ওকে বুঝবে।

হঁ বলিয়া আশুবাবু নিজেই নিশ্বাস ফেলিলেন। বলিলেন, শিবনাথ?

কমল কহিল, যৌদিন থেকে তাঁকে সত্যি করে বুঝেচি, সৌদিন থেকে ক্ষোভ-অভিমান আমার মুছে গেছে—জ্বালা নিবেচে। শিবনাথ গুণী, শিল্পী—শিবনাথ কবি। চিরস্থায়ী প্রেম ওদের পথের বাধা, সৃষ্টির অন্তরায়, স্বভাবের পরম বিঘ্ন। এই কথাই ত তাদের সূক্ষ্মে দাঁড়িয়ে সৌদিন বলতে চেয়েছিলাম। মেয়েরা শব্দ উপলক্ষ্য—নইলে, ওরা ভালবাসে কেবল নিজেকে। নিজের মনটাকে দৃভাগ করে নিয়ে চলে ওদের দুর্দিনের লীলা, তার পরে সেটা ফুরোয় বলেই সদূর গলায় ওদের এমন বিচিত্র হলে বাজে, নইলে বাজতো না, শব্দিকরে জমাট হয়ে যেতো। আমি ত জানি, শিবনাথ ওকে ঠকায়নি; মণি আপনি ভুলেছে। সূর্যাস্ত বেলায় মেঘের গায়ে যে রঙ ফোটে কাকাবাবু, সে স্থায়ীও নয়, সে তার আপন বর্ণও নয়। কিন্তু তাই বলে তাকে মিথ্যা বলবে কে?

আশুবাবু বলিলেন, সে জানি, কিন্তু রঙ নিয়েও মানুষের দিন চলে না, মা, উপমা দিলেও তার বাধা ঘোচে না। তার কি বল ত?

কমলের মুখ ক্রান্তিতে মলিন হইয়া আসিল, কহিল, তাই ত ঘুরে ঘুরে একটা

প্রথমেই বায়ে বায়ে আসচে কাকাবাবু, শেষ আর হচ্ছে না। বরঞ্চ; যাবার সময় আপনার ওই আশীর্বাদটুকুই রেখে যান, মগ যেন দুঃখের মধ্যে দিয়ে আবার নিজেকে খুঁজে পায়। যা ঝরঝর তা ঝরে গিয়ে সেদিন যেন ও নিঃসংশয়ে আপনাকে চিনতে পারে। আর আপনাকেও বলি, সংসারে অনেক ঘটনার মধ্যে বিবাহটাও একটা ঘটনা—তার বেশী নয়; ওটাকেই নারীর সর্বস্ব বলে যেদিন মেনে নিয়েছেন, সেইদিনই শূন্য হয়েছে মেরেদের জীবনের সবচেয়ে বড় ট্রাজডি। দেশান্তরে যাবার পূর্বে নিজের মনের এই মিথ্যের শেকল থেকে নিজের মেরেকে মুক্তি দিয়ে যান, কাকাবাবু, এই আমার আপনার কাছে শেষ মিনতি।

হঠাৎ ঘরের কাছে পদশব্দ শুনিয়ে উভয়েই চাহিয়া দেখিল। হরেন্দ্র প্রবেশ করিয়া কহিল, বোঠাকরুনকে আমি নিয়ে যেতে এসেছি, আশুবাবু, উনি প্রস্তুত হয়েছেন, আমি গাড়ি আনতে পাঠিয়েছি।

আশুবাবুর মুখ পাংশু হইয়া গেল, কহিলেন, এখনি! কিন্তু বেলা ত নেই?

হরেন্দ্র বলিল, দশ-বিশ ক্রোশ দূর নয়, মিনিট পাঁচেকের পেরিছে যাবেন।

তাঁহার মুখ যেমন গম্ভীর, কথাও তেমনি নীরস।

আশুবাবু আস্তে আস্তে বলিলেন, তা বটে। কিন্তু সন্ধ্যা হয়,—আজ কি না গেলেই নয়?

হরেন্দ্র পকেট হইতে একটুকরা কাগজ বাহির করিয়া কহিল, আপনিই বিচার করুন। উনি লিখেছেন, “ঠাকুরপো, এখান থেকে আমাকে নিয়ে যাবার উপায় যদি না করতে পার আমাকে জানিও। কিন্তু কাল বলো না যে আমাকে জানান কি ফল?—নীলিমা।”

আশুবাবু স্তব্ধ হইয়া রহিলেন।

হরেন্দ্র বলিল, নিকট আত্মীয় বলে আমি দাবি করতে পারিনে, কিন্তু ঠুকে ত আপনি জানেন, এ চিঠির পরে বিলম্ব করতেও আর ভরসা হয় না।

তোমার বাসাতেই ত থাকবেন?

হাঁ,—অন্ততঃ, এর চেয়ে সুব্যবস্থা যতদিন না হয়। ভাবলাম, এ-বাড়িতে এতদিন যদি ঠুঁর কেটে থাকে ও-বাড়িতেও দোষ হবে না।

আশুবাবু চুপ করিয়া রহিলেন। এ কথা বলিলেন না যে এককাল এ সুবুদ্ধি ছিল কোথায়? বেহারা ঘরে ঢুকিয়া জানাইল, মেমসাহেবের জিনিসপত্রের জন্য ম্যাজিস্ট্রেট-সাহেবের কুঠি হইতে লোক আসিয়াছে।

আশুবাবু বলিলেন, তাঁর যার্কিন্দু আছে দেখিলে দাও গে।

কমলের চোখের প্রতি চোখ পড়িতে কহিলেন, কাল সকালে এ বাড়ি থেকে বেলা চলে গেছেন। ম্যাজিস্ট্রেটের স্ত্রী ঠুঁর বান্ধবী। একটা সুখবর তোমাকে দিতে ভুলেছি কমল। বেলার স্বামী এসেছেন নিতে,—বোধ হয় ঠুঁদের একটা reconciliation হলো।

কমল কিছদ্‌মাত্র বিস্ময় প্রকাশ করিল না ; শব্দ কহিল, কিন্তু এখানে এলেন না যে ?

আশুবাবু বলিলেন, বোধ হয় আশ্চর্যের কারণে বাধলো । যখন বিবাহ-বন্ধন ছিন্ন করার মামলা ওঠে, তখন বেলার বাবার চিঠির উত্তরে আমি সম্মতি দিয়েছিলাম । ওর স্বামী সেটা ক্ষমা করতে পারেনি ।

আপনি সম্মতি দিয়েছিলেন ?

আশুবাবু বলিলেন, এতে আশ্চর্য হচ্ছ কেন কমল ? চরিত্র-দোষে যে স্বামী অপরাধী, তাকে ত্যাগ করার আমি অন্যান্য দেখি । এ অধিকার ফেবল স্বামীর আছে, স্ত্রীর নেই এমন কথা আমি মানতে পারিনে ।

কমল নির্বাক হইয়া রহিল । তাঁহার চিন্তার মধ্যে যে কাপটা নাই—অস্তর ও বাহির একই সুরে বাঁধা—এই কথাটাই আর একবার তাহার স্মরণ হইল ।

নারীলমা দ্বারের নিকট হইতে নমস্কার করিয়া চলিয়া গেল । ঘরেও ঢুকিল না, কাহারও প্রতি চাহিয়াও দেখিল না ।

অনেকক্ষণ পর্যন্ত কমল তেমনিভাবেই তাঁহার হাতের উপর হাত বুলাইয়া দিতে লাগিল, কথাবার্তা কিছুই হইল না । যাবার পূর্বে আস্তে আস্তে বলিল, শব্দ বদ্বাড়া এ বাড়িতে পড়নো আর কেউ রইল না ।

যদু ?

হাঁ, আপনার পড়নো চাকর ।

কিন্তু সে ত নেই মা । তার ছেলের অসুখ, দিন-পাঁচেক হলো ছুটি নিয়ে দেশে গেছে ।

আবার অনেকক্ষণ কোন কথা হইল না । আশুবাবু হঠাৎ জিজ্ঞাসা করিলেন, সে রাজেন ছেলের কোন খবর জানো কমল ?

না, কাকাবাবু ।

যাবার আগে তাকে একবার দেখবার ইচ্ছে হয় । গোমরা দুটিতে যেন ভাই-বোন, যেন একই গাছের দুটি ফুল । এই বলিয়া তিনি চূপ করিতে গিয়া হঠাৎ যেন কথাটা মনে পড়িল, বলিলেন, তোমাদের যেন মহাদেবের দারিদ্র্য । টাকাকড়ি, ঔষধ-সম্পদ অপরিমিত, কোথায় যেন অন্যান্যনস্ক সে-সব ফেলে এয়েচ । খুঁজে দেখবারও গরজ নেই,—এমনি ত্যাগিল ।

কমল সহাস্যে কহিল, সে কি কাকাবাবু ! রাজেনের কথা জানিনে, কিন্তু আমি দু'পয়সা পাবার জন্যে বিনরাত কত খাটি !

আশুবাবু বলিলেন, সে শুনতে পাই । তাই, বসে বসে ভাবি ।

ফিরিতে কমলের বিলম্ব হইল । যাবার সময় আশুবাবু বলিলেন, ভয় নেই না, যে আমাকে কখনো ছেড়ে থাকেনি, আজ সে ছেড়ে থাকবে না । নিরুপায়ের উপায় সে করবেই । এই বলিয়া তিনি সদমুখের দেওয়ালে টাঙ্গানো লোকাঙ্কুরিতা পত্রীর ছবিটা আঙুল দিয়া দেখাইয়া দিলেন ।

কমল বাসায় পৌঁছিয়া দেখিল, সহজে উপরে যাইবার জো নাই, রাশিকৃত বাস্তু-
তোরঙ্গে সিঁড়ির মূখটা রুদ্ধপ্রায়। বৃকের ভিতরটা ছাঁৎ করিয়া উঠিল। কোনমতে
একটু পথ করিয়া উপরে গিয়া শূন্যল, পাশের রান্না ঘরে কলরব হইতেছে; উর্গিক
মারিয়া দেখিল, অজিত হিন্দুস্থানী মেয়েলোকটির সাহায্যে স্টোভে জল চড়াইয়াছে
এবং চা চিনি প্রভৃতির সম্বন্ধে ঘরের চতুর্দিকে আতিপাতি করিয়া খুঁজিয়া
ফিরিতেছে।

এ কি কাণ্ড ?

অজিত চমকিয়া ফিরিয়া চাহিল,—চা-চিনি কি তুমি লোহার সিন্দূকে বন্ধ করে
 রাখ না কি ? জলটা ফুটে ফুটে যে প্রায় নষ্ট হয়ে এলো।

কিন্তু আমার ঘরের মধ্যে আপনি খুঁজে পাবেন কেন ? সরে আসুন, আমি
 তৈরি করে দিচ্ছি।

অজিত সরিয়া আসিয়া দাঁড়াইল।

কমল কহিল, কিন্তু এ কি ব্যাপার ? বস্তু-তোবঙ্গ, পোটলা-পুটলি এ-সব
 কার ?

আমার। হরেনবাবু নোটিশ দিয়েছেন।

দিলেও যাবারই নোটিশ দিয়েছেন। এখানে আসবার বৃদ্ধি দিলে কে ?

এটা নিজের। এতদিন পরের বৃদ্ধিতেই দিন কেটেছে, এবার নিজের বৃদ্ধি খুঁজে
 বের করেছি।

কমল কহিল, বেশ করেছেন। কিন্তু ওগুলো কি নীচেই পড়ে থাকবে ? চুরি
 যাবে যে।

শূন্যল অজিত বাস্তু হইয়া উঠিল,—যাননি ত ? একটা চামড়ার ব্যাগে অনেক-
 গুলো টাকা আছে।

কমল ঘাড় নাড়িয়া বলিল, খুব ভাল। এক জাতের মানুুষ আছে তারা আশি
 বছরে সাবালক হয় না। তাদের মাথার ওপর অভিভাবক একজন চাই-ই। এ ব্যবস্থা
 ভগবান কৃপা করে করেন। চা থাক, নীচে আসুন। ধরার্থী করে তোলাবার চেষ্টা
 করা যাক।

॥ সাতাশ ॥

বাড়িওয়ালা এইমাত্র পুরা-মাসের ভাড়া চুকাইয়া লইয়া গেল। ইতস্ততঃ বিক্ষিপ্ত জিনিসপত্রের মাঝখানে, বিশৃঙ্খল কক্ষের একধারে ক্যান্ডিবেশের ইজিচেয়ারে অজিত চোখ বন্দিয়া শইয়া। হৃদয় শূন্য, দৌখিলেই বোধ হয় চিন্তাগ্রস্ত মনের মধ্যে স্নেহের লেশ মাত্র নাই। কমল বাঁধা-হাদা জিনিসগুলোর ফর্দ মলাইয়া কাগজে টুকিয়া রাখিতে ছিল। স্থানত্যাগের আসন্নতায় কাজের মধ্যে তাহার চণ্ডলতা নাই,—যেন প্রাত্যহিক নিয়মিত ব্যাপার। কেবল একটুখানি স্নেন বেশী নীরব।

সাম্ভ্যভোজের নিমন্ত্রণ আসিল হরেন্দ্রের নিকট হইতে। লোকের হাতে নয়,—ডাকে। অজিত চিঠিখানি পড়িল। আশুবাবুর বিদায় উপলক্ষে এই আয়োজন। পরিচিত অনেকেই আহ্বান করা হইয়াছে। নীচের এক কোণে ছোট্ট করিয়া লেখা কমল, নিশ্চয় এসো ভাই।—নীলিমা।

অজিত সেইটুকু দেখিয়াই প্রশ্ন করিল, যাবে নাকি ?

যাবো বৈ কি। নিমন্ত্রণ জিনিষটা তুচ্ছ করতে পারি আমার এত দর নয়। কিন্তু তুমি ?

অজিত বিধার স্বরে বলিল, তাই ভাবছি। আজ শরীরটা তেমন—

তবে, কাজ নেই গিয়ে।

অজিতের চোখ তখনো চিঠির 'পরে' ছিল। নইলে কমলের ঠোঁটের কোণে কৌতুকহাস্যের রেখাটুকু নিশ্চয় দেখিতে পাইত।

যেমন করিয়াই হোক, বাঙালী মহলে খবরটা জানাজানি হইয়াছে যে উভয়ে আগ্রা ছাড়িয়া যাইতেছে। কিন্তু, কিভাবে ও কোথায়, এ সম্বন্ধে লোকের কৌতূহল এখনো সূনিশ্চিত মীমাংসায় পৌঁছে নাই। অকালের মেঘের মত কেবলি আন্দাজ ও অনুমান ভাসিয়া বেড়াইতেছে। অথচ জানা কঠিন ছিল না,—কমলকে জিজ্ঞাসা করিলেই জানা যাইতে পারিত তাহাদের গম্যস্থানটা আপাততঃ অমৃতসর। কিন্তু এটা কেহ ভরসা করে নাই।

অজিতের বাবা ছিলেন গুরুগোবিন্দের পরম ভক্ত! তাই শিখদের মহাতীর্থ অমৃতসরে তিনি খালসা কলেজের কাছাকাছি মাঠের মধ্যে একটা বাঙলো বাড়ি তৈরী করাইয়াছিলেন। সময় ও সন্নিবিধা পাইলেই আসিয়া বাস করিয়া যাইতেন। তাহার মৃত্যুর পরে বাড়িটা ভাঙায় খাটিতেছিল, সম্প্রতি খালি হইয়াছে; এই বাটীতেই দুজনে কিছুকাল বাস করিবে। মালপত্র যাইবে লরিতে এবং পরে শেখরাণ্ডে মোটরে করিয়া উভয়ে রওনা হইবে। সেই প্রথম দিনের স্মৃতি,—এটা কমলের অভিলাষ।

অজিত কহিল, হরেন্দ্রের ওখানে তুমি কি একা যাবে নাকি ?

যাই না । আশ্রমের দোর ত তোমার খোলাই রইল, যবে খুঁশি দেখা করে বেতে পারবে । কিন্তু আমার ত সে আশা নেই,—শেষ দেখা দেখে আসি গে,—কি বল ?

অজিত চুপ করিয়া রহিল । স্পষ্টই দোঁখতে পাইল, সেথায় নানা ছলে বহু তীক্ষ্ণ ও তিক্ত ইঙ্গিতে ব্যক্ত ও অব্যক্ত ইশারায় আজ শব্দ একটিমাত্র দিকেই ছুটিতে থাকিবে ইহারই সম্মুখে এই একাকিনী রমণীকে পরিত্যাগ করার মত কাপুরুষতা আর কিছ হইতে পারে না । কিন্তু সঙ্গী হইবার সাহস নাই, নিবেশ করাও তেমনি কঠিন ।

নূতন গাড়ি কেনা হইয়া আসিয়াছে, সন্ধ্যার কিছ পরে সোফার কমলকে লইয়া চলিয়া গেল ।

হরেন্দ্রের বাসায় দ্বিতলের সেই হল ঘরটার নূতন দামী কাপেট বিছাইয়া অতিথদের স্থান করা হইয়াছে । আলো জ্বলিতেছে অনেকগুলো, কোলাহলও কম হইতেছে না । মাঝখানে আশুবাবু, ও তাঁহাকে ঘিরিয়া জন কয়েক ভদ্রলোক । বেলা আসিয়াছেন এবং আরও একটি মহিলা আসিয়াছেন—তিনি ম্যাজিস্ট্রেটের পত্নী মালিনী । কে একটি ভদ্রলোক এদিকে পিছন ফিরিয়া তাঁহাদের সঙ্গে গল্প করিতেছেন । নীলিমা নাই, খুব সম্ভব অন্যত্র কাজে নিযুক্ত ।

হরেন্দ্র ঘরে ঢুকিল এবং ঘরে ঢুকিয়াই চোখে পড়িল এদিকের দরজার পাশে দাঁড়াইয়া কমল । বিস্ময়ে কলস্বরে সংবর্ধনা করিল,—কমল যে ? কখন এলে ? অজিত কৈ ?

সকলের দৃষ্টি একাগ্র হইয়া বুঁকিয়া পড়িল । কমল দোঁখল, যে ব্যক্তি মহিলাদের সহিত আলাপ করিতাছিলেন তিনি আর কেহ নহেন, স্বয়ং অক্ষয় । কিঞ্চিৎ শীর্ণ । ইনক্লুয়েঞ্জা এড়াইয়াছেন, কিন্তু দেশের ম্যালেরিয়াকে পাশ কাটাইতে পারেন নাই । ভালই হইল যে তিনি ফিরিয়াছেন, নইলে শেষ দেখার হয়ত আর সুযোগে ঘটিত না । দৃঃখ থাকিয়া যাইত ।

কমল বলিল, অজিতবাবু আসেন নি,—শরীরটা ভাল নয় । আমি এসেছি অনেকক্ষণ ।

অনেকক্ষণ ? ছিলে কোথায় ?

নীচে । ছেলেদের ধরগুলো ঘুরে ঘুরে দেখাছিলাম । দেখাছিলাম, ধর্মকে ত ফাঁকি দিলেন, কর্মকেও ঐ সঙ্গে ফাঁকি দিলেন কি না ? এই বলিয়া সে হাসিয়া ঘরে আসিয়া বসিল ।

সে যেন বর্ষার বন্য লতা । পরের প্রয়োজনে নয়, আপন প্রয়োজনেই আত্মরক্ষার সকল সঞ্জয় লইয়া যেন মাটি ফুঁড়িয়া উর্ধ্ব মাথা তুলিয়াছে । পারিপার্শ্বিক বিরুদ্ধতার তার ভয়ও নাই, ভাবনাও নাই,—যেন কাঁটার বেড়া দিয়া বাঁচানোর প্রশ্নই বাহুল্য । ঘরে আসিয়া বসিল,—কতটুকুই বা ! তথাপি মনে হইল যেন রূপে, রসে, গোরবে স্বকীয় মহিমার একটি স্বচ্ছন্দ আলো সে সকল জিনিসেই ছড়াইয়া দিল ।

ঠিক এই ভাবটিই প্রকাশিত হইল হরেন্দ্রের কথায়। আর দুটি নারীর সম্মুখে শালীনতার হ্রত কিছ্‌ দুটি ঘটিল, কিন্তু আবেগভরে বলিয়া ফেলিল,—এৎক্ষণে মিলন-সভাটি আমাদের সম্পূর্ণ হলো। কমল ছাড়া ঠিক এমনি কথাটি আর কেউ বলতে পারতো না।

অক্ষয় কহিল, কেন? দর্শন-শাস্ত্রের কোন সূক্ষ্ম তত্ত্বটি, এতে পরিষ্কৃত হলো শূন্য?

কমল সহাস্যে হরেন্দ্রকে কহিল, এবার বলুন? দিন এর জবাব?

হরেন্দ্র এবং অনেকেই মূখ ফিরাইয়া বোধ হয় হাসি গোপন করিল।

অক্ষয় নীরস-কণ্ঠে জিজ্ঞাসা করিল, কি কমল, আমাকে চিনতে পার ত?

আশ্চর্য্য মনে মনে বিরক্ত হইয়া বলিলেন, তুমি পারলেই হলো। চিনতে তুমি পারচ ও অক্ষয়?

কমল কহিল, প্রশ্নটি অন্যান্য আশ্চর্য্য। মানুস-চেনা ঠাণ্ড নিজস্ব বৃত্তি। ওখানে সন্দেহ করা ঠাণ্ড পেশায় ঘা দেওয়া।

কথাটি এমন করিয়া বলিল যে, এবার আর কেহ হাসি চাপিতে পারিল না, কিন্তু পাছে এই দৃশ্যাসন লোকটি প্রভূত্বের কুৎসিৎ কিছ্‌ বলিয়া বসে, এই ভয়ে সবাই শঙ্কিত হইয়া উঠিল। আজিকার দিনে অক্ষয়কে আহ্বান করার ইচ্ছা হরেন্দ্রের ছিল না, কিন্তু সে বহুদিন পরে ফিরিয়াছে, না বলিলে অতিশয় বিস্মী দেখাইবে ভাবিয়াই নিমগ্ন করিয়াছে। সভয়ে, সাবিনয়ে কহিল, আমাদের এই শহর থেকে, হ্রত বা এদেশ থেকেই আশ্চর্য্য চল যাকেন; ঠাণ্ড সঙ্গে পরিচিত হওয়া যে-কোন মানুসেরই ভাগ্যের কথা। সেই সৌভাগ্য আমরা পেয়েছি। আজ ঠাণ্ড দেহ অসুস্থ, মন অবসন্ন, আজ যেন আমরা সহজ সৌজন্যের মধ্যে ঠাণ্ডকে বিদায় দিতে পারি।

কথা-কলটি সামান্য, কিন্তু ওই শাস্ত্র, সহস্রবর্ষ প্রাচীন ব্যক্তিটির মুখের দিকে চাহিয়া সকলেরই হৃদয় স্পর্শ করিল।

আশ্চর্য্য্য সৎকোচ বোধ করিলেন। বাক্যলাপ তাঁহাকে অবলম্বন করিয়া না প্রবর্তিত হয় এই আশঙ্কায় তাড়াতাড়ি নিজেই অন্য কথা পাড়িলেন, বলিলেন, অক্ষয়, খবর পেলেছ বোধ হয় হরেন্দ্রের ব্রহ্মচর্য্য আশ্রমটা আর নেই। রাজেন্দ্র আগেই বিদায় নিরেছিলেন, সেদিন সতীশও গেছেন। যে-ক'টি ছেলে বর্তমান আছে, হরেন্দ্রের অভিশাপ জগতের সোজা-পথেই তাদের মানুস করে তোলেন। তোমরা সকলে অনেকদিন অনেক কথাই বলেছ, কিন্তু ফল হয়নি। তোমাদের কঠব্য কমলকে ধন্যবাদ দেওয়া।

অক্ষয় অন্তরে ঝাঁপিয়া গিয়া শূন্য হাসিয়া বলিল, শেষকালে ফল ফলন বৃষ্টি ওর কথায়? কিন্তু যাই বলুন আশ্চর্য্য্য, আমি আশ্চর্য্য্য হয়ে বাহীন। এইটি অনেক পূর্বেই অনুমান করেছিলাম।

হরেন্দ্র কহিল, কখনেই ত। মানুস চেনাই যে আপনার পেশা।

আশ্চর্য্য্য বলিলেন, ভবৎ আবার মনে হয় ভাঙবার প্রয়োজন ছিল না। সকল

ধর্মভাই ত মূলতঃ এক, সিঙ্কিলাভের জন্য এ কেবল কতকগুলি প্রাচীন আচার-অনুষ্ঠান প্রতিপালন করে চলা। যারা মানে না বা পারে না, তারা না-ই পারল, কিন্তু পারার অধ্যবসায় থাকে আছে তাদের নিরুৎসাহ করেই বা ক্রান্ত কি? কি বল অক্ষয়?

অক্ষয় কহিল, নিশ্চয়।

কমলের দিকে চাহিতেই সে সবেগে মাথা নাড়িয়া কহিল, আপনার ত এ দৃঢ় বিশ্বাসের কথা হলো না আশুদ্বাব্দ, বরঞ্চ, হলো অবিশ্বাস অবহেলার কথা। এমন করে ভাবতে পারলে আমিও আশ্রমের বিরুদ্ধে একটা কথাও কখনো বলতাম না। কিন্তু তা ত নয়—আচার-অনুষ্ঠানই যে মানুুষের ধর্মের চেয়েও বড়,—যেমন বড় রাজার চেয়ে রাজার কর্মচারীর দল।

আশুদ্বাব্দ সহাস্যে কহিলেন, তা যেন হলো, কিন্তু তাই বলে কি তোমার উপমাকেই যুক্তি বলে মেনে নেবো?

কমল পরিহাসে করে নাই তাহার মুখ দেখিয়াই বদ্বা গেল। কহিল, শৃঙ্খলি কি এ উপমা আশুদ্বাব্দ, তার বেশী নয়? সকল ধর্মই যে আসলে এক, এ আমি মানি। সর্বকালে, সর্বদেশে ও-সেই এক অজ্ঞেয় বস্তুর অসাধ্য সাধনা। মৃত্যুর মধ্যে ওকে ত পাওয়া যায় না। আলো-বাতাস নিজে মানুুষের বিবাদ নেই, বিবাদ বাধে অমের ভাগাভাগি নিজে—তাকে আশ্রমে পাওয়া যায়, দখল করে বংশধরের জন্য রেখে যাওয়া চলে। তাই ত জীবনের প্রয়োজনে ও চের বড় সত্য। বিবাহের মূল উদ্দেশ্য যে সকল ক্ষেত্রেই এক, এ ত সবাই জানে, কিন্তু তাই বলে কি মানতে পারে? আপনিই বলুন না অক্ষয়দ্বাব্দ, ঠিক কি না। এই বলিয়া সে হাসিয়া মুখ ফিরাইল।

ইহার নিহিত অর্থ সবাই বদ্বিল। রুদ্ধ অক্ষয় কঠোর কিছ্র একটা বলিতে চাহিল, কিন্তু কথা খুঁজিয়া পাইল না।

আশুদ্বাব্দ বলিলেন, অথচ তোমরাই যে কমল, আচার-অনুষ্ঠানেই ভারী অবজ্ঞা, কিছ্রই যে মানতে চাও না? তাই ত তোমাকে বোঝা এত শক্ত!

কমল বলিল, কিছ্রই শক্ত নয়। একাটবার সামনের পর্দাটা সরিয়ে দিন, আর কেউ না বদ্বুক, ‘আপনার বদ্বাতে দিলম্ব হবে না। নইলে, আপনার স্নেহই বা আমি পেতাম কি করে? মাঝখানে কুয়াশার আড়াল যে নেই তা নয়, কিন্তু তবু ত পেলাম। আমি জানি, আপনার ব্যথা লাগে, কিন্তু আচার-অনুষ্ঠানকে মিত্যে বলে আমি উড়িয়ে দিতে ত চাইনে, চাই শৃঙ্খলি এর পরিবর্তন। কালের ধর্মে আজ যা অচল, আঘাত করে তাকে সচল করতেই চাই। এই যে অবজ্ঞা, মূল্য এর জানি বলেই ত। মিত্যে বলে জানলে মিত্যের সঙ্গে সদর মিলিয়ে মিত্যে-শ্রদ্ধায় সকলের সঙ্গে সারাজীবন মেনে মেনেই চলতাম—একটুও বিদ্রোহ করতাম না।

একটু ধামিয়া কহিল, ইউরোপের সেই রেনেসাঁসের দিনগুলো একবার মনে করে দেখুন দিক। তারা সব করতে গেল নতুন সৃষ্টি, শৃঙ্খলি হাত দিলে না আচার-অনুষ্ঠানে। পদ্রনোর গানে টাটকা রঙ মাখিয়ে তলে তলে দিতে লাগল তার পদ্রো,

ভেতরে গেল না শেকড়, শাখের ফ্যাশন গেল দু'দিনে মিলিয়ে। ভয় ছিল আমার হরেনবাবুর উচ্চ অভিলাষ যার বা দু'বিধ এমনি করেই ফাঁকা হয়ে। কিন্তু আর ভয় নেই, উনি সামলেছেন। এই বলিয়া সে হাসিল।

এ হাসিতে হরেন্দ্র যোগ দিতে পারিল না, গাঙীর হইয়া রহিল। কাজটা সে করিরাছে সত্য, কিন্তু অন্তরে ঠিকমত আজও সার পায় না, মনের মধ্যেটা রহিয়া রহিয়া ভারী হইয়া উঠে। কহিল, মর্শাকিল এই যে, তুমি ভগবান মানো না, মন্দিতেও বিশ্বাস কর না। কিন্তু যারা তোমার ওই অঞ্জের বস্তুর সাধনার রত, ওর ভক্ত-নিরুপশে ব্যগ্র, তাদের কঠিন নিয়ম ও কঠোর আচার-পালনের মধ্যে দ্বিধে পা না ফেললেই নয়। আশ্রম তুলে দেওয়ার আমি অহংকার করিনে। সোঁদন যখন ছেলেদের নিয়ে সতীশ চলে গেল আমি নিজের দুর্বলতাই অনুভব করোঁছি।

তা হলে ভাল করেন নি হরেনবাবু। বাবা বলতেন, যাদের ভগবান যত স্কন্ধ, যত জাঁটল, তারাই মরে তত বেশী জাঁড়িয়ে। যাদের যত স্কুল, যত সহজ, তারাই থাকে কিনারার কাছে। এ যেন লোকসানের কারবার। বাবসা হয় যতই বিস্তৃত ও ব্যাপক, ক্ষতির পরিমাণ ততই চলে বেড়ে। তাকে গুঁটিয়ে ছোট করে আনলেও লাভ হয় না বটে, কিন্তু লোকসানের মাত্রা কমে। হরেনবাবু, আপনার সতীশের সঙ্গে আমি কথা করে দেখোঁচি। আশ্রমে বহুবিধ প্রাচীন নিয়মের তিন প্রবর্তন করোঁছিলেন, তাঁর সাধ ছিল সে-সঙ্গে ফিরে যাওয়া। ভাবতেন, দু'দিনের বয়স থেকে হাজার-দুই বছর মধ্যে ফেলেই আসবে পরম লাভ। এমনি লাভের ফাঁদে এঁটোঁছিল একদিন বিলাতের পিউরিটান একদল। ভেবেছিল, আমোরকায় পালিয়ে গিয়ে সতেরো শতাব্দী ঘুরিয়ে দিয়ে নির্বন্ধাটে গড়ে তুলবে বাইবেলের সত্যযুগ। তাদের লাভের হিসাবের অঙ্ক জানে আজ অনেকে, জানে না শূদ্ধ মঠধারীর দল যে, বিগত দিনের দর্শন দিয়ে চলে যখন বর্তমানের বিধি-বিধানের সমর্থন, তখনই আসে সত্যিকারের ভাস্কর বিন। হরেনবাবু, আপনার আশ্রমের ক্ষতি হয়ত করোঁচি, কিন্তু ভাঙ্গা আশ্রমে বাকী রইলেন যারা তাদের ক্ষতি করিনি।

পিউরিটানদের কাহিনী জানিত অক্ষয়,—ইতিহাসের অধ্যাপক। সবাই চূপ কাঁপিয়া রহিল, এবার সে শূদ্ধ ধীরে ধীরে মাথা নাড়িয়া সায় দিল।

আশুবাবু বলিতে গেলেন, কিন্তু সে-সুগের ইতিহাসে যে উল্লেখ ছিঁব—

কমল বাধা দিল,—যত উল্লেখ হোক, তবু সে ছিঁব, তার বড় নয়। এমন বই সংসারে আজও লেখা হয়নি আশুবাবু, যার থেকে তার সমাজের যথার্থ প্রাণের সম্বন্ধ মিলে। আলোচনার গর্ব করা চলে, কিন্তু বই মিলিয়ে সমাজ গড়া চলে না। শ্রীরামচন্দ্রের যুগকেও না, যুধিষ্ঠিরের যুগকেও না। রামায়ণ-মহাভারতে যত কথাই লেখা থাক, তার শ্লোক হাতড় সাধারণ মানুষের দেখাও মিলবে না এবং মাতৃ-ঋতর যত নিরাপদই হোক, তাতে ফিরে যাওয়াও যাবে না। পৃথিবীর সমস্ত মানবজাতি নিয়েই ত মানুষ? তারা যে আপনার চারিদিকে। কমল মন্দি দিয়ে কি ব্যঙ্গের চাপকে ঠেকানো যায় ?

বেলা ও মালিনী নিঃশব্দে শুনিতোছিল। ইহার সম্বন্ধে বহু জনশ্রুতিই তাহাদের কানে গেছে, কিন্তু আজ মূখ্যোমুখি বসিয়া এই পরিভ্রম্য নিরাশ্রয় মেয়েটির ব্যাক্যের নিঃসংশয় নির্ভরতা দেখিয়া বিস্ময় মানিল।

পরক্ষণে ঠিক এই ভাবটিই আশুবাবু প্রকাশ করিলেন। আশ্বে আশ্বে বলিলেন, তর্কে যাই কেন বলি না কমল, তোমার অনেক কথাই স্বীকার করি। যা পারিলে, তাকেও অন্তরে অবজ্ঞা করিলে। এই গৃহেই মেয়েদের দ্বার রুদ্ধ ছিল শুনোঁচি, একদিন তোমাকে আহ্বান করায় সতীশ স্থানটাকে কলুষিত জ্ঞান করেছিল। কিন্তু আজ আমরা সবাই আর্মান্তিত, কারও আসার বাধা নেই—

একটি ছেলে কব্বাটের কাছে আসিয়া দাঁড়াইল। পরনে পরিচ্ছন্ন ভদ্র পোশাক, মুখে আনন্দ ও পরিভ্রম্য আভাস; কাঁহিল, দাঁদি বললেন, খাবার তৈরি হয়ে গেছে, ঠাই হবে ?

অক্ষয় বলিল, হবে বৈ কি হে। বল গে, রাতও ত হলো।

ছেলেটি চলিয়া গেলে হরেন্দ্র কাঁহিল, বৌঠাকরুণ আসা পর্যন্ত খাবার চিন্তাটা আর কার্নকে করতে হয় না। ঔঁর ত কোথাও জায়গা ছিল না,—কিন্তু সতীশ রাগ করে চলে গেল।

আশুবাবুর মূখ মূহূর্তের জন্য রাজা হইয়া উঠিল।

হরেন্দ্র বলিতে লাগিল, অথচ সতীশেরও অন্য উপায় ছিল না। সে ভ্যাগী, ব্রহ্মচারী,—এ সম্পর্কে তার সাধনার বিঘ্ন। কিন্তু আমরাই যে সত্যিই কোন্ কাজটা ভাল হলো সব সময়ে ভেবে পাইনে।

কমল অকুণ্ঠিত-স্বরে বলিল, এই কাজটাই হবে হরেনবাবু, এই কাজটাই। সংযম যখন সহজ না হয়ে অপরকে আঘাত করে তখনই সে হয় দুর্বহ। এই বলিয়া সে পলকের জন্য আশুবাবুব প্রতি চাহিল,—হয়ত কি একটা গোপন ইঙ্গিত ছিল, কিন্তু হরেন্দ্রকেই পুনশ্চ বলিল, ওরা নিজেবেই টেনে টেনে বাড়িয়ে ওদের ভগবানকে সৃষ্ট করে। তাই ওদের ভগবানের পূজো বারে বারেই ঘাড় হেঁট করে আত্মপূজায় নেমে আসে। এ-ছাড়া ওদের পথ নেই। মানুষ ত শূদ্র কেবল নয়ও নয়, নাবীও নয়,—এ দুই মিলেই তবে সে এক। এই অর্ধেককে বাদ দিয়ে যখন দোঁখি সে নিজেকে বৃহৎ করে পেতে চায়, তখন দোঁখি সে আপনাকেও পায় না, ভগবানকেও ক্ষোঁয়। সতীশবাবুদের জন্যে দৃশ্চিন্তা রাখবেন না, হরেনবাবু, ঔঁদের সিদ্ধি স্বয়ং ভগবানের জিহ্মায়।

সতীশকে প্রায় কেহই দেখিতে পারিত না, তাই শেষ কথাটার সবাই হাসিল। আশুবাবুও হাসিলেন, কিন্তু বলিলেন, আমাদের হিন্দু-শাস্ত্রের একটা বড় কথা আছে কমল—আত্মদর্শন। অর্থাৎ আপনাকে নিগূঢ়ভাবে জানা। ঋষিরা বলেন, এই খোঁজার মধ্যেই আছে বিশ্বের সকল জানা, সকল জ্ঞান। ভগবানকে পাবাবও এই পথ। এরই তরে ধ্যানের ব্যবস্থা। ভূমি মানো না, কিন্তু ধারা মানে, বিশ্বাস করে, তাঁকে চায়, জগতের বহু বিষয় থেকে নিজেদের বঞ্চিত করে না রাখলে তারা একাঙ

চিত্ত-যোজনায় সফল হয় না। সতীশকে আমি ধরিনে, কিন্তু এ যে হিন্দুর অচ্ছিন্ন-পরম্পরায় পাওয়া সংস্কার, কমল। এই ত যোগ। আসন্ন হিমালয় ভারত অবিচলিত প্রকার এই তত্ত্ব বিশ্বাস করে।

ভক্তি, বিশ্বাস ও ভাবের আবেগে তাঁহার দুই চক্ষু ছলছল করিতে লাগিল। বাহিরের সর্ববিধ সাহেবানার নিভৃত তলদেশে যে দুর্জনিত বিশ্বাসপরায়ে হিন্দু-চিত্ত নির্বাতদীপাশখার ন্যায় নিঃশব্দে স্থলিতেছে, কমল চক্ষুর পলকে তাহাকে উপলক্ষ্য করিল। কি একটা বলিতে গেল, কিন্তু সঙ্কেতে বাধিল। সঙ্কেত আর কিছুর জন্য নয়, শব্দ এই সত্যত সংঘর্ষিত বুদ্ধকে ব্যথা দিবার বেদনা। কিন্তু উত্তর না পাইয়া তিনি নিজেই যখন প্রশ্ন করিলেন, কেমন কমল, এই কি সত্য নয়? তখন সে মাথা নাড়িয়া বলিয়া উঠিল, না আশুবাবু, সত্য নয়। শব্দ ত হিন্দুর নয়, এ বিশ্বাস সকল ধমেই আছে। কিন্তু কেবলমাত্র বিশ্বাসের জোরেই ত কোন-কিছুর কখনো সত্যি হইতে পারে না। তাগের জোরেও নয়, মূঢ়া-বরণ করার জোরেও নয়। অতি তুচ্ছ মতের অনৈক্যে বহু প্রাণ বহুবার সংসারে দেওয়া-নেওয়া হইতে গেছে। তাতে জিহ্বার জোরকেই সপ্রমাণ করেছে, চিন্তার সত্যকে প্রমাণিত করেনি। যোগ কাকে বলে আমি জানিনে, কিন্তু এ যদি নির্জনে বসে কেবল আত্ম-বিপ্লব এবং আত্মচিন্তাই হয় ত এই কথাই জোর করে বলব যে, এই দুটো সিংহদ্বার দিলে সংসারে যত ভ্রম, যত মোহ ভিতরে প্রবেশ করেছে, এমন আর কোথাও দিলে না। ওরা অজ্ঞানের সহচর।

শুনিলে শব্দ আশুবাবু নয়, হরেন্দ্র ও বিশ্বাস ও বেদনায় নীরব হইয়া রহিল। সেই ছেলোট পুনর্বীর আসিয়া জানাইল, খাবার দেওয়া হইয়াছে। সকলেই নীচে নামিয়া গেল।

॥ আটাশ ॥

আহারান্তে অক্ষয় কমলকে একমুহূর্ত নিরালস্য পাইয়া ছুঁপি ছুঁপি বলিল, শুনতে পেলাম আপনারা চলে যাচ্ছেন। পরিচিত সকলের বাড়িতেই আপনি এক-আধবার গেছেন, শুধু আমার ওখানে—

আপনি! কমল অতিমাত্রায় বিস্মিত হইল। শুধু কন্ঠস্বরের পরিবর্তনে নয়, 'তুমি' বলিয়া তাহাকে সবাই ডাকে, সে অভিযোগও করে না, অভিমানও করে না। কিন্তু অক্ষয়ের অন্য কারণ ছিল। এই স্ত্রীলোকটিকে 'আপনি' বলাটা সে বাড়াবাড়ি, এমন কি ভদ্র-আচরণের অপব্যবহার বলিয়াই মনে করিত। কমল ইহা জানিত। কিন্তু এই অতি ক্ষুদ্র ইতরতায় দৃকপাত করিতেও তাহার লজ্জা করিত। পাছে একটা তর্কাতর্কি কলহের বিষয় হইয়া উঠে এই ছিল তার ভয়। হাসিয়া বলিল, আপনি ত কখনো যেতে বলেন নি।

না। সেটা আমার অন্যান্য হয়েছে। চলে যাবার আগে কি আর সম্বল হবে না?

কি করে হবে অক্ষয়বাবু, আমরা যে কাল ভোরেই যাচ্ছি।

ভোরেই? একটু থামিয়া বলিল, এ অঞ্চলে যদি কখনো আসেন আমার গৃহে আপনার নিমন্ত্রণ রইল।

কমল হাসিয়া কহিল, একটা কথা জিজ্ঞেসা করতে পারি অক্ষয়বাবু? হঠাৎ আমার সম্বন্ধে আপনার মত বদলালো কি করে? বরষ, আরও ত কঠোর হবারই কথা।

অক্ষয় কহিল, সাধারণতঃ তাই হতো বটে। কিন্তু এবার দেশ থেকে কিছু অভিজ্ঞতা সঞ্চার করিছি। আপনার ঐ পিউরিটানদের দৃষ্টান্ত আমার ভেতরে গিয়ে লেগেছে। আর কেউ বন্ধু হলেন কিনা জানিনে—না বোঝাও আশ্চর্য নয়—কিন্তু আমি অনেক কথাই জানি। আর একটা কথা। আমাদের গ্রামের প্রায় চোদ্দ-আনা মুসলমান, ওরা ত সেই দেড় হাজার বছরের পুরনো সতোই আজও দৃঢ় হয়ে আছে। সেই বিধি-নিষেধ, আইন-কানুন, আচার-অনুষ্ঠান,—কিছুই ত ব্যত্যয় হয়নি।

কমল কহিল, ঠুঁদের সম্বন্ধে আমি প্রায় কিছুই জানিনে, জানবার কখনো সুযোগও হয়নি। যদি আপনার কথাই সত্য হয় ত কেবল এইটুকুই বলতে পারি যে ঠুঁদেরও ভেবে দেখবার দিন এসেছে। সত্যের সীমা যে কোন একটা অতীত দিনেই সূনির্দিষ্ট হয়ে যান্নি, এ সত্য ঠুঁদেরও একদিন মানতে হবে। কিন্তু উপরে চলুন।

না, আমি এখান থেকেই বিদায় নেবো। আমার স্ত্রী পীড়িত। এত লোককে দেখেছেন একবার তাঁকে বেঁধে নেন না ?

কমল কৌতূহলবশতঃ জিজ্ঞাসা করিল, তিনি কেমন দেখতে ?

অক্ষয় কহিল, ঠিক জানিনে। আমাদের পরিবারে ও প্রশ্ন কেউ করে না। বিয়ে দিয়ে ন'বছরের মেয়েকে বাবা ঘরে এনেছিলেন। লেখাপড়া শেখাবার সময় পার্লানি, দরকারও হয়নি। রাধাবাড়ী, বার-ব্রত, পুজো-আহিক নিয়ে আছে ; আমাকেই ইহকাল-পরকালের দেবতা বলে জানে, অসুখ হলে ওষুধ খেতে চায় না, বলে, স্বামীর পাদোদকেই সকল ব্যামো সারে। যদি না সারে, বৃঝবে স্ত্রীর আয়ু শেষ হয়েছে।

ইহার একটুখানি আভাস কমল হরেন্দ্রের কাছে শুনিয়েছিল, কহিল, আপনি ত ভাগ্যবান, অস্ততঃ স্ত্রী-ভাগ্যে। এতখানি বিশ্বাস এ যুগে দুর্লভ।

অক্ষয় কহিল, বোধ হয় তাই, ঠিক জানিনে। হয়ত একেই স্ত্রী-ভাগ্য বলে। কিন্তু মাঝে মাঝে মনে হয় যেন আমার কেউ নেই, সংসারে আমি একেবারে নিঃসঙ্গ একা। আচ্ছা, নমস্কার।

কমল হাত তুলিয়া নমস্কার করিল।

অক্ষয় এক পা গিয়াই ফিরিয়া দাঁড়াইল, বলিল, একটা অনুবোধ করব ?

করুন।

যদি কখনো সময় পান, আর আমাকে মনে থাকে, একখানা চিঠি লিখবেন ? আপনি নিজে কেমন আছেন, অজিতবাবু কেমন আছেন,—এই সব। আপনাদের কথা আমি প্রায়ই ভাববো। আচ্ছা, চললাম—নমস্কার। এই বলিয়া অক্ষয় দ্রুত প্রস্থান করিল এবং সেইখানে কমল শুক হইয়া দাঁড়াইয়া রহিল। ভাম-মন্দ বিচার করিয়া নয়, শুধু এই কথাই তাহার মনে হইল যে, এই সেই অক্ষয় এবং মানুষের জানার বাহিরে এইভাবে এই ভাগ্যবানের দাম্পত্য-জীবন নির্বিঘ্ন শান্তিতে বাহিয়া চলিয়াছে। একখানি চিঠির জন্য তাহার কি কৌতূহল, কি সকাভর সত্যকার প্রার্থনা।

উপরে আসিয়া দৌখল নীলিমা ব্যতীত সবাই যথাস্থানে উপবিষ্ট। এ তাহার স্বভাব,—বিশেষ কেহ কিছু মনে করে না। আশুবাবু বলিলেন, হরেন্দ্র একটি চমৎকার কথা বলছিলেন কমল ! শুনলে হঠাৎ হেঁয়ালি বলে ঠেকে, কিন্তু বস্তুতই সত্য। বলছিলেন, লোকে এইটাই বৃঝতে পারে না যে, প্রচলিত সমাজ-বিধি লঙ্ঘন করার দৃশ্যে শুধু চরিত্র-বল ও বিবেক-বুদ্ধির জোরেই সহ্য যায়। মানুষে বাইরের অন্যান্যটাই দেখে, অস্তরের প্রেরণার খবর রাখে না। এইখানেই যত দ্বন্দ্ব, যত বিরোধের সৃষ্টি।

কমল বুদ্ধি, ইহার লক্ষ্য সে এবং অজিত। সতরাং চুপ করিয়া রহিল। এ কথা বলিল না যে, উচ্চতরতার জোরেও সমাজ-বিধি লঙ্ঘন করা যায়। দুর্বুদ্ধি ও বিবেক-বুদ্ধি এক পদার্থ নয়।

বেলা ও মালিনী উঠিয়া দাঁড়াইল, তাহাদের যাবার সময় হইয়াছে। কমলাকে সম্পূর্ণ অগ্রাহ্য করিয়া তাহারা হরেন্দ্র ও আশুবাবুকে নমস্কার করিল। এই মেয়েটির সম্মুখে সর্বক্ষণই তাহারা নিজেদের ছোট মনে করিয়াছে, শেষবেলায় তাহার শোখ দিল উপেক্ষা দেখাইয়া। চলিয়া গেলে আশুবাবু সম্মুখে কহিলেন, কিছুর মনে করো না মা, এ ছাড়া ঠুঁদের আর হাতে কিছুর নেই। আমিও তো ওই দলের লোক। সবই জানি।

আশুবাবু হরেন্দ্রর সাক্ষাতে আজ এই প্রথম তাহাকে মা বলিয়া ডাকিলেন। কহিলেন, দৈবাৎ ঠুঁরা পদস্থ ব্যক্তিদের ভাষা। হাই-সার্কেলের মানুুষ। ইংরাজি বলা-কওয়া, চলা-ফেরা, বেশভূষায় আপ-টু-ডেট। এটুকু ভুললে যে ঠুঁদের একেবারে পদ্মজিতে ঘা পড়ে, কমল। রাগ করলেও ঠুঁদের প্রতি অবিচার হয়।

কমল হাসিমুখে কহিল, রাগ ত করিনি।

আশুবাবু বলিলেন, করবে না তা জানি। রাগ আমাদের হলো না, শুধু হাসি পেলে। কিন্তু তুমি বাসায় যাবে কি করে মা, আমি কি তোমাকে পেঁছে দিয়ে বাড়ি যাবো ?

মাঃ, নইলে যাবো কি করে ?

পাছে লোকের চোখে পড়ে এই ভয়ে সে নিজেদের মোটর ফিরাইয়া দিয়াছিল।

বেশ, তাই হবে। কিন্তু, আর দেরি করাও হয়ত উচিত হবে না, কি বলো।

সকলেরই স্মরণ হইল যে, তিনি আজও সম্পূর্ণ সারিগা ওঠেন নাই।

সিঁড়িতে জুতার শব্দ শুনা গেল এবং পরক্ষণে সকলে পরম বিস্ময়ে নিরীক্ষণ করিল যে দ্বারের বাহিরে আসিয়া অজিত দাঁড়াইয়াছে।

হরেন্দ্র কলকণ্ঠে অভ্যর্থনা করিল, হ্যালো ! বেটাব লেট দ্যান নেভাব ! এঁক সৌভাগ্য ব্রহ্মচর্যাশ্রমের !

অজিত অপ্রতিভ হইয়া বলিল, নিতে এলাম এবং চক্ষের পলকে একটা অভাবিত দৃঃসাহসিকতা তাঁহার ভিতরের কথাগুলো সজোরে ঠেলিয়া গলা দিয়া বাহির করিয়া দিল। কহিল, নইলে ত আর দেখা হতো না। আমরা আজ ভোর-রায়েই দৃঃজনে চলে যাচ্ছি।

আজই ? এই ভোরে ?

হাঁ। আমাদের সমস্ত প্রস্তুত। এখানে থেকে আমাদের যাত্রা হবে শুরুর।

ব্যাপারটা অজানা নয়, তথাপি সকলেই যেন লজ্জায় স্নান হইয়া উঠিল।

নিঃশব্দ পদক্ষেপে নীলমা আসিয়া ঘরের একপাশে বসিল। সন্ধ্যা কাটাইয়া আশুবাবু মৃদু তুলিয়া চাহিলেন। কথাটা তাঁহার গলায় একবার বাধিল, তারপরে ধীরে ধীরে বলিলেন, হয়ত আর কখনো আমাদের দেখা হবে না, তোমরা উভয়েই আমরা মেহের বস্ত্র, যদি তোমাদের বিবাহ হতো আমি দেখে যেতে পেতাম।

অজিত সহসা যেন কুল দেখিতে পাইল, বাগরুশ্ঠে কাহিয়া উঠিল, এ জিনিস আমি চাইনি আশুদ্বাব্দ, আমার ভাবনার অতীত । বিবাহের কথা বার বার বলিছি, বার বার মাথা নেড়ে কমল অস্বীকার করেছে । নিজের যাবতীয় সম্পদ, যা-কিছু আমার আছে, সমস্ত লিখে দিয়ে নিজেকে শক্ত করে ধরা দিতে গোঁছ, কমল কিছতে সম্মত হইনি । আজ এঁদের সন্মুখে তোমাকে আবার মিনতি করি কমল, তুমি রাজী হও । আমার সর্বস্ব তোমাকে দিয়ে ফেলে বাঁচ । ফাঁকির কলঙ্ক থেকে নিষ্কৃত পাই ।

নীলিমা অবাধ হইয়া চাহিয়া রহিল । অজিত স্বভাবতঃ লাজুক প্রকৃতির, সর্ব সমক্ষে তাহার এই অপরিমিত ব্যাকুলতায় সকলের বিস্ময়ের সীমা রহিল না । আজ সে আপনাকে নিঃস্বভ করিয়া দিতে চায় । নিজের বলিয়া হাতে রাখিবার আজ তাহার আর এতটুকু প্রয়োজন নাই ।

কমল তাহার মুখের প্রতি চাহিয়া রহিল, কেন, তোমার এত ভয় কিসের ?

ভয় আজ না থাক, কিন্তু—

কিন্তু দিন আগে ত আসুক ।

এলে যে তুমি কিছই নেবে না জানি ।

কমল হাসিয়া বলিল, জানো ? তা হলে সেইটেই হবে তোমার সবচেয়ে শক্ত বাঁধন ।

একটু থামিয়া বলিল, তোমার মনে নেই একদিন বলিছিলাম, ভয়ানক মজবুত করার লোভে অমন নিরেট নিশ্চিন্দ্র করে বাড়ি গাঁথতে চেয়ো না । ওতে মড়ার কবর তৈরি হবে, জ্যান্ত মানুষের শোবার ঘর হবে না ।

অজিত বলিল, বলিছিলাম জানি । জানি আমাকে বাঁধতে চাও না, কিন্তু আমি যে চাই । তোমাকেই বা কি দিয়ে আমি বেঁধে রাখবো কমল ? কৈ সে জোর ?

কমল বলিল, জোরে কাজ নেই । বরঞ্চ তোমার দুর্বলতা দিয়েই আমাকে বেঁধে রেখো । তোমার মত মানুষকে সংসারে ভাসিয়ে দিয়ে মাঝে, অত নিষ্ঠুর আমি নই । পলকমাত্র আশুদ্বাব্দের দিকে চাহিয়া কাঁদিল, ভগবান ত মানিনে, নইলে প্রার্থনা করতাম দুনিয়ার সকল আঘাত থেকে তোমাকে আড়াল রেখেই একদিন যেন আমি মরতে পারি ।

নীলিমার দুই চক্ষু জল আসিয়া পড়িল । আশুদ্বাব্দ নিজেও বাষ্পাকুল চক্ষু মর্দাছিল ফোঁসলেন, গাঢ়স্বরে বলিলেন, তোমার ভগবান মেনেও কাজ নেই, কমল । ঐ একই কথা, মা । এই আত্মসমর্পণই একদিন তোমাকে তাঁর কাছে সর্গোরবে পেঁছে দেবে ।

কমল হাসিয়া বলিল, সে হবে আমার উপরি পাওনা । ন্যায্য পাওনার চেয়েও তার মান বেশী ।

সে ঠিক কথা মা । কিন্তু জেনে রেখো, আমার আশীর্বাদ নিষ্ফল হবে না ।

হরেন্দ্র বলিল, অজিত, খেয়ে ত আসোনি, নীচে চল ।

আশুদ্বাব্দ সহাস্যে কাহিলেন, এমনি তোমার বিদ্যে । ও খেল্লে আসেনি, আর কমল
এখানে বসে খেল্লে-দেল্লে নিশ্চিন্ত হলো—যা কখনো করে না ।

অজিত সলঞ্জ স্বীকার করিয়া জানাইল, কথাটা তাই বটে । সে অভুক্ত আসে
নাই ।

এইটি শেষের রাত্রি স্মরণ করিয়া সভা ভাঙ্গিয়া দিবার কাহারও ইচ্ছা ছিল না, কিন্তু
আশুদ্বাব্দ স্বাস্থ্যের দিকে চাহিয়া উঠিবার আরোজন করিতে হইল । হরেন্দ্র কমলের
কাছে আসিয়া গলা খাট করিয়া বলিল, এতদিনে আসল জিনিসটি পেলে, কমল,
তোমাকে অভিনন্দন জানাই ।

কমল তেমনি চুপি চুপি জবাব দিল, পেরোঁছ ? অন্ততঃ সেই আশীর্বাদই করুন ।

হরেন্দ্র আর কিছু বলিল না । কিন্তু কমলের কণ্ঠস্বরে সেই ষিধাহীন পরম
নিঃসংশয় স্মৃতি যে বাজিল না, তাহাও কানে ঠোকল । তবু এমনিই হয় । বিশ্বের
এমনি বিধান ।

ঘাসের আড়ালে থাকিয়া নীলিমা চোখ মুছিয়া বলিল, কমল আমাকে ভুলো না
যেন । ইহার অধিক সে বলিতে পারিল না ।

কমল হেঁট হইয়া নমস্কার করিল । বলিল, দাঁদ, আমি আবার আসব, কিন্তু
যাবার আগে আপনার কাছে একটি মিনতি রেখে যাবো, জীবনের কল্যাণকে কখনো
অস্বীকার করবেন না । তার সত্য রূপ আনন্দের রূপ । এইরূপে সে দেখা দেয়, তাকে
আর কিছুতেই চেনা যায় না । আর যাই কেন না কর দাঁদ, অবিনাশবাবুর ঘরে আর
বেগার খাটতে রাজী হয়ো না ।

নীলিমা কাহিল, তাই হবে কমল ।

আশুদ্বাব্দ গাড়িতে উঠিলে কমল হিন্দু-রাত্রিতে পায়ের খুলা লইয়া প্রণাম করিল ।
তিনি মাথায় হাত রাখিয়া আর একবার আশীর্বাদ করিলেন । বলিলেন, তোমার কাছ
থেকে একটি খাঁটি তত্ত্বের সম্বন্ধ পেরোঁছ কমল । অনুকরণে মূক্তি আসে না, মূক্তি
আসে জ্ঞানে । তাই ভয় হয়, তোমাকে যা মূক্তি এনে দিলে, অজিতকে হয়ত তাই
অসম্মান ডেবাবে । তার থেকে তাকে রক্ষা করো মা । আজ থেকে সে ভার
তোমার । ইঙ্গিতটা কমল বুঝিল ।

পুনশ্চ বলিতে লাগিলেন, তোমার কথাই তোমাকে মনে করিয়ে দিই । সেদিন
থেকে এ আমি বহুবার ভেবেচি, ভালবাসার শূন্যতার ইতিহাসই মানুষের সভ্যতার
ইতিহাস । তার জীবন । তার বড় হবার ধারাবাহিক বিবরণ । তবু, শূন্যতার
সংজ্ঞা নিলে যাবার বেলায় আর আমি তর্ক তুলবো না । আমার স্কোভের নিশ্বাসে
তোমাদের বিদায়-ক্ষণটিকে মলিন করে দেব না । কিন্তু বৃদ্ধোর এই কথাটি মনে
রেখো কমল, আদর্শ, আইডিয়াল শূন্য দু-চারজনের জন্যই, তাই তার দাম । তাকে
সাধারণ্যে টেনে আনলে সে হয় পাগলামি, তার শূন্য যার ঘূচে, তার ভার হয় দুঃসহ ।
ঐবুদ্ধদের শূন্য থেকে আরম্ভ করে বৈক্যদের দিন পর্বন্ত এর অনেক দুঃখের নাজির

পৃথিবীতে ছাড়িয়ে আছে। সেই দৃশ্যের বিপ্লবই কি সংসারে তুমি এনে দেবে মা ?

কমল মৃদুকণ্ঠে বলিল, এ যে আমার ধর্ম, কাকাবাবু।

ধর্ম ? তোমার ও ধর্ম ?

কমল কহিল, হাঁ। যে দৃশ্যকে ভঙ্গ করচেন কাকাবাবু, তারই ভেতর দিয়ে আবার তারও চেয়ে বড় আদর্শ জন্মলাভ করবে ; আবার তারও যৌদন কাজ শেষ হবে, সেই মৃতদেহের সার থেকে তার চেয়েও মহত্তর আদর্শের সৃষ্টি হবে। এমনি করেই সংসারে শূন্য শূন্যতরের পায়ে আত্মবিসর্জন দিয়ে আপন ঋণ পরিশোধ করে। এই ত মানুষের মৃত্তির পথ। দেখতে পান না কাকাবাবু, সতীদাহের বাইরের চেহারাটা রাজশাসনে বদলালো, কিন্তু তার ভিতরের দাহ আজও তেমনি জ্বলে ? তেমনি করেই ছাই করে আনচে ? এ নিভবে কি দিয়ে ?

আশুবাবু কথা কহিতে পারিলেন না, শূন্য একটা দীর্ঘনিশ্বাস ফেললেন, কিন্তু পরক্ষণেই সহসা বলিয়া উঠিলেন, 'কমল, মণির মায়ের বন্ধন যে আজও কাটাতে পারিনি—তাকে তোমরা বল মোহ, বল দুর্বলতা,—কি জানি সে কি, কিন্তু এ-মোহ যৌদন ধুচে, মানুষের অনেকখানিই সেই সঙ্গে ধুচে যাবে মা। মানুষের এ বহু তপস্যার ধন। আচ্ছা, আসি। বাসবেও, চল।

টোলগ্রাম-পাণ্ডন সাইকেল থামাইয়া রাস্তায় নামিয়া পড়িল। জরুরী তার। হরেন্দ্র গাড়ির আলোতে খাম খুলিয়া পড়িল। দীর্ঘ টোলগ্রাম, আসিয়াছে মথুরা জেলার একটি ছোট সরকারী হাসপাতালের ডাক্তারের নিকট হইতে। বিবরণটা এইরূপ—গ্রামের এক ঠাকুরবাড়িতে আগুন লাগে, বহুদিনের বহুলোক-পূজিত বিগ্রহমূর্তি পুড়িয়া ধ্বংস হইবার উপক্রম হয়। বাঁচাইবার কোন উপায় আর যখন নাই, সেই প্রজ্বলিত গৃহ হইতে রাজেন্দ্র মূর্তিটিকে উদ্ধার করে। দেবতা রক্ষা পাইলেন, কিন্তু রক্ষা পাইল না তাহার রক্ষাকর্তা। দুই দিন নীরবে অব্যক্ত যাতনা সহিয়া আজ সে গোবিন্দজীর বৈকুণ্ঠে গিয়াছে। দশ হাজার লোকে কীর্তনাদ-সহ শোভাযাত্রা করিয়া তাহার নশ্বর দেহ যমুনা-তটে ভস্ম করিয়াছে। মৃত্যুকালে এই সংবাদটা আপনাকে সে দিতে বলিয়াছে।

নীল আকাশ হইতে ঘন বজ্রপাত হইয়া গেল।

কান্নায় হরেন্দ্রর কণ্ঠ রুদ্ধ এবং অনাবিল জ্যোৎস্না-রাগি সকলের চক্ষেই এক-মুহূর্তে অন্ধকারে একাকার হইয়া উঠিল।

আশুবাবু কাঁদিয়া বলিলেন, দু'দিন। আটচালিশ ঘণ্টা। এত কাছে ? আর একটা খবর সে দিলে না ?

হরেন্দ্র চোখ মুছিয়া বলিল, প্রয়োজন মনে করেনি। কিছু করতে পারা ত যেতো না, তাই বোধ হয় কাউকে দৃশ্য দিতে চারিনি।

আশুবাবুর শূন্যহাত মাথায় ঠেকাইয়া বলিলেন, তার মানে দেশ ছাড়া আর কোন

মানুষকেই সে আশ্বাস বলে স্বীকার করেনি। শূন্যই দেশ,—এই ভারতবর্ষটা। তবু বলি, ভগবান! তোমার পায়েই তাকে স্থান দিয়ো! তুমি আর যাই করো, এই রাজ্যের জাতটাকে তোমার সংসারে যেন বিলুপ্ত করো না। বাসদেও, চালাও।

এই শোকের আঘাত কমলের চেয়ে বেশী বোধ করি কাহারও বাজে নাই, কিন্তু বেদনার বাষ্পে কণ্ঠকে সে আচ্ছন্ন করিতে দিল না। চোখ দিয়া তাহার আগুন বাহির হইতে লাগিল, বলিল, দুঃখ কিসের? সে বৈকুণ্ঠে গেছে। হরেন্দ্রকে কহিল, কাঁদবেন না হরেনবাবু, অজ্ঞানের বলি চিরদিন এমনি করেই আদায় হয়।

তাহার স্বচ্ছ কঠিন স্বর তীক্ষ্ণ ছুরির ফলার মত গিয়া সকলের বুককে বিঁধিল।

আশুবাবু চলিয়া গেলেন এবং সেই শোকাচ্ছন্ন শব্দ নীরবতার মধ্যে কমল অজিতকে লইয়া গাড়িতে গিয়া বসিল। কহিল, রামদীন, চলো...

॥ সমাপ্ত ॥